# ভারত-রত।

অর্থাৎ .

সটীক, সচিত্র, স্কুসংস্কৃত, সম্পূর্ণ

### অফ্টাদশপর মহাভারত।



মহর্ষি কৃষ্ণট্রেশ্বরাদ-প্রণীত

মূল সংস্কৃত হুইতে

সুধীবর কাশীরাম দাম মুক্তাদ্য কর্তৃক

সরল বিশুদ্ধ পদ্যে অনুশার্তিশ-

সভাপর্ব।


ন্তন সংস্বণ

সনাতন হিন্দ্ধর্মোৎসাহী
মহাত্মা ঐীযুক্ত বাবু নন্দলাল দে মহাশয়ের...
উৎসাহে, উদ্যোগে ও অর্থ সাহায্যে
দে এণ্ড ব্রাদার্স কর্তৃক প্রকাশিত।

हिन्दू (श्रम।

৬০ নং আহীরীটোলা স্থীট — কলিকাতা। জীমহেজনাবঁদে বারা মুক্তিত।

1 3656



## সভাপৰের সূচী্ত্র।

	विषय ।		विषय । श्र	क्षे ।
,	ভ্ <sup>+</sup> ত শ্বণের ফল <b>শ্রুতি</b>	૭	শিতপাল-বধ্ও যুধিষ্ঠিরের রাজস্য যজ	
	ীয়দানব কর্তৃক সভা নিশাণ	à	<b>সমাপ</b> ন	c o
	যুধিষ্ঠিবের সভার নারদের আগেমন ও জিজ্ঞা	শ†-	যজ্ঞান্তে তুর্য্যোধনের গৃহে গমন	a a
	চ্ছলে বিবিধ উপদেশ প্রদান	৬	পাশা থেলিবার মন্ত্রণা	<b>ፍ</b> አ
	নাবদ কর্তৃক লোকপালগণের সভা বর্ণন	٩	যুধিষ্ঠিরের সহিত শকুনির দ্যুত ক্রীড়া ও	
	যুখিটিবের রাজস্য় যজ্ঞ চিন্তা ও ঞীক্লঞের		শকুনির জায়	७३
	নিকট দূত প্রেরণ	\$	ধৃতরাষ্ট্রের প্রতি বিহুরের উব্তি	45
	গে∤বিনদ্-যু-িংষ্ঠির সংবাদ	٥,	ভ্ৰাক্তৰৰ্গকে ও ক্ৰেপদীকে পণ করণ ও	
	জবাসন্ধের জন্ম বৃত্তান্ত	ऽ२	ষ্ধিষ্ঠিরের পরা <b>জ</b> য়	હ્ય
	ভীমার্জ্জুনকে লইয়া ঞ্রীক্বঞ্চের গিরিব্রজে		পঞ্চ পাণ্ডবকে সভাতলম্খ করণ	_ ৬৫
	<b>প্র</b> বেশ	28	দ্রোপদীকে আনিতে প্রাতিকামীর গমন	ેંહક
	জরাসম্বের সহিত ভীমের যুদ্ধ	১৬	ক্রেপিদীর <b>প্র</b> শ্ন	৬৭
	জরাসন্ধ বধ ও রাজাগণের কারামোচন	۶۹	ত্ঃশাসংখ্র দ্রোপদী সমীপে গমন ও তাঁহ	ার
	অৰ্জুনেব দিখিকয় খাতা	۵۵	কেশাকৰণ পূৰ্বক সভায় আনয়ন	৬৮
	ভীমের দিখিজয়	۶۶	সভাজন প্রতি বিকর্ণের <b>উত্তর</b>	৬৯
	সহদেবের দিখিজয়	२२	দ্রোপদী কর্তৃক 🕮 ক্লঞ্চের স্কৃতি ও দ্রোপদী	রি
	নক্লের বিথিজয়	₹8	বিস্তৃহরণ	95
	যুধিষ্ঠিরের বাজ্য বর্ণন	<b>૨</b>	হঃশানের রক্তপানে ভীমের প্রতিজ্ঞা	93
	্ইন্দ্রপ্রস্থের অংশগ্মন	ঐ	বিহুব কর্তৃক বিরোচন ও স্থধৰা ব্রাহ্মণের	
1	র।জন্থ যজ্ঞ প্রদক্ষ	२७	প্রান্ <i>ক</i>	90
	রাজ্ত্য যজ্ঞারস্ত	২৭	দাসদানী প্রস্তাবে ভীমের উত্তর	18
,	দেবগণকে নিমন্ত্রণ করিতে, অর্জ্জুনের যাত্রা	೨۰	ত্র্যোধনের উক্ত <b>লে ভীমের প্রতিজ্ঞ</b> ণ	۹ ¢
	পাতালে পার্থের যাতা	৩২	দ্রোপদীর বরলাভ	95
1	- ফুপদ রাজার আংগিমন	৩৪	কর্ণবাক্যে ভীমের ক্রোধ	99
\$	দক্ষিণ ও পূর্বাদারে বিভীনণের অপমান	৩৭	পাণ্ডবগণের নি <b>জ রাজ্যে গমন</b> '	96
	৽ তি কর্তৃক প্রাণদান	8 7	ধৃতরাষ্ট্র স্থানে ত্র্যোধনের বিবাদ	প ৯
	<sup>*</sup> বিভীষ্ণের <b>অ</b> পমান	8 २	পুনর্কার দৃতেকীড়া ও যুধিছিরের পরাজয়	۴.
	71 190711	8 ¢	কৌরব বধে পাগুবাদির প্রতিজ্ঞা	à
•	সভায় রাজগণের প্রবেশ	87	পাণ্ডবদিগের বনে গমনোদ্যোগ	4،۶
	শিশুপালের ক্বঞ্চিক্রণ	ক্র	দ্রৌপদীর বেশ দেথিয়া কুন্তীর বিষাদ	4
,	শিশুপালের প্রতি বুধিটিরের ও ভীম্মের		যুধিষ্ঠিরাদির বন প্রেছান ও ধৃতরাষ্ট্রের্প্রা	, भुष
	বাক্য	68	কুকৃপভায় নারদ ঋষির আগামন 🍐 🌢	<b>४</b> द
	ভীম কর্তৃক শিশুপালের জন্ম কথন ও শিশু		সভাপৰ্বের স্থচীপত সম্পূর্ণ।	•
	O11777	4 .		



#### শিশুপাল বধ।

" ওহে ভীমা। এ তোমার কিমত বিচার ? সভাতে আছেন রাজা রাজার কুমার। পৃথিবীর যত রাজা ছারেতে তোমার। এ সব থাকিতে পূজ্য রুষ্ণি কুলোদ্ভব ?

শুনি সুদর্শনে আজা দিলেন জীধর।। ''





"নারায়ণং নমস্কতা নরকৈব নবোভমং। দেবীং সরস্বতীং ব্যাসং ততো অসমুদীরয়েৎ

ভারত প্রবণের ফলঞ্রতি।

অতিশয় আনন্দেতে মথি বেদার্গর।
জগতজনের হিত করিতে সম্ভব।।
বৈরুলোক্যে নাহিক দিতে যাহার মহিমা
ব্যাদদেব রচিলেন ভারত চন্দ্রিমা।।
সংসারে যা আছে তাহা আছয়ে ইহাতে।
ইথে যাহা নাহি তাহা না দেখি জগতে।
যে জন সাত্ত্বিক দান করে বক্তপ্রমে।
বেদ বিদ্যা বিতরণ করে পুণ্যক্রমে।
তাহার অধিক ফল ভারত প্রবণে।
মহাভারতের তুল্য নাহি ব্রিভুবনে।।

ময়দানব কর্তৃক সভা নির্মাণ।
জন্মজয় বলে মুনি কর অবধান।
ক্ষেসহ পিতামহ দানব-প্রধান।
খাপ্তব দহিয়া পিয়া পাপ্তব প্রস্তেরে।
কি কি কর্ম্ম করিলেন তা কহ আমারে।।
শুনিতে আমার চিত্তে পরম আনন্দ।
তব মুখে শুনিয়া যুচুক মনধন্ধ।।
বৈশন্পায়ন বলেন শুন নূপ্বর।
আগ্র সভ্যে পার হ'ল পার্থ ধনুর্জর।।
ধর্মরাজে কহিলেন সর্ক বিবরণ।
প্রম আনন্দে রাজা কৈল আলিক্ষন।।

नक नक (थयू वर्ग विद्या मिन मान । ময়দানবের বহু করিলেন মান।। পাওবের মহাকীর্জি ব্যাপিল সংসার। রিপুগণে শুনি লাগে অতি চমৎকার।। হেনুমতে নানা সুধে থাকেন পাণ্ডব।। অনুদিন যজ্ঞ দান করে মহোৎসৰ 📙 মুনি বলে শুন পরীক্ষিতের নক্ষন। ভারতের সভাপর্ক বিচিত্র কথন।। 🕮 কৃষ্ণ পার্থের অত্যে করি যোড় কর। বিনয় করিয়া বলে দানব ঈশ্বর।। সুদর্শন চক্রে ভয় করে তিন লোকে। হেন চক্র হতে উদ্ধারিলে হে আমাকে। প্রচণ্ড অনল মুখে কৈলে পরিত্রাণ। আজি হতে ভোমারে বিক্রীত মম প্রাণ কি করিব আজা মোরে কর মহাশয়। তব প্রীতিহেতু আমি ব্যাকুল হৃদয়।। অর্জুন বলেন যাহ দানব ঈশ্বর। রাখিও আমাতে প্রীতি তুমি নিরস্তর ময় বলে যাবৎ না করি তব কর্মা। তাবৎ রহিবে মম মানসে অধ্য দানব-কুলের শ্রেষ্ঠ বিশ্বকর্ম্য করিব অবশ্য যাহা আজ পার্থ বলে কিছু আমি যা পারহ কর প্র

কর যোড়ে বলে ময় ক্লকের গোচর। কি করিৰ আজা কর দেব দামোদ্র।। क्रमरय ठिखिया क्रक न्टलन न्टन। দিবা সভা দেহ এক করিয়া রচৰ ।। **८२न मछा कद्र यादा (कर् नार्टि (मर्थ)**। অন্তত হইবে সুরক্ষির তিন লোকে।। क्रटक्षत जारिंग मञ्जानिक है न। নির্মিতে সুন্দর সভা শীঘ্রগতি গোল।। কনক রচিত চিত্র বিচিত্র নির্মাণ। নানাগুণযুত যেন দেবতার স্থান।। চৌদিকে সহত্র দশ ক্রোশ পরিসর। सूतासूत-नाग-नत् सद-कारगावत् ॥ রচিয়া বিচিত্র সভা দানব প্রধান। (১) স্বিনয়ে জানাইল ক্লুব্ড বিদ্যমান।। युधिष्ठित दुन्छ शार्थ अभारत मानत्व। দেখিতে গেলেন সভা মহামহোৎসবে।। দ্বিজগণে পায়সাল করান ভোজন। 🛭 नानां त्रष्ट्र मान (मन त्रक्र कांश्वन ॥ শুভক্ষণে করিলেন প্রবেশ সভায়। পাওব সপরিবারে রহেন তথায়।। চিরদিন রহি ক্লফ পাগুবের প্রীতে। পিত দরশনে যাব করিলেন চিতে।। পিতৃস্বনা কুন্তীর বন্দিয়া ছুই পাদ। আলিঙ্গিয়া ভোজসূতা করেন প্রসাদ।। সুভদ্র। ভগিনী স্থানে করিয়া গমন। গদগদ মৃতু বাক্য সজল নয়ন।। কহেন রুক্মিণীকান্ত ভারা প্রবোধিয়া। স্লেহেতে চক্ষুর জলান্টভিছে বহিয়া।। সমভাবে সর্ক্ষা বঞ্চিতে ক্লফাসনে।। ় ভত্ত্ব কথা কহিয়া চলেন গদাধর। প্রথমিয়া ভদ্রা দেবী কান্দে উচ্চৈঃস্বর ।। ভদ্রা প্রবেংধিয়া ক্লফ্ড গিয়া ক্লফা পাদে विनदश करहन डांदक पृष्ठ् भन्न ভाবে।। ্শণের অধিক মম সুভদ্রা ভগিনী।

সদাকাল ক্ষেহ তারে করিবে আপনি।।

ধৌম্য পুরোহিত যুদ্ধ করি সম্ভাষণ ।। যুধিষ্ঠিরে কহিলেন করি নমকার। আজ্ঞা কর গুহে আমি খাব আপনার।। শুনিয়া ধর্মের পুজ বিষয় বদন। कूरक जानिक्रन कति मक्ता लाहन।। ভীমাৰ্জ্ন সহিত হইল কোলাকুলি। ক্লে প্রথমিল মাদ্রীপুত্ত মহাবলী।। শুভ তিথি নক্ষত্ৰ গণক জানাইল। বেদ বিধি ব্রাহ্মণ মঙ্গল উচ্চারিল।। , দারুক গরুড্ধেজ করিয়া সাজন। গোবিন্দের অগ্রে লয়ে দিল ততক্ষণ।। যাত্রা শুভ যাঁর নাম করিলে স্মরণ। তিনি যাত্র। করিলেন করি শুভক্ষণ।। সেহেতে ক্লুফের সহ ধর্মের নন্দন। (২) খগপতিধ্বজে আরোহেন ছয় জন।। तथ চালাইয়া দিল দারুক সার্থি। যোজনাম্ভে গিয়া ধর্মে কহিল জীপতি।। নিবর্ত্ত মহারাজ যাহ নিজালয়। আমাতে রাখিহ সদা সদয় হৃদয়।। আলিঙ্গন করি পার্থ সজলনয়ন। বহু কফৌ নির্তত হইল পঞ্চ জন।। আত্মা মন পাণ্ডবের কুষ্ণ সহ গেল। কেবল শরীর লয়ে পাগুব রহিল।। विज्ञम वर्गाम कितिरलम शक्ष जम। গেলেন দারকাপুরে দারকারমণ।। তবে ময় বলে ধনঞ্জয় বিদ্যমান। মম মনোমত সভা নহিল, নিৰ্মাণ।। (৩) আজ্ঞা কর যাব আমি মৈনাক পর্কতে। কৈলাস উন্তরে হিমালয় সন্নিহিতে।। রুষপর্কা নামে ছিল দানবের পতি। চৌদিক শাসিয়া তথা করিল বর্গত।। করিলাম তার সভা পুর্বেতে নির্মাণ। নানা রতু মণিময় আছে সেই স্থান।। এ তিন লোকেতে যত দিব্য রত্ন ছিল। नाना तर्षु नाना नारिख गृह পूर्न टेकल।।

দ্রৌপদীরে সম্ভাবিত্রা গিরা নারায়ণ।

উচ্চ নীচ বুঝিয়া ভ্ৰময় বিজ্ঞ লোকে। टकोटमानकी शना जूना **आरह** शनांवत । দে গদার যোগ্য হয় বীর রকোদর।। তব হস্তে যেমন গা**গু**ীব ধনু **সাজে।** হেন গদাবর আছে ফিন্দুসরো-মাঝে।। বরুণে জিনিয়া রুষপর্কা দৈত্যেশ্বর। দেবদন্ত শঙ্খ সে পাইল মনোহর।। যার শব্দ শুনি দর্প ত্যক্তে রিপুগণ। দে শঙ্খ তোমারে হয় বিশেষ শোভন।। এই সব দ্রব্য অ<del>ং</del>ছে বিন্দু সরোবরে। আজ্ঞা কর জামি গিয়া আনিব সত্তরে।। অর্জ্জুন বলেন যদি করিয়াছ মনে। যাহা চিত্তে লয় তাহা করহ আপনে।। ইহা শুনি চলিল দানবরাজ ময়। কৈলাদের উত্তরেতে হেমন্ততনয় ॥ ভাগীরথী-হেতু যথা রাজা ভগীরথ। বহুকাল পর্যান্ত করিয়াছিল ব্রত ॥ নর নারায়ণ শিব যম পুরন্দর। যথা করিলেন যজ্ঞ অনেক বৎসর।। যথা স্রফী করিলেন স্বস্থির কম্পনা। বহু গুণবন্ত দেই না হয় বর্ণনা।। ময় গিয়া সব দ্রব্য বাহির করিল। রাক্ষস কিল্পরগণ শিরে করি নিল।। দেবদন্ত শছা নিল গদা অনুপম। যত রভু নিল তার কতু লব নাম।। ভীমে গদা দিল শঙ্খ দিল অর্জ্জনেরে। **(मिश आमिनिक रेइन हुई मरहामरे**त ।। কনক বৈছুৰ্য্যমণি মুকুতা প্ৰবাল। মরকত ফাটক-রজঁত চিত্র ঢাল।। স্ফটিকের স্তম্ভ সব চিত্র মণি হীরা। সর্ব্ব গৃহে লম্বে মণি মুকুতার ঝারা।। বসিবার স্থানে সব কৈল রত্নছেদি। বিচিত্র রচন কৈল নানা মত বেদী।। নানা জাতি রক্ষে সব ফল ফুল শোভে। ভ্রময়ে ভ্রমরগণ মকরন্দ লোভে।। ভানু বৃহদ্বানু যেন পূর্ণচক্র প্রভা। সুরাসুরে অপর্ব কবিল ময় সভা।।

वित्नार्थ विश्वकृतन करक नाहि एएए।। থক মাসে সভা ময় করিয়া রচন। (৪) কুন্তীপুত্র প্রতি করিলেক নিবেদন।। সভা দেখি আনন্দিত হইয়া রাজন। আনিলেন দেখাইতে পরিবারগণ।। দশ লক্ষ ব্রাহ্মণেরে করান ভোজন। আনন্দসাগরে মগ্ন ভাই পঞ্জন।। ঘৃত তুগ অন জল যত সব ভক্ষা। হরিণ বরাহ মেষ কোটি লক্ষ লক্ষ।। যে জন যে ভক্ষো তৃপ্ত তাহা সে পাইল ভোজনান্তে দ্বিজগণ স্বস্তি উচ্চারিল।। দ্বিজগণ স্বস্থি শব্দে পরম উল্লাসে। নানা রত্ন দান পেয়ে টলিল সংস্থাবে॥ কত মুনিগণ তবে ধর্মপুত্র প্রীতে। তাশ্রম করিয়া রহিলেন সে সভাতে।। অসিত দেবল সত্য সর্পমালী ঋষি। মহাশিরা অর্কাবসু সুমিত্র তপস্থী।। মৈত্রেয় শুন্ক বলি সুমন্ত জৈমিনি। কুষ্ণদৈপায়ন পৈল চারি শিষ্য গণি।। জাতুকৰ্,শিখাবান পৈঙ্গ অপ্সুহৌম্য। কৌশিক মাণ্ডব্য মার্কণ্ডেয় বক ধৌম্য।। জঙ্বাবন্ধু রৈভ্য কোপবেগ পরাশর। পারিজাত সত্যপাল শাণ্ডিল্য প্রবর ॥ গালব কৌণ্ডিন্য সনাতন বক্রমালী। বরাহ সাবর্ণ ভৃগু কালাপ ত্রৈবলি॥ ইত্যাদি অনেক ঋষি না যায় গণন। সত্যবাদী জিতেন্দ্রিয় প্রতি তপোধন।। যুধিটির সভাতে থাকেন অহর্নিশি। পুরাণ প্রস্তাব ধর্ম নানা কথা ভাষি।। পৃথিবীতে বৈদে যত মুখ্য ক্ষজ্ৰগণ i যুধিষ্ঠির সভায় থাকেক ক্ষমুক্ষণ।।. মুঞ্জকেতু বিবৰ্দ্ধন কুন্তী উগ্ৰসেন। সুধর্মা সুকর্মা ক্লতবর্মা জয়দেন।। অঙ্গ বঙ্গ কলিঙ্গ মগধ অধিপতি। সুমিত্র সুমনা ভোজ সুশর্দা প্রভৃতি

বস্থদান চেকিতান মালবাধিকারী। কেতৃমান জয়ন্ত সুষেণ দখুধারী।। মৎস্থাক ভীষ্মক কৈক্য় শিশুপাল। . সুমিত্র ব্বনপতি শল্য মহাশাল।। র্ষিঃ ভোজ যতুবংশী যতেক কুমার। ইত্যাদি অনেক রাজা গুণিতে অপার।। অর্জুনের স্থানে অস্ত্র শিক্ষার কারণ। জিতেন্দ্রিয় রুত্তি হঁয়ে থাকে সর্বক্ষণ।। চিত্রদেন গন্ধর্ক তুমুরু অধিপতি। অপ্সর কিন্নর নিজ অমাত্য সংহতি।। নৃত্য গীত বাদ্যরসে পাণ্ডবেরে সেবে। বিরিঞ্চিকে সেবে যেন ইন্দ্র আদি দেবে।। না হইল না হইবে আর সভান্তর। হেনমতে ব্রঞ্জে সুথে পঞ্চ সহোদর।। যুধিচিরের সভায় নারদের আগমন ও জিজাসাচ্চলে विविध छेशालमा व्यक्तान। मूनि वर्ल महाभग्न, अन बीजनरमज्य, হেনমতে নিবসে পাওব। ঞ্জীনারদ উপনীত, এক দিন আচম্বিত, সর্বত্র গমন মনোজব।। 'ধ্যান জ্ঞান যোগযুজ্য, অমর অস্কুর পূজ্য, চতুর্বেদ জিহ্বাগ্রেতে বৈদে। ব্রহ্মার অঙ্গেতে জন্ম, বিজ্ঞ যত ব্রহ্মকর্ম, ব্ৰহ্মাণ্ড ভ্ৰমেণ অনায়াদে।। পরমার্থ অনুবন্ধি, বিজ্ঞেয় বিগ্রহ সন্ধি, কলহ গায়নে বড় প্রীত। भित्तर् िशक्त करे। ननार े शिक्रन रकाँ है · প্রবৰে কুণ্ডল স্মীতে সিত।। মুখে হ্রিনাম অবে, ভুজস্থ বীণার রবে, গতি মন্দ জিনিয়া মাতঙ্গ। বারিজ নয়ন যুগে, বহে বারি যেন মেঘে, ्र शूलरक कमञ्जूष्म अञ्च ॥ শারদিন্দু মুখাস্থুজ, আজাতুলয়িত ভুজ, প্রজ্বল অনল দীপ্ত কায়। পরিধান ক্লফাজিন, সঙ্গে মুনিকতজন, (৫) উপনীত পাওব সভায়।।

দেখিয়া নারদ ঋষি, যে ছিল সভায় বসি, সক্ষে উঠিল ততক্ষণে। আন্তেব্যন্তে ধর্মমুত, সহোদরগণ যুত, প্রণাম করেন সে চরণে।। सूर्शिक छेनक निया, अन्यूत श्रकानिया, বসিতে দিলেন সিংহাসন। যথা শিষ্ট ব্যবহার,পাদ্য অর্ঘ্য দিয়া ভাঁর, ভক্তিভাবে করেন পূজন।। তবে মুনি স্নেহবশে, জিজ্ঞাসেন মৃত্যভাবে, কহ রাজা ভদ্র আপনার। কুলের কৌলিক কর্ম্ম, ধন উপার্জ্জন ধর্মা, নির্কিন্নেতে হয় কি তোমার।। সাধু বিজ্ঞ যত জনু, অনুরক্ত মন্ত্রিগণ্, এ সবার রাখ কি বচন। একীক অনেক সহ, মন্ত্রণা ত না করহ, কার্য্যে কি রাখহ মুখ্যগণ।। ভক্ষ্যদ্রব্য যথাযথ, ন্যায় মূল্যে কিন তত, না রাথহ দ্বিজের দক্ষিণা। তব অমুরক্ত যত, ভয়ে কি শ্রণাগত, চুখতো না পায় কোন জনা।। বিজ্ঞযোগ্যপুরোহিত, দৈবজ্ঞজ্যোতিষ্বিত, আছে কি বৈদ্য চিকিৎসক। অনাথ অতিথি লোকে,অনল ব্ৰাহ্মণমুখে, मना (मङ् घुठ व्यक्तां मक्।। রাজ্যের যতেকরাজা, পায়যথোচিতপুজা, সবে অনুগত তো তোমার। ধান্য ধন বহুমত, উদক আয়ুধ যত, পূর্ণ করিয়াছ তৌ ভাণ্ডার।। প্রাতঃকালেনিদ্রাবশ,বৈকালেতেক্রীড়ারস আলম্ভ ইন্দ্রিয় নিবারণ। ধর্মা কর্মো ধনব্যয়, কর নিত্য উপচয়, ্পুত্ৰবৎ পাল প্ৰজাগণ।। ত্রিবিধ অনেক নীতি,জিজ্ঞাসিলমহামতি, পুনঃ পুনঃ खन्तात नम्पन। শুনি ধর্ম্ম অধিকারী, কহেন বিনয় করি, প্রণমিয়া মুনির চরণ।।

যে কিছু কহিলাতুমি,যথাশক্তিকরিজামি, যাহা জ্ঞাত ছিলাম পূর্ব্বেতে। শুনিয়া তোমার স্থান,বিশেষ জন্মিলজ্ঞান, যত্নেতে করিব আজি হতে।। অবধান তপোধন, कति अक निर्वपन, চরাচর ভোমাতে গোচর। এই সভা মনোহর, অনুৰূপ মুনিবর, দেখেছ কি ব্রহ্মাণ্ড ভিতর।। যুধিষ্ঠির বাক্য শুনি, ঈবৎ হাসিয়া মুনি, करश्न जकन विवत्। তোমার সভারপ্রায়,মনুষ্যলোকেতেরায়, নাহি দেখি শুনছ রাজন।। ব্রহ্মার বিচিত্র সভা, যেনকৈলাসেরপ্রভা, ইন্দ্র যম বরুণের পুরী। দেখিয়াছি যথা তথা, মনুষ্যে অদ্ভুত কথা, শুন কিছু কহি ধর্মকারী !! রাজা বলে সবিনয়, কহ মুনি মহাশয়, সে সকল সভার বিধান। বর্ণগণ ধরে যত, প্রসার বিস্তার কত, প্রত্যক্ষে শুনিব তব স্থান।। দিব্য সভাপর্ব কথা,বিচিত্র ভারত গাঁখা, শুনিলে অধর্ম যায় নাশ। लां विन्त हत्र मन, ममर्शिया अनुकान, বিরচিল কাশীরাম দাস।।

নারদ কর্তৃক লোকপালগণের সভা বর্ণন।
নারদ বলেন রাজা কর অবধান।
ইন্দ্রের সভার কথা কহি তব স্থান।।
দেবশিশ্পী পটু বিশ্বকর্মার দ্বারায়।
নির্মাণ করান নিজ মহতী সভায়।।
বিবিধ বিধান চিত্র কোটিচন্দ্র প্রভা।
দেবশ্ববি ব্রহ্মগ্রবি ধার্মিকের সভা।।
উচ্চ পঞ্চ যোজনেক শতেক বিস্তার।
শচী সহ ইন্দ্র সদা করেন বিহার।।
দেই সভা শূন্য পথে পার্যে থাকিতে।
যথা ইচ্ছা পারে তাহ। যাইতে জাসিতে।

জরা শোক ভয় নাহি সতত জানন্দ। ইন্দ্রের আশ্রন্থে সদা থাকে সুরবৃদ্দ।। মূরুত কুবের আদি সিদ্ধ সাধ্যগণ। অমানকুকুম বস্ত্র সবার ভূব।।। অফ্টবসু নবগ্ৰহ ধৰ্ম কাম অৰ্থ। তড়িৎ বিদ্যুৎ সপ্তবিংশ ক্লফবর্ম।। যজ্ঞ মন্ত্র দক্ষিণা আছমে মূর্ত্তিমন্ত। দেব ঋষি পুণ্য জন লিখিতে জনন্ত।। দেবতা তেত্রিশ কোটি সেবে পুরন্দরে। বর্ণিতে না পারি সভা যত গুণ ধরে।। হরিশ্চন্দ্র নরপতি আছুয়ে তথায়। আর যত নরপতি লিখনে না যায়।। নারদ বলেন শুন সভার প্রধান। শমন রাজার সভা কর অবধান।। দীর্ঘ প্রস্থ শত শত যোজন বিস্তার। আদিত্য সমান প্রভা গতি কামাচার।। ন শীতল নহে তপ্ত নাহি ছখ লোকে। প্রেমময় নাহি হিংসা সদাকাল সুখে।। কতেক কহিব তথা যতেক বিষয়। কিঞ্চিৎ কিঞ্চিৎ কহি শুন মহাশয়।। যযাতি নহুষ পুরু মান্ধাতা ভরত। क्रवरीयां कार्खरीयां सूनीय सूत्रथ ॥ শিবি মৎশ্র রহদ্রথ নল বহীনর। শ্রুতপ্রবা পৃথুলাশ্ব রাজা উপরিচর।। **किट्यामाम अध्वेतीय त्रष्ट्र अंटर्क्त ।** প্ৰদশ্ব সদশ্ব মক্ত বসুমন।। শরভ স্ঞায় বেণ ঐন উশীনর। পুরু কুৎস প্রত্যন্ন বাহলীক নূপবর ।। भगविन्तू ककरमन मगत रेककश् । জনক ত্রিগর্জ বার্ত্ত জয় জনমেজয় ।। অজ ভগীরথ দিলীপ লক্ষণ রাম। ভীমজানু পূথু পূথুবেগ করন্দম।। শত ধৃতরাফ্র আছে ভীম্ম চুই শত। শত ভীম কৃষ্ণাৰ্জ্ব শত আর কত।। প্রতীপ শান্তমু পাণ্ডু জনক তোমার। কতেক কহিব তথা যত আছে আর।।

অশ্বমেধ যজ্ঞ আদি বহু ফলে দান। যত যত আছে তথা না যায় বাথান।। বরুণের সভা কহি কর অবধান। অপূর্ক সভার শোভা বিচিত্র বাখান।। বিশ্বকর্মা বিরচিল সভা অনুপম। জলের ভিতর সে পুস্করমালী নাম।। শত শত যোজন বিস্তার দীর্ঘ তার। নানা রত্ব বহুবর্ণ কহিতে বিস্তার।। নিবসে বৰুণ তথা বাৰুণী সহিত। পুজ্র পৌজ্র পাত্র মিত্র সহ পুরোহিত।। দ্বাদশ আদিত্য আর নাগগণ যত। বাস্থুকি ভক্ষক কর্কোটক ঐরাবত।। সংহলাদ প্রহলাদ বলি নমুচি দানব। বিপ্রচিত্তি কালকেয় ছুর্মুখ সরভ।। মূর্ত্তিমন্ত চারি সিন্ধু আরো নদীগণ। জাহ্নবী যমুনা সিন্ধু সরস্বতী শোণ।। চন্দ্রভাগা বিপাশা বিতস্তা ইরাবতী। <sup>-</sup> শতক্র সর্য আরো নদী চর্ম্মণুতী।। किन्ना विकिमा क्रयः दिशा शामावती। नर्ममा विभन्ता (वशा नाक्रनी कारवती।। 'দেব নদী মহানদী ভারবী ভৈরবী। ক্ষীরবতী দুশ্ববতী লোহিতা সুরভি।। করতোয়া গওকী আত্রেয়ী শ্রীগোমতী। ঝুমঝুমি স্বৰ্ণরেখা নদী পদ্মাবতী।। শ্বৃত্তিমতী হইয়া.তথায় আছে সবে। তড়াগ পুস্করিণ্যাদি বরুণেরে সেবে।। চিারি মেঘ বৈদে তথা সহ পরিবার। কহিতে না পারি কত যত বৈদে আর ।। র কুবেরের সভা রাজা কর অবধান। কৈলাস শিখরে বিশ্বকর্মার নির্মাণ।। ক্রণতেক যোজন দীর্ঘ বিস্তার সন্তরি। নিবসে গুহাক যক্ষ কিন্নর কিন্নরী।। শ্চিত্রসেনা রম্ভা ইরা ঘৃতাচী মেনকা। কাৰুনেত্ৰা উৰ্বাশী বুদ্ধ দা চিত্ৰৱেখা।। প্রিশ্রকেশী অলমুষা এই মহাদেবী। ্রতা গীত বাদ্যে সদা কুবেরেরে সেবি॥

পুক্র নলকূবর আরো যে মন্ত্রিগণ। মণ্ডিদ্ৰ খেতভদ্ৰ ভদ্ৰ সুলোচন।। গন্ধ কিন্নর যক্ষ আছে লক্ষ লক্ষ। প্রেত ভূত পিশাচ রাক্ষস দিব্য রক্ষ।। ফলকক্ষ ফলোদক তুমুরু প্রভৃতি। হাহা হুছ বিশ্বাবসু চিত্রসেন কৃতী।। চিত্ররথ মহেন্দ্র মাতঙ্গ বিদ্যাধর। বিভীষণ থাকে সদা সহ সহোদর।। আছয়ে পৰ্বতগণ মূৰ্ত্তিমন্ত হৈয়া। হিমাডি মৈনাক গন্ধমাদন মলয়া।। আমিহ থাকি যে আমা তুল্য বহু আছে। উমা সহ সদানন্দ সদা তার কাছে।। নন্দী ভূঙ্গি গণপতি কার্ত্তিক রুঘভ। পিশাচ থেচর দান! শিবাগণ সব।। আর যত আছে তাহা কহিতে কে পারে। কহিৰ ব্ৰহ্মার সভা শুন অভঃপরে।। পূর্বে দেবযুগে দিব। নামে দিবাকর। ভ্রমেন মনুষ্যলোকে হয়ে দেহধর।। আচম্বিতে আমারে দেখিলা মহাশয়। দিব্যচক্ষে জানিয়া নিলেন পরিচয়।। ব্রহ্মার সভার গুণ কহিলে আমারে। শুনিয়া হইল ইচ্ছা সভা দেখিবারে।। তারে জিজ্ঞাসিলাম করিয়া সবিনয়। কিমতে ব্রহ্মার সভা মম দৃশ্য হয়।। বলিলেন সহস্র বৎসর এতী হৈয়া। করহ কঠোর তথ হিমালয়ে গিয়া।। শুনি করিলাম তপ সহস্র বৎসর। পরে পুন আইলেন দেব দ্বিবাকর।। আমা সঙ্গে করিয়া গেলেন ত্রহ্মপুরী। দেখিলাম যাহা তাহা কহিতে না পারি॥ তার অন্ত নাহিক নাহিক পরিমাণ। মানসিক সেই সভা ব্রহ্মার নির্মাণ।। চন্দ্র সূর্য্য নিন্দিয়া সে সভার কিরণ। শূন্যেতে শোভিছে সভা না যায় নয়ন।। তথায় থাকিয়া বিধি করেন বিধান। প্রজাপতিগণ থাকে তার সন্নিধান।।

প্রচেতা মরীচি দক্ষ পুলহ গৌতম। অঙ্গিরা বশিষ্ঠ ভৃগু সনক কৰ্দম।। কশ্যপ বশিষ্ঠ ক্রতু পুলস্ত্য প্রহলাদ। বালখিল্য অগস্তা মাণ্ডবা ভরদাজ।। বিদ্যমান অন্তরীকে আত্মা অক্ষগণ। বায়ু তেজ পৃথী জল শব্দ প্রশন ।। গন্ধৰ্ক সকল আছে মূৰ্ত্তিমন্ত হৈয়া। আয়ুর্কেদ চন্দ্র তারা সূর্য্য সন্ধ্যা ছায়া।। ধর্ম অর্থ কাম মোক্ষ কান্তি শান্তি ক্ষমা। অফ্টবসু নবগ্ৰহ শিব সহ উমা।। চতুর্কেদ ষট্শাস্ত্র তন্ত্র স্মৃতি শ্রুতি। চারি যুগ বর্ষ মাস দিবা সহ রাতি।। সাবিত্রী ভারতী লক্ষী অদিতি বিনতা। ভদ্রা ষষ্ঠী অরুন্ধতী কক্ত নাগমাতা।। মূর্ত্তিমন্ত হইয়া আছেন নারায়ণ। ইন্দ্র যম কুবের বরুণ হুতাশন।। আমার কি শক্তি তাহা বর্ণিবারে পারি। নিত্য আসি সেবে সবে স্মৃষ্টি অধিকারী।। এত সভা দেখিয়াছি আমি এ নয়নে। তব সভা তুল্য নাহি মনুষ্য ভুবনে ॥ যুধিষ্ঠির বলিলেন তুমি মনোজব। তোমার প্রসাদে শুনিলাম এই সব।। এক বাক্যে বিশায় হইল মম মনে। যতেক নুপতি সব যমের ভবনে।। একা হরিশ্চন্দ্র কেন ইন্দ্রের আলয়। কোন পুণ্য দানফলে কহ মহাশয়।। যমালয়ে যবে দেখিলেন মম পিতা। আমার বারতা কিছু কহিলেন কথা।। নারদ বলেন শুন পাণ্ডব প্রধান। সূর্য্যবংশে শ্রেষ্ঠ হরি**শ্চন্দের আখ্যান ॥** এক রথে জিনিয়া লইল মর্ত্যপুর। বাহুবলে হৈল সপ্তদ্ধীপের ঠাকুর ।। . রাজসূয় যজ্ঞ সে করিল হরি**শ্চন্দ**। আজ্ঞায় আইল যত ছিল রাজরুন্দ।। অনেক ব্রাহ্মণ আইল যচ্ছের সদন। প্রতি দ্বিজে সেই রাজা করিল সেবন।।

শাস্ত্র মত দক্ষিণা যে বলিলা ব্রাহ্মণ। পঞ্চগুণ করি ভাবে দিলেন রাজন।। স্ব রাজা হতে সে ক্রেল বড় কাজ। (महे करन श्वर्श (म इहेन (मर्ग्याक ॥ আর যত রাজা রাজসূয় যজ্ঞ কৈল। সমুখ সংগ্রাম করি তাহারা মরিল।। যোগিপণে যোগে নিজ দেহ ত্যাগ করে। সেই সব লোক বৈসে ইন্দ্রের নগরে।। কহি শুন তোমার পিতার সমাচার। যমালয়ে দেখা হৈল সহিতে তাঁহার।। কহিয়াছিলেন ত্রিন করিয়া বিনয়। যুধিষ্ঠির ধর্মরাজ আমার তনয়।। অনুগত তার বীর্যাবন্ত ভাতৃগণ। যাহার সহায় ক্লফ কমললোচন।। পৃথিবীতে তাঁহার অসাধ্য কিছু নয়। রাজসূয় যজ্ঞ তার অবহেলে হয়।। এই রাজসুয় যদি করে ধর্মরাজে। হরিশ্চন্দ্র প্রায় থাকি ইন্দ্রের সমাজে।। তোমার জনকু ইহা কহিল আমারে। যে হয় উচিত রাজা করহ বিচারে।। সর্ব্ব যজ্ঞ হৈতে শ্রেষ্ঠ রাজসূত্র গণি। বহু বিশ্ব হয় ইথে আমি ভাল জানি।। ছিত্র পায়ে যক্ত নাশ যক্ষ রক্ষ করে। যজ্ঞ হেতু রাজগুলু যুদ্ধ করি মরে।। যেমতে মঙ্গল হয় কর নরপতি। আমারে বিদায় কর যাব দারাবতী।। এত বলি প্রস্থান করেন মুনিবর। শ্রীক্লফ দর্শন হেতু ত্বারকানগর।। সভাপর্কে অফুপম সভার বর্ণনা। কাশীরাম দাস কহে শুন সাধুজনা।। বুধিচিরের রাজস্ম বজ্ঞ-চিস্তা ও জীক্ষকের . নিকট দৃত শ্বেরণ। মুনি মুখে বার্ত্তা শুনি। চিন্তান্বিত নৃপমণি।। অন্য নাহি লয় মনে ! कहित्नम खाजुगरण।।

নারদ বলেন হত। পিতৃ **আজা** এইমত। যত রাজসুর তায়। যাতে ইন্দ্ৰপদ পায়।। এ যজ্ঞ কর্ত্তব্য হয়। কি স্বার মনে লয়।। শুনি ভূত্য মন্ত্রিগণ। श्रीकातिन मर्बक्रम ॥ চিন্তা কর কোন হেতু। কর রাজসুয় ক্রতু।। কি কাৰ্য্য অসাধ্য জ্বাছে। কেবা বিরোধিবে পাছে।। মন্ত্রিগণ বাক্য শুনি। বিচারেন নুপমণি।। যে কৰ্ম যাহে না শোভে। সে কর্ম্ম করিলে তবে।। পাছে হয় বিভয়না। অয়শ ঘোষে সর্বজনা।। বিশেষে বিষম যজ্ঞ। नव लांक नट्ट (यांशा ॥ ইহা আগে না প্রকাশি। গোবিন্দে আগে জিজাসি॥ কর্ত্তব্য কি অকর্ত্তব্য। হরির হইলে প্রব্য। যদি দেন অনুমতি। এ যজ্ঞে হইব ক্বতী।। ইহা চিস্তি নরপতি। দূত পাঠাইল তথি।। সে দূত সত্তর হয়ে। भातका व्यटनर्भ निरम् ॥ (७) ক্লুফে করি নমকার। কহে ধর্ম সমাচার ॥ তোমার দর্শন বিনে। कुछी भूख दूथी मत्न ॥ এ কথা কহিবা মাত্র। গোবিন্দ ভোলেন গাত্র।।

বৈনতেয় আরোহণে। যান ইক্সসেন সনে॥ দিনকর যায় অভ্যে। উপনীত ইন্দ্রপ্রস্থে॥ ক্লফ আইলেন পুরে। শুনি হর্ষ নৃপবরে॥ ভ্ৰাত মন্ত্ৰী পাঠাইল। অগ্র হৈয়া কুষ্ণে নিল।। धटम् कति नमकात। সম্ভাষেন হরি আর।। ধর্ম্ম নরপতি তবে। ক্লকে পূজে ভক্তিভাবে॥ বসিলেন সবে তথা। চন্দ্রের মণ্ডলী যথা।। শ্রীহরি চরণদ্বয়। य ভাবে मन इन्य ॥ তার চরণসরোজে। সদা কাশীরাম ভজে।।

(गाविन-य्धिष्ठित मः वान। বলেন গোবিন্দ প্রতি ধর্ম্মের কুমার। নারদেরে কহিলেন জনক আমার।। রাজস্থা মহাযজ্ঞ তুর্লভ সংসারে। যুধিষ্ঠিরে কহ রাজসূয় করিবারে।। এই হেতু যক্ত বাঞ্চা হইল আমার। শুন এই কথা ক্লফ কহি সারোদ্ধার।। পরস্পর আমারে সুহৃদ বলে সবে। 🦈 কেহ প্রীতে কেহ হিতে কেহ ধনলোভে।। যে যত বলেন নাহি লয় মম মনে। যতক্ষণ নাহি শুনি তোমার বদনে।। বুঝিয়া সন্দেহ প্রভু ভাঙ্গহ আমার। কর্ত্তব্যা-কর্ত্তব্য ধর্ম্ম তোমার বিচার ॥ পাগুবের গতি তুমি পাগুবের পতি। তোমা বিনা পাশুবের নাহি অব্যাহতি।। গোবিন্দ বলেন তুমি সর্ব্ব গুণবান। পৃথিবীর মধ্যে রাজা কে তব সমান।।

যোগ্য হও রাজা তুমি যত্ত করিবারে। এক নিবেদন আমি করিব তোমারে।। আমি যাহা কহি তাহা জান ভাল মতে। এক লক্ষ রাজা চাহি এ মহা যজেতে।। মগধ ঈশ্বর জরাসন্ধ শ্রেষ্ঠ রাজা। পৃথিবীর যত় রাজা করে তার পূজা। তাহারে না মানে হেন নাহি ক্ষিতিমাঝে। বলেতে বাহ্মিয়া আনে যে জন না ভজে।। তাহার সহায় বহু ছফ রাজগণ। শিশুপাল দন্তবক্ত নুপতি যবন।। পুগুরীক বাস্কদেব কৌশল ঈশ্বর। রুক্মি ভগদত্ত রাজা মহাবলধর।। এমত অনেক যত দুষ্ট নরপতি। সদাকাল প্রায় থাকে তাহার সংহতি।। ইফ াকু ইলার বংশে যত রাজগণ। জরাসদ্ধে না ভজিল যত যত জন।। তার ভয়ে নিজ দেশে রহিতে নারিয়া। উত্তর দেশেতে সবে গেল পলাইয়া।। জরাসন্ধের ছুই কম্মা অস্তি প্রাপ্তি বলি(৭) কংসের বনিতা দোঁহে আমার মাতৃলী।। স্বামীর কারণে বাপে গোহারি করিল। সদৈক্তে মগধপতি মথুরা বেড়িল।। অসংখ্য তাহার দৈন্ত কে গণিতে পারে। ক্ষয় নহে মারিলেও শতেক বৎসরে।। রাম আমি ছুই ভাই করিকু সংহার। সেই হেতু সাজি আইল অফ্টাদশবার।। তবে চিত্তে বিচার করিমু সর্বজন। মথ্রা বসতি আবর নহে সুশোভন।। নিরন্তর তুই কন্থা কহিবেক বাপে। পুন জরাসম্ব রাজা আসিবেক কোপে।। এমত বিচারি সবে মথুরা ত্যজিয়া। দূরস্থল দ্বারকায় রহিলাম গিয়া।। • সেই যুদ্ধে না আইল যত রাজগণে। বন্দি করি রাখিয়াছে **আপন ভবনে।।** পশুবৎ করি সব রাখিয়াছে রাজা। স্বাকারে বলি দিবে রুদ্রে করি পূজা।।

ছিয়াশীটি ভূপে ছুন্ট রেখেছে বন্দিশালে তব যজ্ঞ হয় রাজা সব মুক্ত হৈলে।। জরাসম্বে বিনাশিলে সর্ব সিদ্ধ হয়। নিস্কণ্টকে যজ্ঞ তবে কর মহাশয়।। জরাসন্ধ জীয়ন্তে না হয় কোন কাজ। তারে মারি বশ কর রাজার সমাজ।। হইবে অনন্ত জয় সংসার ভিতরে। আমার মন্ত্রণা কহিলাম এ তোমারে॥ এতেক বলেন যদি কমললোচন। क्रुत्थात् कर्ट्न तांका धर्मात् नम्पन ॥ সমুচিত কহিলা যতেক মহাশয়। ইহা না করিলে যজ্ঞ কি প্রকারে হয়।। শান্তি আচরণ আমি করি যে প্রথমে। পৃথিবী সুসাধ্য জারো করি ক্রমে ক্রমে।। পশ্চাতে করিব জরাসন্ধের উপায়। মম মত এই কহিলাম যে তোমায়।। ভীমসেন বলেন না লয় মম মনে। প্রথমে মারিব রুহদ্রথের নন্দনে।। তারে মারি মুক্ত হবে বহু জ্ঞাতিগণ। যজ্ঞে বিশ্ব করে তবে নাহি হেন জন।। রাজা হয়ে শান্তি ভজে লক্ষী নাহি পায় পূর্ব্ব রাজগণ কর্ম কহি শুন রায়।। বাভুবলে ভরত শাসিল ভূমগুল। মান্ধাতা নৃপতি কর ত্যজিল সকল।। প্রতাপেতে ক্লতবীর্য্য ঘোষে জগজ্জন। ভগীরথ খ্যাত করি প্রজার পালন।। শ্রীক্লফ বলেন রাজা কর অবগতি। যেমতে হইবে হত মগধের পতি।। সৈম্ম সাজি তাহারে নারিবে কদাচিৎ। অসংখ্য তুর্দান্ত সৈন্য যাহার সহিত।। ভীমার্জ্ন দেহ রাজা আমার সংহতি। উপায়ে করিব হত মগধের পতি।। শুনিয়া বলেন রাজা ধর্মের তনয়। যতেক কহিলা মম চিত্তে নাহি লয়।। মহারাজ জরাসন্ধ রাজচক্রবন্তী। যাহারে করেন ভয় ইন্দ্র স্থরপতি।।

যার ভয়ে জগলাথ মধুরা ত্যজিয়া। পশ্চিম সমুদ্রতীরে রহিলেন গিয়া।। তোমরা উভয়ে চব্দু ক্লঞ্চ মম প্রাণ। সঙ্কটেতে পাঠাইব না হয় বিধান।। হেন যক্তে প্রয়োজন নাহিক আমার। সন্নাদী হইয়া পাছে ভ্রমিব সংসার।। এত শুনি তথন কহেন ধনঞ্জয়। কেন ছেন না বুঝিয়া বল মহাশয়।। চিরজীবী নহে কেহ সংসার ভিতর। যুদ্ধ না করিয়া কেহ আছে কি অমর।। বিনা ছুখে সঙ্কটেতে নহে কোন কর্ম। সুকর্ম বিহীন রাজা রুথা তার জন্ম।। এ উপায়ে কর্ম যদি না হয় সাধন। পশ্চাৎ করিবা তাঁহা যাহা লয় মন।। এতেক বলেন যদি ইন্দ্রের নন্দন। मार् विल প्रभःमा करत्न नाताग्र।। সভাপর্ব সুধারস জরাসন্ধ বধে। কাশীরাম দাস কহে গোবিন্দের পদে॥

জরাসজের জন্ম বৃত্তান্ত।

ধর্মরাজ বলেন বলহ নারায়ণ। জরাসন্ধ নাম তার কিসের কারণ।। কত বল ধরে সে কাহার পাইল বল। তোমা হিংসি রক্ষা পাইল বিস্ময় অন্তর।। গোবিন্দ বলেন রাজা কর অবধান। জরাসন্ধ বিবরণ কহি তব স্থান।। মগধ দেশের রাজা নাম রহত্তথ। অগণিত সৈন্যগণ গজ বাজী রথ।। তেক্তে সুৰ্য্য ক্ৰোধে যম ধনে যক্ষপতি। ৰূপে কামদেব রাজা ক্ষমাগুণে ক্ষিতি॥ नित्रस्त यडक करत ज्ञाच्य नाहि मन। ছুই কন্সা দিল তারে কাশীর রাজন।। পুজার্থী পুজেষ্টি যক্ত করে মহীপাল। না হইল বংশ তার গেল যুবাকাল।। আপনারে ধিক্কার করিয়া নরপতি। রাজ্য ত্যঙ্গি বনে গেল ভার্য্যার সংহতি।।

গৌতমনন্দন চণ্ডকৌশিক যে ঋষি। পরম তপস্থী তিনি সদা বনবাসী।। বহু দেশ ভ্রমিয়া নগরে উপনীত। বৃক্ষতলে রাজা তাঁরে দেখে আচয়িত।। ভার্য্যা সহ প্রণমিল মুন্রির চরণ। মুনি জিজ্ঞাসিল রাজা কোথায় গমন।। করযোড়ে বলে রাজা বিনয় বচন। মম তুর্থ অবধান কর তপোধন।। বহু কর্ম্ম করিলাম রাজ্যে হয়ে রাজা। সমুচিত বিধানেতে পালিলাম প্রজা ॥ ধনে জনে আর মন নাহি তপোধন। সর্ব শৃষ্ঠ দেখি মুনি পুজের কারণ।। এই হেতু রাজ্য ত্যজি যাই বনবাস। তপস্থা করিৰ গিয়া করিয়া সন্ন্যাস।। রাজার বিনয় শুনি গৌতমনন্দন। ধ্যানেতে বসিয়া মুনি চিস্তে ততক্ষণ।। হেনকালে দৈবে সেই আন্তর্ক্ষ হৈতে। শৃষ্ঠ হৈতে এক আন্ত্র পড়িন ভূমিতে।। আত্র লয়ে মুনিবর হৃদে লাগাইল। হরিষে রাজার করে অপিয়া কহিল।। এ ফল খাইতে দেহ প্রধান ভার্য্যারে। গুণবান পুজ্র হবে তাহার উদরে।। বাঞ্ছা পূর্ণ হৈল রাজা যাহ নিজ ঘর। এত শুনি আনন্দিত হৈল নরবর।। মুনি প্রণমিয়া রাজা নিজালয় গেল। ছুই ভার্য্যা সমান দোঁহারে বাঁটি দিল।। ছুইভাগ করি দোঁহে করিল ভক্ষণ। এককালে গর্ৱবতী হৈল চুই জন।। একত্র প্রসব দোঁহে হৈল এককালে। আনন্দে নিরথে দোঁতে সেই ছুই বালে।। এক চকু নাসা কর্ণ এক পদ কর। অর্ক অন্ধ দেখি বিশ্বয় অন্তর।। क्रमर्य श्रामिया कत विवारम विल्ला। দশ মাস গর্ব্যথা র্থা বহা গেল।। নিরাশ হইয়া দোঁতে মুণা করি মনে। ফেলাইয়া দিতে আজ্ঞা করে দাসীগণে।।

সেইক্ষণে ফেলাইয়া দিল দাসীগণ। জরা নামে রাক্ষসী আইল ততক্ষণ।। সদাই শোণিত মাংস আহার যাহার। সংসারের গর্ভপাত শাসন তাহার।। রাজগৃহে গর্ভপাত শুনিয়া ধাইল। অৰ্দ্ধ অঙ্গ দেখি বিশ্বয় মানিল।। আপন নয়নে ইহা কখন না দেখে। ছুই হাতে ছুই খান করিয়া নিরখে।। রহস্ত দেখিয়া তুই সংযোগ করিল। আচ্মিতে তুই অঙ্গ একত্র হইল।। উঙ্ভা উঙ্ভা করি কান্দে মুখে হাত ভরি। আশ্চর্য্য দেখিয়া চিত্তে ভাবে নিশাচরী।। না হবে উদর পূর্ণ ইহারে থাইলে। নুপতি হইবে তুষ্ট এ পুত্র পাইলে।। এত চিন্তি কোলে করি লইল নন্দন। মেঘের গর্জন জিনি শিশুর নিঃস্বন।। মনুয্যের মূর্ত্তি ধরি জরা নিশাচরী। রাজার সমুখে গেল পুত্র কোলে করি।। নুপতিরে কহিল সকল বিবরণ। হের ধর লহ রাজা আপন নন্দন।। পুত্র পেয়ে উল্লাসিত হইল নুপতি। তবে জিজ্ঞাসিল রাজা রাক্ষমীর প্রতি।। কে তুমি কোথায় বাস কি তোমার নাম। কার কন্যা কার ভার্য্যা কোথা তব ধাম।। এত স্নেহ মম প্রতি কিসের কারণে। ত্থামারে এমত করে নাহি ত্রিভুবনে।। রাজার বচন শুনি বলে নিশাচরী। গৃহদেবী দিলা নাম স্তি অধিকারী।। দানব বিনাশে মোর হইল স্ঞ্জন। সর্ব্ব গৃহে থাকি রাজা করহ শ্রব।।। আমারে সপুজা নবযৌবন করিয়া। যে জন রাখিবে গৃহ-ভিত্তিতে আঁকিয়া।। জায়া সুত ধন ধান্যে সদা তার ঘর। পরিপূর্ণ থাকিবেক শুন রাজ্যেশ্বর ।। তব গৃহে পূজা রাজা পাই অনুক্ষণ। তেই রক্ষা করিলাম তোমার নন্দন।।

সমুদ্র শোষয় রাজা মোর এই পেটে। সুমেরু সদৃশ মাংস থাইলে না আঁটে। তব গৃহ-পূজায় তোমোরে জামি বশ। এই হেতু রাখিলাম তোমার উরস।। এত বলি রাক্ষসী চলিল নিজ স্থান। পুত্র পেয়ে নরপতি মহা হর্ষবান।। জাতকর্মা বিধিমত করিল রাজন। অনুমান করি নাম দিল দ্বিজগণ।। জরায় সন্ধিত হেতু নাম জরাসন্ধ। দিনে দিনে বাড়ে যেন শুকুপক্ষ চন্দ্র।। কত দিনে রহদ্রথ পুজে রাজ্য দিয়া। ভার্য্যা সহ বনে গেল ব্রহ্মচারী হৈয়া।। জরাসন্ধ রাজা হৈল বলে মহাবল। নিজ ভুজ পরাক্রমে শাসে ভূমওল।। তুই সেনাপতি হংস ডিম্বক তাহার। সর্ব্বত্র অভয় অস্ত্রে অভেদ আকার।। তিন জ্ন মহাৰীর অজেয় সংসারে। চতুর্থ জামাতা কংস মহাবল ধরে ॥ আমা হ'তে.ভোজপতি যবে হৈল হত। তথা হৈতে গদা প্রহারিল বার্হ দ্রথ।। শতেক যোজন গদা এল আচম্বিতে। মথুরা কম্পিত যেন গিরি বক্তাঘাতে ॥(৮) সংগ্রামে সাজিয়া এল অফাদশবার। ত্রয়োদশ অক্ষেহিণী সহ পরিবার।। হংস নামে এক রাজা ছিল সঙ্গে তার। বলভদ্র হাতে সেই হইল সংহার।। মরিল মরিল হংস হৈল এই শব্দ। শুনিয়া মগধ লোক হইলেক স্তব্ধ।। ডিন্ডক করিত সেই রাজ্যের রক্ষণ। শুনিল সংগ্রামে হৈল ভ্রাভার মরণ ॥ সহিতে নারিল শোকে হইল অস্থির। ডুবিয়া যমুনা জলে ত্যজিল শরীর।। জরাসন্ধ সহ তবে হংস গেল ঘর। শুনিল মরিল শোকে ডুবিয়া সোদর।। ভ্রাতৃশোকে হংস আর ক্ষণে না রহিল। যমুনার জলে সেহ তুবিয়া মরিল।।

🖔 হেনমতে ভুবিয়া মরিল তুই জন। ় একমাত্র জরাসন্ধ আছয়ে সূর্জ্জন।। সংগ্রামে জিনিতে তারে নাহিক ভুবনে ৷ ় উপায় আছয়ে এক চিস্তিয়াছি মনে।। মল্লযুদ্ধ বিনা তার না হয় নিধন। র্কোদর বাছ্বলে করিবে সাধন।। আমার হৃদয় যদি জান মহাশয়। ষ্মানার বচনে তবে করহ প্রত্যয়।। পৌরুষে বিভব যদি বাঞ্ছ নরপতি। ভীমার্জ্বনে দেহ রাজা আমার সংহতি।। क्रुटिश्वत व्हन श्विन धर्मात नन्मन। একদুষ্টে চান ভীমার্জ্জুনের বদন।। হৃষ্টমুখ চুই ভাই দেখি নরপতি। কহেন মধুর বাক্যে গোবিন্দের প্রতি।। কি কারণে এমত বলিলা যতুরায়। তোমা বিনা পাগুবের কি আছে উপায়।। লক্ষী পরাজ্যুখ যারে সে তোমা না ক্লানে। সহজে পৃত্তিবস্ধু খ্যাত ত্রিভূবনে।। ত্ব নাম নিলে ভয় নাহি ত্রিজগতে। তার কি আপদ যার থাকিবা সঙ্গেতে।। এত বলি নরপতি দুই ভাই লয়ে। গোবিদ্দের করেতে দিলেন সমর্পিয়ে।। মহাভারতের কথা অমৃতের ধার। কাশীরাম দাস কহে রচিয়া পয়ার।। ভौगार्ड्यनक नहेश बीकृत्भव

গিরিব্রজে প্রবেশ।
শুভক্ষণ করিয়া চলেন তিন জন।
স্নাতক বিপ্রের বেশ করিয়া ধারণ।।
পদ্মসর লজ্মিয়া পর্বত কালকুট।
গগুকী শর্করাবর্ত্ত বিষম সম্কট।। (৯)
সর্যু অযোধ্যা আর নগর মিথিলা।
ভাগীরথী সরস্বতী যমুনা আইলা।।
পার হৈয়া পূর্ব্বমুখে যান তিন জনে।
মগধ রাজ্যেতে উত্তরিলা কত দিনে।।
চৈত্য রথআদি করি পঞ্চ গোটা গিরি।
ভাহার মধ্যেতে বৈসে গিরি ব্রজপুরী ১০

অনুপম দেশ সেই দেখিতে স্কুন্দর ধন ধান্য গো মহিষে শোভিত নগর।। ভীমাৰ্জ্বনে বলেন গোবিন্দ মহামতি। এই পঞ্চ গিরি মধ্যে নগর বসতি।। পঞ্চ পর্বতের কথা শুন চুই জন। শক্র দেখি দ্বার রুদ্ধ হয় ততক্ষণ।। আর এক আশ্চর্য্য আছয়ে ছুয়ারেতে। তিনগোটা ভেরীশব্দ করে আচয়িতে। ১১ শক্র দেখি ভেরী শব্দ করয়ে যখন। সজাগ হইয়া সেনা করয়ে সাজন।। শক্রবাপী অর্কু দ এ ছই নাগবর। যার ভয়ে রিপু নাহি প্রবেশে নগর।। মহারথিগণ সব রক্ষা করে দ্বার। ইহার উপায় এক করহ বিচার।। অর্জুন বলেন ভেরী রৈল মম ভাগে। এীকুষ্ণ বলেন নিবারিব ছুই নাগে।। ভীম বলিলেন মম পর্কতের ভার। অন্ত পথে যাব পুরে না যাইব দ্বার।। এইবাপ বিচারিয়া ত্রাব তিন জন। ষার ত্যজি করিলেন গিরি আরোহণ।। নাগের কারণ দেব ক্লফ্ড মহামতি। খগপতি স্মরণ করেন শীঘ্রগতি।। আইল ভুজঙ্গরিপু ক্লঞ্চের স্মরণে। এ তিন ভুবন কাঁপে যাহার গর্জনে।। ভয়েতে ভুজঙ্গ ছুই প্রবৈশে পাতালে। কুষ্ণের মেলানি মাগি খগপতি চলে।। ভেরী হেতু অর্জ্ব এড়িল শব্দভেদী। এক অস্ত্রে তিন ভেরী ফেলিলেন ছেদি।। চৈত্যগিরি পৃষ্ঠে করিলেন আরোহণ। तिर्भू प्रिथि गितिरत कत्रद्य गर्ड्जन।। গিরিশৃঙ্গ ধরি ভীম উপাড়িয়া করে। অচল করিল বজ্রমুষ্টির প্রহারে।। পৰ্বত লব্জিয়া কৈল নগরে প্রবেশ। **जू**तशूत मम ्मिथि **कतामक** एमा।। হাট বাট নগর চত্ত্বর মনোহরা। নগর ভিতরে বৈদে বিবিধ পদরা।।

সুগন্ধি কুমুম মাল্য দেখি সুশোভন। বলে লয়ে তিন জন করেন ভূ ণ ।। পূর্ব্ব দ্বার লব্হিয়া গেলেন তিন জনা। অন্তঃপুরে যাইতে ব্রাক্ষণে নাহি মানা।। তিন দার লঙ্জিব পরে যান অন্তঃপুর। যথা আছে মহীপাল জরাসন্ধ শূর।। যজ্ঞ দীক্ষা লইয়াছে যজেতে তৎপর। উপবাসী ব্রতী হয়ে আছে একেশ্বর।। কেবল ব্রাহ্মণগণ আছে তথাকারে। বিনাহবানে অন্য জন যাইতে না পারে।। তিন দ্বিজ দেখি রাজা উঠি যোডহাতে। আগুসরি অভার্থনা করে কত পথে।। বসিবাবে দিল দিবা কনক আসন। স্বস্থি স্বস্থি বলিয়া বৈদেন তিন জন।।>২ তিন-জন-মূর্ত্তি রাজা করে নিরীক্ষণ। শাল রক্ষ কোঁড়া যেন অঙ্গের বরণ ॥ আজানুলম্বিত ভুজ ভুজঙ্গ আকার। অস্ত্রচিহ্ন লেখা আছে অঙ্গে সবাকার।। ভূষণ বিবিধ মাল্য দেখিয়া রাজন। নিন্দা করি বলিতে লাগিল ততক্ষণ।। ত্রতী বিপ্র হয়ে কেন হেন অনাচার। সুগন্ধি চন্দন মাল্য অঙ্গে সবাকার।। মুনিগণ কহে আর আমি জানি ভালে। ত্রাহ্মণ কখন মাল্য নাছি পরে গলে।। পরিধান বহুবিধ বিচিত্র বসন। বিপ্রদেহে অস্ত্রচিহ্ন কিসের কারণ।। সত্য কহ তোমরা যে হও কোন জাতি। কি হেতৃ আইলা বল আমার বসতি।। দ্বিজ বিনা আসে হেথা নাহি অন্য জন। চোর্রূপে আসিয়াছ লয় মম মন।। চৈতাগিরি-শৃঙ্গ ভাঙ্গিবুঝি এলে প্রায়। রাজদ্রোহ পাপভয় নাহিক তৌমায়।। কি হেতু আইলা কোন ভিক্ষা অনুসারে। কোন বিধিমতে পূজা করি সবাকারে।। এত শুনি বাস্থাদৈব বলেন বচন।

গভীর নিনাদ যেন সলিলবাহন।।

পুষ্প-মাল্য সদা রাজা লক্ষীর আগ্রয়। লক্ষীপ্রিয় কর্ম্মেবল কার বাঞ্চা নয়।। দ্বারে না আইলা হেন বলিলে বচন শত্রুগ্র-ম্বারে মোরা না যাই কথন।। কোনৰূপে শত্ৰুগতে যাই মহারাজ। যেই হেতু আসিয়াছি করিবা সে কাজ।। জরাসন্ধ বলে মম না হয় সারণ। কবে শত্ৰু আমার তোমরা তিন জন।। না হিংসিতে যেই জন হিংসা আসি করে। তার সম পাপী নাছি সংসার ভিতরে॥ কারে৷ হিংসা নাহি করি আমি মনে জানি কি মতে তোমরা শক্ত কহ দেখি শুনি।। গোবিন্দ বলেন তুমি কহ বিপরীত। তোমার যতেক নিন্দা জগতে বিদিত। পৃথিবীর রাজা সব বান্ধিয়া আনিলে। পশুবৎ করি রাখিয়াছ বন্দিশালে।। (১৩ মুহাদেবে বলি দিবা শুনিফু প্রবণে। বল দেখি হেন কর্মা করে কোনু জনে।। নাহি দেখি নাহি শুনি হেন বিপরীত.। জ্ঞাতিগণে বলি দিবা অধর্ম চরিত।। আপদভঞ্জন আমি ধর্মের রক্ষণ। জ্ঞাতিহিংসা দেখিতে না পারি কদাচন ত্রয়োবিংশ অক্ষোহিণী অফাদশবার। হারি পলাইলা সব করিয়া সংহার।। (प्रहे क्रुक्ष जामि वसूरम्हवंत नम्मन। পাণ্ডপুত্ৰ ভীমাৰ্জ্ব এই ছুই জন।। আপনার হিত যদি বাঞ্হ রাজন। আমার বচনে রাজা ছাড় রাজগণ।। নহে যুদ্ধ কর রাজা আমার সংহতি। ছুই কর্মে যেবা ইচ্ছা হয় তব মতি।। **এ ক্রিফের বচনে স্থালিল জর†সন্ধ।** অশেষ বিশেষে গোবিন্দেরে বলে মন্দ পূর্বকথা বিশারণ হইল তোমার। যুদ্ধে পলাইয়া গেলে শূগাল আকার পৃথিবী ছাড়িয়া গেলে সমুদ্র ভিতরে। কভু নাহি শুনি পুন আসিতে নগরে॥

্ব এখন তোমাকে দেখি আপনার দেশে। করিলে অন্তত কর্ম্ম কেমন সাহসে।। দর্প করি কহিলে ছাড়িতে রাজগণ। কিহার শরীরে সহে এমত বচন।। ভুজবলে বান্ধি আনিলাম রাজগণে। मक्षण करति बिल पिर जिलाहरन।। পূৰ্ব্বকথা তব বুঝি নাহিক স্মরণ। যাহ গোপস্থত লজ্জা নাহি কি কারণ !! সংগ্রাম মাগিলা তার না বুঝি কারণ। তোমা ছার সহিত যুঝিবে কোন্ জন।। যেবা ভীমার্জ্জন দেখি অত্যম্পা বয়স। ইহাদের সহ যুদ্ধে হইবে অযশ।। <sup>1</sup>মারিলে পৌরুষ নাহি হারিলে অযশ। পূলাহ বালকদ্বয় না কর সাহস।। <sup>1</sup>গোপালের বলে বুঝি করিলা উদ্যম। 'না জানহ জরাসন্ধ ক্লতান্তের যম।। <sup>2</sup>এতেক বলিল যদি জরাসন্ধ কোপে। <sup>3</sup>ক্রোধে বীর রকোদর অধরোষ্ঠ কাঁপে।। <sup>'</sup>গোবিন্দ বঁলেন মিথ্যা না কর<sub>,</sub> বড়াই। <sup>ও</sup>তোমার বিচারে দেখি সম কেহ নাই।। ্র্দৈ কারণে হীনবল দেখি রাজগণে। <sup>C'</sup>বলে ধরি মারিবারে চাহ অকারণে।। <sup>ম</sup>তার অনুৰূপ ফল পাইবা নিকটে। <sup>ক</sup>দুর কর দর্প আজি পড়িবা সঙ্কটে।।. মা করিবা ইচ্ছা যদি আমা সনে রণ। এ দোঁহার মধ্যে তব যারে লয় মন।। গালক বলিয়া চিত্তে না করিহ ভূমি। <sup>স</sup>্কণেকে জানিবা আগে যাহ যুদ্ধভূমি॥ <sup>প্রা</sup>রাসক্ষ বলে যদি ইচ্ছিলে মরণ। <sup>গা</sup>ণ বাঞ্ছা করিলে করিব আমি রণ।। <sup>স</sup>কৈৰূপে করিবা রণ কহ দেখি শুনি। <sup>ভা</sup>ণত শুনি তাহারে কহৈন চক্রপাণি।। পা<sub>বিধির</sub> নিরম এই কজধর্ম লিখি। <sup>মগ</sup>সন্যে সৈন্যে রথে রথে কিয়া একা একী।। <sup>टेड</sup> काकी कतर युश्व हेम्हा यात्र मत्न। র্ণাযুদ্ধ মল্লযুদ্ধ যাহা লয় মনে।।

শুনিয়া বলিছে রহদ্রথের কুমার। ভূজবলে মহামন্ত করি অহন্ধার।। সহজে বালক এই বিশেষে অৰ্জ্জুন। হীনবল সহ যুদ্ধ না করে নিপুণ।। কোমল বালক প্রায় দেখি যে নয়নে। কিছুমাত্র রকোদর লয় মম মনে।। ভীমের সহিত আজ করিব সমর। এত বলি উঠিল মগধ দণ্ডধর।। তুই গোটা গদা রাজা আনিল তথনি। ভীমে দিল এক এক লইল আপনি ॥ ' নগর বাহিরে গেল রঙ্গভূমি যথা। ধাইল নগর-লোক শুনি যুদ্ধকথা।। কৌতৃক দেখেন ক্লম্ভ থাকিয়া অন্তরে। নৃপতি যুঝায় যেন যুগল মল্লেরে॥ অপূর্ব্ব সংগ্রাম করে ভীম জরাসন্ধ। বিস্তারে রচিয়া কহি যমকের ছন্দ।। সভাপর্কে সুধারস জরাসন্ধ বধে। কাশীদাস দেব কহে গোবিন্দের পদে।।

জরাদদ্ধের দহিত ভীমের যুদ্ধ। অপূৰ্ক সংগ্ৰাম, না হয় বিরাম, रहेन मगंध जीत्म। গজরাজ নকে. র্ত্রামুর শকে, যেমত বাবর বামে।। কেশ বাস সারি, করে গদা ধরি, ছুইজন হৈল আগে। কৰ্কশ বচন, করিছে ভৎ সন, তুই জন মন্ত রাগে॥ তারে রে পাণ্ডব, কোথারে খাণ্ডব, আইলা মগধ দেশে। निक्छे यत्रन, এই সে কারণ, देनदर्व वाञ्चि जात्न भारम ॥ শুনিয়া তৰ্জন, করিয়া গর্জন. বলিছে কুন্তীর স্কুত। তোমারে শমন, कतिल भात्रन, আমি হয়ে এলাম দুত।।

क्लार्थ त्रकामत, करन्त्र करन्त्र करन्त्रत যেমন কদলীপাত। মণ্ডলী করিয়া, ত্বরিত কিরিয়া, দোঁহে করে করাঘাত।। বিপরীত নাদ, পড়িল প্রমাদ, প্রবণে লাগিল তালা। দন্ত কড়সড়, শ্বাদে বহে ঝড়, উড়ি যায় মেঘমালা।। करत करत ছाँ मि, शरम शरम वाश्वि. क्रू हे जरन (मैं) होरन। ফণে দোঁহা ছাড়ি,শিরে শিরে ভাড়ি, হৃদয়ে হৃদয় হানে॥ লোহিত নয়ন, লোহিত বদন, নেহারে সকোপ দৃষ্টি। মারিছে চাপড়, দন্ত কড়মড়, বজ্ঞ সম চড় মুষ্টি॥ উक्र ७ जघरन, इान्मिल मघरन, ভূমে গড়াগড়ি যায়। শ্রম জল অফে, রণ ধূলি সঞে, ঢাকিল দোঁহার গায়॥ রুধিরে জর্জ্জর, তুই কলেবর, অন্তর হইয়া কণে। কো্রে কায় কম্পে, পুনঃপুনঃ ঝম্পে, দোঁহা'পর ছুই জনে।। द्यात नाम ठिए, दमार वाइटका छ, গভীর গর্জ্জনে গর্জ্জে। পদে ভূ বিদরে, চাপিয়া অধরে, তর্জনী তুলিয়া তর্জে। त्म (काँट्र (काँटादं, भागत अहादत, श्राम कुक गित शिर्छ। प्तरथ नर्बकनः ঘোরতর রণ, गमाघाटज व्यक्षि छेटरे ॥ . . কেহ নহে উন, ধরি পুনঃপুনঃ, क्रमाय क्रमय जात्य। ভুজে ভুজে ভিড়ি, ভুমিতলে পড়ি, शून (माँटि छेटे नारक।।

যেন দ্বি বারণ, বারুণী কারণ,
যুক্তর পর্বত মাবেং।
যেন দ্বি রুষভে, সুরভির লোভে,
গোর্ফের ভিতর যুবো।
কার্ত্তিক প্রথমে, প্রতিপদ ক্রমে,
অহর্নিশি দোঁহে রণে।
হৈল চত্র্দেশী, কহে দাস কাশী,
বিশ্রাম না বায়ু পানে।।

জ্বাসন্ধ বধ ও রাজাগণের কারামোচন।

অহর্নিশি চতুর্দ্দশ দিবস সংগ্রাম। নিশ্বাস ছাড়িতে দোঁহে না করে বিশ্রাম।। অনাহারে পীড়িত দোঁহার কলেবর। নিস্তেজ হইল বৃহদ্রথের কোঙর।। অচল হইল অঙ্গ হরিলেক জ্ঞান। তথাপিহ দাণ্ডাইয়া আছে বিদ্যমান।। প্রনন্দন ভীম মহাপ্রাক্রম। এত যুদ্ধে শরীরে তিলেক নাহি শ্রম।। छोकिया वर्लन कृष्ध कि रमथे श्रांत । . এইকালে শত্রু কেন না কর সংহার।। क्रुत्थत वहरून रक्तांथ कति त्रकानत । তুই পায় ধরি ফেলে ভূমির উপর ॥ পুনরপি ধরে তারে কুন্তীর কুমার। ছুই পার ধরিয়া ভ্রমায় চক্রাকার।। শতবার ভ্রমাইয়া ফেলে ভূমিতলে। বক্ষঃস্থল চাপিয়া বসিল মহাবলে।। কণ্ঠে জানু দিয়া বুকে বক্তমুষ্টি মারে। গুরুতর গর্জ্জনেতে কম্পে ধরাধরে।। রাজ্যের যতেক লোক হৈল মৃতপ্রায়। কাহার বচন কেহ শুনিতে না পায়।। গর্বতী স্ত্রীর গর্ম পড়িল খসিয়া। হস্তী অশ্ব আদি পশু যায় পলাইয়া।। যথাশক্তি বুকোদর করেন প্রহার। তথাপি না হয় জ্রাসজ্যের সংহার।। व्यान्हर्या दनिश्व श्रीय वरतम क्रूटकरत । যথাশক্তি করিলাম প্রহার ইহারে।।

ইহার মরণে আমি না দেখি উপায়। সদয় হৃদয় তুমি সেবকরঞ্জন। এত শুনি ডাকিয়া বলেন যতুরায়।। তুর্বলের বল গর্বি-গৌরবভঞ্জন।। অনাথের নাথ তুমি হিংসকের ভারি। পূর্কে সন্ধি কহিয়াছি কেন বিস্মরণ। ধর্মের পালন হেতু মর্ত্ত্যে অবতরি।। र्दंगरे ছिজে জরাসন্ধ হইবে निधन।। ব্লকোদরে দেখাইয়া দিলেন ঞ্জীনাথ। কে বর্ণিতে পারে গুণ বেদে অগোচর। ছুই করে ধরি চিরিলেন বেণাপাত।। সদা যোগে ধ্যানে যারে না পায় শক্ষর। দেখিয়া হৈলেন হৃষ্ট কুন্তীর নন্দন। যত ছখ দিল জরাসন্ধ নৃপবরে। সকল সকল হৈল ভাবি যে অন্তরে।। পুনরপি ধেয়ে যান করিয়া গর্জ্জন।। অভয় পদ্ধজপদ দেখিতু নয়নে। বজ্রমুষ্টি প্রহারিয়া কেলেন ভূতলে। সিংহ যেন মৃগ ধরি ফেলে অবহেলে॥ বদনে অমৃত ভাষা শুনিকু প্রবণে।। । বলে জরাসন্ধ প্রভু করিল বন্ধন। একপদ পদে চাপি এক পদে কর। এত দিনে বলি দিত সব রাজগণ।। ক্লকারিয়া টানিলেন বীর র্কোদর।। মধ্যখানে চিরিয়া করেন ছুইখান। রূপায় সবারে প্রভু করিলা উদ্ধার। জন্মকান অঙ্গ প্রাপ্তে হারাইল প্রাণ।। **এ কর্ম্ম তোমার প্রভু কিছু নহে** ভার।। আজ্ঞা কর আমরা করিব কিবা কার্য্য। জ্রাসন্ধ পড়িল সহর্ষ নারায়ণ। আনুন্দেতে তিন জনে কৈল আলিঙ্গন।। গোবিন্দ বলেন সবে যাহ নিজ রাজ্য।। রাজস্য় করিবেন ধর্মের নন্দন। রাজ্যের যতেক লোক প্রমাদ গণিল। জরাসন্ধস্ত সহদেব নাম ছিল।। সেই যজে সহায় হইবা সর্বজন।। ভয়েতে কম্পিত তমু পাত্র মিত্র লয়ে। এত শুনি রাজগণ করে অঙ্গীকার। গোবিন্দের চরণেতে পড়িল আসিয়ে।। প্রণমিয়া দেশে সবে গেল যে যাহার।। তবে জরাসন্ধরথ আনি নারায়ণ। তবে কর যুড়ি বছ করিল স্তবন। তোমার মহিমা প্রভু জানে কোন্ জন।। তিন জনে আরোহণ করেন তথন।। তুমি ব্রহ্মা তুমি বিষ্ণু তুমি পুরন্দর। অপূর্ব্ব সুন্দর রথ লোকে অগোচর। তুমি আদ্যা তুমি শক্তি তুমি বৈশ্বানর।। সেই রথে চড়ি পূর্কে দেব পুরন্দর।। তুমি চন্দ্র তুমি সূর্য্য তুমি জলেশ্বর। দলিল দানবগণ ঊনশত বার। তুমি বায়ু তুমি বল তুমি চরাচর।। যোজন পর্য্যন্ত দৃষ্টি হয় ধ্বজ যার।। া আমি অতি মূঢ়মতি নাহি জানি তোমা। ইক্স হতে পা(ই)ল বন্ধু মগধ ঈশ্বরে। । চারি বেদে নাহি জানে তোমার তুলনা ॥ বসু হৈতে বৃহদ্রথ সে দিল কুমারে।। ি এইৰূপে বছ স্তুতি করিল কুমার। সেই রথে আরোহিয়া যান তিনজন। । ঈবৎ হাসিলেন তবে দেব গদাধর।। গোবিন্দ গরুড়ে তবে করিয়া স্মরণ।। আশ্বাসিয়া জগন্নাথ অভয় তারে দিল। **ভাচ্চা করিলেন বসিবারে ধ্বজে**পর। া মগধরাজ্যেতে তারে দশু ধরাইল।। খগপুতি ধ্বজরথ ঘোষে চরাচর।। বন্দিশালে আছিল যতেক রাজগণ। **শঙ্গনাদ করিয়া** চলিলা **শীঘ্র**গতি। ্থকে একে বুচাইল সবার বন্ধন।। ইক্সপ্রস্থে উপনীত তিন মহামতি।। নানা রত্নে সবাকারে করিল ভূবণ। যুধিষ্ঠির চরণে করিয়া নমকার। করযোতে স্তুতি করি কহে রাজগণ।। একে একে কহেন সকল সমাচার।।

আনন্দেতে যুধিষ্ঠির করি আলিঙ্গন।
গোবিন্দে অনেক পূজা করেন তথন।।
জরাসন্ধ-রথ আর অমূল্য রতন।
ক্ষেথ্রে দিলেন রাজা হয়ে হুফীমন।।
সেই রথ আরোহিয়া দেব দামোদর।
মোলানি মালিয়া যান ভারকানগর।।
পুণ্য কথা ভারতের শুনিলে পবিত্র।
গোবিন্দের লীলা রস পাশুব-চরিত্র।।
সভাপর্কের সুধারস জরাসন্ধবধে।
কাশীরাম দাস কহে গোবিন্দের পদে।।

অর্জুনের বিথিজয়-যাতা। করি ক্লভাঞ্জলি, পার্থ মহাবলী, কহেন রাজার আগে। আজ্ঞা কর রায়, করিব উপায়, রাজসূয় যজ্ঞ ভাগে।। অভুল কামুকি, ' গাণ্ডীব ধনুক, অক্ষয় ভূণ যুগল। রথ কপিধ্বজ, দেব দন্তামুজ, চারু তুরঙ্গম বল।। অপ্রাপ্য সংসারে, দেব বাঞ্চা করে, হেলে মিলিল আমারে। এ.সবার গুণ, যশ উপার্জ্জন, শাসিব সব রাজারে॥ অগম্য যে পথ, কুবের পালিত, উত্তরে যাইব আমি। ন্নেহ আলিঙ্গন, শুনিয়া বচন, করেন পাওবস্বামী॥ করি শুভক্ষণ, আনি দ্বিজগণ, य (वन (वनाञ्च जारन। মঙ্গল বচনে, মাধব স্মরবেণ, मक्न करत विधारन।। ' ' রথ গজ বাজী, সেনাগণ সাজি, চলিল কটক সাথে। পূর্কদিকে ভীম, নকুল পশ্চিম, দিক্ষিণ কনিষ্ঠ ভ্ৰাতে।।

অর্জ্রনের সেনা, শ্বেত পীত নানা, বিবিধ বাজন বাজে। শভোর বাজন, , গজের গর্জন, শুনি কম্প কিতিমাৰো৷৷ अथरम अरवन, कूनिरम्ब लिन, হেলায় জিনিল তারে। কালকুট বঅ, জিনিয়া আনর্ত, সুমগুল নৃপবরে॥ শাকল সুদ্বীপে, প্রতিবিদ্ধ্য নৃপে, किनिल कर्वक तर्व। প্রাগজ্যোতিষ ধাম, ভগদন্ত নাম, বিখ্যাত রাজা ভুবনে।। না যায় গণনা, তার যত সেনা, কিরাত কাননবাসী। বিপরীত মুখ, সুধৃত ধনুক, গুঞ্জাহার মালা ভূবি॥ করি কেশ গুটি, বান্ধা উর্দ্ধ ঝুঁটি, বেষ্টিত বৃক্ষের লতা। পরম হরিয়ে, ধাইল রনে সে, শুনিয়া সংগ্রাম কথা।। ঘোর ডাক পাড়ে, নানা অস্ত্র ছাড়ে, হইল উভয়ে রণ। ভগদত্ত রাজ, পুরন্দরাত্মজ, • মুখামুখি ছই জন।। দোঁহে ধনুর্দ্ধর ফেলে নানা শর, যাহার যতেক শিক্ষা। সূর্য্য বসু জল, মারুত অনল, বিবিধ মন্ত্ৰেতে দীকা।। অষ্ট অহর্নিশি, দোঁহে উপবাসী, विद्याय ना करत करन। দেখি ভগদন্ত, বলে মহামন্ত, হাসিয়া বলে অর্জ্নে॥ निवर्ष्ट् त्रव, हेट्स्त नन्मन, তুমি হও সথা সুত। ভোমার জনক, ত্রিদশ পালক, স্থা মম পুরুহূত।।

মনে ছিল ভ্রম, তোমার বিক্রম, জানিলাম এত দিনে। কিলের কারণ, ুকর ভুমি রণ, এথা যে আইলা কেনে।। বলেন বিজয়, ধর্মের তনয়, কুরুকুলে হন রাজা। করিবেন ক্রতু, চাহি এই হেতু, দিবা তাঁরে কিছু পূজা।। যদি মোর প্রতি, হইয়াছ প্রীতি, তবে নিবেদন করি। ক্ষমম দোষ, দেহ কিছু কোষ, প্রাগ্রোতিষ অধিকারী।। इतिरं तांकन, मिल रह धन, পার্থেরে পূজি বিশেষে। লয়ে তার পূজা, বার্থ মহাতেজা, ठलिटलन खना प्रतम ॥ বিবিধ পর্বতে, নৃপ শতে শতে, কতেক লইব নাম। দিয়া ধনচয়, কেহ-মিলে তায়, কেহ বা করে সংগ্রাম।। উল্কের পতি, রহস্ত নৃপতি, করিল অনেক রণ। মোদাপুর ধাম, দেবক সুদাম, তিনে দিল বহু ধন।। तांका मिनारिन्मू, मिन त्र मिकू, পৌরব পর্বত রাজা। লোহিত মণ্ডল, রাজা মহাবল, করিল অনেক পূজা।। ত্রিগর্ত্ত মণ্ডলে, জিনি বীর হেলে, সিংহপুরে সিংহরাজ। वास्नीक मतम, त्राका त्कांकनम, देवटम कामिशिति मार्थ।। অপুর্ব্ধ সে দেশ, নানা বর্ণ অশ্ব, শুক ময়ুরের রঙ্গে। কৌতুকে অর্জ্জন, নিজ অশ্বগণ, বিবিধ রতন সঙ্গে।।

নৃপতি জীবন, কৈল মহারণ, হারিয়া ভঞ্জিল আসি। **जू**वरन जाशूर्क, फिल वर् छवा, নানা বর্ণে রাশি রাশি।। তবে একে একে, জিনিয়া সবাকে, উঠিল হেমন্ত গিরি। তাহে যত ছিল, হেলায় জিনিল, গন্ধৰ্ক দানবপুরী॥ পর্বত কৈলাস, কুবেরের বাস, যক্ষ রক্ষ কোটি কোটি। মাতুষ কিল্লর, হইল সমর, হৈলেন জয় কিরীট।। ইন্দ্রের কোঙ্র, ইন্দ্র সম সর, মারিলেক বহু যক্ষ। পলাইল ডরে, কহিল কুবেরে, পুরে পশিল বিপক্ষ।। रुनि देवखावन, नद्य वर् धन, পূজিল পাঞ্র সুতে। স্নেহভাবে তায়, করিল বিদায়, পাৰ্থ যান তথা হৈতে।। নগর হাটক, নিবাসী গুহুক, জিনি পাইলেন ধন। লয়ে রত্ন ধন, চলেন অর্জ্জুন, হয়ে আনন্দিত মন। তথা বীরবর, মানস যে সর, मिथे इहेलन सूथी। অমরনগরী, অপ্সর কিন্নরী, কোটি কোটি শর্শিমুখী।। জিতেন্দ্রিয় ধীর, পার্থ মহাবীর, নাহি চান কার পানে। দৈই সরোবাদী, ছিল বহু ঋষি, ভাশীষ করে অর্জ্জুনে॥ তথা হৈতে চলে, যান কুভূহলে, অতিশয় শীঘ্রগামী। সংগ্রামে প্রচণ্ড, তেজেতে মার্ভণ্ড,

জিনিয়া ভারতভূমি।।

তাহার উন্তর, যান বীরবর, হরিবর্ষ নামে খণ্ড। पिथि हात्रशाल, शांत्र शांत शांत, হাতে করি লৌহদও।। দৈখিয়া মাকুষে, সর্বজন হাসে, অতি অপৰূপ বাসি। বিস্ময় অন্তরে, কহে অর্জ্জনেরে, তুমি যে বড় সাহসী।। মানব শরীরে, আসিলে এথারে, কভু দেখি নাহি শুনি। নিবর্ত্ত তৃমি, অগম্য এ ভূমি, কাহার শক্তি জিনি॥ আইলা অত্যন্ত, ভারত দিগস্তু, তুমি কি ভ্রান্ত হইলে। কুরুর নগর, এ পুর উন্তর, এথায় কি হেতু আইলে।। দেখিতে না পাবে, কি যুদ্ধ করিবে, নাহি নরলোক-গতি। শুনিয়া বচন, কুন্তীর নন্দন, বলেন দ্বারীর প্রতি।। ধর্মা নরবর ক্রিয় ঈশ্বর, তাঁহার আমি কিন্ধর। তোমা না লঞ্জিব, পুরে না পশিব, কিছু দেহ মোরে কর।। দ্বারপালগণ, শুনি ততক্ষণ, অনেক রতন দিল। সানন্দ হৃদয়, লয়ে ধনঞ্জয়, पिकन **मूर्थ** ठिलल ।। আসিবার কালে, বহু মহীপালে, জিনিয়া নিলেন কর। চতুরঙ্গ দলে🕶 বাছ্য কোলাহলে, **চ** जिल निष्क नशर ।। .. কনক রজত, মণি মরকত, মুকুতা প্রবাল রাশি। বিবিধ বসন, া গো আদি বাহন,

লয়ে কত দাস দাসী।।

জয় জয় শব্দে, শত্থের নিনাদে, প্রবেশি ইন্দ্রপ্রস্থেতে। ইন্দের আত্মক, ্ত্যজিয়া সে সাজ, গেলেন ধর্ম অগ্রেতে।। ভূমিতলে পড়ি, ছুই কর যুড়ি, দাণ্ডাইয়া কত দূরে। করিয়া কোমল, কহেন সকল, ধর্মরাজ যুধিষ্ঠিরে।। তোমার প্রতাপে, উত্তরের নৃপে, সবে আনিলাম বশে। দেখ নৃপবর, সবে দিল কর, পাইলাম যে যে দেশে॥ হরিষে রাজন, করি আলিঙ্গন, जुवित्नन मृष्ठ जात्व। আনিলেন যাহা, কোষে রাখি তাহা, পূর্ব্বদিকে রুকোদর বহু সৈষ্ঠ কৈয়া। পাঞ্চাল নগরে উত্তরিলেন যাইয়া।। ক্রপদ নুপতি হৃদে পাইয়া সম্ভোব। যুধিষ্ঠির রাজা হেতু দিল বহু কোষ।। তথা হ'তে চলিলেন কুন্তীর কুমার। বিদেহ নগরে যান গগুকীর পার।। त्म (मन किनिया यान मनार्व अदम्दन । সুধর্মা নৃপতি আসি পুজিল বিশেষে।। তাহারে হইয়া প্রীত বীর রকোদর। সেনাপতি করিলেন সৈন্যের উপর।। অশ্বমেধেশ্বর মহারাজ রোচমানে। পরাজয় করিলেন সমর প্রাঙ্গণে ॥° রোচমানে পরাজয় করিয়া স্বরিতে। পূর্কদেশ অধিকার লাগিল করিতে।। পুলিন্দের নরপতি সুমিত্রকে জিনি। চেদিরাজ্যে প্রবৈশিল পাগুববাহিনী।। যুধিষ্ঠির-আজা সাহে আসিবার কালে সম্প্রীতে মিলিছ ভাই রাজা শিশুপালে

সেই হেতু মৌনৰূপে যান রুকোদর। বার্ত্তা শুনি শিশুপাল আইল সত্তর ।। আলিঙ্গন করিয়া কুশল জিজ্ঞাসিল। দোঁতে দোঁহাকার নিজ বারতা কহিল।। গুহে লৈয়া শিশুপাল বহু মান্য করি। ত্রিদশ দিবস রাখিলেন নিজ পুরী।।(১৪) রাজকর মহানন্দে দেন শিশুপাল। তথা হৈতে গেলেন সে উত্তর কৌশল।। অযোধ্যা নগরে রাজা দীর্ঘযক্ত নাম। তাহার সহিত বড় হইল সংগ্রাম ॥ একদিনে সংগ্রামেতে সে বাজে জিনিয়ে। কোশল রাজ্যেতে যান ধন রত্ন লয়ে।। তথা রহদ্বল রাজা জিনি কুন্তীস্কৃত। মল্লদেশে নিল কর পাঠাইয়া দুত।। ভন্নাটের চতুর্দ্ধিকে শুক্তিমান গিরি। সুবাক্ত নামেতে যেই কাশী-অধিকারী।। সুগাশ্ব নিকট রাজপতি ক্রথ আদি। একে একে সবা জিনি নিল রত্ননিধি।। মংস্তদেশ-ভূপতিরে জিনি রকোদর। श्रात्मन উত্তরমুখে नियोप नंशत ॥ শর্মাক বর্মাকগণে জিনি মহাবীর। জনক মিথিলাপতি মণিমন্ত ধীর।। হেলায় জিনিয়া ক্রমে এতেক নুপতি। গিরিত্রজে শীঘ্র গেলা ভীম মহামতি।। । সহদেব নুপত়ি লইয়া বহু ধন। পূজা কৈল রকোদরে করিয়া স্তবন।। ে পুগু বিপ বাসুদেব কৌশিকীর কূলে (১৫) তথাকারে গেল বীর চতুরঙ্গ দলে।। ি তাহারে জিনিয়া রত্ন পাইল বহুত। বঙ্গেতে সমুদ্রসেনে জিনে কুন্তীস্কৃত।। ব চক্তুদেন রাজারে জিনিয়া মহাবীর। আর যত রাজা বৈসে সমুদ্রের তীর ।। ত দিগন্ত পর্য্যন্ত ভীম জিনি রাজগণ। পুন গেল ইন্দ্রপ্রস্থে লয়ে বছ ধন।। কে অগ্রক চন্দন ভোট কম্বল বসন।

ুলক্ষ লক্ষ্লইল মাতঞ্বাজিগণ।।

কনক রজত মুক্তা মাণিক্য প্রবাল।
নানা জাতি পশু দক্ষে যায় পালে পাল।।
সব নিবেদিল গিয়া ধর্ম নুপবরে।
প্রণমিয়া সকল কহিল যোড়করে।।
আনন্দিত ধর্মসুত করি আলিঙ্গন।
ভাগোরে রাখিতে কহিলেন সব ধন।।
রকোদর চলিলেন আপনার বাস।
ভীম-দিখিজয় বিরচিল কাশীদাস।।

সহদেবের দিখিছয়। यां मा जिल्ला महत्त्व देन गुर्ग विद्या । শুরসেন রাজ্যে আগে উত্তরিল গিয়া।। প্রীতিপূর্ব্ব বহু রত্ন দিল নরপতি। মৎস্তদেশ হেলায় জিনিল মহামতি।। অধিরাজ দন্তবক্র মহাবলধর। সংগ্রামে জিনিয়া বীর নিল বহু কর।। সুকুমার সুমিত্র জিনিল ছুই নৃপে। গোশুঙ্গে জিনিল বীর নিযাদ অধিপে।। শ্রেণীমান রাজাকে জিনিল অবহেলে। কুন্তিভোজ রাজ্যে গেলা চতুরঙ্গ দলে।। কুন্তিভোজ রাজা সহদেবের শাসন। শিরোধার্য্য করিলেন হয়ে প্রীতমন।। অবন্তীনগরে বিন্দ অনুবিন্দ রাজা। নানা ধন দিয়া সহ্দেবে কৈল পূজা।। বিদর্ভ নগরে চলি গেল পাণ্ডুস্কত। ভীষ্মক নৃপতি স্থানে পাঠাইল দূত।। ভীষ্মক জানিল ইহা গোবিন্দের প্রীত। নানা রত্নে সহদেবে পুজে যথোচিত।। কান্তার কোশলাধিপ নাটকেয় আরু। হেরম্ব মারুধ আর মুঞ্জগ্রাম সার।। বাতাধিপ পাঞ্জদেশ জিনিল সকল। কিন্ধিয়া প্রবেশ কৈল তবে মহাবল।। মৈন্দ দ্বিদি নামে তুই কপিপতি। (১৬) পরবৈদ্য দেখিয়া ধাইল শীঘ্রগতি।। শিলা রুক্ষ লইয়া সহিত কপিগণ। বানর মনুষ্য তথা হৈল মহারণ।।

मश्र मिवाताज युक्त महत्त्तत मत्न। দেখি ছুই কপিপত্তি প্রীতিপাইল মনে।। জিজাসিল কে তুমি আইলা কি কারণ। সহদেব কহিল সকল বিবর্ণ।। বানর বলিল এই কিন্ধিন্ধ্যানগরী। মন্যোব কি শক্তি যে এতে হয় অরি॥ ধর্মপুত্র যুধিষ্টির যজ্ঞ আরম্ভিবে। আমি কর নাহি দিলে যজে বিম হবে।। সে কারণে দিব ধন লৈতে পার যত। এত বলি রত্তরাজি দেয় শত শত।। য়ত বছ পা(ই)ল বীর দিল পাঠাইয়া। মাহিমতী পূরে বীর উত্তরিল গিয়া।। মাহিশ্বতী পুরীর অধিপ নীল রাজা। প্রপক শুনিয়া ধাইল মহােতেজা।। সহদেব সহিত হইল মহারণ। নীল ভূপতির সেনাপতি ভূতাশন।। বিপক্ষ দেখিয়া অগ্নি নিজ মূর্ত্তি ধরে। नर्क रनना फरह महरफरवत शीहरत ॥ দাবানলে বন যেন কর্য়ে দহন। দেখিয়া বিস্ময় মানে পাণ্ডুর নন্দন।। জন্মেজয় বলে কহ ইহার কারণ। যক্তেতে বাধক কেন হৈল হুতাশন।। মুনি বলে নীলরাজা সদা যজ্ঞকরে। তাহার তনয়া আগে প্লুজে বৈশ্বানরে।। যতক্ষণ নাহি পূজে তাহার নন্দিনী। তিতক্ষণ প্ৰজ্বলিত না হয় জাগিনি।। বিম্বোষ্ঠ আনন চন্দ্র দেখিয়া তাহার। কামানলে দহে অঙ্গ অগ্নি দেবতার।। দ্বিজমূর্ত্তি হৈয়া অগ্নি গেল তার পাশে। মধুর বচন বলি কন্থারে সন্তাবে।। শুনিয়া নৃপতি ক্রোধে হইল প্রচপ্ত। • আজ্ঞা কৈল করিবারে পরদার দশু।। ক্রোধেতে আপুন মূর্ত্তি ধরে বৈশ্বানর। আন্তে ব্যস্তে উঠি স্তব করে নরবর ।। হৃষ্ট হয়ে কন্যাদান ভূপতি করিল। সন্তুফ হইয়া অগ্নি রাজারে বলিল।।

রাজা বলে সদা মম থাকিবে সদর্যে।। প্রচক্র যেন মোরে নহে বলবান। এই বর মাগি আজ্ঞা কর ভগবান।। সন্তুষ্ট হইয়া জগ্নি বর দিল তায়। কন্যা সহ বৈশ্বানর রহিল তথায়।। যতেক নুপতি আইনে না জানি এমন। মাহিশ্বতী পুরে গেলে অবশ্য মরণ।। ভয়েতে তথায় আর কেহ নাহি যায়। নিস্কণ্টকে রাজ্য ভুঞ্জে নীল রাজা রায়।। সহদেব-সৈন্য দহে দেব হুতাশন। সহিতে না পারি ভঙ্গ দিল সর্বজন।। অচল পর্কত প্রায় মদ্রস্থতামত। বিস্ময় মানিল বীর দেখিয়া অন্তত।। হৃদয়ে চিন্তিল এই দেব হুতাশন। অস্ত্র শস্ত্র ত্যজি বীর করয়ে স্তবন।। যত দেব হেতু দেব তোমার উৎপন্তি। পাপহন্তা তব নাম সর্ববটে স্থিতি॥ রুদ্রগর্ভ জলেণ্ডব বায়ুসথা শিখী। চিত্ৰভানু বিভাবসু নাম পিঙ্গ-ভাঁখি॥ তোমা আরাধিলে ভৃষ্ট দেব-পিতৃগণ। যুধিষ্ঠির যজ্ঞ করে এই সে কারণ।। নিজ ভক্তে বিশ্ব করা নহে সমুচিত। জগতে বিখ্যাত তুমি সবাকার হিত।। সহদেব-স্তুতিবশৈ দেব হুতাঁশন। নিবর্তিয়া শাস্তমূর্ত্তি হইল তথন।। আশ্বাসিয়া সহদেবে বলে বৈশ্বানর। উঠ উঠ কুরুপুজ্র না করিহ ভর।। এই নীলধ্বজপুর আমার রক্ষণ। তব সেনা দহিলাম এই সে কারণ।। তুমি প্রিয়পাত্র মম ক্ষমিসু তোমারে। করিব তোমার কার্য্য জানিবে সাদ্রে রাজারে বলিল পূজা কর সহদে নানা রত্ন ধন দিয়া পরম গৌ তবে নীল রাজা তারে পূর্তি তথা হৈতে গেল বীর <table-cell>

বর মাগ নরপতি যেই লয় মনে।

কৌশিক সুরাফ্রভোজ কটে প্রবেশিল। ভীশ্বকনন্দন ৰুগি সহ যুদ্ধ হৈল।। যুদ্ধে হারি দিল কর বহু রত্ন ধন। শূর্পাকর **দেশে** গেল দওককানন।। সমুদ্রের তীরে শ্লেচ্ছ কিরাত বসতি। ক্ষণমাত্রে সবারে জিনিল মহামতি।। রাক্ষস আছম্মে বহু তাহার দক্ষিণ। অনেক মারিল বীর পাণ্ডুর নন্দন।। उथा देशक राम वीत प्रमा मीर्घकर्ग। অতি দীর্ঘ তুই কর্ণ শরীর বিবর্ণ।। কালমুখ হস্বমুখ কোলগিরি জাদি। বহু রাজা জিনিয়া আনিল রত্ন নিধি।। তাত্রদ্বীপ রামগিরি জিনি অবহেলে। একপাদ দেশে গেল অতি কুতৃহলে।। রাজ্যের যতেক লোক সবে এক ঠ্যাঙ্গ। অস্ত্র ধনু হাতে করি চলে যেন ব্যাঙ্গ।। সঞ্জয়ন্তী নগরীর ভূপতিকে জিনি। কণাট কলিঙ্গ পাণ্ডা যত নুপমণি।। দ্রবিড় কৈরল উদ্রু আটবীর রাজা। দূত মুখে শুনি আসি সবে কৈল পূজা।। সেতৃবন্ধ দক্ষিণে সমুদ্রতীরে গিয়ে। বিভীষণে লঙ্কায় দূত দিল পাঠায়ে।। সময় বুঝিয়া রাজা রাক্ষস ঈশ্বর। আজা লয়ে ধন রত্ন দিল বভূতর।। তথা হৈতে নিবর্ত্তিল মাদ্রীর নন্দন। আনন্দেতে ইন্দ্রপ্রস্থে করিল গমন।। धन तुषु निद्यमिल धर्मात नन्मता। সকল কহিল বার্ত্তা আনন্দিত মনে।। দক্ষিণে পাণ্ডব-জয় যেই জন শুনে। তাহার সর্বত্তে জয় কাশীদাস ভবে।।

> নকুলের দিখিজর। কেতে ভবে গোল

পশ্চিম দিকেতে তবে গেলেন নকুল।
গজ বাজী রথ রথী পদাতি বহুল।।

। সিংহ্নাদ শন্ধনাদ ধনুক টক্কার।
রথের মির্ঘোষে স্তব্ধ সকল সংসার।।

রোহিতক দেশে রাজা যে ছিল নুপতি। প্রথমেতে যুদ্ধ হৈল তাহার সংহতি।। রাজার সমরস্থা ময়্রবাহ্ন। (১৭) তাহার যতেক সৈন্য সব শিখিগণ।। অপ্রমিত যুদ্ধ কৈল নকুলের সঙ্গে। যেমত সংগ্রাম হয় নকুল্ভুজঙ্গে।। বায়ু দেবতার অস্ত্র নকুল এড়িল। মহাবজ্ঞাঘাত শব্দে শিখিগণ গেল।। অনল অস্ত্রেতে বীর পোড়াইল পাথা। ভঙ্গ দিল সব শিখী রাজা হৈল একা ।। ভয় পেয়ে কর আনি দিলেন রাজন। তথা হৈতে বীরবর করিল গমন।। মালব শৈরীয় শিবি বর্কর পুস্কর। এ সব দেশেতে যত ছিল নৃপবর ॥ একে একে সব তবে জিনিল নকুল। मिशरस शिलन वीत मिसूनमीकृल।। সরস্বতী-তটে আছে যতেক রাজন। সবারে জিনিল গিয়া মাদ্রীর নন্দন।। খরক কণ্টক আর পঞ্চনদ দেশ। জিনিয়া সৌতিকপুর করিল প্রবেশ।। রন্দারক দ্বারপাল আদি নরপতি। প্রতিবিন্ধ্য রাজা আদি সকল নৃপতি।। যেখানে যে নরপতি যত জন বৈসে। আনাইল ূদুত পাঠাইয়া দেশে দেশে।। দারকানগরে তবে পাঠাইল দূত। শুনিয়া হ'লেন হৃষ্ট দেবকীর সুত।। ধর্ম্ম জাজ্ঞা পেয়ে ক্লফ্ট শিরোপর করি কর পাঠাইলেন শকটে সব পুরি।। একে একে সর্ব্ব দেশ জিনিয়া নকুল। মদ্রদেশে গেল যথা আপন মাতুল।। শল্য নরপতি তবে শুনি সমাচার। ভাগিনেয়ে আনি করে বহু পুরস্কার।। প্রীতি পূর্বকেতে তাঁরে আনিলেন বশে সমুদ্রের তীরে তবে গেল মেচ্ছদেশে ॥ দারুণ ছুদ্দান্ত তথা নিবসে যবন। সবারে জিনিয়া বীর লইলেক ধন।।

বড় বড় রাজগণ যথা যথা বৈদে। সবারে জিনিল বীর চক্ষুর নিমেবে।। একে একে জিনিল সকল নৃপবর। করদাতা করিয়া চলিল নিজ ঘর ॥ বহু ধন জিনিয়া লইল মহামতি। বহুয়ে বহুত ধন যত মতু হাতী।। জয় জয় শব্দ করি বীর কোলাহলে। পশিলেন গিয়া বীর চত্রক্ষ দলে।। দেশে দেশে জিনিয়া আনিল যত ধন। थर्मात नन्द्रत जामि देवन निरंवमन।। আজ্ঞা লয়ে গেল বীর আপন আলয়। যত ধন রত্ব ভাগুারেতে সমর্পয়।। পাওব বিজয় কথা যেই জন শুনে। তার জয় হয়ে থাকে সর্ব্যত্র গমনে।। সভাপর্ব স্থুধারস ব্যাস বিরচিত। কাশীরাম দাস কহে রচিয়া সংগীত।।

य्धिष्ठितत तोका वर्गन। সকল পৃথিবীপতি করি করদায়। করেন প্রমানন্দে যজ্ঞ ধর্মরায়।। সত্যপ্রিয় ধর্ম্ম রক্ষা প্রজার পালন। ছুফ চোর দশু খশু বৈরীর মন্দন।। নির্বধি যজ্ঞ মহোৎসব হয় দেশে। সময় জানিয়া তথা জীমৃত বরিষে।। গবীতে অনেক তুগ শস্য চতুও ।। স্থপনে রাজ্যের লোক না জানে বিগুণ।। ব্যাধিভয় অগ্নিভয় নাহি সেই দেশে। ধর্মানুত স্বয়ং ধর্মা যে দেশে নিবসে।। ধান্য ধন জনে পূর্ণ হইল সংসার। ধন্য ধন্য বিনা ধ্বনি নাহি শুনি আর ।। ধর্মারাজ বিচার করেন এই মনে। অক্ষয় অব্যয় ধন দেখিয়া স্কুবনে ৷৷৷ অসংখ্য অৰ্ক দ গবী গণন না যায়। यरब्बत नमज्ञ এই ভাবেন হৃদয়।। ভ্ৰাতৃ মন্ত্ৰী সুহৃদ যতেক ৰন্ধুগণ। যক্ত কর মহাশয় বলে সর্বজন।।

পৃথিবীর যত রাজা মিলিল ভোমারে।
তোমার জ্বসাধ্য নাহি এই চরাচরে।।
যজ্ঞের সময় এই শুন, মহাশর।
সময়ে না করিলে না হয় জ্বসময়।।
এই মত নৃপ প্রতি বলে সর্বজন।
হেনকালে উপনীত ক্লক্ষ সনাতন।।

ইন্দ্রপ্রাস্থ্য জ্রীকৃষ্ণের জাগমন। শরদ কমল পত্র, অরুণ যুগল নেত্র, শ্রুতিমূলে মকর কুগুল। বিকসিত মুখপদ্ম, কোটি সুধাকর সদ্ম, ওষ্ঠাধর অরুণ মণ্ডল।। ত্রুক্তি নীলামুজ, আজানুলম্বিত ভুজ, ঘোরতর তিমির বিনাশ। মন্তকে মুকুট শোভা, শত দিবাকর প্রভা, কনক বরণ পীত বাস।। যুগপদ কোকনদ, অখিল অভয় পদ, স্মরণে হরয়ে ভববাদ। (यह পদ অহर्निम, धारत धारा जब क्रम, শুক ধ্রুব নারদ প্রাহলাদ।। পাদপত্ম মোক্ষ নিধি, যাহে জন্মে সুরনদী, তিন লোক পবিত্র কারণ। যাঁর পদ চিহ্ন পেয়ে, অনস্ত অভয় হয়ে, কালীয় ধিহরে যথা মন।। वक वक किनी कश्म, छुक्छेंबन मर्भ ध्वश्म, त्रिक्दिश्टमं मकती कलिल। अञ्ज कूम्र हेन्द्र, शाखनगरनत नक्तु, নিজৰূপে স্থজিল অখিল।। চড়িয়া গরুড়ধ্বজে, অগণিত অশ্ব গজে, ठजूतक परल यष्ट्रवरल। ধর্মরাজ প্রীতি হেতু, লইয়া রতনসৈতু, व्याहित्वन नाना कालाहरल।। পাঞ্জন্য নাদ শুনি, নগরে হইল ধ্বনি, रति जारेलन रेख्यस्य। শুনি ধর্ম অধিকারী, পাঠাইল আ ভ্ৰাত মন্ত্ৰিগণ খাতে ব্যক্তে।।

ভীম পার্থ অনুত্রজি,গোবিন্দে বড়ঙ্গে পূজি, ্লইয়া গেলেন নিজ ধাম। ধর্মের নন্দনে দেখি, জ্রীক্লম্ব দূরেতে থাকি, ভূমে লুঠি করেন প্রণাম।। অসংখ্য অমূল্য ধন, করিলেন বিতরণ, অশ্ব গজ শৃঙ্গী অগণিত। धर्म **आनन्दिर दिशा, कृ**द्ध आलिक्रन पिशा, পূজিলেন যেমন বিহিত।। পাণ্ডব-নক্ষত্রমাঝ, ক্লফ্ড যেন দ্বিজরাজ, বসিয়া সভায় সর্বজন। বসিয়া গোবিন্দ পাশে, যুধিষ্ঠির মৃত্ভাষে, কহিছেন বিনয় বচন।। তব অনুগ্রহ-বলে, এ ভারত ভূমগুলে, না রহিল অসাধ্য আমার। অমি না করিতে যতু, মিলিল অনেক রতু, নাহি স্থল থুইতে ভাগুার।। নিশ্চয় আমারে যদি, রূপা আছে গুণনিধি, সব দ্রব্য রাখি কোন স্থলে। শুনিয়া তোমার মুখে, তুষিব অমরলোকে, षिक इत्छ সমর্পি সকলে॥ পিতৃত্বাজ্ঞাহৈতেতরি, স্বর্গকামনাহিকরি, তব পদাম্বুজে মাগি ভিকা। ওহে প্রস্থু মহাসুজে, শুনি তব মুখামুজে, লইব যজের আমি দীকা॥ যদি লয় তব মন, আজা কর জনার্দ্দন, নিমন্ত্রিয়া আনি নুপবর। রাজার বিনয় শুনি, কোমল গভীর বাণী, আশ্বাসি কহেন গদাধর।। এ মহীমগুল মাঝ, যত আছে মহারাজ, তব গুণে বশ হৈবে সবে। া আমার পরম ভাগ্য, নিম্নণটকে কর যজ্ঞ, রাজস্থা তোমারে সম্ভবে।। ভোমাহ'তে যেই হয়, আজ্ঞা কর মহাশয়, আর যক্ত আছে যতুগণ। ্লাভুমন্ত্রী বন্ধুমাঝে,যেকর্ম ঘাহারে সাজে, স্থানে স্থানে করি নিয়োজন।।

40.

গোবিন্দের আজ্ঞাপেয়ে, ভূপতিসানন্দহয়ে,
কুতাঞ্জলি করেন স্তবন।
তথনি জানি যে আমি, যথন আইলা তুমি,
মম বাঞ্ছা হইল সাধন।।
তামাতেয়ে ভক্তিঋদ্ধি, ভক্তবাঞ্ছাকরে সিদ্ধি,
তুমি ভক্ত জনে কুপাবান।
কাশীদাস বলে যদি, তরিবা এ ভবনদী,
ভক্ত সাধুদেব ভগবান।।

রাজস্য যজ্ঞ প্রেদক। তবে যুধিষ্ঠির রাজা হয়ে হৃষ্টমন। সহদেবে ডাকি আজা করেন তখন।। ধৌম্য পুরোহিত স্থানে জিজ্ঞাসহ আগে। রাজসূর যজেতে যতেক দ্রব্য লাগে।। যে কিছু কহেন ধৌম্য কর সমাবেশ। দ্বিগুণ করিয়া দ্রব্য করহ বিশেষ।। পৃথিবীতে আছেন যতেক রাজগণ। সৈন্য সহ সকলে করুন আগমন।। দ্বিজ ক্ষত্র বৈশ্য শৃদ্র এই চারি জাতি। নিমস্ত্রিতে দূতগণ যাউক ঝটিতি॥ ইন্দ্রসেন বিশোক আর অর্জ্জন সার্থি। তিন জন সংযোগ করছ ভক্ষ্য বিধি।। ব্রাহ্মণগণের প্রিয়কার্য্য সাধিবারে। আন ভাল ভাল বস্তু কাতারে কাতারে।। চর্ক্য চুব্য লেছ পেয় কর বহুতর। রদ গন্ধ আদি যত রস মনোহর।। যখন যে চাহে তাহা না করিবা আন। শীঘ্রগতি নিযোজন কর স্থানে স্থান।। দ্বিজগণে নিমন্ত্রিতে সত্যবভীস্কৃত। রাজ্যে রাজ্যে প্রেরণ করুন নিজ দূত।। সহদেবে অনুজ্ঞা দিলেন নরপতি। পুনরপি, ক্লম্ভে আনি জিজ্ঞানে যুকতি।। আপনি বুঝিয়া আজা কর নারায়ণ। किन् किन् जित्त कित्र निमञ्जन ।। 🕮 রুষ্ণ বলেন হরিশ্চন্দ্রের যে যাগ। তাহা হৈতে বিশেষ করহ মহাভাগ।।

তার যজ্ঞে আইল যে পৃথিবী রাজন। ত্রিভূবন লোক ভূমি কর নিমন্ত্রণ।। ইন্দ্র যম বরুণ কুবের আদি সুরে। আর যত দেবগণ বৈসে সুরপুরে।। পাতালেতে নাগরাজ শেষ বিষধর। পৃথিবীতে বৈদে যত রাজরাজেশ্বর।। >যুধিষ্ঠির বলিলেন কর অবধান। কোন দূত নিমন্ত্ৰিতে যাবে কোন স্থান।। করিতে দেবেক আদি দেবে নিমন্ত্রণ। স্বৰ্গেতে যাইতে শক্ত হবে কোন জন।। গোবিন্দ বলেন নাহি অন্যের শকতি। দেব নিমন্ত্রিতে যাবে পার্থ মহারথী।। অগ্নিদত্ত রথ যেই কপিধ্বজ নাম। খেত চারি অশ্ব যার লোকে অনুপম।। সে রখের অগম্য নাহিক ত্রিভুবনে। তিন লোক ভ্রমিবারে পারে এক দিনে।। সেই রথে চড়ি পার্থ করহ গমন। উত্তর দিকেতে গিয়া কর নিমন্ত্রণ।। পর্কতে যে আছে রাজা কানন ভিতরে। মনুষ্যের কি সাধ্য যাইতে পক্ষী নারে।। সে সকল রাজগণে করি নিমন্ত্রণ। কৈলাস পর্বতে যাবে যথা বৈশ্রবণ।। তাঁরে নিমন্ত্রিয়া তথা উপদেশ লবে। মনুষ্য অগম্য স্বৰ্গ কেমনেতে যাবে।। ইন্দ্রসহ ইন্দ্রপুরে যত দেবগণ। দেবথাষি ব্ৰহ্মঋষি বৈসে যত জন।। সবে নিমন্ত্রিয়া যাহ বরুণের পুরী। তথা হ'তে যাহু যথা মৃত্যু অধিকারী ॥ তব ধর্ম্মে জাসিবেক ত্রৈলোক্য মণ্ডল। বিশেষে তোমারে স্নেহ করে আথগুল।। শ্রুতিমাত্র যজ্ঞে করিবেন আগমন। ইন্দ্র আইলে না আসে নাহি হেন জন।। পর্কত সমুদ্র যত অন্তরীক্ষবাসী।। যারে দেখ তাহারে করিবা নিমন্ত্রণ। লক্ষা গিয়া বিভীষণে করিবা বরণ।।

পরম বৈষ্ণব হয় রাক্ষসের পতি। মম ভক্ত অনুরক্ত ধার্মিক সুমতি।। বার্ত্তা পেয়ে সেইক্ষণে পাঠাইবে চর। দূতমুখে নিমস্ত্রিলে আসিবে সত্র।। তথাপি যাইবে তৃমি<sup>†</sup>অন্যে নাহি কাজ। ইন্দ্রে সদৃশ গণি রাক্ষসের রাজ।। নিমস্ত্রিয়া তারে তুমি আইস সত্তর। আর যত চুষ্টপনা করে নুপবর।। নিমন্ত্ৰণ পেয়ে যে না আসিৰে এথায়। বন্ধন করিয়া শীদ্র আনিবে তাহায়।। আর তিন দিকেতে যাউক দূতগণ। মহীপালগণেরে করুক নিমন্ত্রণ।। এতেক বলেন যদি দেব দামোদর। শীঘগামী দূতগণে ডাকেন সত্ত্র।। রাজগণে লিখিলেন যজ্ঞ বিবরণ। দ্বিজ ক্ষন্ত বৈশ্য শূদ্ৰ আছে যত জন।। নিজ নিজ রাজ্য হতে সকলে আসিবে। রাজসূয় যচ্ছে আসি উৎসব দেখিবে।। এই ৰূপে তিন দিকে পাঠাইয়া দুত। উত্তরে করেন যাত্র। নিজে ই**ন্দ্রসূত**।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুল্যবান।।

#### রাজস্য যজ্ঞ আরম্ভ।

পাইয়া রাজার আক্রা মদ্রস্কুতাস্ত ।
আনাইল শিল্পিগণ পাঠাইয়া দুত ।।
নানা রত্ন দিল তারে বিরচিতে ঘর ।
কোটি কোটি শিল্পিগণ গড়ে নিরস্তর ॥
দেবের মন্দির স্বর্ণ রত্নেতে মির্মিত ।
হেম রত্ন মুকুতায় করিল মণ্ডিত ॥
এক এক পুরমধ্যে শত শত ঘর ।
তাহাতে রাখিল ভোজ্য পেয় বছতর ॥
অশন বসন শ্যা রাখে গৃহে গৃহে ।
বাপী কুপ জলপুর্ণ গলো মন মোহে ॥
কনক রজত পাত্রে করিতে ভোজন ।
এক পুরে দুত নিযোজিল শত

লক্ষ লক্ষ গৃহ আদি মনোহর স্থল। নানাবৃক্ষ রোপিল সহিত ফুলফল।। দিব্য দিব্য কৈল গৃহ চারি জাতি ক্রম। অপূর্ব্ব নির্মাণ কৈল লোকে অমুপম।। পেয় ভোজ্য নিযোজিল ইন্দ্রসেন আদি। অফ দিক হৈতে দ্ৰব্য আসে নিৰ্বধি॥ হস্তী উট্রা বৃষভ শক্ট লক্ষ লক্ষ্য রুষভ নৌকায় আসে যত দ্রব্য ভক্ষ্য।। রাত্রি দিবা সায়ং প্রাতঃনাহিক বিপ্রাম। অনুক্ষণ আসিতেছে দ্রব্য অবিরাম।। ময় বিরচিত সভা অপূর্ব্ব নির্মাণ। সুবাসুর মুনি করে যাহার বাখান।। তথি মধ্যে ধর্মারাজ যক্ত আরম্ভিল। দ্বিজ মুনিগণ সব দীক্ষা করাইল।। আপনি ব্রহ্মত্ব করিলেন দ্বৈপায়ন। সামগ হইল ধনঞ্জয় তপোধন।। হইসেন হোতা পৈল আর দ্বিজগণ। অন্য অন্য কৰ্ম্মে অস্ম মুনি নিযোজন।। ন কুলেরে কহিলেন ধর্মা নরপতি। হস্তিনানগরে তুমি যাহ শীঘগতি।। ভীষ দ্রোণ জ্যেষ্ঠতাত বিত্র সহিত। ক্লপ অশ্বর্থামা ছুর্য্যোধন সমুহ্রত।। বাহলীক সঞ্জয় ভূরিশ্রবা সোমদন্ত। শত ভাই কর্ণ সহ রাজা জয়দ্রথ।। গান্ধারী প্রভৃতি রাজপত্নী সমুদায়। আর যে আইসে স্নেহ করিয়া আমায়।। শীঘ্রগতি গিয়া তুমি আনহ সবারে। **চ**िल्ल नकूल वीत इस्डिनानशहत ।। यटब्बत मःवाम जानाहेन मवाकारत । বাল বৃদ্ধ নারী আদি যত কুরুপুরে॥ হাষ্টিত হইয়া চলিল সর্বাজন। দিজ কলে বৈশ্য শূদ্র আদি প্রজাগণ।। রাজসুয় যজ্ঞ শুনি আনন্দিত হৈয়া। চলিল সকল লোক হস্তিনা ছাড়িয়া।। 🖔হন্তী রথ ব্দশ্ব পত্তি করিয়া সাজন। ু চতুরঙ্গ দলেতে চলিল কুরুগাণ।।

ইন্দ্ৰপ্ৰত্থে প্ৰবেশিল নকুল সহিত। দেখি যুধিষ্ঠির জিজ্ঞাদেন হিতাহিত।। ভীম্ম দ্রোণ বিত্বর বাহলীক অন্ধরাজে। আগুসরি আনিলেন আপন সমাজে।। সবারে কহেন পার্থ বিনয় বচন। এ কার্য্য তোমার হেন কন্ জনে জন।। পিতামহে বলিলেন ধর্ম্মের তনয়। আপনি বিধান বুঝি কর মহাশয়।। যাহা হৈতে যেই কাৰ্য্য হইবে সাধন। স্থানে স্থানে তাহাদিগে কর নিযোজন।। যুধি**ন্ঠির ভীম্ম সহ** করিয়া বিচার। উপযুক্ত বুঝিয়া দিলেন কর্মভার।। কর্ত্তব্যাকর্ত্তব্য ভীষ্ম দ্রোণে অধিকার। তুর্য্যোধনে সমর্পিল সকল ভাণ্ডার।। ভক্ষ্য ভোজ্য অধিকার দেন ছুঃশাসনে। ব্রাহ্মণ পূজার ভার গুরুর নন্দনে<sup>\*</sup>।। রাজগণে পুজিবারে দিলেন সঞ্জয়ে। দ্বিজেরে দক্ষিণা দিতে রূপ মহাশয়ে।। দান দিতে দিলেন কর্ণের অধিকার। আপনি নিলেন ক্লফ পরিচর্য্যা ভার।। ধৃতরাক্ট্র সোমদন্ত প্রতীপকোঙর। তিন জন গৃহকর্তা হৈল সর্কেশ্বর।। मं ताथियारत हाती रेकन निर्याजन । পূর্ব্ব দ্বারে নিযোক্সিল মহারথিগণ।। সহস্র সহস্র রথী সঙ্গে তরবার। মহাবীর ইম্রুসেন রাথে পূর্ব্ব দ্বার।। উত্তর দ্বারেতে অনিরুদ্ধে নিযোজিল। ষাইট সহস্র যোদ্ধা তার সঙ্গে দিল।। সাত্যকি দক্ষিণ ছারে কৈল নিযোজন। বিংশতি সহস্র রথী তাহার ভিড়ন।। পশ্চিম দারেতে বীর ধৃতরাফ্রস্কুত। তার মুক্তে দিল রথী যুগল অযুত।। হাতেতে নিগড় বেত্র লয়ে সর্বজন। নানা অস্ত্র লয়ে করে ছারের রক্ষণ।। বলাবল বুঝিবারে রহে র্কোদর। এक लक्ष तथी नटक खरम नित्रस्त ।।

ব্ৰাজগণ-জাগমন জ্ঞাত করিকারে ৷ **অधिकात दिन हुई यास्त्रीत कुमारत ।।** এই মত স্বাকারে করি নিয়োজন। আবন্ত করেন যজ্ঞ ধর্মের নন্দন।। দুত মুখে নিমন্ত্রণ পেয়ে রাজগণ। সমৈত্যে করিল সবে তথা আগমন।। দ্বিজ ক্ষজ্র বৈশ্য শুদ্র লয়ে চারি জাতি। স্ব স্ব রাজ্য হতে যত আসে নরপতি।। নানাবর্ণে নানা রম্ব যে রাজ্যে যে হয়। পাওবের প্রীতি হেতৃ সঙ্গে করি লয়।। কেহ কেহ নিল রত্ন পৌরুষ কারণ। ধর্মযত্ত বুঝি কেহ নিল বহু ধন।। হস্তী উট রুষভ শকট নৌকা পূরি। নানাবৰ্ণ কত রত্ন লিখিতে না পারি।। খেত পীত লোহিত অমূল্য যত শিলা। মাণিকী বৈদুর্য্য মণি মরকত নিলা।। প্রবাল মুকুতা হীরা সুবর্ণ বিশাল। বিচিত্র বসন কত নানাবর্ণ শাল।। কীটজ লোমজ নানাবর্ণে বিরুচ্চিত। হস্তী অশ্ব রথ পত্তি গবী অগণিত।। ठजूर्प्सान कति निन मिरानातीशन। তমাল **ভামল অঙ্গ** কুরঙ্গ-লোচন।। অগুরু চন্দন কার্চ কুদ্ধুম কন্তুরী। নানাবর্ণ পক্ষী নিল পিঞ্জরেতে পুরি।। এই মত কর লয়ে যত রাজগণ। দৃতমুথে শুনিমাত্র করেন গমন।। উত্তরে হিমা্দ্রি পূর্কে সমুদ্র অবধি। দক্ষিণেতে লক্ষা পশ্চিমেতে সিন্ধু নদী।। দিবানিশি পথ বহে না হয় বিরত। পৃথিবীর সর্বলোক এক স্থানে স্থিত।। হস্তী অশ্বরথ পত্তি নানা বাল্লঞ্বনি। ধ্বজ ছত্ৰ পতাকায় ঢাকিল মেদিনী।।• জন স্থল উচ্চ নীচ নাহি দেখি ক্ষিতি। দিবারাত্রি অবিজ্ঞাম লোক-গতাগতি।। চতুর্দিক হতে আদে যত রাজগণ। সভাদারে উপনীত হৈল সর্বজন।।

সবাকারে অভ্যর্থনা করি ধনঞ্জয়। যথাযোগ্য রহিবারে কিলেন আলয়।। হিমাত্রি সমৃত্ত আদি যত ছিল বৈনে। লিখনে না যায় কত অহনিশি জাসে।। রাজসূয় যজ্ঞবার্তা শুনিয়া প্রববে। দেখিতে আইল কত বিনা নিমন্ত্রে।। জনবাসী স্থলবাসী পর্কতনিবাসী ৷ লক লক যোগী আনে আর সিদ্ধ থবি।। দ্রোণপুত্র অশ্বস্থাসা পুরে দ্বিজগণে। पिता शृह तहितारत **फिल मर्ककरन**।। এক কোটি দ্বিজ অগ্রত্থামা-পরিবার। দ্বিজগণে পূজে সবে দিয়া উপহার।। অনেক আইল ক্ষত্ৰ বহু বৈশ্যপণ। অনেক আইল শূদ্ৰ শ্ৰেষ্ঠ যত জন।। ডুঃশাসন সহ থাকি বন্তু পরিবার। রন্ধন করিল কোটি কোটি স্থপকার।। করয়ে পরিবেশন বহু সূপকার। গৃহে গৃহে স্থানে স্থানে রক্ষম ব্যাপার।। ञ्चारत ञ्चारत कर्ष कर्ष खरम हुईभागत.। সামগ্রী যোগায় যত অনুচরগণ।। পায়স পিষ্টক জন্ম ঘৃত তুক্ক দধি ৷ মনোহর পঞ্চাশ ব্যঞ্জন যথাবিধি ॥ চারি জাতি পৃথক্ পৃথক্ সবে ভুঞ্জে। সুবর্ণের পাত্রে ভুঞ্জে যত নৃপ দিজে।। খাও খাও লও লও এইমাত্র শুনি। কার মুখে নাহি সরে অন্য কোন বাণী।। বিচিত্র পালক্ষ শয্যা বসিতে আসন। क्रूम करा हो माना वर्श हत्ममं।। কপূর তাদ্ধূল আর যার যাহে প্রীত। কোথা হতে কৈবা আনি দেয় আচয়িত।। यर्रा हेन्स मह जारह यङ रनवर्गन। পাতালে ভুজঙ্গরাজ আর বিভীষণ।। দেব দৈতা দানব গন্ধৰ্ক যক্ষ রক্ষ। সিদ্ধ সাধ্য ভুজন্ম পিশাচ প্রেতপক্ষ।। কিন্নর বামর নর যত বৈলে কিছি। यटकात नमरन भरत कारम मिरानाडिं॥:

অদ্তুত দ্বাপর যুগে যক্ত আরম্ভিল। না হইবৈ ক্ষিতি মাঝে পূর্বে না হইল।। সময় বুঝিয়া ক্লফ ক্ছেন বচন। রাজ অভিবেক কর্ম কর মুনিগণ।। ক্লফের বচন শুনি উঠে মুনিগণ। নানা তীর্থজল লয়ে ধৌম্য দৈপায়ন।। অসিত দেবল জামদগ্য পরাশর। হ্রানমন্ত্র পড়ে আর যত দ্বিজবর ।। ন্নান করা'লেন ব্যাস শুভক্ষণ জানি। অমান বসন দিল চিত্ররথ আনি।। শিরেতে ধবল ছত্র সাত্যকি ধরিল। চেদির ঈশ্বর লয়ে পাগ যোগাইল।। রকোদর পার্থ দোঁহে করেন ব্যজন। চামর দুলায় ছই মাদ্রীর নন্দন।। অবন্তীর রাজা চর্মপাত্রকা লইল। খজা ছুরী লয়ে শল্য অগ্রে দাণ্ডাইল।। চেকিতান শর ভূণ লইয়া বামেতে। কাশীর ভূপাল ধনু লয়ে দক্ষিণেতে।। নারদাদি মুনি মুখে বেদ উচ্চারণ। हिज्ञान-श्रस्ति-मक शत्राम ग्राम ॥ গন্ধর্কেতে গীত গায় নাচয়ে অপ্সরী। পাঞ্চজন্য পুরিলেন আপনি শ্রীহরি।। শঙ্গের নিমাদ গিয়া গগন পুরিল। সভাতে যতেক ছিল ঢুলিয়া পড়িল।। বাসুদেব পাগুবেরা পাঞ্চাল-নন্দন। সাত্যকি সহিত এই ছাড়ি অফ্ট জন।। ্শঝনাদে মোহ হয়ে পড়িল ঢ্লিয়া। धर्मश्रुक निवादन करतम दनिया।। দৈপায়ন আদি মুনি ধৌম্য পুরোহিত। অভিবেক করিলেন বেদের বিহিত।। সভাপর্কে সুধারস রাজসূত্ম কথা। কাশীরাম দাস কছে ভারতে এ গাঁথা।।

দেবগণকে নিমন্ত্রণ করিতে অর্জ্জুনের যাতা। জন্মেজয় বলে শুনিলাম সাধারণ। কোনু দিক হ'তে এল কোনু কোনু জন।। কত সৈম্ম সঙ্গে এল কত কর লৈয়া পিতামহে কোন ৰূপে ভেটিল আসিয়া।। দেব নিমন্ত্রিতে পার্থ করিলেন গতি। কিৰূপে আইল তথা দেব পশুপতি।। বিস্তারিয়া কহ মুনি ভাঙ্গ মনোধন্ধ। পিতামহগণ কথা যেন মকরন্দ।। মুনি বলে নরপতি কর অবধান। কিছু অত্প কহি শুন প্রধান প্রধান ॥ কপিধ্বজ রথে পার্থ করে আরোহণ। প্রবনের বেগ জিনি চলে অশ্বর্ণ।। । যতেক পর্বতপৃষ্ঠে যত রাজা বৈদে। সবা নিমন্ত্রিয়া যান পর্বত কৈলাসে।। কুবেরেরে কছেন সকল বিবরণ। ধর্মা-রাজস্থ্য় যজ্ঞে করিবা গমন।। কুবের স্বীকার করে অর্জ্জুন বচনে। যাইব তোমার যজ্ঞে সহ নিজগণে 📶। কুবেরের বাক্যে প্রীত হইয়া অর্জ্জুন। সবিনয় কুতাঞ্জলি কহিছেন পুন।! ইন্দ্রের নিকটে যাব করিতে বরণ। কোনৃ পথে যাব সঙ্গে দেহ জ্ঞাতজন।। কুবের করিল আজ্ঞা চিত্রদেন প্রতি। অর্জুনের সঙ্গে যাহ যথা সুরপতি।। আজামাত্র চিত্রসেন চলে শীঘগতি। কপিধ্বজ রথে বৈদে হইয়া সার্থি।। সেখান হইতে যান ইন্দ্রের নন্দন। কত দূরে দেখিলেন হরের ভবন।। জিজ্ঞাসেন ধনঞ্জয় এ কাহার পুরী। চিত্রসেন বলে হেথা বৈমে ত্রিপুরারি।। যজ্ঞ হেতু নিমন্ত্রণ কর ত্রিলোচনে। সর্বকার্য্য সিদ্ধি হবে হরের গমনে।। এত শুনি ধনঞ্জয় নামি রথ হৈতে। উপনীত হন হর-গৌরীর অগ্রেতে।। হরেরে করেন স্তুতি কুন্ডীর নন্দন। হর বলিলেন বর মাগ যাহে মন।। অর্জ্জুন ৰলেন দেব ধর্মের নন্দন। তাঁর রাজসুয় যজ্ঞে করিবা গমন।।

হাসিয়া পার্বতী হর করেন স্বীকার। এই চলিলাম স্থামি যজেতে তোমার।। শঙ্কর বলেন গিয়া হইব সহায়। নির্কিন্দে তোমার যজ্ঞ সাঞ্চ যেন হয়॥ পার্বতী বলেন যাব যজের সদনে। যক্তেতে আসিবে যত বৈসে ত্রিভূবনে।। সবে সুখী হইবেক প্রসাদে আমার। অন্নপূর্ণা নাম মম বিখ্যাত সংসার।। এই নাম লয়ে তব স্থপকারগণ। অপ্প দ্রব্যে সুতৃপ্ত করুক বহু জন।। অক্ষয় অব্যয় হবে অমৃত-সমান। আর যার যাহে প্রীতি পাবে বিদ্যমান।। হর-পার্কতীর বর পেয়ে ধনঞ্জয়। প্রথমিয়া চলিলেন সানন্দ হাদয়।। চিত্রদেন বাহে রথ পবন গমনে। ক্রণমাত্রে উপনীত ইন্দ্রের ভবনে।। প্রণাম করেন পার্থ ভূমিষ্ঠ হইয়া। ইন্দ্র পার্থে আলিঙ্গন দিলেন উঠিয়া।। আপনার কোলে বসাইয়া দেবরাজ। জিজ্ঞাদেন কহ তাত কি তোমার কাজ।। অর্জ্জন বলেন দেব তোমাতে গোচর। রাজস্য় করিছেন ধর্মা নরবর।। সেই যজে অধিষ্ঠান হইবা আপনি। আর যত স্বর্গে বৈদে-সুর সিদ্ধ মুনি।। ইন্দ্র বলিলেন যজ্ঞে করি আগুসার। তুমি না আসিতে পূর্কে করেছি বিচার।। এই দেখ সুসজ্জিত যত দেবগণ। চারি মেঘ অফ হস্তী সকল পবন।। স্বর্গের যতেক দ্রব্য পৃথিবীত্বর্লভ। তব যজ্ঞ হেতু দেখ সাজাইল সব।। এই আমি চলিলাম যচ্জের সদন। তুমি যাহ অন্ত জনে কর নিমন্ত্রণ।। ইন্দ্রমুখে শুনি পার্থ আনন্দিত মন। প্রণমিয়া অভ্য দিকে করেন গমন ॥ পৃথিবী দক্ষিণে সূর্য্যসূতের ভবন। তথাকারে চলিলেন ইন্দ্রের নন্দন ॥

চিত্রসেন বাহে রথ প্রবের গভি। মুহূর্ত্তেকে উত্তরিল যথা প্রেতপতি'॥ প্রণমিয়া বসিলেন অর্জ্জুন সভায়। আশীষ করিয়া যম জিজ্ঞাদেন তায়।। কোন হেভু হেথা তব হলো আগমন। কি করিব প্রিয় কহ ইন্সের নন্দন।। অর্জ্জন রলেন দেব কর অবধান। রাজসূয় যজ্ঞ স্থলে হবে অধিষ্ঠান।। তোমার পুরীতে নিবসয়ে যত জন। সবাকারে লয়ে যজে করিবা গমন।। স্বীকার করেন যম পার্থের বচনে। পুনরপি জিজ্ঞাদেন অর্জ্জুন শমনে।। নারদ কহেন তব সভার কথন। নিবদে এখানে মর্ত্ত্যে মরে যত জন।। শুনিয়াছি প্রত্যেক পিতার বিবরণ। সেই বার্ত্তা পেয়ে রাজস্থয় আরম্ভণ ॥ এখন সে সব জনে না করি দর্শন। কোথায় আছেন বল পিতা আদি জন।। হাসিয়া বলেন যম তবে অর্জুনের। মৃত জনে দেখিবারে পাবে কি প্রকারে। জীবে মৃতে কোন স্থলে নাহি দরশন। শুনিয়া বিস্ময়াপন্ন পাণ্ডুরনন্দন।। যমে নিমস্ত্রিয়া বীর মাগিল মেলানি। বরুণ আলয়ে যান বীর চূড়ামণি।। পশ্চিম দিকেতে জলপতির আলয়। তথাকারে চলিলেন বীর ধনঞ্জয়।। বরুণেরে কছেন যচ্ছের বিবরণ। ধর্মযক্ত স্থানে তুমি করিবা গমন।। তোমার পুরেতে আরু যত জন বৈদে। সবাকে লইয়া সঙ্গে যাৰে মম বাসে।। বরুণ বলিল যজে করিব গমন। যজেতে লইব পুরে আছে যত জন।। কেবল দানব দৈত্য নাহি অধিকার। যত যত জন আছে নিলয়ে আমার।। তাহা नवा लहेवादत यनि जाटह मन। আপনি তথায় গিয়া কর নিমন্ত্রণ।।

বরুণ-বচনে তবে যান ধনঞ্জয়। কত দূরে ভেটিল দানবরাজ ময়।। ময় জিজ্ঞাসিলে পার্থ কহেন সকল। পুর্ব্ব উপকার স্মরি স্বীকার করিল।। এথায় নিবসে দৈতা যতেক দানব। বলেন আমার যজে লয়ে যাবে সব।। এত শুনি ময় তাঁকে ৰলিল বচন ধ সবারে লইয়া যজে করিব গমন।। তুমি চলি যাহ যথা আছে প্রয়োজন। শুনিয়া অর্জ্জন করিলেন আলিঙ্গন।। তথা হতে যান পার্থ পৃথিবী দক্ষিণে। লক্ষাপুরে নিমন্ত্রিতে রাজা বিভীষণে।। রথ চালাইয়া দিল তারা যেন ছুটে। কতক্ষণে উত্তরিল লক্ষার নিকটে।। ইন্দ্র-যম-পরী যেন বিচিত্র নির্মাণ। বাক্ষসের লঙ্কাপুরী তাহার সমান।। পুরী দেখি বড প্রীত বীর ধনঞ্জয়। চলিলেন যথা বিভীষণের আলয়।। সিংহাসনে বসেছিল রাক্ষস ঈশ্বব। প্রণাম করেন গিয়া ইন্দ্রের কোঙর।। জিজ্ঞাসেন বিভীষণ ভূমি কোন্ জন। প্রত্যক্ষে সকল কথা কহেন অর্জ্জুন।। রাজসূর যজ্ঞ করিছেন সুধিষ্ঠির। তোমা নিমন্ত্রিতে কহিলেন যত্নবীর।। অর্জ্যনের মুখে শুনি হৃষ্টচিত্ত হয়ে। বদাইল ধনঞ্জয়ে আলিঙ্গন দিয়ে।। তব যজে যাইব দেখিব নারায়ণ। সক্তেলইব পুরে বৈসে যত জন।। তুমি যাহ যথা তব থাকে প্রয়োজন। এই আমি চলিলাম যচ্ছের সদন।। বিভীষণে নিমম্বিয়া ইন্দ্রের কুমার। ইন্দ্রপ্রস্থে নিজ পুরে যান পুনর্কার।। রাজগণ নিমন্ত্রণে দূতগণ গেল। শ্রুতমাত্র নৃপগণ সকলে আসিল।। দূতবাক্য হেলা করি না আসে যে জন অর্জ্জুন আনেন তারে করিয়া বন্ধন।।

সভাপর্ক স্কুধারস রাজস্থা কথা। কাশীরাম দাস কতে সুধাসিন্ধু গাঁথা।।

পাতালে পার্থের যাতা।

জিজ্ঞাসেন অর্জ্জনেরে দেব নারায়ণ। কহ কারে কারে করিলা হে নিমন্ত্রণ।। শুনিয়া অৰ্জ্জন নিবেদিলেন যতেক। পুস্তক বাহুন্য হয় লিখিলে ততেক।। क्रिलिन कुरव्यां मि मरव निम्र व । প্রত্যেক রন্তান্ত সব কহেন তখন।। গোবিন্দ বলেন যাহ পাতাল ভুবন। শেষ নাগরাজে গিয়া কর নিমন্ত্রণ।। স্বর্গে ইন্দ্র দেবরাজ পাতালে বাস্কুকি। তোমা বিনা অন্যে যায় এমন না দেখি বাসুকি আইলে যজ্ঞ হইবে সম্পূর্ণ। বিলম্ব না কর স্থা যাহ তুমি তুর্ণী। গোবিন্দের বচনেতে বিলয় না করি। পাতালে গেলেন পার্থ দিব্য রথে চড়ি॥ উপস্থিত হইলেন নাগের আলয়। চৌদিকে বেষ্টিত ফণী শেষ মহাশয়।। দশ শত ফণা ধরে মস্তক উপর। তিন শত ফণাতে শোভিত চরাচর।। কুর্ম্মপৃষ্ঠে উপবিষ্ট বেষ্টিত রতন। উপনীত হইলেন তথা ছাষ্টমন।। নাগরাজে প্রথাম করেন ধনঞ্জয়। কর্যোড় করিয়া রুহেন স্বিনয়।। শেষ জিজ্ঞাসেন কেন তব আগমন। প্রত্যক্ষে কছেন পার্থ সর্ব্ব বিবরণ।। রাজসূয় নিমিত্ত তোমার নিমন্ত্রণ। **সুররাজ-সহ দেব যাবে সর্বজন।।** ত্রহ্মা শিব ইন্দ্র আদি যত দিকপতি। সেই যজে অধিষ্ঠান হবেন সম্প্রতি।। দেই হেতু আইলাম তোমার ভবন। রাজস্য় মহাযজ্ঞে করিবা গমন।। হাসিয়া কহেন শেষ শুন ধনঞ্জয়। তব যজ্ঞে আছেন গোবিন্দ মহাশয়।।

হর্তা কর্ত্তা সেই প্রভু বিধি বিধাতার। সর্ক্যজ্ঞ-ফল পায় দরশনে যাঁর।। যথা ক্লম্ভ বিভামান তথা সর্বজন। ব্ৰহ্মা শিব আদি যত দিক্পালগণ।। অকারণ আমা সবাকারে নিমন্ত্রণ। সেই ক্লফে ভালমতে করহ অর্চন।। অনন্ত ব্ৰহ্মাণ্ডে আছে কত শত প্ৰাণী। কত ব্ৰহ্মা শিব ইন্দ্ৰ কত শেষ ফণী।। मकरल रहेरव जूखे जाँरत जुखे रेकरन। শাখাপত্র ভূষ্ট যেন মূলে জল দিলে।। অর্জ্জন বলেন দেব কর অবধান। যতেক কহিলা তুমি বেদের প্রমাণ।। নিজ বশ নহি সবে তাঁর মায়াবন্ধ। জানিয়া শুনিয়া পুন হয় মায়াধন্দ।। পুন নাগরাজ ৰলে অৰ্জ্জুনে চাহিয়া। আসিলে আমারে নিতে কিছু না জানিয়া॥ মস্তক উপরে আমি ধরি যে সংসার। আমি গেলে যজে কে ধরিবে ক্ষিতিভার ॥ অর্জ্রন বলেন ক্লম্ঞ কহেন আমারে। যজ্ঞ পূর্ণ হবে তুমি গেলে তথাকারে।। ক্ষিতিভার হেতু যদি করহ বিচার। ভূমি যাহ আমি লব পৃথিবীর ভার।। এত শুনি বিস্ময় মানিয়া বিষধর। হাসিয়া অৰ্জ্জন প্ৰতি করিল উত্তর।। পৃথিবী ধরিবে হেন করিলে স্বীকার। পৃথিবী ছাড়িনু বাক্যপাল আপনার।। এত শুনি ধনঞ্জয় লইয়া গাণ্ডীব। কর্যোত্তে প্রণিষয়া শিবদাতা শিব।। ভক্তিভাবে কুঞ্চনাম করিয়া স্মরণ। শিরে দ্রোণাচার্য্য-পদ করিয়া বন্দন।। অদুত শুস্তুন অস্ত্র ভূণ হৈতে নিয়া। যুড়েন গাণ্ডীবে ক্ষিতি অস্ত্রে বসাইয়া।। ধরেন ধরণী শেষ স্বতন্ত্র হইল। দেখিয়া সকল নাগ অভুত মানিল।। তবে শেষ যত নাগ লইয়া সংহর্তি। রাজস্ম যজ্ঞস্থানে গেল শীঘ্রগতি।।

বাসুকি অনিল আর ভক্ষক কৌরব্য। নত্ব কর্কট ধৃতরাফ্র জরদাব।। কোপন কালীয় ত্রিকপূর্ণ ধনঞ্জয়। অজ্যক উগ্ৰক ছুষ্ট ৰুষ্ট মহাশয়।। নীল শঙামুখ শঙাপিও বক্রদন্ত। কলিচূড় পিঙ্গচক্ষু কাল মহাবন্ত ॥ পুত্র পৌত্র সংহতি চলিল লক্ষ লক্ষ। দেখিয়া সকল লোক মানিল অশক্য।। পাঁচ সাত শির কার ষ্ট সপ্ত শত। সহস্র মন্তক কার আকার পর্বত।। নিজ পরিবারে মিলি চলে ফণিরাজ। হোথায় সুরেন্দ্রালয়ে দেবের সমাজ।। ঐরাবত আরোহণ বজ্র শোভে করে। মাতলি ধরুয়ে ছত্র মস্তক উপরে।। অফটবসু নবগ্রহ অশ্বিনীকুমার। দাদশ আদিত্য রুদ্র একাদশ আর ।। ঊনপঞ্চাশ বায়ু সাতাশ হুতাশন। যক্ত মন্ত্ৰ পুরোধা দক্ষিণা দণ্ড ক্ষণ।। যোগ তিথি করণ নক্ষত্র রাশিগণ। চারি মেঘ বিহ্যাৎ সহিত সৈম্পাণ।। গন্ধর্ক কিন্নর যত অপ্ররী অপ্রর। (मवश्रवि खन्नश्रवि हिनन विख्र ।। বশিষ্ঠ পৌলস্তা ভৃগু পুলহ অঞ্চিরা। পরাশর ক্রতু দক্ষ লোমশ সুধীরা।। অসিত দেবল কৌণ্ড শুক সমাতন। মার্কণ্ড মাণ্ডব্য ধ্রুব জয়ন্ত কোপন্।। ইত্যাদি যতেক ঋষি ইন্দ্রপুরে থাকে। हेन्द्रमह यद्धश्रात हत्न नात्थ नात्थ ॥ চড়িয়া পুষ্পকরথে ধনের ঈশ্বর। मरऋरउ চलिल यक शक्तर्य किञ्चत ।। চিত্ররথ তুম্বুরু অঙ্গিরা গুণনিধি। বিশ্বাবন্থ মহেন্দ্র মাতঙ্গ সূর আদি।। ফলকর্ণ ফলোদক চিত্রক লোক্রক। 'লিখনে না যায় যত চলিল গু**হ্মক।।** ঘূতাচী উৰ্বশী চিত্ৰা রম্ভা চিত্ৰসেনী। চারুনেত্রা মিশ্রকেশী বুছুদা মোহিনী

চিত্ররেখা অলমুষা সুরভি সমাচী। পোনিকা কদয়া অর্মা শূদ্রা রুচি শুচি।। লক্ষ লক্ষ বিস্তাধরী নৃত্য গীত নাদে। কুবেরের সহ সবে চলিল আহলাদে।। যক্ত দেখিবারে চলে যত মহীধর। হিমাদ্রি কৈলাস শ্বেত নীল গিরিবর।। কালগিরি হেমকুট মন্দর মৈনাক। চিত্রগিরি রামগিরি গোবর্দ্ধন শাখ।। চিত্রকৃট বিশ্ব্য গন্ধ মাদন সুবল। থাষ্যশৃঙ্গ শতশৃঙ্গ মহেন্দ্র ধবল।। বৈরবতক যত গিরি গিরি মুনি শিল। কামগিরি খণ্ডগিরি গিরিরাজ নীল।। লক্ষ লক্ষ গিরিবর্দেব ৰূপ ধরি। যক্ষরাজ সহ গেল যক্ত অনুসরি।। বরুণ চলিল নিজ অমাত্য সহিত। মূর্ত্তিমন্ত সপ্ত সিন্ধু যতেক সরিত।। গঙ্গা সরস্বতী শোণ দিনকরসুতা। চিত্রপালা প্রেডা বৈতরণী পুণ্যযুতা।। চন্দ্রভাগা গোদাবরী সর্য লোহিতা। দেবনদী মহানদী মদাশ্বী সবিতা।। ভৈরবী ভারবী নদী ভদ্র। বসুমতী। মেঘবতী গোমতী আরো যে সৌরবলী।। নৰ্ম্মদা অজয় ব্ৰাহ্মী ব্ৰহ্মপুত্ৰ কংস। তমুল কমলা বিষ কোলামুক বংশ।। গগুকী নশ্মদা কল্প সিন্ধু করতোয়া। স্বৰ্ণরেখা পদ্মাবতী শত লোকত্রয়া।। ঝুম্ঝুমি কালিন্দী, দামোদর গিরিপুরী। সিন্ধুকা কাবেরী ভদ্রা নদী গোদাবরী।। ইত্যাদি অনেক নদী নদ সরোবর। বাপী হ্রদ ভড়াগাঁদি ধরি কলেবর ॥ যজ্ঞস্থানে গোল সবে বরুণ সংহতি ! মহিষ বাহনেতে চলিল প্রেতপতি।। পিতৃগণ দূতগণ দও মৃত্যু পাশ। আইল অমর্রন্দ যুড়িয়া আকাশ।। অন্তুত দ্বাপর যুগে হৈল যজ্ঞরাজ। না হইল কভু যাহা অবনীর মাঝ।।

মতু আদি করি রাজা না যায় লিখন। যযাতি ন্ত্ৰ রমু মান্ধাতা ভ্ৰমণ।। দিলীপ সগর ভগীরথ দশরথ। ক্লতবীৰ্য্য কাৰ্ত্তবীৰ্য্য সুরথ ভরত।। हें छा कि जातक देशन हम्म-सूर्गा-कूटन। রাজস্থ অশ্বমেধ করিল বহুলে।। উদ্দেশেতে যেই দেবে করে আরাধন। 1 কর লয়ে আইলেন সেই দেবগণ।। মহেশ পার্কতী দোঁহে করেন গমন। অলক্ষিতে ৰূপ নাহি দেখে কোন জন।। দক্ষিণে ত্রিশূল শিরে শোভে জটাভার। চরণ পাংশে দাভি বামবারে ভাল এইৰূপে সদাশিব সবাকারে রাখে। যত দূর যজ্ঞ স্থল সব ঠাঁই থাকে।। যত যত জন আদে যজের সদনে। ছায়ার্কপে অন্নদা তোবেন সর্বজনে।। যার যেই বাঞ্ছা তারে আপনি যোগায়। যে দ্রব্য যে ইচ্ছে তাহা সেইক্ষণে পায়।। অশ্ব আরোহণে করে ধরকরবাল। ঊনকোটি দানা লয়ে আসে ক্রেপাল।। শত কোটি দৈত্য লয়ে আসে দৈত্য ময়। ছয় সহোদর আসে বিনতাতনয়।। দেব দৈত্য নাগ যক্ষ আদে সর্বজনে। প্রজাপতি আইলেন হংস আরোহণে।। ञञ्जतीरक थाकिया (मरथन ठलुर्म्मूथ। প্রজাপতিগণ সহ যজের কৌতুক।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

ক্রপদ রাজার আগমন।

দূতমুখে বার্ত্তা পেয়ে পাঞ্চালাধিকারী
ছহিতা হইবে মম রাফ্র-পাটেশ্বরী।।
ধৃষ্টজুান্ন শিখগুাদি হয়ে হৃষ্ট চিত।
যজ্জ অঙ্গ দ্রব্য সব সাজায় স্থরিত।।
চতুর্দ্দশ সহত্র সেবকী মনোরমা।
সুধাংশুবদনী পদ্মনয়নী সুশ্রামা।।

অনেক আসিল দাস দাসী সমুদায়। ंসহস্ত্রেক দাসী নিল মনোরম কায়।। যুগল সহস্ৰ বাজী গতি বায়ু সম। বহু বহু দ্রব্য নিল বাছিয়া উত্তম।। সর্ব্যবাজ্য দিব হেন বিচারিল মনে। সহ দারা চলে রাজা যজের সদনে।। চত্রঙ্গদলে আর প্রজা চারি জাতি। নানাবাদ্য-শব্দে যায় কাঁপে বসুমতী।। ইন্দ্রপ্রস্থে উপনীত হৈল পূর্ব্ব দ্বারে। বেত্র দিয়া ইন্দ্রসেন রাখিল তাহারে।। রহ রহ ক্ষণেক পাঞ্চাল অধিকারী। রাজাক্তা পাইলে দ্বার ছাড়িবারে পারি। এক্ষণে আসিবে সহদেব ধনুর্দ্ধর। তাহা হাতে বার্তা দিব রাজার গোচর ।। ইন্দ্রমেন বচনেতে রহে নৃপ্বর। হেনকালে আইলেন মাদ্রীর কোওর।। জ্রপদে দেখিয়া গেল রাজার গোচর। ধর্মরাজে জানাইল শিরে দিয়া কর।। বকু রত্ব আলিন জনেক দাসী দাস। অশ্ব হস্তী উট খর নানাবর্ণ বাস।। আজা পেলে আসি হেথা করে দরশন। শুনিয়া দিলেন আছে। ধর্মের নন্দন।। হন্তী অশ্ব পশু আদি যত রত্ন ধন। ছুর্য্যোধন ভাগুারীরে কুর সমর্পণ।। माम मामी ममर्श्व ट्योलमीत स्नातन। প্রজ্ঞ সহ হেথা লয়ে আইস রাজনে।। জাজ্ঞা পেয়ে সহদেব করিল তেমতি। যেই মত কহিয়াছেন নরপতি।। সপুজ্র ভিতরে গেল পাঞ্চাল ঈশ্বর। সঙ্গেতে চলিল জন কত নৃপবর।। ঘটোৎকচ মহাবীর হিড়িম্বাতনয়। যজ্জের পাইয়া বার্ত্তা সানন্দ হৃদয় ॥. হিড়িম্বক বনেতে তাহার অধিকার ৷ তিন লক্ষ রাক্ষস তাহার পরিবার।। হয় হন্তী রথেতে করিয়া আরোহণ। যজ্হেতৃ নানারত্ন করিয়া সাজন।।

নানাবাতো উপনীত য়জের সদন। অদ্ভুত রাক্ষ্সী মায়া করিয়া রচন।। ধবল মাতঙ্গ পূর্চে করি আরোহণ। ঐরাবত পৃষ্ঠে যেন সহস্রলোচন।। মাথায় মুকুট মণি রত্নেতে মণ্ডিত। সারি সারি শ্বেত ছত্র শোভে চতুর্ভিত।। কৃষ্ণ শ্বেত চামর ঢ্লায় শত শত। পার্কতীয় হস্তী অশ্ব নানাবর্ণে রথ।। উত্তর দ্বারেতে উপনীত ভীমস্কুত। চতুদ্দিক হুড়াহুড়ি দেখিয়া অন্তত।। কেহ বলে ইন্দ্র চন্দ্র কিবা প্রেতপতি। অৰুণ বৰুণ কিবা কোন মহামতি কেহ বলে দেবরাজ এ যদি হইত। সহস্রলোচন তবে অঙ্গেতে থাকিত।। কেহ বলে এই যদি হইত শমন। গজ না হইয়া হৈত মহিষ বাহন।। কেহ বলে এই যদি হ'ত ভুতাশন। তবে সে হইত এই হংসের বাহন।। বৰুণ হইলে হৈত বাহন মকর। সপ্ত অশ্ব রথ হৈত হ'লে দিবাকর।। এত বলি লোক সৰ করিছে বিচার। গজ হৈতে নামিলেন হিড়িয়াকুমার।। প্রবেশ হইতে তারে নিবারে দ্বারেতে। জিজ্ঞাসিল কেবা ভুমি এলেকোথা হতে পরিচয় দেহ বার্ত্তা জানাই রাজারে। রাজাক্তা পাইলে পাবে যাইতে ভিতরে।। ঘটোৎকচ বলে আমি ভীমের অঞ্জ। হিড়িম্বার গর্ভে জন্ম নাম ঘটোৎকচ।। এত শুনি অনিরুদ্ধ কৈল সম্ভাবণ। রহিতে উত্তম স্থান দিল ততক্ষণ।। সহদেব কহিলেন গোচরে রাজার।

জননী সহিত এলো হিড়িম্বাকুমার ॥ ধর্ম আজ্ঞা করিলেন আন শীঘগতি।

জননী পাঠাও তাঁর যথায় পার্যতী।।

যত দ্রব্য জানিয়াছে দেহ ছুর্য্যোধনে।

আক্রা পেয়ে সহদেব গেল সেইক্ষণে।।

হিড়িম্বারে পাঠাইল স্ত্রীগণ ভিতর। घटिंग ५ कट्ट लट्स (भन त्रांकात (भारत ।। হিড়িয়া দেখিয়া চমুকিত অন্তঃপুরী। ্ ৰূপেতে নিন্দিত যত স্বৰ্গ বিছাধরী ॥ অলঙ্কারে বিভূষিত আনন্দিত অঙ্গ। বিনা মেঘে স্থির যেন তড়িত তরঙ্গ।। কুন্তীর চরবে গিয়া প্রণাম করিল। আশীর্কাদ করি কুন্তী বসিতে বলিল।। যথায় দ্রৌপদী ভদ্রা রত্ন সিংহাসনে। হিডিয়া বসিল গিয়া তার মধ্যস্থানে।। অহঙ্কারে দ্রৌপদীরে সম্ভাষ না কৈল। দেখিয়া পার্ষতী দেবী অস্তরে কুপিল।। क्रस्था বলে নহে দূর খলেরপ্রকৃতি। আপনি প্রকাশ হয় যার যেই রীতি।। কি আহার কি আচার কোথায় শয়ন। কোথায় থাকিস তোর না জানি কারণ। পুর্ব্বে শুনিয়াছি আমি তোর বিবরণ। তোর সহোদরে ভীম করিল নিধন।। ভাত্रবंরী জনে কেহ না দেখে নয়নে। কামাতুরা হয়ে তো ভজিলি হেন জনে।। সতত ভ্রমিস তুই যথা লয় মন। একে কুপ্রকৃতি আর নাহিক বারণ।। স্থানে স্থানে বেড়াস ভ্রমরে যেন মধু। সভামধ্যে বসিলি হইয়া কুলবধু।। মৰ্য্যাদা থাকিতে কেন না যাস উঠিয়া। আপন সদুশ স্থানে তুমি বৈস গিয়া।। কুপিল হিড়িয়া দ্রৌপদীর বাক্যজালে। ছুই চক্ষু রক্তবর্ণ ক্লফা প্রতি বলে।। অকারণে পাঞ্চালি করিস অহস্কার। পরে নিন্দ নাহি দেখ ছিদ্র আপনার।। কুৰপ কুৎসিত লোকে নিম্পে ততক্ষ। যতক্ষণে দৰ্পণেতে না দেখে বদন।। তোমার জনকে পূর্বে জানে সর্বজনা। বান্ধিয়া আনিয়া পার্থ করিল লাঞ্জনা।। যেই জন করিলেক এত অপমান। কোন লাজে হেন জনে দিল কন্যাদান।।

পশ্চাৎ আমার ভাই করিলেক দ্বন্ধু।। সহিতে না পারি মৈল করিয়া সংগ্রাম বীরধর্ম করিল লোকেতে অনুপম।। শক্ররে যে ভঙ্জে ভারে বলি ক্লীব জন্ম। সংসারে বিখ্যাত তোর জনকের কর্ম।। আমার সপত্নী তুমি আমি না তোমার। তোর বিবাহের আগে বিবাহ আমার।। পঞ্চ জন কুন্তী ঠাকুরাণীর নন্দন। পঞ্চ পুত্তে আছি বধু ত্রয়োদশ জন।। ঐশ্বর্য্য ভূঞাহে অর্দ্ধ তুমি স্বতন্তরা। দ্বাদশ জনেতে অর্দ্ধ নাহি দেখি মোরা।। তথাপি আমারে দেখি অঞ্চ হৈল জ্রা। কি হেতু নিন্দিস মোরে বলি স্বতন্তরা।। পুত্র হিড়িম্বক মোর ধনের ঈশ্বর। পুত্রগৃহ-বাসে কভু নহি যে স্বতন্তর।। বাল্যকালে কন্যা রক্ষা করয়ে জনকে। नातीरक योवनकारन सामी मना तार्थ ।। শেষকালে পুজ্ৰ রাখে আছে হেন নীত। বিশেষে আমার পুত্র পৃথিবী পূজিত।। মাতুলের রাজ্যমধ্যে হইয়া ঈশ্বর। বাহুবলে শাসিল যতেক নিশাচর।। সুমেরু অবধি বৈদে যতেক রাক্ষস। একেশ্বর মোর পুজ সব কৈল ৰশ।। রাজসূয় যজ্ঞবার্তালোকমুখে শুনি। যতেক রাক্ষসগণ করে কাণাকাণি।। রাক্ষসের বৈরী যত পাঞ্চুপুজ্ঞগণ। চল সবে যজ্ঞ নষ্ট করির এখন।। বকের অমাত্য ভ্রাতৃ আছে যত জন। মোর সহোদর হিড়িম্বের বন্ধুগণ।। এইত বিচার তারা অনুক্ষণ করে। এ সকল বার্তা আমে পুজের গোচরে।। চরমুখে জানিল কুচক্রী যত জন। যুদ্ধ করি সবাকারে করিল বন্ধন।। লৌহপাশে বন্দী করি রাথে কারাগারে যাবত সারিয়া যজ্ঞ না আইনে ঘরে।।

আমি যে ভজিন্ম ভীমে দৈবের নির্বন্ধ ।

আর যত পৃথিবীতে বৈদে নিশাচর। সবারে জিনিয়া বলে আনিলেক কর।। সাক্ষাতে দেখহ কুষ্ণা মোর পল্পপ্রভা। মোর পুল্লে শোভিতেছে পাগুবের সভা।। এতেক হিজিয়া যদি বলে কট্তর। কহিতে লাগিল ক্লুফা কৃপিত অন্তর ।। 'প্নঃপ্নঃ যতেক কহিস্পুত্তকথা। প্রের করিস গর্ম থাও প্রমাথা।। কর্ণের একাল্পী অস্ত্র বজ্রের সমান। তার ঘাতে তোর প্রত্র ত্যজিবে প্রাণ।। পাজের শুনিয়া শাপ হিড়িয়া কুপিল। ক্র দা হয়ে হিড়িয়া রুঞারে শাপ দিল।। নির্দ্দোবে আমার পুল্রে দিলে তুমি শাপ। ত্মিও প্রজের শোকে পাবে বড তাপ।। যদ্ধ করি মরে ক্ল যায় স্বর্গবাস। বিনা যুদ্ধে তোর পঞ্চ পুত্র হবে নাশ।। এত বলি ক্রোধ করি হিডিয়া চলিল। আপনি উঠিয়া কুন্তী দোঁহে সান্ত্ৰাইল।। মহাভারতের কথা সুধাসিন্ধ প্রায়। পাঁচালি প্রবন্ধে কাশীরাম দাস গায়।।

দক্ষিণ ও প্ৰবিদ্বাবে বিভীমণেব অপমান।

পার্গমুখে বার্ত্তা পেয়ে রাক্ষস-ঈশ্ব ।
হরিষেতে লোমাঞ্চিত হৈল কলেবর ।।
যেই কথা অনুক্ষণ কহে মুনিগণ ।
বসুদেব-গৃহে জন্মিলেন নারায়ণ ।।
নিরস্তর চিন্ত ব্যপ্র ঘাঁরে দেখিবারে ।
আপনি ডাকেন তিনি দয়া করি মোরে ।।
সর্বা-তত্ত্ব-অন্তর্গামী ভকতবৎসল ।
অনুগত জনে দেন মনোগত ফল ।।
তার অনুগত আমি ব্বিকু কারণ ।
করিলেন নিজভক্ত বলিয়া স্মরণ ।।
এত ভাবি বিভীষণ হৃষ্টেচিন্ত হয়ে ।
যতেক সুহৃদগণে বলিল ডাকিয়ে ।।
শীঘ্রগতি সজ্জ হও নিজ পরিবারে ।
ভামার সহিত চল কৃষ্ণ ভেটিবারে ।।

দিব্য রত্ন আছে যত জামার ভাগুরে ! সব রত্ব ধন লহ দিব দামোদরে।। লোচনে দেখিব আজি কমললোচন। জন্মাবধি-ক্লুত পাপ হবে বিমোচন।। এত বলি রথে আরোহিল লক্ষেশ্ব। সক্ষেতে চলিল লক্ষ লক্ষ নিশাচর।। বাজায় বিবিধ বাদ্য রাক্ষসী বাজনা। শত শত শ্বেতচ্চত্র না যায় গণনা।। দিশিণ দাবেতে উত্তরিল বিভীষণ। মিশামিশি হইল রাক্ষস নরগণ।। বিক্লত আকার সব নিশাচরগণ। বিস্ময় মানিয়া সবে করে নিরীক্ষণ।। তুই তিন মুখ কার অশ্বপ্রায় মুখ। বক্রদন্ত দেখি নাসা চকু যেন কুপ।। রথ হ'তে ভূমিতে নামিল বিভীষণ। যজ্ঞস্থান দেখি হ'ল বিস্ময়–বদন।। আদি অন্ত নাহি লোক চতুৰ্দ্দিকে বেড়ি। উচ্চ নীচ জল স্থল আছে লোক যুড়ি॥ কোথায় দেখায়ে একপদ নরগণ। मीर्घकर्ग (मत्थ (काथा विवर्ग वमन।। কোথায় কিরাত শ্লেচ্ছ বিক্বত আকার। কুষ্ণ অঙ্গ ভাষকেশ দেখে কত আর ।। কোথায় অমরগণ নানা ক্রীড়া করে। রাক্ষস দানব দৈত্য অনেক বিহরে।। तिक नाथा असि रयां की अरमंक दाका। বিবিপ বাহনে কোথা যমদূতগণ।। কোটি অশ্ব হস্তী কোটি কোটি কোটি রথ। স্থানে স্থানে নৃত্য গীত হয় অবিরত।। অপূর্ক দেখিয়া সবে ভাবে মনে মন। এ হেন অদ্তুত চক্ষে না দেখি কখন।। যে দেব দানবে বৈর আছমে সদায়। হেন দেব দানবৈতে একত্র খেলায়।। যে ফণী গরুড়ে কন্তু নাহি হয় দেখা। •একত্র খেলায় যেন ছিল পূর্ব্বস্থা।। রাক্ষস মানুবে করে পাইলে ভক্ষণ। মনুষ্যের আজা বহে নিশাচরগণ।।

অন্তুত মানিয়া রাজা মুখে দিল হাত। জানিল এ সব মায়া করেন জ্রীনাথ।। ছুই ভিতে দেখে রাজ্বা অনিমেষ আঁখি। তিন ভুবনের লোক এক ঠাঁই দেখি।। কে কারে জানিয়া দেয় নাহিক নির্কল্ধ। আসন ভোজন পানে সবার আনন্দ।। পরিবার লোক তার রহাইয়া রঞ। ঠেলাঠেলি পদত্তজে গেল কত পথ।। ভাগু আর গম্য নহে যাইতে কাহারে। থাকুক অন্যের কাজ পিপীলিকা নারে।। কত দূর আছে দ্বার নাহি চলে দৃষ্টি। রাজগণ দাগুটিয়া আছে পৃষ্ঠাপৃষ্ঠি॥ দুই ভিতে দ্বারিগণে মারিতেছে বাড়ি। একদুষ্টে আছে সবৈ ছই কর যুজি।। পথ না পাইয়া দাণ্ডাইল বিভীষণ। অন্তর্যামী সব জানিলেন নারায়ণ।। কে আইল কে খাইল কেবা নাহি পায়। প্রতিজ্ঞনে জিজ্ঞাসা করেন যতুরায়।। দুরে থাকি নির্থিল রক্ষ অধিপতি। দিব্য চক্ষে জানিলেন এই লক্ষীপতি।। অফ্টাঙ্গ লুটায়ে স্তুতি করে কর যুড়ে। বারিধারা নয়নেতে অবিশ্রান্ত পড়ে।। দেখিয়া নিকটে তার গিয়া নারায়ণ। ছুই হাতে ধরি দেন প্রীতি আলিঙ্গন।। স্তুতি করে বিভীষণ যুড়ি ছুই কর। তানদে চক্ষের জল করে নিরস্তর।। নানারত্ব নিবেদিয়া ফেলে ভূমিতলে। পুনঃপুনঃ ধরি পড়ে চরণকমলে।। যতেক আনিল রাজা বিবিধ রতন। গোবিন্দের আগে লয়ে দিল ততক্ষণ।। কর্যোড় করি বলে রাক্ষসের রাজ। আজ্ঞা কর জগন্নাথ করিব কি কাজ।। গোবিদ্দ বলেন আসিয়াছ যেই কাজে মম সঙ্গে ভেটিবারে চল ধর্মরাজে।। विजीवन वत्त कर्य मन्भन शहेल। তোমার পদার্বিন্দ নয়ন দেখিল।।

তোমার পদাররন্দে দৃঢ় আলিঙ্গন। পিতামহ-বাঞ্ছিত যে অন্য কোন জন।। লক্ষীর তুর্লভ মোরে করিলা প্রসাদ। চিরকাল বিচ্ছেদের খণ্ডিল বিখাদ।। সম্পূৰ্ণ মানস হৈল সিদ্ধ হৈল কাজ। এখন কি করি আজা কর দেবরাজ।। গোবিন্দ বলেন যে করিল আবাহন। যার দূত সঙ্গে পুর্বে পাঠাইলে ধন।। যার নিমন্ত্রণে তুমি আসিলে হেথায়। চলহ ভেটাই সেই ঠাকুরে ভোমায়।। বিভীষণ কহিল বলিশ দূতগণ। পাওবের যজ্ঞে অধিষ্ঠান নারায়ণ।। তব দ্রোহী হইবে না দিলে তারে কর। অন্য কি তোমার নামে দিব কলেবর।। চিরকাল অদর্শনে আছি অপরাধী। আপনি ডাকিলা হেন ঘটাইল বিধি॥ বিশ্বের ঠাকুর তুমি মনে হেন জানি। তোমার ঠাকুর আছে আমি নাহি মানি।। যে হউক মোর প্রভু তোমা বিনা নাই। প্রয়োজন নাই মোর অন্যজন ঠাই।। গোবিন্দ বলেন ধর্মপুত্র যুধিষ্ঠির। যার দরশনে হয় নিষ্পাপ শরীর।। সত্যবাদী জিতেন্দ্রিয় সর্বন্ধ্রথাম। এ তিন ভুবনে আছে খ্যাত যাঁর নাম।। প্রতাপে যাঁহারে ইন্দ্র আদি কর দিল। কর দিয়া ফণীন্দ্র শরণ আসি নিল।।-উত্তরে উত্তরকুরু পূর্দ্দে জলনিধি। পশ্চিমেতে আমি দক্ষিণ্ডেতে তোমা আদি। নাহি দিল না আসিল নাহি হেন জন। সাক্ষাতে নয়নে তুমি দেখহ এখন।। .দেবতা গন্ধৰ্ক যক্ষ রক্ষ কপি ফণী। মনুয়ে আসিল যত আছয়ে অবনী।। অফীশী সহস্র দিজ নিত্য গৃহে ভুঞ্জে। ত্রিশ ত্রিশ দাস সেবে এক এক ছিজে।। উৰ্নৱেতা সহস্ৰ দশকে সদা সেবে। আছেন যতেক দ্বিজ কে অন্ত করিবে।।

স্থানে স্থানে রক্ষনাদি হয় অবিরাম। লক্ষ লক্ষ বিপ্রগণ ভুঞ্জে এক স্থান।। এক লক্ষ দ্বিজ যবে করেন ভোজন। একবার শন্থানাদ হয় যে তখন।। হেনমতে মুভ্রমু ভঃ হয় শঙ্কাবানি। চতুদ্দিকে শঙারবে কিছুই না শুনি।। তিন পদ্ম অযুত মাতঙ্গ দীর্ঘদন্ত। তিন পদা যুত্রথ প্রত্যক্ষে অনন্ত।। লক্ষ নুপতির পতি কে পারে গণিতে। চারি জাতি যতেক নিবসে পৃথিবীতে।। অর্দ্ধেক রন্ধনে ভুঞ্জে অর্দ্ধেক আমান। কাহার শক্তি তাহা করিবে বর্ণন।। এক জন অসন্তোষ নাহিক ইহাতে। খাও খাও লও লও ধ্বনি চারি ভিতে।। মনু আদি যত হৈল পৃথিবীর পতি। হেন কর্ম্ম করিবারে কাহার শকতি।। যত দূর পর্যান্ত নিবসে যত প্রাণী। হেন জন নাহি যুধিষ্ঠিরে নাহি জানি।। স্মরণে সুমতি হয় নিষ্পাপ দর্শনে। প্রণামে প্রম গতি আমার সমানে।। হেন জনে নাহি জান তোমা হেন জন। শীঘ্রগতি চল লয়ে করাব দর্শন।। বিভীষণ বলে প্রভু কহিলা প্রমাণ। মম নিবেদন কিছু কর জাবধান।। পূর্বে পিতামহ-মুখে শুনিয়াছি আমি। অনম্ভ ব্রহ্মাত্তে তুমি স্বাকার স্বামী।। ব্ৰহ্মা ইন্দ্ৰ তব পদ কটাক্ষেতে হয়। এ কর্ম অসাধ্য নহে তোমার সহায়।। মম পূর্ব বিবরণ জান গদাধর। তপস্থা করিয়া আমি মাগিলাম বর।। স্মরিব তোমার নাম সেবিব তোমারে। তব পদ বিনা শির না নোয়াব কারে।। যথার লইয়া যাবে সংহতি যাইব। কদাচিৎ অন্য জনে মান্য না করিব।। এত বলি বিভীষণ চলিল সংহতি। পশ্চাম্ভাগে বিভীষণ আগেতে এপিতি।।

**ठ** छ नत्मत्उ को मिरक शर् छा । গোবিশ্পেরে নির্থিয়া ছাড়ি দিল বাট।। দ্বারের নিকটে উত্তবিলে নারায়ণে। পশিতে সাত্যকি নিবারিল বিভীষণে ॥ গোবিন্দ বলেন ছারে না রাথ ইহারে। স্বদেশে যাবেন শীঘ্র ভেটিয়া রাজারে।। সাত্যকি বলিল প্রভু জানহ আপনি। আজা বিনা যাইতে না পাবে বক্তপাণি। হের দেখ জগন্নাথ দারেতে বারিত। যত রাজরাজেশ্বর থাকে যাম্যভিত।। মৎস্তদেশ-অধিপতি বিরাট নুপতি। শূরসেন দন্তবক্র স্কুমিত্র প্রভৃতি।। অগণিত সৈন্য যার ধনে নাহি অন্ত। কর লয়ে দ্বারে আছে মানেক পর্যান্ত।। শ্রেণিমন্ত সুকুমার নীলধ্বজ রাজা। একপদ কলিঙ্গ নৈষধ মহাতেজা।। किञ्जिना देश किश्व গোশৃঙ্গ ভ্রমন আর রুক্সি তন্তদেশী।। ইহা সবাকার সঙ্গে শত পঞ্চ শত। কোটিকোটি গজ বাজী কোটি কোটি বথ নানারত্ব ধন নিজ পরিবার লয়ে। দ্বারেতে আছেন দেখ বারিত হইয়ে।। ত্রিশ সহস্র নুপতি আছে এই দ্বারে। জন কত রাজামাত্র গিয়াছে ভিতরে ॥ পুরুজিৎ নামে রাজা পাওবমাতুন। রাজ-আজ্ঞা পেয়ে তবে লইল নকুল।। তার সঙ্গে গেল জনকত নৃপবর। দেথিয়া বড়ই জুদ্ধ হৈল রকোদর।। মাতৃলে রাখিয়া আর যত রাজগণে। ঢেকা মারি তাড়াইয়া দেন ততক্ষণে।। আজ্ঞা বিনা ছাড়িবারে নারি কদাচন। আজ্ঞা আনি লয়ে যাহ রাজা বিভীবণ। এত শুনি জ্ব হৈয়া গেলেন গোবিন্দ। 'ছুই চক্ষু দেখি যেন রক্ত অরবিন্দ।। তথা হতে চলি যান সহ লঙ্কাপতি। পূর্বহারে উপনীত আপনি শ্রীপতি

মহাবীর ঘটোৎকচ হিড়িম্বাকুমার। তিন লক্ষ রাক্ষ্যেতে রক্ষা করে দ্বার।। ক্লুফেরে দেখিয়া সরে পথ ছাড়ি দিল। বেত্র দিয়া বিভীষণে দ্বারে নিবারিল।। গোবিন্দ বলেন ইনি লঙ্কার ঈশ্বর। ব্রন্ধার প্রপৌজ রাবণের সহোদর।। রাজদরশন হেতু যাবেন ত্ররিত।' হেন জনে দ্বারে রাখা না হয় উচিত।। ঘটোৎকচ বলে শুন দেব চক্রপাণি। আমি কি করিব তুমি জানহ আপনি।। বাইশ সহস্র রাজা আছে এই দ্বারে। জন কত রাজামাত্র গিয়াছে ভিতরে ॥ ব্রহ্মার প্রপৌজ্র দেব অনেক এসেছে। তুই তিন মাস দ্বারে রহিয়া গিয়াছে।। ব্রহ্মার প্রপৌজ দেব কশ্যপ কোন্তর। মহা মহা নাগ সঙ্গে শেষ বিষধর।। সহস্রবদন শোভে নাগ-অধিকারী। এইখানে ছিল তেঁত দিন ছুই চারি।। হের দেখ রাজগণ দাগুাইয়া আছে। একদৃষ্টে বুকে হস্ত নাহি চায় পাছে।। গিরিব্রজ-সুরপতি জরাসন্ধস্ত। জয়সেন মহারাজ যুগল অযুত।। নব কোটি রথ নব কোটি মত্ত হাতী। ষ্ঠি কোটি তুরঙ্গম অসংখ্য পদাতি।। নানারত্ব আনিলেন নানা যানে করি। হস্তিনী গৰ্দভ উট শকট উপরি।। অহর্নিশি নৌকা বাহে সংখ্যা নাহি জানি। যার নৌকা ত্রিশ ক্রোশ ঢাকে গঙ্গাপানী।। বিংশতি সহস্র রাজা সংহতি করিয়া। দ্বারেতে আছেন দেখ বারিত হইয়া।। निरुপान ताङा (५थ (ठिपत देशत)। যাহার সহিত পঞ্চ শত নৃপবর ।। · তিন কোটি হস্তী সঙ্গে তিন কোটি রথ। নব কোটি আদেশয়ার গতি বায়ুবত।। মানা যান করি নানা রত্ন সঙ্গে লৈয়া। দ্বারেতে আছেন দেখ বারিত হইয়া।।

দীর্ঘজজ্ঞ রাজা দেখ অযোধ্যার পতি। তিন কোটি রথ সঙ্গে তিন কোটি হাতী।। সপ্ত শত নরপতি সংহতি করিয়া। কর লয়ে দ্বারে আছে বারিত হইয়া।। কাশীরাজ দেখ এই কাশীর ঈশ্বর। কোশলের রাজা রহদ্বল নৃপ্রর।। বহুরাজা সুপাশ্ব কৌশিক শ্রুত রাজা। মদ্রদেন চন্দ্রদেন পাশ্ব মহাতেজা।। সুপর্ণ সুমিত্র রাজা সুমুখ শস্ক। মণিমন্ত দণ্ডধর নৃপতি মুটুক।। পুগুরীক বাসুদেব জরদাব আদি। করিল মেদিনী ব্যাপ্ত সমুদ্র অবধি।। এ সবার সঙ্গে রাজা শত সপ্তশত। লিখনে না যায় যত গজ বাজী রথ।। যে দেশে যে রত্ন জন্ম তাহা কর লৈয়া। দ্বারেতে আছেন দেখ বারিত হইয়া।। উপরুদ্ধ অত্যন্ত হয়েন যেই জন। রাজারে জানায় গিয়া তাঁর বিবরণ।। তবে যদি ধর্মারাজ দেন অনুমতি। যারে আজ্ঞা দেন সেই জন করে গতি।। মুহূর্ত্তেক রহি মাত্র দরশন পায়। শীঘ্রগতি পুন স্থানি রাখয়ে হেথায়।। রাজার শ্বশুর দেব জ্রপদ নুপতি। দিনেক রহিল পরিজনের সংহতি।। রাজ-আজ্ঞা পেয়ে তবে ছাড়ে দ্রুপদেরে তাঁর সঙ্গে রাজা কত পশিল ভিতরে।। সেই হেতু পিতা মোরে করিলেন ক্রোধ শ্বশুরের কিছু না রাখিল উপরোধ।। বাহির করিয়া যে দিলেন রাজগণে। দ্বারিগণে বহু ক্রোধ করিয়াছে মনে।। পূর্ব্বে ইন্দ্রসেন ছিল এই দ্বারে দ্বারী। এই দোষে তাহারে দিলেন দূর করি।। রাখিলেন সোরে দ্বারে অনেক কহিয়া। আজ্ঞা বিনা ইন্দ্ৰ এলে না দিবে ছাড়িয়া এই হেতু জগন্নাথ ভয় লাগে মনে। আজ্ঞা বিনা কিৰূপেতে ছাড়ি বিভীষণে

রহাইয়া আন রাজ অনুমতি হরি।
জানাতে রাজারে আমি নাহি শক্তি ধরি।।
নকুল আইসে কিয়া অনুজ তাঁহার।
বার্ত্তা জানাইতে এ দোঁহার অধিকার।।
বুঝিয়া আপনি কর যে হয় বিচার।
ক্লণেক থাকহ নহে যাহ অহ্য দার।।
তিত্তা শুনি ক্লয়ু তারে নিন্দিয়া অপার।
কোধ করি চলিলেন উত্তর দুয়ার।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।
চারি জন রাজার শ্রীকৃষ্ণ কর্তুক

त्थांपमान । বিভীষণে সঙ্গে করি যান গদাধর। কত দূরে দেখিলেন ভীম অনুচর ॥ চারি জন নুপতিরে করিয়া বন্ধন। কেশে ধরি কোপভরে যায় চারি জন।। জিজ্ঞাদেন মাধব তোমরা কোন জন। এ চারি জনেরে কেন করিলে বন্ধন।। দূতগণ বলে মোরা ভীমের কিঙ্কর। ছুফ কর্ম কৈল এই চারি নুপবর।। খেত আর লোহিত মণ্ডল নরপতি। অবধানে জগন্নাথ কর অবগতি।। এ দ্রোহার দেশ প্রভু সমুদ্রের তীরে। পার্থ জিনি কর সহ আনিল দোঁহারে।। এখন না বলিয়া যাইতেছিল দেশে। অর্দ্ধপথ হতে মোরা আনি ধরি কেশে।। হের দেখ জগনাথ এই ছুই জনে। উপহাস কৈল ছুই দরিদ্র ব্রাহ্মণে।। এই হেতু চারি জনে আনিমু বান্ধিয়া। ষ্ঠাক্তা করিলেন ভীম শূলে দিতে নিয়া।। এত শুনি ক্লম্ভ ফিরাইয়া চারি জনে। রকোদর কোথা জিজ্ঞাসেন দূতগবে।। আগে আগে যায় দূত পিছে গদাধর । কত দূরে দেখিলেন আদে রকোদর।।

এক লক্ষ রথী সহ ভ্রমে সর্বস্থল।

স্বাকার তত্ত্ব করে ভীম মহাবল।।

ভীমের নিকটে উত্তরিল নারায়ণ। কহিলেশ মুক্ত করি দেহ চারি জন।। কর্ম হেতু এ সবারে কৈলে স্বাবাহন। অনাদর এখন করহ কি কারণ।। কর্মা যদি করিবে হইয়া মহাতেজা। ক্ষুদ্র লোকে নিমন্ত্রিলে করিবেক পূজা।। তুষ্ট শিষ্ট আসিয়াছে বহু কর্মস্থলে। কর্মে বহু বিশ্ব হয় ক্ষমা না করিলে।। রুকোদর বলে শুন দৈবকীনন্দন। দোৰমত শাস্তি যদি না পায় ছুৰ্জন।। আর সবে ক্রমে ক্রমে সেই পথ লয়। কহ ইথে কর্ম পূর্ণ কোনমতে হয়।। ছুষ্টে ক্ষমা করিতে না পারি কদাচন। তুষ্টাচারী নাহি ছাড়ে নিজ তুষ্টপণ।। তুষ্ট জনে নিজ তেজ যদি না দেখায়। অবজ্ঞা করয়ে আর কর্মধ্বংস হয়।। ইহার সহিত পূর্কে পরিচয় কোথা। তেজ হৈতে যত দেখ আসিয়াছে এখা।। সুকর্ম লভয়ে যদি শাস্তি আচরণে। ক্রমে ক্রমে সুকর্ম লভিবে এত দিনে।। পুনশ্চ কছেন কুষ্ণ কমললোচন। শুন শুন ভীমদেন আমার বচন।। তোমার শান্তির শব্দে ত্রৈলোক্য পূরিল তে ঞি দেখ তিন লোক একত্র মিলিল। শান্তি আচরিতে তুমি এ কর্ম্ম করিলে ৷ কহ ভীম যজ্ঞ পূর্ণ হইবে কি ভালে॥ অন্থ কর্মা নহে এই রাজমূয় সত্র। এক লক্ষ রাজা আসি হয়েছে একত্র।। নাহি জান এর মধ্যে আছে ভাল মক্দ। একচক হয়ে यि मरव करत प्रमु !! কহ মোরে তখন কি উপায় করিবে। প্রমাদ ঘটিবে আর যক্ত নফ্ট হবে।। পৃথিবীর লোক সব করিলে বিরোধ। কত কত জনে তুমি করিবা প্রবোধ।। পাতালে রহিল গিয়া পার্থ ধনুর্দার।

দ্বন্দ্ব করিবারে জুমি সবে একেশ্বর ।।

क्रारक्षत यहन श्विन याल त्राकां मत । তব যোগ্য কথা নহে দেব দামোদর।। এক লক্ষ রাজা যে বুলিলা নারায়ণ। প্রত্যক্ষেতে আমি দেখিলাম সর্বজন ॥ অজাযৃথ লাগে যেন ব্যান্ত্রের নয়নে। সেই মত রাজণণ লাগে মম মনে।। দ্বন্দ্ব করিবারে সবে হয় এক দিরে। কাহার নাহিক দায় রৈল মম ভাগে।। সসৈন্য আগত এক লক্ষ নুপবর। মুহূর্ত্তেকে দলিবারে পারি একেশ্বর।। মনুষ্য কি গণি যদি তিন লোক হয়। একেশ্বর সবারে করিব পরাজয়।। যার জয় ইচ্ছে দেব তোমা হেন জনে। তারে পরাজয় করে নাহি ত্রিভুবনে।। গোবিন্দ বলেন সব সম্ভবে তোমারে। তোমা সহ বিরোধ করিতে কেবা পারে। ইহা সবাকারে ছাড় আমার বচনে। এবে দ্বন্দ্ব কর যেবা করে চুষ্টগণে।। এত বলি মুক্ত করি দেন চারি জনে। তথা হৈতে যান চলি লয়ে বিভীষণে।। মহাভারতের কথা অমৃত লহরী। কাশী কহে শুনিলে তরয়ে ভববারি।। উত্তর পশ্চিম ছারে বিভীষণের

যাইতে যাইতে ক্লফ কন বিভীষণে।
বছ রাজা দেখিয়াছ শুনেছ প্রবণে।।
এমত সম্পদ কি হয়েছে কোন জনে।
জামা হেন জন রাখে যার ভারিগণে।।
তিন ভুবনের লোক একত্র মিলিল।
ইন্দু আদি করি সবে যাঁরে কর দিল।।
বিভীষণ বলে দেব এ নহে অন্তুত।
ইহা হতে রাজস্ম হয়েছে বছত।।
হরিশ্চন্দ্র মহারাজ এ যজ্ঞ করিল।
সপ্তম দ্বীপের লোক একত্র হইল।।
ভার আর যত রাজা পৃথিবীতে ছিল।
ইন্দু আদি দেব জিনি নান। যক্ত কৈল।।

জপমান।

একমাত্র পাশুবের বাধানি বিশেষ। আপনি এতেক স্নেহ কর হাধীকেশ।। ব্রহ্মা আদি ধ্যায় প্রভু তোমা দেখিবারে। এ বড় আশ্চর্য্য ভূমি ভ্রম দ্বারে দ্বারে।। তোমার চরিত্র প্রভু কি বুঝিতে পারি। নভ্ষে করিলা ইন্দু বলি দূর করি।। ব্রহ্ম কীট পদ প্রভু তোমার সমান। যারে যাহা কর তাহা কে করিবে আন।। ইন্দ্র আদি পদ প্রভু না করি গণন। তব পদে ভক্তি যার সেই মহাজন।। ' ভক্তিতে পাগুব বশ করিয়াছে তোমা। তেঞি ছারে ছারী রাথে তারে কর ক্ষমা। কি কারণে জগন্নাথ এত পর্য্যটন। দ্বারে দ্বারে ভ্রম প্রস্তু কোন প্রয়োজন।। দৈবেতে এ দারীগণ না ছাড়ে আমারে। মম প্রয়োজন কিছু নাহিক ভিতরে।। मानम रहेन शूर्ग मिन्न देशन कार्य। আজ্ঞা হৈলে মহাপ্রভু যাই নিজরাজ্য॥ বিভিষণ বাক্য শুনি বলে চক্রধর। কত আর কহিব তোমারে লঙ্কেশ্বর।। সর্বধর্মা জান তুমি বিচারে পণ্ডিত। তুমি হেন কথা কহ না হয় উচিত।। নিমস্ত্রণ করিল যে তারে না ভেটিয়া। যদি যাহ জিজাঙ্গিলে কি বলিব গিয়া।। তব আগমন এবে সবে জ্ঞাত হৈল। লোকে বলিবেক সেই কুষ্ণ ভেটি গেল।। হেন অপকীর্ত্তি মম চাহ কি কারণ। ক্ষণেকে করিয়া যাহ রাজদরশন।। এইৰূপে পথে দোঁহে কথোপকথনে। উত্তর ছুয়ারে উত্তরিলেন ছুজনে।। উত্তর ছুয়ারে দ্বারী কামের মন্দন। र्गावित्म (मिथ्रा जामि क्रिन वक्त ॥ শ্রীক্লম্ব্য বলেন যাই রাজার গোচর। ধর্মরাজে ভেটাইব রাক্ষস-ঈশ্বর।। অনিরুদ্ধ বলে দেব রহ মুহূর্ত্তেক। এখনি মাদ্রীর পুত্র হেথা আসিবেক।।

তাঁর হাতে জানাইব রাজার গোচর। আজ্ঞা পেয়ে লয়ে যাহ রাক্ষস-ঈশ্বর ॥ গোবিন্দ বলেন তুমি না জান ইহারে। ক্ষণেক উচিত নহে রাখিতে ছুয়ারে॥ রাবণের সহোদর লঙ্কা অধিপতি। রাক্ষদের রাজা যে ত্রন্দার হয় নাতি।। , এত শুনি হাসি বলে কামের নন্দন। কেন হেন কহ দেব জানিয়া কারণ।। প্রত্যক্ষে দেখহ দেব যতেক নুপতি। অনেক দিবস হৈল দ্বারে কৈল স্থিতি।। প্রাগদেশ অধিপতি রাজা ভগদন্ত। নব কোটি রথ সঙ্গে কোটি গজ মন্ত।। বিংশতি সহস্র রাজা ইহার সংহতি। ঐরাবত সম যার আরোহণ হাতী।। নানারত্ব কর দেখ সঙ্গেতে করিয়া। বহু দিন দ্বারে আছে বারিত হইয়া।। বাহলীক রহন্ত আর সুদেব কুন্তল। সিংহরাজ সুশর্মা রোহিত রহন্দল।। কামদেব কামেশ্বর রাজা কামসিন্ধু। ত্রিগর্ত্ত দিরদশির মহারাজ সিন্ধু।। এ সবার সঙ্গে রাজা শত পঞ্চ শত। ত্রিশ কোটি মত্ত হস্তী ত্রিশ কোটি রখ।। যেই দেশে নাহি শক্তি বিহঙ্গ যাইতে। দে সঁকল রাজা দেব দেখহ সাক্ষাতে ॥ নানা রত্ন কর লয়ে দ্বারে বসি আছে। বৎসর অবধি হৈল কেহ নাহি পুছে॥ পুত্রপৌজ্র ব্রহ্মার এসেছে কত জন। প্রপৌজ আইল ্যত কে করে গণন।। ইন্দ্র চন্দ্র জলেশ রুতান্ত দিনকর। ব্ৰহ্মখযি দেবঋষি আইল বিস্তর।। চিত্ররথ গন্ধর্ব তুমুরু হাহা ছছ। বিশ্বাবমু আদি সহ বিস্তাধর বহু ॥. যক্ষরাজ সহ এল কত লব নাম। আসিয়াছে আসিতেছে নাহিক বিরাম।। ছুই এক দিন সবে রহি রহি গেছে। রাজ-আজ্ঞা মাত্র সবে চুই এক আছে।।

বিনা আজ্ঞা ছাড়ি দিলে ছঃখ পায় পাছে। রাজদ্রোহী কর্মে দেব বহু বিশ্ব আছে।। দোষ গুণ বুৰিতে ভীমের অধিকার। ভীম ক্রোধ করিলে নাহিক প্রতিকার ৷৷ বুঝিয়া করহ দেব যে হয় বিচার। কি শক্তি আমার আজ্ঞা বিনা ছাডি দ্বার।। এত শুনি রুষ্ণ তারে নিন্দিয়া অপার। ক্রোধ করি চলিলেন পশ্চিম ছুয়ার।। গোবিন্দ বলেন রাজা দেখ বিভাষান। পৌজ হয়ে নাহি মোরে করিল সন্মান।। নাহিক উহার দোষ কর্ম এইৰূপে। ইন্দ্র যম ভয় করে ভীমের প্রতাপে ॥ অম্প দোষে দেয় দণ্ড ক্রোধ নিরন্তর। শ্রুতিমাত্র দেয় শাস্তি মাহি পরাপর।। চলহ পশ্চিম দ্বারে আছে ছুর্য্যোধন। আমা দেখি কদাচ না করিবে বারণ।। আর কহি বিভীষণ না হও বিশাতি। যখন করিবে দৃষ্টি ধর্মা নরপতি।। ভূমিষ্ঠ হইয়া তুমি প্রণাম করিবে। নৃপতির আজ্ঞা পেলে তথনি উঠিবে।। বিভীষণ বলে প্রভু নহে কদাচন। নিবেদন করিয়াছি মম বিবরণ।। পূর্ব্ব হৈতে তব পদে বিক্রীত শরীর। তব পদ বিনা জন্যে না নোয়াব শির।। এত শুনি গোবিন্দ ভাবেন মনে মনে। করিয়াছি কুকর্ম্ম আনিয়া বিভীষণে।। বিভীষণ যদি দণ্ডবৎ না করয়। সভাতে পাইবে লজ্জা ধর্মের তনয়।। এত চিস্তি জগমাথ করেন বিচার। ব্রহ্মা আদি তপ করে এবা কোন ছার।। যজ্ঞারম্ভ কৈল রাজা আমার বচনে। षामि यरङक्षत विल कारन मर्ककरन।। ব্রহ্মা আদি কৈল যজ্ঞ ব্রহ্মাণ্ড ভিতর। কোন যজ্ঞ নাহি হবে এ যজ্ঞ উপর।। এত চিস্তি জগন্নাথ সহ বিভীষণ। পশ্চিম দ্বারেতে মান যথা ছুর্য্যোধন।।

ছুর্য্যোধন নৃপতির ছুই অধিকার। দ্রব্যের ভাগুরী আর রক্ষা করে দ্বার।। অসংখ্য ভাতার যেন**ংশোভে** গিরিবর। কনক রব্ধত মুক্তা প্রবাল পাথর।। অমূল্য কীটজ চীর লোমজ বসন। कछ, ती मनन इसी मुक्री अन्नत्त ।। চত্দিক হইতে জাসিছে ঘনেঘন। আবাঢ় আবলে যেন হয় বরিষণ।। দরিদ্র ভিক্ষক দ্বিজ ভট্ট আদি যত। বিদ্বরের সমত দিতেছে অনুত্রত।। যত দ্ৰবা আদে তত দিতেছে সকল। পুনঃপুনঃ আদে যেন জোয়ারের জল।। কত জনে কত দেয় নাহি পরিমাণ। अमितिष्ठा रिकल शुथी मिशा वन्नमान।। ঊনশত ভাই সহ নিজ পরিবার। তুর্ব্যোধন ছারী রাথে পশ্চিম তুয়ার।। र्शावित्मरत नित्रथिया वर्ल छूर्यगायन। কহ কোন হেতু দাওাইলা নারায়ণ।। त्शिविकं वरलन इनि लक्षात केश्वत । যাইতে নিবারে কেন তোমার কিঙ্কর।। ছুর্য্যোধন বলে ক্লম্ড নাহি তার দোব। আপনি জানহ প্রস্তু ভীমের আকোশ।। হের দেখ জগন্ধাথ দ্বারেতে আছয়। পশ্চিম দিকেতে বৈসে যত রাজচয়।। শিরসি দেশের রাজা দেখহ রোহিত। শতসংখ্য রাজা আছে ইহার সহিত।। পঞ্চ কোটি হস্তী সঙ্গে দশ কোটি রথ। যার দৈন্য যুড়িয়াছে দশ তেলশ পথ।। নানা যান করিয়া বিবিধ রত্ন লৈয়া। দ্বার্থেত আছয়ে সব বারিত হইয়া।। মালব ঈশ্বর শিবি পুন্ধর নৃপতি। পঞ্চ শত রাজা আছে দোঁছার সংহতি।। এক কোটি রথ আর গজ কোটি সাথ। কত শশু স্থাছে কেবা করে দৃষ্টিপাত।। নানাবৰ্ণ রত্ন লয়ে ছুয়ারেতে আছে। মাস ছই ভিন হৈল কেহ নাছি পুছে।।

দারপাল রাজা আর রাজ রন্দারক। প্রতিবিদ্ধ্য নরপতি অমরকণ্টক !! এ সবার সঙ্গে রাজা শত পঞ্চ শত। লিখনে না যায় যত গজ বাজী রথ।। চারি জাতি প্রজা এল নানা কর লৈয়া। দ্বারেতে আছমে সব বারিত হইয়া।। চিত্রদেন রাজা দেখ চাঁচর ঈশ্বর। ত্রিশ কোটি রথ ত্রিশ কোটি যে কুঞ্জর।। নানারত্ব আনিল নাহিক তার ওর। এ সবার পাছে যেন দাণ্ডাইয়া চোর।। বস্থুদেব সহ আসে যত যত্নবীর। শল্য মদ্রেশ্বর যে মাতুল নুপতির।। আজ্ঞা পেয়ে মাদ্রীপুজ্র লইল ভিতরে। তথাপিহ ছুই দিন রহিলেন দ্বারে।। আসিবা মাত্রেতে লয়ে চাহ যাইবার। আজ্ঞা বিনা কিৰূপেতে দ্বারী ছাড়ে দ্বার।। এইক্ষণে আসিবেক মাদ্রীর নন্দন। ক্ষণমাত্র এথায় বৈসহ নারায়ণ।। এত বলি ছুর্য্যোধন দিল সিংহাসন। क्रुहे तिश्हांमत्न विमित्न क्रुहे कन।। কে বুঝিতে পারে জগন্নাথের চরিত। অখিল ব্রহ্মাণ্ড যাঁর মায়ায় মোহিত।। ধন্য রাজা ইন্দ্রন্তান্ন জন্ম শুভক্ষণে। হেন প্রভু বশ কৈল আপনার গুণে।। ধন্য ধন্য অশ্বমেধ কৈল শত শত। কঠোর তপস্থা রাজা ধন্য কৈল কত।। কেহ যজ্ঞ ত্রত করে বৈভব কারণ ৷ ইন্দ্রপদ বাঞ্চে কেহ কুরের তপন।। তিন লোক মধ্যে ইন্দ্রতামেরে বাখানি। কত ইন্দ্রপদ যার কর্মের নিছনি।। যাহার যশের গুণে পুরিল সংসার। ক্রিত্রেমধ্যে থণ্ডাইল যম অধিকার।। যাবত ব্রহ্মাণ্ড আর যাবত ধরণী। করিন অম্ভূত কীর্ত্তি নিন্তারিতে প্রাণী।। গোহত্যা স্ত্রীহত্যা স্থাদি করে যে নারকী। **जवरहरम ऋर**र्ज यांग्र क्रक्षमूथ रमिथ ।।

জমে জমে কাশী জাদি নানা তীর্থ সেবে।
তপক্লেশ যক্ত ব্রত সদা করে যবে।।
পঞ্চমহা পাতকী শ্রীমুখ যদি দেখে।
সে কোটি কম্পের পাপ শরীরে না থাকে
শ্রীমুখ না দেখে যেবা থাকিতে নয়ন।
সংসারেতে নরযোনি তার অকারণ।।
ভগন্নাথ নাম যেবা করয়ে শ্রন।।
পৃথিবীর মধ্যে তার সফল জীবন।
কাশীরাম প্রনময় তাঁহার চরণ।।

## বৰ্কলোক মূর্ছা।

তবে জন্মেজয় রাজা মুনিরে পুছিল। কহ শুনি অনন্তরে কি প্রসঙ্গ হইল।। মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। বিভীষণ সহ বসিলেন নারায়ণ।। পরিশ্রম হয়ে ছিল পদত্রজে চলি। চতুর্দ্দিকে বিশেষে লোকের ঠেলাঠেলি।। চৌদিকে অযুত ক্রোশ সভা পরিসর। ভ্রমিয়া দোঁহার প্রান্ত হৈল কলেবর।। সিংহাসন উপরে বসিল ছুই জন। হেনকালে উপনিত মাদ্রীর নন্দন।। গোবিশ্বে দেখিয়া বীর কৈল নমস্কার। তারে ডাকি ক্লফ জিজ্ঞানেন সমাচার।। ছুই তিন দিন নাহি রাজ সম্ভাষণ। কহ দেখি সহদেব সব বিবরণ।। সহদেব বলে শুন দেব দামোদর। তুমি গেলে আদিলেন যতেক অমর।। সকলের হইয়াছে রাজ-দরশন। তব পদ দেখিবারে আছে সর্ব্ব জন।। **(** प्रवृत्म नहेश्रा आहर् स ( प्रवृत्राक । তুমি গেলে ভেটিবেক দেবের সমাজ।। এত শুনি উঠিলেন শ্রীবৎসলাঞ্ছন। তাঁহার সহিত গেল নিক্ষানক্ষন।। সভামধ্যে প্রবেশেন দেব নারায়ণ। গোবিন্দেরে নির্থিয়া উঠে সর্বজন।।

মগুলী করিয়াছিল বেদীর উপরে। ক্লকে দৃষ্টি মাত্র সবে পড়ে বায়ূভরে ॥ কত দূরে পড়ি গেল ক্রি ক্নতাঞ্জলি। মহাবাতা-ঘাতে যেন পড়িল কদলী।। দেবতা গন্ধর্ক আর অপ্সর কিন্নর। দেবঋষি ব্রহ্মঋষি রক্ষ খগবর।। এক জন বিনা আর যে ছিল যথায়। কত দূরে পড়ে সবৈ হয়ে নম্রকায়।। শতেক সোপান পর ধর্মের নন্দন। পঞ্চাশৎ সোপানে উঠেন নারায়ণ।। বিশ্বৰূপ প্ৰকাশেন দেব জনাৰ্দ্দন। যেৰূপ দেখিয়া মুগ্ধ হৈল পদাসন।। সহস্র মস্তকে শোভে সহস্র নয়ন। সহস্র মুকুট মণি কিরীট ভূষণ।। সহস্র প্রবণে শোভে সহস্র কুগুল। সহঅ নয়নে রবি-সহঅমগুল।। বিবিধ আয়ুধ শোভে সহজ্রেক করে। সহস্র চরণে শোভে কত শশধরে।। সহস্র সহস্র যেন সূর্য্যের উদয়। শ্রীবৎস কৌস্তুভমণি শোভিত হৃদয়।। গলে দোলে আজানুলয়িত বনমালা। পীতাম্বর শোভে যেন মেঘেতে চপুলা।। শঙা চক্র গদা পদ্ম আর শাঙ্গ ধনু। নানাবৰ্ণ মণিময় বিভূষিত তকু।। সহস্র সহস্র শস্তু আছে করংযোড়ে। কত কত মুখে তারা স্তুতি-বাণী পড়ে।। সহস্র সহস্র চকু বুকে দিয়া হাত। সহস্র সহস্র অংশ করে প্রণিপাত।। বিশ্বৰূপ বিশ্বপতি দেখে দেবগণ। চকিত হইয়া সবে হৈল অচেতন।। অন্তরীক্ষে থাকি ধাতা বিশ্বৰূপ দেখি। নিমেষে চাহিয়া মুদিলেন অষ্ট জাঁখি॥ অজ্ঞান হইয়া ধাতা আপনা পাসরে। ·করযোড় বর্দরি শেষে পড়ে কত দুরে।। লুকায়ে ছিলেন শিব যোগিৰূপ হয়ে। চরণে পড়িল বিশ্বৰূপ নির্থিয়ে।।

ইন্দ্র যম কুবের বরুণ ভূতাশন। চন্দ্র সূর্য্য থগ নাগ গ্রহ রাশিগণ।। যেই যথা ছিল সব গেল ধরা পড়ি। অচেতন হয়ে সবে যায় গড়াগড়ি॥ সকলে পড়িল যদি করি প্রণিপাত। যুধিষ্টিরে চাহি কন্ দেব জগন্নাথ।। করযোড় করি বলে দেব ভগবান। পূৰ্কভিতে মহারাজ কর অৰধান।। কমণ্ডলু জপমালা যায় গড়াগড়ি। পড়িয়াছে চতুমুখ অফ ভুজ যুড়ি॥ তাঁহার পশ্চাতে দেখ প্রজাপতিগণ। কদিম কশ্যপ দক্ষ আদি যত জন।। ব্রহ্মার দক্ষিণে দেখ যোগী মহাবেশ। ত্রিলোচন পঞ্চার্নন প্রণমে মহেশ।। কার্ত্তিক গণেশ দেখ তাহার পশ্চাৎ। তব গুণে নমক্ষরে ধন্ম তুমি তাত।। সহত্র নয়নে বহে ধারা তুই গুণ। হের দেখ প্রণমিছে সহস্র-লোচন।। ছোদশ আদিত্য আর দেব শশধর। কুজ বুধ আর গুরু শুক্র শনৈশ্চর।। রাহু কেতু অগ্নি তারা বসু অফ্ট জন। মেঘ বার তিথি যোগ ঋঘি ঋক্ষগণ।। দেবঋষি ব্রহ্মঋষি রাজঋষিগণ। প্রণাম করিছে সবে তোমার চরণ।। যাম্যভিতে মহারাজ কর অবগতি। প্রণাম করিছে পড়ি মৃত্যু-অধিপতি॥ পশ্চিমেতে অবধান কর নুপবর। কর্যোড়ে পড়িয়াছে জলের ঈশ্বর।। সিকুগণ সহ দেখ যত নদ নদী। যতেঁক দানৰ দৈত্য অমরবিবাদী।। হের দেখ মহারাজ সহস্র সোদর। সহত্র মন্তক ধরে শেষ বিষধর।। প্রধাম করিছে তোমা ভূমিতলে পড়ি। সহস্র মস্তকে ধূলি যায় গড়াগড়ি॥ উত্তরেতে মহারাজ কর অবধান। প্রণাম করিছে ভোমা যক্ষের প্রধান।।

ধবল গন্ধৰ্ক-অশ্ব দিয়া চারি শত। হের দেখ প্রাণমিছে অই চিত্ররথ।। গন্ধর্ক কিন্নর যক্ষ অপ্সরী জপ্সর। গড়াগড়ি যায় দেখ ভূমির উপর।। তার বামভাগে দেখ রাক্ষ্যের শ্রেষ্ঠ। শ্রীরামের মিত্র হয় রাবণ-কনিষ্ঠ।। হের অবধান কর কুম্ভীর কোঙর। ছয় সহোদর দেখ খগের ঈশ্বর ।। ভীম্ম দ্রোণ দেখ ধৃতরাফ্র জ্যেষ্ঠ তাত। উগ্রসেন যক্তসেন শল্য মদ্রনাথ।। 🕠 বসুদেব বাসুদেব আদি যত জন। তব পদে প্রণাম করিছে সর্বজন।। পৃথিবীতে নাহি রাজা তোমার তুলনা। কে করিতে পারে তব গুণের বর্ণনা।। ব্রহ্মাণ্ড পূরিল রাজা তব কীর্ত্তি-যশ। তব গুণে মহারাজ হইলাম বশ।। ক্লুফের বচন শুনি রাজা যুধিষ্ঠির। ভয়েতে আকুল হয়ে কম্পিত-শরীর।। নয়ন-যুগলে পড়ে চারিধারা নীর। মুক্তমু ক্রি অচেতন হয় কুরুবীর।। সবৈর্য্যে বলেন রাজা গদ্ধাদ বচন। অকিঞ্চন জনে প্রস্থু এত কি কারণ।। তোমার চরণে মম জসংখ্য প্রণাম। অবধানে নিবেদন শুন ঘনশুাম।। তড়িত জড়িত পীত কৌষবাস সাজে। জ্ঞীবৎস কৌস্তুভ বিভূষিত অঙ্গ-মাঝে।। শ্রবণে পরশে চক্ষু পুগুরীকপাত। বিষ্ণু বিশ্বৰূপ প্ৰভু সৰ্কলোকনাথ।। সংসারে আছেন যত পুণ্য-আত্মা জন। সতত বন্দয়ে প্রভু তোমার চরণ।। তব পদ দে সবার বন্দিবারে আশা। আকাজ্মায় মাগিবারে না করি ভর্সা।। यि वत मिया अहे कति निरवमन। অনুক্ষণ বন্দি যেন তোমার চরণ ॥ এ সব অনিত্য যেন বাদিয়ার বাঞ্চি। তোমার বিষম মায়া কিবা শক্তি বুঝি।।

গোবিন্দ বলেন রাজা সব ক্ষম তৃমি। ভক্তি মূল্যে তোমাতে বিক্রীতআছিআমি।। আমার নিয়মে কর্ত্তে আমাতে ভকত। বলি যে তাহাতে আমি করি এই মত।। ব্রহ্মা আদি দেবরাজ সম নহে তার। প্রত্যক্ষ দেখহ যত চবণে তোমার ৷৷ 🗷 তব তুল্য প্রিয় মর্ম নাহিক ভুবনে। আমিও প্রণাম করি ভক্তের চরণে।। এত বলি জগন্নাথ পড়িয়া ধরণী। করপ্রটে কহিলেন কত স্তুতি-বাণী।। মোহিলেন মায়াবশে পুন নারায়।। यटक एमिन मर्द रहन शामत्।।। মাতৃলনন্দন হেন দেখিয়া অচ্যতে। সহদেবে কৈল আজ্ঞা বলহ উঠিতে।। সহদেব ডাকি বলে উঠ নারায়ণ। আজা হৈল নিবেদন কর প্রয়োজন।। আজ্ঞা পেয়ে গোবিন্দ উঠেন ততক্ষণ। বুকে হাত দিয়া ক্লম্ভ কহেন বচন।। বহু দিন হল আছে দেব খগনাথ। আজ্ঞা হৈলে যায় সবে লয়ে যজ্ঞভাগ।। ভারতমপ্তলে বৈসে যত নরপতি। বহুদিন হল সবে দ্বারে করে স্থিতি।। বিদায়ে হইয়া গেলে যত দেবগণ। রাজগণ আসি তবে করিবে দর্শন।। ইতিমধ্যে অবিলয়ে যাউক নিজ দেশ। বিদায় করহ শীঘ্র নাগরাজ শেষ।। যজ্ঞস্থানে নাগরাজ আছে সাত দিন। সপ্ত দিন হৈল সখা অন্ন-জল-হীন।। বুঝিয়া সুঝিয়া নাগ কৈল অবিচার। সখার উপরে দিল ধরণীর ভার।। এতেক কহেন যদি দেব জগৎপতি। লজ্জায় মলিনমুখ শেষ অধিপতি।। তবে জনুমতি কৈল ধর্মের নন্দন। যার যেই ভাগ লয়ে করিল গমন। কাশীরাম দাস কহে রচিয়া প্রার। যাহার শ্রবণে হয় পাপের সংহার।।

ধর্মাজ আজ্ঞা তবে কৈল ভতক্ষণ। চারি দ্বারে আছমে যতেক রাজগণ।। সভামধ্যে সবাকারে আইসহ লৈয়া। যত রত্ন ভাণ্ডারেতে সব সমর্পিয়া।। আজ্ঞামাত্র আইলেন যতরাজগণ। ধর্মরাজে প্রণমিয়া রহে সর্বজন।। বসিবারে আজ্ঞা কৈল ধর্মের নন্দন। যথাযোগ্য স্থানে তবে বসে সর্বজন।। পৃথিবীর রাজগণ বসিল যখন। ইন্দ্ৰসভা হৈতে শোভা হইল তথন।। . নারদ দেখিয়া সভা হৃদয়ে ভাবিয়া। কহিলেন ব্যাসদেবে একান্তে বসিয়া ॥ যতেক দেখহ বসিয়াছে রাজগণ। निर्क निर्क युक्त कति श्टेर निधन।। অম্পদিনে খণ্ডিবেক পৃথিবীর ভার। পরস্পর মারি সব হইবে সংহার।। নারদের মুখে এত শুনিয়া বচন। বিষ্ময় মানিয়া চিত্তে চিস্তে তপোধন।। হইবে অদ্ভুত হেন বিচারিল মনে। তুই জন বিনা না জানিল অশু জনে।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

শিভপালের ক্লফনিন্দা।

মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন।

সুধারস রাজস্য়-যজ্জের কথন।।

যুধিষ্ঠির সমাপান করিলেন যাগ।

তুই করিলেন দিয়া যার যেই ভাগ।।

সাক্ষাতে লইল পূজা দেব-পিতৃ-ভূপে।

ব্রাহ্মণে দক্ষিণা দিতে কহিলেন রূপো।

যাক্ষণকে দিতে রুগাচার্য্য রূপাবান।

যতেক দক্ষিণা দিল নাহি পরিমাণ।।

যে রাজ্য হইতে আইল যত বিজগণ।

সে রাজ্যের রাজা এনেছিল যত ধন।।

তাহার দ্বিগুণ করি দক্ষিণা যে দিল। আনন্দেতে দ্বিজগণ দেশেতে চলিল।। এক দ্বিজ তুই চারি লইয়া রাখাল। দেশেতে চালায়ে দিল গবী বৎসপাল। কেহ অশ্ব-গজ-পৃষ্ঠে কেহ চড়ি রথে। রত্নের শক্ট চালাইয়া দিল সাথে।। দক্ষিণা পাইয়া দ্বিজ্ঞগণ গেল দেশে। গঙ্গাপুত্র বলিছেন ধর্মপুত্র-পাশে।। বহুদুর হইতে আইল রাজগণে। বৎসর হইল পূর্ণ তোমার ভবনে।। সবাকারে পূজা কর বিবিধ বিধানে। যজ্ঞ পূর্ণ হৈল সবে যাউক ভবনে।। যথাযোগ্য জানি রাজা পূজ ক্রমে ক্রমে। শ্রেষ্ঠ জন জানি আগে পূজহ প্রথমে॥ এত শুনি যুধিষ্ঠির ভীম্মের বচন। ভাল বলি সহদেবে করেন স্মরণ।। আজ্ঞামাত্র সহদেব তথনি আইল। অর্ঘ্যপাত্র করে লয়ে সন্মুখে দাঁড়াল।। যুধিষ্ঠির জিজ্ঞাসেন শুন পিতামহ। কাহাকে পুজিব আগে শ্রেষ্ঠ কেবা কহ। ভীন্ম বলে রুঞ্চিবংশে বিষ্ণু অবতার। উদ্দেশে মহেন্দ্র আদি পূজা করে যাঁর॥ সর্বৰ আগে অর্ঘ্য দেহ চরণে তাঁহার। তারাগণ মধ্যে যেন চন্দ্রের আকার।। ভকতবৎসল সেই রূপ!-অবতার। তাঁর অগ্রে অর্ঘ্য পায় হেন নাহি আর।। তবে অর্ঘ্য দেহ বীর রাজগণ-শিরে। এত শুনি আনন্দিত সহদেব বীরে।। অর্ঘ্য দিয়া গোবিন্দচরণ পূজা করে। इस्कें हिन्त इरा क्रुक नहेरनन करत ॥ ক্ষে পুজি আনন্দিত পাণ্ডপুত্ৰগণ। সহিতে নারিল দমঘোষের নন্দন।। জ্বলন্ত অনলে যেন যুক্ত দিল ঢালি। ভীম্ম আদি সবাকারে ক্রোধে পাড়ে গালি। রাজস্য় যজ্ঞ পূর্ণ কৈল কুরুবর। (मशिवा क्र**क्षित श्रृ**का (छिमित क्रेश्वत ।।

ক্রোধেতে অবশ অঙ্গ বলে বার বার। ওহে ভীম্ম এ জোমার কিমত বিচার।। সভাতে আছেন রাজ রাজার কুমার। পৃথিবীর যত রাজা দ্বারেতে ভোমার।। এ সব থাকিতে পূজ্য র্ফিকুলোম্ভব। সহজে বালক-বৃদ্ধি কি জানে পাণ্ডব।। রাজস্য় যজ্ঞে আগে পুজিবেক রাজা। কোন্ রাজপুত্র রুষ্ণ তারে কৈলা পূজা।। কোন্ ৰূপে পূজাযোগ্য হয় দামোদর। কহ শুনি ওহে ভীম্ম সভার ভিতর ॥ 🔻 বড় দেখি পূজা যদি চাহ করিবারে। ক্রপদেরে ছাড়ি কেন পূজহ ইহারে।। বিশেষ আছেন বস্তুদেব মহামতি। পিতা স্থিতে পুজে পূজা কহ কোন রীতি।। যদি বা পুজিবে ইথে আচার্য্যের ক্রমে। দ্রোণে ত্যজি ক্লক্ষে কেন পূজিলে প্রথমে॥ যন্তপি বলিয়া ঋষি পুজিবে রাজন। গোপালে পূজহ কেন ত্যজি **দ্বৈপায়ন।।** রাজক্রমে পূজিবারে চাহ নরবর। ছুর্ব্যোধনে ত্যজি কেন পূজ দামোদর ॥ যোদ্ধাগণ পূজিবারে যদি ছিল মন। কর্ণবীর ছাড়ি কেন পূজ নারায়ণ।। প্রিয়শিষ্য শ্রীরামের কর্ণ মহাবীর। ভুজবলে শাসিল নুপতি পৃথিবীর॥ অশ্বত্থামা কুপদেন ভীম্মক নৃপতি। আমা আদি করিরাজা আছে মহামতি।। গণিলে কাহার মধ্যে এই গোপালেরে। কি বুঝিয়া অর্ঘ্য দিলে সৃভার ভিতরে।। প্রিয়বন্ধু বলি যদি ক্লফে কৈলে পূজা। তবে কেন নিমন্ত্রি আনিলে সর্বরাজা।। ক্ষজ্রিয়-মধ্যেতে এই পৃথিবী ভিতরে। এমন অ়মান্য কেহ কভু নাহি করে।। অর্থগর্কে ভুজগর্কে কৈলে হেন বাসি। ভয়ে কিবা লোভে কিবা মোরা নাহি আসি ধর্মবাঞ্চা করিয়াছে ধর্মের নন্দন।, , ধর্ম্মকার্য্য হেতু সবে করিল গমন।।

নিমন্ত্রিয়া জানি শেষে কর অপমান। এই হৈতে ধর্ম তোর হৈল সমাধান।। হে গোপাল তব মুখে নাহি দেখি লাজ। क्यात नहेत्न वर्षा এ नवात माय ।। শুনী যেন হবি খায় পাইয়া নির্জ্জনে। কোন্ তেজে অমান্ত করিলে রাজগণে।। 🌬 সভায় তব পূজা হৈল বড় শোভা। নপুংসক জনের হইল যেন বিভা।। অন্ধ-স্থানে অন্ধ্র যেন জিজ্ঞাসয়ে পথ। সভামাঝে তব পূজা হৈল সেই মত।। ত্ব ভীম ত্ব কৃষ্ণ ত্ব এ রাজন। ছুটের সভায় নাহি রহি কদাচন।। যেই ছার সভায় সুজনে অপমান। ক্ষণমাত্র তথায় না রহে জ্ঞানবান।। এত বলি উঠিয়া চলিল শিশুপাল। সঙ্গেতে চলিল ছুফ্ট কতেক ভূপাল।।

শিশুপালের প্রতি ব্ধিষ্টির ও ভীমের বাক্য। শীঘ্রগতি যুধিষ্ঠির ত্যজি সিংহাসন। শিশুপাল প্রতি কহে মধুর বচন।। এ কর্ম তোমার যোগ্য নহে চেদীশ্বর। যজ্ঞ হৈতে লয়ে যাও সব নৃপবর।। कि क्रांतर निका कत भक्तात नकता। আপনি দেখহ বড় বড়-রাজগণে।। ক্লঞ্চের পূজায় কারো নাহি অপমান। মুনিগণ আদি সবে আনন্দ বিধান।। পিতামহ জানেন যে গোবিন্দের তত্ত্ব। প্রথমে পূজিয়া তাঁরে রাখেন মহত্ত্ব।। ভীম্ম বলিছেন শুন ধর্ম্ম গুণাধার। भौखिरयोगा नरह नमरघारवत कूमात । রুষ্ণপুজা করিবারে নিন্দে যেই জন। সে জনারে মান্ত না করিও কদাচন।। ছেউবুদ্ধি শিশুপাল অপ্প জ্ঞানধাম। রাজগণমধ্যে না লিথিবা তার নাম।। পূজা করে ক্লফপদ ত্রৈলোক্য অবধি। স্থামি কিসে গণ্য যাঁরে পূজা করে বিধি

বহু বহু জানী রুদ্ধলোকমুখে শুনি। কুষ্ণের মহিমা নাহি জানে পদ্মযোনি।। জন্ম হৈতে ইহঁ ার মহিমা অগোচর। আমি কি বলিব সব খ্যাত চরাচর।। পুর্কে সাধুজন সব করিয়াছে পূজা। পৃথিবীর রাজামধ্যে শ্রেষ্ঠ এই রাজা।। বিপ্রমধ্যে পূজা পায় জ্ঞানী রদ্ধগণ। ক্ষজ্রমধ্যে বলবান্ করি যে পূজন।। বৈশ্যমধ্যে পূজা আগে বহু ধান্তধনে। শ্দ্রমধ্যে পূজা পায় বয়োধিক জনে।। যত ক্ষত্রগণ আছে সভার ভিতরে। কোনু জন জ্ঞাত নহে আছে দামোদরে।। কোন ৰূপে কৃষ্ণ ন্যুন এ সভার মাঝ। কুলে বলে ক্লফ তুল্য আছে কোন রাজ।। দান यक धर्मा जात कीर्खि मन्भरमण्ड। সংসারের যতগুণ আছয়ে ক্লুখেতে।। সংসারের যত কর্ম্ম যে জন কর্ম। গোবিন্দেরে সমর্পিলে সর্কসিদ্ধ হয়।। প্রকৃতি আকৃতি কৃষ্ণ আদি সনাতন। সৰ্কভূতে আত্মাৰূপে আছে যেই জন।। আকাশ পৃথিবী তেজ সলিল মৰুত। সংসারে যতেক সব ক্লম্ভে প্রতিষ্ঠিত।। অপ্যবৃদ্ধি শিশুপাল কিছু নাহি জানে। ক্লফপূজা নিন্দা করে তাহার কারণে।। এতেক বলেন যদি গঙ্গার নব্দন। সহদেব বলিতে লাগিল ততক্ষণ।। অপ্রমেয়-পরাক্রম যেই নারায়ণ। হেন প্রভু পৃজিবারে নিন্দে যেই জন।। তাহার মন্তকৈ আমি বাম পদ দিয়া। এ সবার মধ্যে তেঁই বলিব ডাকিয়া ii রাজচর্য্যা বৃদ্ধি বলে অধিক কে আছে। রুষ্ণ হতে এ সবার মধ্যে আগে পাছে।। এতেক বলিল যদি মাদ্রীর নন্দন। •ঘৃত দিলে প্ৰস্থালিত যেন ছতাশন।। শিশুপাল আদি করি যত নুপগণ। ক্রোধভরে গর্জিয়া উঠিল ততক্ষণ।।

যক্ত নাশ কর আর মারহ পাশুব। রফিবংশ মার আর মারহ মাধব।। ্এত বলি রাজগণ মূহা কোলাহলে। প্রলয় সময়ে যেন সমুদ্র উথলে।। রাজগণ আড়মুর দেখি ধর্মরায়। ভীমেরে বলেন কহ ইহার উপায়।। রাজার সমুদ্র এই ক্রোধে উথদিল। না দেখি কুশল মম অনর্থ পড়িল।। ইহার বিধান আজা কর মহাশয়। রাজগণ রক্ষা পায় যজ্ঞ পূর্ণ হয়।। ভীষা বলিলেন পার্থ না করিহ ভয়। প্রথমে কহিছি আমি ইহার উপায়।। গোবিন্দেরে আরাধনা করে যেই জনে তাহার কাহারে ভয় এ তিন ভুবনে।। এই সব ক্রুদ্ধ যত দেখহ রাজন। हैएथ निश्ह-अग्नि एवि एवकीनन्मन ॥ যতক্ষণ সিংহ নিদ্রা হতে নাহি উঠে। গর্জয়ে শৃগালগণ তাহার নিকটে।। 'যতক্ষণ গোবিন্দ না করে অবধান। ততক্ষণ গজিবেক এ সব অক্তান।। শিশুপালের বুদ্ধিতে গর্জ্জে যতজন। তাহারা যাইবে শীঘ্র যমের সদন।। অগ্নি দেখি পতঙ্গ বিক্রম যত করে। ক্ষণমাত্রে ভন্ম হয় পরশি অগ্নিরে।। উৎপত্তি প্র'দয় স্থিতি যাঁহার স্বভাব। মূঢ় শিশুপাল কিছু না জানে সে ভাব। ভীষ্মের বচন শুনি দমঘোষসুত। কঁটুৰাক্যে নিন্দা করি বলিল বছত।। বৃদ্ধ হলি নাহি লজ্জা কুলাঙ্গার ওরে। বিভীষিকা প্রাণ্ডয় দেখাও সবারে।। বৃদ্ধ হৈলে প্রায় লোক মতিচ্ছন্ন হয়। ধর্মচ্যুত কথা তাই কহ ছুরাশয়।। কুরুগণমধ্যে তোমা দেখি এই মত। অন্ধ যেন অন্ধস্থানে জিজ্ঞাসয়ে পথ।। ক্লফের বড়াই নাহি কর বহুতর। তাহার মহিমা যত কার অগোচর।।

তার আগে কহ নাহি জানে ষেই জন। স্ত্রীলিঞ্চ পূতনা ছুইট করিল নিধন।। কার্চ্চের শক্টথান দিল ফেলাইয়া। পুরাতন তুই রক্ষ ফেলিল ভাঙ্গিয়া।। র্য অশ্ব মাধিয়া হইল অহক্ষার। (১৭) ইন্দ্রজাল করি কংমে করিল সংহার।। সপ্ত দিন গোবর্দ্ধন ধরিল বলয়। ( ১৮ ) এ সব তোমার চিত্তে মোর চিত্তে নয়।। বল্মীকের ছত্র প্রায় লাগে মোর মনে। বড় বলি কহে যত মূঢ় গোপগৰে।।। সাধুজন সঙ্গে তোর নাহিক মিলন। শুন আমি কহি যে কহিল সাধুজন।। স্ত্রীলিঙ্গ গো দিজ আর অন্ন থাই যার। এত জনে কদাচিত না করি প্রহার।। স্ত্রীলিঙ্গ পৃতনা মারি র্য মারে মাঠে।১৯ কংসেরে মারিল যার অর্দ্ধ অল্প পেটে।। শ্রীগোবিন্দ নারীঘাতী পাপী তুরাচার। হেন জনে কর স্তুতি আরে কুলাঙ্গার।। তোর কর্ম্মে পাগুবের বড় হবে তাপ।.. ধর্মচ্যুত হৈলি তুই দুষ্টমতি পাপ।। আপনারে ধর্মজ্ঞ বলিস্লোকমাঝ। ইহার যতেক কর্ম্ম শুন সর্বরাজ।। কাশীরাজ অস্বা কন্তা শালে বরেছিল। এই ছুফ গিয়া ভারে হরিয়া আদিল।। বার্ত্তা জানি পুন তারে করিল বর্জ্জন। শালুরাজা শুনি তারে না কৈল গ্রহণ।। তবে কন্সা প্রবৈশিল অনল ভিতরে। ন্ত্রী বৃধিয়া মহাপাপী খ্যাত চরাচরে।। আরে ভীন্ম তোর ভাই স্বধর্ম্মেতে ছিল। সুপথে বিচিত্ৰবীৰ্য্য জন্ম গোঁয়াইল।। সে মরিল নিজভার্য্যা দিয়া অস্ত জনে। তুমি ছ্রাচার জন্মাইলে পুত্রগণে।। ব্রহ্মচারী আপনারে বলাইস লোকে। ट्रम खक्कार्ठिश करत वह मश्रू भरक ।। কোনৰূপে তব শ্ৰেয় নাহি দেখি আমি। দান যক্ত ব্রত ব্যর্থ কর অধোগামী।।

বেদপাঠ ধ্যান ব্ৰত যোগযাগ দান। ইহা সবে নাহি হয় অপত্য সমান।। 🗆 সর্কদোষ কুলাঙ্গার আছে তোর স্থান। অনপত্য বৃদ্ধ আর কুপথ বিধান।। পুর্কে শুনিয়াছি আমি হংস বিবরণ।(২০) তাহার সদৃশ ভীম্ম তোর আচরণ।। ন্থেন যুখনধ্যে যেন রদ্ধ হংস থাকে। धर्म केत धर्माठात वरन मर्करनारक।। অহর্নিশি বুধগণে ধর্মকথা কয়। ধার্মিক জানিয়া সবে তার বাক্য লয়।। হংসগণ যায় যদি আহার কারণে। সবে কিছু কিছু আনে তাহার ভোজনে।। আপন আপন ডিম্বু রাখিয়া তথায়। বিশ্বাস করিয়া সবে চরিয়া বেড়ায়।। ক্রমে ক্রমে ডিম্ব সব করিল ভক্ষণ। দেখি শোকাকুল হৈল সব হংসগণ।। এক হংস বুদ্ধিমন্ত তাহাতে আছিল। রুদ্ধ হংস ডিম্ব খায় প্রকারে জানিল।। কোধে সব হংস তারে করিল নিধন। সেই হংস মত ভীম্ম তব আচরণ।। वृद्ध इश्टम इश्म यथा क्रिन निधन। সেকপে মারিবে তোরে যত রাজগণ।। আারে ভীম জ্ঞানহারা হলি রদ্ধকালে। যে গোপজাতির নিন্দা করয়ে সকলে।। রদ্ধ হয়ে তারে তুই করিস্ত্তবন। ধিক ক্ষল্র ভীয়া নাম ধর অকারণ।। জরাসন্ধ রাজা ছিল রাজচক্রবন্তী। কদাচিৎ না যুঝিল ইহার সংহতি।। গোপজাতি বলি ঘূণা কৈল নরবর। তার ভয়ে রহেছিল সমুদ্র-ভিতর।। দেশের বাহিরে যেন অবসান জাতি। यूट्य ऋत नटर त्यम भृतान-श्रक्ति।। কপটে মারিল জরাসন্ধ নুপবরে। দিজবাপে গেল ছুফ পুরীর ভিতরে।। ইহার জাতির আমি না পাই হিণ্য়। কভু কজ কছু গোপ কভু দিক হয়।।

কহ ভীষা এই যদি দেব জগৎপতি। তবে কেন কণে কণে হয় নানাজাতি।। এই সে<sup>.</sup> আশ্চর্য্য বোধ হইতেছে মনে। ধর্ম অসম্ভব করে তৌমার বচনে।। ছুদৈব হইবে যার তুমি বুদ্ধিদাতা। তোর বুদ্ধি দোবে রাজস্থর হৈল রথা।। শিশুপাল ভীম্মে কটু বলিল অপার। শুনি ক্রোধে জ্বলিলেন প্রন্কুমার।। তুই চক্ষু রক্তবর্ণ দন্ত কটমটি। সৰ্কাঙ্গ ঘামিল কোধে ললাটে ভকুটি॥ রক্তমুখ বিক্বতি অধরে দস্তচাপ। সিংহাসন হতে বীর উঠে দিয়া লাক।। যুগান্তের যম যেন সংহারিতে স্থন্তি। শিশুপাল উপরৈ ধাইল°ক্রোধদৃষ্টি।। তুই হস্ত ধরি তার গঙ্গার নন্দন। কার্ত্তিকে ধরিল যেন দেব ত্রিলোচন।। বহু বহু মিফ্টভাবে ভীমে নিবারিল। সমুদ্রতরক্ষ যেন কুলে লুকাইল।। না পারিল ভীষাহস্ত করিতে মোচন। জলে নিবারিল যেন দীপ্ত ভ্তাশন।। ছুফ শিশুপাল তবে অপ্প জ্ঞান করি। ক্ষুদ্র মৃগ দেখি যেন হাসয়ে কেশরী॥ ডাকি বলে আরেরে রহিলি কি কারণ। হস্ত ছাড় ভীম্ম কেন কর নিবারণ।। কৌতুক দেখহ যত নুপতি সকলে। প্রক্ষের মত যেন দহিব অনলে।। ভীমে নিবারিয়া কহে গঙ্গার নন্দন। এই শিশুপালের শুনহ বিবরণ।। ভীম কর্তৃক শিশুপালের জন্মকথন ও শিওপালের ক্রোধ।

চেদিরাজ-গৃহে জন্ম হইল যথন।
চারি গোটা হস্ত আর হৈল ত্রিলোচন।।
জন্মমাত্রে ডাকিলেক গর্দ্ধভের প্রায়।
বিপরীত দেখি কম্প লাগে বাপ মায়।।
জাতমাত্র ডাজিবারে কৈল ভারা মন।
আচন্বিতে শুনে শৃক্স আসুরী বচন।।

শ্রীমন্ত বলিষ্ঠ এই হইবে নন্দন। না করিহ ভয় কর ইহারে পালন।। বিপরীত দেখি যদি চিন্তা কর মনে। ইহার কারণ কিছু শুন সাবধানে।। সেই জন এই শিশু করিবে সংহার। তুই ভুজ লুকাইবে পরশে যাহার।। চতু জ হয়েছিল চেদির নন্দন । রাজ্যে রাজ্যে শুনিল যতেক রাজগণ।। व्यान्हर्गे शुनिया मत्य यात्र प्रियोदत । দশ বিশ রাজা নিত্য যায় তার পুরে।। সবাকারে দমঘোষ করয়ে অর্চন। কোলে দেয় স্বাকারে আপন নন্দন।। তবে কতদিনে শুনি হেন বিবরণ। দেখিতে গেলেন তথা রাম-নারায়ণ।। গোবিন্দের পিতৃস্বসা ইহার জননী। তাঁর গৃহে উপস্থিত রাম যতুমণি।। দেখি পিতৃস্বসা করে বহু সমাদর। হৃষ্টিচিত্তে ভূঞাইল তুই সংহাদর।। স্নেহেতে বালক লয়ে দিল ক্লফকোলে। অমনি ছু হস্ত খদি পড়ে ভূমিতলে।। কপালের নয়ন কপালে লুকাইল। দেখিয়া ইহার মাতা সশস্কা হইল।। কর্যোড় করি বলে দেব দামোদরে। এক বর মাগি বাপা আজ্ঞা কর মোরে।। ভয়ে কম্পামান হৈল আমার শরীর। তুমি ভয় ভাঙ্গিলে যে দেহ হয় স্থির।। 🕮 ক্লুঞ্চ বলেন মাতা না ভাবিহু মনে। কোন বর আজ্ঞা কর দিব এইক্ষণে।। মহাদেবী বলে মোরে এই বর দিবা। এ পুঁজের অপরাধ শত যে ক্ষমিবা।। বহু অপরাধ এই করিবে তোমার। মোরে দেখি অপরাধ ক্ষমিব। ইহার।। ক্লম্ব্য বলে না লঙ্কিব বচন ভোমার। শত অপরাধ আমি ক্ষমিব ইহার।। অবশ্য ক্ষমিব দোষ একশত বার। তোমার অত্যেতে মাতা করি অঙ্গীকার।।

পূৰ্বে হইয়াছে এই ৰূপেতে নিৰ্বন্ধ। মুট শিশুপাল ছই চক্ষু স্থিতে অন্ধ।। হে পুজ্র ডাকিছে ছুফ্ট যুদ্ধের কারণ। তব কর্ম্ম নহে ইহা কুন্তীর নন্দন।। শ্রীক্লফের অংশ কিছু আছয়ে ইহার। সে কারণে ইহা সহ যুদ্ধ না যুয়ায়।। হে পুজ্র কে আছে জাজি সংসার ভিতরে। কাহার শকতি মোরে গালি দিতে পারে।। কুবচন বলিল যে এই কুলাঙ্গারে। হীনবীর্য্য হৈলে সেও নারে সহিবারে।। বিষ্ণু অংশ কিছু আছে ইহার শরীরে। তাই তৃণ্বৎ মানে আমা সবাকারে।। নিজ অংশ লইবারে চাহে নারায়।। তোর যত গালি সহি তাহার কারণ।। ভীষ্মের এতেক বাক্য শুনি চেদীশ্বর। হাস্থ্য পরিহাস্থ্য করি বলয়ে উত্তর ।। ভাল হৈল শত্রু মোর নন্দের নন্দন। তোর এত স্তুতি তারে কিসের কারণ।। লোকের বর্ণনা যথা করে ভট্টগণ। এত যদি কর তুমি পরের স্তবন।। যত স্তুতি কৈলে তুমি নন্দের নন্দনে। জন্য জনে কৈলে বর পেতে এতক্ষণে।। বাহলীক রাজায় যদি করিতে স্তবন। মনোনীত বর তবে পাইতে এক্ষণ।। মহাদাতা কর্ণবীর বিখ্যাত সংসারে। জুরাসন্ধ রাজা যারে হারিলা সমরে।। ত্রবণে কুণ্ডল যার দেবের নির্মাণ। वर्जिंग कवर वर्क सूर्या मीश्विमान।। অঙ্গ-রাজ্যেশ্বর সেই দানে অকাতর। কর্ণে স্তুতি করিলে যে পেতে ভাল বর।। দ্রোণ দ্রৌণি পিতাপুত্রে বিখ্যাত সংসারে মুহূর্ত্তেকে ভুমগুল পারে জিনিবারে।। রাজগণ-মধ্যে ছুর্য্যোধন মহাবল। সাগরাম্ভ পৃথিবী যাহার করতল।। ভগদত্ত জয়ত্রথ ভীষক ত্রুপদ। ৰুক্সি দন্তবক্ৰ মৎক্ত কলিক কামদ।।

वृष्टमन विषम अयुविषम क्रुभागर्या। এ সবার স্তুতি কৈলে বড় হৈত কার্য্য।। ধিক্ ধিক্ বৃদ্ধি তব বলিব কি আরে। ভূলিক পক্ষীর সম চরিত তোমার।। ভূলিঙ্গ বলিয়া পক্ষী হিমাদ্রিতে থাকে। তাহার সংবাদ শুনিয়াছি লোকমুখে।। সিব পক্ষিগণে সেই উপদেশ কয়। সাহসিক কর্মা ভাই কভু ভাল নয়।। সাহসিক কর্মে ভাই ছঃখ পাই পাছে। আমিও কহি যে এই শাস্ত্রে হেন আছে।। হেনৰূপ পক্ষিগণে কহে অনুক্ষণ। তাহার যে কর্ম তাহা শুন সর্বজন।। আহার করিয়া সিংহ থাকয়ে শুইয়া। ভূলিঙ্গ থাকয়ে তার নিকটে বসিয়া।। কতক্ষণে হাই উঠে সিংহের মুখেতে। ভক্ষ্যমাংস লাগি থাকে তাহার দত্তেতে।। অতিশীঘ্র সেই মাংস কাড়ি লয়ে যায়। নিজকর্ম এইৰূপ অন্তেরে শিখায়।। সিংহের রূপাতে রহে ভূলিঙ্গ-জীবন। ইঙ্গিতে মারিতে পারে যদি করে মন।। সেইমত রাজগণ ক্ষমিছে তোমারে। ক্রোধ কৈলে তথনি পাঠাত যমঘরে॥ অসহ এ কটুবাক্য শুনি ভীম্বীর। কহেন কম্পিত-অঙ্গ হইয়া অস্থির।। আরে মুর্খ ত্রাচার শুন ক্রমন। क्रास्थ खाँ कि कति (इन दिनानि वहन।। চতুর্বেদে চতুর্মুখে যাঁর গুণ গায়। পঞ্চমুখে স্তুতি যাঁরে করে দেবরায়।। সহস্র বদনে শেষ যাঁরে করে স্তৃতি। চরাচরে আর যত বৈসে মহামতি।। যাহার জিহ্বাতে নাহি কুষ্ণগুণগান। সংসারেতে পাপত্র ধরে অকারণ ॥ শুড যে মনুষ্য আমি হই অপামতি। পামি কি করিতে পারি ক্লম্ভ গুণস্তুতি।। আরে পাপ বলিলি ক্ষমিছে রাজগণ। সে কারণে রহিয়াছে তোমার জীবন।।

এ সবার মধ্যে যত দৈখি রাজগণে। তৃণবৎ হৈন আমি দেখি যে নয়নে।। এ প্রকার বলিলেন গঙ্গার নন্দন। ক্রোধেতে নৃপতি সব করিছে গর্জন।। সাধু রাজগণ শুনি হইল হরষ। তুষ্ট রাজগণ সব বলয়ে কর্কশ।। গর্মিত ছর্মাতি এই ভীম্ম পাপাচার। পশুর মতন এরে করহ সংহার।। কেহ বলে ইচ্ছামৃত্যু অহন্ধার ধরে। বান্ধিয়া অনলে লয়ে পোড়াও ইহারে॥ হাসিয়া বলেন ভীষা শুন রাজগণ। মুখে বচাবচ সব কর অকারণ।। পদ দিয়া কহি আমি সরাকার শিরে। যার মৃত্যু ইচ্ছা আছে আইস সমরে।। পূজায় সন্তুষ্ট এই দৈবকী-নন্দন। সমরে ডাকুক যার নিকট মরণ।। গোবিন্দের অংশ আছে শিশুপাল-দেহে। সেই অংশ শ্রীগোবিন্দ যাবত না লহে।। তাবৎ পর্য্যন্ত সবে হয়ে থাক স্থির। পশ্চাৎ পাঠাব সবে যমের মন্দির ।। ভীম্মের বচনে ক্রন্ধ হয়ে শিশুপাল ৷ ক্রোধে ডাক দিয়া বলে আরেরে গোপাল।। তোর সহ বিনাশিব পাণ্ডুর নন্দনে। তোরে পূজা কৈল যেন ত্যজি রাজগণে॥

শিশুপাল-বধ ও যুধিষ্টিবের রাজস্ম-ষজ্ঞ সমাপন।

এত বলি শিশুপাল করিছে গর্জ্জন।
হাসিয়া বলেন তবে কমললোচন।।
সকল নৃপতিগণ শুন দিয়া মন।
যত দোষ করিয়াছে এই ছফ জন।।
যাদবীর গর্জে জাত এই ছরাচার।
নিরবধি করিছে যাদব অপকার।।
এককালে আমি পুরী দারকা হইতে।
প্রাগ্জ্যোতিষপুরে গিয়াছিলাম দৈবেতে।।
এই ছফ শুনিলেক আমি নাহি ঘরে।
সদৈন্যতে গেল ছফ দারকানগরে।।

উগ্রসেন,রাজা ছিল রৈবত পর্ন্বতে। মাতৃলের উপরোধ না ধরিল চিতে।। লুটিয়া দারকাপুরী গেল ছ্রাশয়। কহ শুনি হেন কর্ম কার প্রাণে সয়।। ত্তাব কত দিনে পিতা অশ্বমেধ কৈল। সক্ষণ্প করিয়া যজ্ঞ তু ক্ল ছাড়িল।। যতুগণে নিযোজিল অখের রক্ষণে। ঘোড়া হরি লয়ে গেল এইত তুর্জনে।। ইহার অন্তরে তবে শুন সর্বজনে। तोदीदत्र प्रदर्श अत्र देश के कित्र ।। বক্ত নামে যাদুবের ভার্য্যা গুণবতী। তারে বলে হরি নিল এই পাপমতি॥ তদন্তরে শুন সবে এ ছফ্ট-কাহিনী। ভদ্রা নামে কন্সা ছিল যাদবনন্দিনী।। বসুরাজে বরেছিল সেইত কন্সায়। তারে হরি নিল ছুফ্ট প্রবন্ধ মায়ায়।। মাতুলের কন্সা হয় ভগিনী ইহার। তারে হরি নিয়া গেল এই ছুরাচার।। ইত্যাদি যতেক দোষ কহিব কতেক। সাক্ষাতে দেখিলে হয় বিদিত প্রত্যেক।। করিলাম সে সকল দোবের মার্জ্জন। কেবল পিতৃস্বসার সত্যের কারণ।। সাক্ষাতে শুনিলে সবে যে মন্দ বলিল। मर्सकत्म छिन्तित य धरे जान देशन।। পরোক্ষের কথা যত শুনিলে প্রবণে। প্রত্যক্ষের যত কর্ম্ম দেখ বিদ্যমানে ।। বহু সহিলাম আর সহিবারে নারি। মৃত্যুপথ চাহে আজি এই পাপকারী।। আর শুন রাজগণ এ ছুফের কথা। লক্ষীৰূপা ৰুক্মিণী ভীষ্মক নৃপস্কতা।। বিবাহ করিতে তারে করিলেক মন ৷ শূদ্রে যেন চাহে বেদ করিতে পঠন।। শিশু যেন চন্দ্রমারে ধরিবারে চায়। হবিভাগ চণ্ডালেতে কভু নাহি পায়।। এতেক বলেন यनि बीमधूस्मन। শিশুপালে নিন্দা করে যত রাজগণ।।

ক্লফের বচন শুনি শিশুপাল হাসে। গোবিন্দেরে নিন্দা করে অশেষ বিশেষে।। নিলজ্জ তোমারে আমি কি বলিব আর। তোমার ছুদ্ধর্ম যত বিখ্যাত সংসার।। ভীম্মকের কন্সা মোরে করিল বরণ ৷ বহু দিন হয় নাহি জানে সর্বজন।। হরিয়া লইলি তারে রাজসভা হৈতে। পুন সেই কথা কহ নির্লক্ত মুখেতে।। কহ কৃষ্ণ দেখিয়াছ শুনেছ প্রবণে। পূর্কাবর কন্যা হরিয়াছে কোন্ জনে।। তোমা বিনা পৃথিবীতে ক্ষত্রিয় ভিতরে। কে করেছে নাম ধরি বলহ আমারে।। গোকুলে করিলি যত জানে সর্বজনা। হরিলা কি পরদার যত ব্রজাঙ্গনা।। কিবা তোর ক্রিয়া কর্ম্ম কি তোর আচার। সভামধ্যে কহ পুন করি অহন্ধার।। শিশুপালের বহু দোষ ক্ষমিয়াছি আমি। দোষ না ক্ষমিয়া মোর কি করিবা তুমি।। ক্ষম বা করহ কোধ যেই লয় মতি। তোমার কি শক্তিযেকরিবা আমা প্রতি।। এতেক বলিল যদি চেদীর ঈশ্বর। শুনি সুদর্শনে আজা দিলেন ঞীধর।। সুদর্শন মহাচক্র অগ্নিযেন জ্বলে। পিশুপাল-শির কাটি ফেলে ভূমিতলে।। বজাঘাতে চূর্ণ যেন হল গিরিবর। দেখি চমৎকুত হৈল সব ক্ষিতীশ্বর।। শিশুপালের অঙ্গতেজ হইয়া বাহির। আকাশে উঠিল যেন দ্বিতীয় মিহির।। একদুষ্টে দেখিছেন সব রাজগণে। পুন আসি প্রণমিল কুষ্ণের চরণে।। ক্লকের চরণে লিপ্ত হৈল আচম্বিত। তাহা দৈথি সভাজন হইল বিস্মিত।। বিনা মেঘে বরিষয় গগনেতে জল। কম্পিত নির্ঘাতশব্দে হৈল চলংচর।। আর যত রাজাগণ গর্চ্চিবারে ছিল। ভয়েতে আকুল হৈয়া সবে লুকাইল।।

অধর কামভে কেই ঠারাঠারি করে। কোন কোন রাজা স্তুতি করে গোবিন্দেরে।। সহোদরগণে বলিলেন যুধির্চির। সৎকার করহ শিশুপালের শরীর।। শিশুপালপুত্রে করি চেদীর ঈশ্বর। ্ধর্মরাজে মিবেদিল যত নৃপবর।। সম্পূৰ্ণ হইল যজ্ঞ সিদ্ধ হল কাজ। লক্ষ রাজ উপরেতে হলে মহারাজ।। তোমার মহিমা যত কহেছি বিশেষ। আজা হৈলে যাই সবে নিজ নিজ দেশ।। নুপতিগণের বাক্য শুনি ধর্ম্মরায়। কহিলেন ভ্রাতৃগণে পূজহ সবায়।। যথাযোগ্য মান্য করি ভূমিপতিগণে। আগু সরি কত পথ যাহ জনে জনে॥ রাজার আক্রায় নানাবিধ রুতু দিয়া। পাঠাইল রাজগণে সম্ভোষ করিয়া।। মহাভারতের কথা সুধার সাগর। যাহার শ্রবণেতে নিষ্পাপ হয় নর।।

যজান্তে ছর্ব্যোধনের গৃহে গমন। রাজগণ নিজরাজ্যে করিল গমন। ধর্মরাজে কহিলেন দেব নারায়ণ।। আজ্ঞা কর দারকায় যাই মহাশয়। তব যজ্ঞ পূর্ণ হৈল মম ভাগ্যোদয়।। অপ্রমানে রাজ্য কর পাল প্রজাগণ। স্কুদ্ কুটুম্ব লোক করছ পালন।। এত বলি ধর্ম সহ দেব নারায়ণ। कुछोद्यां निवार कितित्वन नित्त्रम्य ।। আজ্ঞা কর যাই আমি দারকা ভুবনে। হইল সাম্ভাজ্য লাভ তব পুজ্ৰগণে।। কুন্তী বলিলেন তাত এ নহে অদ্ভূত। যাহারে কিঞ্চিৎ দয়া করহ অচ্যুত।। এত বলি ক্ষেশিরে করেন চুম্বন। প্রণাম করেন হরি ধরিয়া চরণ।। দ্রৌপদী সুভদ্রা সহ করি সম্ভাষণ। **একে একে সম্ভাবেন** ভাই পঞ্চলন।।

শুভক্ষণে রথে চড়ি যান দ্বারাবড়ী। क्रत्कत वित्रकृति हुश्थी धर्मा नत्रशिष्ठ।। হেনমতে নিজদেশে গেল সর্বজন । ইন্দ্রপ্রস্থে রহিল শকুনি ছর্য্যোধন ।। বাঞ্চা বড় ধর্মারাজ-সভা দেখিবারে 1 কত দিন বঞ্চে তথা কুরু-নৃপবরে॥ শকুনি সহিত সভা নিত্য নিত্য দেখে। দিব্য মনোহর সভা অনুপম লোকে।। নানারত্ব-বিরচিত যেন দেবপুরী। দেখিয়া বিস্ময়াপন্ন কুরু-অধিকারী।। অমূল্য রতনেতে মণ্ডিত গৃহগণ। এক গৃহ তুল্য নহৈ হস্তিনান্তুবন।। দেখি ছুর্য্যোধন রাজা অ্স্তরে চিস্তিত। এক দিন দেখে তথা দৈবের লিখিত।। মাতৃল সহিত বিহরয়ে নরবর। স্ফটিকের বেদী দেখে যেন সরোবর।। জল জানি নরপতি গুটায় বসন। পশ্চাৎ জানিয়া বেদী লজ্জিত রাজন।। তথা হৈতে কত দূরে গেল নরবর। लड्कांग्र मलिन मुर्थ काँटि थत्रथत ।। ক্ষটিক-মণ্ডিত বাপী ভ্রমে না জানিল। সবসন দুর্য্যোধন বাপীতে পড়িল।। দেখিয়া হাসিল সবে যত সভাজন। ভীম পার্থ আর ছুই মাদ্রীর নন্দন।। দেখিয়া দিলেন আজ্ঞা রাজা ভ্রাতুগণে। ধরিয়া ভুলিল বাপী হতে দুর্য্যোধনে।। সোদক বসন ত্যজি প্রাইল বাস। নিরন্ত করিল যত লোক জন হাস।। অভিমানে কাঁপে ছুর্য্যোধন কলেবর। বাহির হইল তবে চিন্তিত অন্তর।। ক্রোধেতে চ্লিল তবে গান্ধারীকুমার। ভ্রম হৈল দেখিবারে না পায় ছুয়ার।। স্থানে স্থানে প্রাচীরেতে ক্ষটিক মণ্ডন। দ্বার বোধে সেইদিকে চলে দুর্য্যোধন।। ললাটে প্রাচীর বাজি পড়িল ভূতলে। দেখিয়া হাসিল পন সভাব সকলে।।

তাহা দেখি শীঘ্রগতি ধর্ম্মের কুমার। নকুলে পাঠায়ে দিল দেখাইতে দার।। নকুল ধরিয়া হস্ত ক্রিল বাহির। অভিমানে ছুর্য্যোধন কম্পিত শরীর।। ক্ষণমাত্র তথায় বিলম্ব না করিল। যুধি ঠির-আজ্ঞা মাগি রথ আরোহিল।। মাতুল সহিত তবে চলিল হস্তিনা। ঘনশ্বাস হে টমাথা হইয়া বিমনা।। কত শত শকুনি বলয়ে ছুৰ্য্যোধনে। উত্তর না পেয়ে জিজাসিল ততক্ষণে।। সঘনে নিশ্বাস কেন মলিন বচন। অত্যন্ত চিন্তিত চিত্ত কিসের কারণ।। তুর্য্যোধন বলে মামা কর অবধান। হৃদয় দহিছে মম এই অপমান।। পাগুবের বশ হৈল পৃথিবীমণ্ডল। এক লক্ষ নরপতি খাটে ছত্রতল।। ইন্দ্রের বৈভব জিনি কুন্তীর কুমার। কুবেরের কোষ জিনি পূর্ণিত ভাগুার।। ্ত সব দেখিয়া মোর শুকাইল কায়। সবোবৰ জল যেন নিদাঘে শুকায়।। আর দেখ আশ্চর্য্য মাতৃল মহাশয়। কীর্ত্তিশ্রেষ্ঠ করিলেক কুন্তীর তনয়।। শিশুপালে বিনাশ করিল নারায়ণ। কেহ এক ভাষা না কহিল রাজগণ।। দ্বন্দ্ব করিবারে সবে আছিল সংহতি। সে মরিলে লুকাইল সব নরপতি।। পাওবের তেজে ছন্ন হৈল রাজগণে। ক্ষত্র হয়ে সহে হেন কাহার পরাণে।। আবু অপৰূপ ভূমি দেখিলেক চখে। কত রুত্র লয়ে দ্বারে রাজগণ থাকে।। বৈশ্য যেন কর লয়ে থাকে দাগুইয়া। পশিতে না দেয় দ্বারে রাখে আগগুলিয়া। এ সব দেখিয়া মম চিত্ত নহে স্থির। অভিমানে শীর্ণ হৈল আমার শরীর।। ভাই হইয়া ক্ষমা মম নহিল সে ৰূপে। ুদহিছে মাতৃল অঙ্গ আমার এ তাপে।।

নিশ্চয় করিয়া আমি কহি যে ভোমারে। কিবা জলে পশি কিবা অনল ভিতরে।। অথবা মরিব আমি খাইয়া গরল। সহিতে না পারি অঙ্গ দহে চিন্তানল।। रेवतीत मन्भम यमि शीनत्नांक तम्रथ । সেহ সহিবার নারে সদা পোড়ে শোকে।। আমি হেন লোক হয়ে সহিব কেমনে। এৰপ শত্ৰুর বৃদ্ধি দেখিয়া নয়নে।। বলাধিক যুধিষ্ঠির আমি হীনবল। সাগরান্ত ধরা তার অধীন সকল।। কি কহিব মাতুল সকল দৈববশ। কি কহিৰ ৰূপ গুণ সৌভাগ্য পৌৰুষ।। বনে জন্ম হৈল পঞ্চ পাণ্ডুর নন্দন। হস্তিনা আইল যেন বনবাসী জন।। পিতৃহীন তুঃখিত বঞ্চিল মম ঘরে। কতেক উপায় করিলাম মারিবারে।। কিছু না হইল তার আমার মায়ায়। দিনে দিনে রৃদ্ধি যেন পদ্মবন প্রায়।। দেখহ মাতৃল হেন দৈবের কারণ। এত হীন হৈল ধৃতরাফ্রপুজ্র-গণ।। পৃথার নন্দন হাসে আমাকে দেখিয়া। কিমতে রাখিব তকু এ তাপ সহিয়া।। এই সব কথা তুমি কহিও জনকে। না যাইব গৃহে আমি পশিব পাবকে।। এতেক বলিল যদি রাজা ছুর্য্যোধন। শকুনি বলিল কোধ কর নিবারণ।। যুধিষ্ঠিরে কদাচিত না হিংসিবে মনে। তব প্রীতি সদা বাঞ্চে ধর্মের নন্দনে।। যে কিছু বিভাগ দিলে করি বিবেচন। তাহাতে সন্তুষ্ট হৈল ধর্ম্মের নন্দন।। উপায় কতেক তুমি করিলে মারিতে। তার ধর্ম হৈতে মুক্ত হইল তাহাতে।। জতুগৃহে মুক্ত হয়ে পাঞ্চালেতে গেল। সভামধ্যে লক্ষ্য বিশ্বি দ্রৌপদী পাইল।। नहात्र फल्पन देश्ल श्रुकेक्राम वीत । রাজচক্রবর্তী হৈল রাজা যুখিটির ।।

সসাগরা পৃথিবী খাটিল ছত্রতলে। যতেক করিল সব নিজ ভুজবলে॥ ইথে কেন তাপ তুমি করহ হৃদয়। তব অংশ হৈতে তারা কিছু নাহি লয়।। অক্ষয় যুগল ভূণ গাণ্ডীব ধনুক। এ সব পাইল ভৃগু করিয়া পাবক।। িষ্ঠাগ্নি হৈতে ময়ের করিল পরিত্রাণ। সে দিলেক দিব্য সভা করিয়া নির্মাণ।। নিজ পরাক্রমেতে করিল ক্রবাজ। তুমি কেন তাপ তাহে কর হৃদিমাঝ।। তুমিও করহ সব নিজ ভুঙ্গজোরে। তুমি কোন অসমর্থ কহ দেখি মোরে।। কহিলে যে কেহ নাহি আমার সহায়। তোমা অনুগত যত কহি শুন রায়।। শত ভাই তোমার প্রচণ্ড মহারথা। শত পুজ্র প্রতাপের কি কহিব কথা।। ভীম দ্রোণ রূপ অশ্বর্থামা মহবীর। ভূরিশ্রবা সোমদত্ত প্রতাপে মিহির।। জয়দ্রথ বাহলীক আমরা থাকিতে। তোমারে বধিতে কেবা আছে পৃথিবীতে তুমিও পৃথিবী শাসি সঞ্চহ রতন। কোন কর্মে হীন তুমি চিন্ত সেকারণ।। ছুর্ফোধন বলে আগে জিনিব পাণ্ডব। পাগুৰ জিনিলে মম বশ হবে সব।। শকুনি বলিল ভাল বিচারিলা মনে। সংগ্রামে কে জিনিবেক পাণ্ডুপুত্রগণে।। পুজ সহ জপদ সহায় নারায়ণ। ইন্দ্র নারে জিমিবারে পাঞুর নন্দন।। জিনিবারে এক বিদ্যা আছে মম স্থান। জিনিবারে চাহ যদি লহ সেই জ্ঞান।। দ্বুর্য্যোধন বলে কহ মাতুল সুমতি। হেন বিজ্ঞা আছে যদি দেহ শীঘ্ৰগতি।। বিনা অস্ত্র প্রহারে পাগুবদিগে জিনি। কহ শীঘ্ৰ মাতৃল আনন্দ হৌক শুনি।। শকুনি বলিল এই শুন ছুর্য্যোধন। পাশায় নিপুণ নহে ধর্মের নন্দন।।

তথাপিও ইচ্ছা বড় পাশা খেলিবারে। মম সহ খেলি জিনে নাহিক সংসারে।। ক্জনীতি আছে হেন্যভাপি আহ্বয়। কিবা দ্যুতে কিবা যুদ্ধে বিমুখ না হয়।। কদাচিৎ যুধিষ্ঠির বিমুখনা হবে। খেলিলে তোমার জয় অবশ্য হইবে।। পিতারে এ সব কথা কহ গিয়া বেগে। মম শক্তি নহিবে কহিতে তাঁর জাগে।। এইৰূপ বিচার করিয়া ছুই জনে। হস্তিনানগরে প্রবেশিল কভক্ষণে।। ধ্রতরাফ্র-চরণে করিল নমক্ষার। আশীষ করিয়া জিজ্ঞাসিল সমাচার।। নিঃশব্দেতে রহিল নৃপতি ছুর্য্যোধন। কহিতে লাগিল তবে সুবলনক্ষন।। জ্যেষ্ঠ পুত্র তব রায় সর্ব্ব গুণবান। হেন পুত্তে কেন তবে নাহি অবধান।। मित्न मित्न कौन इयु कीर्न मैर्न अका। রক্তহীন দেখি যে শরীরবর্ণ পিঙ্গ।। কি কারণে নাহি বুঝি হেন মনস্তাপ। সঘনে নিশ্বাস যেন দম্ভহত সাপ।। ধ্তরাফ্র বলে কহ শুনি ছুর্য্যোধন। অঙ্গ তব হীনবল কিসের কি কারণ।। শক্নি বলিল যত শুনিলে প্রবে। কি তুঃথ তোমার নাহি লয় মোর মনে।। কে আছে'তোমার শক্র করি এত বল। কোন সুখে হীন তুমি হইলে তুর্বল।। ধনে জনে সম্পদেতে কে আঁটে তোমায় কোন জন আছে হেন বীর বস্তুধায়।। দিব্য ভক্ষ্য দিব্য বস্ত্র দিব্য নারীগণ্। মনোহর গৃহ সব মণ্ডিত রতন।। কি তোর অসাধ্য অনুশোচ কি কারণ। এত শুনি কহিতে লাগিল ছুর্য্যোধন।। সকল বৈভব আমি করি যে প্রমাণ। যেন সব কুপুরুষ জনের সমান।। এই মনস্তাপ পিতা কর অবধান। মৃত্যু নাহি জীয়ে আছি কঠিন পরাণ।।

শত্রুর সম্পদ পিত দেখিয়া নয়নে। না হয় শরীর পুষ্ট না তৃপ্তি ভোজনে।। পাওবের লক্ষ্মী যেন দীপ্ত দিনকর। সেই তাপে দহিতেছে মম কলেবর।। পাণ্ডব-সম্পদ তুল্য নাহি দেখি শুনি। কহিতে না পারি পিত তাহার কাহিনী।। অফ্টাশী সহস্র দিজ নিত্য ভুঞ্চে গৃহে। স্বর্ণের পাত্রে ভুঞ্চে সুরমন মোহে।। পৃথিবীর রাজগণ নানারত্ব লয়ে। বৈশ্যবর্ণ প্রায় থাকে ভারে দাওাইয়ে।। এত রাজা রাজসূয় করিল যখন। না জানি যে কত দ্বিজ করয়ে ভোজন।। মুহূর্ত্তেকে পিতা এক লক্ষ শন্থ বাজে। এক লক্ষ পূর্ণ হৈলে এক শন্থ বাজে।। হেনমতে মুভ্মু ভ বাজে শঙাগণ। অহর্নিশি শঙ্ বাজে মা যায় গণন।। শভাশক শুনি মম চমকিত মন। ধনের কতেক পিতা করিব বর্ণন।। সে সব দেখিয়া চমৎকার লাগে মনে। ইহার উপায় পিতা করহ আপনে।। পাণ্ডবেরে জিনি হেন যে থাকে উপায়। বিনা দ্বন্ধে পাই যদি আজা কর রায়।। পাশকীড়া জানে ভাল মাতৃল শকুনি। পাশায় পাগুবলক্ষী সব লব জিনি।। এতেক শুনিয়া অন্ধ বলিল তখন। বিদ্বুরে জিজ্ঞাসি আমি কহিব কারণ।। বুদ্ধিদাতা বিত্ব যে মন্ত্রী-চূড়ামণি। মম অনুগত বড় কহে হিতবাণী।। তাঁরে না জিজ্ঞাসি আমি কহিবারে নারি। করিবারে যদি হয় তাঁর বাক্যে পারি।। कूर्राप्रिय वरल यमि विकूरत कहिरव। বিছুর শুনিলে সে এখনি নিবারিবে।। তার বাক্য শুনি তুমি করিবে অশ্রথা। আমার মরণ ইথে হইবে সর্বা।। আমি মরি বঞ্চ সুখে বিত্রর সহিত। নিষ্ঠর বচনে অন্ধ হইল ছুঃখিত।।

তুর্য্যোধন-মন বুঝি আশ্বাস করিল। খেল পাশা বলি তারে অন্ধ আক্রা দিল।। বছ স্তম্ভে বছু রত্নে কর এক ঘর। চারি গোটা দার তার কর পরিসর।। নির্মাণ করিয়া গৃহ কহিবে আমারে। এত বলি শাস্ত রাজা করিল পুজেরে॥ মহাবিচক্ষণ হয় বিজুর সুমতি। জানিয়া অন্ধের স্থানে গেল শীঘ্রগতি।। বিতুর বলিল রাজা কি কর বিচার। শুনি অসন্তোষ চিত্ত হইলআমার।। পুজে পুজে ভেদ না করিহ কদাচন। সর্কনাশ করে যত জানহ কারণ।। দৈবে যাহা করে তাহা কে খণ্ডিতে পারে। ধৃতরাফ্র বলে কিছু না বল আমারে।। ভীম আর আমি থাকি স্থায় বিচারিব। কদাচিৎ পুত্রে পুত্রে দ্বন্দ্ব না করাব।। পশ্চাৎ হইবে যেই আছয়ে নিয়ত। দৈব বলবান যে না করে হেন মত।। এখনি ত্বরিত তুমি ইন্দ্রপ্রস্থে গিয়া। এথাকারে যুধিষ্ঠিরে স্থানহ ডাকিয়া।। ধর্মরাজে না কহিবে এই বিবর্ণ। এত শুনি ক্ষতা হৈল বিষগ্নবদন।। বিছুর কহিল রাজা না কহিলা ভাল । জানিলাম আজি হৈতে সর্কনাশ হৈল।। এত বলি বিচুর হইল কুণ্ণমতি। ভীষা স্থানে জানাইতে গেল; শীঘ্ৰগতি।। সভাপর্ক সুধারস পাশা অসুবন্ধ। কাশীরাম দাস কহে পাঁচালি প্রবন্ধ।।

পাশা খেলিবার মন্ত্রণা।
জন্মেজয় বলে কহ শুনি মুনিবর।
কি হেতু হইল পাশা অনর্থের ঘর।।
পিতামহ পিতামহী ছুঃখ যাহে পাইল।
কেবা খেলা নিবর্তিল কেবা প্রবর্তিল।।
কোন কোন জন ছিল সভার ভিতর।
যেই পাশা হৈতে হৈল ভারত-সমর।।

মুনি বলে শুন পরীক্ষিতের তনয়। ক্ষন্তাবাক্য শুনি অন্ধ চিন্তিত হৃদয় <sup>[]</sup> দৃঢ় করি জানিল এ কর্ম ভাল নয়। একান্তে ডাকিয়া রাজা তুর্য্যোধনে কয়।। হে পুজ কদাচ তুমি না খেলিহ পাশা। ুএ কর্ম্মেতে বিছুর না করিল ভরসা।। সুবুদ্ধি বিহুর মম অহিত না ইচ্ছে। তাঁর বাক্য না শুনিলে ছুঃখ পাবে পিছে। দেবে যেন বুহম্পতি দেবরাজহিত। সেইৰূপ ক্ষত্ৰা মম জানিও নিশ্চিত।। গুরুর অধিক পুত্র ক্ষতার মন্ত্রণা। বিচক্ষণ কন্তা কুরুবংশেতে গণনা।। সুরকুলে রহস্পতি কুরুকুলে ক্ষন্তা। র্ষিঃকুলে উদ্ধব সুবৃদ্ধি জ্ঞানদাতা।। বিত্রর কহিল পাশা অনর্থের ঘর। দ্যুত হৈতে ভেদাভেদ আছে সুগোচর।। ভাতৃভেদ হৈলে বাপা হয় সর্কনাশ ৷ বিছুরের বাক্য শুনি হৈল মম ত্রাস।। মাতা পিতা তুমি যদি মান ছুর্য্যোধন। না খেলিও দ্যুত তুমি শুনহ বচন।। পরম পণ্ডিত তুমি না বুঝহ কেনে। কি কারণে হিংসা কর পাণ্ডর নন্দনে।। কুরুকুলে জ্যেষ্ঠ শ্রেষ্ঠ যুধিষ্ঠিরে গণি। হস্তিনানগর কুরুকুলরাজধানী।। যুধিষ্ঠির বর্ত্তমানে পাইলে হস্তিনা। তুমি যাহা দিলে তাহা নিল পঞ্চ জনা।। ইন্দ্রের সমান পুল্র তোমার বৈভব। নর্যোনি হয়ে কার এমত সম্ভব।। ইথে অনুশোচ পুর্ত্ত কিসের কারণ। কি হেতু উদ্বেগ কর কহ ছুর্য্যোধন।। ছুর্য্যোধন বলে পিতা সমর্থ হইয়া। অহঙ্কার নাহি যার শত্রুকে দেখিয়া।। কাপুরুষমধ্যে গণ্য হয় হেন জন। বিশেষে ক্ষত্রিয় জাতি জানহ আপন।। মোরে যে বলিলে লক্ষী গণি সাধারণ। এইমত লক্ষী পিতা ভুঞ্জে বহু জন।।

কুম্ভীপুত্ত-লক্ষ্মী যেন দীপ্ত ছতাশন। দেখি মৌর ধন্ম প্রাণ আছে এতক্ষণ।। পৃথিবী ব্যাপিল পিতা পাণ্ডবের যশ। যতেক নুপতি পিতা হৈল তার বশ।। যত্র ভোজ অন্ধক কুরুর লোক অঙ্গ। কারক্ষর রুফিঃ এই সপ্তা বংশ সঙ্গ।। যুধিষ্ঠির বচনে সদাই ক্লুম্ভ খাটে। সমস্ত ভূপতি কর দেয় করপুটে।। আর করিলেক কত কপট পাণ্ডব। মম স্থানে ধন রত্ন রাখিলেক সব।। পূর্কে নাহি শুনি পিতা যে রত্নের নাম। সে সকল দেখিলাম যুধিষ্ঠির-ধাম।। নানাবর্ণ রত্ন সব না যায় কথন। সিন্ধুমধ্যে গিরিমধ্যে জন্মে যত ধন।। ধরামধ্যে রক্ষমধ্যে জীবের অক্ষেতে। সর্করত্ব আছে পিতা তার ভাণ্ডারেতে।। লোমজ পট্টজ চীর বিবিধ বসন। গজদন্ত বিরচিত দিব্য সিংহাসন।। হস্তী অশ্ব উট গাধা মেষ আর অজা। নানাবর্ণে আনি দিল নানাদেশী রাজা।। শ্যামলা তরুণী দিব্যরূপা দীর্ঘকেশী। সহস্ৰ সহস্ৰ দাসী নানাবৰ্ণে ভূষি।। দেখিতে দেখিতে মম ভ্রম হৈল মন। অপমান কৈল যত শুনহ কারণ।। মায়াসভামধ্যে কিছু না পাই দেখিতে। স্ফটিকের বেদী সব হেন লয় চিতে।। জল জানি, তুলিলাম পিন্ধন বসন। দেখিয়া হাসিল লোক যত সভাজন।। তথা হৈতে কত দূরে দেখি জলাশয়। ক্ষটিক বলিয়া তায় মনোভ্ৰম হয়।। পজ্লাম মহাশব্দে সবস্ত্র তাহাতে। চতুৰ্দ্দিকে লোকগণ লাগিল হাসিতে।। ভীম ধনঞ্জয় আর যত সভাজন। দ্রৌপদীর সহিত যতেক নারীগণ।। সর্বজন আমারে করিল উপহাস। যুধিষ্ঠির পরিবারে দিল অক্স বাস।।

বলিল কিন্ধরগণে বস্ত্র আনিবারে। পরাইল বাপী হৈতে তুলিয়া আমারে।। কার প্রাণে সহে পিত এত অপমান। আর যে করিল পিতা কর অবধান।। স্থানে স্থানে ক্ষাটিকের নির্মিত প্রাচীর। দ্বার হেন বুঝিলাম আসিতে বাহির।। মস্তকে বাজিল ঘাত পড়িকু ভূতলে। মাদ্রীপুত্র তুই আদি ত্রিত তুলিলে ॥ মম তুঃধে তুঃখিত হইল তুই জন। হাতে ধরি দেখাইল তুয়ার তথন।। এত অপমান পিতা সহে কার প্রাণে। ক্ষজ্র কি সহিতে পারে পারে হীন জনে।। এই হেতৃ হল পিত মোর অপমান। কিবা তার লক্ষী লই কিবা যাউক প্রাণ।। ধ্বতরাফ্র বলে পুজ হিংসা বড় পাপ। হিংসক জনের পুত্র জন্মে বড় তাপ।। অহিংসক পাওবের না করিবে হিংসা। শান্ত হয়ে থাক পুত্ৰ পাইৰে প্ৰশংসা।। সেই মত যজ্ঞ করিবারে যদি মন। কহ পুজ্র নিমন্ত্রণ করি রাজগণ।। আমার গৌরব করে সব নৃপবর। ততোধিক রত্র দিবে আমারে বিস্তর।। ইহা না করিয়া যাহা করহ বিচার। অসৎ মার্গেতে গেলে দুষিবে সংসার।। পরদ্রব্য দেখি হিংসা না করে যে জন। স্বধর্মেতে সদা বঞ্চে সম্ভোষিত মন।। স্বকর্মে,উচ্ছোগ করে পর-উপকারী। সদাকাল সুথে বঞ্চে কি ছঃখ তাহারি॥ পর নহে নিজ ভাই পাণ্ডুর নন্দন। ছেষভাব তার নাহি করিহ কখন।। তুর্য্যোধন বলে পিতা প্রজ্ঞাবান নই। বহু শুনিয়াছি বলি শাস্ত্রকথা কই।। সে জন কি জানে পিতা শাস্ত্রের বিবাদ। **गाउँ एक नाहि जाउँन शिक्टें एक शान ।।** রাজা হয়ে এক আজ্ঞা নহিল যাহার। তারে রাজা নাহি বলি শাস্ত্র অনুসার।।

রাজা হয়ে সম্ভোষ না রাখিকে কখন। ধনে জনে শান্তি না রাখিবে কদাচন।। শত্রুকে বিশ্বাস আর নাহি কদাচন। নমুচি দানবে যথা সহস্রলোচন।। এক পিতা হৈতে হৈল দোঁহার উৎপত্তি। বহুকাল প্ৰীতি ছিল নমুচি সংহতি।। সমরে তাহারে ইন্দ্র করিল সংহার। নিস্কণ্টকে ভোগ করে অদিতিকুমার।। শক্র অপ্প যদি তবু নাশে সে কারণ। মূলস্থ বল্মীক যেন গ্রাসে তব্লগণ।। জ্ঞাতিমধ্যে যেই ধনে জনে বলবান। ক্ষজ্রমধ্যে সেই শত্রু গণি যে প্রধান।। আপনি জানিয়া কেন করহ বঞ্চন। নিশ্চয় জানিকু চাহ আমার নিধন।। পুনঃ ধৃতরাফ্র বহু মধুর বচনে। নিবারিতে না পারিয়া পূজ ছুর্য্যোধনে।। দৈবগতি জানিয়া বিত্বরে ডাকাইল। যুধিষ্ঠিরে আন গিয়া বলি আজা দিল।। বিতুর বলিল রাজ। শ্রেয় নহে কথা। কুলনাশ হবে জানি মনে পাই ব্যথা।। অন্ধ বলে আমারে যে না বলিহ আর। দৈববশ দেখি এই সকল সংসার।। নারিল বিছুর আজ্ঞা করিতে হেলন! রথে চড়ি ইন্দ্রপ্রস্থে করিল গমন।। বিছুরেরে সমাগত করি দরশন। যথাবিধি পূজা করিলেন পঞ্চজন।। জিজ্ঞাসা করেন কহ ভদ্র সমাচার। কি কারণে অম্ভচিত্ত দেখি যে তোমার।। বিছুর বলেন রাজা চল হস্তিনায়। বিলয় না কর ধৃতরাফ্টের আজ্ঞায়।। আর যে বলিল তাহা শুনহ সুমতি। তব সভা তুল্য সভা করিয়াছে তথি।। ভাতৃগণ সহ মম সভা দেখ আসি। দ্যুত আদি ক্রীড়া কর সভামধ্যে বসি॥ সভায় বসিলে মম তৃপ্ত হয় মন। এই হেতু আমারে পাঠাইল রাঙ্গন।।

যুধিষ্ঠির বলে দ্যুত অনর্থের ঘর। দ্যুত ক্রীড়া ইচ্ছে যত জ্ঞানভ্রম্ট নর।। যে হউক সে হউক আমি অধীন তোমার কি কাজ করিব মোরে কহ সমাচার।। বিত্বর বলেন দ্যুত অনর্থের মূল ! দ্যুতেতে অনর্থ জন্মে ভ্রম্ট হয় কুল।। ঁ করিলাম অন্ধ নৃপে অনেক বারন। আমারে পাঠাল তবু না শুনি বচন।। বুঝিয়া করহ রাজা যাহে শ্রেয় হয়। যাহ বা না যাহ তথা যেবা চিত্তে লয়।। ধর্ম্ম বলিলেন আজা দেন কুরুপতি। গুরু-আজা-ভঙ্গ কৈলে নরকে বসতি।। ক্তিয়ের ধর্ম তাত জানহ যেমন। দ্যুতে কিয়া যুদ্ধে যদি করে আবাহন।। বিশেষে আমার সত্য প্রতিজ্ঞা বচন। দ্যুতে কিম্বা বুদ্ধে আমি না ফিরি কখন। এত বলি যুধিষ্ঠির সহ ভাতৃগণ। দ্রৌপদীরে কহিয়া গেলেন ততক্ষণ।।(২১) দৈবপাশে বান্ধি যেন লোকে লয়ে যায়। ক্ষত্রাসহ পঞ্চ ভাই যান হস্তিনায়।। পুতরাফ্র ভীষ্ম দ্রোণ রূপ সোমদন্ত। গান্ধারী সহিত অন্তঃপুর-নারী যত।। একে-একে সবাকারে করি সন্থায়। রজনী বঞ্চেন তথা সুখে পঞ্চলন।। পুণ্যকথা ভারতের অমৃত-লহরী। কাশী কহে শুনিলে তরয়ে ভববারি।। যুধিষ্ঠিরের সহিত শকুনির দৃতিকীড়া ও শ क् নির জয়।

রজনী প্রভাতে পঞ্চ পাণ্ডুর নন্দন।
সুখে দিব্য সভামধ্যে করিল গমন।।
একে একে সম্ভাব করিয়া সর্বজনে।
বসিলেন অপূর্ব কনক সিংহাসনে।।
হেনকালে শকুনি আনিল পাশাসারি
যুধিষ্ঠিরে বলে তবে প্রবঞ্চনা করি।।
পুরুষের মনোরম দ্যুতক্রীড়া জানি।
গ্যুতক্রীড়া কর আজি ধর্মনুপ্রমণি।।

যুধিষ্ঠির বলে পাশা অনর্থের ঘর। ক্ষজ্র-পরাক্রম ইথে না হয় গোচর।। কপট এ কর্ম ইথে কপট বাখান। অনীতি কর্মেতে মম নাহি লয় মন ।। শকুনি বলিল পাশা সুবুদ্ধির কর্ম। দ্যুত কিয়া যৃদ্ধ এই ক্ষজ্রিয়ের ধর্ম।। যুদ্ধেতে অজাতি জাতি নাহিক বিচার। হীনজাতি যবনাদি করয়ে প্রহার।। পাশার সমান সেহ বুদ্ধির সমর। ক্ষত্রধর্ম আছে হেন বলে মুনিবর।। যুধিষ্ঠির বলে পাশা অনর্থের মূল। অধর্ম করিয়া মোরে না জিন মাতৃল।। অন্য নাহি মনে মম স্বিজসেবা বিনা। এ কর্ম মাতৃল আমি না করি কামনা।। শকুনি বলিল তুমি যাও নিজ স্থানে। পণ্ডিতে পণ্ডিতে ক্রীড়া পণ্ডিত সে জানে।। যদি দ্যুতক্রীড়া ইচ্ছা নাহিক তোমার। নিবর্ত্তিয়া গৃহে তবে যাহ আপনার।। . যুধিষ্ঠির বলে যবে ডাকিলা আমারে। সত্য মম না টলিবে পাশার সমরে।। সত্য আমি খেলিব পাশার আবাহনে। তব সহ পণ কিন্তু করে কোন জনে।। মেরুতুল্য আমার আছে যে বহু ধন। চারি সমুদ্রের মধ্যে যতেক রতম।। তুর্ব্যোধন বলে মম মাতৃল খেলিবে। সব রত্ন আমি দিব যতেক হারিবে।। এইকপে ছুই জনে পাশা আরম্ভিল। দেখিবারে সর্বজন সভাতে বসিল।। ধুতরাফ্র ভীম দ্রোণ রূপ মহামতি। চিন্তে অসন্থোৰ অতি বিহুর প্রভৃতি॥ ধর্ম বলিলেন পণ হইল আমার। ইন্দ্রপ্রস্থে যত মম রত্নের ভাণ্ডার।। ঈদুশ ভোমার ধন কোথা ছুর্য্যোধন। হাসি বলে কোথা হৈতে দিবে **এ**ই পণ। তুর্য্যোধন বলে মোর আছয়ে অনেক। অবশ্য অপিব আমি জিন্বে যতে?

নির্ণয় করিয়া সারি ফেলিল শকুনি। किंगेरक मकन तुज नहेरनक किनि॥ কোষে যুধিষ্ঠির পুন করিলেন পণ। কোটি কোটি মহাবল যত অশ্বগণ।। শকুনি হাসিয়া ফেলি জিনিলাম কয়। কি পণ করিবা আর কহ মহাশয় ॥ সুধিষ্ঠির বলে মোর রথ অগণন। নানারত্বে বিভূষিত মেঘের গর্জন।। শকুনি হাসিয়া বলে ডাকি ততক্ষণ। হের দেখ জিনিলাম কর অন্য পণ।। ধর্ম্ম বলিলেন হস্তিরন্দ যে আমার। ইষদন্ত মহাকায় বলে অনিবার।। সব হস্তী করি পণ পুম ফেল পাশা। জিনিলাম শকুনি বলিয়া কহে ভাষা।। যুধিষ্ঠির বলে তবে আছে দাসীগণ। সহস্র সহস্র নানারত্বে বিভূষণ।। সবার সৌজন্য বড় ব্রাহ্মণ-সেবাতে। করিলাম তাহা পণ এবার পাশাতে।। শকূনি ফেলিয়া পাশা বলয়ে হাসিয়া। জন্য পণ কর হের নিলাম জিনিয়া।। ধর্ম বলে গল্পকাশ্ব আছে অগণন। তিলৈকে না পায় শ্রম ভ্রমিলে ভুবন।। ্চিত্ররথ গন্ধর্ব তমুর আনি দিল। এবার দ্যুতেতে সেই অশ্ব পণ হৈল।। হাসিয়া বলয়ে তবে সুবলকুমার। অশ্বগণ জিনিলাম কর পণ আর ।। যুধিষ্ঠির বলেন যে আছে যোদ্ধাগণ। মহারথী-মধ্যে করি যে সব গণন।। একার বুদ্ধেতে আমি করিলাম পণ। হাসিয়া জিনিতু বলে গান্ধারনন্দন।। এইমত প্রবর্ত্তিল কপট দেবন। একে একে হারিলেন ধর্ম্ম সর্বাধন।।

ধতরাষ্ট্রের প্রতি বিহুরের উক্তি। দেখিয়া ব্যাকুল হৈল বিহুরের মন। ধূতরাফ্টে ডাকি তবে বলিছে বচন।। আমি যত বলি তব মনে নাহি লয়। মৃত্যুকালে রোগী যেন ঔষধ না খায়।। ওহে অন্ধ রায় তুমি হইলা কি স্তব্ধ। জন্মকালে এই পুত্র কৈল খরশব্দ।। তথনি বলিফু আমি সকল বিস্তার। কুরুকুল ক্ষয় হেতু হইল কুমার।। না শুনিলা মম বাক্য করিয়া হেলন। সেই সব রাজা ব্যক্ত হতেছে এখন।। সংহার-কপেতে এই আছে তব ঘরে। স্নেহেতে ভূলিয়া নাহি পাও দেখিবারে।। দেব-গুরু-নীতি রাজা কহি সে তোমারে। মধু হেতু মধুলোভী উঠে রক্ষোপরে।। নাহিক পতনভয় মধুর কারণ। সেইৰূপ মন্ত হইয়াছে ছুৰ্য্যোধন।। মহার্থিগণ সহ কর্যে বৈরিতা। পশ্চাৎ জানিবে এবে নাহি শুন কথা।। এইবাপ কংস ভোজ হইল উৎপত্তি। সপ্তবংশ পিতার নাশিল চুষ্টমতি।। উগ্রসেন আদি সবে করি এ প্রকার। গোবিন্দের হাতে তবে হইল সংহার॥ সপ্তবংশ সুখে বৈদে গোবিন্দ সংহতি। মম বাক্য মান রাজা বড় পাবা প্রীতি॥ শীঘ্রগতি পার্থে আজ্ঞা করহ রাজন। **छूर्त्यापरन ताथ निया कतिया वसन।।** নির্ভায়ে পরমসুখে থাকহ নৃপতি। কাক হত্তে ময়ুরের না কর ছুর্গতি॥ শিবাহস্তে সিংহের না কর অপমান। শোকসিন্ধু মধ্যে রাজা মা কর প্রয়াণ।। যে পক্ষী প্রসব করে অমূল্য রতন। মাংসলোতে তারে নাহি খায় বিজ্ঞজন।। সুবর্ণের রক্ষ রাজা রোপিয়া যতনে। রক্ষ রক্ষা কৈলে পুষ্প পায় অনুদিনে।। যে হইল এখন নিবর্ত্ত নরপতি। পুত্রগণে কেন কর যমের অতিথি।। এ পঞ্চ জনের সহ কে করিবে রণ। কহ শুনি রাজ! তব আছে কোন্ জন।।

দিকপাল সহ যদি আইসে বক্সপাণি। পাওবে জিনিতে নারে তোমা কিসে গণি।। হে ভীষ্ম হে দ্রোণ ক্লপ নাহি শুন কেনে। সবে মেলি রঙ্গ দেখ বুঝিলাম মনে।। অগাধ সমুদ্রে নৌকা না ডুবাহ হেলে। मत्य (मिल यमशृत्र याद्रेट विमाल ।। জকোধি অজাতশক্র ধর্মের তনয়। যে ক্ষণে করিবে ক্রোধ ভীম ধনপ্রয়।। যমজ যুগল যবে করিবেক ক্রোধ। কে আছে সহায় তব করিতে প্রবোধ।। হে অন্ধ পাশাতে যত লইবে সেবাত। বুঝিলা কি তাহাতে তোমার নাহি হাত।। কপট করিয়া তাহে কোন প্রয়োজন। আজামাত্রে দিবে সব ধর্মের নন্দন।। এই শকুনিরে আমি ভালমতে জানি। কপট কুবুদ্ধি খলগণ-চূড়ামণি।। কোথায় পর্কতপুর ইহার নিবাস। কে আনিল এথায় করিতে সর্কনাশ।। বিদায় করহ ঘরে যাক আপনার। উঠ গো শকুনি পাশা করি পরিহার।। সভাতে এতেক যদি বিদুর বলিল। জ্বলন্ত জনলে যেন যুত ঢালি দিল।। ছুৰ্য্যোধন বলে আমি তোমা না জিজ্ঞাসি কার হয়ে কহ ভাষা সভামাঝে বসি।। জিল্পাতে হৃদয়-তত্ত্ব মনুযোর জানি। সদাকাল চাহ তুমি ধৃতরাফ্র-হানি।। পাঞ্চপুত্ত-প্রিয় তুমি সর্কলোকে জানে। নিকটে না রাখি কভু শত্র-হিত জনে।। উঠিয়া যথায় ইচ্ছা যাহ আপনার। এথায় রহিতে যোগ্য না হয় তোমার।। কুজনেরে যদি রাখে করিয়া যতন। তথাপি অসৎ পথে করিবে গমন।। সভামধ্যে যতেক কহিলা তুমি ভাষা। অন্য হৈলে নাহি থাকে জীবনের আশা যতেক তোমার আমি করি পুজা মান। তত অনাদর মোরে কর অপ্যক্তান।।

সভামধ্যে কহ কথা যেন স্বয়ং প্রস্থু।
কেহ এ কুৎসিত জার নাহি করে কন্তু।।
বিত্বর বলেন জামি না কহি তোমারে।
ধৃতরাইট-ছঃখ দেখি হুদয় বিদরে।।
তোরে কি কহিব ধৃতরাইটে নাহি শুনে।
হতায়ু জনেতে কন্তু হিত নাহি মানে।।
জামারে কি হেতু তুমি জিজ্ঞাসিলে কথা
জিজ্ঞাসহ নিজ তুল্য লোক পাও যথা।।
এত বলি নিঃশব্দ যে ক্ষন্তা মহাশ্ম।
পুন জারন্তিল পাশা সুবলতনয়।।
ভাত্বর্গকে ও দ্রোপদীকে পদ করন ও

যুধিটিরের পরাজায়।

শকুনি বলিল চাহি ধর্ম্মের নন্দন। সর্ব্ব সংহারিলা আর কি করিবা পণ।। যুধিষ্ঠির বলে মম অসংখ্য রতন। চারি সিন্ধু মধ্যে আছে মোর যত ধন।। অযুত নিযুত যত খৰ্ক মহাথৰ্ক। পদ্ম শহ্ম করি অন্ত আছে যত সর্ক।। সকল করিনু পণ এবার সারিতে। জিনি লইলাম বলে গান্ধারের স্থতে॥ যুধিষ্ঠির বলেন যে আছে পশুগণ। গাভী উক্ত খর আর মেষ অগণন।। সব করিলাম পণ এবার দ্যুতেতে। জিনিলাম বলি বলে সুবলের সুতে।। যুধিষ্ঠির বলিলেন পণ করি আমি। আমার শাসিত আছে যত রাজ্য ভূমি। ব্রাহ্মণের ভূমি গৃহ ছাড়িয়া রতন। এবার দেবনে আমি করিলাম পণ।। শকুনি বলিল আমি জিনিমু সকল। আর কি আছয়ে পণ কর মহাবল'।। ধর্ম দেখিলেন ধন কিছু নাহি আর। কুমারগণের অক্সে যত অলঙ্কার।। সকল করিলা পণ জিনিল শকুনি। দেখিয়া চিস্তিত বড় ধর্ম নৃপমণি।। শকুনি বলিল কহ কি আর বিচার। বিচারি করেন পণ ধর্ম্মের কুমার।।

ক্ষিতিমধ্যে সুবিখ্যাত নকুল সুধীর। কামদেব জিনি ৰূপ সুন্দর শরীর।। সিংহগ্রীব পদ্মপত্র যুগল নয়ন। ় এবার সারিতে নকুলেরে করি পণ।। , কপটে শকুনি বলে বলি সারোদ্ধার। তব প্রিয় ভাই এই পাপ্তুর কুমার।। टक्स्यान इंडारत প्रव कतिया (मयतन। এত বলি ফেলি পাশা লইলেক জিনে।। ধর্মা বলে সহদেব ধর্মাক্ত পণ্ডিত। আমার প্রম প্রিয় জগতে বিদিত।। এবার সারিতে সহদেবে করি পণ। জিনিলাম বলি বলে গান্ধার্নন্দন।। কপট চাতুরী বাক্য বলিল শকুনি। আর কি আছয়ে পণ কর নৃপমণি।। বৈমাত্রেয় ছুই ভাই হারিলা সারিতে। ভীমার্জ্বনে হারিবে না লয় মম চিতে।। ধর্মারাজ বলে তব দেখি ছুষ্পুরুতি। ভ্ৰাত্তেদ ভাষ কেন কহ মন্দমতি॥ আমি আর পঞ্চ ভাই একই পরাণ।. কি বুঝিয়া হেন বাক্য কহিলা অজ্ঞান।। ভীত হয়ে শকুনি বলিছে সরিনয়। সহজে পাশায় মত্ত সুজনেতে হয়।। মন্ত হৈলে অবক্তব্য বাক্য আদে মুখে। তুমি শ্রেষ্ঠ গরিষ্ঠ ক্ষমহ দোষ মোকে॥ `পুন যুধিষ্ঠির করিলেন এ উত্তর। তিন লোক খ্যাত যে আমার সহোদর।। হেলে তরি পর সৈন্য সাগরের প্রায়। যেই দ্বই বীর কর্ণধারের রূপায়।। হেলায় জিনিল দেবরাজে ভুজবলে। অগণিত গুণ যার খ্যাত ক্ষিতিতলে।। এ কর্ম্মেতে পণ্যোগ্য নহে হেন নিধি। ু তথাপিহ করি পণ অক্ষক্রীড়া-বিধি।। , শকুনি ফেলিয়া পাশা জিনিলাম বলে। धनक्षरत्र जिमि क्षे रत्र कुक्रमल ॥ ধর্মা বলিলেন পণ করি এইবার। বলেতে সমুষ্যলোকে সম নাহি যার।।

ইন্দ্র যেন দৈত্য দলি পালে সুরগণে। সেই মত পালে ভীম পাঞুর নন্দনে।। পাশার এ পণযোগ্য নহে হেন ধন। তথাপিহ করি পণ দৈব-নির্বন্ধন ।। জিনিলাম বলি তবে বলিল শকুনি। আর কি আছয়ে পণ কর নৃপপণি।। এত শুনি বলিলেন ধর্ম্মের নন্দন। ত্যামি আছি মাত্র এবে মোরে করি পণ।। জিনিয়া শকুনি বলে কপট আচার। পাপকর্ম করিলা হে কুন্তীর কুমার।। ক্রপদকুমারী পণ করহ এবার। জিনিয়া করহ রাজা আপন উদ্ধার।। এ সকল থাকিতে আপনা নাহি হারি। আপনা থাকিতে হয় বহু ধন নারী।। রাজা বলে মামা না সম্ভবে এই কথা। কিমতে করিব পণ জ্ঞপদছ্হিতা।। ৰূপেতে লক্ষ্মীর সম যাহার বর্ণনা। অসংখ্য যাহার গুণ না হয় গণনা ॥ মম সৈন্যসিকু সম না হয় বর্ণন। প্রত্যক্ষ সবার চেষ্টা করে অনুক্ষণ II দ্বিজ ক্ষত্ৰ দাস দাসী যত পশুগণ। সবারে জননীরূপে করয়ে পালন।। হেন স্ত্রী করিব পণ হেন নহে মতি। কপট করিয়া বলে শকুনি দুর্মতি।। লক্ষী অবভার রাজা তোমার গৃহিণী। তাঁর ভাগ্যে কদাচিৎ পড়ে পাশা জানি।। হারিলা আপনা রাজা করহ উদ্ধার। আপনা হইতে বড় নাহি কেহ আর ॥ বিপদে পড়িলে বুদ্ধি হারায় পণ্ডিত। শকুনির বচন যে মানিলেন হিত।। এতেক শুনিয়া কহিলেন যুধিটির। পাশা ফেল আরবার সেই পণ স্থির।। এতেক শুনিয়া ছুফ্ট পাশা ফেলাইল। হাসিয়া শকুনি বলে জিনিল জিনিল।। শুনি কৰ্ণ ছুৰ্য্যোধন হাসে খল খল। মহাআনন্দিও कूब्र-भागत-সকল।।

বিপরীত কর্ম দেখি ভাবে সভাজন।
ভীম ডোণ ক্লপ হৈল সজলনয়ন।।
বিমর্য বিছুর বসিলেন অধোমুখে।
জ্ঞানবন্ধ লোক স্তব্ধ হৈল মহাশোকে।।
হাই হ'য়ে পুতরাফ্র ডাকিয়া বলিল।
কে জিনিল কে জিনিল বলে জিজ্ঞাসিল।।
ন প্রারিল লুকাইতে পুতরাফ্র আর।।
এইমতে সকল হারেন ধর্মরায়।
সভাপর্ব্বে সুধারস কাশীদাস গায়।।

পঞ্চপাণ্ডবকে সভাতলম্থ করণ। হাসিয়া বলিল তবে সুর্য্যের মন্দন। (मथङ इंशादि देशल दिल्दवत घछन।। আমা সবা মধ্যেতে তোমারে দিল লাজ উপহাস কৈল পেয়ে আপন সমাজ।। এই ভীমার্জ্জন দেখ মাদ্রীর নন্দন। পুনঃপুনঃ তোমা দেখি হাসে সর্বজন ॥ বাতুল দেখিয়া যথা হা**দে সভাজনে**। সেইমত কৈল তোমা আপন ভবনে।। সেই অধর্মের ফলে দেখ নুপমণি। দাস করি বান্ধিয়া দিলেক দৈবে আনি।! দাস হৈল যুধিষ্ঠির ভ্রাতৃ সমুদয়। সমযোগ্য নহে দাস বৃসিতে সভায়।। ত্বগোধন বলে সখা উত্তম কহিলে। আজ্ঞা দিল যুধিষ্ঠিরে লহ সভাতলে॥ দাস হৈল দাসস্থানে থাক পঞ্জন। সবাকার কাড়ি লুহ বস্ত্র আভরণ।। বুঝিয়া আপনি স্থা করহ বিধান। পঞ্চজনে নিযুক্ত করহ স্থানে স্থান।। যে কর্ম্মে যে যোগ্য তারে কর সমর্পণ। এতেক শুনিয়া বলে ছুফ্ট বৈকর্ত্তন ।। দৈব হৈতে বহু জন ভূত্যকর্ম্ম করে। বিনা কর্ম্মে কেবা আছে সংসার ভিতরে।। নিজরত্তি মত কর্মা করয়ে আজন্ম। রাজা রাজক**র্ম্ম করে ভূত্য ভূত্যকর্ম।**।

ভূতা হৈল পঞ্জন করুক স্বকাজ। যে কর্ম্বে যে যোগ্য তারে দেহ মহারাজ।। অনুভব আমার যে কর অবধান। পঞ্চলনে নিযোজিত কর স্থানে স্থান।। সুকোমল অঙ্গ রাজা ধর্ম্মের তনম। অন্ত কর্ম্মে ইহার ক্ষমতা নাহি হয়।। তামুনের দেবাতে করহ নিয়োজন। পান লয়ে সন্নিধানে রবে অনুক্ষণ।। হৃষ্টপুষ্ট রুকোদর হয় বলবান। সে কারণে মম মনে লয় এই জ্ঞান।। রকোদরে সমর্পণ কর চতুর্দোল। অনায়াসে ভার সবে নহেক তুর্বল।। ক্ষন্ধে করি তোমা লবে সহ ভাতগণ। স্বচ্ছন্দে যাইবে যথা কঁরিবা গমন।। অর্জ্জনেরে এই সেবা দেহ মহাশয়। আমি অনুমানি যদি তব মনে লয়।। বস্ত্র অলঙ্কার আদি সমর্প অর্জ্জুনে। লয়ে তব পুরোভাগে রবে জমুক্ষণে।। তব হিতপ্রিয় তুই মাদ্রীর তনয়। এ দোঁহারে ছুই দেবা দেহ মহাশয়।। ছুই ভিতে তোমার থাকিবে দুই জন। চামর লইয়া সদা করিবে ব্যজন।। এ পঞ্চ সেবায় পঞ্চে কর নিয়োজন। আসিয়া করুক রুঞা গুহে দাসীপণ।। এতেক বলিল যদি কর্ণ জুরাচার। হাসিয়া বলয়ে তবে গান্ধারীকুমার।। ছুর্য্যোধন বলে সথা বলিলা উন্তম। य विश्रान कतिना तम मम मरनातमः॥ ইঙ্গিত করিয়া জানাইল ভ্রাতৃগণে। সভাতলে লইয়া বসাও সর্বজনে।। আজামাত্রে ততক্ষণে যত ভূতাগণ। উঠ উঠ বলি কহে কর্কশ বচন।। কোন লাজে রাজাসনে আছহ বসিয়া। আপনার যোগ্য স্থানে দবে বৈদ গিয়া।। छुश्नामन উঠाইল धर्मकरत धति। চল চল বলি ডাকে পৃষ্ঠে ঢেকা মারি॥

কোধেতে ধর্মের পুত্র কাঁপে কলেবর। চক্ষু রক্তবর্ণ লোহ বহে ঝরঝর ॥ ্বিপরীত মানহীন দেখি যুধিষ্ঠির। 'ক্রোধে থর থর কম্পমান ভীমবীর।। ভৈরব গর্জ্জনে গর্জ্জে দন্ত কড়মড়ি। যেমন প্রলয়কালে হয় মড়মড়ি।। যুগান্তের যম যেন সংহারিতে স্বন্তী। অরুণ আকার চক্ষু চাহে একদৃষ্টি।। নাকে ঝড় বহে যেন প্রলয় সমাম। মহাবীর ভীমদেন কর্ণপানে চান।। দেখিয়া কৌরবগণ পায় বড় শঙ্কা। হাতে গদা করি ভীম উঠে রণর্স্ধা।। মাথায় ফিরায় গদা চক্রের আকার। চরণের ভরে ক্ষিতি হয় ত বিদার।। ক্রোধমুখ করি ছঃশাসন পানে ধায়। অনুমতি লইবারে ধর্ম পানে চায়।। হেঁটমাথা যুধিষ্ঠির দেখিয়া ভীমেরে। বুঝিয়া অৰ্জ্জুন গিয়া ধরিলেন তাঁরে।। অর্জ্জুন বলেন ভাই না কর অনীতি। কি হেতু হেলন কর ধর্মনরপতি।। দিকপাল সহ যদি আইসে দেবরাজ। আর যত বীর বৈদে ত্রৈলোক্যের মাঝ ধর্মেরে করিবে হেন আমরা থাকিতে। মুহূর্ত্তেকে পাঠাইব যমের ঘরেতে।। কোন ছার এর। সব তৃণ হেন গণি। এখনি দহিতে পারি কারে নাহি মানি।। বিনা ধর্ম আজ্ঞায় নাহিক ভাই শক্তি। তাহে কোন ভদ্ৰ যাহে ধৰ্মেতে অভক্তি অস্বীকার ধর্মের এ কর্মে অভিপ্রায়। সেকারণে এ কর্ম্ম করিতে না যুয়ায়।। অর্জুনের বচনে হইল শাস্তকোধ। ফেলিলেন গদা ভীম মানি উপরোধ।। আভরণ পরিধান যতেক আছিল। পঞ্চ ভাই আপনা আপনি সব দিল।। . সভাত্যাগ করিয়া নিরুষ্ট ধূল্যাসনে। जर्धामूर्थ विमत्नन जोहे शक्षकरन।।

হেনকালে ছুফ্ট কর্ণ কহিল বচন।
টোপদী আনিতে দুত করছ প্রেরণ।।
শুনি ছুর্য্যোধন তবে বিছুরে ডাকিল।
হাস্থ্য উপহাসে তবে কহিতে লাগিল।।
তবে ধৃতরাফ্র রাজা বুঝিয়া বিচার।
সভা হৈতে গৃহে তবে গেল আপনার॥

দ্রৌপদীকে আনিতে প্রাতিকামীর গমন। তবে ছুর্ব্যোধন রাজা আনন্দিতমতি। ডাকিয়া বলিল তবে বিছুরের প্রাকি।। বিষাদিত কেন বসিয়াছ অধোমুখে। হেন বুঝি ছুঃখী বড় পাগুবের ছুঃখে।। উঠ উঠ যাহ শীঘ্ৰ ইন্দ্ৰপ্ৰস্থে চলি। আপনি আইস হেথা লইয়া পাঞ্চালী।। অন্তঃপুরে আছয়ে যতেক দাসীগণ। তা সবার সহিত করুক দাসীপণ।। এত শুনি বিদ্ধুর কম্পিত কলেবর। ক্রোধমুখে ছুর্য্যোধনে করিল উত্তর।। মন্দব্দ্ধি মতিচ্ছন্ন। বুঝিস্কিছু। ব্যাঘ্রেরে করালি ক্রোধ হয়ে মৃগপশু।। বিষ সংহারিয়া বসিয়াছে বিষধর। অঙ্গুলী না পূর তার মুখের ভিতর।। কেমনৈ এ দুফীভাষা মুখেতে ভানিলি। क्रका उर मोनी इतर कूटन मिलि कीलि ॥ দ্রৌপদীতে তোমার কিসের অধিকার। সবাই না বুঝ কেন করিয়া বিচার।। আপনা হারিল পূর্কে ধর্মের কুমার। অক্ত জন উপরে কিন্সের অধিকার।। অন্তের উপরে তার প্রভূপণ কিসে। আর তার চারি স্থামী আছয়ে বিশেষে।। মোর বোল যদি তোর নাহি লয় মনে। জিজ্ঞাসিয়া দেখ যত রদ্ধ মন্ত্রিগণে।। এই যে বৃদ্ধক অন্ধ হৃষ্ট হইয়াছে। লোভেতে হইল ছন্ন নাহি দেখে পাছে।। निकटि श्राहेटल मृज्यु एक करत वात्।। ফুল ধরি যেন বেণরক্ষের মরণ।।

দ্যুতেতে পরম ধর্ম আপন কল্যাণ। কদাচিত তথাপি না করে মতিমান।। শুকাইলে খণ্ডে জন্ত্রাঘাতের বেদন। বাক্যাঘাত নাহি খণ্ডে যাবৎ জীবন।। পাশাতে জিনিয়া বড় আনন্দ হৃদয়। চিত্তে কর পাগুবের হৈল অসময়।। শ্রীমন্ত জনের হয় অসময় কিসে। কি তার সহায় নাই এই মহাদেশে।। কে'থা হয় জ্রীরহিত জ্রীমন্ত সুজন। জলেতে পাষাণ নাহি ভাসে কদাচন।। লাউ নাহি ডুবে কন্থ জলের ভিতর। কখন অগতি নহে বিষ্ণুভক্ত নর।। পুনঃপুনঃ আমি কহিলাম হিত বাণী। না শুনিয়া মৃত্যুকাল হৈল হেন জানি।। নিশ্চয় হইল দেখি তিন কুল ধ্বংস। শান্তনু বাহলীক অন্ধ নুপতির বংশ।। পাত্র মিত্র ইফ্ট পুজ্র সহিত মজিবে। আমার এ সব কথা পশ্চাৎ ফলিবে ॥ এইৰূপ বিচুর কহিল বহুতর। শুনি ছুর্য্যোধন ভাঁরে নিন্দিল বিস্তর ॥ প্রাতিকামী ছিল তাঁর সম্মুখে দাওাইয়া। তারে আজা দিল রাজা নিকটে ডাকিয়া।। যাহ তুমি দ্রৌপদীরে আন এইক্ষণে। পাগুবের ভয় তুমি না-করিহ মনে।। বিতুরের বোলে কিছু না করিহ ভয়। সর্কাল বিদ্বরের ভয়ার্ত হৃদয়।। আর কুস্বভাব আছে বিছুর-চরিত। ধ্বতরাফ্র-কুৎসা কহে পাওবের হিত।। আদেশ পাইয়া তবে চলে প্রাতিকামী। ইন্দ্রপ্রস্থে প্রবেশ করিল শীঘ্রগামী।। যথায় পুরীর মধ্যে দ্রৌপদী সুন্দুরী। দ্রৌপদীর আগে কহে যোড়কর করি।। অবধানে মহাদেবি শুনহ বিধান। যুধিষ্ঠির রাজা হৈল দ্যুতে হওজ্ঞান।। সর্কস্ব হারিল দ্যুতে তোমা আদি করি। ভোমা নিতে আজ্ঞা দিল কুরু-অধিকারী।

ধূতরাফ্র-গৃহে চল কর যথাকর্ম। শুনিয়া দ্রৌপদীর ভাঙ্গিল নিজমর্ম।।

দ্রোপদীর প্রশ্ন।

দ্রৌপদী বলেন হেন কভু নাহি শুনি। রাজপুত্র হারিয়াছে আপন গৃহিণী।। যুধিষ্ঠির ধীরবুদ্ধি কভু মন্ত নয়। এ কর্ম দ্যুতেতে হেন মনে নাহি লয়।। প্রাতিকামী বলে দেবী মিথ্যা কভু নয়। গ্রহবশে খেলিলেন ধর্মের তনয়।। একে একে সর্বস্থ হারিয়া নরবর। আপনারে হারিলেন সহ সহোদর।। পশ্চাতে তোমারে হারিলেন নুপমণি। এত শুনি বলিলেন জ্পদনন্দিনী।। যাহ প্রাতিকামী গিয়া জিজ্ঞাস রাজারে: প্রথমে আপনা কি হারিলেন আমারে। হারিয়া থাকেন যদি প্রথমে আপনা। ত্তবে গিয়া জিজ্ঞাসহ সভাসদজনা।। তবে যদি সভাতলে সবে যেতে কয়। আপন ইচ্ছায় তবে যাইব তথায়।। এত শুনি প্রাতিকামী চলিল সত্তরে। সভায় জিজ্ঞাসে গিয়া ধর্ম নৃপ্ররে ।। পাঠাইল দ্রৌপদী আমারে জিজ্ঞাসিতে। কোন পণ প্রথমে করিলা রাজা দ্যুতে।। প্রথমে আপনা কি হারিলা যাজ্ঞ দেনী। শুনি মুগ্ধ হইলেন ধর্ম নুপমণি।। त्रित्निन नीतरव नाहि मरत वानी। মনে বুঝি কিছু না বলিল প্রাতিকামী।। প্রাতিকামী প্রতি ক্রোধে বলে কুরুক্রে। যাহ প্রাতিকামী কিবা জিজ্ঞাস;উহারে।। সভামধ্যে লইয়া আইস দ্রৌপদীরে। আসিয়া করুক স্থায় সভার ভিতরে।। আসি জিজ্ঞানুক সেই যেই লয় মনে। 'করুক আসিয়া ন্যায় লয়ে সভাজনে।। এত শুনি প্রাতিকামী হইল তুঃখিত। পুন দ্রৌপদীর স্থানে চলিল স্থরিত।।

कत्राराष्ट्र धां जिकामी वर्ल मविशान। অবধান মহাদেবি হইল প্রমাদ।। ष्य उरिन कू क्रकून वृक्षिनाम मत्। সভাতে তোমারে লইতে বলিল যথনে।। দ্রৌপদী বলিল শুন সঞ্জয়নন্দন। ধর্মরাজ কি বলেন কিবা তুর্য্যোধন।। প্রাতিকামী বলে রাজা কিছু না বলিল। সভাতে লইতে তুর্য্যোধন আজ্ঞা দিল।। দৌপদী কহিল তুমি বলিলা প্রমাণ। বংশনাশ হেতু বিধি করিল বিধান।। ষাহ প্রাতিকামী গিয়া জিজ্ঞাস রাজায়। নিশ্চয় কি তাঁর মন যাইতে তথায়।। এত শুনিপ্রাকিকামী চলিল সত্তর। রাজারে কহিল আসি ক্লফার উত্তর।। তবে যুধিষ্ঠির রাজা ভাবিয়া অস্তরে। **प्र**र्तिगाधन-यञ्ज एमिश क्रुका ज्यानियाद्व ॥ বিচারিয়া বলিলেন কহ দ্রৌপদীরে। দৈবের নির্বন্ধ কর্ম্ম কে খণ্ডিতে পারে।। সত্য বিনা মম চিত্তে অন্য নাহি লয়। ধর্মারক্ষা করুক সে আসি এ সভায়।। প্রাতিকামী প্রতি তবে চুর্য্যোধন বলে। ক্রোধে তুই চক্ষু যেন অগ্নি হেন জলে।। ভাল তোরে পাঠামু আনিতে দ্রৌপদীরে পুনঃপুনঃ ফিরি এস কেন এথাকারে।। আমি যাহা বলি ভাহা নাহি লয় মনে। পুনঃপুনঃ আইনছ দ্রৌপদী দূতপণে।। যাহ শীঘ্র ভৌপদীরে আনহ এস্থানে। এত শুনি প্রাতিকামী ভীত হৈল মনে।। পুনরূপি ইন্দ্রপ্রস্থে চলিল সত্তরে। কতক দূরেতে গিয়া ভাবিল অন্তরে।। কি ক্ষণে আইনু আজি রাজার নিকটে। সে কারণে পড়িলাম এমন সঙ্কটে।। পাছে ক্রোধ করে রুঞা দেখিলে এবার। পাওব করিলে কোধ নাহিক নিস্তার।। कमाहिए क्रका यमि अवात ना आहिता। **छ्रिंगाधन मर्शिटकांध क्**तिरव विस्मिर्य ।।

বিচারিয়া বাহুড়িল **সঞ্জ**য়নক্ষন। कत्रत्यार्ष् वर्षा हर्त्याश्रत्वत मनन।। তব আজ্ঞাবশে যাই ক্লণা আনিবারে। না আইলে কি করিব আজ্ঞা কর মোরে।। ত্ঃশাসনের দ্রোপদী সমীপে গমন ও তাহার কেশাকর্ষণ পূর্বক সভার আনয়ন। শুনি ছঃশাসনে ডাকি বলে ছুর্য্যোধন। পাওবের ভয় করে সঞ্জয়নন্দন।। এ কর্মের যোগ্য নহে এই অপ্সমতি। তুমি গিয়া দ্রৌপদীরে আন শীঘগতি।। সভামধ্যে কেশে ধরি আনহ তাহারে। নিস্তেজ হয়েছে শত্রু কি আর বিচারে।। আজামাত্রে ছুঃশাসন চলিল ত্বরিত। দৌপদীর অন্তঃপুরে হৈল উপনীত।। দ্রৌপদী চাহিয়া ডাকি বলৈ ছুঃশাসন। চলহ দ্রৌপদী আজ্ঞা করিল রাজন।। পাশায় তোমার স্বামী হারিল তোমারে। ছুর্য্যোধনে ভজ এবে ত্যজি যুধিষ্টিরে।। ছঃশাসন ছফ্টবুদ্ধি দেখি গুণবতী। সক্রোধ বদন আর বিক্বতি আকুতি॥ ভয়েতে দেবীর অঙ্গ কাঁপে থর্থর। শীঘ্রগতি উঠি গেলা ঘরের ভিতর ॥ ন্ত্রীগণের মধ্যে দেবী ভয়ে লুকাইল,। দেখি ছঃশাসন ক্রোধে পাছে গোড়াইল।। গৃহদ্বারে কুন্তীদেবী ভুজ পদারিয়া। সবিনয়ে বলে ছুঃশাসনে বসাইয়া।। কহ ছঃশাসন এই কেমন বিহিত। দ্রৌপদী ধরিতে চাহ নাল্বুঝি চরিত।। কুলবধূ লয়ে যাবে মধ্যেতে সভার। কুলের কলঙ্ক ভয় নাহিক তোমার।। শুনি তুঃশাসন ক্রোধে উঠিল গর্ভ্জিয়া। তুই হাতে কুন্ডীরে সে ফেলিল ঠেলিয়া।। অচেতন হয়ে দেবী পড়িল ভূতলে। कृश्नामन धतिलक ट्योभनीत हुत्त।। যেই কেশ রাজস্য যজের সময়। মন্ত্ৰজলে সিঞ্চিলেন ব্যাস মহাশয়।।

পুর হৈতে বাহির করিল শীব্রগতি। দেখিয়া কান্দয়ে যত পুরের যুবতী ।। क्तर्भ धति लदत्र यात्र প्रवत्नत (त्रर्भ। চলিতে চরণ ভূমে লাগে কি না লাগে।। नाशिमी विकल यथा शक्र र इत सूर्य। ছটফট করে দেবী ছাড় ছাড় ডাকে।। । আরে মনদমতি কেন না দেখ নয়নে। রজস্বলা আছি আরে একই বসনে।। ডুঃশাসন বলে তুমি ছাড় হেন আশ। রজন্বলা হও কিয়া হও একবাস।। পূর্ম অহস্কার এবে না করিছ মনে। সভাতে লইতে আজা করিল রাজনে।। কুষ্ণা বলে গুরুজন আছেন সভাতে। কিমতে দাণ্ডাব আমি তাঁদের অগ্রেতে।। না লহ সভাতে মোরে কর পরিহার। আরে মন্দমতি কেশ ছাড়হ আমার।। কেন হেন জ্ঞানহারা হলে রে অবোধ। সর্কনাশ হবে হলে পাণ্ডবের ক্রোধ।। ইন্দ্র স্থা হলে তবু রক্ষা না পাইবি। ক্ষণমাত্রে যমগৃহে সবংশেতে যাবি।। ধর্মে বদ্ধ হয়েছেন ধর্মা নরপতি। ভ্রাকৃ উপরোধে বশ চারি মহামতি।। এই হেতু এতক্ষণ তোমার জীবন। এখন যে রক্ষা পাও হৈলে নিবারণ।। ক্লেখার বচন শুনি তুঃশাসন হাসে। প্ৰ আকৰ্ষিয়া তুষ্ট টান দিল কেশে।। ঝাঁকারি সবলে তাঁরে নিল সভাস্থল। উচ্চৈঃস্বরে কান্দে ক্লফা হইয়া বিকল।। উরুড় হইয়া চাহে ভূমি ধরিবারে। না লও সভাতে মোরে বলয়ে কাতরে।। বড় বড় জন দেখি আছেন সভায়। হেন এক জন নাহি এক কথা কয়।। কেহ তোর ছুর্দ্ধি না করে নিবারণ। চিত্র-পুত্তলিকা মত আছে সভাকন।। এই ভীম দ্রোণ দেখ আছেন সভাতে। ধাৰ্মিক এ ছই বড় খ্যাত পৃথিবীতে।।

স্বধর্ম ছাড়িল এর চহন সার মনে । मम এত हु हैथे (कम ना त्मर्थ निवर्त । বাহলীক বিতুর ভূরিপ্রবা সোমদন্ত। धर्मा नेन जानि मत्व अंकृत मह्यु ॥ 🖙 😁 কুরুকুল সব ভ্রম্ট হইল নিশ্চয়। ১৯৯ এক জন কেহ এক ভাষা নাছি কয় 🛚 🕟 এত বলি কান্দে দেবী সজল-ময়ুদে। কাতর হইয়া চাহে স্বামীগণ পাৰে।। দ্রৌপদী-কাতরদৃষ্টি দেখিয়া পাশুব। য়ত পেলে যেইমত জলে জলো**ছর**া। রাজ্য দেশ ধন জন সকল হারিলা তিলমাত্র তাহাতে তাপিত না হইল।। **টোপদী-কাতরমুথ দেখিয়া নয়নে।** কুম্ভকার শাল যেন প্রোড়য়ে আগুলে॥ তঃশাসন টানে ঘন কেশেতে আকৰ্ষি। পরিহাস করি কেই বলে আন দাসী।। সাধু ছঃশাসন বলে রাধেয় শকুমি। मकल-नग्रदन कार्य ख्राप्तमानिकारी।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

সভাষন-প্রতি বিকর্ণের উত্তর।
টোপদী যতেক কহে কেহ নাহি শুনে।
ভীয় বীর প্রভাত্তর দেন কতক্ষণে।।
কহিতে না পারি আনি ইহার বিধান।
ধর্মা ফুক্ম বিচারিয়া কহিতে প্রমাণ।।
ভান্য ভব্যে জন্যের নাহিক অধিকার।
ভব্য মধ্যে গণ্য হয় ভার্য্যা কি কা আর।।
আপনা হারিল আগে ধর্মের নন্দন।
পশ্চাৎ হারিল ক্লফা জানে সর্বজন।।
ডেপদনন্দিনী পঞ্চপাশুবের নারী।
একা যুধিন্তির ভাহে মহে অধিকারী।।
রাজ্য দেশাধন জন সব যদি যায়।
যুধিন্তির মুখে নাহি মিখ্যা বাহিরায়।।
হারিল বলিয়া মুখে বলিয়াছে বাণী।
কি কহি ইহার বিধিকিছুলাহি জানি।।

এত বলি মিঃশব্দে রহেন ভীম্ম ধীর। যুধিষ্ঠির চাহি বলে ব্কোদর বীর।। ওহে মহারাজ কভু দেখেছ নয়নে। আপন ভার্য্যাকে হারে বল কোনু জনে।। কপটে জুয়ারি হইয়াছে বহুজন। তা সৰার থাকিবেক বেশ্চা নারীগণ।। সে সব নারীরে তারা নাহি করে প্র। তুমি মহারাজ কর্ম করিলা যেমন।। রাজ্য দেশ ধন জন হারিলা যতেক। ইহাতে ভোমারে ক্রোধ না করি ভিলেক।। আমা সহ সকল তোমার অধিকার। যাহা ইচ্ছা কর অন্য নারি করিবার।। এই সে হৃদয়ে তাপ সম্বরিতে নারি। পাশায় করিলা পুণ ক্লফা হেন নারী।। তব ক্লত কর্মা রাজা দেখহ নয়নে। (जोभिनीदत भित्रिशम करत शीन करन।। এই হেড় তোমারে জন্মিল বড় ক্রোধ। ক্ষুদ্ৰ লোক কহে ভাষা নাহি কিছু বোধ।। ধনঞ্জয় বলে ভাই কি বোল বলিলে। নুপে হেন ভাষা নাহি কহ কোনকালে।। **আজি কেন কট্তর বলিলে রাজা**য়। তব মুখে হেন বাক্য কভু না বেরয়।। পরম পশুত তুমি ধর্মজ্ঞ যে গণি। শক্রর কপটে ছন্ন হৈলে হেন জানি।। সদাই শক্রর ভাই এই যে কামনা। ভাই ভাই বিচ্ছেদ হউক পঞ্চ জনা।। শক্রর কামনা পূর্ণ কর কি কারণ। জ্যেষ্ঠ জ্রেষ্ঠ মহারাজে না কর হেলন।। রাজারে বলিলে হেন কি দোব দেখিয়া। দূাত আরম্ভিল শত্রু কপটে ডাকিয়া।। আপন ইন্ছায় রাজা না খেলেন দ্যুত। ডাকিলে না খেলিলে হবেন ধর্মচ্যুত।। ভীম বলে ধনঞ্জয় না বলিহ আৰু। হীন-জন-প্রভুত্ব না পারি সহিবার।। হরি বিনা অন্যচিত্ত নাহিক আযার। ছই ভুক্ত কাটিয়া ফেলিব আপনার।।

कृत्पत श्रेष्ट्रं पश्चित्ति र नग्नति। তবে ভুজ রাখি আর কোন্ প্রয়োজনে।। যাহ সহদেব শীন্ত অগ্নি জান গিয়া। অগ্নিমধ্যে ছুই ভুজ ফেলিব কাটিয়া॥ এইৰূপে পঞ্চ ভাই তাপিত অন্তর। ছ্ঃখের অনলে দহে সর্ককলেবর।। বিকর্ণ নামেতে ধৃতরাঞ্চের তনয়। পাওবের ছঃখ দেখি ছঃখিত হৃদয়।। বিশেষে কৃষ্ণার ক্লেশ নারিল সহিতে। সভাজন চাহি বীর লাগিল কহিতে॥ , সভামধ্যে আছে বড় বড় রাজগণে। দ্রৌপদীরে প্রত্যুত্তর নাহি দাও কেনে।। পুনঃপুনঃ ভৌপদী যে কহিছে সভায়। সভাসদ লোকে হেন বুঝিতে যুয়ায়।। সভার থাকিয়া যদি বিচার না করে। সহস্র বৎসর পচে নরক ভিতরে।। এ যে ভীম ধৃতরাফ্র বিদ্রুর সুমতি। কুৰুকুলে হৰ্ত্তা কৰ্ত্তা এই তিন কৃতী।। এ তিন জনেরে নারি করিতে হেলন। তোমরা উত্তর নাহি দেহ কি কারণ।। এই ভারদাজ রূপ শ্রেষ্ঠ দিজকুলে। ক্ষত্রকুলে আচার্য্য যে খ্যাত ভূমওলে।। তোমরা সকলে ভয় করহ কাহারে। উত্তর না দেহ কেন দ্রৌপদীর তরে।। আর যে আছয়ে বহু বহু রাজগণ। বুঝিয়া উত্তর নাহি দেহ কি কারণ।। পুনঃপুনঃ দ্রৌপদী কহিল বার বার। যার যেই চিত্তে আদে রুরহ বিচার।। এইমত পুৰঃপুনঃ বিকর্ণ কহিল। এক জন সভাতলে উত্তর না দিল।। কাহার মুখেতে নাহি পাইয়া উত্তর। ক্রোধভরে বিকর্ণ কচালে করে কর।। নিশ্বাস ছাড়িয়া পুন কহে সভাজনে। উত্তর না দেহ সবে কিসের কারণে।। তোমরা যে কেহ কিছু না দিলা উত্তর। वामि किष्ट्रं किर छन नव नव्रवत ॥

চারি ধর্ম নুপতির হরেছে ফজন। মুগয়া দেবন দান প্রজার পালর।। এই যে নুপতিধর্ম দেবনে পশিল। ইচ্ছামুখে নহে সৰে ৰূপটে ডাকিল।। যুধিষ্ঠির দ্রৌপদীরে নাছি করে পণ। কপটেতে কহিলেন সুকলনক্ষন।। আগে নরপতি আপনাকে হারিয়াছে। ক্লফার উপর কিবা প্রভুপণ আছে।। বিশেষে সমান ক্ষা এ পঞ্জনার। একা ধর্মনুপতির নাহি অধিকার।। সে কারণে দ্রৌপদী পাশায় নাহি জিত। তোমরা কি বল বল মম এই চিত।। বিকর্ণ-বচন শুনি যত সভাজন। माथु माथु विन मत्व वनत्य वहन।। বিকর্ণ-ৰচন শুনি কর্ণে ক্রোধ হৈল। ছুর্য্যোধনে চাহি তবে কহিতে লাগিল।। অনেক বিচার বুদ্ধি দেখি যে ইহার। অগ্নি কার্চে জন্মিয়া সংহার করে তার।। সেইমত অগ্নিৰূপে এই তব কুলে। হেন অপরূপ কহিলেক সভাস্থলে।। এ সভায় যত লোক কিছু নাহি জানে। क्टि ना कहिल अ कहिल एम कांत्र ।। সবে জানে কুষণা জিতা হইয়াছে পণে। বুঝিয়া উত্তর নাহি দেয় কোন জনে।। বালক হইয়া সভামধ্যেতে আইল। রদ্ধের সমান নীতিবচন কহিল।। কি জানহ ধর্ম তুমি কি জান বিচার। ক্ষণ জিতা নহে যে সে কেমন প্রকার। यू विकित यथन नक्ष क रेकन भन। জিনিল পাশায় তাহা সুবলনক্ষম।। সর্বস্থের বাহির কি দ্রৌপদী সুন্দরী। विटमष कहिल यदव भाक्षां बाधिकां हो।। দ্রৌপদীরে পণ কর বলিয়া বলিল। শুনিয়া পাশুৰ কেন নিবুত্ত না কৈল।। আর যে কছিলা কুঞা একবন্তা হয়। সভামধ্যে ইহারে আনিতে না যুয়ায়।।

কি ভার গার্মিত জন্ম কিনা ভন্ন লাজ। বেখাজনে কেন লক্ষা আসিতে নমাৰ।। যতেক সংগার এই বিধাতা স্থালিল ৷ ভার্যার একই স্বামী নির্মাণ করিল।। ছুই স্বামী হলে বলি তারে দিচারিদী। পঞ্চসামী হৈলে পরে বেশ্বামধ্যে গণি ॥ সভায় আসিবে বেশ্যা লাজ ভার কিলে। এমত বিচার ম**ম মনেতে আইলে**।। তুৰ্ব্যোধন বলে এই শিশু অপ্পমতি। কি জানে বিচার-তত্ত্ব ধর্মা সুক্ষাগতি।। তবে আজ্ঞা করিল নুপতি ছঃশাদনে। পাগুবগণের আন বস্ত্র আভরণে।। দ্রৌপদীর বস্ত্র আর যত অলঙ্কার। ঝটিতি আনিয়া দেহ অঁগ্রেতে আমার।। এত শুনি ততক্ষণে পঞ্চ সহোদর। বস্ত্র অলঙ্কার ফেলি দিলেন সম্বর।। একবস্ত্রপরিহিতা দ্রৌপদী সুন্দরী। ত্বঃশাসন টানিতেছে বসনেতে ধরি।। ছাড় ছাড় বলি ক্লফা ঘন ডাক ছাড়ে। সভামধ্যে ধরি তাঁর অঙ্গ বস্ত্র কাড়ে॥ সক্ষটে পড়িয়া দেবী না দেখি উপায়। আকুল হইয়া ক্লঞা ডাকে দেবরায়।। দ্রোপদী কর্ত্বক শ্রীক্রফের স্থতি ও দ্রোপদীর বস্তবরণ। ওহে প্রভু রূপাসিন্ধু, অনাথ জনের বন্ধু, অখিলের বিপদভঞ্জন। এ সব সভার মাঝ, ইথে নিবারিতে লাজ, তোমা বিনা নাহি অন্য জন।। যে প্রভু পালিত স্থষ্টি,সংহার করিতে ঋষ্টি, পুনঃপুনঃ হও অবতার। তাঁহার চরণ ছায়া, স্মরিয়া সঁপিফু কায়া, অনাধার কর প্রতিকার।। वियमछी अंत्राकार्य, जूक्क मस्त्रीत शर्म, যেই প্রস্থু রাখিলা প্রহলাদে।

তাহার চরণ্যুগে, দ্রৌপদী শরণ মাগে,

क्षण कर विषय श्रमादन ।।

যাঁহার উজ্জুল চক্র,কাটিয়া মন্তক নক, নিস্তার করিশ গজরাজ। वृत्त करत कुत्रांगरस, अत्रव निमाध छ्रा, তাঁহার চর্ণপদ্ম-মাঝ।। (यहे अष्ट्र क्रेयनत्क, क्रुभाग्न मश्मात तत्क, साटि (य कवाधन-मृट्छ। তাঁহার চরণ রক, সারিয়া সঁপিতু অঞ্ ्र ताथ প্রভু ছুষ্ট কুরুদতে।। যে প্রভু কপটে ছনি, পাতালে লইল বলি, নির্ভয় করিয়া শচীপতি। তাহার ত্রিপাদপত্ম, ত্রিপথগামিনী-সত্ম, তাহা বিনা নাহি মোর গতি॥ পরশি যে পদধুলা, অনেক কালের শিলা, দিব্য ৰূপ অহল্যা পাইল। क्रमिधि कति वस्त, বিনাশিল দশকন্ত্র, দ্রৌপদী শর্ণ তাঁর নিল।। যে প্রভু পর্বতধরি,গোকুলে গোপের নারী, রক্ষা কৈল ইন্দ্রের বিবাদে। বেদশাস্ত্র লোকে খ্যাত,পতি পুজ্রগণ নাথ, পাঞ্বধু রাখহ প্রমাদে॥ याँ हात रूकन रुष्टि, मश्मादत याँ हात पृष्टि, মোর ছুঃখ কেন নাহি দেখ। बिलर्छ कुर्जन जरन, स्त्रत्व कतिरल स्टरन, এ সক্ষটে কেন নাহি রাখ।। নুসিংহ বামন হরি, বিষ্ণু সুদর্শনধারী, মুকুন্দমুরারি মধুহারী। নারায়ণ বিষ্ণু রাম, ইত্যাদি যতেক নাম, . পুন ভাকে জপদকুমারী।। দ্রৌপদী আকুল জানি,অস্থির সে চক্রপাণি, যার নাম আপদভঞ্জন। ধৰ্মৰূপে জগৎপতি,রাখিতে এলেন সতী, সত্যধর্ম করিতে পালন।। व्यक्तां माहर्गद्रकु ब्रद्धा, चिविध वनन लद्धा, त्कोशकीद्व मघदम त्यांशांत्र। যত তুঃশাসন কাড়ে, ততেক বসন বাড়ে, व्याकापन कति नर्वशाश।।

লোহিত পিকল প্রীজ্ঞীল খেত বিরচিত, নাশা চিক্র বিচিক্ত বসলো বিবিধ বর্ণের শাড়ী,ছঃশাসন ফেলে কাড়ি, পুঞ্জ পুঞ্জ হৈল স্থানে স্থানে।। পর্কতপ্রমাণ বাস,দেখি লোকে লাগেত্রাস, চমৎকার হুইল সভাতে। কভু,নাহি দেখি শুনি, সভাজন বলে বাণী, थना थना जन्मकृहिट्छ।। ধন্য গর্গ মহামুনি,নিস্তার করিতে প্রাণী, वाहिया शूरेल कृषः नाम। যে নাম লইলে তুণ্ডে,বিবিধ তুর্গতি খণ্ডে, হেলে লভে সবাঞ্চিত কাম।। নরেতে যে নাম ধরি, ভবসিন্ধু যায় তরি, খতে মৃত্যুপতি দণ্ডদায়। ক্ষণেক যে নাম জপি, অশেষপাপের পাপী, সকল ধর্মের ফল পায়।। ভারত অমৃত কথা, ব্যাস বিরচিত গাখা, অবহেলে যেই জন শুনে। দুস্তর সংসারে তরি, যায় সেই স্বর্গপুরী, কাশীরাম দাস বিরচনে।। তুঃশাসনের রক্ত-পানে ভীমের প্রতিজ্ঞা।

অন্তুত দেখিয়া সভাজন হৈল শুকা।
সাধু সাধু দ্রৌপদী চৌদিকে হৈল শক।।
পূর্ব্বে কভু শুনি নাহি না দেখি নয়নে।
ছুর্য্যোধনে নিন্দা বহু করে সভাজনে।।
ভ্রাতৃগণ-মধ্যে বসি ছিল রকোদর।
মহানাদে গর্জ্জি উঠে সভার ভিতর।।
অধর-ওঠ কম্পয়ে কম্পয়ে কর পদ।
ঘূর্ণিত নয়নযুগ যেন কোকনদ।।
সভাশক নিবারিয়া কহে সর্বজনে।
মোর বাক্য শুন যত আছ রাজগণে।।
সত্য করি কহি আমি সবার জ্ঞেতে।
যাহা কহি তাহা যদি না পারি করিতে
পিতৃ পিতামহ গ্রিজ্বা পান কখনে।
এই ত ভারত কুলাধম ছঃশাসনে।।

त्रवन्द्रश धति वक्तक कतिक विषात । করিব শোণিত পান করি অঙ্গীকার।। শুনিয়া সভার লোক হইল কম্পিত। প্রশংসিল সভাজন বুঝিয়া বিহিত।। তবে ছঃশাসন বড় হইল লভ্জিত। পুঞ্জ পুঞ্জ বস্ত্র দৈখি হইল বিন্দিত।। ্সপরি**শ্রান্ত হয়ে শে**ষে বসে ভূমিতলে। मिन वषन देश्ल ये कूक्रवरल।। যত সাধুগণ সবে করয়ে রোদন। थिक् धृ**उ**ता**क्षे निन्मा करत मर्कबन।।** আপনিহ অন্ধ অন্ধপুত্ৰ জন্মাইল। কুরুবংশে এমন কথন না হইল।। তবে তৃ বিছর নিবারিয়া সর্বজনে। সভাজনে চাহিয়া বলেন ততক্ষণে।। এ সভার মধ্যে আছ বড় রাজগণ। বুঝি এক বাক্য নাহি বল কি কারণ।। ভয়ার্ত্ত হইয়া যদি আসে সভামাঝে। সভাজনে চাহি যে তাহার স্থায় বুঝে সভাতে থাকিয়া যেই বিচার না করে। সে যায় অধর্ম সহ নরক ভিতরে।।

বিহুর কর্তৃক বিরোচন ও স্থধনা বাহ্মণের প্রসঙ্গ।

পূর্কের রন্তান্ত আছে শুন সভাজন।
প্রহলাদ-দৈত্যের পুজ্র নাম বিরোচন।।
অঙ্গিরা ঋষির পুজ্র সুধন্বা নামেতে।
ছই জনে কোন্দল হইল আচমিতে।।
বিরোচন বলে নাহি রাজার সমান।
সুধন্বা বলেন দ্বিজ সবার প্রধান।।
এই হেডু কোন্দল করিল ছই জন।
ক্রে হয়ে পণ করিলেন ততক্ষণ।।
যে জন হারিবে তার লইবে পরাণ।
চল সাধুজন-স্থানে জিজ্ঞাসি বিধান।।
বিরোচন বলে জিজ্ঞাসিব কার স্থানে।
দিজ বলে চল তব বাপের সদনে।।
ছইজনে এই যুক্তি করিয়া তখন।
শীঘ্রগতি চলি গেল যথায় রাজন।।

সুধন্বা বলিল শুন ইম্বেডার প্রধান। भार गर क्य देकल कामात्र-महाना। পণ কৈল যে হারিবে লইনে পরাণ। সতা করি কহ তুমি ইহার বিধান।। দিজপুত্তে রাজপুত্তে ভোষ্ঠ কোন কম। শুনিয়া বিস্ময় মানে প্রহলাদের মন।। চিত্তে কৈল সভ্য কৈলে হারিবে কুমার। কেমনে কহিব মিখ্যা নরক ছুর্কার।। এত চিন্তি জিজ্ঞানিল কশ্যপের স্থান। কহ মুনিবর সোরে ইহার বিধান।। অসুর সুরের কর্ম তোমার গোচর 1. কেমনে হইবে শ্রেয়ঃ বলহ উত্তর।। কশাপ বলেন যেই বিষয় হইয়া। মহাতাপে সভামধ্যে পড়য়ে আসিয়া।। সভামধ্যে থাকে যেই সাধু মহাজন। ষ্ঠায় করি তার তাপ করে নিবারণ।। সভায় থাকিয়া যেই না করে বিচার। নরক হইতে তার নাহিক নিস্তার।। যে পক্ষে অভায় করে হয় সেই গতি। ইহলোকে মহাছঃখ পায় নিতি নিতি॥ হৃদয়ের শেল তার কদাচ না টুটে। অর্থশোক পুজ্রশোক অবিলয়ে ঘটে।। অধর্মীর পক্ষ হয়ে কহে যেই জন। তার ছুই পাদ পাপ দে করে গ্রহণ।। অধর্মী জানিয়া যেই নিন্দা নাহি করে। এক পাদ পাপ তার শরীরেতে ধরে ॥ সাক্ষী হয়ে যেই জন পক্ষ হয়ে কয়। শতেক পুরুষ সহ নরকে পড়য় ॥ কশ্রপের স্থানে শুনি এতেক বিধান। পুজমুখ চাহি বলে দৈত্যের প্রধান।। ত'रत ब्बर्घ विन यादत कति य वन्मन । তে ঞি ভোমা হৈতে জ্বেষ্ঠ মুধ্যা ত্রাহ্মণ।। আমার হইতে শ্রেষ্ঠ ক্ষান্তর গণি 🎎 তোর যাতা হৈতে শ্রেষ্ঠা ইহার জননী।। পুত্তে এত বলিয়া সুধন্ব। প্রতি কয়। তোমার অধীন ভালি বিশ্লোচন হয়।।

মারহ রাথহ ভূমি যেই তব মন। यादा देक्हा कद नाहि कदि निवादन ॥ এত শুনি হৃষ্ট হয়ে বলে ভপোধন। দ্বিগুণ পাউক আয়ু তোমার নৃন্দন।। কখনহ তাপ নহে সত্যবাদী জনে। সে কারণে তব পুজ বাড়ুক কল্যাণে।। এত বলি সুধয়া আপন গৃহে গেল। সভাজন চাহি ক্ষন্তা এতেক বলিল।। তথাপি উত্তর নাহি দিল কোন জন। ছুঃশাসনে তবে ৰলে স্থাের নন্দন।। আনহ ধরিয়া দাসী কার মুখ চাহ। সভামধ্যে আনি পরে গৃহে লয়ে যাহ।। र्खनिया प्जीनमी (मरी काँदन थत्रहरत । স্বামীগণ পানে চাহে কান্দি উচ্চঃস্বরে।। व्यर्थापूर्य तरत्रह्म जोहे शक्षकता। দ্রৌপদী যতেক ডাকে শুনিয়া না শুনে।। স্বামীগণ অধোমুখ দেখি যাজ্ঞসেনী। সভাজন চাহি বলে শিরে কর হানি।। পূর্ব্বেতে উত্তম কর্ম আমার না ছিল। এই হেতু বিধাতা আমারে ছুঃখ দিল।। পূর্বে পিতৃগৃহে মম স্বয়ম্বরকালে। আমারে দেখিয়াছিল নুপতি সকলে।। আর কভু আমারে না দেখে অহা জনে। আজি পুন সেই সভা দেখিল নয়নে।। **ठक्क सूर्या वाशू ज्यां कि ज्या भारत ना ५ एट**थ । কুরুর সভায় আজি দেখে সর্কলোকে।। **एक प्**र्या नित्रथित्न यात्रा त्कांध करत । আমার এ ছুর্গতি সে সবার গোচরে।। যত গুরুজনে জামি করি নমস্কার। একবাক্য বল সবে করিয়া বিচার।। क्र भनिकारी कामि शाख्यशहिती। मथा यस योगटवस्य भनाठक्रानि।। कू क्रकूरन खार्क धर्म नवर्ग महिषी। কহিতেছ সবে মোরে হইবারে দাসী।। আজ্ঞা কর আমারে যে ইহার বিধানে। আর ক্লেশ নাহি সহে আমার পরাণে।।

শুনিয়া উত্তর দেন গলার নকর। পুনঃপুনঃ কল্যাণি জিজ্ঞাস কি কার।। দ্ৰোণ আদি বৃদ্ধ যত আছেন সভায়। কাহার জীবন নাহি সবে মৃতপ্রায় ॥ মৃতজনে জিজ্ঞাসিলে কি পাবে উত্তর। ধর্ম বিনা সখা নাহি ধর্মাঞ্জয় কর।। বহু কষ্টযুত নহে ধাৰ্মিক যে জন। ধর্মবলে কর সব শত্রুর নিধন।। দাসী যোগ্যা অযোগ্যা যে কহিলে বিধান। কহি আমি শুন দেৰি মোর অনুমান।।্ তুমি দাসী হৈতে যুধিষ্ঠিরের স্বীকার। যুধিষ্ঠিরে জিজ্ঞাসহ ইহার বিচার।। জিতা কি অজিতা তুমি কহিবা আপনে। নির্ণয় করিতে ইহা নারে অন্থ জনে।। সভাপর্কে সুধারস পাশার নির্ণয়। ব্যাস বিরচিত গীত কাশীদাস কয়।।

দাস-দাসী প্রস্তাবে ভীমের উত্তর। সভামধ্যে যাজ্ঞসেনী করেন ক্রন্দন। কেশে ধরি ছঃশাসন টানে ঘনে ঘন।। হাসিয়া দ্রৌপদী প্রতি বলে ছুর্য্যোধন। কেন অকারণে ক্লফা করহ রোদন।। তোর স্বামী যুধিষ্ঠির হারিলেক তোরে। পুনঃপুনঃ কিবা আর জিজ্ঞাস সবারে।। অমুমানে বুঝি তোর এই মনে লয়। একা যুধিষ্ঠির তোর অধিকারী নয়।। জানাউক চারি স্বামী সম্মুখে সবার। তোর পর নাহিক ধর্ম্মের অধিকার।। মিথ্যাবাদী যুধিষ্ঠির কহুক চারি জন। এইক্ষণে হয় তবে তোমার মোচন।। নতুবা কছক নিজে ধর্মের কুমার। ক্লফার উপরে নাহি মম অধিকার।। এত যদি বলিল নৃপতি ছুর্য্যোধন। ভাল ভাল বলিয়া কহিল সভাজন।। শুনিবারে রাজগণ আছে কুছূহলে। কি বলে ধর্মের পুজ বলে ভীম কিব।।।

কিবা বলে ধন**ঞ্জয় মাদ্রীর নন্দন।** পঞ্চ-জন-মুখ সবে করে নিরীক্ষণ।। নিঃশক্তে নুপতিগণ একদুকৌ চায়। কহিতে লাগিল ভীম চাহিয়া সভায়।। চন্দনে লেপিত ভুজ তুলি সভামাঝে। কহিতে লাগিল যেন কেশরী গরজে॥ 🎤 এই রাজা যুধিষ্ঠির পাওবের পতি। পাগুবগণের নাহি ইহঁ। বিনা গতি।। ইনি যদি নহিবেন পাওব ঈশ্বর। - এতক্ষণ কভু বাঁচে কৌরব পামর।। অরে চুষ্টগণ ভোর হেন লয় মতি। এ কর্ম্ম সহিতে পারে কাহার শক্তি॥ যুধিষ্ঠির মহারাজ হারিল আপনা। 🦈 ঈশ্বর হইল দাস দাসী কি গণনা।। যুধিষ্ঠির জিত হৈলে জিনিলা সবারে। কাহার শকতি ইহা খণ্ডিবারে পারে।। আব কহি শুন ছুফ্ট কৌরব সকল। আমি জীতে তো সবার নাহিক মঙ্গল।। যেইক্ষণে ধর্মরাজে বসালি ভূতলে। যেইক্ষণে ধরিলি জপদস্থতা চুলে।। সেইক্ষণে আয়ুঃশেষ তোমা সবাকার। কুটি কুটি করি সবে করিব সংহার।। হের দেখ যমদশু মোর ছুই ভুজে। শচীপতি না জীয়ে পড়িলে ইতি মাঝে। পর্মত করিব চূর্ণ তোমা গণি কিসে। নির্মাল করিতে পারি চক্ষুর নিমেবে।। ধর্মপাশে বদ্ধ এই ধর্মের নন্দন। তে ঞি মূঢ়মতিগৰ জীয়ে এতক্ষণ।। ত্থার তাহে পুনঃপুনঃ অর্জুন নিবারে। এখনি দেখাই যদি রাজা আজ্ঞা করে।। সিংহ যেন ক্ষুদ্র মূগে করয়ে সংহার। তেমতি নাশিব ধৃতরাফ্রের কুমার।। কহিতে কহিতে ভীম ক্রোধে কম্পে কায়। নয়নে সঘনে অগ্নিকণা বাহিরায়।। ভীম্ম দোণ বিছুরাদি মৃছু বলে বাণী। সকল সম্ভবে তোমা ক্ষম বীরমণি।।

ভারতের পুণ্যকথা অমৃত লহরী। শুনিলে অধর্ম খণ্ডে ভবসিদ্ধ তরি।। ব্যাস-বিরচিত গাখা ভারত কথন। পাঁচালি প্রবন্ধে কাশীদাস বিরচন।।

ত্র্ব্যোধনের উক্তঙ্গে ভীমের প্রতিজ্ঞা। রুকোদর বীর যবে নিঃশব্দ ছইল। কুষ্ণা প্রতি কর্ণ বীর কহিতে লাগিল।। তিন জন ধনের উপর প্রস্থু নহে। সেবক রমণী শিষ্য শাস্ত্রে হেন কহে।। দাস হৈল যুধিষ্ঠির তুই ভার্য্যা তার। দাসভার্য্যা দাসী হয় বিদিত সংসার ॥ मानी देशन मानीकम्ब कृत यरथाहिल। ধৃতরাফ্র-গৃহেতে প্রবেশহ স্থরিত।। তোর প্রস্কু হৈল ধৃতরাফ্রপুজ্রগণ। তোর অধিকারী নহে পাণ্ডুর নন্দন।। যারে তোর ইচ্ছা হয় ভজহ তাহারে। পাওবেরা আর তোরে নিবারিতে নারে।। রকোদর শুনিল কর্ণের কট্তর। নিশ্বাস ছাড়িয়া যে কচালে করে কর।। क्कार्य इहे हक्कू रयन तक कुमू निमी। কৰ্ণ পানে চাহি যেন গৰ্ডেজ কাদস্বিনী।। আরে মূঢ় যে উত্তর করিলি মুখেতে। ইহার উচিত ফল আছে মোর হাতে॥ ধর্মপাশে বন্ধ এই ধর্ম অধিকারী। সে কারণে তোরে আমি বলিবারে নারি।। যুধিষ্টির প্রতি বলে কৌরবপ্রধান। তুমি কেন নাহি কহ ইহার বিধান।। চারি ভাই তব বাক্যে সদা অবস্থিত। আপনি বলহ কুঞা জিত কি অজিত।। यूधिष्ठित प्राधामुश अनि (म वहन। नश्रत वर्मन किशा छाटकन वनन।। যুধিষ্ঠিরে অধোমুখ দেখি ছুর্য্যোধন। কণভিতে চাহে বড় প্রফুল্লবদন।। ভীমভিতে আড় জাঁখি চাহে কুঞা পানে। আপনার উরু হৈতে তুলিল বসনে।।

গজন্তও সদৃশ উলট রন্থাতরু। সকল লক্ষণযুত বজ্রবৎ উরু।। মদগর্কে ছুর্স্যোধন ক্লফারে দেখায়। দেখি ব্লোদর বীর ক্রোধে কম্পকায়।। ভীম বলে যত আছ শুন সভাজনে। এইৰূপ ছুফ কৰ্ম দেখিলা নয়নে।। যেই উরু দেখাইল সভার ভিতর । ভারত-কুলের পশু নির্লজ্জ পামর ॥ বজ্ঞ সম সুদারুণ করি গদাঘাত। রণ্মধ্যে উরু ভাঙ্গি করিব নিপাত।। করিলাম এ প্রতিজ্ঞা না করিব যবে। পিতৃ পিতামহ গতি নাহি পান তবে ॥ ভীমের প্রতিজ্ঞা শুনি কম্পিত আকার। সভাতে বিছুর তবে কহে আরবার।। আমি দেখি কুরুকুল রক্ষা নাহি আর। ভীম ক্রোধসিন্ধ হৈতে নাহিক নিস্তার।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীদাস কহে সদা শুনে পুণ্যবান।।

দ্রোপদীর বরলাভ। কান্দে যাজ্ঞসেনী, তিতিল অবনী, নয়নের নীরধারে। চতুর্দ্দিকে ুযত, কৌরব উন্মন্ত, নানা উপহাস করে।। হেনই সময়, অন্ধের আলয়, মানা অমঙ্গল দেখি। মহাছোর ধ্বনি, বায়স শকুনি, ডাকয়ে পেচক পাখী।। শুনী শিবাচয়, গুহে অগি হয়, প্রবেশ করিয়া ডাকে। পড়ি মরে গজ, ভাঙ্গে রথধ্বজ, হাহাকার রব লোকে।। অকস্মাৎ ঘর, দহে বৈশ্বানর, थनम इहेन भूरम। বহুহ তপ্ত ৰাত, সম্বনে নিৰ্মাত, व्यनस्युत (यन यस्य ॥

বিহনে বারিদ, বরিষে শোণিত, সদা ক্ষিতি কম্পমান। দেউল প্রাচীর, যাবত মুন্দির, ভাঙ্গি পড়ে স্থানে স্থান।। চিত্ত উচাটিত, দেখি বিপরীত, ধর্মভীত বৃদ্ধজন। সুবলছুহিতা**,** ভীষ্ম দ্রোণ কন্তা, अस्त देकन निद्यम्म ॥ শুনি কুরুরায়, অন্তকাল প্রায়, निक्र इहेल (मिथि। অলক্ষী কেবল, অতি অকুশল, তোমার গৃহেতে দেখি।। ভোমার নন্দন, তুফ্ট জাচরণ, छूर्रगाधन वच्च देकल। সতী পতিব্ৰতা, দ্ৰুপদছুহিতা, সভামাঝে আনাইল।। त्मोभनी महिन, যতেক করিল, সবাকার উপরোধ। ইহার উপায়, শীঘ্র কর রায়, যাবৎ না হয় ক্রোধ।। रुनि श्रम वीत, হইল অস্থির, আনাইল যাজ্ঞসেনী। মধুর সম্ভাবে, বহু প্রীতি ভাবে, কহে পন্ধ নৃপমণি।। বধুগণ মধ্যে, তোমা গণি সাধ্যে, শ্ৰেষ্ঠা সুশীলা সুত্ৰতা। তোমার চরিত্র, পরম পবিত্র, ত্ৰিজগতে হইলে খ্যাতা।। কর্ম্মের বিপাকে, দেখ বধু মোকে, ছুফ পুজ্ঞগণ পাইল। লোকে অপকীর্ত্তি, জগতে ছুর্ তি, সব পূজ হৈতে হৈল।। मिल वह कृश्य, पिथ मम मूथ, ক্ষহ জ্পদমুতা। তুমি মা ক্ষমিলে, আমি ছঃখ পেলে, পশ্চাতে পাইবে ব্যথা।।

্দুর কর রোধ, হইয়া সভোষ, মাগ বর মম স্থান। ক্ষম কট্ ত্তর, মাণ মাণ বর, হয়ে প্রসন্মবদন।। শুনিয়া সুন্দরী, করযোড় করি, বর মাগিল তথন। <sup>></sup> পাগুবের গতি, ধর্ম নরপতি, দাসত্ব কর মোচন।। ধর্ম মহাব্রাজ, . হয় ক্ষিতিমাঝ, দাস বলি ক্ষিতিতলে। যেন শিশুগণে, আমার নন্দনে, দাসমুত নাহি বলে।। তথাস্ত্র বলিয়া, সানন্দ হইয়া, পুন বলে মাগ বর। নহে এক বর, তব যোগ্যতর, তুমি মাগ অন্য বর ।। **ट्यो** भनी विनन, কুপা যদি হৈল. মাগি যে তোমার পায়। সশস্ত্র বাহন, আর চারি জন, মুক্ত করহ সবায়।। দিনু এই বর, মাগহ অপ্র, यिहे लग्न मत्न उव। তুমি কুলাপ্রয়, মম ভাগ্যোদয়. যে বর মাগিবে দিব।। মাগহ তৃতীয়, যেই তব প্রিয়, দিতে না করিব আন। করি ক্লতাঞ্জলি, বলেন পাঞ্চালী, কর রাজা অবধান।। ছুই বর পাই, আর নাহি চাই, লোভ না জন্মাও মোরে। क्लानी-जन-ज्ञान, श्वरनिष्ट विधान, তাহা কহি যে ভোমারে॥ বৈশ্য মাগিবেক, সবে বর এক, कला लाउ छूहे वत । দ্বিজের কুমার, লবে তিনবার, भौद्य करह मुनिवत ॥

যেই মম কাজ, 🤼 क्रिना মহারাজ, আর কি লইব বর। শুনি অন্ধরাজ, পেয়ে ৰড় লাজ, প্রশংসিল বহুতর ॥ করি যোড়পানি, বলে যাজ্ঞসেমী, শুন আমার বচন। मुक्त इडे ठाउ, পুণ্য থাকে যবে, পুন অৰ্জ্জিবেক ধন।। শুনিয়া রাজন, দ্রৌপদী বচন, প্রশংসি প্রমাণ কৈল। পাণ্ডর নন্দন, দাসত্ব মোচন, শুনি সবে তৃষ্ট হৈল।। ভারত-কবিতা, মহাপুণ্য কথা, প্রচার হৈল সংসারে। কাশীদাস কয়, নাহিক সংশয়, শ্রবণে বিপদ তরে।।

कर्ণ-वांका छीत्मत्र (कांध । দাস্তে মুক্ত হইলেন পঞ্চ সহোদর। হাসি কর্ণবীর বলে সভার ভিতর।। নাহি দেখি নাহি শুনি লোকের বদনে। ন্ত্ৰী হইতে স্বামী মুক্ত হয়েছে কখনে।। ভার্য্যা হতে যেই তরে প্ররুষ হইয়া। লোকে বলে তাহারে কাপুরুষ বলিয়া।। মহাসিকু মধ্যেতে তর্গী ডুবেছিল। এ মহাবিপদ হৈতে কৃষ্ণা উদ্ধারিল।। ভীম বলে শাস্ত্র জ্ঞাত নহিস**্ছর্ম**তি। শুন কহি যাহা কহিলেন প্রজাপতি।। সংসারের মধ্যে ভার্য্যা ত্রেষ্ঠ সথা গণি। मर्क्त सूरथ शैन नत विशेन तम्भी।। বিবাহমাত্রেতে লোক গৃহস্থ বলায়। নানা ধন উপার্জ্জরে ভার্য্যার সহায়।। দান যক্ত ব্রত করে সহায় যাহার। পুত্র জন্মাইয়া করে বংশের উদ্ধার।। পতিত কু<mark>পিত হয় কর্ম অমুসারে।</mark> জ্ঞাতিগণ ছাত্তে ভার্য্যা ছাড়িবারে নারে।।

ইহ কালে ভার্য্যা হৈতে বঞ্চে বহু সুথে। মরণে সহায় হয়ে তারে পরলোকে।। প্রলোকে তারে ভার্য্যা কহে হেন নীত। এ লোকে ভারিতে কেন নহে সমুচিত।। অরে মূঢ় পাঞ্জপুত্র হেন অভান্ধন। मञ्रु पुरिशाहिल (यन शैनकन।। তোমা বিনা নির্লজ্জ কে আছে এ সংসারে। কপটে জিনিয়া হীন বলিবারে পারে।। দৈবে এই কথা তোরে কহিতে যুয়ায়। ভার্য্যায় ঈদুশ যাহা করিলি সভার॥ সংসারে নাহিক হীন আমার সমান। তোরে না মারিয়া এতক্ষণ ধরি প্রাণ।। শুনিয়া বলেন পার্গ বিনয় বচন। হীন সহ বচাবচ নাহি প্রয়োজন।। হীনের বচন কভু শুনি না শুনিবে। হীন-জন-বচনেতে উত্তর না দিবে।। হীন-জন স্তপ্ত এই চুরাচার। ইহা সহ সমদ্বন্ধ না শোভে তোমার।। ভীম বলে ধনঞ্জয় আছয়ে কি লোকে। পুত্রবতী ভার্য্যার এ দশা চক্ষে দেখে।। क्रिपृण वष्टन यपि कटह हीन जन। দেহভুদভার তবে বহে অকারণ।। थर्म्य यिन युक्त इटेरलन धर्मात्राक । শক্রগণ সংহারিতে কেন করি ব্যাজ।। আজি সব শত্রুগণ করিব সংহার। একত্র আছয়ে যত শক্র যে আমার।। যে কিছু করিল চক্ষে দেখিলা সে সব। ইহাতে আর কি কহ আছে পরাভব।। বাকচাতুরীতে ভাই নাহি প্রয়োজন। উঠ ভাই সব শত্রু করিব নিধন।। পৃথিবীর ভার আজি করিব নির্মাল। নিপাত করিব আজি ভারতের কুল।। কহিতে কহিতে ভীম ক্রোধে কম্পে অঙ্গ। স্থলন্ত সমল যেন নয়নতরঙ্গ।। নয়নতরক হৈতে অগ্নি বাহিরায়। ভয়ক্ষর মূর্ত্তি যুগান্তের যমপ্রায় ।।

क्षामहर्म्य एमन पण

ভীমের আজ্ঞাতে উঠিলেন তিন জন।
ধনপ্তয় আর ছই মাদ্রীর নন্দন।।
সন্মুথে দৈখিল ভীম লোহার মুদ্দার।
তুলিয়া লইতে যায় বীর ইকোদর।।
বুঝিয়া বিষম দ্বন্দ্ব ধর্ম্মের নন্দন।
ছই হস্ত তুলি ভীমে করেন বারণ।।
যুধিষ্ঠির-আজ্ঞা ভীম লঙ্গ্রিতে না পারে করেশ নিবারিল তবে চারি সহোদরে।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশী কহে শুনিলে জন্ময়ে দিবাজ্ঞান।।

পাওবগণের নিজবাজ্যে গমন। তবে ধর্মা নরপতি জ্যেষ্ঠতাত আগে। সবিনয়ে মিষ্টভাবে কহে কর্যুগে॥ আজ্ঞা কর তাত কিবা করি মোরা সব। ভোমার শাদনে দদা বঞ্চয়ে পাণ্ডব।। শুনিয়া কৌরবপতি অন্তরে লজ্জিত। শান্ত কৈল যুধিষ্টিরে করি বহু প্রীত।। সাধুজন-শ্রেষ্ঠ তুমি ধর্মজ্ঞ পণ্ডিত। তোমারে বুঝাব কিবা জান সর্ক নীত।। সাধুজন-কর্ম কভু ছন্মে না প্রবেশে। নিজ গুণ নাহি ধরে পরগুণ ঘোবে।। গুণাগুণ কহে যেই সে হয় মধ্যম। সদা আত্মগুণ কহে সেই সে অধম।। বংশের তিলক ভূমি কুরুকুলনাথ। তুর্য্যোধনে যত দোষ ক্ষমা কর ভাত।। আমা আর গান্ধারীর দেখিয়া বদন। সব ক্ষম যত ছুঃখ দিল দুষ্টাগণ।। কুরুকুল-শ্রেষ্ঠ তুমি পরম ভাজন। বালকের যত দোষ কর সম্বরণ।। যে দ্যুত করিল পূর্কে কেহ নাহি করে। পুজ বলাবল মিত্রামিত্র বুঝিবারে।। ভালমতে ভোমারে জানিমু এত দিনে। কি শোক কৌরবকুলে ভোমার পালনে।। ভীমার্জ্জুন রক্ষা আর ক্ষত্তার মন্ত্রণা। দ্রৌপদী সতীর গুণ না হয় বর্ণনা।।

আমার ভারত বংশ করিল উজ্জ্বল।

যার কীর্দ্তি যুথিবেক ত্রৈলোক্যমগুল।

যাহ তাত নিজ রাজ্য কর অধিকার।

পালহ আপন দেশ প্রজা পরিবার।।

এত বলি পঞ্চজনে করিল মেলানি।

প্রণমিয়া গেলেন সহিত যাজ্ঞসেনী।।

সভাপর্ক সুধারস বাসে বিরচিত।

শুনিলে অধর্ম থণ্ডে পরলোক হিত।।

ধুতরাষ্ট্র স্থানে তুর্য্যোধনের বিষাদ। শুনি জন্মেজয় জিজ্ঞাসেন মুনিবরে। कर रुनि कि श्रमक रेश्न उम्हरत ॥ কেন বনে চলিলেন পিতামহগণ। শুনিবারে ইচ্ছা বড় কহ তপোধন।। মুনি বলে পঞ্চ ভাই ইন্দ্রপ্রস্থে গেলে। করবেশতে ছুঃশাসন ছুর্ব্যোধনে বলে ॥ যতেক করিলা সব রূদ্ধ বিনাশিল। যে সব জিনিলা তারে পুন তাহা দিল।। क्टर्राधन कुः भामन तार्थय भक्ति। অতি শীঘ্ৰ গেল যথা অন্ধ নৃপমণি।। ছুর্ব্যোধন বলে তাত অনর্থ করিলা। वन्मी कति छुरो मिश्ह शून ছां फ़ि मिला ॥ বৃহস্প্রতি ইন্দ্রকে যে কহিলেন নীত। ভূমি কি না জান তাহা-তোমাতে বিদিত যেমতে পারিবে শক্ত করিবে নিধন। বুদ্ধে যুদ্ধে শক্তকে না ক্ষমি কদাচন।। পাওব হইতে জিনিলাম যত ধন। বাহুড়িয়া দেহ তারে কিসের কারণ।। সেই ধনে বশ সব করিব রাজারে। রাজা সথা হইলে মারিব পাওবেরে।। স্নেহ করি পুন সব দিলা তুমি তারে। এখন কি পাণ্ডুপুজ্র ক্ষমিবে আমারে।। ক্রোধে সর্পবৎ হয় পাঞ্চুপুজ্ঞগণ। যত করিলাম না ক্ষমিবে কদাচন।। সকল ক্ষমিবে তাত তোমার পীরিতে। ट्योभनीत करों मा क्यारित कनाहित्छ ॥

সৈত্য সাজিবাবে তারা গেল নিজ দেশ । যুদ্ধ হেতু আসিবেক করি সমাবেশ।। সশস্ত্রে থাকিলে রথে পাঞ্চপুত্রগণ। জিনিতে না হবে শক্ত এ তিন ভুবন।। আর শুন তাত যবে মুক্ত হয়ে যায়। মুহুমু হু পার্থবীর গাণ্ডীব দেখায়।। দক্ষিণ বামেতে ছুই ভূণ ঘন দেখে। সঘনে নিশ্বাস ছাড়ে হস্ত দিয়া নাকে।। অত্যন্ত গর্জ্জিয়া যাইতেছে বুকোদর। ঘন গদা লোফয়ে কচালে করে কর।। স্নেহেতে ভূলিয়া তাত করিনা কি কাজ। মোর ক্লেশ হেতু স্বয়ং হৈলা মহারাজ।। শুনিয়া অস্থির হৈল চিত্তে কুরুরায়। অন্ধ বলে কি হইবে কি করি উপায়।। ছুৰ্য্যোধন বলে তাত আছুুদ্ধে উপায়। পুনঃ পাশা প্রবর্ত্তিয়া করহ নির্ণয়।। যে হারিবে দ্বাদশ বৎসর যাবে বন। বৎসরেক অজ্ঞাত রহিবে এই প্র।। বৎসর অজ্ঞাত বাস মধ্যে জ্ঞাত হয়। পুনরপি বনবাস অজ্ঞাত নিশ্চয়।। ত্রয়োদশ বৎসর পাওব গেলে বন। পৃথিবীর যত রাজা করিব আপন।। অজ্ঞাত হইতে যদি হইবেক পার। হীনবল হবে যবে করিব সংহার।। ইহা বিনা উপায় নাহিক মহাশয়। আজ্ঞা কর আনিবারে পাণ্ডুর তনয়।। শুনি অন্ধ আজ্ঞা দিল প্রাতিকামী প্রতি। যাহ শীঘ্র ফিরি আন ধর্মনরপতি।। পথে কিম্বা ইন্দ্রপ্রস্থে যথায় ভেটিবে। মম আজা বলি পুন আনহ পাওবে।। এত শুনি ভীষ্ম দ্রোণ রূপ সোমদন্ত। বাহলীক বিছুর মন্ত্রী বিকর্ণাদি যত।। একে একে পুনঃপুনঃ সবাই কহিল। পুত্রবশ হরে রাজা শুনি না শুনিল ।। কারো বাক্য না শুনিল কুরু-অধিকারী। কহিতে লাগিল তবে গান্ধারী সুন্দরী ॥

### পুনর্কার-দাত-ক্রীড়াও যুধিটিরের পরাজয়।

গান্ধারী কহিছে রাজা কর অবধান। শিশুর বচনে কেন হও হতজ্ঞান।। যখন জিমাল এই ছফ্ট ছুর্ন্যোধন.। বিপরীত শব্দেতে কম্পিত সর্বজন।। বিছুর কহিল এরে করহ সংহার। ইহা মারি রাখ রাজা বংশ আপনার।। এ পাপিষ্ঠ-স্লেহে না শুনিলা ক্ষত্তাবাণী। সেই কাল উপস্থিত হৈল নৃপমণি।। সর্কনাশ হেতু রাজা ইহার বিচার। পুত্ৰৰূপে আছে সব করিতে সংহার।। ইহার বচন না শুনিহ কদাচন। নির্ত হইল অগ্নি না জাল এখন।। রদ্ধ হয়ে তৃমি কেন হও অন্যমতি। আপনি জানহ তুমি হুফের প্রকৃতি।। এখন ত্যজহ কুলাঙ্গার ছুর্ব্যোধন। ইহা ত্যজি নিজ বংশ রাথহ রাজন।। মম বাক্য নাহি শুনি পুত্র বশ হবে। আপনি আপন বংশ সকল মজাবে॥ ধনে বংশে রদ্ধি হইয়াছে হে রাজন। সর্ক্ষনাশ কর প্রভু কিসের কারণ।। সম্প্রতি সুখের হেতু কর হেন কাজ। পশ্চাতে কি হবে নাহি গণ মহারাজ।। ্ অধর্মে অৰ্জ্জিত লক্ষ্মী সমূলেতে যায়। মহাত্রঃখ পায় প্রভু ছুফৌর আশ্রয়।। চরণে ধরিয়া প্রভু কহি যে তোমারে। পুন আজ্ঞানা হয় আনিতে পাওবেরে।। ধৃতরাফ্র বলে শুন সুবলনন্দিনি। আমারে বুঝাহ কিবা সূব আমি জানি।। কুরু-অন্তকাল জানি হইল নিশ্চয়। আমার শক্তিতে দ্যুত নির্ত্ত না হয়।। যে হউক সে হউক পাছে দৈবের লিখন। আসিয়া খেলুক পুন পাণ্ডুর নন্দন।। স্বামীর শুনিয়া এত নিষ্ঠুর বচন। গৃহে গেল গান্ধারী যে মলিন বদন।।

क्षान्य देवा

আজ্ঞা পেয়ে প্রাতিকামী গেল ভতক্ষণে। পথেতে ভেটিল পঞ্চ পাণ্ডুর নন্দনে।। যুধিষ্ঠিরে প্রাতিকামী কহে যোড় হাতে। জ্যেষ্ঠতাত আজ্ঞা তব বাহুড়ি যাইতে।। পুন পাশা খেলাইতে বঙ্গে কুরুবীর। শুনিয়া বিশ্বিত হইলেন যুধিষ্ঠির।। ধর্মা বলেন দৈববশ শুন ভ্রাভূগণ। মম শক্তি নাহি লঙ্গি অন্ধের বচন।। বিশেৰে আমার ধর্ম জান ভ্রাতুগণ। আহরিলে দ্যুতে যুদ্ধে না ফিরি কখন।।। চল সর্ব্ব ভাতৃগণ যাইব নিশ্চর। বংশক্ষয় কাল বিধি করিল নির্ণয়।। এত বলি ভাতৃগণে লইয়া সংহতি। পুন আসি সভাতলে বসে নরপতি।। শকুনি বলিল দেখি ধর্মের নন্দন। অন্তর্বাজ আজ্ঞা করে খেল করি পণ।। যে হারিবে দ্বাদশ বৎসর বনে যাবে। অজ্ঞাত বৎসর এক গুপ্তবেশে রবে।। অজ্ঞাত বৎসর মধ্যে ব্যক্ত যদি হয়। পুনরপি বনবাস জজ্ঞাত উভয়।। ত্রয়োদশ বৎসর হইবে যদি পার। পুনরপি লইবেক রাজ্য যে যাহার।। এই ত নিয়ম করি দ্যুত আরম্ভিল। যতেক সুহৃদগণ বারণ করিল।। যুধিষ্ঠির বলেন বারণ কি কারণ। সমত না হবে কেন আমা হেন জন।। এতেক আহ্বান আর গুরুর আদেশ। थार्चिक ना ছाড़ে धर्म सिन इय क्रम ॥ এত বলি যুধিষ্ঠির দ্যুত আরম্ভিল। দৈবের নির্কৃষ্ণ দেখ শকুনি জিনিল।। হারিলের ধর্মপুজ কপট পাশায়। সভাপর্ক সুধারস কাশীদাস গায়।।

কৌরব বধে পাওবাদির প্রতিজ্ঞা। বিশস্থ না করিলেন ধর্ম্মনরপতি। ততক্ষণে করিলেন জরণ্যেতে গতি।।

বসন ভূষণ আদি সকল ত্যজিয়া। মুনিবেশ ধরিলেন বাকল পরিয়া॥ **ट्रिकाटन पुश्यामन छे अर्शमहरन ।** সভামধ্যে দ্রুপদকন্যার প্রতি বলে।। मृर्थ त्राजा यङ्करमन कि कर्म कतिन। দ্রৌপদী এমন কন্যা ক্লীবে সমর্পিল।। ৃষ্ণন ওহে যাজ্ঞদেনি মোর বাক্য ধর। কোথা ছুঃখ পাবে গিয়া বনের ভিতর।। এই কুরুজন মধ্যে যারে মনে লয়। তাহারে ভজিয়া সুখে থাকহ আলয়।। এইরপে পুনঃপুনঃ বলিল অপার। গর্জিয়া নেউটি কহে প্রনকুমার।। রে তুফ্ট নিকট মৃত্যু জানিলি আপন। সেই হেতৃ কহিছিস হেন কুবচন।। এ সব বচন আমি করাব স্মরণ। র্ণমধ্যে আমি তোরে পাইব যথন।। নখেতে শরীর তোর করিব বিদার। নির্ম্মূল করিব সখা যতেক তোমার।। শত সংহাদর সহ লোটাইব ক্ষিতি। ইহা না করিলে যেন না পাই সদাতি।। এতেক কহিয়া তবে যায় রুকোদর। সিংহাসন হইতে উঠিল কুরুবর ।। যেইৰূপে চলি যায় প্ৰননন্দন। সেইকপে হাসি চলে ছফ ছুর্য্যোধন।। নেউটিয়া ব্রকোদর পাছু পানে চায়। উপহাস জানিয়া ক্রোধেতে কম্পে কায়।। রে জুষ্ট উচিত ফল পাইবে ইহার। সে কালে এ মব কথা স্মরাব ভোমার।। পদ দিয়া এইৰূপে ভোমার মস্তকে। চলিয়া যাবার কালে স্মরাব তোমাকে।। তোরে সংহারিব তোর যত বন্ধু সখা। শত ভাই তোমার মারিব আমি একা।। কর্নেরে মারিবে পার্থ গর্ক কর যার। সহদেব শকুনিরে করিবে সংহার।। এত বলি বুকোদর নিঃশব্দেতে রয়।

সভামধ্যে বলেন তাকিয়া ধনঞ্জয়।।

যতেক প্রতিক্ষা কর সব অকারণ। ত্রোদশ বৎসরাস্তে যদি নহে রণ।। ত্রয়োদশ বৎসরান্তে যদি পাই রণ। তবে ত তোমার আজ্ঞা করিব পালন।। ' কর্ণেরে মারিব যেন পতঙ্গের মত। সহায় সম্বন্ধী তার হবে আর যত।। হিমাদ্রি,টলিবে সুর্য্য ত্যজিবে কিরণ। তথাপি প্ৰতিজ্ঞা মম না হবে লঞ্জ্বন।। শুন সব রাজগণ আছ সভাস্থলে। আজি হৈতে ত্রয়োদশ বৎসরাস্তকালে॥ কৌতুক দেখিব। সবে যুদ্ধ হয় যদি। কৌরবের শোণিতে পুরাব নদ নদী।। कर्नाहि मित्र क्लान क्ला छूट्यां धटन। বিনত হইয়া পড়ে ধর্মের চরণে।। তবে ত প্রতিজ্ঞা যত সকলি বিফল। আনন্দে বঞ্চিবে তবে কৌরব সকল।। তবে সহদেব কহে চাহিয়া শকুনি। রে ছফ্ট গান্ধারপুজ্র শুন এক বাণী।। কপটেতে পাশা ভুই করিলি রচন। পাশা নহে প্রহারিলি তীক্ষ অস্ত্রগণ।। মম তীক্ষ অস্ত্রাঘাত যুদ্ধেতে দেখিবে। সবান্ধবে মম হাতে সংহার হইবে।। ভীমের আদেশ মম নহিবে লঞ্জন। অবশ্য আমার হাতে তোমার নিধন।। সহসা নকুল উঠি বলে সভাস্থলে। এবে মন দিয়া শুন নুপতি সকলে।। ধর্মপুত্র-জাক্তা আর কৃষ্ণার সম্মতি। নিঃশেষ ক্রিব কুরুসৈন্য সেনাপতি।। এত বলি চলিলেন পাঞ্চপুজ্ঞগণ। ধৃতরাফ্র-স্থানে যান বিদায় কারণ ॥ মহাভারতের কথা অমৃত-সমান। শুনিলে নিষ্পাপ হয় জয়ে দিব্যক্তান ॥

পাওবদিগের বনে গমনোদ্যোগ। বিনয় করিয়া কহিছেন ধর্মারা। ধুতরাফ্র আদি যত ছিলেন সভায়।।

ভীম দ্রোণ রূপাচার্য্য বিছুর সঞ্জয়। সোমদন্ত ভূরিশ্রবা পৃষ্তত্নয়।। একে একে সবারে বলেন ধর্মরায়। ত্মাক্তা কর বনে যাই মাগি যে বিদায়।। লজ্জায় মলিন সবে মাথা না তুলিল। মনে মনে সর্বজন কল) গ করিল।। विष्नुत करहन তবে সজলনয়न।. খণ্ডাইতে কে পারে যে দৈব নির্বন্ধন।। কিছু দিন কফ্ট ভোগ করহ কাননে। কুন্তীকে রাখিয়া যাও আমার ভবনে।। একে রদ্ধা আর তাহে রাজার কুমারী। रयाना नरह कुछी এरव हरव वनहाती॥ ধর্ম বলিলেন তুমি জনক সমান। তব আজ্ঞা কুৰুকুণে কে করিবে আন ॥ বিশেষে পাঞ্চুর গুরু জানে সর্বজন। মম শক্তি নাই তাহা করিব হেলন।। থাকুন জননী তাত তোমার আলয়। আর কি করিবা আজ্ঞা কর মহাশয়।। বিছুর বলেন তুমি সর্বধর্মজ্ঞাতা। অধৰ্মে হইল জিত না পাইও ব্যথা।। আমি কি করিব তাত তোমাতেগোচর। তুলনা নাহিক দিতে পঞ্চ সহোদর।। পরম সঙ্কটে যেন ধর্মচ্যুত নহে। এই উপদেশ মম যেন মনে রহে।। কল্যানে আসিও সত্য করিয়া পালন। পুন তোমা দেখি যেন যুড়ায় নয়ন।। এত বলি বিছুর ছইল শোকাকুল। বনে যেতে পঞ্জাই হৈলেন আকুল।। জটাবন্ক পঞ্চ ভাই করেন ভূষণ। তবে ত দ্রৌপদী দেবী দেখি স্থামিগণ।। ত্যজিয়া ভূষণ বস্ত্র পিন্ধন সকল। লম্বিত কোমল কেশ পিন্ধন বাকল।। রাজ্য ত্যজি অরণ্যেতে যান ধর্মরায়। শুনি হস্তিনার লোক জ্রী-পুরুষে ধায়।। পাওবের বেশ দেখি কান্দে সর্বজন। বাল রুদ্ধা যুবা কান্দে যত নারীগণ !!

ভূমে গড়াগড়ি দিয়া কান্দে দ্বিজগণ।
আমা সবাকারে কেবা করিবে পালন।।
নগর পুরিল যে রোদন কোলাহলে।
হন্তিনা কর্দম হইল নয়নের জলে।।
পঞ্চ পুত্র বনে যায় বধূ গুণবতী।
বার্ত্তা শুনি কুন্তী দেবী আসে শীঘ্রগতি।।
দূর হৈতে দেখি কুন্তী তনয় সকলে।
মুক্লিত কেশভার গলিত বসন।
শিরে করাঘাত করি করেন রোদন।।
বধূর দেখিয়া বেশ হইল বাতুলী।
দাণ্ডাইয়া চাহে যেন চিত্রের পুতলী।।
ক্লেকে রহিয়া কহে গদগদ ভাষে।
সভাপর্ক সুধারস গায় কাশীদাসে।।

দ্রোপদীর বেশ দেথিয়। কুঞ্জীব বিষাদ।

পূৰ্ণচক্ৰ মুখ, মনে হয় ছুঃখ, কি হেতু মলিন দেখি। मिन यं किञ्चत, অস্ত্রান অম্বর, বাকল তাহ। উপেক্ষি।। মাণিক মঞ্জরী, হার শতেশ্বরী, তোমার হৃদয়ে সাজে। তাহ। কৈল ত্যাগ্ৰ, ছিল অনুরাগ, मिल (य क्रोक्समत्रोरक ।। যুগল কন্ধণ, অমূল্য রতন, করেতে সাজিতে ছিল। কাড়ি নিল কেবা, নাহি দেখি সে বা, यक्ष পতि यांश किल।। অতুল অঙ্গুরী, **मिना (य जाहाति,** অনেক যতন করি। তেঁই নাহি সাজে, দিলা কোন দ্বিজে, कि वनिव (म माधुती।। मक्षत्री सुम्पत्र, দিল যাহা কর, উত্তর কুরুর পতি। তেঁই নাহি শুনি, সে ললিত ধ্বনি, কি করিলা গুণ্বতী।।

যাক্পাছে দর্বন, কোন ছার্ডব্য, তোমার জাপদ লৈয়া। বিরস বদন, े मकल नग्नन, দেখিয়া বিদরে হিয়া।। হরে মোর ক্ষুধা, তোমার সে সুধা, বচনে কেবল মধু। তুলি অধোমুখ, খণ্ড মোর ছঃখ, কহ শুনি প্রাণবধূ।। স্বামিগণ প্রীতে, হেন লয় চিতে, কৈলা বধূ ছেন বেশ। কৌরব বিনাশে, **छुश्मामन** (मार्य, মুক্ত কৈলা প্রায় কেশ।। किं ि रह ममा, ধন্য তব ক্ষমা, षम् ना कतिला त्कारि । नियमजीवी मव, সুবলসম্ভব, তেঁই কৈলা উপরোধে।। না করহ মান, ভাবি নহে আন, ধাতা নারে খণ্ডিবারে। কর সাধুকর্ম্ম, পাল সত্য ধর্ম, धर्म तारथ धार्मिरकरत ।। তুমি সত্য জিতা, সতী পতিব্ৰতা, আমি কি করাব শিক্ষা। সহ স্থামিগণ, যাইতেছ বন, আমি মাগি এক ভিক্ষা।। कनिर्श्व नम्पन, আমার জীবন, তুমি জান ভালমতে। সহজে বালক, বনে মহাত্রঃখ, সদা দেখিবা স্নেহেতে।। প্রাণাধিক স্নেহ, সুকুমার দেহ, আপনি করিবা তুমি। যেমন বাতুলী, কুন্তী ইহা বলি, মূচ্ছি তা পড়িলা ভূমি।। বিচিত্ৰ সঙ্গীত, শ্ৰবণে অমৃত, পাগুবের বনবাস। পূর্ব্বপাপ দহে, कानीमान करर, পুরাণে কহিল ব্যাস।।

युधिष्ठित्रापित दन श्राम अ ধৃতরাষ্ট্রের প্রশ্ন। শাশুড়ীর ছঃখ দেখি দ্রোপদী কাতর। সচেতন করি কহে যুড়ি ছুই কর।। উঠ উঠ মহাদেবি না বাড়াহ শোক। কর্ম করি শোচনা না করে জ্ঞানীলোক।। জাজ্ঞা কর বনে যাব সহ স্বামিগণ। যে আজা করিবে তুমি করিব পালন।। এত বলি স্বামিসহ চলে বনবাস। রক্ত অশ্রু জল বহে মুক্ত কেশপাশ।। পাছু গোড়াইয়া যায় ভোজের নন্দিনী। পুজ্ঞগণ দেখি দেবী বুকে হানে পাণি।। হেঁটমুখে দাণ্ডাইল পঞ্চ সহোদর। চতুর্দ্ধিকে হাসে যত কৌরবকুমার।। রোদন করয়ে যত সুহৃদ্ সুজন। পঞ্চ ভাই বিবৰ্জ্জিত বস্ত্র আভরণ।। দেখিয়া পড়িব শোকদাগর অগাধে। অশ্রুজলে পূর্ণ মুখ কছে গদগদে।। সম্প্রতি নিষ্পাপী সত্যাচারী যে উদার। তার হেন দেখি বিধি এ কোন বিচার।। ইহা সবাকার কিছু না দেখি অধর্ম। হেন বুঝি এই পাপ মম গর্ভে জন্ম।। অভাগিনী পাপী জামি আজন্ম ছুঃখিনী। মম দোষে এত ছুঃখ মনে অমুমানি।। তেজে वीर्यं। तूरक धरम् कह नरह नान। ত্ৰিজগৎ বিখ্যাত যে পুজ্ৰ সৰ্ববঞ্জ।। হেন বীর্য্যবস্তে বৈরী বেড়ি চারি পাশে। রাজ্য ধন লইয়া পাঠায় বনবাদে।। পূর্কে যদি জানিতাম এসব বারতা। শতশৃঙ্গ হইতে কি আসিতাম হেথা।। বড় ভাগ্যবান পাঞ্ছ স্বৰ্গবাদে গেল। পুত্রদের এত ছঃখ চক্ষে না দেখিল।। সঙ্গে গেল ভাগ্যবতী মদ্রের নন্দিনী। আমি না গেলাম সক্তে অধমা পাপিনী তাহার সদৃশ তপ আমি না করিছু।

পাপ হেতু কট আমি ভুঞ্জিতে রহিমু।।

লোভেতে রচিমু পুজগণেরে পালিতে। শেহার উচিত হল এ ছঃখ দেখিতে।। হে পুজ আমারে ছাড়ি না যাহ কাননে। ক্লুঞা ভুমি আমা ছাড়ি বঞ্চিবা কেমনে।। বিধি মোরে বান্ধিলা এ ছুঃখের নিগড়ে। সেই হেতৃ পাপ আয়ু আমারে না ছাড়ে॥ হায় পাণ্ড মহারাজ ছাড়িলা আমারে। অনাথ করিয়া সাধু সুপ্রজ্রগণেরে।। ওরে পুজ্র সহদেব কিরি চাহ মোরে। কেমনে আমার মায়া ছাতিলা অন্তরে।। তিলেক না বাঁচি তোমা না দেখি নয়নে। কেমনে রহিবে প্রাণ তোমার বিহনে।। ভাই সব যদি সত্য না পারে ছাড়িতে। সবে যাক ভূমি রহ আমার সহিতে।। (इन मटङ कुछी (मदी करतन (त्रांमन। প্রবোধিয়া নমকরি যায় পঞ্চ জন।। প্রবোধ না মানে কুন্তী যায় গোড়াইয়া। বিছুর কহেন তাঁরে বহু বুঝাইয়া।। ধরিয়া লইয়া গেল আপনার ঘরে। কুন্তী সহ কান্দে যত নারী অন্তঃপুরে।। নগরের লোক যত করয়ে ক্রন্দন। ঘরে ঘরে কান্দে যত কুলবধুগণ।। বাল রদ্ধ যুবা কান্দে শিশুগণ পিছু। ক্রম্পনের শব্দ বিনা নাহি শুনি কিছু।। নগরেতে হাহাশব্দ ক্রন্দনের রোল। প্রলয় কালেতে যেন সাগর-কল্লোল।। শুনিয়া হইল ব্যগ্র অন্ধ নুপমণি। শীঘ্রগতি বিছুরেরে ডাকাইয়া আনি।। ধুতরাফ্র বলে শুন মন্ত্রিচ্ডামণি। নগরেতে মহাশব্দ ক্রন্দনের ধ্বনি।। হেন বুঝি কান্দে সবে পাণ্ডব কারণ। । কহ শুনি কি ৰূপেতে যায় তারা বন।। <sup>কি</sup>কতা বলে যুধি**ন্ঠি**র যায় হেঁটমুধে। ं সবিষাদ চিত্তেতে বসনে মুখ ঢাকে।। ছই বাছ বিস্তারিয়া যায় রকোদর। विश्वक्रम अर्ज्जुत्नतं दत्त् जनभत् ॥

নকুল যাইছে ছাই সর্কাঙ্গে মাখিয়া। সহদেব যায় মুখে কর আচ্ছাদিয়া।। ক্রপদনন্দিনী যায় সবার পশ্চাতে। মুকুলিত কেশভার কান্দিতে কান্দিতে।। ধৌম্য পুরোহিত সঙ্গে করে বেদধ্বনি। বিবাদিত্চিত্ত অতি কুশমুষ্টিপাণি।। ধৃতরাফ্র বলে কহ ইহার কারণ। এ ৰূপে পাণ্ডব কেন যাইতেছে বন।। বিছুর বলেন রাজা কহি দেহ মন। কপটে সর্বস্থ নিল তব পুত্রগণ।। এমতি করিল ধর্মা নহিল চলিত। সদা যুধিষ্ঠির তব পুত্রগণে প্রীত।। কদাচিত ভস্ম যদি হয় নেত্ৰানলে। এই হেতু হেঁটমুথে ঢাকিয়া অঞ্চলে।। ভীম বলে মম সম নাহিক বলিষ্ঠ। সংসারেতে যত বীর সকলের প্রেষ্ঠ।। ইহার উচিত শাস্তি করিব আসিয়া। এত বলি যায় বীর ভুজ পসারিয়া।। অর্জ্রনের অশ্রুজল বহে অনিবার। সেই মত বর্ষিবে অস্ত্র তীক্ষধার।। প্রত্যক্ষেতে ভবিষ্যত সহদেব জানে। বংশনাশ জানি হস্ত দিয়াছে বদনে।। এই মত ভন্ম আমি করিব বৈরীরে। সে হেতৃ নকুল ভক্ষ মাখিল শ্রীরে।। याक्करमनी (मवी याग्न कविशा तामन। এই মত কান্দিবেক শত্রুনারীগণ।। কুশহস্ত হয়ে যায় ধৌম্য তপোধন। সঙ্কপ্স করিব কুরুজাদ্ধের কারণ।। নগরের লোক সব করিছে রোদন। আমা সবাকার প্রস্থু যাইতেছে বন।। সঘনে কল্পিত ভূমি দেখ নৃপমণি। বিনা মেঘে সঘনে শুনি যে ঘোর ধ্বনি।। অপূর্ব্ব প্রসন্ধ হৈল দেব দিবাকর। 'উন্কাপাত বজ্ঞাঘাত শুনি নিরস্তর ॥ অকস্মাৎ ভাঙ্গি পড়ে দেউল প্রাচীর। ক্ষণে ক্ষণে রাজা কম্পি উঠয়ে শরীর।।

এক লক্ষ চিহ্ন রাজা কৌরববিনাশে।
কেবল হইল রাজা তব কর্ম্মদোবে।।
মহাভারতের কথা অমৃত লহরী।
কাশী কহে শুনিলে তরয়ে ভববারি।।

কুরুদভায নারদ ঋষিব আগমন। হেনকালে উপনীত ব্রহ্মার তনয়। সভামধ্যে কহেন নার্দ মহাশয়।। তাজি হতে চতুর্দশ বৎসর সময়। শ্রীক্লম্ব সহায়ে করিবেক কুরুক্লয়।। সবাই মরিবে তুর্ন্যোধন-অপ্রাধে। নিক্ষত্রা হইবে ক্ষিতি ভীমার্জ্জন ক্রোধে।। এত বলি মুনিবর হৈল অন্তর্ধান। শুনি কর্ণ তুর্য্যোধন হৈল কম্পমান।। নারদের কথা শুনি হইল অস্থির। অকুল সমুদ্রে যেন ডুবিল শরীর।। উপায় না দেখি ইথে কি হইবে গতি। বিচারি শরণ নিল দ্রোণ মহামতি॥ পাণ্ডবের ভয়ে প্রভু কম্পয়ে শরীর। আপনি অভয় দিলে হয় মন স্থির।। দ্রোণ বলে পাণ্ডুপুত্র অবধ্য আমার। দেব হৈতে জাত পঞ্চ পাণ্ডুর কুমার।। পাণ্ড্ৰ দেবতা আমি হই যে এাহ্মণ। ব্রাহ্মণের পূজ্য দেব জানে সর্বজন।। তথাপি করিব আমি যতেক পারিব। তোমা স্বাকারে আমি ত্যাগ না করিব।। ছুৰ্জ্জয় পাণ্ডব সব যাইতেছে বন। চতুর্দ্দশ বৎসরে করিবে আগমন।। ক্রোধে আসিবেন তাঁরা সবার উপর। নিশ্চয় দেখি যে ঘোর হইবে সমর।। শরণ পালন হেতু তোমা সবাকার। নিশ্চয় কহি যে ভদ্র নাহিক আমার।। যতেক করিলে সর্ব্ব আমার কারণ। নিকট হইল দেখি আমার মরণ।। রাজযভে ধৃষ্টত্যুদ্দ হয়েছে উৎপত্তি। আমার মরণ হেতু সে বিখ্যাত ক্ষিতি।।

সেই দিন হতে ভয় হয়েছে আমায়। দশ্ব হৈলে পাশুৰের হইবে সহায়।। চতুর্দিশ বৎসরাস্তে অবশ্য মরণ। বুঝি যাহে শ্রেয়ঃ হয় শীঘ্র দেহ মন।। যজ্ঞ দান ব্ৰত সব করহ ত্বরিত। ধর্ম্ম বিনা সথা নাহি পরকালহিত।। এ সুখ সম্পদ যেন তালছায়াবত। ইহা জানি শীঘ্র সবে ধর ধর্মপুথ।। তোমা স্বাকার মৃত্যু হৈল সেই কালে। সভায় যথন ক্লফা ধরিয়া জানিলে।। পাঞ্চালনন্দিনী কুফা হন লক্ষ্মী-অংশ। मना गाँदत मशीक्रदल तारथ ख्वीरकम ॥ ँ। त करों क्रम नाहि मिर्ट कमाहिए। না ক্ষমিবে পাণ্ডব দ্রৌপদী প্রবোধিত।। ত্রয়োদশ বৎসরান্তে রক্ষা নাহি আর। ভীমার্জ্ব হাতে হবে সবার সংহার।। সে কারণে তার সহ কলহ না রুচে। এখনি করহ প্রীতি যদি প্রাণ বাঁচে।। এত শুনি ধৃতরাফ্র বিদ্বুরে কহিল। মম মনে নাহি লয় বিপদ ঘুচিল।। এইক্ষণে শীঘ্রগতি করহ গমন। ফিরায়ে আনহ শীঘ্র পাঞ্চু পুত্রগণ।। যদি তারা সত্যভঙ্গ করিবারে নারে। ভাল বেশ করি যাক অরণ্য ভিতরে।। বস্ত্র আভরণ পরি রথ আরোহণে। সংহতি লইয়া যাক দাস-দাসীগণে।। সঞ্জয় এতেক শুনি বলিল তখন। সর্ব্ব পৃথী পেলে রাজা কি হেতু শোচন।। ধৃতরাফ্র বলে মম চিত্ত নহে স্থির। বহুমত করি ধৈর্য্য না ধরে শরীর 🗛 সঞ্জয় বলিল শান্ত এথন নহিবে। যখন এ সব্ রাজা নিমূল হইবে।। তখন হইবে শাস্ত শুনহ রাজন। কত কত তোমারে না বুঝাব তথন।। ভীম দোণ বিছুরাদি কহিল বিস্তর। তবু পাশা করাইলে অনর্থের ঘর।।

#### - Site in

হেন বিপর্যায় কছু নাহি শুনি কাণে। কুলবধু চুলে ধরি সভামধ্যে আনে।। তথন কি আপনি সভায় নাহি ছিলে। ্জাপনার বংশ তুমি আপনি নাশিলে॥ ধৃতরাফ্র বলে কিছু মম সাধ্য নয়। দৈবে যাহা করে তাহা শান্ত কিসে হয়।। যখন যেমন হয় বিধি তাহা করে। কুবৃদ্ধি কুপথী করি ছঃখ দেয় তারে।। অধর্ম যে কর্ম তাহা বুঝি যেন ধর্ম। অর্থ করি বুঝে নর অনর্থের কর্ম।। কর্মহীনে কাল যায় বুঝিবারে নারে। कुरुक्ति कतिया नत्त कालवृक्ति धरत।। পেইমত কুরুদ্ধি আমারে দিল কালে। আগু পাছু বিচার না করিলাম হেলে॥ অযোনিসম্ভবা জন্ম কমলা অংশেতে। তারে হেন কে করিবে সজ্ঞান থাকিতে।। সাধুপুজ পাশুবেরে দিল বনবাস। এই চারি ছুফ হতে হৈল্র সর্কনাশ।। ষ্পশক্ত না হয় বলে পঞ্চ সহোদর। মুহূর্ত্তেকে জিনিবারে পারে চরাচর।।

ধর্মপাশে বন্দী হৈয়া মোরে বড় মানে। সে কারণে না মারিল এই চুফীগণে।। ধিক ধিক ছুর্য্যোধনে ধিক শকুনিরে। কপট পাশায় ছুঃথ দিল পাশুবেরে।। না সহিবে পাণ্ডব এ সব অপমান। পাপরুদ্ধে বংশ মোর হৈল সমাধান।। কুষ্ণ তার অনুকূল কিসের আপিদ। ভীমাৰ্জ্জুন মাদ্রীস্তুত কৈকেয় দ্রপদ।। ধুষ্টত্বান্ন সাত্যকি শিখণ্ডী আদি করি। থাকুক অন্যের কার্ন্য ইন্দ্র যারে ভরি ।।। এ সব সহিত র । সমুখ সমরে। কে আছে সহায় মোর নিবারিবে তারে।। অনুক্ষণ অন্ধরাজ ভাবেন অন্তরে। এ শোকসাগরে ত্বষ্ট ডুবাইল মোরে।। মহাভারতের কথা অমৃত লহরী। কাহার শকতি তাহা বর্ণিবারে পারি॥ কাশীরাম দাস কহে শুন সর্বজন। সভাপর্ক সমাপ্ত পাণ্ডব গেল বন।।

সভাপর্ক সম্পূর্ণ।



### সভাপর্বের টীকা

টীকার নম্বর (১) পৃষ্ঠা ৪ মুলে এই স্থলে মহদানব প্রীকৃষ্ণ ও পাওবগণের অভিপ্রায়ান্ত্রাবে পুণাদিনে কতকৌতুক-মন্দল হইযা পায়স ও বছবিধ ধন ছাবা আন্দাগগণকে প্রিভৃপ্ত কিবিয়া সর্কার্কভ্রণ-সম্পান্ন দিবারূপ মনোহর সভা স্থলীর প্রিস্ব প্রক সহক্র হস্ত প্রিমাণ করিয়া লইল লিখিত আছে। বস্তুতঃ এখন ও নিশ্বভা নিশ্বভা নিশ্বভি কার্যাধ্যে করেন নাই।

টী (২) পূও ন্লে লিগিত আছে থে,
জীকুষ্ণ যথন গড়ড-কেতুন বথে আংরোহণ কবিষা পপুরে গ্যন কবিতেছেন, এমন
সম্যে মহাবাজা সুধিটিব সেই বথে আংবাহণ
পূর্বাক দাকক দার্থিকে তংগুল হইতে স্থানাভবে উপবেশন কবাইয়া স্থাং দাব্যি হইয়া
বলগা ধাবণ কবিলেন, আর্জুন চাম্ব ধাবণ
করিষা ব্যন্তন করিতে লাগিলেন এবং জন্মানা
ভাত্বর্গ ভাহাব অন্তগ্যন করিতে লাগিলেন।

টী। ৩) পু৪ মৃলে এই স্থলে ময় জাতি বিভিন্ন স্কার্ড ভূষিত। সভাস্থলী নির্মাণ কবি-মাব জন্য অভিনুনের নিকট বিদাস প্রাণনী কবিলেন লিখিত আছে।

দি (৪) পূর ন্লে লিখিত জাছে যে, মধ ১৪ মাসে সভাকাধ্য পরিসমাপ্ত করেন, কিন্তু কাশীবাম দাসেব পুস্তকে এক মাস লিখিত আছে। বিশেষ অনুধাবন কবিলে স্পাইই প্রতীতি হয় যে, লিপিকরেব অনবধানতাই ইচাব একমাত্র কারণ। বস্ততঃ চতুদশ মাসেই সভাব কাৰ্যা পরিস্মাপ্ত হয়।

টী (৫) পৃ ৬ সভায় যে সকল ঋষি উপ-নীত হইলেন, তুমুধ্যে পারিজাত, বৈবত, স্থম্থ, ধৌমা প্রভৃতি মুনিগণই প্রধান।

টী (৬) পৃ ১০ শক্ত আদিলে যে দিক দিয়া ইচ্ছা, পুরী হইতে বহিগ্ত হইতে পাবিবেন এবং শক্ত পরাক্ষয়ের বিশেষ উপায় অবধারিত হইবে, এই বিবেচনায় শ্রীকৃষ্ণ বছার্বাবিশিষ্ট নগবী নির্মাণ করেন। এই জন্মই উহার নাম ধারকা হইয়াছে।

টী (৭) পৃ১১ পুবাণান্তরে বর্ণিত আছে, এই ছই কন্সার আশির নাম সহদেবা ও অনুজা। কংস ছইটী কন্সারই পাণিগ্রহণ করেন। দৈত্য- প্রবর সৌভপতি জুমিলের ঔরসে উগ্রসেনের
ক্লেত্রে কংসের উৎপত্তি হয়। একদা জুমিল
উগ্রসেন-পড়ীর অন্তপম রূপমাধ্বী সন্দর্শনে
কাম-বিহরল হইয়া উগ্রসেনের মৃতি ধারণ
পূর্বাক উদীয় পড়ীর সহিত সন্ধত হয়।
বিহারকালে রূপরতী ছন্মবেশী জুমিলের প্রতি
সন্দেহ করিয়া ''কস্য ঘং" এই বাক্যে প্রশ্ন
করাতে দৈতাপতি কহিল, তুমি ''কস্য ঘং'
বলিয়া জামার প্রতি প্রশা করিয়াছ, অতএব
ভোষার গর্ভদাতপুত্র কংসনামে বিদিত হইবে।

টী (৮) পু ১০ কংস জ্ঞীকুক্ষ-করে নিধন হইলে জরাসন্ধ বৈরনির্যাতন মানসে জ্ঞীকুক্ষকে লক্ষ্য করিয়। গিরিক্স হইতে এক গদা নিক্ষেপ করে। সেই গদপাতে মধুরানগরী বিকম্পিত হইয়া উঠে। তদবধিই মধুরার সন্নিহিত ছান গেদাবসান" বলিষা প্রথিতি লাভ করিয়াছে।

টী (৯) পৃ>৪ গশুকী নদীতে শালগ্রাম শিলার উৎপত্তি হয়। ইছার বিশেষ বিবরণ ব্রহ্মবৈবর্ত্ত পুষাণে বর্ণিত আছে।

টী (১০) পু ১৪ তীর্থরাজগরাধামের বোল
কোশ উত্তবপূর্কে গিরিব্রক্ত অবস্থিত। ইহা
বই অপব নাম রাজগৃহ। এই স্থানে বৈহার,
বরাহ, বুযভ, ঋষিগিরি ও চৈত্যক এই
পাঁচটী মহাশৃঙ্গবান্ গিরি বিরাজিত। এই
স্থান স্থানলিলে ও বিবিধ পভতে পরিপূর্ণ।
এই স্থানে মনোহর অট্টালিকার পরিদীমা
নাই। অতত্য অধিবাদীগণ সকলেই নীরোগ
ও শান্তিময়। মূলে এই স্থান্থানের বেরূপ
মনোহর বর্ণনা আছে, পাঠকগণের বিদিতার্থ ভাহার কতিপয় স্লোক নিয়ে উভ্ত

"এব পার্থ মহান্ ভাতি পশুমারিত্যমন্মান্। নিরাময়: স্থবেশাটো নিবেশা মাগধঃ শুভ: ।। বৈহারো বিপুল: শৈলো বরাহো বৃষভভগা। তথা ঋষিগরিস্তাত ! শুভাশৈত্যকপঞ্চমা: ।। এতে পঞ্চ মহাশৃশাঃ পর্বতা: শীতলক্রমা: । রক্তীবাভিদংহত্য সংহতালা: গিরিব্রক্ষ্ম।"

টী ( ১১ ) পৃ ১৪ প্রাসিদ্ধ আছে বৃহদ্রথরাজ কোন বৃষরণী দৈত্যকে নিহত করিয়া তদীয় চর্মাছারা তিন্টী ভেবী প্রজ্ঞক করেন। টী (১২) পৃ১৫ স্বস্থি কল্যাণস্থচক বাক্য। কল্যাণ কামনা করিয়াই স্বস্থি উচ্চারণ করিতে হয়। এ স্থলে স্বস্থি শব্দে নিত্য নির্বাণরূপ কল্যাণ কামনাই প্রকাশিত ইইতেছে।

টী (১৩) পৃ১৫ পূর্বকালে নরবলির প্রথা ও মহাদেবের মৃত্তিবিশেষের নিকট বলি দিবার রীতি প্রচলিত ছিল। এখনও নেপালে পশু-শতিনাথের ও বৈজ্ঞনাথক্ষেত্রে কালভৈরবের সম্মুথে ছাগ-মেষাদি বলি প্রাদত্ত হইঁয়া থাকে। জ্বরাসন্ধ মহাদেবের প্রীত্যর্থে বলি প্রাদানর জ্বন্য ষড়শীতি সংখ্যক নরপতিকে গ্রহ করিয়া রাথিযাছিলেন।

টী (১৪) পৃংহ কোন কোন গ্রন্থে তাণেদণ দিবদ বলিয়া উল্লিখিত আছে; পরস্ক সেটী ভ্রমমাত্র। তিদশ শব্দে তিগুণ দশ অর্থাৎ তিংশৎ দিন বুনিতে হইবে। মূলেও স্পষ্ট লিখিত আছে থে, ভীমদেন শিশুপালের গৃহে তিংশদ্দিন অবস্থিতি করিয়াছিকেন।

টী (১৪) পৃংহ ঐকুকেরে ৰাম্বদেব নাম থৰ্কা করিবার জন্য পুণ্ডুরাজ স্বয়ং বাস্থদেব নামে পরিচয় প্রদান করিতেন। পরিণামে তিনি কৃষ্ণকরেই আম্বিদর্জন করেন।

টী ( ১৬ ) পু ২২ এই দ্বিবিদ নামকবিচক্ষণ বানর পূর্বেরামাবভারে লক্ষণকে ঐকাহিক জর হইতে মুক্ত করে। লক্ষণ যৎকালে অগ্নাগারে প্রবেশ করিয়া মেঘনাদের বিনাশ সাধন করেন, তথন স্থদারুণ ঐকাহিক জর তাঁহাকে আক্রমণ করে। তদর্শনে ছিবিদ একথানি সংজ্ঞাপত্রী লিথিয়া লক্ষণকে প্রদ-র্শন করিলে লক্ষণ ভৎক্ষণাৎ রোগমুক্ত ও "সমুস্তের উত্তরকূলে দিবিদ নামা বানর ঐকা-.হিক জর নষ্ট করে" তালপত্তে এই মন্ত্র লিথিয়া ছারদেশে স্থাপন করিলেই ঐকাহিক জর পলায়িত হয়। দ্বিদ বানরই স্তপুত্র লোম-হর্বণ রূপে জন্ম গ্রহণ করে। লক্ষণ ছাপর-যুগে বলরামরূপে অবতীর্ণ হইয়া কুরুকেত্রে লোমহর্ষণকে বিনিপাতিত করেন।

টী ( ১৭ ) পৃ ২৪ কাশীদাস এই জাতিকে ময়্রপাথী বলিয়াছেন, কিন্তু মূলে এই জাতিকে ক্ষতির বলিয়া বর্ণিত আছে। এই জাতির আথ্যা ময়ুর। বোধ হয়, ময়ুরপুচছেরপরিচ্ছদাদি পরিধান করিত বলিয়াই এই জাতির এইরূপ দংজ্ঞা হইয়া থাকিবে।

টী (১৭ ই) পৃ ৫০ অরিষ্ট ও কেশী নামক দৈত্যধয়ই কৃষ্ণ বলরামকে নিহত করিবার জভা বৃষ ও অশ্বরূপ পরিগ্রহ করে। এই জভাই অরিষ্ট বৃষ এবং কেশী অশ্ব নামে অভিহিত হয়।

টা (১৮) পৃত্ত পূর্বকালে নদাদি গোপগণ কৃষিকার্য্যের উন্নতির জন্য প্রতি বৎসর
ইন্দ্রের উদ্দেশে যজ্ঞানুষ্ঠান করিতেন। কিন্তু
কৃষ্ণের আদেশে ইল্রোৎসব পরিত্যাগ করিয়া
গিরিযজ্ঞের অন্তুঠান করাতে দেবরাজ্ঞ রোষাজ্ঞ
ইয়া বৃন্দাবন উৎসন্ন করিতে সংকল্প করেন।
ভাঁহার আদেশে মেঘগণ সপ্তাহকাল মুবলধারে বৃন্দাবনে বারিবর্ষণ করে; কিন্তু বৃন্দাবন উৎসন্ন করা দূরে থাকুক, প্রীকৃষ্ণেব
প্রসাদে দেবরাজের দর্প চূণবিচূর্ণ ইইয়া
যায়। গোপিকারঞ্জন সপ্তাহ কাল পর্যান্ত বামকরের কনিষ্ঠাঙ্গুলীতে গোবর্জন গিরি
ধারণ করিয়া বৃন্দাবন সহ বৃন্দাবনবাসীগণকে বর্ষণ ইইতে পরিত্বাণ করিয়াছিলেন।

টী (১৯) পৃ ৫০ কংসেরধাত্রী পূতনানিশাচরী কংসের প্রতি স্নেহপরবশ হইয়া কৃষ্ণকে
নিহত করিবার বাদনায় তাঁহাকে বিষমিশ্রিত
স্তনপান করায়। কিন্তু মায়াময় জনার্দন স্তনপানচ্ছলে তাহার প্রাণবায়ু আকর্ষণ করিষ।
তাহাকে নিহত করেন।

টা(২০)পৃথ১ এই হংসই ভূলিক নামে প্রাস্থান

টী (২১) পৃ ৬১ মৃলে লিথিত আছে যে,
ধর্মরাজ, দ্রোপদী প্রভৃতি নারীগণ, ভ্রাত্বর্গ,
বিহুর, অন্তরাদি সমভিব্যাহারে হতিনার যাত্রা
করেন। বস্ততঃ দ্রোপদী যে সম্ভিব্যাহারে
গিয়াছিলেন, ভাহাতে সন্দেহ নাই; কারণ
দ্যুতক্রীড়ার পরাস্ত হইলে যথন দ্রোপদীকে
সভায় আনিবার আদেশ হয়, তথন দ্রোপদী
হস্তিনাতেই ছিলেন, ইহার বিশেষ প্রমাণ দৃষ্ট
হইয়া থাকে।



অর্থাৎ

সটীক, সচিত্র, সুসংস্কৃত, সম্পূর্ণ

# অষ্টাদশপর মহাভারত

মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাদ-প্রণীত মূল সংস্কৃত হইতে সুধীবর কাশীরাম দাস মহোদয় কর্তৃক

সরল বিশুদ্ধ পদ্যে অমুবাদিত।

वनश्रव ।

নুভ্ন সংস্করণ।

সনাতন হিন্দুধর্মোৎসাহী মহাত্মা শ্রীযুক্ত বাবু নন্দলাল দে মহাশয়ের উৎসাহে, উদ্যোগে ও অর্থ সাহায্যে

দে এণ্ড ব্ৰাদাৰ্স কৰ্ত্তৃক প্ৰকাশিত।

हिन्दूरश्रम।

७) नः व्यादीवीरहे। ना ब्रीने, - कलिकाछ।। শিংক্তনাথ দে ছারা মুদ্রিত। 1.6675

# বর্নপর্বের সূচীপত্র।

বিষয়	পৃষ্ঠা।	বিষয় পূৰ	<b>\$1</b>
পাণ্ডবদিগের বনবাদে প্রজালোকের	থেদ ১	যুধিষ্ঠিরের প্রতি ক্রোপদীর উক্তি	৩৯
যুধিষ্ঠিবের স্থ্যারাধনা ও বরলাভ	9	যুধিষ্টিরের শুতি ভীমের বাক্য →	8 •
ধুতুরাষ্ট্র কর্ত্তক বিহুরের অপমান ও		ভীমের প্রতি,ষুধিষ্টিরের প্রবোধবাক্য	8 3
যুধিষ্ঠিরের নিকটে বিহুরের গমন	8	অর্জুনের শিব আবোধনার্গ হিমাল্যে গ্যন	8 ર
ধৃতরাষ্ট্রের সহিত বিহুরের পুনর্মিলন	8	কিয়া হার্জুনের যুদ্ধ ও অর্জুনের	
ধুতরাষ্ট্রের প্রতি ব্যাদদেবের		পাভাপত অন্ত্ৰনাভ	88
হিতোপদেশ	đ	व्यर्क्कात्र हेसालस्य शमन	85
মৈতের মুনির বাকা ও ত্র্গোধনকে		ইশ্রসভায় উর্কশী ইত্যাদির নৃত্য গীত	89
অভিশাপ প্রদান	•	অর্জুনের প্রতি উর্কাশীর অভিশাপ	ঠ
কিন্দীর বধোপাথ্যান	ь	ইন্দ্রালয়ে লোমশ ঋষিব আগমন	85
কামাকবনে পাণ্ডবদিগেব নিকট		পাভবেৰ বিক্ৰম ভনিয়া ধৃতরাু্ট্রের বিলাপ	¢.
🗐 কুষণাদির গমন	*	অর্জুনের নিমিত পাওবদিগের আমেপ	<b>@</b> 5
শাল্পৈভোব সহিত কামদেবের যুক	১২	নল-রাজার উপা্থ্যান	œ২
শ্রীক্ষেত্র স্ত্রেশালনৈতা বধ	23	দময়স্তীর স্বয়স্ব	a o
শ্রীবৎস-বাজার উপাথাান	28	দম্যুক্তীর নল-বরণ	a c
<b>জীবৎস-রাজার নিকটে শনি ও লম্মী</b> র	<b>1</b>	নল-পুক্রেব দৃত্ত-ক্রীড়া	<b>(</b> 9
অাগমন	۶ ۹	নল-দময়ন্তীর বনগমন ও নলের দময়ন্তী-	
শ্রীবৎস:রাজার বিচাব ও শনির কোণ	<b>ট</b> া	ভাগ	47
রাজা ও রাণীর বনে গমন	78-	দময়ন্তীকে সপ্রাস	¢s
🔊 বৎদের প্রতি শনির বাক্য	२১	দময়ন্তীব পতি অংশেষণ ও স্থবাহ নগরে	
ডিস্তার দহিত রাজার কথা	२२	দৈরিদ্ধীবেশে স্থিতি	<b>6</b> •
🖪 বৎস রাজার কাঠুবিয়া আলয়ে ছিবি	5 4	কর্কটনাগের দংশনে নলের বিক্বভাকার	৬২
বৰ্ণিক কৰ্তৃক চিন্তা হরণ	₹8	<b>ঋতুপর্ণালয়ে বাছক নামে নলরাজা</b> র	
শ্রীবৎস-রাজার বোদন এবং		<b>অবস্থিতি</b>	৬৩
চিস্তার অন্বেষণ	२৫	বিদর্ভভূপতি ভীমের নল-দময়ন্তীর	
স্বভি আশ্রমে রাজার স্থিতি	२७	উদ্দেশ ও চেদিরাজ্যে দময়ন্তীর	
শ্রীবৎস-রাজার মালিনী আলয়ে স্থিতি	२৮	দন্ধান প্রাপ্তি	Š
শ্রীবৎস-রাজার সহিত ভদ্রার বিবাহ	ঐ	দময়ন্তীর পিত্রালয়ে আগমন	68
ঐীবৎস রাজার সহিত্তিস্থাদেবীর মি	লন ৩১	দময়ন্তীর পুন: স্য়ম্বর শ্রবণে ঋতুপর্ণের	
পূর্ণমূর্ত্তী শনির আবির্ভাব ও ঐবিৎস-		বিদর্ভে যাত্রা ও নলের দেহ	
রাজ্ঞাকে বরদান	<b>૭</b> 8	হইতে কলিত্যাগ	હેલ
ত্ই ভার্যার সহিত ঞীবৎস-রাজার		<b>ঋতুপৰ্বাজাৰ সহিত নলের বিদর্ভনগরে</b>	
সরাজ্যে গমন	. ঐ	<b>প্র</b> বেশ	৬৭
শ্রীক্রবের দারকায় প্রস্থান	<b>৩</b> ৬	নলের সহিত দময়ভীর মিলন	১৯
পাগুবগণের দৈতবনে গমন ও মার্কথে	9য়	ঋতুপর্ণ রা <b>জার স্বদেশে প্রত্যাগমন</b> ও নলে	র
মুনির আংগমন	ক্র	পুনর্কার রাজ্য প্রাপ্তি	90
ক্রোপদীর পরিভাপ <b>বাক্য</b>	૭૧	জনমেজয়ের বৈশম্পায়নকে কাম্যকবনস্থ	
যুচিটির-জৌপদী-সন্ধাদ	৩৮	পাণ্ডবগণের বৃত্তান্ত জি <del>ক্</del> কাসা	93

বিষয়	शृष्ठी।	বিষয়	পৃষ্ঠা।
যুধিষ্টিরের ধর্ম জানিবার জন্য ধর্মের	ছলনা	রাজা যুধিটিরের আনক্ষেপ যুধিটিরের প্রতিধর্মের চারিপ্রশালিজ্ঞা	১৭৮ সা ১৮০
ও জল আনিতে ভীমের গমন ভীমাবেষণে অর্জুনের গমন	295	যুধিষ্ঠিরের প্রতি ধর্মের ছলনা	7.47
ভীমার্জ্জুন অন্বেষণে নকুলের যাতা ভীমার্জ্জুন-নকুলের অবেষণে দহদেবের		ধর্মের নিকটে যুধিষ্ঠিরের বরলাভ ও কুফাসহ চারি ভ্রাতার পুনজ্জীবন	Š
লাভ্গণ ও ডৌপদীর <b>অং</b> যেশণে রাজা যুধিষ্ঠিরের গমন	7.49-	ব্যাসদেবের আগসমন এবং অজ্ঞাত- বাসের প্রামর্শ	१४२

বনপর্কের স্থচীপত্র সম্পূণ।



## শাওবগণের বনগমন।



" ছুর্কাক্যে কোপিত সেই পাণ্ডুপুজ্রগণ। শ্রুজাগণে প্রবোধিয়া চলিলেন বন।। ??



नावाधनः नमञ्ज्ञ नबदेश्य नदबाख्यः। (प्रचीः सवज्रजीः वा∤सः ততো अध्यसूनीबदादः।।

পাওবনিগের বনবাদে প্রজালে!কের থেদ।

জন্মেজয় বলে কহ শুনি তপোধন। পুর্ব্ধপিতামহ-কথা অদ্ভুত কথন।। কির্বাপে জিনিয়া তাঁর নিল রাজ্য ধন। বহু ক্রোধ করাইল বলি কুবচন।। কলহের পথ কুরু করিল স্জন। কহ শুনি কি করিল পিতামহগণ।। ইন্দ্রের বৈভব সুখ সকল ত্যাজিয়া। কেমনে সহিল তুঃখ বনেতে রহিয়া।। পতিত্রতা মহাদেবী জপদনন্দিনী। কিৰূপে বঞ্চিল তুঃথে কহ শুনি মুনি।। কি আহার কি বিচার ছাদশ বংসর। কোন কোন বনে গেল কোন গিরিবর ।। বৈশম্পায়ন বলেন শুনহ রাজন। কপটে সকল নিল রাজা ভুর্য্যোধন।। ক্ষমাবন্ত দয়াবন্ত রাজা যুধিষ্ঠির। হস্তিনানগর হতে হলেন বাহির।। নগর উন্তরমুখে চলেন পাশুব। চতুর্দিকে ধাইল রাজ্যের প্রজা সব।। যেই মত ছিল যেই ধাইল ত্বরিত। পাশুব বেড়িয়া সবে রহে চতুর্ভিত।।

ভীম্ম দ্রোণ রূপাচার্য্য বিছুরের প্রতি। ধিকার ও তিরকার করে নানাজাতি।। ধুতরাফ্টে ভয় নাহি করে কেহ আর। ক্রোধেগালিপাড়ে মুখে আসে যা যাহার। পাপিষ্ঠ রাজার রাজ্যে কি ছার বসতি। সবে মেলি যাব মোরা পাগুব সংহতি।। যে দেশে শকুনি মন্ত্রী রাজা ভুর্য্যোধন। তথায় বসতি নাহি করে সাধুজন।। পাপিষ্ঠ হইলে রাজা প্রজা সুখী নর। কুলধর্ম্ম ক্রিয়া তার সব নষ্ট হয়।। মহাক্রোধী অর্থলোভী মানী কদাচারী। নির্দায় সুহাৎ শত্রু মহাপাপকারী।। হেন ছুর্য্যোধনমুখ কছু না দেখিব। চল সবে পাগুবের সহিত রহিব।। এত বলি প্রজাগণ ক্বতাঞ্চলি করি। সবিনয়ে বলে ধর্মারাজ বরাবরি ॥ আমা সবা ছাড়ি কোথা যাইবে রাজন। তুমি যথা যাবে তথা যাব সর্বজন।। তোমার সর্বস্থ ছলে জিনিল কৌরব। উদ্বিগ্ন হইয়া হেথা আসি মোরা সব।। তব হিতে হিত মানি তব ছুঃখে ছুঃখী। তব সুখ হলে মোরা সবে হই সুখী।।

আমা সবাকারে নাহি কর নিবারণ। ভোমার সংহতি মোরা সবে যাব বন।। রাজ্যেতে হইল মহাপাপী অধিকারী। এ কারণে মোরা সব হব বনচারী॥ জল ভূমি বস্ত্র তিল <sup>প্</sup>বন যেমন। পূষ্প সহবাদে ধৰে সুগন্ধ মোহন।। পাপীর সংসর্কে তেন পাপ বাড়ে নিতি। পুণা রদ্ধি হয় পুণাজনের সংহতি।। পুণ্য করিবার শক্তি নাহি মো সবার। পুণ্যভাগী হব সঙ্গে থাকিলে তোমার।। বহু পুণ্য করি ছুর্স্যোধনের সংহতি। তথাপি তাহার পাপে নাহি অব্যাহতি।। রাজপাপে প্রজাদের নাহি অব্যাহতি। যাইব তোমার সঙ্গে কি আর বসতি।। দরশনে পাপ হয় অশনে শয়নে। ধর্মাচার নফট হয় এ রাজার সনে।। যেমত সংসর্গকল সেই মত হয়। ভেঁই সে আমরা বনে যাইব নিশ্চয়।। সমস্ত সদগুণ করে তোমাতে নিবাস। ভেঁই তব সহিতে থাকিতে করি আশ।। প্রক্রাদের ছেন বাক্য শুনি যুধিষ্ঠির। কহিলেন মিষ্ট বাক্য কোমল গভীর।। ভাগ্য করি আপনারে মানি এতক্ষণ। সে কারণে এত মেহ কর সর্বজন।। আমি যাহা কহি তাহা অন্ত না করিও। আমার সভ্ম করি সকলে মানিও।। পিতামহ ভীশ ধৃতরাফ্র জ্যেষ্ঠ তাত। কুন্তী মাতা ইহঁারা করেন পাত।। এই সবাকার শোক কর নিবারণ। দেশে থাকি সবাকার করহ পালন।। যুধিষ্ঠির-মুখে শুনি এতেক বচন। হাহাকার করি নিবর্তিল প্রজাগণ।। অন্যা সাগ্লিক শিষ্য সহ দ্বিজগণ। পাওবের পাছু পাছু চলে সর্বজন।। সশস্ত্র পাগুবগণ রথ আরোহণে। প্রজাগণে প্রবোধিয়া চলিলেন বনে ।।

উত্তর মুখেতে যান জাক্রীর তটে। রম্যস্থান দেখিয়া রহেন মহাবটে।। দিনকর অস্ত গেল প্রবেশে শর্করী। সেই রাত্রি নির্কাহিল জলম্পর্শ করি।। চতুর্দ্ধিকে দ্বিজগণ অগ্নিহোত্র জ্বালি। বেদধ্বনি পুরুরবে পূরে বন স্থলী।। রজনী প্রভাত হৈল উঠি সর্বজন। ছোর বনে করিলেন গমন তখন।। চতুর্দ্ধিকে মুনিগণ চলিল সংহতি। দেখিয়া বলেন তবে ধর্ম নরপতি।। রাজ্যহীন ধনহীন হইলাম আমি। ফলমূলাহারী আমি হই বনগামী॥ আমা সনে বহু চুঃখ পাবে দ্বিজগণ। বিশেষে বনেতে ভয়ক্ষর পশুগণ।। হবে যত চুঃখ শুন তোমা সবাকার। সে পাপে হইবে নক্ট মম ধর্মাচার।। দ্বিজ কটে ডুঃখ পার দেব আদি জন। মনুষ্য কিসেতে গণি আমা আদি জন।। নিবর্তিয়া দ্বিজগণ চলহ নগরে। তামার বিনয় এই তোমা স্বাকারে॥ দ্বিজগণ বলে কোথা যাইব নৃপতি। তোমার যে গতি আমা সবার সে গতি।। আমা সবা পোষ্টেতে ত্যজ ভয় মন। মোরা আনি ফল মূল করিব ভক্ষণ।। যুধিষ্ঠির বলে জামি দেখিব কেমনে। মম সহ রহি তঃথ পাবে দ্বিজগণে।। ধিক্ গ্রুতরাক্ট রাজা ছুফ্ট পুত্রগণ। এত বলি অধোমুখে রহেম রাজন।। শৌনক নামেতে ঋষি বুঝান রাজারে। সুলগিত শাস্ত্র বলি বিবিধ প্রকারে॥ শোকস্থান সহস্র শতেক ভয়স্থান। তাহাতে মূচ্ছিত হয় মূর্খ যে অজ্ঞান।। পণ্ডিত জনের তাহে নহে মুগ্ধ মন। 'তুমি হেন লোক শোক কর কি কারণ।। ধন উপার্জ্জয়ে লোক বন্ধুর কারণে। বন্ধুতে রহিল ধন কি কাজ বিমনে।।

অর্থ হেতু উদ্বেগ ত্যজহ নরপতি। অনর্থের মূল অর্থ কর অবগতি।। উপাৰ্জ্জনে যত কফ ততেক পালনে। ব্যয়ে হয় যত ছুঃখ ক্ষয়েতে দ্বিগুণে।। জ্যর্থ যার থাকে তার সদা ভীত মন। তার বৈরী রাজা অগ্নি চোর বন্ধুজন।। অর্গ হতে মোহ হয় অহস্কার পাপ। জতার উদ্বেগ হয় সদা মনস্তাপ।। এ কারণে অর্থচিন্তা ত্যজহ রাজন। সর্ব্ব পূর্ণ চলে তৃষ্ণা নহে নিবারণ।। যাবৎ শবীরে প্রাণ তৃষ্ণা নাহি টুটে। সাধু জন এই তৃঞা জ্ঞান-অস্ত্রে কাটে।। সন্থোষ সাধুর অস্ত্র ভৃষ্ণা নিবারণ। ইন্দু সম অর্থে তৃষ্ট নহে জ্ঞানী জন।। অনিতা এ ধন জন অনিতা সংসার। ইহার মায়াতে ডুবি ক্লেশমাত্র সার।। এই সব স্লেহেতে মোহিত যত জন। অটিন্থিত কোথা দেখিয়াছ হে রাজন।। ধর্মা করিবারে যদি উপার্জ্জয়ে ধন। বিচলিত হয় মন ধনের কারণ।। মহারাজ জান ধন পাপ-পদ্ধবত। পঙ্কেতে নামিলে তকু হয় পদ্ধাবৃত।। নিশ্চয় হইবে ছুঃথ পক্ষ ধুইবারে। সাধু সেই যেই নাহি যায় সে পদ্ধেরে। ধর্মে যদি প্রয়োজন থাক্যে রাজন। এ সকল পাপ-ভৃষ্ণা কর কি কারণ।। শৌনক-বচন শুনি কহে নরপতি। মম কিছু ভৃষণ নাহি রাজ্য ধন প্রতি।। বিপ্রের ভরণ হেতু চিস্তা করি মনে। গৃহাশ্রমে অতিথি বা পূজিব কেমনে।। গৃহাত্রমী হইয়া বঞ্চিবে যেই জন। অতিথি যা মাগে তাহা দিবে ততক্ষণ।। তৃষ্ণাৰ্ত্তকৈ জল দিবে ক্ষুধিতে ভোজন। নিদ্রার্থীরে শয্যা দিবে শ্রান্তকে আসন। অথিতি আসিলে দ্বারে করিবে যতন। কত দুরে উঠিয়া করিবে সম্ভাষণ।।

य जन ना करत हेहा शृहच्च हहेशा। র্থা হয় দান যজ্ঞ ধর্ম আদি ক্রিয়া।। আমি হেন লোক ইথে বাঁচিব কেমনে। এই হেতু মহাতাপ পাই আমি মনে।। শৌনক বলিল রাজা চিন্তা দূর কর। ধর্মকে শরণ লহ শুন নৃপবর।। ইন্দ্র চন্দ্র'আদিত্য অপর দিকপালে। ত্রৈলোক্য জনেরে তাঁরা ধর্ম্ম বলে পালে।। তুমিহ করহ রাজা তপ আচরণ। তপোবলে দ্বিজগণে করহ পালন।। এত শুনি যুধিষ্ঠির চিন্তিত হাদয়। ধৌম্য পুরোহিতে ডাকি কহে স্বিনয়।। দ্বিজগণ চলিলেন আমার সংহতি। কেমনে ভরণ হবে কহ মহামতি।। ক্ষণেক চিন্তিয়া কহে ধৌম্য তপোধন। ত্যজ ভয় কর রাজা **সুর্য্যের সেবন।।** সংসার পালন-কর্তা দেব দিবাকর। স্থ্রে।র প্রদাদে কার্য্য হবে নুপবর।। এত বলি দীক্ষা দিয়া ধৌম্য তপোধন। অফোত্তর শত নাম করান শ্রবণ।। (২২)

যুধিন্ঠিরের হুর্ঘারাধনা ও বরলাভ।

যুধিন্ঠির মহারাজ সেবেন ভাক্ষর।
ব্রতী হয়ে নানাপুম্পে পুজেন বিস্তর।।
অফোত্তর শত নাম জপেন ভূপতি।
দশুবৎ প্রণমিয়া করে নানা স্ততি।।
তুমি প্রভু লোকপাল লোকের পালন।
চতুর্দিকে দীপ-দীপ্ত ভোমার কিরণ।।
অমর কিন্নর সব রাজস মানুষে।
সর্বর্ধ সিদ্ধ হয় দেব তব কুপাবশো।।
ইত্যাদি অনেক স্তব করেন রাজন।
আসিলেন তথা মূর্ত্তিমান বিকর্তন।।
বলিলেন চিন্তা ত্যুজ ধর্ম্মের নন্দন।
সিদ্ধ হবে নরপতি যে ভোমার মন।।
ব্রোদশ বৎসর যাবত রাজ্য হীনে।
যত চাহ তত হবে মোর বর দানে।।

#### ভারত-রত্না

ফল মূল শাক আদি যে কিছু আনিবে। অম্পামাক্র রন্ধনেতে অব্যয় হইবে।। ক্রপদনন্দিনী ক্লফা লক্ষ্মী অবতার। বনমধ্যে আজি তার সব হল ভার।। কিন্তু এক বাক্য কহি শুন সর্বজনে। সকলে সম্ভোষ হবে তাহার রন্ধনে।। তাহার পাকের দ্রব্য অব্যয় হইবৈ। যত চাহ তত পাবে কিছু না টুটিবে।। তাহার প্রমাণ কহি শুন সাবধানে। আনন্দে সকল লোক থাকিবে কাননে।। যাবৎ দ্রৌপদী দেবী না করে ভক্ষণ। অক্ষয় রন্ধন গৃহে হবে ততক্ষণ।। নিয়মের কথা এই কহিনু ভোমারে। সকল সম্পূর্ণ দ্রব্য হবে মোর বরে ॥ এত বলি অন্তহিত দেব দিনকর। হৃষ্ট হয়ে সবারে বলেন নুপবর।। এমতে পাইল বর সূর্য্যের সেবনে। বনে যান ধর্মরাজ সঙ্গে দ্বিজগণে।। কাম্যক বনেতে প্রবেশিলেন ভূপতি। ভার্ত পুরোহিত পুরলোকের সংহতি।। ভারত পর্ব্বের কথা পাপের বিনাশ। বনপর্ক যত্তেতে রচিল কাশীদাস।। ধৃতরাষ্ট্র কর্তৃক বিহুরের অপমান ও মুধিষ্টিরের নিকটে বিহুরের গমন।

বনে চলিলেন পঞ্চ পাণ্ডুর নন্দন।
চিন্তাকুল অন্ধরাজ স্থির নহে মন।।
মন্ত্রিরাজ বিত্তরে আনিল ডাক দিয়া।
জিজ্ঞাসিল ধৃতরাফ্র মধুর বলিয়া।।
বিচারে বিত্তর তুমি ভার্গবের প্রায়।
পরম ধরমবৃদ্ধি আছয়ে তোমায়।।
কুরুবংশে তোমার বচনে সবে স্থিত।
কহ শুনি বিচারিয়া যাতে মম হিত।।
আরণ্যে গোলেন পঞ্চ পাণ্ডুর নন্দন।
যাহে শ্রেষ্ঠ যুক্তি হয় কৃরহ এখন।।
যেমতে আমার বশ হয় সর্বজন।
যে যে ক্রপে স্বাচ্চুন্দে বিহরে পুজ্রগণ।।

বিছুর বলেন রাজা কর ভাবধান। ধর্ম হতে বিজয় হইবে সর্বজন।। নির্তিতে পাই ধর্ম ধর্মে সব পাই। ধর্মসেবা কর রাজা কোন চিন্তা নাই।। তোমারে উচিত রাজা যে কর্ম্ম রক্ষণ। নিজ পুত্র ভাতৃপুত্র করহ পালন।। সে ধর্ম ডুবিল রাজা তোমার সভায়। ছুফীমতি ছুর্ব্যোধন শকুনি সহায়।। সত্যশীল যুধিষ্ঠিরে কপটে জিনিল। বিবসনা কুলবধু সভাতে করিল।। তুমি ত তখন নাহি করিলে বিচার। এবে কি উপায় বলি না দেখি যে আর ॥ আছে যে উপায় এক যদি কর রায়। সগর্কে সবংশে থাক বলি হে তোমায়। পাগুবের যত কিছু নিলে রাজ্য ধন। শীঘ্রগতি আনি তারে দেহ এইক্ষণ।। দ্রোপদীরে তুঃশাসন কৈল অপমান। বিনয় করিয়া চাহ ক্ষমা তার স্থান।। কর্ণ ছুর্য্যোধনে কর পাণ্ডবের প্রীত। এই কৰ্ম হয় প্ৰীত দেখি তব হিত।। তুমি কৈলে যদি নাহি মানে ছুর্য্যোধন। তবে ত তাহারে রাখ করিয়া বন্ধন।। পুর্কে যত বলিলাম করিলে অষ্যথা ৷ এখন যে বলি রাজা রাখ এই কথা।। জিজ্ঞাসিলে সেই হেতু কহি এ বিচার। , ইহা ভিন্ন অন্ত নাই উপায় ইহার।। বিছুর-বচন শুনি অন্ধ ড†কি কয়। যতেক বলিলে তাহা কিছু ভাল নয়।। আপনার হিত হেতু চিন্তিলাম নীত। তুমি যত বল তাহা পাণ্ডবের হিত।। আপনার মূর্তিভেদ আপন নন্দন। তারে তুঃখ দিব পরপুজের কারণ।। এবে জানিলাম তব কুটিল বিচার। 'তোমারে বিশ্বাস আর নাহিক আমার।। অসতী নারীরে যদি করয়ে পালন। বহুমতে রাখিলে সে না হয় আপন।।

ছুর্য্যোধন-স্নেহ আমি না পারি ছাড়িতে তেঁই হেন কর্ম্ম করি কালবশ হৈতে।। মুনি বলে নহে ইহা ধর্মের আচার। এৰূপ কৰ্মেতে নহে আমার বিচার।। প্রজ্ঞ সমাধ্যেহ রাজা নাহিক সংসারে। বিশেষ তুর্বল পুত্র বড় স্নেহ করে।। -তুমি যেন মম পুত্র পাণ্ডুও তেমন। যুধিষ্ঠির যেমন তেমন ছুর্য্যোধন।। পাওবেরে বিশেষত বক্ত স্নেহ হয়। পি হুহীন সদা পায় ছুঃখ অতিশয়।। পূর্কের রন্তান্ত কথা শুনহ রাজন। সুরভি গোমাতা আর সহস্রলোচন।। সুরভি রোদন করে হইয়া বিকল। তুঐ হয়ে তারে জিজাসিল আখণ্ডল।। কহ কি কারণে মাতা করহ রোদন। দেবে নরে কিয়া নাগে আপদ ঘটন।। সুরভি কহিল নাই আপদ কাহার। শুন যেই হেতৃ ছুঃখ হইল আমার।। তুর্কল আমার পুত্রে যুড়ি লাঞ্চলেতে। হীনশক্তি রদ্ধ বড় না পারে চলিতে।। মারিছে ক্লবক বড় পচ্ছমূল মোড়ে। আর একটী বলিষ্ঠ যাইছে উভরড়ে॥ তার রঙ্গে শক্তি নাহি যাইতে ইহার। ক্লব্দ পাপিষ্ঠ বড় করিছে প্রহার।। এই হেতু রোদন যে করি নিরস্তর। শুনিয়া উত্তর করিলেন পুরুদ্দর ॥ এই হেতু দেবি তুমি করিছ রোদন। किन्छ प्रथ ञ्रारन. ञ्रारन लक्क त्रवन्त ॥ রুষকে কুষকগণ করুয়ে প্রহার। হা সবারে স্নেহ কেন না হয় তোমার মুরভি বলেন এই অশক্ত চুর্কল। ইহা দেখি চিত্ত মোর হইল বিকল।। ৭ত শুনি দেবরাজ মেঘে আজ্ঞা দিল লের্ষ্টি করি সব পৃথিবী পূরিল।। ন্বক ত্যজিল ক্লুষি করিল গমন। রেভি বলেন সাধু সহস্রলোচন।।

এইমত পালন করহ সবাকারে।
বনবাসে হইল চুর্কল কলেবরে।।
শুন রাজা পূর্কে হেন হয়েছে বিধান।
তবে ধর্ম রহে সব দেখিলে সমান।।
যদি ধর্ম চাহ রাথ আমার বচন।
সমভাবে পুত্রগণে করহ পালন।।

নৈক্রেঁয় মুনির বাক্য ও ত্র্গ্যোধনকে অভিশাপ প্রদান।

ধুতরাফ্র বলে মুনি করি নিবেদন। মোরে যদি স্নেছ হয় শুন তপোধন।। আপনি বুঝাও চুফ্টমতি ছুর্য্যোধন। ব্যাস বলে আমি না কহিব কদাচন।। এইক্ষণে আসিবে মৈত্রেয় তপোধন। সকল কহিবে হিত শুনহ রাজন।। তব হিত তিনি বুঝাইবেন আপনি। তাঁরে প্রীত না করিলে শাপ দিবে মুনি। এত বলি ব্যাস চলিলেন নিজানয়। উপনীত হইল মৈত্রেয় মহাশয়।। যথোচিত পূজা তাঁর ধূতরাফ্র কৈল। সুস্থ হয়ে বসিয়া কুশল জিজ্ঞাসিল।। ঝাষি বলে বহুতীর্থ করিমু ভ্রমণ। দেখিকু কংম্যকবনে পাণ্ডপ্ৰজাণ।। জটাচীর বিভূষিত ভক্ষ্য ফল মূল। তপস্বীর বেশ অঙ্গে তপস্থা বিপুল।। তথায় শুনিকু এই সব সমাচার। তব পুত্র ছুর্য্যোধন কৈল কদাচার।। এই হেতৃ শীঘ্র আইলাম হেথাকারে। কুরুবংশ হেতৃ কিছু বুঝাব তোমারে॥ ভীষ্ম আর তৃমি কুরুবংশের প্রধান। হেন কর্ম কেন হয় তোমা বিভামান।। কুরুবংশে সবাকার স্বধর্ম সুকুতি। হেন বংশে অপ্যশ করিল তুর্মতি।। এই হেতৃ সভা তব না শোভে রাজন। •এত বলি কহে মুনি চাহি ছুর্য্যোধন।। मूर्य नह छूर्रिताधन वर् कूल क्या।

**उदर किन एक क्रिक्ट क्रथर्म ।।** 

পাওবের হিংদা কর হইয়া অজ্ঞান। না জানহ সথা যার পুরুষপ্রধান।। কহ শুনি কিদে হীন পাণ্ডুপ্তগণে। धरन करन धरम्ब र्मरव विकशी भूवरन ।I অযুত কুঞ্জর বল ধরে ভীমনাথ। হিড়িম্বক বক আদি করিল নিপাত।। কিন্মীরে মারিল ভীম পশিতে কাননে। ইন্দ্রে পরাজয় কৈল খাওব-দাহনে।। হেন জন সহ তুমি করহ বিরস। মম বাক্যে কর প্রীতি নহে মৃত্যুবশ।। মুনির এতেক কথা শুনি কুরুনাথ। অভিমানে উরুদেশে করে করাঘাত।। মৌনেতে থাকিয়া ভূমি করে নিরীক্ষণ। উত্তর না পেয়ে ক্রোধে কহে তপোধন।। অরে দুষ্ট মম বাক্য করিলি হেলন। ইহার উচিত ফল শুনহ রাজন ॥ যেইৰূপে অভিমানে কৈলি করাঘাত। ইথে গদা মারি ভীম করিবে নিপাত।। 'শুনিয়া ব্যাকুল হল অন্ধ নরপতি। মুনির চরণ ধরি করিল মিনতি।। আৰু। কর মুনিরাজ নভ্ক এমন। সদয় হইয়া তবে বলে তপোধন।। ত্রোদশ বৎসরান্তে তব প্রগ্রাণ। বাজ্য দিরা ভক্তে যদি ধর্মের চরণ।। তবে হেন নহিবেক শুনহ রাজনু! না করিলে মম বাক্য নহিবে লঞ্জন।। তবে প্রতরাফ্র হৈল মলিনবদন। জিজ্ঞাসিল কহ শুনি কিম্মীর নিধন।। কিৰ্বপে পাণ্ডুর সুত মারিল কিন্মীরে। কোঁথায় বসতি তার কত বল ধরে।। মুনি বলে আমি আর না বসি হেথায়। তুর্য্যোধন সুখী নহে আমার কথায়।। শুনিবারে ইচ্ছা যদি আছয়ে তোমার। বিত্তুরে জিজ্ঞাস পাবে সব সমাচার।। এত বলি মহামুনি করিল গমন।

সিত্বরে জিক্রাসে তবে অম্বিকানন্দন।।

### কিন্দীর বধোপাখ্যান।

ধৃত্যাফ্র কহে কহ বিতুর সুজন। কিব্রপে করিল ভীম কিশ্মীর নিধন।। এত শুনি উঠি গেল ছুষ্ট চুর্ন্যোধন। ক্ষত্রা বলে শুন রাজা কিন্মীর নিধন।। যে কর্ম্ম করিল রাজা বীর রকোদর। করিতে না পারে কেহ সুরাসুর নর।। হেথা হতে পাশুবেরা যবে গেল বন। পাইল তৃতীয় দিনে কাম্যক কানন।।, সেই বনে নিবসে কিন্দীর নিশাচর। দেবের অবধ্য প্রাক্রমে পুরন্দর।। নিঃশব্দে পাওবগণ যান কাম্যবন। ধাইল মনুষ্য দেখি রাক্ষস তুর্জ্জন !! ছই হস্তে আগুলিল পাওবের পথ। হনুমান পূর্বে যেন মৈনাক পর্কত।। রাক্ষনী মায়ায় কৈল ঘোর অন্ধকার। মুথ মেলি আদে যেন গিলিতে সংসার।। নাকের নিশ্বাদে উড়ে যায় তরুগণ। চতুর্দ্দিকে পশুগণ করয়ে গর্জ্জন।। পাণ্ডব দেখিল আসে রাক্ষস তুর্জ্জন। ভয়েতে টোপদী দেবী মুদিল নয়ন।। ব্যস্ত হয়ে পঞ্চল-মধ্যে লুকাইল। অস্ত্রধর হকোদর আশ্বাস করিল।। জানিয়া রাক্ষমী মায়া ধৌম্য তথোধন। রক্ষোত্র মন্ত্রেতে কৈল মায়ানিবারণ।। অন্ধকার গেল দৃষ্ট হল নিশাচর। জিজ্ঞাসা করেন তারে ধর্ম্ম নুপবর।। কি নাম কে তুমি হেথা এলে কি কারণ। কি করিব প্রীতি তব কহ প্রয়োজন।। কিম্মীর বলিল আমি নিশাচর জাতি। কাম্যক অরণ্য মধ্যে আমার বসতি।। মনুষ্য তপস্থী ঋষি যত বিপ্রগণ। যারে পাই তারে করি উদর পুরণ।। দৈবে মোরে ভক্ষ্য আনি মিলাইল বিধি। দরিত্র পাইল যেন মহারত্ন নিধি।।

কে তৃমি কোথায় যাহ কিবা নাম শুনি। কি কারণে কাম্যবনে এ ঘোর রজনী।। যুধিষ্ঠির বলে আমি পাঞ্চুর নন্দন। আমি ধর্ম এই মম ভাই চারিজন।। রাজ্যভ্রম্ট হয়ে মোর। আসিমু হেথায়। কিছুদিন নির্বাহিব তোমার আশ্রয়।। ভাল ভাল বলি বলে তুষ্ট নিশাচর। যাহারে খুঁজিয়া ফিরি দেশ দেশান্তর।। একচকা নগরেতে ছিল মোর ভ্রাত। এই ছুফ্ট ভীম ভারে করিল নিপাত।। ব্রাহ্মণের গৃহে ছফ ছিল দ্বিজ্বেশ। সেই হেতৃ সদা আমি ভ্রমি দেশে দেশে।। আমার পরম স্থা হিড়িম্বে মারিল। তার স্বদা হিভিয়াকে বিবাহ করিল।। वाकारमत देवती जीम जारन मर्काजन। মম হত্তে হবে তার অবশ্য মরণ।। ভীমের রুধিরে বক ভ্রাতার তর্পণ। অগ্নিতে পোডায়ে মাংস করিব ভোজন।। রাক্ষসের এতেক কঠোর বাক্য শুনি। বেগে ভীম এক রক্ষ উপাড়িয়া আনি।। গাণ্ডীব ধনুকে গুণ দিল ধনঞ্জয়। তারে নিবারিয়া ভীম নিশাচরে কয়।। ভ্রাভূদুখা শোকে চুষ্ট করিস বিলাপ। আজি তাহা সবা সহ করোর আলাপ।। মুহূর্ত্তেক রহ ছুফ্ট পলাইদ পাছে। বকের দোসর করাইব এই গাছে।। এত বলি প্রহারিল বীর রুকোদর। বেত্রাস্থরে বজ্ঞ যেন মারে পুরন্দর।। কম্পমান রাক্ষস অটল গিরিবর। দ্ধ কার্ম্বদণ্ড হানে ভীমের উপর।। দও নিবারিল ভীম সব্য পদাঘাতে। পদাবন ভাঙ্গে যেন মাতঙ্গ কোপেতে।। করাঘাতে পদাঘাতে মুণ্ডে মুণ্ডে বাড়ি। আঁচড় কামড় চড় ভুজে ভুজে তাড়ি।। দোঁহার উপরে দোঁহে বজ্রমুষ্টি মারে। শরবনে অগ্নি যেন চট চট করে।।

হেন মতে মুহূর্ত্তেক হইল সমর। মহাভয়ন্ধর যেন দানব অমর।। কৌরবের প্রতি ক্রন্ধ আরো মগ্ন ছঃখে। তাহে আরো নিশাচর পড়িল সমূথে।। ক্ষুধিত গরুড় যেন ভুক্তঞ্স পাইল। জ্বলম্ভ জনলে যেন পতঙ্গ পড়িল।। ভয়ন্ধর কেশে ভীম করিল দলন। বলবন্ত রাক্ষস সহিল কতক্ষণ ।। অতিকোধে ভীমদেন ধরিল রাক্ষদে। পূর্ব্তে জাতু দিয়া পূনঃ ধরে পদে কেশে।। মধ্যেতে ভাঙ্গিয়া তার কৈল তুইখান। মহানাদ করি ছুফ্ট ত্যজিল পরাণ।। হুফ হয়ে ঢারি ভাই দিল আলিঙ্গন। সাধু সাধু প্রশংসা করিল মুনিগণ।। দ্রৌপদীরে আশ্বাসিয়া কছে রকোদর। এইমত সব শত্রু যাবে যমঘর।। এইৰপে কিন্মীরে মারিল রকোদর। তথায় যখন যাই শুন নৃপবর।। পথে দেখি পড়িয়াছে পর্কতপ্রমাণ। তামি জিজ্ঞাসিলাম যে মুনিগণ-স্থান।। মুনিমুখে শুনিলাম সব বিবরণ। শুনিয়া নিঃশব্দ হল অস্থিকানন্দন।। পাঞ্জুত্র কথা শুনি ছন্ন হল জান। নিশাস ছাড়িয়া রাজা মহাচিন্তাবান।। আরণ্যপর্কের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে সাধু করে পান।। কামাবনে পাণ্ডবদিগের নিকট এ ক্রম্ভাদির গমন। বনে যদি গেল পঞ্চ পাঞুর নন্দন।

বনে যদি গেল পঞ্চ পাণ্ডুর নন্দন।
দেশে দেশে এই বার্ত্তা পায় রাজগণ।।
ভোজ রফি অন্ধকাদি যত নৃপগণ।
ক্ষেত্রে সহিত গেল কাম্যক-কানন।।
পাঞ্চাল রাজার পুত্র সহ অনুগত।
থ্রুইকেতু ধ্রুইছাম আর বন্ধু যত।।
যুধিষ্টিরে বেড়ি সবে বসে চতুর্ভিত।
পাণ্ডবের বেশ দেখি হইল বিশ্বিত।।

আত্মত্বংখ কহিতে লাগিল পঞ্চন। হেন কর্ম্ম করিল পাপিষ্ঠ ছুর্য্যোধন।। সে জন বধের যোগ্য কহে ধর্মনীত। গোবিন্দ বলেন এই আমার বিহিত।। কোধেতে কম্পিত অঙ্গ কমললোচন। সবিনয়ে ধনঞ্জয় করে নিবেদন।। ধর্মেতে ধার্মিক ত্মি হও সত্যবাদী। সদয় হাদয় ভূমি বিধাতার বিধি।। অক্রোধী অলোভী তুমি দীনে ক্ষমাবন্ত ভোমারে এতেক ক্রোধ না পড়ে তদন্ত। নারায়ণ-রূপে তুমি হইলা তপস্থী। করিলা তপস্থা গল্পমাদনে নিবসি।। পুষ্ণর তীর্গেতে দশ সহস্র বৎসর। একপদ বাতাহার উদ্ধৃ ছই কর।। বদরিকাশ্রমে ভূমি শতেক বৎসর। **८मर्वमार्ट्स उपम्ह**र्यम दिकला मार्ट्साम् त ॥ দয়ায় করহ তুমি সবার পালন। ইঙ্গিতে করহ ক্ষয় ইঙ্গিতে স্জন।। .তুমি ত নিগুণ কিন্তু গুণেতে পূরিত। তোমারে যে না ভজে সে জগতে বঞ্চিত এতেক বলেন যদি বীর ধনঞ্জয়। তাঁহারে কহেন তবে দেবকীতনয়।। ভোমায় আমায় কিছু নাহিক অন্তর। জামি নারায়ণ ঋষি তুমি হও নর।। পাওবে আমায় আর নাহি ভেদলেশ। সহিতে না পারি আমি পাওবের ক্লেশ যে তোমারে দ্বেষ করে সে করে আমারে তোমারে যে স্নেহ করে সে আমারে করে তুমি হও আমার হে আমি যে ভোমার যে জন ভোমার পার্থ সে জন আমার। এতেক বলেন কুষ্ণ ক্মললোচন। ভাল ভাল বলিয়া বলিল রাজগণ।। (श्नकाटन छेशनीड फ्र श्रमनन्द्रनी। রুষ্ণের অগ্রেতে বলে যোড় করি পাণি।। অসিত দেবল মুখে শুনিয়াছি আমি। নাভিকমলেতে ভ্রম্টা স্থাজিয়াছ তুমি।।

আকাশ তোমার শির পাতাল চরণ। পৃথিবী তোমার কটি অভিঘ্ গিরিগণ।। শিব আদি যত যোগী তোমারে ধেয়ায়। তপস্বী করিয়া তপ সমর্পে তোমায়।। স্ষ্টি স্থিতি প্রালয় ইঙ্গিতে তব হয়। সবার ঈশ্বর তুমি মুনিগণে কয়।। অনাথের নাথ তুমি চুর্কলের ধন। সে কারণে তব পাশে করি নিবেদন।। সুথ ছুঃথ কহিতে সবার তুমি স্থান। মম ছঃখ কহি কিছু কর অবধান।। পাওবের ভার্য্যা আমি ক্রপদনন্দিনী। তব প্রিয়সখী আমি অর্জ্জুন-ভামিনী।। এই নারী কেশে ধরি লইল সভায়। ছুৰ্ভাষা কহিল যত কহনে না যায়।। স্ত্রীধর্ম্মে ছিলাম আমি এক বস্ত্র পরি। অনাথার প্রায় বলে লয় কেশে ধরি।। বীরবংশ পাঞ্চাল পাণ্ডবগণ জীতে। দাস্থকর্ম বিধিমতে বলিল করিতে।। ভীম্ম দ্রোণ ধৃতরাফ্র ছিল বিভাষান। সবে বসি দেখিলেন মোর অপমান।। সবে বলে পাণ্ডপুত্র বড় বলবন্ত। এত দিনে তাসবার পাইলাম অন্ত।। ধর্মপত্নী আমি হেন কহে সর্কলোকে। এই পঞ্চন সভামধ্যে বসি দেখে।। ধিক্ধিক্ভীম বীর ধিক্ধ জয়। অকারণে গাণ্ডীব ধনুক কেন বয়।। পূর্কেতে এমন আমি শুনেছি বিধান। ন্ত্ৰী-কফ না দেখে কছু থাকি বিজ্ঞমান।। হীনবল হইলে ভার্য্যায় রাথে স্বামী। সে কারণে এ সবার নিন্দা করি আমি।। পুত্রৰূপে জন্মে লোক ভার্য্যার উদরে। সেই হেতৃ জায়া বলি বলয়ে ভার্য্যারে ।। ভার্য্যা ভীতা হলে লয় স্বামীর শরণ। শ্রণ যে লয় তারে কর্য়ে রক্ষণ।। নিলাম শরণ আমি এ পঞ্চ জনারে। কেন এর। রক্ষা নাহি করিল জামারে।।

বন্ধ্যা নহি দেব আমি হই পুত্ৰবতী। গোবিন্দ বলেন স্থি না কর ক্রম্পন। পুত্র মুখ চাহি না করিল অব্যাহতি।। হীনবীর্য্য নহে মোর সব পুজ্রগণ। মহাতেজা তব পুজ প্রত্যায় যেমন।। তবে কেন দুষ্টের সহিল হেন কর্ম। কপটে জিনিল মিথ্যা করিয়া অধর্ম।। मामकार्भ मंजांचरल विम मरव एमरथ । মম অপমান করে যত ছুফী লোকে।। গাও ব বলিয়া ধনু ধনঞ্জয় ধরে। পৃথিবীতে গুণ দিতে কেহ নাহি পারে।। ধনঞ্জয় কিয়া ভীম আর পার তৃমি। তবে কেন এত সহে না জানিমু আমি।। ধিক্ ধিক্ মম নাথ পাঞ্পুত্রগণ। এত করি জদ্যাবধি জীয়ে চুর্য্যোধন।। বাল্যকাল হতে যত করে সেইজন। অগোচর নহে সব জান নারায়ণ।। কপটে বিষের লাড়ু ভীমে খাওয়াইল। रुख श्रम वान्ति शक्यों करन रक्ति मिन।। জত্গৃহ করিয়া রহিতে দিল স্থান। ধর্ম হতে অগ্নিতে পাইল পরিত্রাণ।। রাজ্যধন লয়ে তবে পাঠাইল বনে। এতেক সহিল কফ কিসের কারণে।। সভায় বসিয়া নাথ দেখে পঞ্চ জন। ছুঃশাসন হরে মম পিন্ধন বসন।। এতেক বলিয়া কুষ্ণা বলে সর্বজনে। তোমরা আমার নহ জানিকু এখনে।। থাকিলে কি হবে নাথ সভার গোচরে। এতেক তুর্গতি মুম ক্ষুদ্র লোকে করে।। এতেক বলিয়া ক্লফা কান্দে উচ্চৈঃস্বরে। বারিধারা নয়নেতে অনিবার ঝরে।। পুনঃ গদগদ বাক্যে বলয়ে পার্যতী। নাহি মোর তাত ভ্রাতা নাহি মোর পতি।। তুমি অনাথের নাথ বলে সর্বজনে। চারি কর্মে আমি নাথ তোমার রক্ষণে।। সম্বন্ধে গৌরবে স্নেহে আর প্রভূপণে। দাসী জ্ঞানে মোরে প্রভু রাখিবা চরণে।।

তোমার ক্রন্দনে মম স্থির নহে মন।। যথন বিৰস্তা তোমা করে তুঃশাসন। গোবিন্দ বলিয়া তুমি ডাকিলে যখন।। অগ্রেতে হয়েছে মম সেই মহাঘাত। যাবৎ কপটী ছুফ্ট না হয় নিপাত।। যেইমত ক্লফা তুমি করিছ রোদন। এইমত কান্দিবে সে সবার স্ত্রীগণ।। ভোমার সাক্ষাতে আমি কহি সভ্য করি। न। कतित्व त्रथा वासूरमव नाम धति।। আকাশ ভাঙ্গিয়া পড়ে শিলা জলে ভাসে অনল শীতল হয় সপ্ত সিন্ধু শোবে॥ তথাপি আমার বাক্য না হইবে আন। দিন কত কল্যাণি থাকহ সাবধান।। এতেক শুনিয়া কহিছেন ধনঞ্জয়। कूटकः त वहन दनि कच्च मिथा नय ।। যত কহিলেন ক্লফ হবে সেইমত। অকারণে কান্দ কেন অজ্ঞানের মত।। স্বসার ক্রন্দন দেখি ধ্রফীত্যন্ন বীর। সজলনয়নে কহে কম্পিত শরীর।। এতেক লাঞ্চনা কেবা ক্ষত্র হয়ে সয়। নিকটে না ছিমু আমি কুরু-ভাগ্যোদয়।। তথাপি কৌরবগণে করিব সংহার। শুন সর্ব্ব রাজগণ প্রতিজ্ঞা আমার।। দ্রোণ গুরু বলি যেই গর্ব করে মনে। মম ভার হল তারে সংহারিব রূপে।। ভীষা পিতামহ যে অজেয় তিন লোকে। তাহাকে মারিতে ভার হৈল শিখণ্ডীকে। অর্জুনেরে স্তপুত্র না ধরিবে টান। ভীমহস্তে শত ভাই ত্যজিবে প্রাণ্।। জগতে গোবিন্দান্তিত আমরা যে সব। ইন্দ্রকে জিনিতে পারি কি ছার কৌরব।। এত বলি করে কর কচালে পাঞ্চাল। প্রতিজ্ঞা করয়ে জলে ছলে মহীপাল।। আরণ্যপর্ফের কথা শ্রবণে অমৃত। কাশীদাস কহে সাধু পীয়ে জামুত্রত।।

## শাঘ দৈত্যের সহিত কামদেবের যুদ্ধ।

মধুর বচনে কহিছেন জগন্নাথ। যুধিষ্ঠির আগে যোড় কবি পল্মহাত।। দ্বারকা ছাড়িয়া আমি নিকটে থাকিলে। নির্ত্ত করিতে আসিতাম দ্যুতকালে।। অন্ধেরে নিরন্ত করিতাম শাস্ত্রবলে। পাশা আদি নীচ কর্মে বহু দোষ কলে। মুগয়া মদিরা পান পাশা নিত্য্বিনী। এ চারি অনর্থ হেতু করে লক্ষীহানি।। বিশেষে দেবন দোষ ধর্মশাস্ত্রে কয়। পাশায় এ সব দোৰ এক ক্ষণে হয়।। বহুমতে দ্যুত করিতাম নিবারণ। না শুনিলে রণ করিতাম সেইক্ষণ।। নত্বা পাশাকে চক্রে করিতাম ছেদ। আমি হেথা থাকিলে ন। হত ভেদাভেদ।। এ সকল বুত্তান্ত কহিল যুযুধান। শ্রুতমাত্র নৃপতি এলাম তব স্থান।। তোমার এ বেশ বনে ফল মূলাহার। তব তুঃখ নয় রাজা সকলি আমার।। যুধিষ্ঠির বলিলেন শুন নারায়ণ। আসিতে বিলম্ব এত কিসের কারণ।। মুহূর্ত্তেকে ভ্রমিবারে পার তিন পুর। তোমার হস্তিনাপুর কত বড় দূর।। গোবিন্দ বলেন রাজা নহে অপ্রমাণ। যেই হেতু নাহি আসি কর অবধান।। শাল্প নামে মহাবল দৈত্যের ঈশ্বর। সদৈন্য বেড়িয়াছিল দ্বারকানগর।। তব রাজস্থ হতে গেলাম যথন। সবার্বে পীড়িল ছফ্ট করি মায়ার।।। আমার সহিত যুদ্ধ হল বহুতর। বহু কষ্টে তারে মারিলাম নরেশ্বর।। এত শুনি যুধিষ্ঠির পুনঃ জিজ্ঞাসিল। কহ শুনি শাল্প কেন দ্বারকা হিংসিল।। তামার সহিত কেন বৈরিতা হইল। = \* হিত কারণ সে ছারকা আইল।।

কোন মায়া ধরে ছুফ্ট কত করে রণ। বিস্তারি আমারে কহ এ। গোবিন্দ বলেন শুন পাণ্ডুর নন্দন। তব রাজসূয় যজ্ঞ অনর্থ কারণ।। শিশুপাল আমা হতে হইল নিধন। সেই বৈররক্ষ বীজ হইল রোপণ।। শিশুপাল বিনাশন শুনি দৈত্যেশ্বর। সমৈক্তে বেড়িল জাসি ছারকানগর।। দ্বারকার লোক তার আগমন শুনে। উগ্রসেন আদি সবে সাজিল সঘনে।। দারকা পশিতে যত নৌকাপথ ছিল। সকল স্থানের নৌকা ডুবাইয়া দিল।। লোহার কণ্টক সব পোতাইল পথে। ক্রোশেক পর্য্যন্ত বিষ রাখিল জলেতে।। ধন রত্ন রাথে সব গর্ত্তের ভিতর। রক্ষক উদ্ধব উগ্রসেন নুপবর।। আসিতে যাইতে লোক করে নিবারণ। বিনা চিহ্নে তথা নাহি চলে কোন জন।। চিহ্ন পেলে রক্ষকেরা ছাড়ি দেয় পথ 📙 দৈত্যভয়ে সুরপুর রাথে যেই মত।। সৌভপতি আইল সে চতুরঙ্গদলে। পৃথিবী কম্পিত হল রথ-কোলাহলে।। চতুর্দ্ধিকে দ্বারকা সে রহিল বেড়িয়া। বহু সৈন্য জলস্থলে রহিল যুড়িয়া।। দেবালয় শ্মশান পূর্ণিত কৈল স্থল। এই স্থল নিজ সৈন্য ত্যজিল সকল।। দেখিয়া দৈত্যের সৈন্য রুষ্ণিবংশগণ। বাহির হইল তবে করিবারে রণ।। চারুদেশু শাম্ব গদ প্রত্যুদ্ন সারণ। সদৈন্য বাহির হল করিবারে রণ।। ক্ষেমরৃদ্ধি নামেতে শাল্পের সেনাপতি। সে যুদ্ধ করিল শাম্ব কুমার সংহতি।। মহাবল শাস্ত্র জাস্ত্রবতীর নন্দন । অস্ত্রবৃষ্টি কৈল যেন জল বরিষণ।। সহিতে না পারি রণে ভঙ্গ দিয়া গেল। क्षिगवृद्धि-जन्न (मिश रेमना भनाईन।।

বেগবান নামে দৈত্য আছিল তাহাতে। আগু হয়ে যুদ্ধ দিল শাম্বের সহিতে।। শামের হস্তেতে মহাগদা যে আছিল। তাহার প্রহারে বেগবান সে পড়িল।। দানব বিবিশ্ব্য নামে আসি গোড়াইল। নান। অত্ত্রে ছুই বীর মহাযুদ্ধ হৈল।। মহাবীর চারুদেক্ত রুক্মিণী-তনয়। অগ্নিবাণে সকল করিল অগ্নিময়।। সেই বাবে ভস্ম হল বিবিন্ধ্য অসুর। যার ভয়ে সদাই কম্পয়ে সুরপুর।। সেনাপতি পড়িল পলায় সেনাগণ। দৈন্তক দেখি শাল আইল তথন।। জিনিয়া মেঘের ধ্বনি তাহার গর্জন। দেখি ভয়্যক্ত হল দারকার জন।। সৌভ সৈন্য নানে তার কামাচারগতি। ক্ষণেক আকাশে উঠে ক্ষণে বৈসে ক্ষিতি।। অশ্ব রথ পদাতিক না যায় গণ্ন। বিষম আয়ুধ ধরে সব সেনাগণ।। শাম্বে দেখি বিকম্পিত হল সব বীর। বাহির হইল শাল্প নির্ভয় শরীর।। নির্ভয় হইল যত দারকার জনে। আইল মকর্ধ্বজ রথ আবোহণে।। অপ্রমিত যুদ্ধ হল শালের সংহতি। অঞ্জন পৰ্কত তুল্য শাল্প দৈত্যপতি॥ মর্শ্মভেদী এক অস্ত্র প্রত্যন্ন ছাড়িল। কবচ ভেদিয়া অস্ত্র শালেরে ছেদিল।। মূচ্ছিত হইয়া শাল রথেতে পড়িল। দেখিয়া যাদববল, চৌদিকে বেড়িল।। হাহারবে কান্দয়ে যতেক দৈত্যগণ। কতক্ষণে শাল্প রাজা পাইল চেতন।। গর্জিয়া উঠিয়া শাল্প দিলেক টক্ষার। পলায় যাদববল শব্দ শুনি তার।। বহু মায়া জানে শাল মায়ার নিধান। কামদেবে প্রহারিল তীক্ষ তীক্ষ বাণ।। মোহ হল প্রত্যুদ্ধের মাগ্না অস্ত্রাঘাতে। মৃচ্ছিত হইয়া কাম পড়িলেন রথে।।

कांमरमय मृष्ठ्री रमिश्र मोङ्गक मस्रु । রথ ফিরাইয়া পলাইল শীঘ্রগতি।। কতক্ষণে সচেতন হল মম সুত। সার্থিরে নিদ্দা করি বলয়ে বছত।। কি কর্ম করিলে তুমি দারুকনন্দন। মম রথ ফিরাইলে কিসের কারণ।। শাল দেখি ভয় তব হল হৃদিমাঝ। সে কারণে সার্থি করিলে হেন কাজ।। রুষ্টিবংশ সমরে বিমুখ কোন কালে। কেবা অগ্রসর হবে মম শরজালে।। সূত বলে ভয় কিছু নাহিক আমার। রথেতে বহুল মৃচ্ছা হইল তোমার।। রথী মূচছ । দেখি রথ ফিরায় সারথি। নাহিক তাহাতে দোষ আছে হেম নীতি।। বিশেষ গরিষ্ঠ বাক্য শুনিয়া তাহার। ঈবৎ হাসিয়া কহে রুক্মিণীকুমার।। আর কভু কর্ম না করিহ হেন মত। জীবন্ত থাকিতে রথী না ফিরাও রথ।। বৃষ্ণিবংশে হেন্দ্রপ কভু নাহি হয়। কি বলিবে শুনি জ্যেষ্ঠ তাত মহাশয়।। গদাগ্রজ কি বলিবে জনক আমার। তোমা হতে রক্ষিবংশ হইল ধিকার।। কি বলিবে সাত্যকি বা উদ্ধব শুনিয়া। মৃত্যু ইচ্ছা করি আমি এ সব গণিয়া॥ পাছে পাছে শাল মম প্রহারিবে শর। প্লাইয়া যাব আমি স্ত্রীগণ ভিতর ॥ দেখিয়া হাসিবে সব বৃষ্ণিকুলনারী। পলাইয়া গেল বলি বহু নিন্দা করি॥ এ কর্ম হইতে মৃত্যু শতগুণে ভাল। দারকার ভার যে আমারে সমর্পিল।। রাজসূয় যজে গেল আমারে রাখিয়া। কি বলিবে তাত এবে এ সব শুনিয়া।। শীঘ্র বাছড়াহ রথ দারুকনন্দন। এখনি যে সৌভপুরী করিব নিধন।। কামের এতেক বাক্য শুনিয়া সার্থি। র্ণমুখে রথ চালাইল শীঘ্রগতি।।

শালের যতেক দৈন্য ন। যায় গণন। কামের সমুখে নাহি র.ছ কোন জন।। মারিল বহুত দৈন্য না যায় গণনা। রক্তে কলকলি উঠে আর উঠে ফেনা।। ভগ্ন দৈন্য দেখিয়া কুপিল দৈত্যপতি। নানা অস্ত্র প্রত্নায়ে প্রহারে শীঘগতি।। शृनः भूनः भाषाची (म इर्तन नान। भत्। সব শর ছেদ করে কাম ধনুর্দর।। পার কোধে শম্বরারি নিল দিব্যবাণ। **চ**न्मु सूर्या (उक्तः (मिथ याद्य विमामान।। কাঁকে কাঁকে অগ্নি উঠে বাণের মুখেতে অন্তরীক্ষবাসীগণ প্রায় ভয়েতে।। তা স্ত্র দেখি দেবগণ করে হাহাকার। শীঘ্র পাঠাইল তথা ত্রন্ধার কুমার।। বায়ুবেগে নারদ আসিলেন ঝটিভি। সৰিনয়ে কহিলেন কামদেব প্ৰতি।। সম্বহ অস্ত্র এই কুষ্টের ন দন। এই অন্ত্রে রক্ষা নাহি পায় ত্রিভুবন।। শাল্প দৈত্যরাজা কভু তব বধ্য নয়। স্বহস্তে মারিবে এরে দৈবকীতনয়।। এত শুনি হাট হয়ে ভূণে অস্ত্র থুইল। এ সব কারণ শাল্ব সকল জানিল।। রণ ত্যজি সৌভপুরে উত্তরিল গিয়া। নিজ্রাজ্যে গেল তবে দ্বারকা ত্যজিয়া।। মহাভারতের কথা অমৃভ-সমান। কাশীরাম দাস কহে শুনে পুন্যবান।।

শুনিয়া হৃদয়ে তাপ হইল অপার। ঘরে প্রবেশিতে চিত্ত নহিল আমার।। কামপাল কামদেব আছক প্রভৃতি। সবারে কহিনু যেন রাথে দ্বারাবতী।। হইলাম কিছু দৈন্য লইয়া বাহির। শাল্ব সহ যুদ্ধে যাই সিন্ধুনদতীর ॥ তথা শুনিলাম শাল আছে সিন্ধু মাঝে। भिक्रुभार्य প্রবিষ্ট হইলাম সেই সাজে॥ পাঞ্চলত শহাশব্দ শুনিয়া আমার। হাসিয়া ডাকিয়া বলে শাল্প তুরাচার।।, তোমারে দেখিতে গেনু দারকানগরে। না দেখি ভোমারে ফিরি আসিলাম ঘরে।। ভাগ্য মোর আপনি আইলে হেথাকারে। এখনি তোমারে পাঠাইব যমদ্বারে।। এত বলি এড়িলেক লক্ষ লক্ষ বাণ। গদা চক্র শেল শূল অস্ত্র থরশাণ।। সব কাটিনাম আমি চোক চোক শরে। মায়ায় উঠিল শাল্প আকাশ উপরে।। আকাশে উঠিয়া শাল্প বহু মায়া কৈল। দিবারাত্রি নাহি জানি অস্ককার হৈল।। কোটি কোটি বাণ যে এড়েল চুফ্টমতি। না দেখি রথের ঘোড়া রথের সার্থি॥ শৈব সুগ্ৰীবাদি অশ্ব হইল অচল। ডাকিল দারুক সোরে হইয়া বিহ্বল।। দারুকের অঙ্গ দেখি শরেতে জর্জার। তিলমাত্র অক্ষত নাহিক কলেবর।। শক্তিহীন সর্কাঙ্গে বহিছে রক্তধার। চিস্তান্তর হয় তুঃথ দেখিয়া ভাহার।। হেনকালে দ্বারকানিবাসী এক জন। সমুখে আসিয়া কহে করিয়া ক্রন্দন।। কি করহ বাসুদেব চল শীঘ্রগতি। ক্ষণমাত্র রহিলে মজিবে দ্বারাবতী।। শাল্বরাজা আসি আজি দ্বারকানগরে। যুদ্ধ করি মারিলেক তোমার বাপেরে।। শীঘ্র করি উগ্রনেন দিল পাঠাইয়া। মজিল দ্বারকাপুর রকা কর গিয়া।।

এত শুনি চিত্তে বড় হইল বিশায়। পিতৃশোকে তাপ বড় জন্মিল হৃদয়।। বলভদ্র প্রহ্লাম সাত্যকি আদি করি। মহাবীরগণ সব রক্ষা করে পুরী।। এ সব থাকিতে বসুদেবেরে মারিল। স্বাই মরিল হেন স্তা জানা গেল।। এ তিন থাকিতে যদি দেবরাজ আসে। নাহিক তাঁহার শক্তি দ্বারকা প্রবেশে।। মায়াতে সকলি হেন জানিলাম মনে। পুনঃ যুদ্ধ আরম্ভ করিত্ব শাল্প সনে।। আচিম্বিতে দেখি শাল সৌভপুরী হতে। কেশপাশমুক্ত পিতা পড়েন ভূমিতে।। চত্র্দিকে দৈত্যগণ করিছে প্রহার। দেখিয়া আমরা সব করি হাহাকার।। দেখিয়া এ সব ক্রিয়া ব্যাকুল হইয়া। জ্ঞানচক্ষে চাহিলাম বিস্ময় মানিয়া।। দেখিলাম সব মিথ্যা স্বপ্নেতে যেমন। তাহাতে হইল মম চিত্ত উচাটন।। শেষে জানা গেল সব অসুরের মায়া। না জানি কোথায় শাল আছে লুকাইয়া। তবে কতক্ষণে শব্দ শুনি আচম্বিতে। মার মার বলিয়া ডাকয়ে পূর্ব্বভিতে।। শব্দ অনুসারে এড়িলাম শব্দভেদী। যতেক মায়াবী দৈত্য ফেলিলাম ছেদি।। খণ্ড খণ্ড হইয়া পড়িল সিন্ধুজনে। কুম্ভীর মকর মৎস্য ধরি সব গিলে।। নিঃশব্দ হইল সব পড়িল দানব। আর কভক্ষণে শুনি দশদিকে রব।। করিলাম গান্ধর্ক অস্ত্রের নিক্ষেপণ। মায়া দূর হল শাল দিল দরশন।। দৈন্য হত দেখিয়া দৈত্যের অধিপক্তি। সে প্রাগ্জ্যোতিষপুরে গেল শীঘ্রগতি।। তথা হতে বহু দৈনা লইয়া আইল। অন্ধকার করি দৈত্য পিরি বর্ষিল।। অনেক প্রকারে তাহা নারি নিবারিতে। দেখিয়া বিস্ময় হল আমার মনেতে।।

ভুবিল আমার রথ পর্বত চাপনে। হাহাকার আকাশে করয়ে দেবগণে।। মোরে না দেখিয়া ব্যাকুলিত দেবগণ। আর মিত্রগণ কত করেন রোদন।। বজের প্রসাদে পুনঃ পাই পরিত্রাণ্। সেই অস্ত্রে থণ্ড থণ্ড হইল পামাণ।। পর্বত কাটিয়া আমি হলেম বাহির। জলদপ্টল হতে যেমন মিহির।। পুনঃ শাল্প নানা অস্ত্র করে বরিষণ। যোড়হাতে দারুক করিল নিবেদন।। মায়ার পুত্রলি এই অসুর তুরন্ত। সুদর্শন এড় প্রভু দৈত্য হবে অন্ত।। সৌভপুরী দানবের রবে যতক্ষণ ততক্ষণ নহিবেক শাল্পের নিধন।। সুদর্শন এড়ি কাট শীঘ্র সৌভপুর। তবে ত নিধন হবে মায়াবী অসুর।। এ কথা শুনিয়া ত্যাগ করিলাম চক্র। দেখি দৈত্য হয় ব্যস্ত সচকিত শক্ত।। আকাশে উঠিল চক্র সুর্য্যের সমান। সৌভপুরী কাটিয়া করিল খান খান।। পুনরপি সুদর্শন বাহুড়ি জাইল। শালেরে কাটিতে পুনঃ অনুজ্ঞা লইল।। গৰ্জিয়া উঠিল চক্ৰ গগনমগুলে। প্রলয়ের কালে যেন শত সুর্য্য ছলে।। দেখি সুরাসুর সব হইল অজ্ঞান। माब्देम्टा कां है हक करत थान थान।। আর যত শেষ দৈত্য গেল পলাইয়া। পুনরপি আইলাম স্বলৈন্য লইয়া।। এই হেতু আসিতে না পাইনু রাজন। আপনার মৃত্যু পথ করে ছুর্য্যোধন। তুমি সত্যবাদী সভ্য করিবে পালন। সেই বলে ছুর্ম্যোধন ত্যজিবে জীবন।। ত্রয়োদশ কৎসরাস্থে হইবে সংহার। . ইন্দ্র আদি <del>সংখ</del> হলে রক্ষা নাহি তার।। শুন ধর্ম মহীপাল আমার বচন। श्रह्माच रूटल क्षत्र भाग माधुकन ॥

্ষ্পবনীতে ছিল পূর্ব্বে শ্রীবৎস নৃপতি। শনিকোপে তিনি ছুঃখ পাইলেন অতি।। চিন্তাদেবী তাঁর ভার্য্যা লক্ষ্মী অংশে জন্ম পৃথিবীতে খ্যাত খাছে তাঁহাদের কর্ম।। দ্রৌপদীর কিবা ছঃখ শুন নুপবর। ইহা হতে চিন্তা তুঃথ পাইল বিস্তর।। দৈবেতে এ সব হয় শুন মহীপাল। জাপন অর্জিত কর্মা ভুঞ্চে চিরকাল।। এবে ছুঃখ পাও রাজা দৈবের বিপাকে। ঈশ্বরেতে নিন্দা নাই নিন্দ আপনাকে।। মূল কর্ম্ম কলাফল ভোগায় তাহাতে। কর্মা অমুসারে জীব ব্যস্ত হয় যাতে।। শুনিয়া কুষ্ণের কথা অতি মনোহর। কহিছেন যুধিষ্ঠির যোড় করি কর।। কহ প্রভু এবংস নুপতি কোন্ জন। কোথায় নিবাস তাঁর কাহার নন্দন।। চিন্তাদেবী কার কন্সা কহ নারায়ণ। কিৰ্বপে পাইল ছুঃখ কহ বিবরণ।। 'রাজপুত্র হয়ে ছঃখী আমার সমান। আর কেবা ছিল পুথিবীতে বিদ্যমান।। কহ কহ জগন্নাথ কি শুনি আনন্দ। মুখপদ্ম হতে ক্ষরে বাক্য মকরন্দ।। বনপর্ক ব্যাসঋষি করিল প্রকাশ। ভাষায় রচিল তাহা কাশীরাম দাস।।

জীবৎস রাজার উপাথ্যান।

শ্রীকৃষ্ণ বলেন রাজা করহ প্রবণ।
শ্রীবংস রাজার কথা অপূর্ব্ব কথন।।
চিত্ররথ পূর্ব্বে ছিল পৃথিবীর পতি।
তৎপরে শ্রীবংস হয় ঠাহার সম্ভতি।।
একছত্রে ধরণী শাসিল নরপতি।
রতিপতি সম কপে বুদ্ধে রহস্পতি।।
সসাগরা বস্থারা শাসি বাভ্বলে।
সকল করিল রাজা নিজ করতলে।।
রাজস্য় অশ্বমেধ করে শত শত।
দানেতে দরিদ্রগণে তোধে অবিরত।।

অপ্রমিত গুণ তাঁর বর্ণন না যায়। ধার্মিক তাঁহার তুলা নাহিক কোথায়।। যে যাহা যাচ্এল করে তাহা দেন তারে। দেহ রক্ষা হেতু প্রাণ নাহি দেন কারে।। চিত্রসেন-রাজকন্যা তাঁহার মহিষী। চিন্তা নামে পতিত্ৰতা প্রম ৰূপদী।। শত শত চান্দায়ণ কত মহাদান। করিয়াছে কেবা হেন চিস্তার সমান।। রাজা রাণী ধর্ম কর্ম্ম যা করে যথন। ঈশ্বরে অর্পণ করে হয়ে শুদ্ধমন।। একগুণ দান করে শত গুণ হয়। এইৰূপে শ্ৰীবৎসের কত কাল যায়।। শুন সে অপূর্ক কথা ধর্ম্মের নন্দন। . তৎপরে হইল দেখ দৈবের ঘটন।। একদিন লক্ষী আর শনি মহাশয়। উভয়েতে বাগ্যুদ্ধ অতিশয় হয়।। লক্ষী কহে আমি শ্রেষ্ঠা সকল সংসারে। স্বৰ্গ মৰ্ত্য পাতালেতে কে ছাড়ে আমারে। কেমনে বলিলে শ্ৰি তুমি শ্ৰেষ্ঠ জন। ত্রিভুবন মধ্যে ভোমা কে করে অর্চ্চন।। এইৰূপে ছুই জনে হল অকৌশল। পণ করি ছুই জনে আসে ভূমগুল।। লক্ষী কহে জ্রীবৎস নুপতি বিচক্ষণ। ইহার মধ্যস্থ তবে হৌক সেই জন।। স্থ্যপুত্র সিন্ধুক্তা উভয়ে ত্বরিত। রাজার পুরেতে আসি হন উপস্থিত।। শ্রীবৎস নুপতি যান স্নান করিবারে। ছই জন উপনীত দেখিলেন দ্বারে॥ দেখি ব্যস্ত নরপতি রহি যোড়করে। প্রণাম করিয়া কহে মৃত্র মৃত্র স্বরে।। কি কার্ণে আগমন হয়েছে এ স্থানে। শনি কহে কাৰ্য্য আছে তব সন্ধিধানে।। আমরা ছুয়ের মধ্যে শ্রেষ্ঠ কোনু জন। বিচারিয়া কহ রাজা ভুমি বিচক্ষণ।। এত শুনি কহে রাজা বিনয় বচনে। মিমাংসা করিব কল্য যাহা লয় মনে।।

এই বাক্য কহি দোঁহে করেন বিদায়। স্নান করি নিজালয়ে আসি নৃপরায়।। রাণীরে কহিল রাজা এই বিবরণ। শুনিয়া হইল রাণী বিষয়বদন।। অমরে অমরে দ্বন্ধ করি তুই জনে। মনুষ্য মধ্যস্থ মানি আসে কি কার্তে।। ভাল ত লক্ষণ রাজা নহে এ সকল। না জানি কি হয় বুঝি মম কর্মফল।। রাজা বলে চিস্তাদেবি চিস্তা কর মিছা। হইবে যথন যাহা ঈশ্বরের ইচ্ছা।। কাল বলবান দেবি জানিহ নিশ্চয়। কাল প্রাপ্ত হলে নর মৃত্যুবশ হয়।। এমত চিন্তায় গত দিবস শর্কারী। কাশীদাস কহে সাধু শুনে কর্ণ ভরি॥ 🖻 বৎস রাজার নিকটে শনি ও লক্ষীর আগমন। প্রভাতে উঠিয়া রাজা,লইয়া সকল প্রজা, মন্ত্রণ করেন এই সার। বচন নাহিক কবে, অথচ বিচার হবে, ইথে ভার ইফ্ট দেবতার।। এত বলি অনুচরে, আজা দেন নরবরে, षान छूटे मिया तिश्हामन। এক স্বর্ণে বিনির্মিত,এক রৌপ্যে বিরচিত, ছই পার্শ্বে ছয়ের স্থাপন।। আসনের নানা সাজ, সাজাইয়া মহারাজ, আপনি বসিল মধ্যস্থলে। কমলা শনির সাথে, আসিল বৈকুঠ হতে, বসিলেন আসন বিমলে।। সমুখে দাঁড়ায়ে রাজা,বিধিমত করি পূজা, প্রকাশিয়া মহতী ভকতি। ক্কতাঞ্জলিপ্রণিপাতে,দাঁগুট্লবোড়হাতে, বছবিধ করিলেন স্তুতি।। হইয়া আহলাদযুতা, বসিল জলধিসুতা, স্বর্ণছত্র সিংহাসনোপরে। বামে শনি মহাশয়, আসন রজতময়, রবি শশী যেন তমোহরে।।

বসিলেন তিনজনে, নানা কথা আলাপনে, রাজার পীযুষ বাক্য শুনি।
সংসার সাগরে সেতু, জীব তরাবার হেতু, রচিলেন ব্যাস মহামুনি।।
বৈপায়নদাসে কয়, তরিবারে ভবভয়, না হইবে জঠব-যন্ত্রণা।
কৃষ্ণ নাম কর সার, জনম না হবে আর, এই মম বচন রচনা।।
শ্রীবৎস রাজার বিচার ও
শনির কোপ।

छूटे जिश्हां जात जात विज्ञ है अन । কথায় কথায় জিজ্ঞাসিলেন তখন।। কহ ভূপ এ ছয়ের শ্রেষ্ঠ কোন জন। শুনিয়া হাসিয়া রাজা বলেন বচন।। আসন ছত্রেতে বিধি বুঝে লহ মনে। বামে বসে সাধারণ প্রধান দক্ষিণে।। শুনি শনি হয় অতি কোপান্বিত মন। মানমুখ হয়ে শনি করেন গমন।। লক্ষী কহিলেন তুষ্ট করিলে আমায়। অচলা হইয়া রব তোমার আলয়।। আশীর্কাদ করি দেবী করেন গমন। বিষ্ণ হটয়া রাজা ভাবেন তথন ৷৷ এৰপে ত্ৰীবৎস রাজা বঞ্চে কত দিন। ছিদ্ৰ অন্বেৰণে শনি ভ্ৰমে অনুদিন।। শুন যুগিঠির রাজা ধর্ম অবতার। দৈবেতে কুগ্রহ ঘটে শ্রীবৎস রাজার।। সিংহাদনে স্নান করি বদে নরপতি। হেন কালে শুন রাজা দৈবের কুগতি।। ক্লফবর্ণ তথা এক কুকুর আসিয়া। সেই জল অকস্মাৎ থাইল চাটিয়া। এই ছিদ্র দেখি শনি প্রবিষ্ট হইল। ক্রমে ক্রমে বুদ্ধি হ্রাস হইতে লাগিল।। বিষম শনির কোপ বাড়ে অমুদিন। •ক্রমে ক্রমে বিভবাদি সব হৈল হীন্।। অকমাৎ পড়ে গৃহমন্দির প্রাচী**র**। শত শত মঞ্চ ভগ্ন সুন্দর মন্দির।।

অকশ্মাৎ কোন স্থানে অগ্নিদাহ হয়। দিবস রজনী প্রায় সব ধ্মময়।। विना (भएष तक्कतृष्टि इस हक् फिरक। অকন্মাৎ উল্কাপাত কালপেঁচা ডাকে।। দিবদৈ প্রকাশে দব নদত্রমণ্ডল। ধুমকে হু খসি পড়ে অতি অমঞ্চল।। শনি কোপানলেতে পড়িল নুপ্রর। রাজ্যরক্ষা নাহি হয় উৎপাত বিস্তর ॥ গজ বাজী পদাতি মরিল লক্ষ লক্ষ। গবী বৎস পশু পক্ষী নাহি পায় ভক্ষা॥ অকস্মাৎ রথধ্বজ ভাঙ্গিতে লাগিল। দাবালন আসি যেন অর্ণ্য দহিল।। শ্রীবৎসের রাজ্যে শনি ঘটনা প্রমাদ। যুবক যুবতী হয় হবিষে বিষ্দা। কাক শিবা শকুনি গৃধিনী নাচে রক্তে। ভূত প্রেত দৈতা দানা পিশাচের সঙ্গে।। বিপদসাগরে পড়ে এবিৎস নুপতি। রোদন করিয়া ফেরে শুন মহামতি॥ রাজার নিকটে আসি যত প্রজাগণ। এই ছঃখে ছঃখী হয়ে করয়ে রোদন।। কোথা বা যাইব আর কোথা বা রহিব। ष्मनाशास्त्र मशकरखे तकमतन वाकित।। তিন দিবারাত্রি রাজা নগর ভ্রমিয়া। ঘরে ঘরে দেখিলেন সকল চাহিয়া।। ভয়েতে কাতর রাজা নাহি বাঁচে প্রাণে। বিলাপ করিয়া রাণী পডিল অজ্ঞানে ।। রাজা বলে কান্দ কেন পাগলের প্রায়। क्रमम लहेटल मृज्य मकटलित इत्र ॥ স্বকীয় কর্মের ভোগ হয় যে আমার। কেন বা রোদন ইথে কর প্রিয়ে আর ।। সসাগরা পৃথিবীর পতি যেই জন। তাহার এমন দশা দৈবের ঘটন।। দৈবে যাহা করে ভাহাকে করে অক্তথা। ঈশ্বরের ইচ্ছা হেন খেদ কর রুথা।। স্বামার একান্ত ভার তাঁহার উপর। স্থামি কি করিব চিন্তা কর্তা ত ঈশ্বর।।

এইৰূপ বিবেচনা করিয়া ভূপতি। ত্রিপক্ষের পর তাঁর স্থির হল মতি।। শনি ছঃখ দিবেন আমারে এইমতে। উপায় ইহার এই ভাবি জগন্নাথে।। চিন্তাদেবি কর তুমি কিঞ্চিৎ সঞ্চয়। হীরা মুক্তা মণি স্বর্ণ যাহা মনে লয়।। প্রবাল প্রস্তর আর যত জহরত। বহু মূল্য অংশ ভার এমত রজত।। সঞ্যু করিয়া লহ্ বিচিত্র বসন। অন্য বস্ত্র দিয়া সব কর আচ্ছাদন।। শুনি রাণী কাঁথা এক করিল তথন। কাঁথার ভিতরে রাখে বহু মূল্য ধন ।। রাজা বলে শুন রাণী আমার বচন। শনি-দোবে মজিল সকল রাজ্য ধন।। কেবল আছয়ে মাত্র জীবন দোঁহার। এখন উপায় কিছু নাহি দেখি আর।। পিত্রালয়ে যাও তুমি রাখহে জীবন। যথা তথা আমি কাল করিব ক্ষেপণ।। শনিত্যাগ যদি হয় কখন আমার। তব সহ সুমিলন হবে পুনর্কার।। এত শুনি চিন্তাদেবী লাগিল কহিতে। না যাব বাপের বাড়ী রহিব সঙ্গেতে।। পিতৃগৃহে যাইবার সময় এ নয়। হাসিবেক শত্ৰুগণ সে ছুঃখ না সয়।। ত্বঃখের সময়ে তব থাকিব সংহতি। যা হবে তোমার গতি আমার সে গতি।। তব সঙ্গে থাকি আমি সেবিৰ ও পদ। আমি সঙ্গে থাকিলে না ঘটিবে আপদ।। গৃহিণী থাকিলে সঙ্গে গৃহস্থ বলায়। উভয়ে যেখানে থাকে তথা সুখ পায়।। শনির দোথেতে তুমি আমারে ছাড়িবে। চিন্তারে অপিয়া চিন্তা ছঃখ ত পাইবে।। শুনিয়া রাণীর কথা নুপতি ছুঃখিত। আখাস করিয়া এই করিল নিশ্চিত।।'

শুন ধর্ম অবতার অন্তুত বচন। শ্রীবৎস শনির দোষে করিল যেমন।। অন্ধরাত্রি কালে তবে উঠি নরপতি। রাণীরে করিয়া সঙ্গে যান শীঘ্রণতি।। এইকালে লক্ষীদেবী আসিয়া তথায়। সদয় হইয়া এই বলেন রাজায়।। যথায় থাকিবে তথা করিব গমন। কায়ার সহিত ছায়া মিলন যেমন।। কিছুকাল ছঃখ তুমি গ্রহেতে পাইবে। পুনর্কার নিজ রাজ্যে ঈশ্বর হইবে। একণে বিদায় রাজা হইলাম আমি। শুভক্ষণে বনপথে হও অগ্রগামী।। অতিশয় ঘোররাত্রে যান নররায়। রমণী সহিত কাঁথা করিয়া মাথায়।। গৃহের বাহিরে কভুনা যায় যে জন। সেই চিন্তা পদত্রজে করিল গমন।। কণ্টক অঙ্কুর কত ফুটে তাঁর পায়। অতিক্রেশে পতি সহ ক্রতগতি যায়।। সঘনে নির্জ্জন বনে প্রবেশ করিল। তার মধ্যে মায়ানদী দেখিতে পাইল।। অকুল সমুদ্র প্রায় নাহি পারাবার। ভূপতি করেন চিন্তা কিসে হব পার।। নদীর কুলেতে বসি কাঁদে ছুই জন। হায় বিধি মম ভাগ্যে এই কি লিখন।। কর্ণধার্রপে শনি আসিয়া তখন। ভগ্ন নৌকা লয়ে ঘাটে দিল দরশন।। মন্দ মন্দ বাহে তরী চলে বা না চলে। নৌকা দেখি নরপতি কাগুারীরে বলে।। ত্বরা করি পার করি দেহ হে কাগুারী। বিলয় না সহে ছঃখ সহিতে না পারি।। নাবিক আসিয়া কহে তুমি কোন জন। রমণী সহিত রাত্রে কোথায় গমন।। হরিয়া কাহার নারী কোথা নিয়া যাও। পরিচয় দেহ আগে কুলেতে দাঁড়াও।। রাজা বলে শুনিয়াছ জ্রীবৎস নুপতি। সেই আমি এই মম নারী চিস্তা সভী।।

व्याभात कुपिन रुग्न देनरवत घटरन। নারী সঙ্গে করি ভাই আসিয়াছি বনে।। শুনি শনি কহিলেন বুঝেছি বিস্তার। তাল ও বেতালসিদ্ধ আছিল তোমার।। ভারা সবে কোথা গেল বিপত্তি সময়। কোথা গেল মন্ত্রিবর্গ কহ মহাশয়।। রাজা বলে ভাই বন্ধু যত পরিবার। বিপত্তি সময়ে সঙ্গী নহে কেহ কার।। অসার সংসার এই মায়ামদে মজে। সকল কর্মে নফ ধর্মপথ তাজে।। আমার আমার বলে কেহ কার নয়। কস্য মাতা কস্থা পিতা শাস্ত্রে এই কয়।। কেবা কার পতি পুত্র কেবা বন্ধুজন। মায়াবদ্ধ হয়ে প্রাণী করিছে ভ্রমণ।। ত্বাপনার রক্ষা হেতু যদি রাখে ধর্ম। আপনার নাশ হেতু করয়ে কুকর্ম।। আমার সর্বাল হয় ধর্মেতে বাসনা। কায়মনোবাক্যে এই করি হে ভাবনা।। শুনিয়া হাসিয়া শনি কহে পুনর্কার। অতি জীর্ণতমা নৌকা দেখহ আমার।। ছুই জন হলে যেতে পারে পর পারে। তিন জন ক্ষীণতরী পারে কি না পারে॥ আপনি সুবৃদ্ধি বট দেখ বর্ত্তমান। বিবেচনা করি রাজা কর অনুমান।। কাস্তারে লইয়া আগে পার হও তুমি। কান্তা যদি লহ তবে কাঁথা রাখ ভূমি।। শুনিয়া নাবিক-বাক্য করেন বিচার। কাঁথা পার করি আগে শেষে হব পার।। রাজা রাণী ছই জনে ধরিয়া কাঁথায়। যতনে তুলিয়া দেন শনির নৌকায়।। কাঁথা নয়ে সূর্য্যপুত্র বাহিয়া চলিল। দেখিতে দেখিতে মাগ্রানদী শুকাইল।। শ্রীবৎস নুপতি: খেদে করে হায় হায়। ্যে সকল দেখিলাম ভোজবাজি প্রায়।। বুঝিলাম এ সকল শনির চাতুরী। মায়া করি বহুধন করিলেক চুরি।।

দেখিলে সাক্ষাতে রাণী বঞ্চনা শনির। চঞ্চল হৃদয় তার নাহি হয় স্থির।। চিন্তিয়া কহেন রাজা করিব গমন। উঠিতে নাহিক শক্তি না চলে চরণ।। বহু কফে গমন করিয়া ছুই জন। প্রবেশ করেন শেষে চিত্রধ্বজ বন।। হেনকালে সেই স্থানে হইল প্রভাত। পূর্ব্বদিকে সমুদিত দেব দিননাথ।। ক্ষুধার্ত্ত তৃষার্ত্ত দোঁহে কাতর হৃদয়। রম্যস্থান দেখি রাণী নুপতিরে কয়।। চলিতে না পারি নাথ করিনিবেদন। বিশ্রাম করহ এই স্থানে এইক্ষণ।। দিব্য জল স্থলে নানা পুষ্প বিকসিত। এই স্থানে স্থান কর আছত কুধিত।। রমণী কাতরা দেখি ব্যথিত অন্তর। বন হতে ফল পুষ্প আনেন সত্তর।। উভয়ে করিয়া স্নান ইফীপূজা করি। কুড়াইয়া আনে বহু সুপক্ক বদরী।। উভয়ে খাইল জল শ্রান্তি হল দূর। গমন করিতে শক্তি হইল প্রচুর।। নানাস্থান এড়াইল পর্বত কানন। নদ নদী কত শত বন পর্য্যটন।। তমাল পিয়াল শাল রক্ষ নানাজাতি। মল্লিকা মালতী বক চম্পক প্রভৃতি॥ বদরী খর্জ্জুর জম্বু পলাশ রসাল। নারিকেল গুরাক দাড়িয় আর তাল।। কদলী বয়ড়াকল আর আমলকী। কদমু অশ্বত্থ বট নিম্ব হরীতকী।। জারুল পারুল বেল প্রিয়ঙ্গু অগুরু। রক্তদার চন্দন বাদাম দেবদারু।। ইত্যাদি অনেক রক্ষে নানা পক্ষিগণ। ব্যান্তাদি হিংসক কত করিছে ভ্রমণ।। মুগেন্দ্র গজেন্দ্র উট্টা গণ্ডার কাসর। ঘোটক গোধিকা খর ভল্ল,ক শূকর।। শত শত পশু দেখে বনের ভিতর। বিকট দশন দেখে অতি ভয়কর ॥

ভূচর খেচর কত কে করে গণন। দেখিরা চিস্তিত রাজা অতিছোর বন।। মনে মনে বলে রক্ষা কর লক্ষীপতি। সংসারের সার তুমি অগতির গতি॥ দয়া কর দীননাথ করুণানিধান। সমূহ সঙ্কটে প্রভু কর পরিক্রাণ।। তোমা বিনা রক্ষা করে নাহি হেন জন। আমার ভরসামাত্র প্রভুর চরণ।। গোবিন্দ গোপাল গিরিধারী গদাধর।। ত্রাণ কর এইবার হয়েছি কাতর।। এইৰূপ বলি রাজা স্মরে চক্রপাণি। অকস্মাৎ তথা এই হল দৈববাণী।। যত দিন নুপ ভুমি থাকিবে কাননে। থাকিব তোমার সঙ্গে রক্ষার কারণে।। শুনিয়া আনন্দ বড় হইল রাজার। বনমধ্যে ভ্রমে সদা নির্ভয় আকার।। একদিন বনমধ্যে করে দর্শন। মৎস্তব্যতী ধীবর জাসিছে কত জন।। ধীবর দেখিয়া মৎস্ত করেন যাচন। কিছু মৎস্ত দেহ আজি করিব ভোজন।। জেলে বলে কুক্ষণেতে ধরি জাল করে। কিছুই না পাইলাম ফিরে যাই ঘরে।। রাজা বলে শুন সবে আমার বচন। পুনর্কার ফেল জান পাইবে এখন।। তাল বেতালেরে স্মৃতি করেন জ্রীবৎস। সকলে কেলিয়া জাল পায় বহু মৎস্থ।। চতুর ধীবর জাল করিয়া বিস্তার। পুনর্কার ফেলে জাল করিয়া স্বীকার। পাইয়া অনেক মীন কৈবর্ত্তের গণ। জানিল সাধক বটে এই চুই জন।। সাদরে শকুল মৎস্ত দিল নৃপতিরে। মৎস্ত পেয়ে নৃপবর কহেন রাণীরে।। ক্ষুধার্ত্ত হয়েছি রাণী কাতর জীবন। মীন পোড়াইয়া দেহ করিব ভোজন।। শুনিয়া কহেন রাণী যে আজ্ঞা তোমার। মীন পোড়া খেলে হয় শনি-প্রতীকার ॥

ইতিমধ্যে যুধিষ্ঠির করহ প্রবণ। মায়া করি শনি মৎস্ত করিল হরণ।। হরিষে বিষাদে রাণী অনল জালিল। যতনপূৰ্বক সেই মৎস্ত পোড়াইল।। মীন দক্ষ করি চিন্তা চিন্তা করে মনে। মৎস্ত পোড়া রাজহন্তে দিব বা কেমনে। ্ক্ষীর ছানা নবনীত করে যে ভোজন। বনে আসি মীন দক্ষ থাবে সেই জন।। কিৰূপেতে এই ছাই খা(ও)য়াব তাঁহারে শতেক ব্যঞ্জন হয় যাঁহার আহারে।। এতেক চিন্তিয়া চিন্তা মীন লয়ে করে। ধইয়া আনিব বলে গেল সরোবরে॥ জলেতে ধুইতে পোড়া মৎস্য পলাইল। हेहा प्रतिथे हिन्तार्पती कान्पिए नाशिन।। হাহাকার করি রাণী কান্দে বিনাইয়া। কি বলিবে মহারাজ এ কথা শুনিয়া।। কে দেখেছে কে শুনেছে পোড়ামৎস্য বাঁচে কি হইবে মম ভাগ্যে না জানি কি আছে।। শুনিয়া বিশ্বাস নাহি করিবে ভূপতি। একেত ক্ষুধার্ত্ত রাজা হবে ক্রুদ্ধ অতি। বলিবেন তুমি মৎসা করেছ ভক্ষণ। পলাল বলিয়া এবে কর প্রতারণ।। হায় বিধি এত ছঃখ ঘটালে আমায়। এখন রয়েছে প্রাণ নাহি কেন যায়।। এত ভাবি চিস্তাদেবী কান্দিতে কান্দিতে সকল বুস্তান্ত কহে রাজার শাক্ষাতে।। শুনিয়া হাসিয়া রাজা রাণীরে কহিল। এ বড় আশ্চর্য্য কথা শুনিতে হইল।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান।।

জীবৎদের প্রতি শনির বাক্য।
অন্তরীক্ষে থাকি শনি,কহিছে আকাশবাণী,
শুন শুন জীবৎস নৃপতি।
আমি ছোট লক্ষ্মী বড়,তুমি কহিয়াছ দড়,
ডার শাস্তি করিব সংপ্রতি।।

সম্পত্তিতে করি গর্কি,আমারে দেখিলেথর্ক, ব্দামি তব কি করিতে পারি। যেইলজ্জ। দিলে মোরে,সেকথা কহিবকারে, শুন ছুফীমতি মন্দকারী।। পণ্ডিত ধাৰ্ম্মিক জ্ঞানে, আইলাম তবস্থানে, তুমি ত করিবে সুবিগার। কপট চাত্রী করি, মম গুণ পরিহরি, তুমি তুঃখ দিয়াছ অপার।। কি কব ছঃখের কথা, সারণে মরম ব্যথা, রহিবেক হৃদয়ে আমার। আসন বলিয়া শ্রেষ্ঠ্,লক্ষীরে বলিলে জ্যেষ্ঠ্, এবে লক্ষী কোথায় তোমার।। করিয়াছি রাজ্যনাশ, অপর অরণ্যে বাস, শেষে এই স্ত্রীভেদ করিব। শুন বাজা বলি তোরে,তবেতচিনিবে মোরে, নহে মিখ্যা যে কথা বলিব।। শুন শুন মহারাজ, ধরিয়া বিবিধ সাজ, **(** प्रव देवडा नाश आ कि शत्। অবধ্য দৰ্কত্ৰগামী, দৰ্ক ঘটে থাকি আমি. অতিশয় পূজা ত্রিভুবনে।। শুন হে জীবৎস ভূপ,ত্রেতাযুগে রামরূপ, হইল প্রভুর অবতার। এক ব্রহ্ম চারি অংশে,জন্মিলেন রযুবংশে, রাজা দশরথের কুমার।। দশরথ ধর্মাচার, দেন তাঁরে রাজ্যভার, আমি তাঁরে পাঠাই কানন। অমুজ লক্ষাণ সাথে, প্রবেশে গহন পথে, জটা বল্ক করিয়া ধারণ।। স্বয়ং লক্ষী সীতাসতী,পতি অনুগতাঅতি, শুন হে ছুর্গতি যত তাঁর। । কাননে পতির সহ, ভুঞ্জিবারে পার্পতাহ, বনে গেল দীনের আকার।। পর্বত কানন পথে, বঞ্চিয়া স্বামীর সাথে. পরে তাঁরে হরে দশানন। রাজ্য ধন স্বামী ছাড়ি,গেলেন রাবণ্কাড়ী, বাস হইল অশোক কানন।।

আর কিছু বলি শুন, দেবদেব পঞ্চানন, সতী কন্তা অৰ্দ্ধ অঞ্চ যাঁৱ। সতী গতে ক্লন্তিবাস, দক্ষযক্ত করি নাশ, ছাগমুখ দকৈর আকার।। সতী দেহ ত্যাগ করে,জন্মি হিমালয়ঘরে, দৰ্ক হেতৃ মম মায়াজাল। व्याभारत रहनन कति, इस वर्शनितिहति, ভগাঙ্গ রহিল কতকাল।। মম সহ বাদ করি, বৈকুণ্ডনিবাদী হরি, কীটৰূপ ধারণ করিল। যুচিল বৈকুণ্ঠলীলা, গণ্ডকীপর্কতে শিলা, ( प्रयास्य रङ्कान हिल।। বলি দৈত্য অধিপতি,স্বৰ্গ রসাতল ক্ষিতি, ত্রিভুবন করে অধিকার। হেলন করিল মোরে,পাতালে লইয়া তারে, রাখিলাম বদ্ধ কারাগার ।। স্বৰ্গ মৰ্ত্য রসাতল, সৰ্বত্ত আমার বল, সবে করে আমারে পুজন। তোরকাছেলপেআমি,তুমিপৃথিবীরস্বামী লক্ষী ভোর দেখিব কেমন।। এতেক কহিয়া শনি, হইল আকাশগামী, স্বপ্নবৎ শুনিল রাজন। চিন্তিয়া বুঝিল মর্ন্ম, শনির যতেক কর্ম্ম, হল রাজা নিরানন্দ মন।। আরণ্যপর্কের কথা, অতি সুখ মোক্ষদাতা, রচিলেন মহামুনি ব্যাস। ति भौगिलिছरम, भरनत आरवनानरम, ক্ষণাসামুজ কাশীদাস।।

চিন্তার সহিত রাজার কথা।
শুলিয়া আকাশবাণী শনির ভারতী।
ডাকিয়া বলিল রাজা চিন্তাদেবী প্রতি।।
যতেক কহিল শনি প্রত্যক্ষ হইল।
রাজ্যনাশ বনবাস সর্বনাশ কৈল।।
বিবাদ করিয়া যদি দোঁহে না আসিবে।
তবে কেন চিন্তাদেবী এমত হইবে।।

আমার কুদিন হল বিধির ঘটনা।
নৈলে কেন ত্বস্থ করি আসিবে ছুজনা।।
ভাবিয়া চিস্তিয়া দেবি কি হইবে আর।
নিজ কর্মার্জিত পাপ হয় ভুঞ্জিবার।।
কারণ করণ কর্তা দেব গদাধর।
আমার একান্ত ভার তাঁহার উপর।।
ধর্মে বিচলিত মন নহে ত আমার।
নিজ কর্মে ছঃখ পাই কি দোষ তাঁহার।।
চিন্তাযুক্ত হয়ে রাজা বঞ্চেন কানন।
কল মূল আহারেতে করেন যাপন।।
ধর্মিচিন্তা করে রাজা স্মরে বিধাতায়।
এইরূপে পঞ্চ বর্ষ নানা ছঃখ পায়।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

শ্রীবৎস রাজার কাঠুরিয়া স্থালয়ে স্থিতি।

শুন শুন ধর্মারাজ অপূর্ব্ব কথন। কাননে বঞ্চেন চিন্তা জীবৎস রাজন।। পূর্ক্তমত ফল-মূল না মিলে তথায়। কানন ত্যজিয়া রাজা দগরেতে যায়।। নগর উত্তরভাগে ধনীর বসতি। তথায় বসতি মোর না হয় সম্মতি।। ছুঃখী হয়ে ধনাঢ়ের নিকটে না যাবে। দরিত্র দেখিয়া মোরে অবজ্ঞা করিবে।। ছুঃথীর সমাজে থাকি কাটাইব কাল। পাছে লোকে মুণা করে এ বড় জঞ্জাল।। এত বলি দক্ষিণেতে প্রবেশিল রায়। শত শত ঘর তথা কাঠুরিয়া রয়।। রাজা রাণী তথাকারে হন উপনীত। দেখিয়া সভুমে তারা জিজ্ঞাসে ছরিত।। কৃত তুমি কেবা হও কোথায় বসতি। কি হেতু আসিলে দোঁহে কহ শীঘ্ৰগতি। শুনিয়া সবার বাক্য কহে নৃপবর। মোর সম ছুঃখী নাহি পৃথিবী ভিতর।। বছ তুঃথ পেয়ে আমি আইনু হেথায়। তোমরা করিলে কুপা তবে ছুঃখ যায়।।

আশ্বাস করিয়া তারা কৈল অঙ্গীকার। করিব ভোমার হিত প্রতিজ্ঞা সবার।। মোরা কাঠরিয়া জাতি কার্স্ত বেচি কিনি। নিত্য আনি নিত্য খাই ছুঃখ নাহি জানি। সঙ্গে থেকে কার্চ বেচি প্রত্যহ আনিবে। এ কর্মে নিয়ক্ত হলে তুঃখ না রহিবে।। শুনি আনন্দিত হন শ্রীবৎস রাজন। ভাল ভাল এই কর্মা করিব এখন।। হেনমতে কাঠুরিয়া ঘরে ছুই জন। রহিল গোপনে রাজা নিরানক মন।। কাঠুরিয়াগণ-ভার্য্যা যতেক আছিল। চিন্তার সৌজন্য হেরি সবে বশ হল।। নানা ধর্ম নানা কর্ম করান প্রবণ। শুনিয়া সন্তুষ্ট হল স্বাকার মন।। সবা সঙ্গে সখীভাবে আছে রাজরাণী। শিফালাপে থাকে সদা দিবস রজনী।। প্রভাতে কাঠ্রেগণ চলিল কাননে। ্ৰ বাজাকে ডাকিল সবে এস যাই বনে।। শুনিয়া চলেন রাজা সবার সংহতি। ঘোর বনে প্রবেশ করিল শীঘগতি।। কাঠ্রিয়াগণ কাষ্ঠ ভাঙ্গিল অনেক। বড় বড় বোঝা সবে বান্ধিল যভেক।। ফল মূল পত্ৰ পুষ্প নিল সর্বজন। আমি কি লইব চিত্তে চিন্তিল রাজন।। নিন্দিত না হয় কর্মা ক্লেশ না সহিব। অথচ আপন কর্ম প্রকারে সাধিব।। চিনিয়া লইল রাজা চন্দনের সার। কাঠুরিয়া সঙ্গে সঙ্গে চলিল বাজার ।। বাঙ্গারে ফেলিল বোঝা কাঠুরিয়াকুল। गृहित्लाक आंत्रि मत्य कति निल मृल्।। কেহ পায় চারি পণ কেহ আট প্রণ। কেহ বা বেচিয়া কেনে খাদ্য প্রয়োজন।। চন্দনের কার্চ্চ লয়ে জীবৎস রাজন। বেচিবারে যায় ভবে বণিক সদন।। দিব্য চন্দনের সার পেয়ে সদাগর। উচিত করিয়া মূল্য দিলেক সত্ত্র।।

তক্ষা স্থাই চারি রাজা বেচিয়া পাইল। অপূর্ক বিচিত্র দ্রব্য কিনিয়া লইল।। যুত তৈল চালি ভালি লবণ সৈদ্ধব। মশলা মিষ্টান্ন দধি কিনিলেন সব।। শাক সূপ তরকারি যতেক পাইল। ভাল মৎস্থ মাংস রায় যতু করি নিল।। কিনিয়া অংশৰ দ্ৰব্য নিয়া নরপতি। গৃহেতে আনিয়া দিল যথা চিস্তাসতী।। রাণী প্রতি কহে রাজা বিনয় বচন। কাঠুরিয়াগণ বন্ধ কর নিমন্ত্রণ।। শুনিয়া সন্তুষ্ট হৈল চিন্তা মহারাণী। বিচিত্র করিয়া পাক করিল তথনি।। লক্ষী অংশে জন্ম তাঁর লক্ষী স্বৰূপিণী চক্ষুর নিমেষে পাক কৈল চিন্তারাণী।। স্নান দান করি রাজা আসিয়া সত্তর। দেখিল সকল পাক হয়েছে সুন্দর।। রাণী বলে সবাকারে ডাকহ রাজন। সকল রন্ধন হল করাহ ভোজন।। এত শুনি নরপতি ডাকে সবাকারে। আনন্দিত হয়ে সবে এল ভুঞ্জিবারে একত্র হইয়া সব কাঠুরিয়াগণ। ভোজনে বসিল সবে অতি হৃষ্টমন রাণী অন্ন আনি দেন প্রশে রাজন ক্রমে ক্রমে পরশিল ভুঞ্জে সর্বজন।। সুধা সম অল্পান খায় সর্বজন। धना धना ध्वनि इन कार्युत ज्वन।। শ্রদ্ধাপুরস্থারে সবে বিদায় করিয়া। পশ্চাতে ভুঞ্জিল রাজা হৃষ্টমন হৈয়া।। এইৰূপে কত দিন বঞ্চিল তথায়। এক দিন শুন যুধিটির মহাশয়।। ' বাণিজ্য করিতে এক সদাগর যায়। চাপাইয়া তরী সাধু সেইখানে রয়।। অকশাৎ তার ডিঙ্গি চড়াতে লাগিল। ংহায় হায় করি কান্দে কি হল কি হল।। হেনকালে শুন রাজা দৈবের ঘটন। গণক হইয়া শনি আইল তথন।।

হত্তে লাঠি পুঁথি কাঁথে গ্রহাচার্য্য হৈয়া। সাধুর মঙ্গল কথা কহিল আসিয়া।। শুন মহারাজ তুমি স্থির কর মন। তোমার তরণী বদ্ধ হল যে কারণ।। তব নারী নবগ্রহ করেন অর্চন। অবজ্ঞা করিয়া তুমি আইলে পাটন।। সেই হেডু তব তরী হল হেন ধাপ। কহিন্মু যতেক কথা জানিবে স্বৰূপ।। মহাজন কহে কথা করিয়া প্রণতি। অমৃত অধিক শুনি তোমার ভারতী।। ব্রাহ্মণ বলেন শুন আমার বচন। যেরূপে তোমার তরী চলিবে এখন।। এই গ্রামবাসী কাঠুরিয়া যত জন। নিমন্ত্রণ করি আন তার ভার্য্যাগণ।। সকলে আসিয়া তারা ধরিবেক ভরী। তার মধ্যে পতিত্রতা আছে এক নারী।। সেই আসি যেইক্ষণে ছুঁইবে তরণী। কহিনু স্বৰূপ কথা ভাসিবে তথনি।। ্শুনি আনন্দিত হল সেই মহাজন। এ কথা কহিয়া শনি করিল গমন।। শুনিয়া উপায় সাধু চিন্তা করে মনে। পাইনু পরম তত্ত্ব দৈবের ঘটনে।। কিন্ধরেরে তবে সাধু কহিল সত্তরে। কাঠরিয়া জাতি সতী আনহ সাদরে।। শুনিয়া সাধুর আজ্ঞা কিন্ধর চলিল। স্তব স্তুতি করি সবাকারে আমন্ত্রিল।। সহজেতে হীনঙ্গাতি অতি অপ্যক্তান। পাইরা দাধুর নাম আনন্দ বিধান।। যতেক কাঠুরেভার্য্যা নিমন্ত্রণ শুনি। হরিষ বিধানে সবে চলিল তথনি।। ट्यथारन महीत घारि बांठेक छत्री। সেই খানে উত্তরিল যতেক রমণী।। কমলা বিমলা গেল আর কলাবতী। কৌশল্টা রোহিনী চলে আর সাহাবতী। রেবতী কৈকেয়ী উমা রম্ভা তিলোত্তমা। হরপ্রিয়া চিত্রাবতী রাখা সভী স্থামা।।

यत्भाना यसूना अशा विभना विकशा আর ষষ্ঠী গয়া গঙ্গা কালিন্দী অভয়া।। চপলা চঞ্চলা ধায় চগুলী কেশরী। পদাবতী অরুদ্ধতী সাবিত্রী মঞ্জরী।। একে একে তরী সবে পরশ করিল। জনে জনে মান নিয়া বিদায় হইল।। কারো হতে নাহি হল সাধু প্রয়োজন। বুঝিল হইল মিথ্যা গণক বচন।। কত নারী আহিল না এল কত জন। কিন্ধরে জিজ্ঞাসে সাধু এ সব কারণ।।। নাবিক কহিল সবে আসিয়াছে রায়। এক নারী না আইল স্বামীর মানায়।। শুনি সাধু মনে কৈল সেই সাধ্বী ভবে তিনি এলে মোর তরী অবশ্য চলিবে।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান।।

বণিক কর্তৃক চিন্তা হরণ। তবে সাধু হর্ষযুক্তা গলে বস্ত্র দিয়া। যথাস্থানে চিন্তা সতী উত্তরিল গিয়া।। কাতর হইয়া অতি সাধু কহে বাণী। আগারে করহ রক্ষা ওহে ঠাকুরাণি॥ সাধুরে দেখিয়া চিন্তা কহে ছুঃথ মনে। আমাকে যাইডে মানা করিল রাজনে।। কি কহিরে মহারাজ আসিয়া ভবনে। ভাবিয়া চিন্তিয়া রাণী স্থির কৈল মনে।। কাতর শরণাগত যেই জন হয়। তাহারে করিলে রক্ষা ধর্মের সঞ্চয়।। বেদে শাস্ত্রে মুনিমুখে শুনিয়াছি আমি। প্রাণ দিয়া রাখয়ে শরণাগত প্রাণী।। যাহা কন মহারাজ এ কথা শুনিয়া। সহিব সকল কথা শর্ণ মাগিয়া।। এত ভাবি চিন্তাদেবী হৃষ্টচিন্তা হৈয়া। চলিলেন তবে রাণী ঈশ্বর ভাবিয়া।। উপনীতা হন যথা সদাগর-তরী। क्रद्रयाट्ड कट्ट (मरी अमकिन क्रि ॥

যদি আমি সতী হই পতি অমুগতা। তবে সে ভাসিবে তরী কছিত্ব সর্কথ!।। এত বলি সেই তরী পরশ করিতে। ভাসিয়া চলিল তরী দক্ষিণ মুখেতে।। দেখি সদাগর হল হর্ষিত মন। জানিল মনুষ্য নহে এই নারীজন।। যদি মোর নৌকা কভু আটিক হইবে। ইহাকে লইলে সঙ্গে তথনি চলিবে।। এত ভাবি নৌকাপরে লইল চিম্ভারে। দেখ যুধিষ্ঠির রাজা দৈবে কি না করে।। শুনি ধর্মা নৃপমণি কহে প্রস্থৃ প্রতি। অমৃত অধিক শুনি তোমার ভারতী।। চিন্তার বলহ শেষে হল কোন গতি। কিৰূপে রহিল কোথা জ্রীবৎস নুপতি।। এত শুনি কহেন শ্রীযশোদাকুমার। শুন মহারাজ কহি বিশেষ ইহার।। অতি ছঃখে শোকাকুল কাতর অন্তরে। क्रेश्वत त्यातिशा (मर्वी कारन्म উटेक्टश्यरत ।। কেন আমি আইলাম আপনা খাইয়া। কান্দিয়া আকুল চিন্তা এ কথা ভাবিয়া।। সূর্য্যপানে চাহি দেবী যোড় করি হাত। বহু স্তব করে চিন্তা বহু প্রণিপাত।। দয়া কর দিননাথ অথিলের পতি। মোর ৰূপ লহ দেব দেহ কু-আক্বতি।। জরাযুত অঙ্গ প্রভু দেহ শীঘ্রগতি। এত বলি কান্দে দেবী লোটাইয়া ক্ষিতি।। দেখি দেব ভাক্ষরের দয়া উপজিল। ভয় নাই ভয় নাই বাণী নিঃসরিল।। চিন্তাদেবী-রূপ দেব করিল হরণ। গলিত ধবল মূর্ত্তি দিল ততক্ষণ।। এইৰূপে নৌকায় রহিল চিন্তাসতী। বাহিয়া চলিল সাধু মহাহাউমতি॥ এথায় কানন হতে জাসি নিজালয়। শূন্য ঘর দেখি রাজা মানিল বিস্ময়।। । কান্দিয়া অন্থির রাজা না দেখি চিস্তায়। সকাতরে পড়সীরে জিজ্ঞানেন রায়।।

মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যৰান।। অবিৎস রাজার রোদন এবং চিস্তার কাতর হৃদয় অতি, জীবৎস ধরণীপতি, পড়দীরে জিজ্ঞাদে বারতা। কহসবেসমাচার,কোথা চিন্তা সে আমার, না হেরিয়া পাই মনে ব্যথা।। রাজার বিনয় শুনি,পড়সী কহিছে বাণী, ওহে ধীর পণ্ডিত সুজন। কহি শুন বিবরণ, এই ঘাটে এক জন, আইল ধনাত্য মহাজন !! তাহার কর্মেতে ঘটে,তরণী আটিক ঘাটে, বিধাতা তাহারে বিড়িম্বল। আসি সেই মহাজন, কহিলেন সুবচন, যত নারী সবারে ডাকিল।। গৌরব করিয়া সাধু, লইয়া কাঠুরে বধু, ক্রমে ক্রমে তরী ছোঁয়াইল। না ভাসিল সেই তরী, পুনঃপুনঃ যত্ন করি, তোমার চিন্তায় লয়ে গেল।। বজ্ঞ সম বাণী শুনি, মূচ্ছাগত নুপমণি, লোটায়ে পড়িল ধরাতলে। ক্ষণেকে চেত্তন পায়,বলে রাজা হায় হায়, কেন হেন ঈশ্বর করিলে॥ আমার কর্ম্মের পাশ,রাজ্য ত্যজি বনবাস, नाती मद्भ षाहेलू कानता। ধন রত্ন যত আনি, সকল হরিল শনি, অবশেষে ছিল তুই প্রাণে।। তাহাতে করিল আান, তুই জন তুই স্থান, শনি ছুঃখ দিল বহু মোরে। বিষাদে তাপিত মন, এই চিন্তা অনুক্ষণ, ভয়ে রক্ষা কে করিবে তারে।। এত চিন্তি নরপতি,শোকেতে কাতর জতি,

**চ**िल्ल नमीत उटि उटि ।

जिल्लानिन करन करन, श्रावत कक्रमशर्व,

মসুষ্য যতেক দেখে বাটে।।

বিবধ কানন মাঝ, খুঁজিলেন মহারাজ, চিন্তার না পাইল উদ্দেশ। वह एमा नाना खारन, नम नमी छेशवरन, ভ্ৰমে রাজা পেয়ে বহু ক্লেশ।। ক্ষুধা ভৃষ্ণা অনাহারে,মহাকটেে নুপবরে, শেষমাত্র ছিল প্রাণ তাঁর। সকল দৈবৈতে হয়, শুন ধর্ম মহাশয়, সব কর্ম ইচ্ছা বিধাতার।। চিন্তানন্দ নামে বনে,রাজাগেলদেইস্থানে, তথাকারে সুরভি আশ্রম। অপূর্কবিচিত্রশোভা,সুরাসুরমনোলোভা, তথা যেতে সভয় শমন।। নানাপশু নানাপফ, এক স্থানে লক্ষ লক্ষ, ভক্ষ্য ভোজ্য রঙ্গে একস্থল। বিচিত্ৰ তড়াগ বাপী, প্ৰস্করিণী কতৰূপী, তাহে শোভে কনক কমল।। অপূর্ককাননশোভা,নানাপ্রপ্রমনোলোভা ষড়ঋতু শোভিত তথায়। কেহ কারে নাহিডরে, সুখে সবে ঘর করে, নিঃশক্ষে রহিল তথা রায়।। রাজাপুণ্যবান অতি,জানিয়া গোমাতাসতী তথায় হইল উপনীত। কাশীরাম দাস গায়, বিফলে জনম যায়, ভঙ্গ হরি ভবে নাহি ভীত।।

শ্বতি-আশ্রমে রাজার হিতি।
সুরভি জিজ্ঞাসা করে তুমি কোন জন।
রাজা বলে শুন মাতা মোর নিবেদন।।
অবনীতে মহীপতি ছিলাম মা আমি।
শ্রীবংস আমার নাম প্রাগদেশস্বামী।।
আনন্দেতে করিতাম প্রজার পালন।
কত দিনে শুন মাতা দৈবের ঘটন।।
এক দিন শনি সঙ্গে জ্লাধিতনয়া।
মম স্থানে আদে দোঁহে বিরোধ করিয়া।।
বিচার করিত্ব আমি ধর্মাশাস্ত্র ধরি।
বিপারীত বুঝি শনি হল মম ক্ষারি।।

রাজ্য ধন সব শনি করিল বিনাশ। অবশেষে চিন্তা সহ আসি বনবাস।। वनवारम महारङ्गरण विश्व छूटे जरन। চিন্তাকে হারাকু মাতা বিপিন নির্জনে।। সুরভি এতেক শুনি কহে রাজা প্রতি। ভয় নাই থাক রাজা আমার বসতি॥ যত দিন গ্রহ মন্দ আছমে তোমার। তত দিন মোর হেথা থাক গুণাধার।। এখানে শনির ভয় নাহিক রাজন। হেথা থাকি কর রাজা কালের হরণ।। ' পুনঃ বসুমতীপতি হবে নৃপবর। চিন্তাসভী পাবে কত দিবস অন্তর ।। এ বন ছাড়িয়া নাহি যাইবে কোথায়। এক ধার তুক্ষ আমি ভুঞ্জাব তোমায়।। এ বন ছাড়িয়া যদি যাও নররায়। অবশ্য পড়িবে তুমি শনির মায়ায়।। রাজা বলে মাতা হয় যে আজ্ঞা তোমার। রহিলাম যত দিন চুঃখ নহে পার।। এ ৰূপে শ্ৰীবৎস রায় রহিল তথায়। শুনহ অপূর্ব্ব কথা ধর্ম্মের তনয় ॥ মনোরথ নন্দিনীর যত ছুগ্ধ খায়। ত্বধারের তুঞ্চেতে ধরণী ভিজে যায়।। সেই ছুপ্পে মৃত্তিকা ভিজায়ে কাদা করি। ছুই হাতে মহারাজ ছুই পাট ধরি।। চিন্তাবতী জীবৎস নৃপতি নাম স্মরি। তাল বেতাল সিদ্ধ মনেতে বিচারি।। যুগ্মপাট যুক্ত করি গঠয়ে রাজন। এরপে কতেক পাট করছে রচন।। ঈশ্বরের ধ্যান করি কালের হরণ। সহস্র সহস্র পাট করিল গঠন।। স্থানে স্থাকার শত শত করি। এমতে শ্রীবৎস বঞ্চে দিবস শর্করী।। কত দিনান্তরে শুন ধর্ম মহাশয়। 'পুনর্কার পড়ে রাজা শনির মায়ায়।। সেই মহাজন যায় বাহিয়া তর্ণী। কুলেতে থাকিয়া দেখে জীবৎস আপনি।।

কোথা তাল বেতাল বান্ধব ছুইজন। মহাজন প্রতি রাজা বলিল ডাকিয়া। ণ্ডন শুন সদাগর কুলেতে আসিয়া।। নুপতির উচ্চরব শুনি মহাজন। ণীঘ্র করি কুলে তরী লইল তথন।। পাইয়া সাধুর আজ্ঞা নায়ের নফর। মতি ত্বরা করি তরী চালায় সত্তর।। মৃত্রভাষে রাজা কহে বিনয় বচন। শুন মহাজন তুমি মোর বিবরণ।। বড় বংশে জন্মিলাম পূর্ব্ব ভাগ্যবলে। এবার হইনু নষ্ট নিজ কর্মফলে।। কারে কি বলিব আমি কি বলিতে পারি। ঈশ্বরের ইচ্ছা যাহা থণ্ডাইতে নারি।। তুমি যদি দয়া করি এই কর্মা কর। তবে ত তরিব জামি বিপদ সাগর।। কতগুলি স্বর্ণপাট করিয়াছি আমি। হুলে যদি লয়ে যাও নৌকাপরে তুমি।। ্য দেশে বাণিজ্যে তুমি করিছ পয়ান। সেই দেশে তব সঙ্গে করিব প্রস্থান।। স্বৰ্ণপাট বেচি যদি পাই কিছু ধন। তবে ত বিপদে তরি এই নিবেদন।। বাজার বিনয় বাক্য শুনি মহাজন। কিন্ধরেরে আজ্ঞা করে লয়ে এস ধন।। রাজাকে কহিল দাধু শুন মহাশয়। আইস আমার সঙ্গে নাহি কিছু ভয়।। ন্বন্ট হয়ে নরপতি উঠে নৌকাপরে। ম্বর্ণপটি বয়ে আনে যতেক নকরে।। হুষ্ট হয়ে সদাগর বাহিল তরণী। কি কব শনির মাত্মা শুন নুপমণি।। কপট পাৰগু বড় সেই সদাগর। এই ছুফটিন্তা ছুফ্ট করিল অন্তর।। মিলাইল যদি ধন দৈবেতে আমাকে। যুচাই মনের ব্যাথা বধিয়া ইহাকে।। এতেক ভাবিয়া মনে ছুফ্ট ছুরাচারে। াজাকে ধরিয়া ফেলে সাগর মাঝারে।। गर्थन ধরিয়া छुक्छ कतिन वसन। ত্রাহি ত্রাহি করি রাজা করিছে স্মরণ।।

এ মহাবিপদে কর আমারে তারণ।। কোথা গেলে চিন্তাদেবী আমাকে ছাড়িয়া। আমার তুর্গতি প্রিয়ে দেখ না আসিয়া ॥ সেই নৌকাপরে ছিল চিন্তা পতিত্রতা। কান্দিয়া উঠিলা রাণী শুনি প্রভুকথা।। যথন ধরিয়া নৃপে ফেলিল সমুদ্রে। হইল বেতাল তাল রাজচক্ষে নিদ্রে॥ তাল রক্ষা কৈল চক্ষু বেতাল হৈল ভেনা। ভাসিয়া নুপতি যায় যেন রাশি ভূলা।। সেইক্ষণে চিন্তাদেবী বালিশ যোগায়। বালিশে আলিস রাখি নৃপ ভাসি যায়।। শুনহ আশ্চর্য্য কথা ধর্ম্মের তনয়। বহুকাল জলে ভাসি সৌতিপুরে যায়।। সৌতিপুবে মালাকারজায়ার আশ্রমে। আসিয়া লাগিল শুদ্ধ পুষ্পের উদ্ভানে।। বহুকাল শুস্ক ছিল যত পুষ্পাবন। রাজ-আগমনে পুস্প ফুটিল তথন।। রাজদরশনে পুনঃ জীব সঞ্চারিল। পূর্ক্ষমত সব পুষ্প বিকসিত হল।। অশোক কিংশুক নাগ ফুটিল বকুল। গন্ধরাজ চাঁপা ফুটে জারুল পারুল।। শেকালি সেঁ উতী আদি নানাজাতি ফুল। ফুটিল যতেক পুষ্পা নাহি সমতুল।। পুষ্পাবন্ধে অলিকুল ধায় মধু আশে। কোকিল কোকিলা গান করিছে হরিষে।। ষড়ঝতু আসি তথা হল উপনীত। শর ধনু সহ কাম তথায় উদিত।। পূর্কমত বনশোভা হইল বিস্তর। কর্মান্তর হতে মালিনী আইল ঘর।। আশ্চর্য্য দেখিয়া বড় ভাবিছে মালিনী। ইহার কারণ কিবা কিছুই না জানি।। বন দেখি হৃষ্ট অতি মালীর মহিধী। 'কুমুমকাননে শীদ্র প্রবৈশিল আসি।। একে একে নিরখিয়া চতুর্দিকে চায়। হেনকালে ত্রীবৎসকে দেখিল তথায়।।

কন্দর্প আকার এক পুরুষ সুন্দর। মালিনী দেখিয়া কহে করি যোড়কর।। কোথা হতে এলে তুমি কোন মহাজন। সত্য করি কহ বাছা মোর নিবেদন।। মালিনী-বিনয় শুনি তবে নৃপমণি। কহিতে লগিল রাজা আপন কাহিনী।। বাণিজ্যে আইনু আমি করিতে ব্যাপার। ডিঙ্গা ডুবি হয়ে ছুঃখ হইল আমার।। ভাগ্য হেতু প্রাণ পাই তেঁই আসি কুল। আমার ভাবনা মিথ্যা ভবিতব্য মূল।। শুনিয়া মালিনী কহে শুন মহাশয়। থাকহ আমার ঘরে নাহি কিছু ভয়।। শুভগ্রহ হল তব তুঃখ অবসান। নহে কেন নৌকা ডুবে পাইলে পরাণ।। আর কেহ নাহি বাপু বঞ্চি একাকিনী। মোর গৃহে ভাগিনেয় ভাবে থাক তুমি।। এমনে রহিল তথা শ্রীবৎস ভূপতি। শুনহ জপূর্ক কথা ধর্ম মহামতি।।

শ্রীবৎস রাজার মালিনী আলয়ে স্থিতি। মালিনীর বাণী শুনি, আনন্দিত নুপমণি, তুষ্ট হয়ে গেল সেই বাসে। আয়োজন আনি দিল,নৃপতি রন্ধন কৈল, বঞ্চে রায় কৌতুক বিশেষে।। এইৰূপে নৃপবর, রহিল মালিনী-ঘর, আছে রায় কেহ নাহি জানে। শুন ধর্ম মহাশয়, শুভকাল যবে হয়, · শুভ তার হয় দিনে দিনে।। অপূর্ব্ব বিধির কর্ম,কেবা তার বুঝে মর্ম, স্থজন পালন পুনঃ পাত। একবার হয় অংশ, আর বার করে ধাংস, কর্মযোগে করে যাতায়াত।। পুনঃ জন্মে পুনঃ মরে,এইরূপ ফিরে ফিরে, তথাচ না বুঝে মূঢ় জন। লোভ করে অপহরে,কুকর্ম কতেক করে, चित्र कर्या नटर धकका ।।

আশ্চর্য্য শুনহ রাজা,সেই দেশে মহাতেজা, বাছদেৰ নামে নূপৰর। ভদ্রা নামে তাঁর কন্সা,ব্ধপে গুণে মহীধন্সা, সৌজহুতে দ্রোপদী দোসর।। ৰূপ গুণ বৰ্ণিবারে, কারশক্তি কেবা পারে, তিলোত্মা জিনি ৰূপবতী। ক্ষমায় পৃথিবী সম, লক্ষীর লক্ষণ যেন, তপে যেন অগ্নি স্বাহাবতী।। জন্মাবধি কর্মা তাঁর, শুন শুন গুণাধার, হরগৌরী করে আরাধন। কঠোর করিল যত, বিস্তারিয়া কৰ কত, আরাধয়ে করি প্রাণপণ।। স্তবে তুষ্টা হৈমবতী,ডাকি বলে ভদ্রাবতী, বর মাগ চিত্তে যাহা লয়। শুনিয়া রাজার সুতা, হইল আনন্দযুতা, প্রণমিয়া কর্যোড়ে কয়।। শুন মাতা ব্ৰহ্মময়ি,গতি নাই তোমা বই, তরাইতে হবে এ দাসীরে। বর যদি দিবে তুমি, এবংস নুপতি স্বামী, এই বর দেহ মা আমারে।। তৃষ্টা হয়ে হরপ্রিয়া,কহিলেন আশ্বাদিয়া, তব ভাগ্যে হবে নৃপবর। তত্ত্বকথা কহি শুন, আসিয়াছে সেই জন, রম্ভাবতী মালিনীর ঘর।। তারে বরমাল্য দিয়া, সুথে ঘর কর নিয়া, -বর দিলাম বাঞ্চামত তব। বর পেয়ে নৃপস্তা, হইয়া আনন্দযুতা, দেবী পূজে করিয়া উৎসব।। শ্রীবৎসচিস্তার কথা,আরণ্যপর্ক্তে গাঁথা, শুনিলে অধর্ম হয় নাশ। কমলাকান্তের স্কুত, সুজনের মনঃপুত, বিরচিল কাশীরাম দাস।।

শ্রীবৎস রাজার সহিত ভক্তার বিবাহ। শুন ধর্ম্ম মহারাজ করহ তাবণ। মালিনী-ভবনে বঞ্চে শ্রীবৎস রাজন।। মালা সাঁথি করে রাজা কালের হরণ। কুল ফল জলে রাজা পুজে নারায়ণ।। কায়মনোবাক্যে রাজা ধর্ম নাহি ত্যজে। আপনা গোপন করি রহে ধর্মরাজে।। শুন ধর্ম মহীপাল অপুর্ব্ব কথন। ভদ্রাবতী কন্যা লয়ে শুন বিবরণ।। ভোজনে বদেছে বাহুদেব মহীপাল। পরশিতে আদে ভদ্রা হাতে স্বর্ণথাল।। রাণী জ্ঞান করি রাজা করে পরিহাস। কান্দিয়া কহিল ভদ্রা জননীর পাশ।। শুনি রাণী ক্রোধচিত্তে করেন গমন। ভৎ সিয়া নুপতি প্রতি কহিছে বচন।। ওহে মহারাজ তুমি রাজমদে মজি। সকল করিলে নষ্ট ধর্মপথ ত্যজি।। পরকালবন্ধু ধর্ম তাহে করি হেলা। ৰিষয়ে হইলে মন্ত রাজভোগে ভোলা।। জান না যে মহারাজ আছয়ে শমন। কি বোল বলিবে কালে না ভাব এখন।। এমন কুকর্ম রাজা কেহ না আচরে। আপনার তন্মারে পরিহাস করে।। সুপাত্র আনিয়া যদি কন্যা কর দান। চিরদিন স্বর্গভোগ বৈকুণ্ঠেতে স্থান।। ইহা না করিয়া তারে কর পরিহাস। ধিক্ থাক রাজা তব জীবনে কি আশ।। এমন শুনিয়া রাজা রাণীর বচন। লজ্জিত হইয়া রাজা কহিছে তথন।। ওহে মহাদেবি শুন আমার বচন। মিথ্যাবাদে তুমি মোরে করহ লাঞ্ছন।। এত বড় যোগ্যা কন্যা আছে মম ঘরে। এক দিন মহাদেবি না কহ আমারে।। আমি ধর্ম হেলা নাহি করি যে কখন। জানেন আমার মন সেই নারায়ণ।। আজি আমি কন্যার করিব স্বয়মূর। এত বলি বাহিরে চলিল নুপবর।। ডাকাইয়া পাত্র মন্ত্রী আনিয়া সকল। সৰারে কহিল আমন্ত্রহ ভূমগুল।।

ইচ্ছাবরী হইবেক আমার নন্দিনী। আনন্দিত হল সবে এই কথা শুনি।। আজ্ঞা পেয়ে নিমন্ত্রণ করিল স্বার। যত দুর পাইলেক মনুষ্য সঞ্চার।। নিমন্ত্রণ পাইয়া যতেক রাজগণ। বাভূদেব রাজ্যে সবে করিল গমন।। নির্বধি আদে রাজা কত লব নাম। কলিঙ্গ তৈলঙ্গ আর সৌরাফ্র সুধাম।। দ্রাবিভূ মগধমৎস্য কর্ণাট ভূপাল। গুজরাট মহারাফ্র কাশ্মীর পাঞ্চাল।। চতুরঙ্গ দলে আসে যত নুপগণ। উপযুক্ত বাসা দিল করি নিৰূপণ।। সুস্থির হইল সবে পেয়ে রম্য স্থান। ভক্ষ্য ভোজ্য যত দিল নাহি পরিমাণ।। কেবা খায় কেবা লয় কেবা দেয় আনি। খাও খাও লও লও এইমাত্র শুনি।। আড়ে দীর্ঘে দশ কোশ পুরী পরিমাণ। প্রতি মঞ্চে প্রতি রাজা করে অধিষ্ঠান।। সবাকারে বিধিমতে পুজিল রাজন। আনন্দ সাগর নীরে ভাসে রাজগণ।। নান। কথা আলাপনে বসে সর্বজন। অধিবাদ হেতু রাজা করিল গমন।। কন্যা অধিবাস করি ষষ্ঠ্যাদি অর্চ্চন। যোড়শ মাতৃকা পূজা গন্ধাদি বসন।। অগ্নি পূজি গেল রাজা সভায় তথন। হেথা মালিনীর মুখে জ্রীৰৎস রাজন।। শুনিয়া দেখিব বলে বাঞ্ছা কৈল চিত্তে। রাজকন্যা ইচ্ছাবরী হয় কোন পাত্রে॥ সমভাব হয়ে বসে যত রাজগণ। কদম্ব ভরুর মূলে জীবৎস রাজন।। মনোযোগ কর রাজা ধর্মের নক্ষন। বিধির নির্কৃষ্ণ কর্ম্ম কে করে খণ্ডন।। হাতে চন্দনের পাত্র মালার সহিত। সভামধ্যে ভদ্ৰাবতী হল উপনীত।। ভদার ৰূপের কথা বর্ণন ন। যায়। তিলোত্তমা শচীদেবী তার তুল্যা নয়।।

লক্ষী অংশে জন্মি ভদ্ৰা আইলা অৰমী। রাজার ঋণেতে মুক্তি বাঞ্ছি নারায়ণী।। সভামধ্যে আসি ভদ্রা করে নিবেদন। এ সভাতে দেব বিজ আছে যত জন।। সকলে জানিবে যে আমার নমকার। আজ্ঞা কর আমি পাই পতি আপনার।। এত বলি চতুর্দ্ধিকে করে নিরীক্ষণ। হেনকালে শূন্যবাণী হইল তথন।। কদম্ব তরুর তলে তোমার ঈশ্বর। যার লাগি কৈলে তপ দ্বাদশ বৎসর।। শুনি স্মিতমুখী ভদ্রা করিল গমন। যথায় বসিয়া আছে শ্রীবৎস রাজন।। নিকটেতে গিয়া ভদ্রা প্রদক্ষিণ করে। দিলেক চন্দন মাল্য চরণ উপরে।। দশুবৎ করি ভদ্রা রহে দাপ্তাইয়া। যতেক সভার লোক উঠিল হাসিয়া।। ছিছি করি ছুফ রাজা নিন্দিল অপার। শিষ্টজন কহে কর্মএই বিধাতার।। কাহার ইচ্ছায় কিবা পারে হইবারে। বিধির নির্বন্ধ কেহ থণ্ডাইতে নারে।। কায়ার সহিত যেন ছায়ার গমন। কর্ম্মের নির্ব্বন্ধ এই জানিবে তেমন।। এইৰূপে কথার জালাপে সর্বজন। যার যেই দেশে যাত্রা কৈল রাজগণ।। বাহুদেব রাজা চিত্তে অমুতাপ করি। শীঘ্রগতি উঠি যান নিজ অন্তঃপুরী।। कटरन कान्मिया ताजा महारमवी स्थान। ভদ্রার কপালে হেন কৈল ভগবান।। এত রাজগণ ছিল না বরিল কায়। অন্ত্ৰ্যক্ত দেখিয়া চিত্ত মজাইল তায়।। পুরুষে পুরুষে মোর রহিল অখ্যাতি। হেন ইচ্ছা হয় মোর গলে দিই কাতি।। রাণী কচে মহারাজ করহ অবণ। তব চিন্তা মম চিন্তা সব অকারণ।। হইবে যথন যাহা ঈশ্বরের ইচ্ছা। ভূমি আমি যত চিন্তি এ সকল বিছা।।

বুঝিবে তাঁহার মায়া হেন শক্তি কার।। ভদ্রা তনয়ার বৃদ্ধি দিয়াছেন তিনি। চিন্তা করি কি করিব এবে তুমি আমি॥ রাণীর প্রবোধ বাক্য শুনিয়া রাজন। মন্ত্রীকে করিল আজ্ঞা শুন সর্বজন।। বাহিরে আবাস করি দেহ ত ভদ্রার। ভক্ষ্য ভোজ্য দেহ শীঘ্র যে চাহি তাহার।। পুরীর ভিতর আর নাহি প্রয়োজন। হয়েছে সভার মধ্যে মস্তক মুগুন।। ভদ্রাকন্যা মুখ আমি না দেখিব আর। বিধাতা করিল মোরে অন্তঃপুরী সার।। এতকাল ভগবতী করি আরাধন। ফুজাতি কুৰূপ বর বরিল এখন।। এসব ভাবিয়া নাহি রুচে অন্ন জল। ইচ্ছা করি আজি মরি প্রবেশি অনল।। লোক মাঝে মুখ দেখাইব কোন লাজে। এ ছার জীবন মোর থাকে কোন কাজে।। হায় হায় বিধি কেন কৈল হেনৰূপ। ভদ্রাকন্যা লাগি এল কত শত ভূপ।। कारत ना वित्रिश देकन मित्रिक वर्त । এমত ভাবিয়া রাজা কান্দয়ে তখন।। রাণী বলে মহারাজ হলে হতজ্ঞান। কারণ করণ কর্তা-সেই ভগবান।। হেলায় স্জন যাঁর হেলায় সংহার। কে বুঝিতে পারে চিত্র চরিত্র তাহার।। তুমি আমি কর্মপাশে আছি যেবন্ধনে। মায়ার কারণ এত চিন্তা করি মনে।। কেবা কার ভাই বন্ধু কেবা কার পিতা। অনর্থের হেতু মাত্র বিষয়কামিত।।: মায়া মোহ ত্যজ রাজা ধর্ম কর সার। যাহা ইতে সংসার সমুদ্র হবে পার।। এইমতে বুঝাইয়া মহিষী রাজনে। বাহির উদ্যানে গেল ভক্তা সন্নিধানে।। দেখিল আছয়ে ভক্তা স্বামী বিদ্যমানে। ইফলভে মুশা নাছি চাহে কারে। পানে।।

হেলায় স্জন যাঁর হেলায় সংহার।

দেখিয়া রাণীর হল অভিশয় তঃখ। कारन निया निक राख सूहाहेन सूथ।। জামাতা কন্যাকে নিয়া বাহির আবাসে। রাখিয়া মধুর ভাবে দোঁহাকারে তোবে ॥ এই গুহে থাক ভদ্রা না ভাবিহ ছুঃখ। কত দিন গত হলে পাবে বড় সুখ।। ্গোরী আরাধনা ফল মিথ্যা না হইবে। কতদিন ব্যাজে ভদ্রা রাজরাণী হবে।। এইৰূপে নন্দিনীকে তৃষি মহারাণী। ভিতর মহলে যান যথা নুপমণি।। রাজা বলে মোর ভদ্রা গেল কোথাকারে। রাণী বলে রেখে একু বাহির মন্দিরে।। ভক্ষ্য ভোজ্য নিযোজিত করি দিল লোকে। নিত্য নিত্য পুরী হতে নিয়া দিবে তাকে।। এই মতে ছুই জন রহিল বাহিরে। দেখ যুধিষ্ঠির রাজা দৈবে কি না করে।। বনপর্কে অপূর্ক্ত শ্রীবৎস উপাখ্যান। কাশী কহে শুনিলে জন্ময়ে দিব্য জ্ঞান।।

📾 বৎস রাজার সহিত চিস্তাদেবীর মিলন।

শ্রীবং দের ছঃখ-কথা কহে যতুরায়। পঞ্চ ভাই জিজ্ঞাদেন কাতর-হৃদয়।। দ্রৌপদী কছেন দেব কছ পুনর্কার। চিন্তার কি হইল গতি কেমন প্রকার।। কিৰূপে ভদ্ৰারে লয়ে বঞ্চিল রাজন। কহ দেব শুনিতে ব্যাকুল বড় মন।। জীকুষ্ণ বলেন সবে শুন সেই কথা। রাজগৃহে মানহীন বঞ্চে রাজা তথা।। পরগৃহে বঞ্চে পরগৃহেতে পালিত। জীবনে তাহার ধিক্মরণ উচিত।। কষ্টেতে বঞ্চেন রাজা দিবস রজনী। সান্ত্রনা করেন ভদ্রা কহি প্রিয়বাণী।। বছকাল গেল তুঃখ আছে অম্পাকাল। অচিরে পাইবে রাজ্য শুন মহীপাল।। জ্ঞানবান লোকে কন্তু কাতর না হয়। च्छित्र इट्स धर्मा कटत्र क्रेश्वटत (धराश्च ।।

সুখ ছঃখ দেখ রায় সহযোগে কর্ম। সুথে উপার্জ্জয়ে ধর্ম চুঃখেতে অধর্ম।। ইহা বুঝি মহারাজ শান্তচিত্ত হও। নিরবধি রাম নাম বদনেতে লও।। না জানহ মহাশয় আছবে শমন। ইহা জানি নরপতি তত্ত্বে দেহ মন॥ ভদার বিনয় বাক্য শুনিয়া রাজন। অহর্নিশি করে রাজা ঈশ্বর স্মরণ।। এৰপে দাদশ বৰ্ষ হল অবশেষ। শনির ভোগান্ত গত শুভেতে প্রবেশ।। হেনমতে একদিন শ্রীবৎসরাজন। ভদ্রা প্রতি কহে রায় মধুর বচন।। তব বাপে কহি কিছু কর্ম দেহ মোরে। ক্ষীরোদ নদীর তটে দান সাথিবারে।। শুনিয়া ইঙ্গিতে ভদ্রা মায়েরে কহিল। রাণীর ইঙ্গিতে রাজা সেইক্ষণে দিল।। পাইয়া নুপের আজ্ঞা শ্রীবৎস নুপতি। নদীকুলে বসে রাজা হইয়া জগাতি॥ শত শত মহাজন নৌকা বাহি যায়। তল্লাদী লইয়া তারে পুনঃ ছাড়ি দেয়।। দেখ যুধিষ্ঠির রায় দৈবের ঘটনে। কত দিনে সেই সাধু আইদে ঐ স্থানে॥ দেখিয়া তরণী তার ঞ্রীবৎস চিনিল। ত্যাটক করিয়া তরী ঘাটেতে রাখিল।। নিজ জনে আজা দিল শ্রীবৎস রাজন। নৌকা হতে কূলে তোল আছে যত ধন।। আজামাত্র স্বর্ণপাট যতেক আছিল। ত্রী হতে নামাইয়া কুলে উঠাইল।। দেখি সদাগর গিয়া নৃপে জানাইল। তোমার জামাতা মোর সর্কস্ব লুটিল ।। শুনি রাজা ক্রোধচিত্তে জামাতারে বলে। কি হেতু সাধুর সব স্বর্ণ পাট নিলে।। **ঐবৎস বলেন রাজা করহ প্রাব**্র। ু সাধু নছে এই বেটা তুফী মহাজন।। এই স্বৰ্ণপটি যদি করে ছুইখান। তবে ত উহার স্বর্ণ সকলি প্রমার।।

শুনি সদাগরে ডাকি কহেন নৃপতি। স্বর্ণপাট ছুই খণ্ড কর শীঘ্রগতি।। একখানি পাট যদি ছুই খানি হয়। তবে ত তোমার স্বর্ণ হইবে নিশ্চয়।। এ কথা শুনিয়া সাধু কুঠার আনিয়া। थूनिटा कतिन यु अर्गभावे निया।। খুলিতে নারিল সাধু মহালজ্জা পায়। তবে ত জ্রীবৎস রাজা কহিছে সভায়।। খুলিতে নারিল সাধু পাইলে প্রমাণ। আমি খুলি স্বর্ণপাট করি ছুইথান।। স্বর্ণপাট হাতে করি জীবৎস রাজন। তাল বেতালেরে তবে করেন স্মরণ।। স্মরণ করিবামাত্র ছুইখান হয়। দেখিয়া সভার লোক মানিল বিস্ময়।। সম্ভ মে উঠিয়া রাজা যোড় করি কর। কহে বাপু ভুমি কেবা হও মায়াধর।। দেবতা গল্পর্ক যক্ষ কিয়া নাগ নর। মায়া করি ভদ্রা নিতে এলে গুণাকর।। ্বুঝি মোর ভদ্রার ভাগ্যের নাহি সীমা সত্য করি কহ বাপু না ভাণ্ডিহ আমা।। শ্বশুরের বাক্য শুনি জ্রীবৎস নৃপতি। কহিতে লাগিল তবে মধুর ভারতী।। শুন শুন মহারাজ মম নিবেদন। নীচে কি উত্তম বিধি করান মিলন।। সমানে সমানে ধাতা করান সংযোগ। ছুঃখ সুখ হয় রাজা শরীরের ভোগ।। মৃত্যু সম বনে ছুঃথ দ্বাদশ বৎসর। শনির পীড়ায় আইমু তোমার নগর।। ধাতার নির্ব্বস্কে করি ভদ্রারে গ্রহণ। ভয় নাহি মহারাজ নহি নীচ জন।। শুন নরপতি তুমি মোর বিবরণ। প্রাগদেশপতি আমি জীবৎস রাজন।। চিরদিন ধর্মকায়ে রাজ্য পালি আমি। দৈবের বিপাক রাজা জ্ঞাত হও তুমি ॥ একদিন শনি সহ জলধিকুমারী। শৌহে एन করি জাদে মম বরাবরি।।

লক্ষী কহে আমি পুজ্যা সকল সংসারে। শনি বলে আমি শ্রেষ্ঠ যত চরাচরে।। এই মত ত্বন্থ করি আসি তুই জন। আমারে কহিল কহ শ্রেষ্ঠ কোন জন।। শুনিয়া হৃদয়ে মোর হল বড় ভয়। কাহারে কহিব শ্রেষ্ঠ কি হবে উপায়।। উভয়ে বলিলাম কল্য আসিহ প্রভাতে। ইহার প্রমাণ কা नि বুঝিব মনেতে।। বিদায় হইয়া দোঁতে করিল গমন। আমার ভাবনা হল কি করি এখন।। কেবা ছোট কেবা বড় কহিতে না পারি। অনেক ভাবিয়া চিত্তে অনুমান করি।। স্বর্ণ রৌপ্য সিংহাসন করি ছুইখানি। তুইভিতে সিংহাসন মধ্যে থাকি আমি।। সভা করি উপবিষ্ট রহিন্ম তথায়। তুই জন আইলেন প্রভাত সময়।। দোঁহে দেখি সমজ্বম বসাই ঝটিতি। কাতর অন্তরে আমি করি বহু স্ততি।। जुरु हरत्र छूहे जन वरम मिश्हांमरन। দক্ষিণে কমলা আর শনি বসে বামে।। আমাকে জিজাসে দোঁতে সহাস্তবদন। শুনিয়া উত্তর আমি করিতু তথন।। আপনা আপনি দোঁহে ভাবি দেখ মনে দক্ষিণেতে শ্রেষ্ঠ'বলি সাধারণ বামে।। এত শুনি কোধী হয়ে শনি মহাশয়। অপ্প দোবে গুরুদও করিল আমায়।। রাজ্যনাশ বনবাস স্ত্রীবিচ্ছেদ হল। মরণ অধিক ছুঃখ মোরে নিযোজিল।। শ্রীবৎস মুখেতে শুনি এ সব ভারতী। ত্র্যস্ত হয়ে বাহুরাজা উঠে শীঘ্রগতি।। যোড়হাত করি রাজা করেন স্তবন। ক্ষমহ আমার দোষ অজ্ঞাত কারণ।। শুভক্ষণে ভদ্ৰাকন্যা কুলে উপজিল। তাহার কারণে তোমা দরশন হল।। সার্থক সেৰিল গৌরী আমার নন্দিনী। এত দিনে ভাপনাকে খন্য করি মানি।।

ধন্য মোর কুলে ভক্তা ভনয়া হইল। ঘরে বিদ তোমা হেন রত্ন মিলাইল।। এত দিন আছিলাম হইয়া অস্থির। অমৃতাভিষিক্ত আজি হইল শরীর।। পূৰ্ব্ব জন্মাৰ্জ্জিত পুণ্য কতেক আছিল। সেই ফলে ভদ্রাকন্তা তোমারে পাইল।। কাতর হইয়া রাজা পড়িল ধরণী। শ্ৰীবৎস কহিছে তবে শুন মম বাণী।। লযুজনে এতাদৃশ নহে ত উচিত। শীঘ্র করি মহারাজ চিন্ত মম হিত।। মৌকাপরে চিন্তা মম আছেন বন্ধন। শীঘ্র করি তারে রাজা করহ মোচন।। হুনি বাল্ল নরপতি উঠে শীঘগতি। পাত্র মিত্রগণ সবে চলিল সংহতি।। নদীতীরে গিয়া দেখে নৌকার উপরে। চিন্তা দেবী আছে তথা কাতর অন্তরে।। কহিতে লাগিল রাজা চিন্তা দেবী প্রতি। তুঃথকাল গেল মাতা উঠ শীঘগতি।। তোমার বিচ্ছেদে চুঃখী শ্রীবৎস রাজন। উঠ মাতা দোঁহে গিয়া কর গো মিলন।। জরাযুত চিন্তা অঙ্গ দেখিয়া রাজন। জিজাসিল চিন্তা প্রতি তার বিবরণ।। পলিত গলিত কেন প্রতিব্রতা-দেহ। জরাযুত অঙ্গ কথা বিস্তারিয়া কহ।। শুনি চিন্তা ধীরে ধীরে কহে মৃত্ভাবে। জরায়ত অঙ্গ কথা শুন ইতিহাসে।। এই সদাগর যায় বাণিজ্য করিতে। আটিক হইল তরী-দৈবের দোহেতে।। কাঠুরে রমণীগণ যতেক আছিল। ক্রমে ক্রমে সদাগর সবে আনাইল।। সকলে ছুঁইল ভরী না হৈল উদ্ধার। পশ্চাতে আমারে গিয়া ডাকে বার্বার ॥ বিস্তর বিনয় করি আমারে কহিল। কাতর দেখিয়া মোর দয়া উপজিল।। দয়া করি উদ্ধারিয়া দিন্দু যদি তরী। ছ্ট ছরাচার চিত্তে ছুক্ট বুদ্ধি করি।।

ভয় পেয়ে মম অঙ্গ কাঁপে থর থর ॥ ্অতিভয়ে সুর্য্যদেবে করিলাম স্তুতি। স্তবে তুফ হইলেন সুর্য্য মম প্রতি।। আমি কহিলাম দেব মোর ৰূপ লহ। জরাযুত অঙ্গ এবে মোরে দান দেহ।। স্তবে তৃষ্ট হয়ে বর দিল সেইকণ। মায়া অঙ্গ দিয়া মোরে কহিল তথন।। স্মরণ করিবামাত্র নিজ্জপ পাবে। চিন্তা না করিহ চিন্তা মহারাণী হবে।। দৈব গ্রহ যুচিলে পাইবে নুপ্রর। কিছু দিন শুদ্ধচিত্তে ভাবহ ঈশ্বর।। শুন মহারাজ মম জরার ভারতী। ত্বঃখ শুনি কান্দে তবে বাহু নরপতি।। তুমি সতী পতিব্রতা পতি-অনুরতা। ত্রিভূবনে তব গুণ স্মরিবেক মাতা।। সূর্য্যের চিন্তায় চিন্তা নিজক্রপ পা(ই)ল। যেমন পূর্কের ৰূপ তেমতি হইল।। রাজা কহে চতুর্দ্দোল আন শীঘ্রগতি। চিন্তা কহে চলে যাই প্রভুর বসতি।। এত বলি পদত্রজে চলিলেন সতী। যথায় উদ্বেগ চিত্তে এবিৎস নৃপতি।। নিকটেতে গিয়া চিন্তা প্রদক্ষিণ করে। প্রণিপাত করি কহে স্বামী বরাবরে॥ দেখি তবে আস্তেবাস্তে উঠিয়া রাজনে বাম পাখে বসাইল নিজ সিংহাসনে॥ চিরদিন বিচ্ছেদেতে ছিল ছুইজন। দোঁহার মিলনে দোঁহে আনন্দিত মন। প্রেমাবেশে অবসন্ন হল চুই জন। পুনঃপুনঃ আলিঙ্গন বদন চুম্বন।। বিনোদ শ্যায় রাজা করিল শ্যুন। চিন্তা ভদ্রা পদদেবা করে ছুই জন।। নানা হাসে নানা রুসে এবংস রাজন। জাতি আনন্দেতে করে নিশা সমাপন। প্রভাত সময়ে বার দিয়া বান্ত রাজা। ' শ্রীবৎস চিন্তারে তবে করে বছু পূজা।।

আমাকে তুলিয়া নিল নৌকার উপর।

আনন্দেতে সভাতলে বসে সর্বজন। নানা শাস্ত্র আলাপন করে জনে জন।। পূর্ণমূর্ণ্ডি শনির আবির্ভাব ও ঐবৎস-রাজাকে বরদান। প্রভাতে বাহুক রাজা, লইয়া যতেক প্রজা, বসিয়াছে সানন্দ বিধানে। হেনই সময় শনি, করিছে আকাশ বাণী, শুন সভাপাল সর্বজনে।। দেবতা গন্ধর্ক যক্ষ, সকলি আমার ভক্ষ্য, সকলে আমারে শ্রেষ্ঠ জানে। विमाधती विमाधत, ताकन किञ्चत नत, সবে মানে জীবৎস না মানে।। মনুষ্য হইয়া মোরে, অত্যন্ত অবজ্ঞা করে, কত সব তুর্নয় তাহার। সুরাসুর যারে ভরে, মনুষ্য অবজ্ঞা করে, বুঝ সবে করিয়া বিচার।। কহিতে কহিতে শনি, আইল মৰুত ভূমি, যথা সভামধ্যে সর্বজন। আরক্ত পিঙ্গল বর্ণ, রূপ যেন তপ্ত স্বর্ণ, পরিধান সুরক্ত বসন।। তেজোময় দেখি আভা, উজ্জুল হইল সভা, অতি ভয় পায় সভাজন। আন্তেব্যন্তে সর্কজনে,দাণ্ডাইল বিদ্যমানে, কর্যোড়ে কর্য়ে স্তবন।। তুমি সকলের সার, তোমা বিনা নাহি আর, ত্রিভুবনে করিব পূজন। সর্ক ঘটে ভুঞ্জ ভূমি, ভূমি সকলের স্বামী, নবগ্রহরপী জনার্দ্ন।। আমি মূর্খ মূঢ় জন, কি জানি তোমার গুণ, ' জ্ঞানহীন তোঘারে না চিনি। বারেক করহ দয়া, ত্যজিয়া কপট মায়া, বরদাতা হও মহামানী।। এৰূপে জীবৎস ভূপ, স্তব করে বছৰূপ, ভবে তৃষ্ট হয়ে শনি কয়। শুন ওহে মহারাজা, করহ আমার পূজা, স্পার তব নাহি কিছু ভয়।।

দেশে যাহ নরবর, একছত্তে রাজ্যেশ্বর, রবে দশ হাজার বৎসর।
পুত্র পাবে শত জন, কন্যারত্ব মহাধন, অন্তে বাস বৈকুঠ নগর।।
মম সহ করি বাদ, হল তব এ প্রমাদ, পৃথিবীতে রহিল ঘোষণ।
যে তোমার নামলবে,তার মনোব্যথা যাবে, শুন ওহে শ্রীবৎস রাজন।।
শ্রীবৎসেরে দিয়া বর, অন্তর্ধান শনৈশ্চর, গেল শনি বৈকুঠ ভুবনে।
ভবার্ণবে ভয় রাশি, বন্দনা করিল কাশী, বনপর্বের শ্রীবৎস রাজনে।।
ছই ভাগ্যার সহিত শ্রীবৎস রাজার স্বরাজ্যে গমন।

যুধিষ্ঠির বলিলেন শুন গদাধর। বরদাতা হয়ে শনি গেল অভঃপর।। বাহু রাজা কি করিল শ্রীবৎস নুপতি। বিস্তারিয়া সেই কথা কহ লক্ষীপতি।। যাদব কহেন রাজা কর অবধান। বর দিয়া শনি যদি গেল নিজ স্থান।। আনন্দিত বাহু রাজা পুল্লের সহিত। নট নটা আনাইয়া গা(ও)য়াইল গীত।। নানা বাদ্য মহোৎসব প্রতি ঘরে ঘরে। হাস্য পরিহাসে কেহ পাশক্রীড়া করে।। অস্ত্র লোফালুফি করে ধামুকী তবকী। কেহ ভোজবিদ্যা খেলে চক্ষে দিয়া কাঁকি।।' বাদ্য অস্বেয়ণ কেহ করে কোন স্থানে। কেহ নাচে কেহ গায় আনন্দ বিধানে।। রোপাইল সারি সারি গুবাক কদলী। চন্দনের ছড়া দিয়া মারিলেক ধূলি।। দিব্য রত্ন অলঙ্কারে বেশ-ভূষা করে। অগুরুচন্দন চুয়া পুষ্পমালা পরে।। যতনে প্রয়ে কেহ উত্তম বসন। কোন নারী ত্বরা করি করিল রন্ধন।। চর্ক্য চুষ্য লেছ পেয় করি আয়েকন। কোন কোন স্থানে হয় ব্ৰাহ্মণ ভোজন।।

नगरतत्र मरधा धहे रहेल खांचव । মালিনীর গৃহে ছিল জীবৎস রাজন।। ধশ্য বাহুরাজ-ঘরে ভদ্রা জন্মেছিল। যাহা হতে বাছুরাজা শ্রীবৎস পাইল।। এইৰাপে মহানন্দে রহে সর্বজন। কত দিন বঞ্চে তথা জীবৎস রাজন।। একদিন প্রভাতে করিয়া স্নান দান। যান রাজা সানকে শ্বশুর সন্নিধান।। করযোড় করি কহে শ্রীবৎস রাজন। জব্ধান কর রায় মোর নিবেদন।। আজ্ঞা কর নিজ দেশে করিব গমন। বহুদিন দেখি নাই জ্ঞাতি বন্ধুগণ।। বাহুরাজা কহে বাপু কি কথা কহিলে। পূর্ব্ব পুণ্যকলে বিধি তোমারে মিলালে।। এই রাজ্যে রাজা তাত হইবে আপনি। কি কারণে হেন কথা কহ বাপু তুমি।। রাজা কহে যত কহ স্নেহের কারণ। অদ্য আমি নিজরাজ্যে করিব গমন।। নিশ্চয় বুঝিয়া মন বাহু নৃপবর। সার্থিরে আজ্ঞা তবে করিল সত্তর।। আজ্ঞামাত্র সার্থি চলিল শীঘ্রগতি। त्थ मांकि (महिकात यानिन मांत्रि ॥ রাজা বলে সৈন্যগণ সাজ সর্বজন। শ্রীবৎস কহিল রায় মাহি প্রয়োজন।। দক্ষিণ সমুদ্র পার আমার বসতি। দৈন্য দেনা কেমনে যাইবে ঘোড়া হাতী রাজা বলে কেমনে যাইবে ভূমি তথা। শ্রীবৎস বলিল রাজা উপায় দেবতা।। তাল বেতালেরে রাজা করিল স্মরণ। স্মরণমাত্রেতে তারা আদে তুই জন।। হাসিয়া কহিল দোঁহে কি আজা করহ। শ্রীবৎস কহিল মোরে নিজ রাজ্যে লহ।। শ্বশুরে প্রণাম করি উঠে রুণোপরে। চিন্তা ভদ্রা বলি নূপ ডাকিল সন্ধরে॥ . कनक कनमी शर्म विषाय माशिन।

िछ। एका स्मार्ट्यानि त्र्रथ बाद्राहिन

চূড়ায় বদিল তাল রেতাল সার্থি। বাযুকেগে যায় রথ সুললিত গভি।। নিমেবে উত্তরে দশ হাজার যোজন। রাজা কহে কহ তাল এই স্থান কোন।। তাল কহে ঐ দেখ সুর্ভি-আশ্রম। কহিতে কহিতে পায় কাঠুরে ভবন।। তাল কহে মহারাজ কর অবধান। পোড়া মৎস্ত জলে গেল দেখ সেই স্থান।। ভাঙ্গ। নায় শনি আসি কাঁথা হরে নিল। মিমেবেতে সেই স্থান পশ্চাত হইল।। ক্রমেতে পাইল আসি আপন ভবন। তাল কহে নিজ রাজ্যে আইলা রাজন।। রথ হতে রাজা রাণী নামি তিন জন। পদত্রজে ধীরে ধীরে করেন গমন।। শুনিল নগরলোক আইল রাজন। মৃত শরীরেতে যেন পাইল জীবন।। বাম পাশ্বে ছই রাণী সিংহাসনে রাজা। পাত্র মিত্র সবে আসি করিলেক পূজা।। পূর্কের সুহৃদ্ বন্ধু যতেক আছিল। ক্রমেতে আসিয়া সবে একত্র হইল।। বান্ধব সানন্দ নিরানন্দ রিপুগণ। পূর্কমত রাজা রাজ্যে করেন শাসন।। চিন্তা ভদ্রা ছুই রাণী পরম সুশীলা। ক্রমে ক্রমে শত পুজ্র দোঁহে প্রসবিলা।। छूटे तांगी-शर्ज करचा छूटे कन्या धन । অমৃতেতে অভিষিক্ত হইল রাজন।। বহুকাল রাজ্য করে জীবৎস রাজন। ধর্ম কর্ম করে যত না যায় বর্ণন।। রাজস্ম অশ্বমেধ করে বারবার। দানেতে দরিত্র কেহ না রহিল আর ।। দীর্ঘকাল রাজ্য করি পরম কৌতুকে। অন্তকালে রাণী সহ গেল বিষ্ণুলোকে ।। অতএব যুধিষ্ঠির করি নিবেদন। रिनवाधीन कर्ट्य भाक करा अकारन ॥ শ্রীবৎস-চরিত্র স্থার শনির মাহাত্ম। যেবা শুনে যেবা পড়ে নে হয় পবিত্র।।

কদাচ শনির বাধা তাহার না হয়। শাস্ত্রেয় বচন এই নাহিক সংশয়।।

ত্রীকুকের হারকার প্রস্থান।

এত বলি জগন্ধাথ মাগেন মেলানি।
সবারে সম্ভাষা করিলেন চক্রপানি।।
স্কুভা সৌভত দোঁহে সঙ্গেতে করিয়া।
ঘারকা গেলেন হরি রথ চালাইয়া।।
ধ্বউদ্থান্ন লয়ে ভাগিনেয় পঞ্চজন।
সদৈন্য পাঞ্চাল দেশে করিল গমন।।
আর যেই ছুই ভার্য্যা পাশুবের ছিল।
নিজ নিজ ভাতৃসহ ভাতৃদেশে গেল।।
পুণ্য কথা ভারতের শুনে পুণ্যবান।
পৃথিবীতে সুথ নাহি ইহার সমান।।

পাওবগণের দৈতবনে গমন ও মার্কভের মুনির স্থাগমন।

দ্বারকা নগরে চলিলেন যতুপতি। যুধিষ্ঠির জিজ্ঞাদেন ভাতৃগণ প্রতি।। দ্বাদশ বৎসর আমি নিবসিব বনে। যোগ্যস্থান দেখ যথা বঞ্চি ছফীমনে।। বহু মৃগ পক্ষী থাকে ফল পুষ্পরাশি। সজল সুস্থল যথা আছে সিদ্ধ ঋষি॥ অৰ্জ্জুন বলেন সৰ তোমাতে গোচর। মুনিগণ হতে তুমি জ্ঞাত চরাচর।। দৈত নামে মহাবন অতি মনোরম। সাধু সিদ্ধ ঋষি আদি মুনির আশ্রম।। তথায় চলহ সবে যদি লয় মন। এত শুনি আজ্ঞা দেন ধর্মের নন্দন।। निक निक योनादादि हत्नन शाख्य। मद्भाष्ट हिना मत्य यक सूमि मय।। দৈত কাননের গুণ না হয় বর্ণনা। গন্ধর্ক চারণ থাকে মুনি অগণনা।। তমাল কদম ভাল-শিরীৰ পিয়াল !-অৰ্জুন থৰ্চ্জ র অত্য আত্র সুরসাল।। পারিক্ষাত বকুল চম্পক-কুরুবক। নানা জাতি পশু হন্তীগণ মরুবক ।।

ময়ূর কোকিল আদি পক্ষী সদা ভ্রমে। বড় ঋতুযুক্ত বন লোক মনোরমে।। দেখিয়া উল্লাসযুক্ত পাগুবের মন। আশ্রম করিল তথা সব মুনিপণ।। সেই বনে যত ছিল তাপস আকাণ। যুধিষ্ঠিরে আসি সবে করে সম্ভাষণ।। হেনকালে আলে মার্কণ্ডেয় মুনিবর। জ্লদগ্নি সম তেজ দিব্য জটাধর।। প্রণমিয়া যুধিষ্ঠির দিলেন আসন। যুধিষ্ঠিরে দেখিয়া হাসিল তপোধন।। দেখিয়া বিস্ময়চিত্ত কহেন ভূপতি। কি হেতু হাসিলা কহ মুনি মহামতি।। সব ঋষিগণ তুঃখী দেখিয়া আমারে। তোমার কি হেতু হাস্য না বুঝি অন্তরে। মন্দ হাস্ত করি মুনি বলেন তথন। যে হেতু হইল হাস্ত শুনহ রাজন।। তুমি যেন মহারাজ ভার্য্যার সংহতি। সর্কভোগ তাজি বনে করিলে বসতি।। এইৰূপে পূৰ্কে রাম রঘুর নন্দন। সহিত জানকী আর অনুজ লক্ষণ।। পিতৃসত্য পালিবারে করি বনবাস। অবহেলে দশক্ষরে করিলেন নাশ।। অপ্রমেয় বল রাম অপ্রমেয় গুণ। সত্যে বিচলিত নাহি হন কদাচন।। তিন পুর জিনিবারে ইঙ্গিতেতে পারে। সত্যের কারণে শিরে জটাভার ধরে।। ভাদুশ দেখি যে রাজা তুমি সত্যবাদী। মহাবল ধর্মবস্ত সর্বগুণ্নিধি।। তথাপি বনেতে ছুঃখ সত্যের কারণ। বিধির নিযুক্ত নাহি খণ্ডে মহাজন।। যথন যে ধাতা আনি করুয়ে সংযোগ। ধর্মা বুঝি সাধু জন তাহা করে ভোগ।। বলে শক্ত হলে সত্য নাহিষ্ক তাজিবে। বিধির নির্বন্ধ কর্ম কন্তু না লঙ্গিবে।। বড় বড় মত্ত হস্তী পর্বন্ত আকার। পরাক্রমে দলিবারে পারতে সংসার।।

তথাপিহ পশু হয়ে বিধিবশ থাকে।
কিমতে শুগুডে পারে তোমা হেন লোকে
ধন্য মহারাজ তুমি পাগুর নন্দন।
তোমার গুণেতে পূর্ণ হল ত্রিস্থুবন।।
এত বলি মুনিরাজ আশীষ করিয়া।
আপন আশ্রম প্রতি গেলেন চলিয়া।।(২)
মহাভারতের কথা অমৃত-লহরী।
কাশী কহে শুনিলে তরয়ে ভববারি।।

দ্রোপদীর পরিতাপ বাকা।

িদ্বৈত বনমধ্যে পঞ্চ পাণ্ডুর নন্দন। ফল মূলাহার জটা বাকল ভূষণ।। এক দিন ক্লফা বসি যুধিষ্ঠির পাশে। কহিতে লাগিল তুঃখ সকরুণ ভাষে।। এ হেন নির্দ্ধয় ছুরাচার ছুর্য্যোধন। কপট করিয়া তোমা পাঠাইল বন।। কিছুমাত্র তব দোষ নাহি তার স্থানে। এ হেন দারুণ কর্ম্ম করিল কেমনে।। কঠিন হৃদয় তার লোহাতে গঠিল। তিলমাত্র তার মনে দয়া না জিমিল।। তোমার এ গতি কেন হল নরপতি। সহনে না যায় মোর সম্ভাপিত মতি।। রতদে ভূষিত শ্যা নিদ্রা না আইসে। এখন শয়ন রাজা তীক্ষধার কুশে।। কস্তুরী চন্দনেতে লেপিত কলেবর। এখন হইল তকু ধূলায় ধুসর।। মহারাজগণ যার বসিত চৌপাশে। তপস্বী সহিত থাক তপস্বীর বেশে।। লক্ষ লক্ষ রাজা যার স্বর্ণপাত্রে ভুঞ্জে। এবে ফলমূল ভক্ষ্য অরণ্যের মাঝে।। এই সব ভ্রাতৃগণ ইন্দ্রের সমান। ইহা সবা প্রতি নাহি কর অবধান।। মলিন বদন ক্লিফী ছঃখেতে ছুর্বল। (ह ँ हे सूर्य मना थारक जीम सहादल।। हेहा (पशि ताका उर नाहि कत्म पृथ्ध . महत्न मा यात्र मम काण्टिएट यूक ॥

**ভीম সম পরাক্রমে'নাহি ত্রিভূবনে।** ক্ষণমাত্রে সংহারিতে পারে কুরুগণে।। সকল ত্যজিল রাজা তোমার কারণ। কিমতে এ সব ছুঃখ দৈখহ রাজন।। এই যে অর্জ্জন কার্ত্তবীর্য্যের সমান যাহার প্রতাপে সুরাসুর কম্পমান।। পৃথিবীতে বলে যত রাজরাজেশ্বর। রাজস্থরে খাটাইল করিয়া কিন্ধর।। छुःथ हिस्रा करत मना मिनन वनरन । ইহা দেখি রাজা তাপ নাহি তব মনে।। সুকুমার মাদ্রীসুত ছঃখী অধোমুথ। ইহা দেখি তব রাজা নাহি জন্মে ছঃখ।। ধৃষ্টত্যমন্ত্রসা আমি জ্রপদনন্দিনী। তুমি হেন মহারাজ হই আমি রাণী॥ মম তুঃথ দেখি রাজা তাপ না জন্ময়। ক্রোধ নাহি তব মনে জানিমু নিশ্চয় ॥ ক্ষত্ৰ হয়ে ক্ৰোধ নাহি নাহি হেন জন। ভোমাতে নাহিক রাজা ক্ষজ্ঞিয়-লক্ষণ।। সময়েতে যেই বীর তেজ নাহি করে। হীন জন বলে রাজা তাহারে প্রহারে॥ এই অর্থে পূর্কে রাজা আছয়ে সম্বাদ। বলি দৈতাপতি প্রতি বলিছে প্রহলাদ।। কর্যোড়ে বলি জিজাসিল পিতামহে। ক্ষমা তেল উভয়ের ভাল কারে কহে।। সর্বাধর্ম অভিজ্ঞ প্রহ্লাদ মহামতি। কহিতে লাগিল শাস্ত্রমত পৌজ্ঞ প্রতি।। मना कभी ना इहेरव मना खि**रका**वस । সদা ক্ষমা করে তার ছঃখে নাহি অন্ত।। শক্রর আছুক কার্য্য মিত্র নাহি মানে। অবজ্ঞা করিয়া নারী বাক্য নাহি শুনে।। কার্য্যে অবহেলা করে নাহি কিছু ভয়।

বলে অন্তে হরি লয় তার ভার্য্যাগণ।
অভি কমাশীল দেখি করয়ে হেলন।।
অভি কমাশীল দেখি ভার্য্যা নাহি মানে।
সে কারণে সদা কমা ত্যকে বুধগণে।।

যথাস্থানে যাহা করে ক্রমে হয় লয়।।

দোষমত দশু দিবে শাস্ত্র অনুসারে।
মহাফ্রেশ পায় যেই সদা ক্ষমা করে।।
ক্ষমার কারণ তবে শুন নরপতি।
একবার করে ক্ষমা মূর্য জন প্রতি।।
নির্ক্র দ্বি অজ্ঞানে ক্ষমা করি একবার।
ছইবার দোষ কৈলে দশু দিবে তার।।
ছইবারে ক্ষমা কেহ না করে রাজন।
কত দোষ ভোমার না কৈল ছুর্য্যোধন।।
দে কারণে ক্ষমা রাজা না কর তাহারে।
তেজকালে কর তেজ ক্ষমা কেল দূরে।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীদাস কহে ইহা বিনা নাহি আন।।

युधिष्ठित- (क्रीभनी मन्नान।

দ্রৌপদীর বাক্য শুনি ধর্ম নরপতি। করেন উত্তর তার ধর্মশাস্ত্র নীতি।। ক্ৰোধ সম পাপ দেৰি নাহিক সংসারে। প্রত্যক্ষ শুনহ ক্রোধ যত পাপ ধরে।। গুরু লঘু জ্ঞান নাহি থাকে ক্রোধকালে। অবক্তৰ্য কথা লোক ক্ৰোধ হলে বলে।। আছুক অন্যের কার্য্য আত্মা হয় বৈরী। বিষ খায় ডুবে মরে অস্ত্র অঙ্গে মারি॥ সে কারণে বুধগণ সদা কোধ ত্যজে। অক্রোধ যে লোক তাকে সর্বলোকেপুজে। কোধে পাপ কোধে তাপ কোধে কুলক্ষয়। কোধে সর্বনাশ হয় কোধে অপচয়॥ জপ তপ সন্ন্যাস ক্রোধীর অকারণ। রজোগুণে ক্রোধী বিধি করিল স্থজন।। হেন ক্রোধ যেই জন জিনিবারে পারে। ্ইহলোক পরলোক অবহেলে তরে।। - সময়েতে তেজ দেখাইবে সমুচিত। ক্রোধে মহাপাপ না করিবে কদাচিত।। ক্ষমা সম ধর্মা দেবি অন্য ধর্মা নয়। পূর্ব্বেতে কশ্মপ মুনি করিল নির্ণয়।। অফ্টাঙ্গ বেদাকুনক মহাদান ধ্যান। ক্ষমামর জনের সর্বাদা দীপ্যমাদ।।।

পৃথিবীকে ধরিয়াছে ক্ষমাবস্ত জনে। আমা সম জন ক্ষমা ত্যজিবে কেমনে।। সে হেতু দ্রৌপদী সদা ত্যজ ক্রোধ মন। শত অশ্বমেধ ফল অক্রোধী যে জন।। ছুর্য্যোধন না ক্ষমিল আমি না ক্ষমিব। এইক্ষণে কুরুবংশ সকল মজাব।। কুরুবংশ দেখ দেবী মম পুণ্যভার। মম ক্রোধ হলে বংশ হইবে সংহার।। ভীম দ্রোণ বিছুরাদি বুঝাইবে সবে। সবাকার ছুর্য্যোধন নহিবেক যবে।। আপনার দোষে তারা হইবে সংহার। পুর্কে করিয়াছি আমি এমন বিচার।। ক্ষা বলে সেই বিধাতারে নমকার। যেই জন হেন ৰূপ করিল সংসার।। সেই জন যাহা করে সেই মত হয়। মনুষ্যের শক্তিবলে কিছু সাধ্য নয়।। যক্ত দান তপ ত্রত বহু আচরিলে। দ্বিজসেবা দেবপূজা কতই করিলে।। ধিক ধিক বিধি তার কৈল হৈন গতি। ধর্ম হেতু পঞ্চ ভাই পাইলে চুর্গতি।। ধর্ম হেতু সব ত্যজি আইলে বনেতে। চারি ভাই আমাকেও পারহ ত্যজিতে।। তথাপিহ ধর্ম নাহি ত্যভিবে রাজন,। কায়ার সহিত যেন ছায়ার গমন।। যেই জন ধর্মা রাখে তারে ধর্মা রাখে। নাহিক সন্দেহ শুনিয়াছি ব্যাসসুখে।। তোমারে না রাখে ধর্ম কিসের কারণে। এইত বিস্ময় খেদ হয় ম্ম মনে।। ভোমার যতেক ধর্ম বিখ্যাত সংসার। সর্ক-ক্ষিতীশ্বর হয়ে নাহি অহস্কার।। ट्यर्छ जन शैन जन (मथर সমাन। সহাস্তবদনে সদা কর নানা দান।। লক্ষ লক্ষ বিপ্রগণ স্বর্ণপাত্তে ভুঞ্জে। , আমি করি পরিচর্য্যা সেবা হেতু দিজে।। দিতাম সুবৰ্ণপাত্ৰ দিজে আজ্ঞামাত্ৰে। এখন বনের ফল ভুঞ্জ বনপত্তে।।

রাজসূয় অশ্বমেধ সুবর্ণ গো সব। আর সব বহু যক্ত দান মহোৎসব।। সে সব করিতে বৃদ্ধি হইল তোমায়। সর্বস্থ হারিলে রাজা কপট পাশায়।। যে বনের মধ্যে রাজা চোর নাহি থাকে। তথায় নিযুক্ত বিধি করিল তোমাকে।। এখন সে ধর্ম তুমি করিবে কেমনে। রাজ্যহীন ধনহীন বসতি কারণে।। ধিক বিধাতারে এই করে হেন কর্ম। ছুষ্টাচার ভূর্য্যোধন করিল আজন্ম।। তাহারে নিযুক্ত কেন পৃথিবীর ভোগ। তোমারে করিল বিধি এমন সংযোগ।। যুধিষ্ঠির কহে কুষ্ণা উত্তম কহিলে। কেবল কহিলে দেখি ধর্মেরে নিক্দিলে।। আমি যত কর্মা করি ফলাকাঞ্জা নাই। যাহা করি সমর্পি যে ঈশ্বরেব ঠাই।। কর্ম্ম করি যেই জন ফলাকাজ্ঞী হয়। বিণ্কের মত সেই বাণিজ্য কর্য়।। ফললোতে ধর্ম করে লুক বলি তারে। লোভে পুনঃপুনঃ পড়ে নরক ছুন্তরে।। এই ত সংসারসিন্ধু উর্দ্ধি কত ভায়। হেলে তরে সাধু-জন ধর্ম্মের নৌকায়।। ধর্ম কর্মা করি ফলাকাজ্জা নাহি করে। ঈশ্বরেতে সমর্পিলে অবহেলে তবে।। ধর্মফল বাঞ্জা করি ধর্মা গর্কা করে। ধর্ম্পেরে করিয়া নিন্দা অধর্ম আচরে।। এই সব জনগণ পশু মধ্যে গণি। র্থা জন্ম যায় তার পায় পশুযোনি।। ধর্মশাস্ত্র বেদনিন্দা করে যেইজন। তির্য্যগের মধ্যে তারে করয়ে গণন।। পুনঃপুনঃ তির্য্যগ্রোনিতে জন্ম হয়। নরক হইতে তার কভু পার নয়।। भिन्छ हरत्र धर्मा **ठर्या। करत रयहे क**न। রন্ধের ভিতর তারে করয়ে গণন।। প্রত্যক্ষে দেখহ क्रुका धर्म गारा किल। সপ্ত বৎসরের জায়ু মার্কণ্ডেয় ছিল।।

धर्मावर्लं मेश कण्ण और मूमिताक। আর যত দেখ মুনি ঋহির সমাজ।। মুখে যাহা কহে তাহা হয় সেইকণে। ধর্মবলে ভ্রমিবারে পারে ত্রিভূবনে।। ইন্দ্র চন্দ্র নক্ষত্রাদি যত স্বর্গবাসী। ধর্ম আচরিয়া সবে স্বর্গমধ্যে বসি।। তপ জপ যজ্ঞ দান ব্রত শ্রেষ্ঠাচার ! বাঞ্জা না করিলে নাহি ফল পায় তার।। আমারে বলিলে তুমি সদা কর ধর্ম। আজনা আমার দেবি সহজ এ কর্ম।। পূর্কে সাধুনন সব গেল যেই পথে। মম চিতু বিচলিত না হয় তাহাতে।। তুমি বল বনে ধর্মা করিবে কেমনে। যথাশক্তি তত আমি করিব কাননে।। অন্য পথ কৈলে প্রায়শ্চিত্র আছে তার। ধর্মা নিন্দা কৈলে প্রায়শ্চিত্ত নাহি আর ।। হর্ত্তা কর্তা ধাতা যেই সবার ঈশ্বর। যাঁহার স্থজন এই যত চরাচর।। আমি কোন কীট তাঁরে অমান্য করিতে i ভ্রম নাহি আমার ইহাতে কোন মতে। মহাভারতের কথা সুধার সাগর। कागीनाम करह मना खरन माधु नत ।।

বৃষ্টিবের প্রতি দৌপদীর উচ্চি।

দৌপদী বলেন রাজা কর অবধান।

আর কিছু নিবেদন আছে তব স্থান।।
পূর্বেন শুনিয়াছি আমি জনকের গৃহে।

দ্বিজ এক কৈল ইন্দ্র গুরু যাহা কহে।।
সংসারেতে যত দেখ কর্মভোগ করে।
কর্ম অনুসারে ধাতা ফল দেয় তারে।।
দে কারণে কর্ম রাজা অবস্ত কর্তব্য।
কর্ম না করিলে কোথা হতে হয় লভ্যা।
কর্ম নাহি করিলে স্থাবর সধ্যে গণি।

শুবরের শক্তি কর্ম নহে নৃপ্মণি।।
পশু পক্ষী আদি যত কৃতকর্ম ভুল্প।
সবে কর্ম অনুগত দেখ মহারাজে।।

মাত গুনপান হতে কর্মোতে প্রবেশে। कटल वा ना कटल कर्न्य कटत कल आदे ।। কর্ম নাহি করে আর গৃহে বলি খায়। সমুদ্র প্রমাণ দ্রব্য থাকিলে যে যায়।। কোটি কোটি জনে দ্ৰব্য পায় আচ্মিতে। বিনা কর্ম্মে নহে সেই পূর্ব্ব কর্মার্জ্জিতে॥ যে জন যেমতে করে শুভাশুভ কর্ম। বিধাতা তাহারে ফল দেন জন্ম জন্ম।। বান্ধিয়া ভুঞ্জায় ধাতা কর্ম্মেতে থাকিলে। কার্চ্চ হতে অগ্নি যেন তৈল হয় তিলে।। ত্রিবিধ প্রকার কর্ম্ম করয়ে সংসারে। কর্মা অনুসারে ফল না হয় তাহারে।। পূর্ব্বে লোক যে করিল অবশ্য করিবে। ভক্ষ্য পান শয়নাদি আলস্ত ত্যজিবে।। এত যে নৃপতি কর্ম করিলে এখন। हैर्थ कांन कनिम्नि क्रिटि डांजन।। এই চারি ভাঁই তব কর্মে ন্যুন নয়। এই সবাকার কর্ম করিলে কি হয়॥ তোমার কর্মেতে চারি ভাই অনুগত। এ সৰ ক্লেধক তুমি জলধর মত।। চষিয়া ক্লম্বক যেন বীজ তায় ফেলে। কহ শুনি মহারাজ কি কর্ম করিলে।। বিধির স্ক্রন আর কহে মুনিগণ। - যার যেবা ধর্মানীতি করি আচরণ।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কছে শুনে পুণ্যবান !।

বৃধিটিনের প্রতি ভীমের বাক্য।
প্রৌপদীর বাক্য শুনি ভীম ক্রু দ্ধতর।
করেন ধর্ম্মের প্রতি কর্কশ উত্তর।।
শুন মহারাজ আমি করি নিবেদন।
বীর পুরুষের ধর্ম তাজ কি কারণ।।
ক্রিয় প্রধান ধর্ম তেজ দেখাইবে।
ভূজবলে রিপু জিনি পৃথিবী ভূঞ্জিবে।।
পর্যরাজ্যে আছ তুমি নিজ রাজ্য তাজি
ক্রিয়ে করিবে বনে তরুগণ ভজি।।

তুমি ত করিলে রাজ্য লইল সে জিনি। কোন ধর্মবলে নিল কহ দেখি শুনি।। বড়পণে নিল কিবা বলিষ্ঠ তোমায়। অধর্মে নিলেক রাজ্য কপট পাশায়।। লেশমাত্র ধর্মে তব ছন্ন হল জ্ঞান। শ্রেষ্ঠ ধর্ম্মে নুপতি না কর জবধান।। আমি জীতে তোমার বিভব অন্যে লয়। সিংহ-ভক্ষ্য মাংস যেন শৃগালেতে খায়।। মম দ্রব্য লয়ে কেবা বাঁচয়ে মাকুষে। দিকপাল সহায় করিয়া যদি আইসে।। কহ দেখি কোন রাজা করিছে সন্নাস। কেবা হীন কর্ম্ম এই করে বনবাস।। তুমি যে করিলে ক্ষমা সেই ছুফ্ট জনে। ত্তব মনে হীন শক্তি তেঁই এলে বনে।। ইহা হতে মৃত্যু শ্রেষ্ঠ হয় শতগুণে। শক্রগণ হাসে রাজা নাহি সহে প্রাণে।। ধর্ম হেন বুঝ রাজা তব আচরণ। ধর্ম নহে ইহা বড় অধর্ম গণন।। ভ্রাতৃ বন্ধু অনুগত যাহে ছঃখী হয়। হেন কর্ম্ম আচরণ কভু ভাল নয়।। কুটুম্ব পালিত জন কে করে পালন। অনুত্রত কর্মা করে সংসারী যেমন।। পিতৃগণ নিন্দা করি পায় বহু তাপ। সেই দোযে হয় তার ব্রহ্মহত্যা পাপ।। প্রথমে কামনা ধন দ্বিতীয়ে অর্জ্বন। তৃতীয়ে সঞ্চয় ধন কহে মুনিগণ।। ধন হতে ধর্ম হয় যজ্ঞ দান পুজা। তীর্থ সেবি ভিক্ষায় কি রূর্ম হবে রাজা।। কহ রাজা এই কর্ম্ম সন্মত কাহার। গোবিন্দের মত কিবা ক্রপদরাজার।। অৰ্জ্জুন সন্মতি কিবা করিল নুপতি। আমা আদি করি ইথে কাহার পীরিতি।। ক্ষজ্রধর্ম্ম নহে এই দ্বিজ আচরণ। ক্ষজ্রধর্মে যুদ্ধে অরি করিবে নিধন।। ছুষ্টকর্মা ছুষ্টবুদ্ধি রাজা ছুর্য্যোধন। 🕈 তাহারে মারিলে পাপ নাহিক রাজন ॥

তাহারে মারিলে যদি কিছু পাপ হয়।
যক্ত দান করিয়া থণ্ডাব মহাশয়।।
আজা কর নরপতি প্রসন্ন হইয়া।
এক্ষণে পৃথিবী দিব শক্রকে মারিয়া।।
পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান।
কাশী কহে সুখ নাহি ইহার সমান।।

जीरमत्र क्षिक यूधिष्ठिरतत्र क्षरवाध-बाका। যুধিষ্ঠির বলে ভীম কহিলে প্রমাণ। পীড়িলে আমারে তুমি দিয়া বাক্যবাণ।। আমা হতে ছুঃখেতে পড়িলে তোমা সব। আমা হেতৃ সহিলে শত্রুর পরাভব।। ক্রোধের সমান শত্রু নাহিক সংসারে। কোধ হলে ভাল মন্দ বিচার না করে।। মায়াবী শকুনি সহ খেলিকু যখন। যত হারি ক্রোধ করি তত করি পণ।। না হল আমার শক্তি নিরত্ত হইতে। আগু পাছু বিচার না করিলাম চিতে।। এত অপকর্ম করিবেক চুর্য্যোধন। আমার এতেক জ্ঞান না হল তথ্ন।। যত অপমান কৈল সাক্ষাতে দেখিলে। মম হেতু স্থির হৈয়া সকল সহিলে।। দ্বাদশু বৎসর বনবাস করি পণ। অজ্ঞাত বৎসর এক জান ভ্রাতৃগণ।। হারিয়া কাননে আমি করিনু প্রবেশ। কোন মুখে পুনর্কার যাব আমি দেশ।। কুরুসভা মধ্যে যাহা করেছি নির্ণয়। অন্তথা করিতে তাহা মম শক্তি নয়।। মম বাক্যে দবে যদি আছ অবস্থিত। তবে হেন করিবারে না হয় উচিত।। वरन क्लांध कतिवारत यि ছिल मन। (महे कारल ना कतिरल किरमत कार्य ।। পাশার সময় যবে পরীক্ষা লইলে। তাহে পরাভব হয়ে কি হেতু ক্ষমিলে॥ পুনঃ বনবাস পুনঃ খেলিবার কালে। তথন আমারে কেন ক্ষান্ত না করিলে।।

সময়ে না করি কর্ম অসময়ে চাহ। অকারণে বাক্যবাণে আমারে পোড়াহ।। এইক্ষণে প্রাণ স্থামি ছাড়িবারে পারি। তথাপিহ সত্য আমি ত্যজিবারে নারি।। রাজ্যলোভে সত্য আমি করিব লঞ্জন। অপ্যশ অধর্ম যুষিবে ব্রিভুবন।। রাজ্য ধন, পুত্র আদি বহু যক্ত দান। সত্যের কলায় নহে শতাংশ সমান।। পুরুষ হইয়া যার বাক্য সত্য নয়। ইহ লোকে তারে কেহ না করে প্রত্যয়।। অন্তকালে হয় তার নরকেতে গতি। ইহা জানি ভ্রাতৃগণ স্থির কর মতি।। কাল কাটি পুনরপি লব রাজ্যভার। কষ্টেতে সুজন ভ্রম্ট নহে সত্যাচার॥ নুপতির বাক্য শুনি বলে রকোদর। হেন নীতি করে রাজা দীর্ঘজীবী নর।। নির্ণয় করিয়া যেবা নিজ আন্মু জানে। সে জন কদাচ বর্ত্তে এই আচরণে।। নিরস্তর কালচক্র ভ্রমিছে উপর। জলবিশ্ব সম দেখি নর-কলেবর।। বৎসরের প্রায় এক দিবস কাটিয়া। দ্বাদশ বৎসর রব এ কফ পাইয়া।। বৎসরেক অজ্ঞাত থাকিব কোন মতে। মহেন্দ্ৰ পৰ্বত চাহ তৃণে লুকাইতে।। আমারে কে নাহি জানে পৃথিবী ভিতর। বাল র্দ্ধ যুবা মধ্যে খ্যাত রুকোদর।। অৰ্জ্জনেরে কিৰূপে লুকাবে নূপবর। হস্ত দিয়া আচ্চাদিতে চাহ দিনকর।। फ्र भगनिमनी क्रका किकाल मुकाद। কদাচিত ইহা হতে যদি পার পাবে।। সাম্যেতে কদাচ রাজ্য না দিবে ছুরস্ক। আমি হই হীনবল সে যে বলবস্তু।। তখন উপায় রাজা কি করিবে তার। শ্রক বৃদ্ধি হেডু রাজা বিচার ভোমার।। হীনবল হুলে শব্দ তারে নাহি ক্ষে। উপায় করয়ে नमा निक পরাক্রমে।।

শক্তিমন্ত হয়ে যদি না করে উপায়। लाटक काशुक्रय वटल त्रथा जन्म यात्र ॥ সত্যহেতু মনে যদি করহ নিশ্চয়। আছয়ে উপায় ভার শাস্ত্রে হেন কয়।। সোমপুতিকার মত কহে মুনিগণ। এক মাদে বৎসরেক করিবে গণন।। ত্রয়োদশ মাস রহি বনের ভিতরে। উপায় করহ রাজা শক্র মারিবারে।। ভীমের বচন শুনি ধর্মা নরপতি। স্তর হয়ে ক্ষণকাল চিন্তে মহামতি।। রাজা বলে ভীম যাহা করিলে বিচার। কপট এ ধর্ম চিত্তে না লয় আমার।। মেক্রসম ধর্ম আমি লঙ্গিব কেমনে। কভু নহে বৈরিজয় পাপ আচরণে।। অক্ত অরি নহে যারে যম করে ভয়। তিন লোক বিজয়ী যে আছয়ে দুর্জ্জয়।। মদগর্কে অহ্বারী ক্রোধ সদাকাল। হেন জনে বিধাতা করিল মহীপাল।। ্ভুবন ভিতরে যত জন ধরে ধনু। অভেদ্য কবচে যার আরোপিল তমু।। ভীম দ্রোণ কুপাচার্য্য এই তিন জন। তাহারে যেমন ভাবে আমারে তেমন।। তথাপি সবাই বশ হল ছুর্য্যোধনে। বহু মান্য পূজা সদা নিকটে সেবনে।। -আর যত মহারাজ আছে বলবান্। মম স্থান হতে প্রীতি পায় তার স্থান।। সবে প্রাণ দিবে তুর্য্যোধনের কারণে। কেমনে মারিবে তুমি হেন চুর্য্যোধনে।। এই চিন্তা সদা মম হয় রাত্রি দিনে। কিমতে লইব রাজ্য ভাবিতেছি মনে।। এই সে কারণে মম ভাবনা হৃদয়। विना मथा छूर्यगाधन ना इब्न विक्य ।। थर्म त्रथा दिना नट्ट नमद्र विकय । বেদের লিখন যথা ধর্ম তথা জয়।। হেন ধর্ম ত্যক্তিয়া অধর্ম আচরিলে। कर छोम नक बन्न स्टेर कि खाला।

ভুজগর্ক বলে ভুমি কর অহন্ধার।
সাহসিক কর্ম সেই নছে সুবিচার।।
সুমস্ত্রণা সুবিক্রম গুপ্তো রাথে মনে।
দেবতা প্রসন্ম হলে তবে শব্দ জিনে।।
এত শুনি রকোদর হইল বিমন।
কোথেতে নিশ্বাস বছে প্রলয় পবন।
যুধিষ্ঠির ভীম সহ কথার সময়।
আইলেন তথা সত্যবতীর তনয়।।
মহাভারতের কথা জ্ঞানের প্রকাশ।
শ্রবণে অধর্ম হরে কহে কাশীদাস।।

অর্জ্জুনের শিব আরোধনার্থ হিমালয়ে গমন। ব্যানেরে করেন পূজা পাঞ্পুল্রগণে। আশীর্কাদ করি মুনি বদেন আসনে।। যুধিষ্ঠির প্রতি তবে কহে মুনিবর। শক্রগণে ভয় তব হয়েছে অন্তর।। তোমার হৃদয়তত্ত্ব জানিলাম আমি। সে কারণে হেথা আইলাম শীঘ্রগামী।। শক্রর যে ভয় তাহা ত্যজ নুপবর। আমি যাহা বলি তাহা করহ সত্তর ॥ অশুভ সময় গেল হইল সুকাল। এক বিদ্যা দিব আমি লহ মহীপাল।। এই বিদ্যা হতে হবে শিব দরশন। তোমারে সদয় হুইবেন ত্রিলোচন।। নরঋষি মূর্ত্তি তব ভাই ধনঞ্জয়। এই মন্ত্র বলে ক্ষিতি করিবে বিজয়।। এ বন ত্যজিয়া রাজা যাহ অন্য বন। এক স্থানে বহু বধ হয় মৃগগণ।। বনে এক ঠাঁই বসি কোন কৰ্ম্ম নাই। তীর্থ দরশন করি ভ্রম ঠাঁই ঠাঁই।। এত বলি একান্তে লইয়া মহামতি। যুধিষ্ঠিরে দেন বিদ্যা নাম প্রতিশাতি॥ মন্ত্র দিয়া মুনিরাজ গেলেন স্বস্থান। মন্ত্র পেয়ে যুধিষ্ঠির হরিষ বিধান।। ব্যাস অনুমতি পেয়ে কুন্তীর নন্দন। হৈতবন ত্যজিয়া চলেন সেইকণ্।।

উত্তর মুখেতে সরস্বতী তীরে তীরে। গিয়া উত্তরিলেন কাম্যক বনান্তরে।। কাম্যক ৰনের মধ্যে করেন আশ্রয়। বড়ই নিগম বন নাহি কোন ভয়।। মৃগয়া করিয়া নিত্য পোষেন ত্রাহ্মণ। পিতৃত্রাদ্ধ দেবার্চন করে অমুক্ষণ।। কত দিনে মুনিৰাক্য করিয়া স্মরণ। নিকটে ডাকিয়া পার্থে বলেন বচন।। ভীষ দ্রোণ ভূরিশ্রবা রূপ কর্ণ দ্রোণি। সর্কশাস্ত্রে বিশারদ জানহ আপনি।। সবাই হইল ভাই ছুর্ব্যোধন ভিত্তে। ইত্যাদি করিয়া যত রাজা পৃথিবীতে।। আমার কেবল ভাই তোমার ভর্সা। ছঃথে তুমি উদ্ধারিবে করিয়াছি আশা।। तम नवादत किनिटि इहेन छेशामा । উপ্র তপ কর গিয়া সেবহ **মহেশ।।** যেই বিদ্যা আমারে দিলেন পিতামহ। ইহা জপি ত্বরিতে মিলহ শিব সহ।। ইন্দ্র আদি দেবগণ দিবেন দর্শন। তাঁসবারে সেবিয়া পাইবে অস্ত্রগণ।। পূর্কে রত্রাস্কুর হেতু যত দেবগণ। আপনার অস্ত্র ইন্দ্রে দিল সর্বজন।। সর্ব শৃস্ত্র পাবে ইন্দ্রে ভুষ্ট করাইলে। সর্ব্যত্র হইবে জয় শিবেরে ভজিলে।। হিমালয় গিরি আজি করহ গমন। নিকটে তথায় দেখা পাবে ত্রিলোচন।। এত বলি দিব্য বিদ্যা দিয়া সেইক্ষণ। আশীষ করিয়া শিরে করেন চুম্বন।। আজা পেয়ে বাহির হৈলেন ধনঞ্জয়। গাঞীব নিলেন ভূণ যুগল অক্ষয়।। চতুৰ্দ্দিকে দ্বিজগণ শুভ শব্দ কৈল। বাহির হবার কালে দ্রৌপদী বলিল।। জন্মকালে যে বলিল যত দেবগণ। সে সকল প্রাপ্তি হক সেবি ত্রিলোচন।। যত কটু ভাষায় বলিল ছুৰ্য্যোধন। সেই অগ্নি তাপে অঙ্গ হয়েছে দাহন।।

উপায় করহ তার সমুচিত ফলে। निर्कित्र रहेश शूनः श्राहेम मञ्जल।। এতেক বলিয়া দেবী করিল বিদায়। অৰ্জুন বিচ্ছেদে বড় মনস্তাপ পায়।। দেব দিজ গুরুজনে বন্দিয়া তথ্ন। বাহির হৈলেন পার্থ হর্ষিত মন।। চলিলেন ধনঞ্জয় উত্তর মুখেতে। অপ্প দিনে উত্তরেন সে হিম পর্বতে।। হিমাদ্রির পার গন্ধমাদন ভূধর। ইন্দ্রকীল গিরি হয় তাহার উত্তর।। বহু ছুঃখে তথায় গেলেন ধনঞ্জয়। শূন্যবাণী হৈল ইথে কর্ছ আশ্রয়।। আগে পথ নাহি আছে মনুষ্য যাইতে। শুনি পার্থ মহাবীর রহেন ডাহাতে॥ হেনকালে দেখি এক জটিল তপস্বী। ডাকিয়া অৰ্জ্জুনে বলে নিকটেতে আসি॥ কে তুমি কবচ খড়র ধনু অস্ত্র ধরি। কি হেতু আইলে ভূমি পর্ব্বত উপরি॥ অস্ত্রধারী হয়ে তুমি এলে কি কারণ। এ পৰ্বতে নিবসে নিম্বামী যত জন।। ধনু অস্ত্র ফেলহ কেলহ শর ভূণ। দিব্য প্ৰতি পাইলে অস্ত্ৰে কোন প্ৰয়োজন।। বড় তেজোবন্ত তুমি আইলে সেকারণ। रुनिया निःशक रुत्य तरहन अर्ज्ज्न ॥ উত্তর না পাইয়া বলয়ে জটাধর। ৰর মাগ ধনঞ্জয় আমি পুরক্ষর।। कत्रत्यारङ् व्यर्ज्न मार्शन वत मान। ক্নপা যদি কর তবে দেহ ধনুর্কাণ।। ইন্দ্র বলে হেথা আসি কি কাজ অন্তেতে। प्रवेष नहेम्रा ভोग केतर अर्राट ।। পार्थ रतन यनि द्रिश हेस्प्रभन शाह । তথাপি ত্যজিতে আমিমারি চারি ভাই।। তুর্গম অরণ্যে রাখি আসি ভাতৃগণে। ্অস্ত্র বাঞ্ছা করি আমি শক্তর নিধমে।। ু সে স্বারে ত্যজি আমি রহিব কেমনে। সতত করিবে চিন্তা আমার কারণে।।

জন্ত্র দেহ পুরন্দর ক্কপা করি মনে।
ইন্দ্র বলে আগে সিদ্ধ কর ত্রিলোচনে।।
তাঁর অনুগ্রহে সব সিদ্ধ হবে কাজ।
এত বলি অন্তহি ত হল দেবরাজ।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

কিরাতার্জুনের ধৃদ্ধ ও অর্জুনের পাতপত অস্ত্রলাভ।

হিমালয় গিরিবরে ইন্দ্রের নন্দন। করেন তপস্থা আরাধিতে ত্রিলোচন।। গলিত রক্ষের পত্র ভক্ষ্য পক্ষান্তরে। কত দিন মাদেকেতে খান একবারে।। কভ দিন তুই চারি মাস এক দিনে। কত দিন অৰ্জ্জুন থাকেন বায়ুপানে।। এক পদান্তুলিভরে রহেন দাঁড়ায়ে। উর্দ্ধ তুই বাস্থ করি নিরালম্ব হয়ে।। তাঁর তপে সম্ভাপিত হল গিরিবাসী। গন্ধৰ্ক চারণ সিদ্ধ যত মহা ঋষি।। হরের চরণে নিবেদিল গিয়া সব। হিমালয়ে কেমনে থাকিব বল ভব।। পর্বত তাপিত দেব অর্জ্জনের তাপে। আজ্ঞা কর মোরা সবে থাকি কোন ৰূপে। গিরীশ বলেন সব যাহ নিজ্ঞান্তে। আমি বর দিয়া শান্ত করি ধনঞ্জয়ে।। এত বলি মেলানি দিলেন সর্বজনে। মায়ায় কিরাত্রপ ধরে ততক্ষণে।। কিরাতগৃহিণীৰূপা নগেন্দ্রনন্দিনী। সেৰূপ হইল সব তাঁহার সঞ্জিনী।। শ্রীমন্ত পিনাক ধনু পূর্চ্চে শরাসন। অর্জুনের সমুখে গেলেন ত্রিলোচন।। হেনকালে এক মহাবরাহ আইল। (৩) গর্জিয়া অর্জুন পানে ত্বরিত ধাইল।। বরাছ দেখিয়া পার্থ গাণ্ডীব লইয়া। সন্ধান পূরেন ধনুগুণ টক্ষারিয়া।। বলিলেন ডাকিয়া কিরাত ভগবান। বরাহে তশস্বী তুমি না মারহ বাব।।

দুর হতে ডাকিয়া আনিলাম বরাহ। তুমি কেন বরাহেরে মারিবারে চাহ।। না শুনিয়া পার্থ তাহা করে অনাদর। বরাহের উপরে মারেন তীক্ষশর।। কিরাত যে দিব্য অস্ত্র মারিল শূকরে। ছুই অন্তে যেন বজ্ঞ পর্কত বিদরে ॥ গিরিশৃঙ্গ মূর্ত্তি যেন দেখি ভয়ন্কর। মায়া ত্যজি হইল দারুণ কলেবর।। পার্থ বলে কে তুমি যুবতীরক্ষ সঙ্গ। আমারে তিলেক তোর নাহিক ক্রভঙ্গ।। ় বরাহেরে অস্ত্র আমি মারি আগুয়ান। তুমি কি কারণে তারে প্রহারিলে বাণ।। এই দোষে তোর আমি লইব পরাণ। হাসিয়া উত্তর করিলেন ভগবান।। কোথা হতে কে তুমি আইলে তপাচারী। এ ভূমিতে মৃগয়ার আমি অধিকারী।। মারিলাম আমি বাণ পড়িল শুকর। তুমি অস্ত্র কেন মার শূকর উপর।। পাষাণে সরিষা যেন পড়িল ঠিকরে। তিলমাত্র মোহ না হইল কলেবরে।। অনুচিত কৈলে আর চাহ মারিবারে। যত শক্তি আছে তোর দেখাও আমারে।। ক্রোধে ধনঞ্জয় জন্ত্র করেন প্রহার। ডাকিয়া কিরাত বলে আমি আছি মার।। পুনঃপুনঃ ধনঞ্জয় প্রহারত্য়ে শর। জলদ বরিষে যেন পর্বত উপর।। বায়ব্য অনিল অস্ত্র ছিল পার্থ স্থানে। সব অস্ত্র প্রহার করেন ত্রিলোচনে।। আশ্চর্য্য ভাবেন মনে এই দে অর্জ্জুন। ইহার রন্তান্ত কিছু না জানি কারণ।। কিবা যম পুরন্দর কিবা ভূতনাথ। অন্য কে সহিতে পারে এই অস্ত্রাঘাত।। যে হউক আজি আমি করিব সংহার। ক্রোধেতে নিলেন বীর বাণ তীক্ষধার।। শিবের মস্তকে বাজি হইল চুই খণ্ড। পাষাৰে বাজিয়া যেন পড়ে ইক্ষুদও।।

অস্ত্র ব্যর্থ গেল হাতে অস্ত্র নাহি আর। গাণ্ডীব ধনুক লয়ে করেন প্রহার।। হাসিয়া নিলেন ধনু কাজি ত্রিলোচন। ক্রোধে পার্থ শিলার্ম্ভি করে বরিষণ।। পর্বত উপরে যেন শিলা চূর্ণ হয়। ক্রোধে প্রহারেন মুষ্টি বীর ধনঞ্জয়।। করিলেন ক্রোধে মুষ্টি প্রহার ধৃর্জ্জটি। মুষ্ট্যাঘাতে শব্দ যেন হল চটচটি।। ভুঙ্গে ভুঙ্গে উরু উরু চরণে চরণে। মল্লযুদ্ধ ক্ষণকাল হল ছুই জনে।। তুই অঙ্গ ঘরিষণে অগ্নি বাহিরায়। অতিকোধে ধূর্জটি প্রহারিলেন, তাঁয়।। মৃতবৎ হয়ে পার্থ পড়েন ভূতলে। ক্ষণেকে চেতন পেয়ে থাক থাক বলে। যাবৎ না পূজি মম ইষ্ট ত্রিলোচন। এত বলি শিবলিঙ্গ করিয়া রচন।। পূজিয়া মৃত্তিকা লিঙ্গ দেন পুষ্পমালা। ় সেই মালা বিভূষিত কিরাতের গলা।। দেখিয়া অৰ্জ্জন হইলেন সবিস্ময়। নিশ্চয় জানিলেন যে এই মৃত্যুঞ্জয়।। বিনয়ে কহেন পার্থ করি প্রণিপাত। করিলাম ছস্কৃতি যে ক্ষম ভূতনাথ।। শিব বলে যে কর্মা করিলে ধনঞ্জয়। দেবাসুর মাতুষে কাহার শক্তি নয়।। আমার সহিত সম করিলে সমর। তুমি আমি সমশক্তি নাহিক অন্তর।। দিব্যচ**ক্ষু** দিব লহ দৃ**ফ্ট হবে সবে।** এত বলি দিব্য চচ্চু দেন দেবদেবে ।। দিব্য চক্ষু পাইয়া দেখেন ধনঞ্জয়। 💃 উমার সহিত উমাকান্ত দয়াময়।। অর্জন করেন স্তুতি যুড়ি ছুই কর। জয় প্রভু জয় শিব জয় ভূতেশ্বর।। ত্রিনেত্র ত্রিগুণময় ত্রিলোকের নাথ। ত্রিবিক্রমপ্রিয় হর ত্রিপুরনিপাত।। হেলায় করিলা প্রভু দক্ষযক্ত নাশ। ইঙ্গিতে বিজয় কৈলা মৃত্যু কালপাশ।

নমো বিষ্ণুৰূপ তুমি বিধাতার ধাতা। ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গদাতা।। অজ্ঞাতে করিমু প্রস্থু অবিহিত কাজ। চরণে শরণ লৈফু ক্ম দেবরাজ।। হাসিয়া অৰ্জ্নে দেব দেন আলিঙ্গন। বারিলেন অজ্ঞাতের প্রহার পীড়ন।। শিব বলে আপনারে নাহি জান তুমি। পূৰ্বকথা কহি শুন যাহা আমি জানি।। নারায়ণ সহ তুমি নর ঋষিক্রপে। সংসার ধরিলে অতিশয় উগ্রতপে।। এই যে গাণ্ডীব ধনু আছয়ে তোমার। তোমা বিনা ধরিবারে শক্তি আছে কার।। তোমা হতে কাড়িয়া লইনু মায়াবলে। মায়ায় হরিতু আমি এ তৃণ যুগলে।। পুনরপি সেই অন্ত্রে পূর্ণ হোক তৃণ। নিজ ধনু তৃণ তুমি ধরহ অর্জ্জুন।। প্রীত হইলাম আমি মাগি লহ বর। শুনিয়া বলেন পার্থ যুড়ি ছুই কর।। যদি রূপা আমারে করিলা গঙ্গাত্তত। আজ্ঞা কর পাই আমি অন্ত্র পাশুপত্ত।। শক্ষর বলেন তাহা লহ ধন্জয়। অন্স জন নহে শক্ত পাশুপত লয়।। ইন্দ্র চন্দ্র কুবের এ অস্ত্র নাহি জানে। পৃথিবী সংহার হেতু আছে মম স্থানে।। যে অস্ত্র যুড়িলে লক্ষ লক্ষ অস্ত্র হয়। শক্তি শেল কোটি কোটি গদার বিষয়।। প্রীতিতে তোমার বশ হইলাম আমি। ধরিবার যোগ্য হও অস্ত্র লহ তুমি।। বিধাতার বাক্যে লহ নরলোকে জন্ম। এই অন্তে বীরবর সাধ দেবকর্ম।। এত বলি মন্ত্র সহ দেন ক্রিলোচন। মূর্তিমন্ত হয়ে অস্ত্র আইল তথন।। অন্ত্র দিয়া মহেশ বলেন পুনর্কার। 'এই অন্ত্রে কারে পাছে করহ সংহার।। /এই অন্ত্রে রক্ষা নাহি পায় ত্রিভূবন। স্বযোগ্য পাইলে অন্ত্র করিহ ক্ষেপ্ত

অর্জ্জুন বলেন দেব করি নিবেদন।
কুরুক্তের যুদ্ধেতে করিবা আগমন।
শিব কন স্থা তব বৈকুঠের পতি।
হরিহর এক আআ জান মহামতি।।
কুরু পাশুবের যুদ্ধ হইবে যথন।
তাহাতে সাহায্য আমি করিব তথন
এত বলি হর হইলেন অন্তর্জান।
অস্ত্র পেয়ে ধনপ্তায় আনন্দ বিধান।।
আপনারে প্রশংসা করেন ধনপ্তায়।
এত কুপা কৈল হর শক্রকে কি ভয়।
মহাভারতের কথা সুধার সাগর।
কাশীরাম দাস কহে শুনে সাধু নর।।

অর্জুনের ইন্তালয়ে গমন। হেনকালে তথা আসি যত দেবগণ। অর্জ্জুন উপরে করে পুষ্প বরিষণ।। দক্ষিণে থাকিয়া ডাকি বলে প্রেতপতি। মম বাক্য ধনঞ্জয় কর অবগতি।। বর দিতে তোমারে আইমু দেবগণ। লইয়াছ জন্ম তুমি শক্র-নিবারণ।। দেব দৈত্য অসুর যতেক পৃথিবীতে। সবে পরাভব হবে তোমার অস্ত্রেতে।। তব শত্রু আছে যেই কর্ণ ধনুর্দ্ধর। ত্তব হস্তে হত সেই হবে বীরবর।। হের লহ এই অস্ত্র অব্যর্থ সংসারে। আমার প্রধান অস্ত্র দণ্ড নাম ধরে।। এত বুলি মন্ত্র সহ দিল মহামতি। পশ্চিমে থাকিয়া ডাকি বলে জলপতি।। আমার বরুণ পাশ অব্যর্থ সংসারে। এই যে দেখহ যম নিবারিতে নারে।। প্রীতিতে তোমারে দিমু ধরহ অর্জ্বন। ইহা হতে कর मना विशक ननन ॥ উত্তরে **থাকি**য়া ডাকি কুবের বলিল। তোমারে স্বৰ্দ্দ ছুই জনে অস্ত্র দিল।। অন্তর্জান অস্ত্র এই লহ বীরবর। এট অন্তে ত্রিপুরে বধিল সহেশ্বর

মৃত্যুপতি জলপতি দিল যক্ষপতি। ডাকি বলে সুরপতি অর্জ্বনের প্রতি।। কুন্তীগর্ভে জাত তুমি আমার নন্দন। অসুর বধিতে আমি দিব অস্ত্রগণ।। এখনি পাঠাব রথ তোমারে লইতে। স্বর্গেতে আসিবে ভূমি মাতলি সহিতে।। এথা এলে পূর্ণ তব হবে প্রয়োজন। এত বলি চলি গেল সব দেবগণ।। কতক্ষণে রথ লয়ে আইল মাতলি। ঘোর মেঘ মধ্যে যেন স্থগিত বিজলী।। ' বায়ুবেগে অদ্ভুত তুরঙ্গ রথ বয়। নিশাকালে হল যেন রবির উদয়।। ছাকিয়া মাতলি বলে অর্জ্জনের প্রতি। ইন্দ্রের আজ্ঞায় রথে চড় শীঘ্রগতি।। তোমা দরশনে বাঞ্চা করে দেবরাজ। তার যত আছে তথা দেবের সমাজ।। আনন্দে করেন পার্থ রথ আরোহণ। মাতলি চালায় রথ প্রন্থমন।। পথেতে দেখিল পার্থ দেব ঋষিগণ। বিমানেতে আরোহণ যত পুণ্যজন।। গন্ধর্ক অপ্সর যত আনন্দে বিহরে। কতক পড়িছে তারা দেখে বীরবরে।। বিস্ময় মানিয়া জিজ্ঞাসিলেন অর্জ্জন। কহ শুনি মাতলি এ সব কোন জন।। মাতলি বলিল এই পুণাবানগণ। পৃথিবীতে সুকর্ম করিল যেই জন।। রাজসূয় অশ্বমেধ আদি যত কৈল। সম্মুখ সংগ্রাম করি শরীর ছাড়িল।। সত্যবাদী জিতেক্সিয় বহু দান দিল। দেবপূজা উগ্ৰ তপ তীৰ্থস্নান কৈল।। (महे मृव जन এই विभारन विहरत। বিনা পুণ্যে নাহি শক্তি আসিতে স্বর্গেতে। তার। বলি ত্রৈলোক্যেতে ঘোষয়ে মানুষে।<sub>।</sub> পুণ্য ক্ষয় হয়ে গেল হের দেখ খদে।। সুরা পীয়ে মাংস খায় গুরুদারা হরে। कनां हिं जन का कार्य कर्त्रभूदत ।।

णानत्म जर्ष्ज्वन मद करतन पर्मने। কোটি কোটি বিমানেতে ভ্রমে পুণ্যজন।। শত শত বারাঞ্চনা সেবয়ে তাঁহারে। सूशक्ष महिल वाशु मना मरनाहरत ॥ সিদ্ধ সাধ্য সেবে দেব মরুত অনল। সপ্ত বমু রুদ্রগণ আদিত্য সকল।। দিলীপ নত্ব আদি যত মহামতি। দেবঋষি রাজঋষি বহু সিদ্ধ যতি।। অর্জুনে দেখিয়া জিজ্ঞাসিল সর্বজন। কহ ত মাতলি এই কাহার নন্দন।। পরিচয় দিয়া তবে মাতলি চলিল। বায়বেগে ইন্দ্রালয়ে উপনীত হল।। ইন্দ্রা বান তবে ইন্দ্রের নন্দন। সভাস্থ সকল দেবে করেন বন্দন।। ইন্দের বিচিত্র সভা বর্ণন না যায়। শত চন্দ্র শত সূর্য্য যেমন উদয়।। রণ হতে অবতরি যান নরবর। তুই হাত ধরি তাঁরে তুলে পুরন্দর।। আ'লিঙ্গন চুশ্ব দিল মস্তক উপর। আসনেতে বসাইল সভার ভিতর।। ইন্দু বিনা বসিবারে নারে অন্য জন। দেব ঋৰি মান্য যেই ইন্দ্রের আসন।। এমন, আসনে ইন্দু বসালেন কোলে। মুভ্রু ভূ সহত্রেক নয়নে নেহালে।। আসনে বসিয়া পার্থ পাইলেন শোভা। মঘবার কোলে যেন দ্বিতীয় মঘবা।। পুণ্যকথা ভারতের আনন্দলহরী। শুনিলে অধর্ম ক্র পরলোকে তরি।। মহাভারতের কথা অসত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

ইশ্রসভার উর্বাশী ইত্যাদির নৃত্যাণীত।
হেনকালে শতক্রেত্, অর্জ্জ্নের প্রীতি হেতু,
আজ্জা কৈল নৃত্যের কারণ।
বিশ্বাবস্থ হাহা ভুভু, ইত্যাদি গন্ধর্ক বৃত্তু,
চিত্রসেন তুম্বুরু গায়ন।।

নানা ছম্দে বাতা বায়, মধুর সুস্বর গায়, নৃত্য করে যতেক অপ্সর। উর্কশী ঘূতাচীগৌরী,মিশ্রকেশী বিভাবরী, সহজন্যা মধুর সুস্থর।। অলমুবা ধন্যা অম্বা,গোপালী কদম্ব রম্ভা, বিপ্রচিত্তি সুধা সুধাপ্রভা। চিত্রদেনা চিত্ররেখা, অপ্ররী মৃদঙ্গমুখা, বুদ্ধ বাহিণী সুরলোভা।। নৃত্যগীতে সপ্রতিভা, পুর্ণচক্ত মুখপ্রভা, অস ঢাকি অস্লান অম্বরে। केय९ नयून कारन, निवीधस्य स्पष्टे करन. অন্য থাক মুনি মন হরে।। জঘন কুঞ্জরকর, ক্ষীণ মাজ। মৃগবর, নিতম্ব ভূপর পয়োধর। বিনাশে মুনির তপ, বর্ণন না যায় জ্বপ, দিতে নাহি অন্য পাঠান্তর।। নৃত্যাণীতবালে সবে,মোহিত্যতেক দেৱে, আনন্দিত হল সুরগণ। व्यर्ज्तत मानमूथ, जाविशा शृत्कत पृथ्यं, ভাতৃ মাতৃ করিয়া স্মরণ।। ক্ষণেক নয়নকোনে, চাহিলা উর্কাশীপানে, জানিলেন সহস্রলোচন। নৃত্য গীত নিবারিল, সবারে বিদার দিল, নিজবামে গেল দেবগণ।। দিব্য সুধারস কথা, আরণ্যপর্কের গাঁথা, শুনিলে অধর্ম হয় নাশ। কমলাকান্তের সুত, হেতু সুজনের প্রীত, বির্চিল কাণীরাম দাস ।।

তর্জুনের প্রতি উর্কশীর অভিশাপ।

চিত্রসৈনে ডাকি তবে কহে পুরন্দর।
পার্থেরে রহিতে স্থল দেহ মনোহর।
উর্কশীরে পাঠাইবে অর্চ্জুনের স্থানে।
•স্ত্রীক্রীড়া আদি যত করাহ অর্চ্জুনে।।
লাজ্ঞা পেয়ে চিত্রসেন পার্থে লয়ে পেল।
দিব্য মনোহর স্থল রহিবারে দিল।।

বিচিত্র উত্তম শয্যা রত্নের আদন। পরিচর্য্যা হেতু নিযোজিল বহুজন।। তবে চিত্রসেন গেল উর্ক্রশীর স্থান। অর্জ্রনের গুণ কহে করিয়া বাখান।। ৰূপে গুণে বুদ্ধি বলে কৰ্মো তপে জপে। অৰ্জুনের তুল্য নাহি বিখে কোন ৰূপে।। তার ভৃগ্ডি হেডু আজ্ঞা কৈল পুরন্দর। আজি নিশি উর্কাশী তাহার সেবা কর।। উৰ্মাণী বলেন আমি ভালমতে জানি। কামেতে কাতর অঙ্গ তাঁর কথা শুনি।। আপনার গুহে তুমি যাহ মহাশয়। এই আমি চলিলাম যথা ধনঞ্জয়।। এত বলি স্নান করি পরে দিব্য বাস। পারিজাত মাল্যে বান্ধে দিব্য কেশপাশ।। **ठम्मन कर्डु** ती अटक कतिल लिशन। রত্ব-অলঙ্কার অঙ্গে করিল ভূষণ।। সহজ ৰূপেতে মুনিজন-মন মোহে। মন সঙ্গে হরে প্রাণ যার পানে চাহে।। সুবেশা সুকেশা প্রায় কাল অর্দ্ধ নিশি। অর্জ্রনের আলয়ে চলিলেক উর্নশী।। দ্বারপাল জানাইল অর্জ্জন গোচরে। উর্কশী অপ্ররী আসি রহিয়াছে দ্বারে।। ভীত হইলেন শুনি কুন্তীর নন্দন। নিশাকালে উর্বাশী আইল কি কারণ।। উঠিয়া গেলেন ভবে ইন্দ্রের কুমার। উর্বশীরে বিনয়ে করেন নমক্ষার।। কি করিব আঞা তুমি করহ আমায়। এত রাত্রে কি কারণে আসিলে এথায়।। বিস্ময় মানিয়া মনে উর্বাদী চাহিল। কামনা পূরিন নাহি হৃদয় ছলিল।। চিত্রসেন যে বলিল ইন্দ্র-অনুমতি। একে একে সব কথা কহে পার্থ প্রতি ii ইন্দ্রের আক্রায় আমি আইমু এথায়। আজি নিশি ক্রীড়া কর লইয়া আমায়।। যথন করিল নৃত্য বিজ্ঞাধরীগণ। লবে এভি মোরে তুমি করিলে দর্শন।।

আজ্ঞা কৈল সাধিবারে কার্য্য প্রীতিকর।। শুনিয়া অৰ্জ্জুন বীর কর্ণে হাত দিয়া। -হেঁটমাথে খ্লানমুখে কহে শিহ্রিয়া।। শুনিবার মোগ্য নহে তোমার এ বাণী। কেন হেন ছুষ্ট কথা কহ ঠাকুরাণী।। বারাঙ্গনা হও তুমি না হও প্রমাণ। উর্কাশী আমার পক্ষে জননী সমান।। কহিলে যে তুমি মোরে চাহিলে সভায়। যে হেতৃ চাহিনু আমি কহিব ভোমায়।।, পূর্কে মুনিগণ মুখে ইহা প্রুত ছিল। তোমার উদরে পূরুবংশ বৃদ্ধি হল।। পুরু আদি করি ভার যতেক পুরুষে। ক্ষয় হল তুমি আছ নবীন বয়সে।। এ হেতৃ বিস্ময় বড় মানিলাম মনে। পুনঃপুনঃ চাহিলাম তাহারি কার্থে ॥ পূর্ক পিতামহী তুমি মোর গুরুজন। হেন অসম্ভব কথা কহ কি কারণ।। উর্কশী বলিল আমি নহি যে কাহার। স্ইচ্ছায় যথা তথা করি যে বিহার।। অকারণে গুরু বলি পাতিলে সমৃদ্ধ। রমহ আমার সঙ্গে চূর কর ছম্।। যত সব মহারাজ হল পুরুবংশে। তপ পুণ্য ফলে সৰে স্বৰ্গেতে আইনে॥ ক্রীড়ারদ করে সবে সহিত আমার। এ সব বচন কেহ না করে বিচার।। তুমি কেন হেন কথা কহ ধনঞ্জয়। করহ আমার প্রীতি খণ্ডাহ বিস্ময় ॥ অৰ্জ্জন কহেন তুমি মোর ঠাকুরাণী। গুরুবৎ প্রমগুরু কুলের জননী।। যথা কুন্তী যথা মাদ্রী যথা শচীন্দ্রাণী। ইহা সঁবা হতে তোমা গরিষ্ঠেতে গণি।। নিজ গৃহে যাহ মাতা করি যে প্রণাম। পুত্রবৎ জ্ঞান মোরে কর অবিশ্রাম।। শুনি উর্কশীর হৃদে হল মহাতাপ। ক্রোধমুখে অর্জ্জুনের প্রতি দিল শাপ।।

জানিয়া আমারে পাঠাইল পুরন্দর।

তব পিতৃ আদেশেতে আসি তব গৃহে। নিক্ষলা ফিরিয়া যাই প্রাণে নাহি সহে।। না করিলে কাম পূর্ণ পুরুষের কাজ। এই দোষে নপুংসক হয়ে স্ত্রীর মাঝ।। নৰ্ত্তক ৰূপেতে রবে মোর এই শাপ। এত বলি নিজালয়ে গেল করি তাপ।। শাপ শুনি ধনঞ্জয় চিন্তিত অন্তর। শোকে তুঃখে সে রজনী বঞ্চে উজ্জাগর।। প্রাতঃকালে চিত্রদেন লইয়া সংহতি। কর্যোড়ে প্রণাম করেন সুরপতি।। নিশার রন্তান্ত যত কহেন অর্জ্জুন। শুনিয়া বিশ্বরে কহে সহস্রলোচন।। ধন্য কুন্তী তোমা পুল গর্ভেতে ধরিল। তোমা হতে কুৰুবংশ পবিত্ৰ হইল।। যোগীন্দ্র তপস্থী ঋষি জিনিলে সবারে। তোমা পুত্র শ্লাঘ্য করি মানি আপনারে।। শাপ হেতৃ চিত্তে ছুঃখ না ভাব অৰ্জুন। শাপ নহে তব পক্ষে হল বহুগুণ।। অবশ্য অক্তাত এক বৎসর রহিবে। সেইকালে নপুংসক নর্ত্তক হইবে।। বৎসরেক পূর্ণ হলে শাপ হবে কয়। শুনিয়া অৰ্জ্জুন অতি সানন্দ হাদয়।। অর্জ্রনের চরিত্র যে জন শুনে গায়। কদাচিৎ তার চিত্ত পাবপ নাহি যায়।। পূর্কার্জিত যত পাপ ভঙ্গ হয়ে যায়। আরণ্যকপর্ক গীত কাশীদাস গায়।।

ইন্দ্রনার লোমশ কবির আগমন।
ইন্দ্রের নগরে পার্থ ইন্দ্রের সমান।
নানা অস্ত্র শিক্ষা করিলেন ইন্দ্রন্থান।।
নৃত্য গীত রাদ্য শিথে চিত্রনেন স্থানে।
মাতৃ ভ্রাতৃ না দেখিয়া তুঃখ বড় মনে।।
এক দিন তথায় লোমশ মহাশয়।
ইন্দ্র দরশন হেতু আনে সুরালয়।।
করযোড়ে প্রথমিল দেব পুরক্তরে।
ইন্দ্রদত্ত্ব দিব্যাসনে বসে মুনিবরে।।

ইন্দ্রের আসনে পার্বে দেখি মুনিবর। বিশায় মানিয়া মুনি ভাবে যে অন্তর।। যে আসনে বসিতে না পান দেব মুনি। কোন কৰ্মে ক্ষত্ৰ হয়ে বসিল ফাল্কনি।। ঋষির বিচার জ্ঞাত হয়ে পুরুদরে। বলিলেন ব্রহ্মখাষি কি ভাব অন্তর।। মসুষ্য দেখিয়া পার্থে ভ্রম হল মনে। তুমি কি না জান মুনি পাসরহ কেনে।। নরনারায়ণ যেই ঋষি পুরাতন। ভার নিবারণে জন্ম নিলেন ছ-জন।। বাস্কুদেব নারায়ণ অজিত যে বিষ্ণু। নর ঋষি পাশুবের মধ্যে হল জিষু ॥ কুন্তীগর্ভে জন্ম হল আমার অংশেতে। কেবল মনুষ্য নাম দেবতার হিতে।। এথায় আইল অস্ত্র শিক্ষার কারণ। দেবের অনেক কার্য্য করিবে সাধন।। নিবাভকৰচ দৈত্য নিবসে পাতালে। তার সম যোদ্ধা নাহি পৃথিবীমগুলে॥ সুরাসুর ্যত লোক জিনিলেক বলে। বহুকাল নিব্দতি করে রুসাতলে।। তাহারে বধিতে শক্তি ধরে ধনঞ্জয়। পার্থ বিনা কার শক্তি তার অগ্রে হয়।। এ হেতুঁ এথায় পার্থ থাকি কত দিনে। করিবে গমন পুনঃ মনুষ্যভুবনে।। আমার আরতি এক শুন তপোধন। কাম্যক বনেতে ভূমি করহ গমন।। আমার সন্দেশ যুধিন্তিরে যে কহিবে। অর্জ্রনের কারণ উৎকণ্ঠা না হইবে।। পৃথিবীতে তীর্থ যত আছে স্থানে স্থান। যত্নপূর্ব্ধকেতে তথা কর স্নান দান।। ভীয় ডোণ ছুই যদি জিনিবারে মন। তীর্থ স্নান করি ধর্ম্ম কর উপার্জ্জন।। বিষম সঙ্কট স্থানে আছে তীর্থগণ। আপনি থাকিবা সঙ্গে রক্ষার কারণ।। স্বীকার করিল মুনি ইন্দ্রের বচন। **छाकियां मुनिरत उरद वरलन व्यक्त ॥** 

চলিলে কাম্যক বনে শুন তপোধন।
ভাতৃস্থানে কহিবেন মোর বিবরণ।।
ভাপনি থাকিয়া সঙ্গে সব তীর্থে লবে।
যথা যে বিহিত স্থান দান করাইবে।।
রাক্ষ্য দানবর্গণ থাকে তীর্থস্থানে।
সঙ্গটে করিবে রক্ষা সতত আপেনে।।
মহাভারতের কথা অমৃতের ধারণ।
কাশী কহে ইহা বিনা সুখ নাহি আর।।

পাওবের বিক্রম ভনিয়া ধুতরাষ্ট্রের বিলাপ। মুনিরে জনমেজয় জিজ্ঞানে তথন। ধ্বতরাফ্র শুনিল কি সব বিববণ।। মুনি বলে মহারাজ কর অবধান। অর্জুনের চরিত্র শুনিল বহু স্থান।। লোকেতে অন্তত রাজা অৰ্জ্রন কাহিনী। ব্যাসমুখে শুনিলেন অন্ধ নৃপমণি।। আশ্চর্য্য শুনিয়া রাজা সঞ্জয়ে ডাকিল। ব্যাদের কথানুসারে জিজ্ঞাসা করিল।। শুনিলাম আশ্চর্য্য যে অর্জ্জ্ন-কথন। শুনেছ কি সঞ্জয় সে সব বিবরণ।। সঞ্জয় বলিল রাজা আমি সব জানি। অৰ্জ্তনের কথা রাজা অদ্ভুত কাহিনী।। হেমন্ত পর্কতে শিব সহ যুদ্ধ কৈল 1 পাশুপত অস্ত্র শিবে তুঐ করি নিল।। কুবের বরুণ যম যাচি দিল বর। নিজ রথ দিয়া স্বর্গে নিল পুরন্দর।। ইন্দ্ৰ-অদ্ধাদনেতে বদিল সুরমাঝে। আদর করিয়া ইন্দ্র বসাইল মাঝে।। মনুষ্য কি ছার যারে দেবগণ পূজে। মুনিগণ সন্তাপিত যার তপ তেজে।। বীরমধ্যে শিব সম যাহার গণ্ন। তাহার বৈরিতা ভাবে জীবে কোন জন।। দিব্য অস্ত্র মন্ত্র যত মঘবা শিখায়। কত দিনে দৈত্য মারি আসিবে এথায়।। এত শুনি চমকিত অন্ধ নুপমণি আশ্চর্য্য মানিল রাজা পার্থকথা শুনি।।

তুষ্ট তুর্য্যোধন কাল হইল আমার। শোকসিন্ধু মাঝেতে পড়িন্থ পাকে তার।। অর্জুনের অগ্রেতে রহিবে কোন জন। দ্রৌণি কর্ণ কুপাচার্য্য রদ্ধ গুরু দ্রোণ।। দৃঢ়মুষ্টি দিব্য মন্ত্রে নির্দিয় অর্জুন। বিশেষ দেবের বর পূর্ণ শতগুণ।। দৌপদীর কফীনলে অনুক্ষণ দহে। অবশ্য হইবে দগ্ধ নিবারণ নহে সঞ্জয় বলিল রাজা কি বলিলে ভূমি শুন কহি সেই বার্ত্তা পাইলাম আমি।। যুবিষ্ঠির বনে গেল শুনি নারায়ণ। সেইক্ষণে যতুবলে করিল গমন।। ধুষ্টত্যুম্ন ধুষ্টকেতৃ কেকয় নুপতি। শ্রুতমাত্রে বন মাঝে গেল শীঘগতি।। যুধিষ্ঠির বিভূষণ দেখি জটাচীর। শ্রীক্লম্ভ কহেন ক্রোধে কম্পিত শরীর।। যেই জন হেন গতি করিল তোমার। রাজ্য ধন নিল আবু অঙ্গ-অলঙ্কার।। সে সকল দ্রব্য তার সহিত জীবন। আনি দিব যবে আজ্ঞা করহ রাজন।। দ্রৌপদীর কেশ ধরি শুনিমু শ্রবণে। সভামধ্যে উপহাস কৈল ছুফীগণে।। শুগাল কুরুর মাংস আহারী সকল। কুরুকুল মাংস ভক্নে হবে কুভূহল।। যে যে উপহাস কৈল কুষ্ণা-কন্ট দেখি। তীক্ষ অস্ত্রে তাহার খুলিব তুই ভাঁখি।। ক্লফ ভীমাৰ্চ্ছন প্লফ্টছান্ন আদি যত। একে একে সবাই কহিল এইমত।। যুধিষ্ঠির ধর্মারাজা কহনে না যায়। কত দিন রক্ষা পেলে তাহার রূপায়।। যুধিষ্ঠির কহিলেন সকলি প্রমাণ। ত্ৰয়োদশ ৰৎসর হইলে সমাধান।। কুরুসভা মধ্যে আমি করিন্থ নির্ণয়। আমার শক্তি তাহা থণ্ডান না যায়।। এত শুনি নির্ণয় করিল সর্বজন। ্রপ্রতিজ্ঞা করিল কুরু করিতে নিধন

নিয়ম করিয়া পূর্ণ রাজ্যে গেলে দৰে। কেমনে নৃপতি শাস্ত করিবে পাগুবে।। ধুতরাফ্র বলে সত্য কহিলে সঞ্জয়। কদাচিত পাঞ্চপুত্র শান্ত তারে নয়।। যথন ধরিল ছুফ দ্রৌপদীর কেশে। তথনি জানিতু বংশ মজিল ৰিশেষে।। विधि सम रिकल श्रम्भ यूनेल नयन। সে কারণে আমারে না মানে ছুর্য্যোধন।। তুর্ব্যোধন তুঃশাসন দোঁহে তুরাচার। আর ছুই ছুষ্ট দেয় আজ্ঞা কুবিচার ।। আর আমি দৈবগৃতি পুত্রবশ হৈনু। সাধু জন বচন শুনিয়া না শুনিকু।। পশ্চাতে এ সব কথা করিব সারণ। এইৰাপ জনুশোচে অশ্বিকানন্দন।। মহাভারতের কথা হইল প্রকাশ। পাঁচালি প্রবন্ধে কয় কাশীরাম দাস।।

এথায় কাম্যক বনে ধর্মের নন্দন। মুগয়া করিয়া নিত্য পোষেন ত্রাহ্মণ।। পূর্বের রাজা যুধিষ্ঠির যাম্যে রকোদর। উত্তর পশ্চিমে ছুই মাদ্রীর কোঙর।। মুগয়া করিয়া আনি দেন কৃষ্ণা স্থানে। দ্রোপদী জননী প্রায় ভুঞ্জায় ত্রাহ্মণে।। সহস্ৰ সহস্ৰ দ্বিজ সবে ভুঞ্জি যায়। স্বামিগণে ভূঞাইয়া পাছু কৃষ্ণা খায়।। ट्रिमाउ मिहे वर्त वर्ष्ट्रम विहरिम। পঞ্চবর্ষ কুষ্ণা সহ ভাই চারি জনে।। একদিন একাস্তে বসিয়া সর্ব জনে। শোকেতে আকুল হল স্মরিয়া অর্জুনে।। हाति छोडे क्रस्था मह कारन्यन मधरन। कनधाता वटह मना यूनन मञ्जल।। রোদন সমূরি ভীম রাজা প্রতি কয়। পার্থের বিচ্ছেদ তাপ না সহে হৃদয়।। পার্থের যতেক গুণ প্রশংসে সংসারে। ুবহুমত গুণ ভাই ধনঞ্জয় ধরে।।

অর্জুনের নিমিত্ত পাণ্ডবদিগের আংক্ষেপ।

তোমার আজাতে দেই পার্থ বীরবর। না জানি যে কোন বনে গেল সে সত্তর।। শোক তুঃখে গেল সে অগম্য স্বৰ্গস্থল। বহু দিন তাহার না জানি হে কুশল।। বনমধ্যে তাহার বিপদ যদি হয়। শ্রুতমাত্র প্রাণ আমি ছাড়িব নিশ্চয়।। কৃষ্ণ প্রাণ ছাড়িবেক আর যতুগণ। পাঞ্চাল দেশেতে যত পাঞ্চালনন্দন।। সবে প্রাণ দিবে রাজা অর্জুন বিহনে। পার্থ বিনা শরীর ধরিব কি কারণে।। যত কর্ম্ম কৈল ধৃতরাফ্র-পুজ্রগণ। অন্য জন হলে প্ৰাণ ত্যজি ততক্ষণ ॥ ক্ষণেকে মরিতে পারি ঘূণাতে না মরি। যে ভায়ের তেজে রাজা হেন মনে করি। ইন্দ্র আদি নাহি গণি যে ভায়ের তেজে ভূত্যপ্রায় খাটাইল যত মহারাজে।। তব পাশা ক্রীড়া হেতু শুন ম্হারাজ। ভাই ভাই ঠাঁই ঠাঁই হ'কু বনমাঝ।। অধর্ম করিলে রাজা ধর্ম না বুঝিলে। ক্ষত্রধর্ম রাজ্য রক্ষা তাহা তেয়াগিলে॥ এখনো সদয় হয়ে ক্ষমিছ কৌরবে। ত্রয়োদশু বৎসরাস্তে অবশ্য মরিবে।। তবে কেন ছুষ্টজনে এবে ক্ষমা করি। বনে কত ছুঃখ পাই তাহারে না মারি।। যদি কদাচিত পাপ জ্ঞাতিবধে হয়। যজ্ঞ দান করিয়া খণ্ডিব মহাশয়।। নত্বা এ বনবাস করিব তথন। আগে সব শক্তগণে করিব নিধন।। কপটে কপটী মারি পাপ নাহি তায়। আক্সা কর দুত গিয়া আনে যতুরায়।। জগলাথে সাথে করি মারি কুরুকুল। যথা কৃষ্ণ তথা জয় কিসে অপ্রতুল।। এত শুনি ভীমদেনে করিল চুম্বন। শান্ত করি কহে রাজা মধুর বচন।। ए। কহিলে ব্কোদর সকল প্রমাণ। কিনের আপদ যার স্থা ভগবাৰ

किन्छ एक (उपवानी सूनिशरन कन्न। যথা ক্লম্ভ তথা ধর্ম্ম তথায় বিজয়।। অধর্মী লোকের ক্লফ সহায় না হয়। ভাই বন্ধু বহু তার কেছ কিছু নয়।। হেন ধর্ম না আচরি অধর্ম করিলে। নহিবে গোবিন্দ সথা আমি জানি ভালে অবশ্য মারিবে তুমি কৌরব তুরস্তে। এক্ষণে নহেক ত্রয়োদশ বৎসরাস্তে।। যে নিয়ম করিলাম খণ্ডাবারে নারি। নিয়ম করিয়া পূর্ণ মার সব ভারি।। হেনমতে ভ্রাভূসহ কথোপকথন। **ट्निकाल जारम तुरुमच जर्माधन ॥** যথোচিত পূজিলেন পাপুর নন্দন। বসিবারে দেন আনি কুশের আসন।। শ্রাম্ভ হয়ে মুনিরাজ বসিল তখন। যুধিষ্ঠির কহেন আপন বিবরণ।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

নল রাজার উপাখ্যান।

যুধিষ্ঠির বলেন মুনি কর অবধান। আমার ছঃথের কথা নাহি পরিমাণ।। কপটে সকল মম নিল রাজ্য ধন। জটাচীর পরাইয়া পাঠাইল বন।। যত ক্লেশ ছঃথে আমি বঞ্চি যে এথায়। রাজপুত্র হয়ে এত তুঃখ নাহি পায়।। রাজার বচন শুনি হাসে মুনিবর। কভক্ষণে বৃহদশ্ব করিল উত্তর।। কি ছঃখ তোমার রাজা অরণ্যভিতর। ইন্দ্র চন্দ্র সম তোমা সঙ্গে সহোদর।। ব্রহ্মার সদৃশ দ্বিজ সঙ্গে শত শত। দাস দাসী আর যত তব অমুগত।। এই হেতু ছুঃখ নাহি দেখি যে তোমার। তোমা হতে নল ছুঃথ পাইল অপার।। . এত শুনি জিজাসেন ধর্মের নন্দন। कृष्ट् एनि यूनि त्म है मन विवत्ना

রাজপুত্র হয়ে আমা সমান ছঃখিত। অবশ্য শুনিতে হয় তাঁহার চরিত।। কহ শুনি মুনিরাজ তাঁহার কথন। কোন দেশে ঘর তাঁর কাহার নক্ষন।। त्रमध राल खन धार्मात नमन। তোমা হতে বড় ছুঃখী নিষধ-রাজন।। নল নামে নরপতি বীরসেনসূত। ইন্দের সদৃশ রাজা মহাগুণযুত।। ৰূপেতে কন্দৰ্প তুল্য অতি জিতেন্দ্ৰিয়। যশস্বী তেজস্বী ধীর অকে বড় প্রিয়।। নিষধ রাজ্যেতে নল মহাগুণবান। বিদর্ভেতে ভীম রাজা তাঁহার সমান।। বংশের কারণ রাজা বড় চিন্তা মন। কত দিনে আদে তথা মহর্ষি দমন।। পুত্র হেতু ভার্য্যা সহ তাঁহারে পুজিল। হৃষ্ট হয়ে মুনি তাঁরে এই বর দিল।। ৰূপেতে সংসারে নারী করিবে দমন। দময়ন্তী কন্যা পাবে বড় সুলক্ষণ।। प्रमान्त वरत कन्या इन प्रमान्ती। यक तक (पर नत्त ना (परि (य कांन्डि। নাহিক সমান ব্রপে গুণে লক্ষ্মী সমা। নলের কারণে হল অতি নিরূপমা।। সমান বয়ক্ষ সঙ্গে শত সখীগণ।, দময়ন্তী পাশে তারা থাকে অনুক্রণ।। দমর্ত্তী সাক্ষাতে যতেক স্থীগণ। নিরবধি বাখানে নলের রূপ গুণ।। নলের চরিত্র শুনি ভীমের নন্দিনী। কাম-দাবানলে দক্ষা যেমন হরিণী।। দময়ন্তী-গুণ নল শুনি লোকমুখে। সদাই **অস্থির রাজা শর বাজে** বুকে।। দময়ন্তী চিন্তাতে নলের মগ্ন মন। কত দিনে দেখ তার দৈবের ঘটন।। অন্তঃপুর উদ্যানে বিহরে ছুঃখমতি। জলতটে হংস এক দেখে নরপতি।। নিকটে পাইয়া হংস ধরিল তথন। রাজা প্রতি বলে হংস বিনয় ৰচন

ছাড়হ আমারে রাজা না কর নিধন। করিব তোমার প্রীতি চিন্ত যে কারণ।। তব অনুৰূপৰূপ। ভীমের নন্দিনী। তার সহ মিলন করাব নুপমণি।। এতেক শুনিয়া রাজা হংসেরেঁ ছাড়িল। অন্তরীকে গতি পক্ষী বিদর্ভেতে গেল।। অন্তঃপুর-মধ্যে যথা সরোবর ছিল। সেইখানে গিয়া হংস খেলিতে লাগিল।। এইকালে দময়ন্তী সহচরী সনে। পূষ্প তুলিবার ছলে আইল সেখানে।। সরোবর-মধ্যে হংস দেখি ৰূপবতী। ধরিবার আদে যান মন্দ মন্দ গতি।। চতুর্দ্দিকে বেড়ি হংসে ধরিল স্ত্রীগবে। विमर्जीदत इश्म करह मनुषा वहता।। নিষধ রাজ্যেতে রাজা নল মহামতি। অশ্বিনীকুমার রূপে নিন্দে রতিপতি।। নরলোকে তার সম নাহি ৰূপে গুণে। করাইব মিলন তোমার তার সনে।। যদি ভাগ্যে থাকে তব ভৰ্ত্তা হবে নল। তোমার যৌবন রূপ হইবে সফল।। সার্থক হউক ৰূপ শুনহ বচন। নল নুপতিরে যদি করহ বরণ।। শুনিয়াৢ ভৈমীর মন অনকে পীড়িল। বিধাতা আমার হেতু মলেরে স্থাজিল।। নল নুপতিরে আমি করিব বরণ। এত বলি হংসে পাঠাইল সেইক্ষণ।। কহিল সকল কথা মলের গোচর। শুনিয়া উদ্বিগ্ন সে হইল নুপবর।। যে হইতে হংসভাষা বৈদৰ্ভী শুনিল। নলের ভাবনা করি সকল ত্যাজিল।। বিবর্ণ বদন ভুরি সহনে নিশ্বাস। ত্যজিল আহার আর সদা হাহা ভাষ।। ममग्रसी-छुड्थ (मिथ नव नथीन।। ভীম নরপতি পাশে করে নিবেদন।। শুনিয়া নৃপতি বড় হইল চিন্তিত। কোন হেডু দময়ন্তী-হইল ছঃখিত।।

মহাদেবী বলে কিবা চিন্ত নৃপবর।

যুবতী হইল কন্যা কর স্বয়স্থর।।
শুনিয়া বিদর্ভপতি উদ্বোগী হইল।
রাজ্যে রাজ্যে দৃত গিয়া নিমন্ত্রণ দিল।।
দেশে দেশে বার্ত্তা পেয়ে যত রাজ্ঞগণ।
বিদর্ভনগরে সবে করিল গমন।।
হয় হন্তী পদাতিকে পুরিল মেদিনী।
বার্ত্তা পেয়ে আসিলেন যত নৃপমণি।।
বিদর্ভে আইল যত রাজ্যের ঈশ্বর।

যথাযোগ্য স্থানে সব বসে নৃপবর।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

দময়ন্তীর সমস্বর।

দময়ন্তী-স্বয়ুমূর শুনিয়া সময়। পুরাতন ঋষি আাসে অমর আলয়।। (৪) যথাবিধি তাঁরে পূজি দেব সুরেশ্বর। জিজ্ঞাসিল কোথা ছিলে ওছে মুনিবর।। ঋষি বলে গিয়াছিনু পৃথিবীমগুল। আশ্চর্য্য দেখিকু তথা শুন আখণ্ডল।। বিদর্ভরাজার কন্যা দময়ন্তী নামা। দেব যক্ষ নাগ নরে দিতে নারে সীমা।। তার ৰূপে সুশোভিত হল ভূমগুল। **एक्ट मध** देशन प्रिथि वषन कमन।। ভীমরাজা করিল কন্সার স্বয়ম্বর। নিমন্ত্রিয়া আ'নিলেন যত নুপবর।। मगरास्त्री काल छन स्विता खावरन। দেখিতে আইল কত বিনা নিমন্ত্রণে।। নারদের এই বাক্য শুনি দেবগণ। मगग्रसी कार्य गर्भ इन मर्कक्रन।। দময়ম্ভী প্রাপ্তি বাঞ্চা করি দেবগণ। স্বয়ম্বর-স্থানে সবে করিল গমন।। পৃথিবীতে বদে যত রাজরাজেশ্বর। ,অহনিশি আসিতেছে বিদর্ভনগর।। <sub>।</sub>मरेमरना हिलल नल (পरिय निमञ्जन । शर्य नल गर एउ**हे रल एर**कान ॥

দেখিরা নলের ব্রূপ বিসায় অন্তর। দময়ন্ত্রী বাঞ্ছা ত্যাগ করিল অমর।। ইহা দেখি অস্তে না বরিবে কদাচন। এত চিন্তি নল প্রতি বলে দেবগণ।। সাধু সর্বগুণাপ্রায় তুমি মহারাজ। সহায় হইয়া তুমি কর এক কাজ।। কুতাঞ্জলি করি বলে নিধ্ধনক্ষন। কে তোমরা আমা হতে কিবা প্রয়োজন।। ইন্দ্র বলে আমি ইন্দ্র ইনি বৈশ্বানর। শমন বরুণ এই জলের ঈশ্বর।। সবে আসিয়াছি দময়ন্তী লভিবারে। সবাকার দূত হয়ে যাহ তথাকারে॥ कि वर्ष रिवमर्जी जानि आहेम मञ्जरत । নলেরে এতেক বাক্য কহিল অমরে।। রাজা বলে দ্রুতগতি যাইতেছি আমি। কেমনে ভেটিব কন্সা অগম্য সে ভূমি।। রক্ষকেরা পুররক্ষা করিছে যতনে। এ বেশে পুরুষ আমি যাইব কেমনে।। 'দেবগণ বলে আমা সবার প্রভাবে। না হবে বারণ ভূমি অলক্ষোতে যাবে।। দেবগণ-ৰাক্য নল করিয়া স্বীকার। চলিয়া গেলেন দময়ম্ভীর আগার।। मशीनवस्या प्रमञ्जीत (प्रथिल। দেখিয়া তাঁহার ৰূপ অজ্ঞান হইল।। অতি সুকুমার্ত্তপা অনঙ্গমোহিনী। ক্লেণদরা মনোহরা বিশাললোচনী।। পুর্বের হংসমুখে রাজা যতেক শুনিল। সত্য সত্য বলি রাজা সকল মানিল।। নল দেখি দময়ন্তী হল চমকিত। কেবা এ পুরুষবর এথা উপনীত।। ইন্দ্র কিয়া কামদেব অশ্বিনীকুমার। ধন্ত ধাতা হেন ৰূপ স্ঞ্জিল ইহার।। বসিতে আসন দিতে হৃদয়ে বিচারে। সাহস করিয়া কিছু কহিতে না পারে।। কতক্ষণে মন্দ হাসি কহে মৃত্যভাবে। কে তুমি পোড়াহ মোরে কন্দর্প-ছতাশে

কেমনে আসিলে এথা কেহ না দেখিল। লক্ষ লক্ষ রক্ষকেতে যে পুরী রাখিল।। প্রমাদি দেবে মোর পিতা দণ্ড করে। এত তুর্গ পার হয়ে এলে কি প্রকারে।। রাজা বলে আমি নল জান বরাননে। এথা আইলাম দেবতার দূতপণে।। ইন্দাগ্নি বরুণ যম পাঠান আমারে। সবাকার ইচ্ছা বড় তোমা লভিবারে ॥ এ চারি জনের মধ্যে যারে হয় মন। ষ্পাজ্ঞা কর তারে গিয়া করি নিবেদন।। এই হেতৃ তব পুরে করি জাগমন। দেবের প্রভাবে না দেখিল কোন জন।। কন্তা বলে দেবগণ বন্দিত সবার। দে কারণে তাসবায় মম নমকার।। নিষ্ফল এথায় আসিছেন দেবগণ। পুর্নের নল নৃপতিরে করেছি বরণ।। হংসমুখে পূর্কে আমি ববেছি ভোমায়। কেমনে আমারে ত্যাগ কর নর্রায়।। কায়মনোবাক্যে রাজা তুমি মম পতি। তোমা ভিন্ন বিষ ভাগ্নি জলে মোর গতি।। नल दरल (यहे पिर्व शृंदक मर्खकन। তপস্থা করিয়া বাঞ্চে যার দরশন।। মুহূর্ত্তেকে ভূমওল বিনাশিতে পারে। হেন জন বাঞ্জে ভোমা ভাজ কেন তাঁরে।। ইন্দ্র দেবরাজ দৈত্য দানবমর্দ্দন। ক্রৈলোক্যের উপরে যাঁহার প্রভূপণ।। শচীর সমানা হবে ঘাঁহারে বরিলে। হেন দেব ভ্যজি কেন মনুষ্য ইচ্ছিলে।। দিক্পাল বৈশ্বানর সবাকার গতি। যাঁর ক্রোধে মুহূর্তেকে ভন্ম হয় ক্ষিতি।। বরুণ যে জলেশ্বর নর-অন্তকারী। কেমনে বরিবে অন্যে তাঁকে পরিহরি।। কন্যা বলে অন্যে মোর নাহি প্রয়োজন। তুমি ভর্তা তুমি কর্তা করিতু বরণ।। শুভকার্য্যে বিদম্ব না কর মহামতি। গলৈ মাল্য দিতে রাজা দেহ অনুমতি ॥

नल वटल टेहा तम नाहिक काथका । দুত হয়ে কেমনে করিব হেন কর্ম।। এত শুনি বৈদর্ভীর বিষয় বদন। हुहे ठक्क अञ्चल्य करवन दानिन ।। পনঃ বলে দময়ন্ত্রী চিন্তিয়া উপায়। বরিব তোমাবে দোষ ন। হবে তাহায়।। দেবগণ সহ তুমি এস স্বায়রে। ভাঁদবার মধ্যে আমি বরিব ভোমারে।। এত শুনি নল বাজা করেন গমন! দেবগণ পাশে গিয়া করে নিবেদন।। কেহ না দেখিল মোরে তব অনুগ্রহে। দেখিলাম মে কন্তারে অন্তঃপ্র-গৃহে।। কহিলাম স্বাকার যে স্ব সন্দেশ। প্রবন্ধেতে রূপ গুণ বিভব বিশেষ।। কাবে না চাহিয়া কন্যা আমারে ইচ্ছিল। আদিবার কালে পুনঃ এমত বলিল।। দেবগণ সঙ্গে এস স্বয়ম্বর স্থানে । 🖟 তোমারে বরিব ভাঁসবার বিদ্যমানে ॥ বৈদভীর চিত্ত বুঝি সব দেবগণ। নলের সমান বেশ ধরেন তথন।। এইক্রপে দেবগণ নলের সংহতি। স্বয়ম্বর স্থানে চলি গেল শীঘগতি।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

लमश्कीत सन-वदन ।

স্থাম্বরে উপনিত যত দেবগণ।

যথাযোগ্য আসনেতে বসে সর্বজন।।

কুলে শীলে বাপে গুণে একই প্রকার।

বিবিধ রতন অক্সে শোভে সবাকার।।

সিংহগ্রীব গজকর গমনে সিন্ধুজ।

পঞ্চমুথ ভুজঙ্গ সদৃশ ধরে ভুজ।।

তবে বিদর্ভের রাজা শুভকণ দিনে।

দময়ন্তী আনাইল সভাবিদ্যমানে।।

দেখিয়া মোহিত হল সব রাজগণ।

দৃষ্টি মাত্র হরিলেক সবাকার মন।।

যত যত মহারাজ আছিল সভায় ! চিত্রের পরলি প্রায় একদৃষ্টে চায়।। नल दिन। देवमञ्जीत फाटना नाहि सन। কোথায় আছমে নল করে নিরীক্ষণ।। এক স্থানে দেখে ভৈমী সভার ভিতর I নলের আকার পঞ্চ পরুষ সুন্দর।। বর্ণেতে নরেব সহ নাহি কিছু ভেদ। দেখি দময়ন্তী চিত্তে করে বড় খেদ।। পঞ্চবিধ নল দেখি বরিব কাহারে। হৃদয়ে করিল চিন্তা বঞ্চিল **আমারে।।** দেবলিক্সে নরলিক্সে বিভেদ আছয়। দেবমায়া বলে কিছু সেই ব্যক্ত নয়।। উপায় বা দেখি ভৈমী বিচারিল মনে। কর্যোড়ে স্তুতিবাদ করে দেবগণে।। তোমরা যে অন্তর্গামী জানহ সকল। পূর্কে হংসমুখে আমি বরিয়াছি নল।। প্রসন্ন হইয়া সবে মোরে দেহ বর। জ্ঞাত হয়ে পাই আমি আপন ঈশ্বর।। সত্যেতে সংসারবর্ত্তে আমি যদি সতী। তোমা স্বামধ্যে যেন চিনি নিজ পতি বৈদভীর মনোভাব জানি দেবগণ। আপন আপন চিহ্ন করান দর্শন।। অনিমেষ নয়ন স্বেদাস্থ হীনকায়া। অন্নান কুমুম অঙ্গে নাহি অঙ্গছায়া॥ বৈদর্ভী জানিল তবে এ চারি অমর। নল পরপতি দেখে ভূমির উপর।। হৃষ্টা হয়ে শীঘুগতি মালা দিল গলে। দেবতা গন্ধৰ্ক সবে সাধু সাধু বলে।। তবে নল নরপতি প্রসন্ন হইয়া। দম্যন্ত্রী প্রতি বলে আশ্বাস করিয়া।। যাবৎ শ্রীরে মম থাকিবেক প্রাণ। তাবৎ ধরিব তোমা প্রাণের সমান।। নলেরে বৈদভী তবে করিল বরণ। দেখিয়া সন্তুষ্ট হল যত দেবগণ।। তৃষ্ট হয়ে ইফীবর দিল চারি জন। অলক্ষিত বিদ্যা দিল সহস্ৰলোচন।।

অমৃত দিলেন তবে জলের ঈশ্বর।

যথায় চাহিবে জল পাবে নরবর।।

জামি বলে যাহা ইচ্ছা করিবে রন্ধন।

বিনা জামি রক্ষন হইবে তভক্ষণ।।
প্রাণিবধ বিদ্যা দিল সূর্য্যের নন্দন।

তাস্ত্র তুণ ধনু দিয়া করিল গমন।।

নিবর্তিয়া স্বয়ম্বর সবে গেল ফর।

দময়ন্তী লয়ে গেল নল নূপবর।।

দময়ন্তী বিনা রাজা জন্যে নাহি মতি।

কুতৃহলে ক্রীড়া করে যেন কাম রতি।।

প্রাবলে নাহি কেহ নলের সমান।।

মহাভারতের কথা পরম পবিত্র।

আারণ্যকে অনুপম নলের চরিত্র।।

नन श्रुकरत्व माट कौड़ां। স্থয়পুর িবর্তিয়া যায় দেবগণ। পথেতে দ্বাপর কলি ভেটে ছুইজন।। .জিজ্ঞাসিল তুই জনে যাহ কোথাকারে। কলি বলে যাই বৈদর্ভীর স্বয়ম্বরে॥ সে কন্যার স্বাপ গুণ শুনিয়া প্রবণে। প্রাপ্তি ইচ্ছা করি তথা যাই ছুই জনে ॥ श्री हेन्स वर्त माक रन स्रायत। মলেরে বরিল ভৈমী সভার ভিতর।। এত শুনি ক্রোধে কলি বলে আরবার। দেব স্বামী ত্যজি তুষ্টা ববে নর ছার।। এই হেতু দণ্ড জামি করিব তাহারে। প্রতিজ্ঞা করিন্ম আমি তোমার গোচরে দেবগণ বলে তার দোষ নাহি তিলে। জামা সবাকার বাক্যে বরিলৈক নলে।।. নলের চরিত্র কিছু কহনে না যায়। সংসারের যত গুণ বঞ্চে নলাভায়।। সমুদ্র গভীর ছিল স্থির ছিল মেরু। পৃথিবীতে ক্ষমা ছিল চন্দ্ৰ ছিল চাৰু।। সবারে ছাড়িয়া নলে করিল আশ্রয়। যজ সভা তৃপ্ত দেব যাহার আলয়।।

সত্যত্ৰতী দৃঢ়প্ৰীতি তপঃশৌচ দানী। আমা সবাকার মাঝে নলেরে বাথানি।। (इन नत्न छु ध्यमां डा इत्य (यह जन। বিপুল তুঃখেতে মজিবেক সেই জন ।। এত বলি দেবগণ করিল গমন। দ্বাপর কলিতে দোঁহে চিন্তে মনে মন।। নলের যতেক গুণ বলে সুরপতি! হেন জনে দিবে দণ্ড কাহার শকতি।। কলি বলে তুমি মোর হইবে সহায়। যেমনে দণ্ডিব মনে করিব উপায়।। রাজ্যভ্রষ্ট করাব বিচ্ছেদ তুই জনে। পাশায় ক্রিয়া মন্ত নৈষধ রাজনে।। অক্ষপাটি হবে তুমি সহায় আমার। কলি-বাক্যে দ্বাপর করিল অঙ্গীকার।। এতেক বিচারি দোঁহে করিল গমন। নলের সহিত কলি থাকে অনুক্রণ।। নৃপতির পাপছিদ্র খুঁজে নিরন্তর। হেনমতে গেল দিন দ্বাদশ বৎসর।। একদিন নরপতি সন্ধার কারণে। তাম্প শৌচ কৈল পদে ভ্ৰম হল মনে।। ছিদ্র পেয়ে প্রবেশিল কলি তাঁর দেহে। নিজ বুদ্ধি হীন হল রাজার হৃদয়ে।। পুত্মর নামেতে ছিল রাজার সোদর। তাহার সদনে কলি চলিল সত্র।। কলি বলে অবধান করহ পুত্রর। বৈভব বাঞ্ছ যদি মম বাক্য ধর।। নলের সহিত পাশা খেল গিয়া তুমি। সহায় হইয়া ভোরে জিনাইব আমি।। কলির আশ্বাস পেয়ে পুস্কর চলিল। খেলিব দেবন বলি নলে আহ্বনিল।। এতেক শুনিয়া নল প্রস্কুরের দম্ভ। অহস্কারে ক্ষণেক না করিল বিলয়।। পণ করি খেলিতে লাগিল ছুই জন। হিরণ্য বিবিধ স্থার রঙ্গত কাঞ্চন ॥ পুস্করের ৰশ অক্ষ দ্বাপর প্রভাবে। নাহি হয় অভথা সে যাহা সাগে যবে। পুনঃ ক্রোধে পণ করিলেন রাজা নল। মতিচ্ছন্ন হইল না বুঝে মান্নাবল।। সুহৃদ বান্ধব মন্ত্ৰী যত পৌরজন। কার শক্তি না হল করিতে নিবারণ।। তবে যত বন্ধুগণ একত্র হইয়া। प्रशासी **ञारन मरव काना**हेन शिशा ॥ মহাত্রঃখ উৎপাত আনেন নৃপতি। কর গিয়া আপনি নিবর্ত্ত তুমি সতী।। এত শুনি দময়ন্তী বিষ্পুবদন। অতিশীঘ্র নুপস্থানে করিল গমন।। রাজারে বলেন ভৈমী বিনয় বচন। মন্ত্রিদহ দ্বারে আছে অমাত্যের গণ।। আজা কর সবে আসি করুক দুর্শন। ত্যজহ দেবন পাশা রাজ্যে দেহ মন।। কলিতে আচ্ছন্ন রাজা নাহি শুনে বাণী। মাথা তুলি ভৈমীরে না চাহে নৃপমণি।। পুনঃপুনঃ কহে ভৈমী বারিতে নারিল। জ্ঞানহত হল রাজা নিশ্চয় জানিল।। নিজ নিজ গৃহে তবে গেল পুরজন। অন্তঃপুরে গেল ভৈমী করিয়া রোদন।। হেনমতে নল রাজা থেলে বহু দিন। क्रा क्रा देव व्यक्ति मव इन शैन।। অক্ষ বিনা নুপতির নাহি অন্যমন। সকল ত।জিয়া রাজা থেলে অনুক্ষণ।। দেখিয়া বৈদৰ্ভী মনে আতক্ষ পাইল। বৃহৎসেনা নামে ধাত্রী প্রতি সে বলিল।। শীঘ্র আন বাক্ষেয় সার্থিকে ভাকিয়া। আজ্ঞামাত্রগেল ধাত্রী আরতি বুঝিয়া।। সেইক্ষণে আইল সার্থি বিচক্ষণ। সার্থি দেখিয়া ভৈমী বলেন বচন।। সর্কনাশ হেতু পথ করিল ব্লাজন। এ মহাবিপদে ভূমি করহ তারণ।। ইন্দ্রমেন পুত্র আবুর কন্যা ইন্দ্রমেনা। মম জ্ঞাতিগৃহে রাখি এস ছুইজনা।। বিলম্ব না কর রথ আন শীদ্রগতি।

আজ্ঞামাত্র রথ সাজি আনিল সার্থি।।

রথে চড়াইল ছুই কুমার কুমারী। মুহূর্ত্তেকে উত্তরিল কুণ্ডিন নগরী।। রথ অশ্ব সহিত থুইল রাজপুরে। পুনঃ গেল বাফে য় সে.নিষ্ধ নগরে।। পুণ্য কথা ভারতের শুনে পুণ্যবান। কাশীদাস বিরচিল নলের আখ্যান।। নল-দুময়ন্তীর বন-গামন ও নলের দময়ন্তী ভাগে। পুস্করের সহ পাশা খেলে রাজা নল। একে একে রাজ্য ধন হারিল সকল।। বসন ভূষণ আর রত্ন অলঙ্কার। সকল হারিল রাজা কিছু নাহি আর।। হাসিয়া পুস্কর তবে বলিল বচন। থেলিব কি আছে আর শীঘ্র কর পণ।। অবশেষে তব কিছু নাহি দেখি জার। রাণী দময়ন্তী পণ করহ এবার।। এতেক শুনিয়া ক্রোধে লোহিত লোচন। নাহিক কহিতে শক্তি বিষয়বদন।। তবে রাজা বস্ত্র রত্ত্ব যা ছিল শরীরে। বাহির করিয়া রায় দিলেন পুস্করে।। একবস্ত্র পরিধানে বাহির হইল। অন্তঃপুরে থাকি তবে বৈদর্ভী শুনিল।। অঙ্গের ভূবণ যত ফেলিল খুলিয়া। চলিল রাজার সহ একবস্ত্রা হৈয়া।। আজ্ঞা দিল পুস্কর আপন অনুচরে। এই কথা জ্ঞাত কর নগরে নগরে।। নল রাজা যাইবেক সন্নিকটে যার। নলেরে রাখিলে তার সবংশে সংহার।। আক্রামাত্র রাজ্যে রাজ্যে জানাইল চর। রাজাক্তা শুনিয়া সবে হুদে পায় ভর।। তিন দিন ছিল নল নগরভিতর। রাজার ভয়েতে কেহ না যায় নগর।। কে করে জিজ্ঞাসা তারে না যায় নিকটে। কুধায় তৃষ্ণায় নল গেল নদীতটে।। তিন রাত্রি দিনাস্তরে করি জলপান

তার পরে বনমধ্যে করিল প্রয়াণ্।।

পাছু পাছু দময়ন্তী করিল গমন। অরণ্যের মধ্যে প্রবেশিল ছই জন।। বহু দিন ক্ষুধা ভৃষণ শরীর পীড়িত। বনমধ্যে স্বৰ্ণপক্ষী দেখে আচয়িত।। পক্ষী দেখি আনন্দিত ভাবিল রাজন। মাংদ ভক্ষি পক্ষ বেচি পাব বহু ধন।। ধরিবার উপায় চিন্তিল মনে মূন। পক্ষীর উপর ফেলে পিন্ধন বসন।। বস্ত্র লয়ে উড়িল মায়াবী বিহঙ্গম। আকাশে উড়িয়া বলে আরে মতিভ্রম।। সর্কনাশ কৈনু অংক ভ্রম্ট করি জ্ঞান। আমি কলি দ্বাপর বলিয়া এবে জান।। স্থামা সবা এন্ডি ভৈমী বরিল তোমারে। তাহার উচিত ফল দিলাম, উহারে।। এত শুনি নরপতি ভেমী প্রতি বলে। যতেক কহিল পক্ষী শ্রবণে শুনিলে।। অকে যেই হারাইল সেই বস্ত্র নিল। বিশ্বয়ে আমার প্রিয়ে জ্ঞান হত হল।। এখন যে বলি শুন তাহার কারণে। এই যে দেখহ পথ যাইতে দক্ষিণে।। অবন্তী নগরে লোক যায় এই পথে। এই যে দেখহ পথ কোশলা যাইতে।। এই পথে যাহ প্রিয়ে বিদর্ভনগরে। শুনিয়া হইল ভৈমী কন্পিত অন্তরে।। রোদন করিয়া ভৈমী কহে রাজা প্রতি। তব বাক্য শুনি মোর স্থির নহে মতি।। রাজ্যনাশ বনবাস বিবস্তু হইলে। কুধা ভৃষ্ণা মহাতুঃখ সাগরে ভুবিলে।। সব পাসরিবে আমি থাকিলে সংহতি। আমারে ত্যজিতে কেন চাহ নরপতি।। ভার্য্যার বিহনে রাজা নাহি সুথলেশ। আমারে ত্যজিলে বনে পাবে বড় ক্লেশ।। নল বলে সত্য তুমি যতেক কহিলে। ভার্য্যাসম মিত্র জার নাহি ক্ষিতিতলে ॥ ত্যজিবারে পারি আমি আপন জীবন। তোমা ভাগে না করিব আমি কদাচন।।

ভৈমী বলে মোরে যদি ত্যাগ না করিবে। বিদর্ভের পথ কেন দেখাইয়া দিবে।। এই হেতু শক্ষা মম হতেছে রাজন। তোমা ছাড়ি গেলে মোর নিশ্চয় মরণ।। এক বাক্য বলি রাজা যাদি লয় মনে। বিদর্ভনগরে চল যাই ছুই জনে।। তোমারে দেখিলে পিতা হবে হর্ষিত। দেবতুল্য তোমারে পূজিবে নিত্য নিত্য।। নল বলে নহে দেবি যাবার সময়। এ বেশে কুটুমুগুহে উচিত না হয়।। আপনি জানহ ভূমি স্য়ম্বর কালে। তব পিতৃগৃহে গেনু চত্রঙ্গ দলে।। এখন এ বেশে গেলে হাসিবেক লোক। বৈরীর হইবে হর্দ সুহ্লদের শোক।। পরম বন্ধুর গৃহে যায় যদি দীন। শক্রসম হইলেও হয় মান্হীন।। অনাহারে থাকি তপ করিব কাননে। তঃখী হয়ে বন্ধুগুহে না যাব কখনে।। তবে পুনঃপুনঃ ভৈমী অনেক কহিল। না শুনিল নৈল রাজা নিশ্চয় জানিল।। যেই বস্ত্র ছিল ভৈমী করিয়া পিহান। সেই বস্ত্র সারিয়া পরিল চুই জন।। ছাড়িয়া যাবেন স্বামী ভয় করি মনে। এক বস্ত্র উভয়ে পরিল সে কারণে।। বেগেতে চলিতে নারে যায় ধীরে ধীরে। ক্ষুধায় তৃষ্ণায় ভ্রমে তুর্কল শরীরে।। দিব্য এক স্থান রাজা দেখিল কাননে। পরিশান্ত হইয়া শুইল ছুই জনে।। তাকাড়ি করিয়া ভৈমী ধরিয়া রাজারে। পাছে স্বামী বায় ছাড়ি সভয় অন্তরে।। একে সুকুমারী বহু দিন নিরাহারা। শোবামাত্র দময়ন্তী হল জ্ঞানহারা।। তুঃখে সন্তাপিত নল নিদ্রা নাহি পায়। , মনে বিচারিল যে বৈদর্ভী নিদ্রা যায়।। ১এ ঘোর অরণ্যে ভৈমী সঙ্গে যদি থাকে ্বিম্য ডুঃখ দেখি নিত্য সঞ্জিবেক শোকে।

আমারে না দেখি কোন পথিক সংহতি। ক্রমে ক্রমে যাইবেক পিতার বসন্তি।। এ তুঃখ সমুদ্র হতে হইবে মোচন। আমিহ একক হলে যাব যথা মন।। একাকী রাখিয়া যাব ঘোর বনস্থল। সেহ ভর নাহি কেহ করিবে না বল।। তপস্থিনী পতিব্ৰতা ভক্তি আমাতে। এরে কে করিবে বল নাহি ব্রিজগতে।। কলিতে আচ্চন্ন রাজা হত নিজ জ্ঞান। দনয়ন্তী-ত্যজিবারে করে অনুমান।। একবস্ত্র আচ্ছাদন দোঁহাকার কায়। মনে চিন্তে কি করিব ইহার উপায়।। পাছে জাগে দময়ন্তী চিন্তিত রাজন। ভাবিত হইল বড় কি করি এখন।। কেমনে ত্যজিব আমি একবস্ত্র পরা। শরীরে আছিল কলি চুষ্ট খরতরা।। জানিয়া রাজার মন কলি থজাৰপ। সমুখে হেরিয়া খড়র হর্ষিত ভূপ।। অস্ত্র লয়ে অর্জবাস ছেদন করিল। মায়াতে মোহিত রাজা আকুল হইল।। ধীরে ধীরে তথা হতে গমন করিল। কত দূর হতে তবে বাহুড়ি আইল।। দেখিল বৈদৰ্ভী নিদ্ৰা যায় অচেতন। ব্যাকুল হইয়া রাজা করুয়ে ক্রন্দন।। সিংহ ব্যাঘ্র লক্ষ লক্ষ এ ঘোর কাননে। কি গতি হইকে প্রিয়া আমার বিহনে।। হে সুর্গ্য পবন চন্দ্র বনের দেবতা। ভোমা সব রক্ষা কর আমার বনিতা।। এত বলি নরপতি করিল গমন। পুনঃ কত দূর হইতে ফিরিল রাজন।। কলিতে আচ্ছন্ন রাজা তুই দিকে মন। ভার্য্যা-স্নেহ ছাড়িতে না পারে কলাচন।। দময়ন্ত্রী-ছঃথে ছঃখী কহিছে অন্তরে। অনাথ করিয়া প্রিয়ে যাই হে ভোমারে।। তৈমীরে দেখিয়া অহি বিস্তারে বদন।। পুনরপি বিধি यकि कরায় ঘটন। मिथिव তোমाরে नटर **এই দরশন**।।

এত চিন্তি নরপতি আকুল হাদয়। পাছে দময়ন্ত্ৰী জাগে পুনঃ হল ভয়।। অভিবেগে চলিয়া যাইতে সেইক্ষণ। প্রবেশ করিল গিয়া নির্জন কামন।।

দময়ভীকে সর্পগ্রাস।

কতক্ষণে দময়ন্তী নিদ্রা অবশেষে। সজাগ হইয়া দেখে স্বামী নাহি পাশে।। মৃচ্ছিতা হইয়া ভৈমী ভূমিতলে পড়ি। ধুলায় ধুদর হয়ে যায় গড়াগড়ি॥ উঠিয়া সঘনে চতুৰ্দ্দিকে ধায় রভে। নাথ নাথ বলি উচ্চৈঃস্বরে ডাক ছাডে।। অনাথা ডাকয়ে কেন না দেহ উত্তর। কোন দিকে গেলে প্রভু নিযুধঈশ্বর।। কোন দোষে দুষী আমি নহি তব পায়। তবে কেন আমারে ত্যজিলা মহাশয় ।। ধার্মিক বলিয়া তোমা কছে সর্কলোকে। তবে কেন নিদ্ৰিত ছাড়িয়া গেলে মোকে লোকপাল মধ্যে পূর্কে সত্য কৈলে প্রভু। শরীর থাকিতে তোমা না ছাড়িব কভু।। সত্যবাদী হয়ে সত্য ছাড় কি কারণ। লুকায়িত আছ কোথা দেহ দরশন।। তুঃথ-সিন্ধুমধ্যে প্রভু কেন দেহ তুঃখ। অতি শীঘ্র এস নাথ দেখি তব মুখ।। ক্ষুধার্ত্ত ফলের হেতু গিয়াছ কি বনে। তৃষ্ণার্ত্ত হট্য়া কিবা গেলে জলপানে।। এত বলি বনে বনে ভৈমী পর্য্যাটিয়া। বাছি সিংহ মহিষ শুকর যত ছিল। লক্ষ লক্ষ চতুর্দ্ধিকে তাহারা বেড়িল।। স্বামী অম্বেষিয়া ভৈমী করে বনভ্রম। অকস্মাৎ সমাথেতে দেখে ভুজঙ্গম।। বিকট দশন আরু বিকট গর্জ্জন। বিপরীত মূর্ত্তি অহি দেখিয়া নিকটে। হা নাথ বলিয়া ডাকে পড়িয়া সকটে।।

আর না দেখিব প্রভু তোমার বদন। নিশ্চয় হইনু অজগরের ভক্ষণ।। উচৈতঃস্বরে কান্দে দেবী বলিয়া হা নাথ। দূরেতে থাকিয়া ভাহা শুনে এক ব্যাধ।। শীঘ্রগতি আসি ব্যাধ দেখি অজাগর। তুইখান করিল মারিয়া তীক্ষ শর।। সর্প মারি মুগজীবী কহে বৈদর্ভীরে। কে ভূমি একাকী ভ্রম এ কানন ঘোরে।। সকল রন্তান্ত তারে বৈদর্ভী কহিল। रिवमर्जीत कार्य वार्ष व्याकृत रहेत ॥ সম্পূর্ণ চন্দ্রমামুখ পীন-পয়োধর। বচন অমৃতে ব্যাধে বিক্ষে খরশর।। কামাত্র হয়ে যায় ভৈমী ধরিবারে। ব্যাধেরে দেখিয়া ভৈমী কহিছে অন্তরে। সত্যশীল নল রাজা যদি মোর পতি। নল বিনা অন্যে যদি নাহি থাকে মতি।। এ পাপিষ্ঠ প্রশিতে না পারে আমায়। এখনি হউক ভস্মরাশি ছুরাশয়।। এতেক বলিতে ব্যাধ ভঙ্গা হয়ে গেল। স্বামীর উদ্দেশে সতী বৈদ্রভী চলিল।।

সময়ন্তীর পতি অন্তেষণ ও সুবাহনগরে সৈবিন্ধী বেশে হিতি।

মহাঘোর বনে গিয়া করিল প্রবেশ।
নানাজাতি পশু তথা দেখয়ে বিশেষ।।
দিংহ কোল ব্যান্ত দ্বিপ খড়রী কৃষ্ণদার।
মৃগ মৃগী দেখে আর মহিষ মার্জার।।
শল্লকী নকুল গাধা মৃষিক বানর।
নানা জাতি নভোমার্গ স্পর্শে তরুবর।।
শাল তাল পিয়াল যে অর্জ্জন চন্দন।
শিমূল খর্জ্জুর জাম কদম্ব কাঞ্চন।।
আন্তাতক বিভীতক ফল আমলকী।
পলাশ ভুম্বর ভল্লাতক হরীতকী।।
খদির পাগুৰী পিচুমর্দ্দ কোবিদার।
শাকট কপিশ্ব অর্শ্বপ বট যে আর।।
নোরাড়ি বদরী বিঞ্চি বহেড়া পর্কটি।
অশোক চন্পক কেক্ষু তিক্তিড়ীক কাঁটি

বাপী সর তড়াগ সিন্ধুর সম নদী। নান। ঋতু রম্য স্থান বহু রত্ন নিধি।। যত যত দেখে ভৈমী অন্যে নাহি মন। স্বামী অম্বেষণে ভ্ৰমে গহন কানন।। যারে দৃষ্টি করে ভৈমী জিজ্ঞাসে তাহারে। দেখিয়াছ মম প্রস্তু গেল কোথাকারে॥ সিংহগ্রীব প্রভু মম বিশাললোচন। দীর্ঘতর মৃগ্ম ভুজ অর্দ্ধাঙ্গ বসন।। ওহে সিংহ মহাতেজা বনের ঈশ্বর। বনের রন্তান্ত যত তোমার গোচর।। সত্য কহ প্রাণনাথ গেল কোন দিগে। অনাথা তোমার স্থানে এই ভিক্ষা মাগে।। অনন্তরে এক মহা সরিৎ দেখিল। প্রণাম করিয়া তারে ভৈমী জিজ্ঞাসিল।। তরঙ্গিণী কহিয়া স্বামীর সমাচার। শীতল করহ তুমি হৃদয় আমার॥ কুধায় বিশেষ শ্রমে আকুল শরীর। জলপানে আসিয়াছিলেন তব তীর।। তথা হতে গেল ভৈমী না পেয়ে উত্তর। অতি উচ্চতর এক দেখে গিরিবর।। তাহাকে জিজ্ঞাসে ভৈমী করিয়া রোদন। অতি উচ্চতর শৃঙ্গ পরশে গগন।। বহুদূর তব দৃষ্টি যায় শৈলবর কহ মোরে কোঞ্চার আছেন প্রাণেশ্র।। পঙ্কজ কেশর অঙ্গ কর স্পর্শে জামু। কৰ্ণান্তে নয়ন মুখশোভা শীতভানু।। বীরদেনস্তুত প্রভু নিষধ-ঈশ্বর। দেখেছ কি প্রাণনাথে কহ গিরিবর।। এইমত গিরিপৃর্চে ভ্রমে কত দিন। কুধায় তৃষ্ণায় ক্লিষ্টা বৃদন মলিন।। যুগল নয়নে ৰহে জলধর প্রায়। অৰ্দ্ধ ভাষা মুক্তকেশা ধূলি সৰ্ব্ধগায়।। তথা হতে চলি যায় উত্তর মুখেতে। মুনির আশ্রমে যায় ভৃতীয় দিনেতে।। অনাহারী বাতাহারী দীর্ঘ গোঁপ দাভ়ি। ্কর পদ সর্পবৎ নথ যেন বেড়ি।।

দেখি দময়ন্তী তাঁরে ভূমিষ্ঠ হইয়া। প্রণতি করিয়া রহে অগ্রে দাঁড়াইয়া।। ভৈমীরে জিজ্ঞাসে মুনি মধুর বচনে। কে তুমি কি হেতু কর ভ্রমণ কাননে।। দময়ন্তী বলে আমি পতিবিরহিণী। এই বনে হারাইল মম পতিমণি।। ত্রস্বেষণ করি তাঁরে করি সেই ধ্যান। হারাধন পাই যদি তবে রহে প্রাণ।। আজ্ঞা কর মুনিরাজ কোন দেশে যাব। নিশ্চয় কি পুনরপি দরশন পাব।। এত শুনি মুনিরাজ আশ্বাস করিল। ন। কর রোদন তব তুঃথ শেষ হল।। পাইবে স্বামীরে পুনঃ পাবে রাজ্যভার। পুত্র কন্যা সহ সুখে বঞ্চিবে অপার।। এত বলি ঋষিবর অন্তর্ধান হৈল। বিস্ময় মানিয়া তবে বৈদ্ভী চলিল।। নদ নদী কণ্টক প্ৰত ঘোর বনে। রাত্রি দিন চলি যায় নিরানন্দ মনে।। যাইতে যাইতে দেখে এক নদীকূলে। বহুদ্রব্য সঙ্গে লয়ে বহু লোক চলে।। ভৈমীকে দেখিয়া লোক বিস্ময় মানিল। বিপ্রীত দেখি কেহ ভয়ে পলাইল।। কভু হাসে কভু নাচে চিত্রের পুতলী। রাক্ষমী পিশারী কিবা,মানুষী বাতুলী।। किब्बाटम महामि इट्स उद्य कान कन। কে তুমি একাকী ভ্রম নির্জ্জন কানন।। বৈদৰ্ভী বলিল নহি রাক্ষনী পিশাচী। স্বামী অন্বেধিয়া ভ্রমি আমি ত মানুধী।। অর্বোর মধ্যে স্বামী ছাড়ি গেল মোরে। সত্য কহ ভোমরা কি দেখিয়াছ তাঁরে।। এতেক শুনিয়া বলে বণিকের গণ। তোমা ভিন্ন এ বনে ন! দেখি অন্যজন।। চেদি রাজ্য যাই মোরা বাণিজ্য কারণ। व्यादेन व्याभार मटक यं कि लग्न भन।। আশাস পাইয়া ভৈমী চলিল সংহতি। সেই পথে জম্বেষিয়া যায় নিজপতি।।

হেনমতে কত পথে এক রমাস্থলে। একটী যে সরোবর শোভিত কমলে।। শ্রমযুক্ত উত্তরিল বাণিজ্য কারণ। (महे निमि यथां य विश्वन मर्कक्त ॥ নিশাকালে হস্তিগণ জলপানে এল। নিদ্রিত আছিল পথে চরণে চাপিল।। দশনে চিরিল কারে শুণ্ডে জড়াইল। বণিকগণের মধ্যে মহারোল হল।। প্রাণভয়ে কোন দিকে যায় কোন জন। দময়ন্ত্রী করিলেন রক্ষ আবরাহণ।। রক্ষোপরি আরোহিয়া করেন রোদন। হায় বিধি মোর ভাগ্যে ছিল এ লিখন।। জন্মকাল হতে আমি জানি নিজ মনে। এমন ছুদ্ধ তি আমি না করি কখনে।। তৰে কেন বিধি মোর কৈল হেন গতি। অধিক সন্তাপ মোর উপজিলনিতি।। মোর স্বয়ম্বরে এসেছিল দেবগণ। নিরাশ হইয়া ক্রোধ কৈল সর্বজন।। সেই হেতু আমার না দেখি শ্রেয় আর। এত কম্টে পাপ আত্মা না যায় আমার।। রজনী প্রভাত হলে যে যেখানে ছিল। চারিদিক হতে আসি একত্র মিলিল।। ভয় পেয়ে তথা হতে যায় শীঘগতি। কত দিনে চেদিরাজ্যে উত্তরিল সতী।। বিবর্ণবদন ক্লশা অঙ্গে অন্ধ বাস। ধূলিতে ধুসর কায় ঘন বহে শ্বাস।। বন হতে নগরেতে করিল প্রবেশ। চতুর্দ্দিকে ধায় লোক দেখি তাঁর বেশ।। যুবা বৃদ্ধ নগরেতে যত নারীগণ। **ह्युद्धित (वि**ष्यु ) हिन्न मर्क्**ष**न ॥ কেহ বা কৰ্দম দেয় কেহ দেয় ধুলা। বৈদর্ভীরে বেড়িয়া হইল লোকমেলা।। সুবাত রাজার মাত। প্রাদাদে আছিল। দময়ন্তী দেখিয়া ধাত্রীরে আজ্ঞা দিল।। হের দেখ নারী এক নগরে আইসে।

মলিনা বিবৰ্ণৰূপা বেষ্টিতা মানুষে।।

শীঘ্র গিয়া তাহারে আনহ মোর স্থানে। আক্রামাত্র ভৈষীকে আনিল সেইক্ষণে।। ভৈনীকে দেখিয়া জিজ্ঞাসিল রাজমাতা। কহ নিজ পরিচয় কাহার বনিতা।। নিজৰূপ আচ্ছোদন করেছ কি কারণ। মেঘে ঢাকিয়াছে যেন রবির কিরণ ।৷ দময়ন্তী বলে শুন কহি রাজমাই। জাতিতে মানুষী আমি দৈরিক্সীবলাই।। চূতে হারি স্বামী মোর পশিল কাননে। অপ্রমিত গুণ তাঁর না যায় কথনে।। সঙ্গেতে ছিলাম আমি ছাড়িলেন মোরে। তাঁরে অন্বেষিয়া জামি আইনু নগরে।। এত বলি দময়ন্তী করেন রোদন। তাশ্বাসিয়া রাজমাতা বলেন বচন।। না কান্দহ কল্মে তুমি চিত্ত কর স্থির। তব ছুঃথ দেখি মম বিদরে শরীর।। পাইবে স্বামীর দেখা থাক মোর বাদে। লোক পাঠাইব তব পৃতির উদ্দেশে।। ভৈমী বলে এত যদি করুণা আমারে। তবে সে থাকিতে পারি তোমার মন্দিরে ॥ পুরুষ সহিত দেখা না হবে কথন। পুরুষের স্থানে না পাঠাবে কদাচন।। না ছুঁইব উচ্ছিষ্ট না পদে দিব হাত। পুর্কাপর ত্রত মম কহি রাজমাত।। বৃদ্ধ দ্বিজ পাঠাইবে স্বামী অন্বেষণে। এতেক করিলে রহি তোমার সদনে।। দেইৰূপ হইবে বলিয়া রাজমাতা। ভাকিল সুনন্দা নামে আপন ছুহিতা।। রাজমাতা বলে তবে তনয়ার প্রতি। সথ্য কর তুমি এই সুন্দরী সংহতি॥

কর্কট নাগের দংশনে নলের বিক্নতাকার।

হোথা ভৈমী ছাড়ি, পরি অর্ধ্ব সাড়ী,

চলিল নৃপতি নল।
বায়ুবেগে ধায়, পাছু নাহি চায়,

তক্ষে বহে শ্রমজল।

েনকালে শুনি, দাবানল ধ্বনি, রাথ রাথ নলরাজ। হে পুণ্যশ্লোকে, রক্ষা কর মোকে, পুড়ি আমি অগ্নিমাঝ।। ভাকেন নির্ভয়, নি দয়াদয়, স্মরণ কে করে মোরে। নি ফণিপতি, কহে নল প্রতি, নিবেদি তুঃথ তোমারে।। অনস্ত অনুজ, ামি নাগরাজ, কর্কট নামে ভুজঙ্গ। ারদের শাপে, সদা পুড়ি তাপে, कारण इंदेस काक ।। শষ হইল ডুঃখ, দেখি তব মুখ, শাপান্ত করিল মুনি। मञ्ज উদ্ধার, বলম্বাকর, দহে দারুণ আগুনি।। শরীর আমার, শৰ্কত আকার, দেখি পাছে কর ভয়। সম্বরিব হাতে, ভূমি প্রশিতে, না হইবে শ্রম তায়॥ দয়াময় অতি, শুনি নরপতি, আৰ্থিল অনল হতে। নাগরাজ কয়, পাইয়া অভয়, স্থ্য হল তব সাথে।। শুন মহারাজ, ত্ব প্ৰম কাজ, কোলে করি মোরে লহ। अबि शरम शरम, বিপুল শবদে, কত দুর লয়ে যাহ।। পদে পদে গণি, তার বাক্য শুনি, দশ চরণ চলিল। मःश्लिटलक क्नी, দশ ডাক শুনি, 🛚 ছাড়িয়া অন্তর হল।। সখা ধর্ম বৈল, নল বলে ভাল, স্থারে দংশন কর। নাহি দোষ তব, জাতির স্বভাব উপকারি জনে মার।।

না ভাব চুৰ্গতি, বলে নাগপতি, করিয়াছি উপকার। হল নরপতি, কুৎসিত মূরতি, অঙ্গ দেখ আপনার।। কভু ভাল নয়, তুঃখের সময়, ভূপতি-লক্ষণ ৰূপ। কেহ না লক্ষিবে, যথায় যাইবে, যে হেতৃ হল বিৰূপ।। যবে ইচ্ছা মনে, আমার স্মরণে, আপন ৰূপ পাইবে। পালে চতুর্বর্ণ. রাজা ঋতুপর্ণ, তাহার সার্থি হবে।। তোমার প্রেয়সী, বৈদৰ্ভী ৰূপদী, আবো তনয় তনয়।। পুনঃ রাজ্য হবে, কুশলে ভেটিবে, নিষধ-রাজ্যেতে গিয়া।। বস্ত্র এক দিয়া, (१) এতেক কহিয়া, অন্তর্ধান হয়ে গেল। শুনিয়া রাজন, নাগের বচন, व्यत्याभाभाशेती हिनन।। ভারত কমল. তাবণ মঙ্গল, সাধু জন করে আশ। রুষ্ণপদাস্তুজ, কুষ্ণদাসামুজ, विक करह का नी मात्र।। ঋতুপর্ণালয়ে বাছক নামে নল রাজার

তবে নল নরপতি দশম দিবসে।
তাযোধ্যায় প্রবেশিল বহু পথক্লেশে।।
রাজার জুরারে গিয়া বলে নরপতি।
মম তুল্য কেহ নাহি অশ্ব-শিক্ষাকৃতী।।
বাহুক আমার নাম শুন মহামতি।
নিয়ধ রাজার আমি ছিলাম সার্থি।।
আর এক মহাবিদ্যা জানি যে রাজন।
বিনা অনলেতে পারি করিতে রক্ষন।।
এত শুনি কহে রাজা করিয়া আশ্বাস।
যথোচিত চাহ দিব রহ মম পাশা।।

অবস্থিতি।

যত অশ্বপালোপরে হবে ভূমি পতি। যা বাঞ্চিবে ভাহা দিব থাকিবে সংহতি।। এত শুনি নল রাজা রহিল তথায়। দিবস রজনী রাজা নিজ। নাহি যায়।। অন্ন জল নাহি রুচে পত্নীরে ভাবিয়া। সদা ভাবে দময়ন্তী কোথা গেল প্রিয়া।। না জানি সে কি করিল আমার বিহনে। নিরাহারে নীরাহারে আছে কোন স্থানে।। কতেক কান্দিল প্রিয়া মোরে না দেখিয়া। কি কুকর্ম করিলাম নিষ্ঠুর হইয়া।। ভয়স্কর সিংহ ব্যাঘ্র নির্জ্জন কাননে। একাকিনী বনে নারী বঞ্চিবে কেমনে।। পতিব্রতা অনুরক্তা আমাতে সতত। হেন স্ত্রী ছাড়িয়া আমি বাঁচি মৃত্বত।। বনপর্কে নলাখ্যান যেই জন শুনে। তাশেষ ছঃখেতে পার হয় সেই জনে।। পাপকর্ম্যে তার মন কভু নাহি যায়। মদ দম্ভ রাগ দ্বেব তাহারে না পায়।। ব্যাদের বচন ইথে নাহিক সংশয়। পাঁচালি প্রবন্ধে কাশীরাম দাস কয়।। বিদর্ভ-ভূপতি ভীমের নল-দময়ন্তীর উদ্দেশ ও চেদি-র'ন্তো দময়ন্তীব সন্ধান প্রাপ্তি। ভার্য্যাসহ গেল নল অর্ণ্যভিতর। দূতমুখে বার্ডা পায় ভীম নৃপৰর।। শুনিয়া শোকার্ত্ত বড় ভীম নরপতি। সহস্ৰ সহস্ৰ দ্বিজ আনি শীঘ্ৰগতি ॥ দ্বিজগণ প্রতি রাজা বলিল বচন। नल-नमग्रसी (काँटिश कत व्यक्षिय ।। অন্বেষণ করিয়া কহিবে বার্ত্তা আদি। সহস্ৰ সহস্ৰ গৰী দিব রত্ন ভূষি।। গ্রাম দেশ ভূমি দিব নানা রত্ন ধন। छूहे জन मृत्धा य मिथित এক জन।। এত বলি দ্বিজগণে মেলানি করিল। সেইক্রণে দ্বিজ্ঞান চতুর্দিকে গেল।। स्टूरिव नारमण्ड विक खिम नानारम्भ । সুবাহু রাজার পুরে করিল প্রবেশ।।

দৈবাৎ ভৈমীরে তথা কৈল দরশন। স্কুনন্দ। সহিত সতী করেন গমন।। চন্দ্রাননী বিশালাক্ষী দীর্ঘ মুক্তকেশা। ठांक शीनशरशाधवा सूनामा सूरवणा।। পদ্ম যেন বিদলিত হস্তিদন্তাঘাতে। চন্দ্র যেন বিদলিত সৈংহিকেয় দাঁতে। ক্ষিতিমধ্যে নাহিক ইহার ৰূপদীমা। এই সে সৈরিক্ষ্মী হবে বিদর্ভচন্দ্রিমা।। श्वाभीत विष्ठित क्रमा विरर्गवमनी। ভৈমী পাশে গিয়া শেষে বলে দ্বিজমণি মোর দিকে বরাননে কর ভাবধান। সুদেব ব্ৰাহ্মণ আমি ভ্ৰাতৃস্থা জান।। তোমারে চাহিয়া ভ্রমি দেশ-দেশান্তর। চারিদিকে গিয়াছেন দ্বিজ বহুতর।। কন্যা-পুজ ছুই তব আছে শুভ তরে। তব শোকে পিতা মাতা প্রাণমাত্র ধরে। এত শুনি দময়ন্তী করেন রোদন। শুনিয়া আইল অন্তঃপুরনারীগণ।। ব্রাহ্মণের বাক্য শুনি দৈরিন্ধ্রী কান্দিল। বার্ত্তা পেয়ে রাজমাতা বিপ্রে জিজ্ঞাসিল।। কাহার তনয়া এই কাহার গৃহিণী। কি কারণে স্থানভ্রম্টা হল প্রভাবিনী।। যদি তুমি জানহ জানাহ দ্বিজবর। শুনিয়া সুদেব তাঁরে করিল উত্তর।। বিদর্ভ-ঈশ্বর ভীম তাঁহার ছুহিতা। পুণ্যক্ষেক নলরাজা তাঁহার বনিতা।। নিজভর্তা রাজ্য দেশ পাশায় হারিল। জরণ্যে পশিল গিয়া কেহ না দেখিল।। এই হেতু সহস্র সহস্র বিজ্ঞাণ। (मन-(मना खदत शिशा करत পर्याहेन।। মন ভাগ্যে তব গৃহে পাই দেখিবারে। জ-মধ্যেতে তিল দেখি চিনিমু ইহাঁরে ॥ বিশেষত কিতিমধ্যে নাহিক উপমা। মুনিগণ বলে দোঁতে কান্ত কান্ত। সমা।।

এত শুনি রাজমাতা আপনা পাশরে। দময়ন্তী কোলে করি অশ্রুজল ঝরে।। এত কাল গ্রপ্তভাবে আছ মম ঘরে। কি কারণে পরিচয় না দিলে আমারে।। তোমার জননী হয় মম সহোদরা। সুদাম রাজার কন্যা ভগিনী আমরা।। বীরবাছ মম পতি ভীম তব পিতা। দে কারণে তুমি মোর ভগিনীচুহিতা।। এই রাজ্য ধন যে আপন করি জান। এত বলি বৈদভীব কবিল সন্মান।। শুনি দময়ন্ত্রী তবে প্রণাম করিল। বিনয় পূর্বক ভাঁরে কহিতে লাগিল।। পিতৃ মাতৃ বিহীন যুগল শিশু আছে। জনক জননী মোর তুঃখ পাইতেছে।। আজা কর আমারে গো করিতে গমন। শুনি রাজমাতা আজা দিল সেইক্ষণ।। দিব্য বস্ত্র অলঙ্কারে করিয়া সুবেশ। দিব্য রথ দিয়া পাঠাইল নিজদেশ।। সুদেব ত্রাহ্মণ সঙ্গে চলিল তথন। নানাদেশ ভ্রমি আসে পিতার ভবন।। শুনিল ভীমের পত্নী আইল তময়া। উৰ্নমুখে ধায় রাণী মুক্তকেশা হৈয়া।। পিতা মাতা পুজ কন্যা কৈল সম্ভাষণ। একে একে মিলিলেক যত বন্ধুজন।। ভোজন করিয়া ভৈমী করিল শয়ন। একান্তে মায়েরে কহে করিয়া ক্রন্দন।। জীয়ন্ত আছি যে আমি না করিছ মনে। কেবল আছয়ে তকু নল দরশনে।। निक्ठग्र नत्नत यपि ना शाहे छेटम्स । অনলের মধ্যে আমি করিব প্রবেশ।। এত শুনি মহাদেবী রাজস্থানে গিয়া। কন্যার ঘতেক কথা কহিল কান্দিয়া।। শুন শুন নরপতি মোর নিবেশন। **हर्जु फिट्ट शूनर्कात याक विका**श ।।

ह्यु द्वित्व भाष्ट्रीहेन नन अत्युष्ट ।। সব দ্বিজগণে তবে বৈদৰ্ভী ভাকিল। সবাকারে এইব্রুপে বচন বলিল।। একাকী নির্জ্জনে চিরি লয়ে অর্দ্ধ সাডী। কোন দোবে ছাড়ি গেল অনুরক্তা নারী।। যেই দেশে যেই গ্রামে করিবে প্রয়াণ। এই কথা জিজ্ঞাসিহ সবে সেই স্থান।। ইহার উত্তর যদি দেয় কোন জন। শীঘ্ৰ আসি মম পাশে কহিবে তথন।। ইহার সম্বাদ মোরে যেই আসি দিবে। निक्ठ श कानिह (महे रेड भीरक किनिरव।। এত শুনি চলিলেন যত দ্বিজগণ। রাজ্যপুর গ্রামপুর পথি লোফ্র বন।। মহাভারতের কথা অমৃত সমান। শুনিলে পরম সুখ জন্মে দিব্য জ্ঞান।। দময়ন্তীর পুনঃ স্বয়স্ব শ্রবণে ঋতুপর্ণের বিদর্ভে-যাত্রা ও নলের দেহ হইতে কলি-ত্যাগ। তবে বহু দিনেতে পর্ণাদ নামধর। দময়ন্তী নিকটে কহিল দ্বিজবর ॥ ভ্ৰমিলাম বহু-রাজ্য কত লব নাম। ঋতুপূর্ণ নামে রাজা অহযাধ্যায় ধাম।। যেমন বলিলে তুমি শুনাইকু তায়। না করিল প্রভ্যান্তর ঋতুপর্ণ রায়।। সভায় বসিয়া যারা করিল প্রবণ। জানিয়া না কৈল কিছু রাজমন্ত্রিগণ।। বাক্তক নামেতে এক রাজার সার্থি। বিনা অগ্নি পাক করে বিক্লটি আকৃতি।। শুনিয়া সে মুভ্যু ভ করিল করুণ। কুশল তোমার জিজ্ঞাসিল পুনঃপুনঃ।। পশ্চাৎ আমারে সেই করিল উত্তর। কুলস্ত্রীর ধর্মা এই শুন দ্বিজবর।। সতী সাধ্বী পতিব্ৰতা নারী বলি তারে কদাচ পতির দোষ প্রকাশ না করে।।

नत्तत्र विष्कृत्म कन्या श्वान ना त्रांशित् ।

कन्यात विष्कृतम भम थान कितम ब्राट ॥

এত শুনি নরপতি আনি দ্বিজগণে।

मूर्थ किया धनशीन रश यमि পতि। অধর্ম অসৎ কর্ম করে নিষ্ঠ নিতি॥ সতী নারী পতিদোষ কখন না ধরে। त्म त्मांच जोकिया श्वेनड•छन वाक करता। তার ধর্ম হয় অতি এই সে বিধান। স্বামী হতে অতিক্ষ নারী যদি পান।। তথাপি স্বামীর নিন্দা কদাচ না করে। निकर्म नित्म किया नित्म वाधनाता।। শুনি তার বাক্য আইলাম শীঘ্রগতি। করহ উপায় যেই মনে লয় সতি।। এত শুনি দময়ন্তী অঞ্পুৰ্ণমুখী। কহিল সকল কথা জননীরে ডাকি।। শুন গো জননি মোর যদি হিত চাও। সুদেব ত্রাহ্মণে শীঘ্র অযোধ্যা পাঠাও।। পর্ণাদেরে কহে দিয়া বহু রত্ন গ্রাম। নিজগৃহে গিয়া দ্বিজ করহ বিশ্রাম।। যে করিলে ভূমি তাহা কেহ নাহি করে। নল এলে বাঞ্চ যাহা দিব তা তোমারে।। প্রণাম করিয়া দ্বিজে বিদায় করিল। সুদেব ত্রাহ্মণে ডাকি বৈদর্ভী বলিল।। অযোধ্যানগরে বিপ্র যাহ একবার। অসময়ে তুমি মম কর উপকার।। এই পত্র দেহ গিয়া ঋতুপর্ণ প্রতি। বিশেষিয়া রাজারে করাহ অবগতি।। দময়ন্তী ইচ্ছিল দিতীয় স্বয়ম্বর। যতেক নুপতি গেল বিদর্ভনগর।। वर् िमन देश्न अग्रयदित आति छ। যদি চাহ যাহ শীঘ্র না কর বিলম্ব।। যদি রাজা বলে তার স্বামী নল ছিল। ইহা তবে কহিবে না জানি কোথা গেল।। जीरत वा ना जीरत नन ना পाईन वार्छ। সে কারৰে বৈদৰ্ভী ইচ্ছিল অম্ম ভৰ্তা।। আজি রাত্রি প্রভাতে হইবে স্বরম্বর। পারিলে তথায় শীঘ্র যাহ নৃপবর।। नन त्रम नाहि लोक ठोनाहै एक तथ। নিমেবেতে যায় শত ষেক্রনের পথ।।

নিশ্চয় জানিব তথা যদি নল স্থিত। তবে শীঘ্র বার্ন্তা পের্লে আসিবে ত্বরিত।। এত শুনি চলিল সুদেব দ্বিজবর। কত দিনে উপনীত অংশাধ্যানগর।। কহিয়া ভৈমীর কথা পত্রখানি দিল। পত্র পেয়ে ঋতুপর্ণ বাহুকে ডাকিল।। অশ্তত্ত্ব জান তুমি সর্কলোকে জানে। বিদর্ভ যাইতে কি পারিবে রাত্রি দিনে।। আজি নিশা প্রভাতে উদয়ে তিমিরারে। ভীমপুত্রী ভৈমী বরিবেক অন্য কান্তে।। এত শুনি নল রাজা হইল বিস্মিত। দময়ন্ত্রী করে হেন কর্ম্ম কদাচিত।। মুহূর্ত্তেক নিজ চিত্তে করিয়া ভাবনা। নিশ্চয় জানিল এই মিথ্যা প্রবঞ্চনা।। কোন স্ত্রী এমন নাহি করে কোন দেশে। তনয় তনয়া তুই আছমে বিশেষে।। সতী সাধ্বী দময়ন্তী ভক্তা যে আমায়। আমার কারণ হেন করিছে উপায়।। ্ অসৎকর্ম্ম দ্যুতে আমি পশিলাম বনে। তেঁই আমি মন্দ ভাষা শুনিলু প্রবণে।। মিথ্যা কথা ঋত্পর্ণ সত্য করি জানে। সত্য কিম্বা মিথ্যা গিয়া কানিব সেখানে। এত চিস্তি নরপতি করিল উত্র। নিশাকালে লব রথ বিদর্ভনগর।। এত শুনি কহে রাজা হইয়া উল্লাস। প্রসাদ যে চাহ তুমি লহ মম পাশ।। নল বলে কার্য্যসিদ্ধ করিয়া তোমার। তবে রাজা মাগিব প্রসাদ আপনার।। এত বলি অশ্বশালে প্রবেশ করিল। একে একে সকল ভুরঙ্গ নির্থিল।। मिथिए भंतीत कुम निष्तुरमभौ शांछ।। বাছিয়া বাহির কৈল নল পাঁচ ঘোড়া।। ঘোড়া দেখি ঋতুপর্ণ আরক্ত লোচন। বাহুকের প্রতি বলে কঠিন বচন।। সহত্র সহত্র মম আছে অশ্বরণ। প্রার্ক্তীয় ঘোড়া সুর প্রন্গমন ।

তাহা ছাড়ি হীনশক্তি দুর্বল আনিলে। কেমনে বহিবে রথ কিমত বুঝিলে।। পরিহাস কর মোরে বুঝি অমুমানে। পুনঃপুনঃ কহে রাজা কঠিন বচনে।। বাকুক বলিল যদি যাইবে রাজন। আমার বচনে কর রথ আরোহণ।। ইহা ভিন্ন অন্য ঘোড়া না পারে যাইতে। এত বলি চারি ঘোড়া যুড়িলেক রথে।। চতুরক্ষে সাজে তবে যত সৈন্যগণ। ঋতুপর্ণ রাজা কৈল রথ আরোহণ।। চালাইয়া দিল রথ বাক্তক সার্থি। শুন্যেতে উঠিল ঘোড়া বায়ুবেগগতি।। কোথায় রহিল রথ কোথা সৈন্যগণ। বিস্ময় মানিয়া রাজা ভাবে মনেমন।। এই কি মাতলি যে সার্থি পুরুহূত। অশ্বিনীকুমার কিয়া আপনি মরুত।। হেন শক্তি নাহি কারো পৃথিবীমণ্ডলে। মানুষের মধ্যে শক্তি ধরে রাজা নলে।। নলরাজা বিনা আর নহিবেক আন। বীর্য্য ধৈর্য্য ভাষা গুণ নলের সমান।। কেবল দেখিতে পাই কুৎসিত আকার। ছল্পবেশে হইয়াছে সার্থি আমার।। এত মনে ঋতুপর্ণ করিয়া বিচার। বন সর গিরি আদি কত হল পার।। হেনকালে নৃপভির পড়িল উত্তরী। বাহুকে বলিল রথ রাথ অশ্ব ধরি।। উত্তরী লইতে রাজা পাছু পানে চায়। বাহুক বলিল হেথা উত্তরী কোথায়।। পঞ্চ যোজনের পথ উত্তরী রহিল। শুনি ঋতুপর্ণ রাজা বিস্ময় মানিল।। রাজা বলে বাভুক শুনহ মোর বাণী। আমি এক দ্রব্যসংখ্যা বিদ্যা ভাল জানি।। গণিতে সর্বজ্ঞ নাহি আমার সমান। এই বৃক্ষে পত্র ফল বুঝ পরিমাণ।। (৬) পঞ্চ কোটি পত্ৰ আছে ছুই কোটি ফল। এত শুনি বলে তবে মহারাজা নল।।

ছেন বিদ্যা নাছি যাহা আমি নাহি জানি। পরীক্ষিব তব বিদ্যা ফল পত্র গণি।। রাজা বলে চল শীঘ্র বিলম্ব না সয়। निक्रे इंहेल अग्रम्दात मगग्र॥ স্বয়ম্বর হইতে আদিব নিবর্ত্তিয়া। তবে মম বিদ্যা তুমি বুঝিবে গণিয়া।। বাহুক বলিল যে কুণ্ডিন অণ্প পথ। ন। পোহাবে রজনী লইব আমি রথ।। মুহূর্ত্তেক রথ অশ্ব ধর নৃপবর। কল পত্র গণি আমি আসিব সত্বর।। এতেক বলিয়া গেল অশ্বত্থের তল। গণিয়া বুঝিল যে হইল পত্র ফল।। বিস্ময় মানিয়া বলে নল নরপতি। এই বিদ্যা আমারে বিতর মহামতি।। এমত শুনিয়া রাজা বাহুক-বচন। ক্ষণেক চিস্তিয়া তবে বলিল রাজন।। অশ্ববিদ্যা-মন্ত্র যদি শিথাও আমারে। আমি এ গণনাবিদ্যা শিখাব তোমারে।। স্বীকার করিল নল করাইব শিক্ষা। তবে ঋতুপর্ণ কাছে কৈল মন্ত্রদীকা।। মহামন্ত্র দীক্ষা যদি করিলেন নল। শরীরে আছিল কলি হইল বিকল।। একে কর্কটের বিষ জর জর দহে। অধিক রাজার মন্ত্রে কলি স্থির নহে।। সেইক্ষণে অঙ্গ হতে হইল বাহির। মুখেতে গরল বহে কম্পিত শরীর।। কলি দেখি নরপতি ক্রোধে কম্পকায়। হাতে খড়া করি রাজা কাটিবারে যায়।। क्रुडाञ्जलि कति कलि वरल मविनय । মোরে না করিহ নাশ শুন মহাশয়।। দময়স্তীশাপে মোর সদা পোড়ে অঙ্গ। विश्व पहिल पश्ला कर्क छ छू छ ।। তোমা হতে ছুঃখ রাজা বিশেষ আমার বুঝি ক্রোধ কর ক্ষমা না কর সংহার।। জামারে না মার তব হইবেক কাজ। এक कीर्खि निव वह शृथिवीत मांवा।।

যেই জন তব কীর্ত্তি করিবে ঘোষণ।
তাহারে জামার বাধা নাহি কদাচন।।
আর এক কথা বলি শুন নরবর।
কহিতে তোমার কীর্ত্তি নাহি অবসর।।
কর্কটক ঋতুপর্ণ দময়ন্তী নল।
নাম নিলে নাহি আমি যাব সেই স্থল।।
এত শুনি কলিরে ছাড়িল নরবর।
রথে চড়ি গেল দোঁহে বিদর্ভনগর।।
মহাভারতের কথা অমৃতলহরী।
শ্রবণে খণ্ডয়ে তাপা ভবসিন্ধু তরি।।
কাশীরাম দাসে প্রভু নীল শৈলাক্।।
দক্ষিণে অনুজাগ্রজ সম্মুখে গরুড়।।
ঋতপর্ণ রাদার সহিত নলের বিদর্ভ-

ঋতুপর্ণ রাজার সহিত নলের বিদর্ভ-নগরে প্রবেশ।

রথ চালাইয়া দিল নিষধ ঈশ্বর। निरम्परक পाইल म विमर्जनशत ।। আকাশে আইসে রথ মেঘের গর্জনে। মেঘ অনুমানে নৃত্য করে শিখিগণে ॥ তৃষ্ণাতে চাতক সব করে কলরব। উৰ্ন্নযুথ করি চাহে জলাকাজ্ফী সব।। বিদর্ভের লোক সব একদৃষ্টে চায়। রথশব্দ শুনি ভৈমী উল্লাস হাদয়।। রথ চালাইয়া এই জন্মায় বিস্ময়। নল বিনা হেন শক্তি অন্যের কি হয়।। আজি যদি আমি নল প্রভু না পাইব। জ্লন্ত জনলে তবে প্রবেশ করিব।। প্রনিন্দা প্রদ্বেষ কটুবাক্য লোকে। কখনহ যদি মোর ভাবে নাহি মুখে।। কভু নাহি কহি কটু প্রভুরে উত্তর। তবে আজি ভেটিব আপন প্রাণেশ্বর।। এত বলি দময়ম্ভী প্রাসাদে চড়িয়া। গবাক্ষদ্বারেতে রথ চাহে নির্থিয়া।। রথ হতে নামে তবে ইক্ষাকুনন্দন। যথা ভীম নরপতি করিল গমন।। ना (मिथिया अयम् त विश्वय रहेशा। কহে হার কি করিছু হেথায় আসিয়া।

ঋতুপর্ণ রাজা দেখি ভীম নরপতি। বসিতে আসন তাঁরে দিল মহামতি।। ভীম রাজা বলে শুন অযোধ্যার নাথ। হেথা আগমন কেন হল অকন্মাৎ।। শুনিয়া নুপতি মনে মানিল বিস্ময়। মিথ্যা স্বয়মূর হেন জানিল নিশ্চয়।। স্মুমুর হইলে আসিত রাজগণ।। ভাবিয়া নুপতি তবে বলিল বচন ॥ আসিয়াছিলাম অতা আছিল কারণ। আসিলাম করিবারে তোমা সম্ভাঘণ।। ভীম রাজা বলিলেন কি ভাগ্য আমার। সেকারণে তোমার হেথায় আঞ্সার ॥ শ্রমযুক্ত আছ আজি থাক মম বাস। এত বলি দিল এক অপূর্ব্ব আবাস।। আবাস ভিতরে উত্তরিল নরপতি। অশ্বশালে উত্তরিল বাত্তক সার্থি।। অশ্বগণে পরিচর্য্যা করিয়া বান্ধিল। প্রাসাদ উপরে থাকি বৈদর্ভী দেখিল।। ঋতুপর্ণ রাজা আর সার্থি তাহার। নল রাজা না দেখি যে কেমন বিচার।। এত ভাবি পাঠাইল কেশিনী দূতীরে। যাহ শীঘ্র কেশিনী জিজ্ঞান সার্থিরে।। দেখিয়া উহার মুখ হৃষ্ট মম মন। শীঘ্র আসি কহ ইহা বুঝিয়া কারণ।। এত শুনি কেশিনী চলিল শীঘগতি। মধুর বচনে কছে সার্থির প্রতি।। রাজকন্যা দময়ন্তী পাঠাইল হেথা। কে তুমি কি হেতু এলে জিজাসিতে কথা।। বাহুক বলিল মোর অযোধ্যায় স্থিতি। ঋতুপর্ণ নৃপতির হই যে সার্থি।। এথা হতে গিয়াছিল এক দিজবর। শুনিলেন ভৈমীর দ্বিতীয় স্বয়ম্বর।। রজনী প্রভাতে বরিবেক অন্য স্বামী। ্এই হেতু ঋতুপর্ণ জাদে শীন্তগামী॥ িশতেক যোজন হতে জাসিল নুপতি।

বাহুক সামার নাম তাহার সার্থি।।

পুণ্যল্লোক নল বীর্সেনের কুমার। পূর্কেতে ছিলাম আমি সার্থি তাঁহার।। তাঁর ভার্ষ্যা ভৈমীর তাদৃশ আচরণ। শুনিয়া উদ্বিগ্ন বড় হল মম মন।। দ্বিতীয় বয়সে এই তৃতীয়ে কি হবে। দৈবে যাহা করে তাহা কে অন্যকরিবে।। এত শুনি কেশিনী বাহুক প্ৰতি কয়। তুমি যদি সার্থি নুপতি কোথা রয়।। অন্ধবাসা একাকিনী রাখি ঘোর বনে। অনুরক্তা নারী ছাড়ি গেলেন কেমনে।। সেই বস্ত্র পরিধিয়া আছমে অদ্যাপি। নাহি রুচে অন্ন জল পুণ্যশ্লোকে জপি।। এত শুনি ব্যথিত হইল রাজা নল। বারিধারা নয়নেতে বহে অশ্রুজল।। রাজা বলে যেই হয় কুলবতী নারী। স্বামীর বিশ্বাস কথা রাথে গুপ্ত করি।। আপন মরণ বাঞ্ছে স্বামীর কারণ। তথাপি স্বামীর নিন্দা না করে কখন।। বিবস্ত্র হইয়া যেই পশিল কানন। অম্প ভাগ্য নহে তার পাইল জীবন।। হেনজনে ক্রোধ করিবার যোগ্য নয়। রাজ্যভর্ষ্ট জ্ঞানভর্ষ্ট প্রাণমাত্র রয়।। এত বলি শোকাকুল কান্দে নরপতি।। কেশিনী সকল জানাইল ভৈমী প্ৰতি।। रेजभी वरल नल এই नरह अना कन।. পুনরপি যাহ তুমি বুঝহ লক্ষণ।। কি ভাচার কি বিচার কোন কর্ম করে। বুঝিয়া আমারে আসি কহিবে সত্তর ॥ আজ্ঞা পেয়ে দাসী তবে করিল গমন। দেখিয়া সকল কৰ্ম আইল তখন।। কেশিনী বলিল শুন রাজার নন্দিনী। বাছকের যত কর্ম দেবমধ্যে গণি।। রন্ধন সামগ্রী যত ঋতুপর্ণ নৃপে। মাংস আদি পাঠাইয়া দিল তব বাপে।। ঠস সব সামগ্রী দিল বাছকের স্থান। দেখিয়া ভাহার কর্ম হয়েছি অঞান।।

শৃত্যকুন্তে কিঞ্চিৎ করিল চৃষ্টিপাত। পুৰ্ণকৃম্ভ তথনি হইল অকস্মাৎ।। সেই জলে সব দ্রব্যজাত প্রকালিল। তৃণকাষ্ঠ ছিল কিন্তু অনল না ছিল।। তৃ। । हत्ख कति कार्षमधा निन। মাত্রে তৃণকার্চ আপনি জ্বলিল।। ক্ষণমাত্রে সব দ্রব্য করিল রম্বন। ভৈমী বলে আর কেন বুঝেছি কারণ।। কেশিনী এখনি তুমি যাহ সারবার। ব্যঞ্জন আনহ তুমি রন্ধন তাহার।। কেশিনী মাগিল গিয়া বাভুকে ৰাঞ্জন। मगराखी जारन शिशा फिल (महेकन।। খাইয়া ব্যঞ্জন ভৈমী হর্ষিত মন। নিশ্চয় জানিকু এই নলের রন্ধন।। তবে কন্যা পুজ্র দিলে কেশিনী সংহতি।(৭) কি বলে বুঝিয়া তুমি এস শীঘ্রগতি।। কেশিনীর সঙ্গে দেখি নন্দন নন্দিনী। শীঘ্রগতি উঠি কোলে করে নুপমণি॥ দোঁহা-মুখ দেখি রাজা কান্দে উচৈচঃস্বরে। পুনঃপুনঃ চুম্ব দিয়া আলিঙ্গন করে।। কতক্ষণে কেশিনীরে বলিল রাজন। ছুই শিশু দেখি মোর স্থির নহে মন।। এইমত কন্যা-পুত্র আছে যে আমার। वक्तिन (मथा नांडे मटक (माँहाकात ।। সেই অনুতাপ চিত্তে হইল রোদন। অপত্য-বিচ্ছেদ-তাপ নহে সম্বণ।। পাছে কেহ দেখিয়া কহিবে কোন কথা। লয়ে যাহ ছুই শিশু কাৰ্য্য নাহি হেথা।। এতেক শুনিয়া ভবে কেশিনী চলিল। যতেক প্রস্তাব গিয়া ভৈমীরে কহিল।। शुनिया देवमर्जी राजा इहेन मर्गत्न। শীঘ্র গিয়া জানাইল জননীর স্থানে।। जाका यक्षिकत्र याष्ट्रे नत्न व्यथियादत ! শুনিয়া বুস্তান্ত রাণী আজ্ঞা দিল তারে।। তনয় তনয়া সঙ্গে করিয়া কামিনী।

পতি দরশ্বে যার মরালগামিনী।।

আরণ্যকে উত্তম নলের উপাখ্যান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

নলের বহিত দময়ন্তীৰ মিলন। অখুশালেগিয়া ভৈমী,নিকটেদেখিলস্বামী জটিল মলিন জীৰ্ণ বাস। দুঃখানলে,অঙ্গ দহে, চক্ষে অশ্রুজল বহে, সকরুণে কহে মৃত্তাব।। হেদে হে বাভকনাম, এবা দেখি কোনঠাম, धर्मिष्ठं शुक्रय এक जता। কুধাতৃষ্ণাপরিশ্রমে,স্ত্রীকোলেআছিলঘুমে একা ছাড়ি পলাইল বনে।। विना नल পूनाह्माक, भूथियोत अनात्नाक, কে করিল কহ নাম ধরি। সদাকাল অমুব্রতা,বিশেষ পুজের মাতা, कान (कार्य नरह क्षिकांत्री।। যমাগ্লি ব্রুণ ইন্দু, ত্যজিয়া অমররক, করিল বরণ যেই জনে। সদা বাঞ্চা অনুবন্তী, কি হেতু এমন বৃত্তি, ত্যাগ করি নির্জন কাননে।। সভায় করিল সত্য, রাখিব তোমারেনিত্য, করিয়া প্রাণের সমশর। নল হেন সত্যবাদী, এমন করিল যদি, আর কি করিবে অন্য নর ।। দময়ञ्जी-বাক্য শুনি,লাজে কছে নৃপমণি, পাইলে কে ছাড়ে হেন রামা। রাজ্যভাষ্ট লক্ষীভ্রষ্ট, করিলেক থেই ছুষ্ট, বিচ্ছেদ করায় ভোমা আমা।। তোমাকে ছাড়িয়া বনে,হের দেখবরাননে, অস্থিচর্ম প্রাণমাত্র জাগে। ইহানাভাবিয়াচিতে,দেখিলাজামারেজীতে, ना वृक्षिश सम अकूरगर्भा ।। কলিছাড়ি গেলজামা,তেঁইদেখিলামভোমা

কোধ সম্বরহ শশিমুখি।

श्रामी-माय नग्रदन ना प्राथि।।

যেই নারী পতিত্রতা,না ধরে স্বামীর কথা,

আর শুনিলামবার্ত্তা,বরিবা কি অন্য ভর্তা, কহিল তোমার দ্বিজবর। রাজ্যেরাজ্যেদুত্তগেল,সর্কলোকে বার্ত্তাদিল ভৈমীর দ্বিতীয় স্বয়ম্বর ।। কোশলে শুনিয়া কথা,তেঁই আইলাম হেথা, কারে বর দেখিব নয়নে। এমত কুৎসিত কর্ম্ম,রাজকুলে লয়ে জন্ম, কহ করিয়াছে কোন জনে।। শুনিয়া স্থামীর বাণী, করিয়া যুগলপাণি, निष्धिनी करक् मिनश्र। তব হেতু মহারাজ, ত্যজিলাম কুললাজ, ত্যজিলাম গুরুজনভয়।। পূর্বেত্ব অন্বেষণে, পাঠাইনু দ্বিজগণে, পর্ণাদ কহিল সমাচার। ভেঁইএ উপায় করি,পাঠাই অযোধ্যাপুরী, কোন স্থানে নাহি যাই আর॥ কর্ত্তব্য বচন মনে,তোমা বিনা অন্য জনে, নাহি চাহি নয়নের কোণে। যদিকর পাপ জ্ঞান,ভোমার সাক্ষাতেপ্রাণ, বাহির হউক এইক্ষণে।। চন্দ্রস্থ্য বায় সাক্ষী, এখনি বলিবে ডাকি, যদি আমি হই পতিত্রতা। टेडमी वटन উटेक्ड इस्टर, श्रूष्ट्रावृष्टि एन दिकरत ডাকি বলে প্রন দেবতা।। ত্যক্ত রাজা মনস্তাপ,বৈদভীর নাহি পাপ, স্বধর্মেতে হয়েছে রক্ষিতা। যাবৎ গিয়াছ তুমি,রকা করিয়াছি আমি, তোমা হেতু কেবল চিন্তিতা।। অকস্মাৎ এই বানী, শুনিল ছুন্দুভিধানি, গগনে হইল আচম্বিত। तिथि मत्न देश्नभाष्ठि,थिष्ठन मत्नत्र खासि, ভৈমীর বুঝিয়া ধর্মমন।। বসাইল উরুপরে, ध्रतिया यूनल करत, আখাস করিল মৃত্রভাবে। ্কমলাকান্তের সুত, হেতু সুজনের প্রীত, विविध्न कामीवाम मारम ॥

ঋতুপর্ণ রাজার স্বদেশে প্রত্যোগমন ও নলের পুনর্কার রাজ্য-প্রাপ্তি। পরে কর্কটক দত্ত বসন পরিয়া। নিজ পূৰ্ব্বৰূপ নাগে লভিল স্মরিয়া।। দেখা চারি বৎসরে হইল দোঁহাকার। পুনঃপুনঃ আলিঙ্গন পুনঃ শিষ্টাচার।। 'দাঁহে দোঁহাকার তুঃথ কহিল শুনিল। প্রভাতে উভয়ে ভীম নৃপেরে ভেটিল।। জামাতা দেখিয়া রাজা আনন্দ অপার। আলিঙ্গন দিয়া বলে সকলি তোমার।। ঋতুপর্ণ শুনিল এ সব সমাচার। জানিল যে নল রাজা বাহুক আমার।। দময়ন্তী প্রত্যাশা ছাড়িল নুপবর। শীঘ্রগতি গেল যথা নিষধ-ঈশ্বর।। ঋতুপর্ণ বলে ভাগ্য আছিল আমার। তেঁই সে হইল এ মিলন দোঁহাকার।। অজ্ঞাতের দোষ যত ক্ষমিবে আমারে। শুনিয়া নিষ্ধুৱাজ বলিল ভাঁহারে।। কখনহ দোধী তুমি নহ মম স্থানে। কখন আমার ক্রোধ নাহি হয় মনে।। ত্রাসিত কলির ত্রাসে বড় তুঃখ পেয়ে। ছিলাম তোমার পাশে আনন্দিত হয়ে। তোমার আশ্রয়ে থাকি বিপদ সময়। সুখেতে ছিলাম যে আপন আলয়।। বিপদ সময়ে রাজা যারে যেই রাখে 📙 ধর্মেতে বাড়য়ে সেই ধর্ম রাথে তাকে। অতএব শুন রায় করি নিবেদন। এমত বিপদে স্থান দেয় কোন জন।। হইলে পরম সথা আর কি বলিব। গাইব তোমার গুণ যত কাল জীব।। যাহ স্থা নিজ্রাজ্যে করহ গমন। এত বলি উভয়ে করিল আলিঙ্গন ।। সার্থি করিয়া আর কোশলের রায়। আপনার রাজ্যে গেল লইয়া বিদায়।।: তবে নল নরপতি <del>খণ্ডরে কহি</del>য়া। নিষধরাজ্যেতে গেল কত দৈন্য লৈয়া।। এক রথ যোল হাতী পঞ্চাশ তুরঙ্গ। ছুই শত পদাতিক নুপতির সঙ্গ।। নিজরাজ্যে আসিলেন নন নরপতি। পুত্রর সমীপে যান অতি শীঘ্রগতি।। পৃষ্করে বলিল তো'রে সর্ব্যবাজ্য দিয়া। অরণ্যে গেলাম আমি দেবনে হারিয়া।। পুনঃ তব সহিত খেলিব একবার। আপনার আত্মা প্র করিব এবার।। জিনিলে তোমার আত্মা হইবে আমার। হারিলে আমার আত্মা হইবে ভোমার।। দ্যুতক্রীড়া করিব আনহ পাশাসারি। নহিলে উঠহ শীঘ্র ধনুঃশর ধরি।। নলের বচন শুনি প্রস্কর হাসিয়া। বলে বড়ভাগ্য মানি তোমারে দেখিয়া।। দময়ন্তী সহ তুমি প্রবেশিলে বনে। এই তাপ অনুক্ষণ জাগে মোর মনে।। দময়ন্তী দেবনে না কৈলে রাজা পণ। আমার বাঞ্জিত বিধি করিল ঘটন।। এত বলি প্রস্কর আনিল পাশাসারি। ছুই জনে বলে তবে আত্ম পণ করি॥ ( पर्य पर्यात कर्या ( पर्य मर्वक । ) ছুন্ট কলি দ্বাপর তব নাহিক এখন।। এত বলি দেবন ফেলিল নলরায়। অবশ্য করেন পার ধর্মের নৌকার।। জিনুল নৃপতি নল হারিল পুস্কর। পুত্মর ভাবিল মনে জীবন ছুস্কর।। হারিয়া নলের হাতে উড়িল জীবন। পুষ্ণর কম্পিততনু সজল নয়ন।। ধার্মিক অধর্মভীরু দয়ার সাগর। অনুজে চাহিয়া তবে বলে নুপবর।। না ডরিহ প্রস্কর নাহিক তব দোষ। যতেক করিলে তাতে নাহি করি রোষ।। কলিতে করিল সব দৈব নিবন্ধন। পূর্ক্মত নির্ভয়ে থাকহ হৃষ্টমন।। তব প্রতি প্রীতি মোর যেইৰূপ ছিল। সং ক্র নাহিক তার সেরপ রহিল।।

এত শুনি করপুটে বলিছে পুস্কর। তব কীর্ন্তি যুগ্ বেক দেব দৈত্য নর।। বহুদোবে দোধী আমি ক্ষমিলে আমারে তোমার সদৃশ ক্ষমী নাহি চরাচরে।। এত বলি প্রণমিয়া পড়িল ধরণী। আখাস করিল তারে নল নৃপমণি।। পাত্র-মিত্রগণ আর নগরের প্রজা। সর্কলোক আনন্দিত নল হবে রাজা।। দ্বিজগণে পাঠাইয়া বৈদৰ্ভী আনিল। দীর্ঘকাল মহাসুথে রাজত্ব করিল।। কত দিনে নরপতি চিন্তি মনে মন। ইন্দ্রসেনে রাজ্যভার করিল অর্পণ।। নিজপুত্রে করি রাজা নল নরপতি। স্বর্গলোকে গেল দময়ন্তীর সংহতি।। রহদশ্ব বলে রাজা শুনিলে সকল। ভোমার অধিক ছুঃখ পেয়েছিল নল।। সম্পদ কাহার কভু নাহি রহে চির। ক্ষণমাত্র রহে যেন জোয়ারের নীর।। আসিতে না হয় সুথ যাইতে না ছঃখ। সদাকাল সমান ভুঞ্জিবা তুঃখ সুখ।। প্রমার্থ-চিন্তা রাজা কর অনুক্ষণ। তুঃখ সুখ হয় সব কর্মা নিবন্ধন।। নলের চরিত্র আর কলির শাসন! একমন হয়ে যদি শুনে কোন জন।। খণ্ডয়ে বিপদভয় স্ববাঞ্চিত পায়। বংশবৃদ্ধি হয় তার সুথে কাল যায়।। কদাচ কলির বাধা নাহি হয় তারে। যতেক সন্ধট ভয় তাহা হতে তরে।। তব ছঃখ নরপতি যাবে জম্পাদিনে। এত বলি অক্ষবিদ্যা দিলেন রাজনে।। সবা সন্থাবিয়া মুনি করিল গমন। প্রণাম করেন তাঁরে ধর্মের নন্দন।। কাম্যবনে ধর্মপুজ চারি সহোদর। व्यर्ज्ज्न विरुक्टरम मना काउत व्यस्त ।। পুণ্যকথা ভারতের শুনে পুণ্যবান। পৃথিবীতে সুখ নাহি ইহার সমান।।

হরির ভাবনা বিনা অন্য নাহি মন। সদাকাল হয় তার গোলোকে গমন।। অনমেজয়ের বৈশম্পায়নকে কাম্যক-বনম্থ পাণ্ডবগণের বৃত্তান্ত জিজ্ঞানা। বলেন জনমেজয় কহ মুনিরাজ। পাৰ্থ ৰিনা কাম্যবনে পাওব-সমাজ।। কি করিল কিমতে বঞ্চিল তুঃখ শোকে। বিস্তারিয়া মুনিবর কহিবে আমাকে।। মুনি বলে পাণ্ডুপুত্র অর্জ্ন বিহনে। অনুশোচে পক্ষী যেন পক্ষের কারণে।। বিষ্ণু বিনা যথা নাহি শোভে সুরগণ। কুবের বিহনে যথা চৈত্ররথ বন।। কান্দিয়া দ্রৌপদী বলে রাজার গোচর। পার্থে না দেখিয়া স্থির না হয় অন্তর।। যে অৰ্জুন বহুবাহু কাৰ্ত্তবীৰ্য্য সম। বলবান রণে মত গজেন্দ্রবিক্রম।। তাহা বিনা সকলি দেখি যে শৃক্তময়। ক্ষণমাত্র নাহি হয় স্বচ্ছন্দ-হৃদয়।। জ্ঞাসর হয়ে তবে বলে বুকোদর। শোকানলে নিরন্তর দহিছে অন্তর।। যতদিন নাহি দেখি অৰ্জ্জনের মুখ। মুহুর্ত্তেক নরপতি নাহি মম সুখ।। সর্কা শৃষ্য দেখি আসমি অর্জ্জন বিহনে। দশদিক অম্বাকার দেখি রাত্রি দিনে।। যার ভুজাগ্রিত কুরু পাঞ্চাল পাণ্ডব। দৈত্য মারি দেবে যেন পাইল বাদব।। রাজ্যভ্রফী হয়ে বুলি করিয়া সন্ন্যাস। পুনঃ রাজ্য পাব বলি যার করি আশ।। যার ভুজে দশ্ধ হবে যত কুরুবর। সে অর্জ্রন বিনা মম দহিছে অন্তর।। অনস্তবে নকুল বলেন সকরুণ। দেবাসুরে নাহি তুল্য অর্জুনের গুণ।। জান ত তাহার গুণ রাজস্মকালে। ভূত্যবৎ খাটাইল নুপতি সকলে।। কোন স্থানে নাহি সুধনা দেখি তাঁহায় আহার শয়ন আদি লাগে কটুপ্রায়।।

সহদেব কান্দিয়া বলিছে নৃপ-ভাগে। যতদিন নাহি দেখি পার্থ মহাভাগে।। নিমেষে না হয় সুস্থ আমার শরীর। গরলে ব্যাপিত যেন অঙ্গ নহে স্থির।। যাদব নিকরে বীর পরাজয় করি। হরিয়া আনিল বলে সুভদ্রা সুক্ষরী।। ্ আজি গৃহ শূন্য দেখি তাহার বিহনে। কোনমতে শান্তি নাহি হয় মম মনে॥ মহর্ষি নারদের যুধিষ্ঠিরের নিক্ট আগমন ও তीर्थ-आात्र कल वर्णन। এইমতে রোদন করয়ে ভাতৃগণ। শোকাকুল অধোমুখ ধর্মের নন্দন।। হেনকালে নারদ করেন আগমন। আশীর্কাদ করি বৈদে মহা তপোধন।। নারদেরে যুধিন্ঠির করেন বিনয়। কহ মুনিবর মম খণ্ডুক বিসায়।। দীর্থস্কান করি ক্ষিতি প্রদক্ষিণ করে। কোন ফল লভে নর তা কহ আমারে।। নারদ কহেন পূর্কে ভীম্ম সভ্যব্রত। পৌলস্ত্যের স্থানে জিজ্ঞাদিল এইমত।। পৌলস্ত্য কহিল যাহা তব পিতামহে। সে সকল কহি শুন অন্যমত নহে।। যার হস্ত পদ মন সদা পরিস্কৃত বিদ্যা কীর্ত্তি তপস্থাতে যেই হয় রত।। প্রতিগ্রহ নাহি করে সর্বদা সানন্দ। অহস্কার নাহি যার নহে ক্রোধে অন্ধ।। অপাহারী জিতেন্দ্রির সত্য ব্রতাচার। আত্মতুল্য সর্ব্বপ্রাণী দৃষ্টিতে যাহার॥ ঈদুশ হইলে দেই তীর্থফল পায়। পদে পদে যজ্ঞফল ত্যক্তি তীর্থে যায়।। দরিদ্রের শক্য নাহি হয় যজ্ঞকর্মা। যজের বিশেষ তীর্থস্পানে পায় ধর্ম। **पृ**ण्डिक कति तात्व ठोर्थ यमि थारक। সর্ব-যজ্ঞকল পায় যায় ইন্দ্রলোকে।। পুষ্কর নামেতে তীর্থে যদি করে স্নান।(৮) সর্বপাপে মুক্ত সেই দেবতা সমান।।

একগুণ দানে কোটিগুণ ফল লভে। অমর কিন্নর দৈত্য সেই তীর্থে সেবে।। দশ কোটি তীর্থ আছে পৃথিবী ভিতর। নৈমিষ কামন পর চল্পানদীবর ।। তদন্তরে দ্বারাবতী যায় যেই জন। দশকোটি যজ্ঞকল পায় সেইক্ষণ।। তদন্তরে যায় সিস্কু সাগরসঙ্গম। তাহে স্নানে কোন কালে নাহি দণ্ডে যম मक्कु कर्णभंत प्रति कति पत्रभन। **দশ** अश्वरमध् कल পाई त्महेकन्।। কামাখ্যা নামেতে তীর্থে যদি করে স্থান সিদ্ধিপদ পায় আর জন্মে দিব্যজ্ঞান।। তদন্তরে কুরুকেত্রে যায় যেই জন। যাহার নামেতে সর্ব্যাপ বিমোচন।। বায়ুতে ক্ষেত্রের ধূলি যদি লাগে গায়। সর্ব্বপাপে মুক্ত হয়ে সুরপুরে যায়।। স্নানে ব্রহ্মলোকে যায় নাছিক সংশয়। সর্স্বতী স্নানেতে নিষ্পাপ অঙ্গ হয়।। लाकर्ल कतिया सान एक्ट नातायन । সদাকাল নিবসয়ে বৈকুণ্ঠ ভুবন।। বাচা নামে তীর্থ যথা জন্মিল বরাহ। স্নান কৈলে মুক্ত হয় পাপশৃত্য দেহ।। রামক্রদ নামে মহাতীর্থ গুণধর। যাহাতে করিলে স্নান হুয় পুণ্যবর।। পূর্কেতে পরশুরাম মারি ক্বজ্রগণ। ক্ষজ্রিয় রক্তেতে সেই করিল তর্পণ।। তুষ্ট হয়ে পিতৃগণ নাচে নিরন্তর। পুণ্যতীর্থ হোক যে বলিল ভৃগুবর ॥ ইথে যে করিবে পিতৃলোকের তর্পণ। ব্ৰহ্মলোকে ৰসিবে তাহার পিতৃগণ।। কপিল নামেতে তীর্থ তাহার অন্তর। সর্যুর স্নানে সূর্য্যলোক যায় নর।।। স্বর্গদ্বার আদি করি যত তীর্থ সার। সপ্তথাব্যাজ্ঞম মহাসর্য কেদার।। গোদাবরী বৈতরণী নর্মদা কাবেরী। জাহ্নবী যমুনা জয়া সর্বদাতা বারি।।

অশ্বনেধ বাজপেয় রাজসুয় আদি।

যত যত যজ্ঞ বেদ করিয়াছে বিধি।।

সর্বযজ্ঞকল লভে তীর্থগণ স্নানে।

সর্বপাপ ধৌত হয় বৈদে দেবাসনো।।

এত বলি চলিল নারদ তপোধন।

তীর্থযাত্রা ইচ্ছিলেন ধর্ম্মের নন্দন।।

মহাভারতের কথা অমৃত-লহরী।

কাহার শক্তি ইহা বর্ণিবারে পারি।।

কহে কাশীদাস প্রস্কু নীলশৈলাক্।।

দক্ষিণে অমুজাগ্রজ সমুখে গরুড়।।

ক্ষেত্রতীর্থ-মাহাত্মা। (৯)

বামে সিন্ধতনয়। নিকটে সুদর্শন। জলদ অঙ্গেতে শোভে তড়িত বসন।। বদন নয়ন শোভা জগমনফাঁদ। নির্ম্মল গগনে যেন শোডে পূর্ণচাঁদ।। যে মুখ দেখিবামাত্র ভাঁখির নিমেষে। সেইকণে মুক্ত হয় জন্ম কর্মপাশে।। জন্মে জন্মে তপত্রতে ক্লেশ করে কায়। ন্দিতি প্রদক্ষিণ করে সর্কতীর্থে যায়।। যাহাতে না পায় যজ্ঞ দানে সেবি দেবে। নিমেষেক শ্রীমুখ দেখিয়া তাহা লভে।। ব্ৰহ্মা শিব শচীপতি আদি দেবগণ। নিত্য নিত্য আদে মুখ দর্শন কারণ।। তাহা যে দেখয়ে লোক পশ্চাতে থাকিয়া বেত্রের প্রহারে লোক জর্চ্জর হইয়া।। যার অংশে অবতার হয় পৃথিবীতে। যুগে যুগে ছুফ নাশে শিফেরে পালিতে॥ অজ ভব অগোচর যাঁহার মহিমা। দেবগণ পুরাণে না পায় যাঁর সীমা।। ব্রহ্মাণ্ড ডুবায় ব্রহ্ম প্রলয়ের কালে। সপ্ত কপ্শজীবী মুনি ভাদি দিকুজলে॥ বিত্রাম পাইল মুনি প্রভুর নিকটে। সেই হতে রহিল আপনি রক্ষবটে॥ । কে বর্ণিতে পারে মার্কণ্ডেয় ব্রদণ্ডণ। यात करल सार्य जूरम जम नरह श्रीनह ।।

দক্ষিণেতে খেতগঙ্গা মাধ্ব সমীপে। याद्य स्नारम अदर्भ नत्र देवतम (मवकार्थ ।। রোহিণীকুণ্ডের গুণ কি বর্ণিতে পারি। তৃষ্ণায় পীড়িত হুয়ে পীয়ে যার বারি॥ গৰুড় অৰুণ কাক বৈকুণেতে গেল। সেই হতে জন্মক্ষেত্রে পথ ত্যাগ কৈল।। কোটি কোটি তীর্থ লয়ে যথা মহা নদী। নানাশব্দ বাদ্যে প্রভু সেবে নিরবধি।। যার বায়ে সকল গায়ের পাপ খণ্ডে। যার নাদ শুনিলে এড়ায় যমদপ্তে।। সর্ক্রপাপ যায় ফল হয় দরশনে। मनाकान रेवरम अर्रा मह रमवन्ता ।। সমুদ্রে করিয়া স্নান যদি পূজা দেখে। চতুর্ভু জ হয়ে রহে ইন্দ্রের সম্মুখে।। ইন্দুগ্রায় সরোবরে যদি করে স্নান। পুনর্জন্ম নহে তার দেবতা সমান।। অশ্বমেধ দান যত করিল ভূপতি। কোটি কোটি ধেনুখুরে ক্ষুগ্ন বসুমতী।। গোমূত্র ফেণায় ইন্দ্রত্যন্ন সরোজন্ম। যাহে স্নানে খণ্ডে কোটি জন্মের অধর্মা॥ এই পঞ্চ তীর্থ নীলদেল মধ্যে বৈদে। পাপলেশ নাহি থাকে তাহার পরশে।। ভাগ্যবস্ত লোক যেই সদা করে স্থান। কাশীদাস তার পদে করুরে প্রণাম।। - ইন্ত্রাদেশে লোমশ মুনির কাম্যকবনে আগমন।

মুনি বলে শুন পরীক্ষিত বংশধর।
কাম্যবনে নিবসয়ে চারি সহোদর।।
হেনকালে আইল লোমশ মুনিবর।
দীপ্তিমান তেজ যেন দীপ্ত বৈশ্বানর।।
মুনি দেখি যুধিষ্ঠির সহ ভ্রাতৃগণ।
দিলেনপ্রণাম করি বসিতে আসন।।
জিজ্ঞানেন কিহেতু আইলা মুনিবর।
আশীয় করিয়া মুনি করিল উত্তর।।
ইচ্ছা অনুসারে আমি করি পর্যাটন।
এক দিন সুরপুরে করিমু গমন।।

দেখিয়া আশ্চর্য্য বোধ করিলাম মনে। ইন্দ্র সহ ধনঞ্জয় বসে একাসনে।। আমারে কহিল তবে সহস্রলোচন। যুধিষ্ঠির স্থানে তুমি করহ গমন।। কহিবে সম্বাদ এই তাঁহার পোচরে। কুশলে নিবদে পার্থ অমর্নগরে।। দেবকার্য্য সাধি অস্ত্র-পার্গ হইলে। আসিবেন ধনঞ্জয় কতদিন গেলে।। ভ্রাতৃগণ সহ তুমি তীর্থে কর স্নান। তপ আচরণ কর দ্বিজে দেহ দান।। তপের উপরে আর অন্য কর্ম নাই। যাহা ইচ্ছা হয় তাহা তপোবলে পাই।। কিন্তু আমি কর্ণেরে যে ভালমতে জানি। অর্জ্জনের যোল অংশে তারে নাহি গণি।। তার ভয় অন্তরে যে আছে ধর্মারায়। তাহা ত্যজ ধর্মা তার করিবে উপায়।। তব ভ্রাতৃ পার্থ যে কহিল সমাচার। নিবেদন করি শুন কুন্তীর কুমার।। হিমালয়ে হৈমবতী করিয়া সেবন। সুরাস্কুরে অগোচর পাইয়াছে ধন।। সমুদ্র মথনে যেই অস্ত্র উপজিল। মন্ত্র সহ পাশুপত পশুপতি দিল।। যে অস্ত্র থাকিলে হস্তে ত্রৈলোক্য অজিত। হেন অস্ত্র দিল যম **হ**য়ে হর্ষিত।। কুবের বরুণ যম দিল অস্ত্রগণ। সম্প্রীতে আছে যে সুখে ইন্দ্রের ভবন। নুভ্য গীত বিশ্বাবসুতনয়া শিখায়। তার হেতৃ তাপ নাহি ভাব সর্কদায়।। আমারে বলিল পুনঃ বিনয় বচন। আপনি থাকিয়া তীর্থ করাবে ভ্রমণ।। তীর্থে নিবসয়ে দৈত্য দানব ছুর্জ্জন। তুমি রক্ষা করিবে গো মোর ভাতৃগণ।। রাখিল দধীচি যথা দেব পুরন্দরে। অঙ্গিরা রাখিল যথা দেব দিবাকরে।। ইন্দ্রের বচনে তব অনুজ সন্মতি। তীর্থস্নানে নরপতি চল শীঘ্রগতি।।

তুইবার দেখিয়াছি তীর্থ আছে যথা। তব সহ যাইব তৃতীয়বার তথা।। বিষম সঙ্কট স্থানে আছে তীর্থগণ। বিনা সব্যসাচী যেতে নারে জন্য জন। তুমিহ যাইতে পার রাজধর্মবলে। পরাক্রম বিশেষু অমুজগণ মিলে।। হইবে বিপুল ধর্মা অধর্মের কয়। নিজরাজ্য পাবে শেষে হবে শক্ত জয় ॥ লোমশের বচন শুনিয়া যুধিষ্ঠির। আনন্দেতে পুলকিত হইল শ্রীর।। বিনয়পুর্বক করিলেন সত্তর। কথা নহে সুধার্ষ্টি কৈলা মুনিবর।। কি বলিব প্রভ্যুত্তর মুখে না আইসে। বাঞ্জা পূর্ণ হল মম তব কুপাবশে।। যে অৰ্জুন লাগি মোর ক্ষণ নাহি সুথ। চক্ষু মেলি নাহি চাহি ভাতৃগণ-মুখ।। পাইলাম তাহার কুশল সমাচার। ইহার অধিক লাভ কি আছে আমার। সবার ঈশ্বর যেই ইন্দ্র দেবরাজ। আপনি করেন বাঞ্চা অর্জ্জনের কাজ।। যে আজ্ঞা করিলে মুনি তীর্থের কারণ পূর্ব্ব হতে আমি এই করিয়াছি পণ বিশেষ আমার সঙ্গে যাবেন আপনি তীর্থযাত্রা মোর পক্ষে বছু লাভ গণি লোমশ বলেন রাজা যাইবে কিমতে এই দিজগণ আছে তোমার সঙ্গেতে বিষম তুর্গম পথ পর্বত কানন। ফল মূল নাহি মিলে তুফী জন্তুগণ।। যাইতে নারিবে সবে থাকিতে সংহ্যি ইহা সবে বিদায় করহ নরপতি।। 'যুধিষ্ঠির কহে তবে শুন দ্বিজগণ। হস্তিনানগরে সবে করহ গমন।। যেই যাহা বাঞ্চ ধৃতরাফ্রেরে মাগিনে নিজ নিজ বৃত্তি যদি তথা না পাইবে পাঞ্চাল দেশেতে সবে করিবে গমন रारशंकित काळा त्यांग व्यक्त प्रवेळता ।

এত বলি সবারে পাঠান হস্তিনায়। যথোচিত পূজা কৈল অন্ধরাজ তায়।। অশ্প দিজ সঙ্গে নিয়া ধর্ম্ম নরপতি। তিন রাত্রি কাম্যবনে লোমশ সংহতি।। চারি ভাই ক্লফা সহ ধৌম্য পুরোহিত। তীর্থ করিবারে যাত্রা করেন ত্বরিত।। হেনকালে•উপনীত ক্লফট্দ্বপায়ন। নারদ পর্বত আর বহু মুনিগণ।। যথে। চিত পুজিলেন ধর্মের নন্দন। আশীষ করিয়া কহিছেন মুনিগণ।। তীর্থযাত্রা করিবারে যদি আছে মন। মন শুদ্ধ কর রাজ! করিয়া যতন।। নিয়মী সুবুদ্ধি হলে তীর্থকল পায়। মন শুদ্ধ নহিলে ভ্ৰমণ মিথ্যা হয়।। চারি ভাই রুষ্ণা সহ করিয়া স্বীকার। মুনিগণ চরণে করেন নমকার।। অভেদ্য কবচ **সবে অঙ্গেতে** পরিন। দ্রৌপদী সহিত রাজা রথে আরোহিল। পুরোহিত আদি আর যত ভ্রাতৃগণ। চতুর্দ্দশ রথ আরোহিল সর্বজন।। মার্গশীর্ষ মাস শেষ পূর্ব্বমুখে গতি। তীর্থযাত্রা করিলেন পাণ্ডব সুক্রতী।। যু চিষ্টিরাদির ভীর্থযাতা ও

অগস্তোপাথ্যান।

চলিলেন ধর্মরাজ সহ মুনিগণে। কত দিনে উপনীত নৈমিষ কাননে। গোমতীতে স্নান করি করি বহু দান। তথা হতে পরতীর্থে করেন পয়াণ।।(১ যেখানে প্রয়াগ তীর্থ যমুনাসঙ্গম। কত দিনে উপনীত অগস্ত্য আশ্ৰম।। লোমশ কহিল তবে পূর্ব্ব বিবরণ। দৈত্য মারি আশ্রম করিল তপোধন।। স্বচ্ছন্দে সকল পৃথী করিল ভ্রমণ। এক দিন শুন রাজা তার বিবরণ।। कैक मिन এक গর্ভে দেখে মুনিরাজ। পিত্রণ অধোমুখ আছে তার মাঝ।।

A. V. দেখিয়া হইল শক্ষা জিড্ডাদে স্বারে। কি হেতু পড়িলে সবে গর্ত্তের ভিতরে ॥ সবে বলে না করিলে বংশের উৎপত্তি। তেঁই আমা সবাকার হল হেন গতি।। যদি শ্রের চাহ তুমি আমা সবাকার। বংশ জন্মাইয়া তুমি করহ উদ্ধার।। পিতৃগণ বচন শুনিয়া মুনিরাজ'। বংশ হেতু চিস্তিত হইল হৃদি মাঝ।। বিদর্ভরাজার কন্যা অতি অনুপমা। ৰূপে গুণে মনোহরা লোপামুদ্রা নামা।। যৌবন সময় তার দেখিয়া রাজন। কারে দিব লোপামুদ্রা চিস্তে মনেমন।। হেনকালে উপনীত মহা-তপোধন। যথোচিত পূজা করি জিজ্ঞাসে রাজন।। কি হেতু আসিলে আজ্ঞাকর মুনিবর। শুনি মুনিরাজ তবে করিল উত্তর।। ়পিতৃগণ আদেশেতে জন্মাব সন্ততি। তব কন্যা লোপামুদ্রা দেহ নরপতি।। . এত শুনি নরপতি হল অচেতন। প্রভাতর দিতে মুখ না আসে বচন।। উঠিয়া গেলেন রাজা মহাদেবী স্থানে! রাণীকে কহেন রাজা করুণবচনে।। মার্গে লোপামুদ্রারে অগস্ত্য মহাঋষি। নাহি দিলে শাপেতে করিবে ভস্মরাশি।। এত বিচারিয়া সবে সন্তাপিত শোকে। শুনি লোপামূদ্রা কহে জননী-জনকে।। মম হেতু তাপ কেন ভাবহ হৃদয়। আমারে অগস্ত্যে দিয়া খণ্ডাহ এ ভয়।। কন্যার বুঝিয়া দৃঢ় নৃপতি সপ্তর। বিধিমতে মুনি করে দেন নৃপবর।। লোপামুদ্রা প্রতি তবে কহে তপোধন। মম ভার্য্যা হলে কর মম আচরণ।। দিব্য বস্ত্র ত্যজ রত্ন ভূষণ সকল। শিরেতে ধরহ জটা পিন্ধহ বাকল।।

> মুনিবাক্যে সেইক্ষণে সকল ত্যজিল। জটাচীর লোপামুদ্রা ভূবণ করিল।।

তবে ত অগস্ত্য মুনি ভার্য্যারে লইয়া। গঙ্গাতীরে মহামুনি রহিলেন গিয়া।। নিরস্তর করে কন্যা মুনির সেবন। তপ শৌচ আচমন মুনি আচরণ।। হেনমতে তথা থাকি বহু দিন গেল। এক দিন মুনিরাজ ভার্যাট্রে কহিল।। পুত্রহেতু তোমারে করিয়াছি গ্রহণ। বংশ না হইলে তোমা কিসের কারণ।। এত শুনি লোপামুদ্রা যুড়ি ছুই কর। বিনয়পূর্বক কহে মুনির গোচর।। কামদেব কৈল ধাতা স্প্রির কারণ। বিনা কামে নাহি হয় বংশের স্ঞ্ন।। জটাচীর ফলাহার ধুলাতে ধুসর। ইথে কাম কিমতে জন্মিবে মুনিবর।। আপনি না জান এই মুনি বংশকাজ। বংশ হেতু ইচ্ছা যদি কর মুনিরাজ।। পূর্কে যথা ছিল মম বস্ত্র অলক্ষার। দিব্য গৃহ দাসগ্র ভক্ষ্য উপহার।। সে সকল বস্তু যদি পাই পুনর্কার। তবে ত জন্মিবে পুজ্র উদরে আমার।। এত শুনি অগস্ত্যের চিন্তা হল মনে। উপায় চি**ন্তিল পুনঃ কন্তার** বচনে।। শ্রুতর্কা মামেতে রাজা ইক্ষাকুনন্দন। ভার্যাসহ তথাকারে গেল তপোধন।। দেখিয়া শ্ৰুতৰ্কা রাজা পূজে বহুতর। জিজ্ঞাসিল কি হেতু আইলা মুনিবর।। মুনি বলে রন্তিহেতু আসিলাম আমি। বৃত্তি অর্থ কিছু রাজা দেহ মোরে ভূমি।। य किছू मांशिन मूनि नव मिन तांका। পাত্র মিত্র সহিত করিল বহু পূজা।। দিব্য গৃহ আসন ভূষণ দাসগণ। বাঞ্চামত পাইয়া রহিল তপোধন।। তবে যত প্রজাগণ রাজার সংহতি। অগস্ত্যেরে কহে তারা করিয়া মিনতি।। ইল্লল নামেতে দৈত্য মায়ার সাগর।(১১) বাতাপি নামেতে জাছে তার সহোদর।।

মায়াবলে ধরে ছুফ্ট গাড়র মুরতি। কাটিয়া ব্যঞ্জন করি ভূঞ্জায় অতিথি।। কতক্ষণে ইল্পল বাতাপি বলি ডাকে। পেট চিরি বাহিরায় ভুঞ্জিয়া যে থাকে।। এইমতে মারে দ্বুষ্ট বহু দ্বিজ্ঞান। অত্যাবধি হিংসা করে পাপিষ্ঠ ছুর্জ্জন।। - ইল্পলের ভয়েতে তাপিত এ নগর। শুনিয়া অগস্ত্য মুনি চিস্তিত অন্তর।। আশ্বাসিয়া স্বাকারে করিল নির্ভয়। একাকী চলিল মুনি ইল্ল-আলয়॥ মুনি দেখি ইল্বল পূজিল বহুতর। জিজ্ঞাসিল সবিনয়ে করিয়া আদর ।। কি হেতু আদিলে আজ্ঞা কর তপোধন শুনিয়া উত্তর কৈল কুন্তুকনন্দন।। বহু পরিশ্রমে আদিলাম তব পুর। বহু দিন উপবাস ভুঞ্জাও প্রচুর ॥ সম্পূর্ণ করিয়া মোরে করাহ ভোজন। হাসিয়া ইল্ল বলে বৈস তপোধন।। 🔭 কাটিয়া মায়াবী মেষ করিয়া রন্ধন। অগস্ত্য মুনিরে দিল করিতে ভোজন।। মুনি বলে এই মাংদে কি হবে আমার সকল আনিয়া দেহ যত আছে আর।। শির কাটি চারি পদ আনি দেহ মেষ। তাবৎ খাইব আমি না ব্লাখিব শেষ।। মুনিবাক্য শুনিয়া ইল্বল আনি দিল। অস্থিসহ মুনিবর সকল খাইল।। কতক্ষণে ইল্পল ডাকিল সহোদরে। বাহিরাও বাতাপি বলিল বারে বারে। হাসিয়া বলেন মুনি কেন ডাক পাপী। অগস্তের ঠাঁই কোথা পাইবে বাতাপি 🦥 বাতাপি পাইবে আর না করিহ আশ। এত দিনে মরিলেক করি প্রাণিনাশ। এত শুনি ইল্পল যুড়িয়া তুই কর। স্তুতি করি কহে ভবে মুনির গোচর।। কি করিব প্রিয় তব কহ মুনিবর। মুনি বলে প্রাণিছিংসা করিলে বিস্তর।।

যত রত্ন ধন তুমি পাইয়াছ তায়। সকল জামায় দিয়া রাখ আপনায়।। সেইক্ষণে ছুফ্ট দৈতা আনি সব দিশ। দ্রব্য লয়ে মুমিরাজ আপ্রামে চলিল।। বসন ভূষণ দিব্য রত্ন অলঞ্চার। দেখি লোপামুদ্রা হল সানন্দ অপার।। সন্তুষ্টা হইয়া কন্যা ভাবে মনে মন। **वर्भ (इजू यूनिवरत करत निरवनन ।।** মুনি বলে পুজ বাঞ্চা কতেক ভোমার। লোপামুদ্রা বলে হোক একটী কুমার।। এক পুত্র গুণবান হোক তপোধন। অকৃতী সহস্ৰ পুজে নাহি প্ৰয়োজন।। তবে প্রীত হয়ে কাম বাড়িল দোঁহার। মুনির ঔরদে তাঁর জন্মিল কুমার।। (১২) তাঁহা হতে তাঁর পুত্র হইল পণ্ডিত। শুনিলে পূর্কের কথা অগস্ত্য-চরিত।। অগস্ত্য মুনির কথা অদুত মানুবে। হেলায় সমুদ্র পান করিল গণ্ড যে।। গ্রহ পথ ৰুদ্ধ করিলেক বিদ্যাচিল। অন্ধকারে ব্যাপিলেক পৃথিবীমণ্ডল।। অগ্নস্ত্য-প্রভাবে লোকে সে ভয় ঘূচিল। অন্ধকার দূর হল সূর্য্যপথ পাইল।। এত শুনি জিজ্ঞাসেন ধর্মের নন্দন। কহ মুনিরাজ সে অগস্ত্য বিবরণ।। কি কারণে মুনিরাজ সমুদ্র শুফিল। কোন হেতু অন্ধকার কিব্যুপে খণ্ডিল।। অগন্তাযাতার বিবরণ ও বিদ্ধাপর্কতের

मर्भ हुर्।

লোমশ বলেন শুন ধর্মের কুমার। যেমতে খণ্ডিল রাজা ঘোর অন্ধৰার।। গিরিমধ্যে নগেন্দ্র স্থমেরু গিরিবর। প্রদক্ষিণ করি তারে ভ্রমে দিনকর।। তাহা দেখি বিদ্ধাগিরি সকোধ হইয়া। দিনমণি প্রতি তবে বলিল ডাকিয়া।। যৈমত আবর্ত্ত কর সুমেরুশিখরে। সেইমত প্রদক্ষিণ করহ আমারে।।

সূর্য্য বলে রথে বসি আবর্তন করি। সৃষ্টি স্বজিলেক যেই সৃষ্টি-অধিকারী।। তাঁর নিয়ে।জিত পথে করিব ভ্রমণ। শক্তি নাহি অন্য পথে করিতে গমন।। এত শুনি বিশ্ব্য বলে সক্রোধ বচনে। দেখি মেরু প্রদক্ষিণ করিবে কেমনে।। বাড়িল বিষম বিষ্কা করিয়া আঁকোশ। না হয় রবির গতি না হয় দিবস।। ক্ৰোধ করি কামৰূপী বাড়াইল অঙ্গ। ব্যাপিল আকাশপথ না চলে বিহঙ্গ।। ঢাকিল সুর্য্যের তেজ হল অন্ধকার। প্রলয় হইল হেন মানিল সংসার।। দেবগণ মিলি সবে করে নিবেদন। না শুনিল বিশ্বাগিরি কাহার বচন।। তবে যত দেবগণ একত্র হইয়া। অগস্ত্য মুনির আগে নিবেদিল গিয়া।। **एक-पू**र्या-পथ अन्त विकाशित करत । তোমা বিনা নাহি দেখি তাহাকে নিবারে -রক্ষা কর মুনিরাজ স্থ টি হল নাশ। শুনিয়া অগস্ত্য মুনি করিল আশাস।। বিক্সাগিরি-পাশে তবে যায় তপোধন। यूनि पिथि थिशोम कतिल मर्खकन।। নাগ নর পশু পক্ষী স্থাবর জঙ্গম। অগস্ত্য মুনির তেজে কেহ নহে সম।। মুনি দেখি বিদ্ধাগিরি প্রণাম করিল। ঈষদ হাসিয়া মুনি আশীর্কাদ দিল।। যাবৎ না আসি আমি দক্ষিণ হইতে। তাবং পর্বত তুমি থাক এইমতে।। এত বলি মুনিরাজ করিল গমন। পুনঃ সে উত্তরে নাহি গেল কদাচন।। তাঁর আজ্ঞা লঙ্জিব গিরি কভু নাহি উঠে সৃষ্টি রক্ষা করিলেন অগস্ত্য কপটে।। পুনঃ জিজ্ঞাসেন তবে রাজা যুধিষ্ঠির। কিব্বপে শুষিল মুনি সাগর গভীর।। লোমশ বলেন পূর্বের দৈত্য রত্রাসূর। পরাক্রমে জিনিয়া বেড়ায় তিন*-*পুর ।।

কালকেয় আদি যত দ্বিতীয় দানব। রত্রাসুর সহিত থাকয়ে তুষ্ট সব।। দৈত্যভয়ে দেবগণ রহিতে নারিল। ইন্দ্র আগে করিয়া ত্রন্ধারে নিবেদিল।। ব্ৰহ্মা কন যেই হেতু এলে দেবগণ। পূর্কে চিন্তিয়াছি আমি তাহার কারণ।। লৌহ দারু মেরু যত আছে অস্ত্রসার। কোন মতে নহে রূত্রাস্করের সংহার।। দধীতি মুনির স্থানে করহ গমন। সবে মিলি বর মাগ শুন দেবগণ।। প্রসন্ন হইলে যে মাগিবে এইদান। নিজ অস্থি দিয়া লোকে কর পরিত্রাণ।। শরীর ত্যজিবে মুনি লোকের কারণ। তাঁর অস্থি লয়ে কর বজের স্জন।। বক্স অস্ত্রে ইন্দ্র তারে করিবে প্রহার। বজাঘাতে রত্রাস্কুর হইবে সংহার ॥ এত শুনি দেবগণ করিল গমন। সরস্বতী নদীতীরে আইল তথন।। মহাতেজোময় মূর্ত্তি দেখে দধী চির। চন্দ্র সূর্য্য ভাগ্নি জিনি জ্বল ন্ত শরীর।। মুনিরে বেড়িয়া ইন্দ্র আদি দেবগণ। দশুবৎ প্রণাম করিল অগণ্ন।। দেবতাসমূহ সব দিকপালগণে। দেখিয়া দধীচি মুনি ভাবে মনে মনে।। জানিয়া সকল তত্ত্ব কহে মুনিবর। কি হেতু আসিলে আজি সকল অমর।। সবাকার হেতু আমি তাজিব শরীর। অস্থি মাংস বিষ্ঠা ততু সহজে তাতির।। হয় হোক ইহাতে লোকের উপকার। উপকার-হীন ব্যর্থ রহে ততু ছার।। পূর্বভাগ্যে লোককার্য্যে লাগিল শরীর। এত বলি তনু ত্যাগ হল দধীচির।। হেন উপকার কোথা নাহি করে কেহ। পরোপকারের জন্য ত্যজে নিজ দেহ।। দধীচি মুনির গুণ বর্ণনা না যায়। হেন উপকার বল কে করে কোথায়।।

## গুধি**তির কন প্রভু বল অতঃপর।** অস্থি নিয়া কি কর্ম করিল পুরুদ্ধর

বুতাস্থ্রের সন্থিত শেবগণেব যুদ্ধ। লোমশ বলেন রাজা কর অবধান। , রত্রাস্কুরে যেইক্রপে মারে মরুত্বান ॥ ৈ জস্থি লয়ে দেবগণ করিল গমন। দেবশিণ্পী স্থানে দিল করিতে রচন।। সে উগ্র প্রকারে বজ্র করিয়া নির্মাণ। শান্তগতি আনি দিল ইন্দ্র বিদ্যমান।। বজ্র নিয়া জাগি থাকে দেব পুরুদর। হেনকালে এল বুত্রাস্থর দৈত্যেশ্ব ।। প্রলয় দানব দৈত্য সংহতি করিয়া। সুমেরু-শিখর যেন প্রত বেড়িয়া।। মার মার শব্দে করি মহা-কলরব। প্রলয় সময়ে যেন উথলে অর্ণব।। পর্কত আয়ুধ কেছ ধরে দৈত্যগণ। ্র নানা অস্ত্র চতুর্ভিতে করে বরিষণ।। । গজেক্তে চড়িয়া ইন্দ্র বজ্ঞ লয়ে হাতে। দেবগণ সহ যায় রুত্রেরে মারিতে।। ইক্সে দেখি ঘোর নাদে গর্জ্জে দৈতোশ্বর ভয়ক্ষর নাদে কাঁপে যত চরাচর ।। তাকাশ পাতাল যুড়ি মুখ মেলি ধায়। দেখিয়া অমরপতি ভয়েতে পলায়।। দেবগণ সহ ইন্দ্র যায় রড়ারভি। পাছু পাছু দৈত্যগণ ধায় তাড়াতাড়ি॥ কোথায় পাইব রক্ষা করি অনুমান। বিষ্ণুর সদনে গিয়া রাখে নিজপ্রাণ।। ভয়ার্ত্ত দেখিয়া আশ্বাসিয়া নারায়ণ। উপায় চিস্তেন দৈত্যনিধন কারণ।। े দিলেন ভাপন তেজ হরি পুরন্দরে। বিষ্ণু-তেজ পেয়ে পুনঃ চলিল সমরে।। অন্য দেবগণে তেজ দিল থাযিগণ। পুনঃ দেবাসুরে হয় ঘোরতর রণ।। অনেক হইল যুদ্ধ লিখন না যায়। বৃত্রাস্থরে বজ্ঞ প্রহারিল দেবরায়।।

বজ্ঞের ভীষণ শব্দ দৈত্যের গর্জন। ত্রৈলোকোর লোক যত হল অচেতন।। বজাঘাতে অন্তরের মুগু হল চুর্ণ। আর যত ছিল সবে প্রাইল তুর্ণ।। যতেক দানৰ দৈত্য কালকেয়গণ। -সমুদ্রভিতরে প্রবেশিল সর্বাজন।। অগস্তামূত্রিক সমুদ্পান এবং দেকগণের যুদ্ধে অস্বলিগের লিংন। লোমশ বলেন শুন ধর্মের নক্ষম। সমুদ্র আশ্রয় নিল কালকেয়রণ।। সমস্ত দিব্দ থাকে জলের ভিতর। রাত্রিতে উঠিয়া খায় যত মুলিবর।। বশিষ্ঠ জাত্রমে খাইল সন্ত শত ঋষি। তিন শত খায় চব্যপাশ্রমেতে বিস।। ভরদ্বাজ আশ্রেমেতে বিংশ মুনি ছিল। রজমীর মধ্যে গিয়া সকলি খাইল।। হেনমতে খায় তার। বহু মুনিগণ। অনাহারী বাতাহারী মহাতপোধন।। ভয় ত্যজি ছিল সবে গেল প্লাইয়া। পর্বত গহবরে রহে কোটরে বসিয়া।। ·ভাঙ্গিল যুনির মেলা কেহ নাহি **আর**। যাগ-যজ্ঞীন হল সকল সংসার।। উপায় করিল বহু তার দেবগণ। লক্ষিতে না পারে ভারা আইসে কখন ॥ উপায় না দেখি আর ব্যাকুল হইয়া। নারায়ণ স্থানে সবে জানাইল গিয়া।। স্ষ্টিকর্তা হর্তা তুমি তুমি শ্রীনিবাস। তুমি উদ্ধারিবা মোরা করিয়াছি আশ।। রত্রাসুর মল কিন্তু কালকেয়গণ। লক্ষিতে না পারি তারা আইদে কথন।। করিল দিজের নাশ না দেখি নিস্তার। অমির। উপায় বহু করিনু ভাহার।। না পারিয়া তব পায় করি নিবেদন। , তোমা বিনা স্ৃষ্টি রাখে নাহি হেন জন।। এত শুনি রোবভারে করে পীতামুদ। ইহার উপায় আর নাহি প্রস্রা।।

ৰৰুণ আভাত হয়ে আছে চুফীগণ। সিন্ধু শুকাইতে সবে করহ যতন।। পাইয়া বিষ্ণুর আজা তবে দেবগণ। ব্রহ্মার সহিত গেল অগস্ত্য-সদন।। কর যুড়ি দেবগণ তাঁরে স্তুতি করে। সম্কটেতে ভূমি রক্ষা কর বারেবারে।। নহুষের ভয়ে পূর্কে করিলা নিস্তার। বিক্ষ্যভয়ে বসুধার খণ্ডিলে আধার।। রাক্ষস বধিয়া বিনাশিলা লোকভয়। এবার করহ রক্ষা হইয়া সদয়।। मूनि বলে কোন कार्या कविव नवाव। যাহা বল করি ভাহা এই অঙ্গীকার।। এত বলি চলিল অগস্ত্য মুনিবর। সঙ্গেতে চলিল সব অমর কিন্নর।। অগস্ত্য সমুদ্র পীবে অদুত কথন। দেখিতে চলিল যত ত্রৈলোক্যের জন।। সমুদ্র নিকটে গিয়া বলে তপোধন। তোমারে শুষিব আমি লোকের কারণ।। দেবতা গন্ধর্ক নাগ দেখিবে কৌতুকে। নিমিষে সমুদ্র পান করিব চুমুকে।। তবে ত অগস্ত্য মুনি একই গণ্ড, ষে। ক্রথমাত্রে সিম্বুজল পান করি শোযে।। কোথায় লহরী গেল শব্দ ছড়াছড়ি। জলজন্ত ছটফটি শুত্মস্থলে পড়ি।। বিস্ময় মানিল তবে ত্রৈলোক্যের জন। অগস্ত্য মুনিরে তবে করিল স্তবন।। গন্ধর্ক কিন্নর যত অপ্সরা অপ্সরী। মুনির সম্বৃথে তারা দেখয়ে মাধুরী।। করিল কুসুমর্ষ্টি মুনির উপরে। माधु माधु दलि भक्त इन पिशस्तरत ॥ জলহীন সিন্ধু দেখি যত দেবগণ। যে যাহার অস্ত্র লয়ে ধাইল তখন।। যতেক অসুরগণে বেড়িয়া মারিল। কত দৈত্য ক্ষিতি বিদারিয়া প্রবেশিল।। হত দৈত্য নির্ধিয়া ক্ষান্ত দেবগণ। পুনরপি অগস্তোরে করিল স্তবন।।।

তোমার প্রসাদে রক্ষা পাইল সংসার। লোকের কণ্টক দৈত্য হইল সংহার।। সমুদ্রের জল যে শুষিলা মুনিবর। পুনরপি সেই জলে পূর রত্নাকর।। মুনি বলে তোমরা উপায় কর সবে। জলপান করিলাম আর কোথা পাবে।। এত শুনি দেবগণ বিষ্ণুবদন। শীঘ্রগতি গেল সবে ব্রহ্মার সদন।। দৈত্যনাশ হেতু সিন্ধু শুষিল বারুণি। কিমতে পূরিবে সিন্ধু কহ পদ্মযোনি।। ব্ৰহ্মা ৰলে নিজালয়ে যাহ সৰ্বজন। উপায় নাহিক সিন্ধু পূরিতে এখন।। শুদ্ধ সিন্ধু রহিবেক দীর্ঘকাল যবে। জ্ঞাতি হেতু ভগীর্থ গঙ্গাকে আনিবে।। ভগীরথ হতে পূর্ণ হবে জলনিধি। শুদ্ধ রহিবেক সিন্ধু তাবৎ অবধি।। ব্রহ্মার বচনে সবে গেল নিজালয়। এই শুন পূর্ব্বকথা ধর্ম্মের তনয়।। সগ্রবংশোপাথ্যান এবং কপিলেব শাপে সগরসভান ভব্ম। এত শুনি জিজাসিল ধর্মের নন্দন। কহ শুনি মুনি সিন্ধুপুরণ-কথন।। কেবা ভগীরথ-জ্ঞাতি কারণ কি হয়। বিস্তারিয়া মুনিরাজ কহ মহাশয়।। লোমশ বলেন শুন ধার্ম্মিক রাজন। সগর নামেতে রাজা বাহুর নন্দন।। তালজপ্র হৈহয়াদি রাজা বশ করি। পৃথিবী পালন করে ছুফ্ট জনে মারি।। পুত্র বাঞ্চা করি রাজা হইল চিস্কিত। তপষ্ঠা করিতে গেল ভার্য্যার সহিত ।। শৈব্যা আর বৈদর্ভী যুগল ভার্য্যা তাঁর। কৈলাস পর্কতে তপ করে বছবার।। তাঁর তপে আবিভূত হয়ে মহেশ্বর। বলিলেন সগরেরে মাগি লছ বর।। বংশ হেতু এই বর মাগিল রাজন।

দেহ যাটি সহজ্র তনম ত্রিলোচন।।

इत रिलिटन यत माशिटन त्रांखन। হইবে তোমার ষাটি সহস্র নন্দন।। সময়ে সবাই এককালে হবে ক্ষয়। বংশ রক্ষা করিবেক একই তনয়।। শৈব্যার উদরে যেই এক পুজ্র হবে। তাহাতে ইক্ষ্বাকুবংশ উন্নতি পাইবে।। এত বলি অন্তর্দ্ধান হইলেন হর। সগর চলিয়া গেল আপনার ঘর।। ছুই ভার্য্যা সহ বাস করে মতিমান। কতদিনে দোঁহাকার হল গর্ৱাধান।। সময়ে প্রদব হল রাণী ছুই জন। ৈশব্যা প্রসবিল এক সুন্দর নন্দন।। বৈদর্ভীর গর্বে এক অলাবু জন্মিল। দেখিয়া নৃপতি ফেলাইতে আজা দিল।। হেনকালে ঘোরনাদে হল শূন্যবাণী। কি কারণে বংশ ত্যাগ কর নৃপমণি।। যত বীচি আছে এই অলাবু ভিতর। ্ মৃতপূর্ণ হাঁড়ি মধ্যে রাখ নুপ্রর ॥ ইহাতে পাইবে যাটি সহস্ৰ নন্দন। এত শুনি নরপতি রাখে সেইক্ষণ।। যুতহঁ ছি প্রতি এক ধাত্রী নিয়োজিল। ষাইট-সহস্ৰ পুত্ৰ তাহাতে জন্মিল।। তেজোরীর্ব্যে রূপে সবে সগর সমান। মদগর্কে স্বাকারে করে অপ্প জ্ঞান।। দেবতা গন্ধর্ক যক্ষ নাগ নরগণ। সবারে করিল পীড়া সগর-নন্দন।। দেবগণ জানাইল ব্রহ্মার গোচরে। স্ষ্টিনাশ কৈল প্রভু সগরকুমারে॥ ব্ৰহ্মা বলিলেন না চিন্তহ দেবগণে। कर्माटमाट्य मकरल मित्रद जन्ल मिटन। এত শুনি চলি গেল যতেক অমর। कड मित्र यञ्जनीका लहेल मनात ॥ হয়মেধ আরম্ভিল বাহুর নন্দন। ঘোড়। রক্ষিবারে নিয়োজিল পুত্রগণ।। সমৈন্য তাহারা যাটি সহত্র নন্দন। ঘোড়া রক্ষিবারে গেল পর্বত কানন।।

ঘোড়ার রক্ষণে তবে থাকে সর্বজন।। ইন্দ্র বলে আর কেন রাজ্য পাছে যায়। শত যজ্ঞ সাঙ্গ হলে কি.ভবে উপায়।। यक-विश्व ना कतित्व तांक देख दश । মন্ত্রণা করিল ইন্দ্র চুরি করি হয়।। স্বপদ রাখিতে ইন্দ্র করিল চাতুরী। আপনি আসিয়া শেষে অশ্ব করে চুরি।। চুরি করি নিয়া ঘোড়া রাখে পাতালেতে। যেখানে কপিল মুনি ছিলেন যোগেতে।। সেখানে রাখিয়া ঘোড়া শক্র পনাইল। প্রাতঃকালে সেনাগণ জাগিয়া উঠিল।। সিন্ধুমধ্যে ঘোড়া নাহি দেখি আচম্বিত। কেহ না জানিল ঘোড়া গেল কোন ভিত।। সকল সমুদ্রে ঘোড়া করে অম্বেষণ। নদ নদী গিরি গুহা নগর কানন।। কোথা না দেখিয়া অশ্ব চিন্তিত হইয়া। সগরের স্থানে সবে জানাইল গিয়া।। শুনি রাজা দৈববশে করিল উত্তর। যোডা না আনিয়া কেন আইলি রে ঘর।। খুঁজিয়া না পাও যদি পৃথিবী ভিতর। তবে সিন্ধুমধ্যে ঘোড়া হইল অন্তর।। যত্ন করি সেই স্থল খুঁজ গিয়া সবে। ঘোড়া না আনিয়া গৃহে ফিরি না আসিবে।। পিতৃ-আজ্ঞা পাইয়া চলিল সর্বজন। কোদালি ধরিয়া পৃথী করিল খনন।। জলহীন জন্তুগণ মৃত্তিকাতে ছিল। কোদালির প্রহারেতে অনেক মরিল।। কন্ধ শির হস্ত কার কাটা গেল পাদ। প্রহারে সকল জন্তু করে ঘোর নাদ।। পৰ্বত-প্ৰমাণ যত জন্তুগণ মৈল। পুঞ্জ করি অস্থি সব স্থানে স্থানে থু(ই)ল।। এইমত বারিনিধি খনিতে খনিতে। ্অশ্ব অম্বেয়ণে গেল পৃথী পূর্বভিতে।। তথায় খনিয়া ক্ষিতি বিদার করিল। পাতালপুরেতে গিয়া সুবে প্রবেশিল।।

कलरीय मिक्रमरधा कतरत्र खम्।

তথা গিয়া দেখিল কপিল মহামুনি। দীপ্তিমান তেজ যেন জ্বলম্ভ আগুলি।। তাঁহার আশ্রমেতে দেখিয়া হয়বর। হৃষ্ট হয়ে ঘোড়া গিয়া ধরিল সত্তর।। অহক্ষারে মুনিবরে করে অনাদর। দেখিয়া কপিল মুনি কুপিল অন্তর।। বাহিরায় ছই চক্ষু হইতে অনল। ভম্মরাশি করিলেক কুমার সকল।। নারদের মুখে বার্তা পাইল দগর। শোকাকুল হয় রাজা বিরুম অন্তর ।। স্তব্ধ হয়ে শোকাকুল চিন্তে নরপতি। শিববাক্য স্মরি শেষে স্থির করে মতি।। অংশুমান পৌত্র অসমঞ্জের নন্দন। তাহারে ডাকিয়া রাজা বলেন বচন।। কপিলের ক্রোধে ভঙ্ম হল পুত্রগণ। যজ্ঞ নফী হইবেক অশ্বের বিহন।। পূর্কে ত্যাগ করিয়াছি তোমার পিতায়। তোমা বিনা অন্য নাহি যজের উপায়।। যুধিষ্ঠির জিজ্ঞাসিল কহ মুনিবর। কি হেতৃ অভ্যজ্য প্রত্রে ত্যজিল সগর।। भूनि वतन अममक्षा रेभवागितर्छ जन्म। र्योवन नमरत वर् कतिल कुकर्मा।। তৃষ্মুথ শিশুগণ ধরে হস্তে গলে। উপরে তুলিয়ে ভূমে আছাড়িয়াফেলে।। একত্র হইয়া তবে যত প্রজাগণ। সগর রাজার প্রতি কৈল নিবেদন।। তাতৰূপে আমা সবে করহ পালন। দ্বস্ট দৈত্য পরচক্রে করহ তারণ।। অসমঞ্জা ভয় হতে কর রাজা পার। প্রজাতুঃখ শুনি তুঃখ হইল রাজার।। ক্রুদ্ধ হয়ে আজা দিল যত প্রজাগণে। গ্রাম হতে বাহির করহ এইক্ষণে।। এইমতে নিজপুলে ত্যজিল সগর। পৌজে যে কহিল রাজা শুন নরবর।। তোমা বিনা কুলাস্কুর কেহ নাহি আর। যজ্ঞ-বিশ্ব নরক হইতে কর পার।।

পিতামহ-বচন শুনিয়া অংশুমান। যথার কপিল মুনি গেল তাঁর স্থান।। প্রণাম করিয়া বহু করিল স্তবন। তুফী হয়ে বলে ইফী মাগহ রাজন।। এত শুনি অংশুমান বলে যোড়করে। রুপ। যদি কর প্রভু দেহ অশ্বরে।। দ্বিতীয়ে মাগিল পিতৃগণের সদ্ধৃতি। বাঞ্চাপূৰ্ণ হক বলি বলে মহামতি।। সতাশীল ক্ষমাশীল ধর্মে তব জ্ঞান। তব পিতা হইতে সগর পুত্রবান্।। মম ক্রোধে দগ্ধ যত সগরকুমার। তব পৌত্র করিবেক সবার উদ্ধার।। শিবে তৃষ্ট করিবে আনিবে সুরধুনী। যক্ত সাঙ্গ কর অশ্ব লইয়া এখনি।। মুনিরে প্রণাম করি লয়ে অশ্বর। অংশুমান দিল পিতামহের গোচর।। আলিঞ্চন দিয়া বহু করিল সন্মান। অশ্বমেধ যক্ত রাজা কৈল সমাধান।। পৌল্রে রাজ্য দিয়া শেষে গেল তপোবন অংশ্রমান শাসিলেক সকল ভুবন।। হইল দিলীপ নামে তাঁহার নন্দন। দেখি আনন্দিত বড় হইল রাজন।। বহুদিন রাজ্য করি অংশুমান ধীর। পুল্লে রাজ্যভার দিয়া হইল বাহির।। দিলীপ পাইল নিজ পিতৃসিংহাসন। শুনিল কপিল-কোপে দশ্ব পিতৃগণ।। গঙ্গাহেতু তপস্থা করিল বহুকাল। তথাপি জানিতে গঙ্গা নারিল ভূপাল।। তাঁহার নন্দন মহারথ ভগীরথ। যাঁর যশকপূরে পুরিল ত্রিজগত।। কপিলের কোপানলে দম্ম পিতৃগণ। লোকমুথে শুনি কথা চিন্তিত রাজন।। মন্ত্রীরে করিয়া রাজা রাজ্য সমর্পণ। গঙ্গার উদ্দেশে গেল দিলীপনন্দন।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

## ভণীরথের ভূতলে গলা আন্ময়ন ও স্গরবংশের উদ্ধার।

হিমালয়ে গিয়া মহাতপ আরম্ভিল। কঠোর তপেতে সব তপস্বী তাপিল।। ফলাহার পত্রাহার কৈল বাতাহার। অনাহারে কৈল তনু অস্থি-চর্ম্ম সার।। দেবমানে তথা কৈল সহস্র বৎসর। তপে তৃষ্টা গঙ্গা দিতে আইলেন বর।। গঙ্গা বলিলেন রাজা তপ কেন কর। প্রীত হইলাম আমি মাগ ইফ্ট বর ।। জাক্বীর বাক্য শুনি হয়ে হৃষ্ট মন। কর্যোড করি মাগে দিলীপ্নন্দন।। কপিলের কোপানলে পুড়ে পিতৃগণ। তা সবার মুক্তি হেতু করি আরাধন।। যাবৎ ভোমার জলে না হয় সেচন। তাবৎ সদ্ধাতি নাহি পাবে পিতগণ।। তোমার চরণে এই করি নিবেদন। উদ্ধার কর গো মাতা মম পিতৃগণ।। যদি রূপ। করিলা গো মাগি তব পায়। তাপনি তথায় গিয়া উদ্ধার সবায়।। গঙ্গা বলে তব প্রীতে যাইব তথায়। মম বেগ দহে হেন করহ উপায়।। গগন হইতে চ্যুত হইব যথন। মম বেগ সহে হেন নাহি অন্য জন।। বিনা নীলকণ্ঠ কারো শক্তি নাহি লোকে তপস্থায় বশ করি আনহ ত্রাম্বকে।। এত শুনি ভগীরথ করিল গমন। কৈলাসশিখরে শিবে করেন ভজন।। তপস্থায় ভৃষ্ট হইলেন দিগমুর। গঙ্গা ধরিবারে ভগীরথ মাগে বর।। निक देखें कानि उद्ये द्रा मद्रश्त । প্রীভিতে বলেন চল যাব নুপবর।। \*

হিমালয় পর্বতে কহেন উমাপতি।

ষ্পানহ কোথায় আছে তব হৈমবতী।।

ব্ৰন্দাকে গঙ্গা ভাহা জানিল অন্তরে।।

ভববাক্যে ভগীরথ গঙ্গা চিস্তা করে।

আকাশ হইতে গঙ্গা দেখি শুলপাণি। পড়িলেন হরশিরে করি ঘোর ধ্বনি।। মকর কুন্তীর মীন পূর্ণ মহাজলে। মুক্তমালা শোভে যেন চন্দ্ৰচূড়গলে॥ শিবশির হতে গঙ্গা হলেন ত্রিপারা। এক ধারা আসিয়া পড়িল বসুদ্ধরা।। স্বর্গেতে ফে ধারা তার মন্দাকিনী খ্যাতি। মর্ত্ত্যে অলকানন্দা পাতালে ভোগবতী।। ভগীরথ প্রতি বলিলেন ভাগীরথী। তোমার কারণ আমি আইলাম ক্ষিতি॥ পিতৃগণ তোমার আছয়ে কোন দিগে। কোন পথে যাইব চলহ মম আগে।। আজ্ঞামাত্র আগে চলে দিলীপনন্দন। কলকল শব্দে গঙ্গা চলিল তখন।। হিমালয় পর্কতে হইল উপনীত। পথ না পাইয়া গঙ্গা হইল ভাবিত।। অতঃপর ঐরাবতে কর রাজা ধ্যান। নতুবা কেমনে বল হইবে প্যাণ।। গঙ্গাবাক্যে ঐরাবতে করিলেন স্তুতি। স্তবেতে হইয়া তুষ্ট আদে গজপতি।। রাজা বলে মহাশয় নিস্তার এ দায়। গিরি বিদারিয়া পথ দেহ গঙ্গা মায়।। শুনি করী ছুষ্টমতি বলিল রাজারে। পথ করি দিতে পারি যদি ভজে মোরে।। কর্ণে হাত দিয়া রাজা আইল সত্তর। ছলেতে জানায় সব পশুর উত্তর।। যাহ বাছা ভগীরথ কহিবে করীরে। বেগে দাণ্ডাইলে আমি ভজিব তাহারে।। দেখিবে ছুর্গতি তার কিবা দশা ঘটে। শীঘ্রগতি আন তারে জিনিয়া কপটে।। মাতঞ্চ-নিকটে গিয়া বলে ভগীরথ। শুনি করী শীঘুগতি করি দিল পথ।। গিরি খণ্ড করি দন্তে টানিয়া ফেলিল। . মহাবেগে মহামায়া গমন করিল।। সম্মুখে পড়িয়া হস্তী ভাসিয়া চলিল। আছাড়ে বিছাড়ে তার প্রাণমাত্র ছিল।।

স্তব করে গজবর ত্রাহি ত্রাহি ডাকে। বলে মাগো পশু আমি কি চিনি ভোমাকে দয়াময়ি দয়া করি রাখিলা জীবন। প্রাণ লয়ে ঐরাবত পলায় তখন।। বেগেতে চলিল গঙ্গা আনন্দিতমনে । উপনীতা হল জয়ু মুনির আশ্রমে॥ দেখিয়া গঙ্গারে মুনি করিলের পান। গঙ্গা না দেখিয়া রাজা হল হতজ্ঞান।। মুনিবরে স্তব করে কাতর অন্তরে। তৃষ্ট হয়ে মুনিবর গঙ্গা দিল পরে।। কলকল শব্দে হয় গঙ্গার পয়াণ। কত শত লোক তরে নাহি পরিমাণ।। তাহা দেখি হর্ষান্বিত দিলীপনন্দন। বেগেতে আইল গঙ্গা কপিল-আশ্রম।। যথায় আছিল ভস্ম সগরসন্তান। পরশে পরম জল বৈকুঠে পরাণ।। চতুর্জু হয়ে স্বর্ণরথে আরোহিল। উৰ্দ্ধবাহু করি সবে আশীর্কাদ কৈল।। ় পিতৃগণে মুক্ত দেখি আনন্দ অপার। প্রণাম করিয়া নাচে দিলীপকুমার।। ভগীরথ হতে সমুদ্রে হইল জল। যাহা জিজ্ঞাসিলে রাজা কহিনু সকল।। শুনিলে পৃথিবীপাল সগরোপাখ্যান।। ভূগীরথ তুল্য আর নাহি পুণ্যবান।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীদাস বিরচিল সগর আখ্যান।।

' পরভরামের দর্প-চূর্ণ। (১৩)


লোমশ বলেন এই মহাতীর্থ স্থান।
পরশনে হয় তার বৈকুঠে প্রস্থান।।
পূর্ণ গঙ্গা এই স্থানে বিন্দুসর নাম।
যেই স্থানে হতবীর্য্য হইলেন রাম।।
যুধিষ্ঠির কহিলেন কহ তপোধন।
হতবীর্য্য রাম হইলেন কি কারণ।।
লোমশ বলিল পূর্বের রাম দাশর্থ।
বিষ্ণু স্বংশে চারি ভাই রমুকুলপ্রতি।।

লক্ষী অংশে জিয়ালেন জনকনন্দিনী। তাঁহার বিবাহে পণ কৈল নুপমণি।। ধৃর্জ্জটীর ধনুর্ভঙ্গ যে জন করিবে। তাহারে আমার কন্যা জানকী বরিবে দেশে দেশে বার্তা দিল জনক রাজন। বিশ্বামিত্র-স্থানে রাম করেন প্রবণ।। যজ্ঞরকা করিলেন রাক্ষ্সে মারিয়া। সীতা লভিলেন রাম ধনুক ভাঙ্গিয়া।। সীতা লয়ে যান রাম অযোধ্যানগর। পথেতে ভেটিল কুলান্তক ভৃগুবর।। দুর্জ্জয় ধনুক বামে দক্ষিণে কুঠার। পৃষ্ঠে শর ভূণ তাঁর শিরে জটাভার॥ তুই চক্ষু রক্তবর্ণ প্রকাণ্ড শরীর। কর্কশ বচনে কহে চাহি রঘুবীর।। জীর্ণ ধনু ভাঙ্গি তোর এত অহস্কার। দীতারে লইয়া যাদ অগ্রেতে আমার না জানিস ভৃগুরাম ক্ষজিয়কুমার। ক্ষণেক তিষ্ঠহ বুঝি পরাক্রম তোর।। এত বলি ছুর্জন্ন ধনুক দিল ফেলি। দিলেন ধনুকে গুণ রাম মহাবলী।। রাম বলিলেন জামদগ্রির নন্দন। ধনুকেতে গুণ দিনু কি করি এখন।। ইহা শুনি ভৃগুপতি দিল দিবা শর। শার সহ বিষ্ণুতেজ নিল রঘুবর ৷! আকর্ণ পুরিয়া ধনু কহে দাশরথি। কোথায় মারিব অস্ত্র কহ ভৃগুপতি।। ব্রাহ্মণ বর্ণের গুরু মম বধ্য নহ। অব্যর্থ আমার অস্ত্র কোথা মারি কহ।। স্তুতি করি কহে তবে ভৃগুর কুমার। অস্ত্র মারি স্বর্গপথ রুদ্ধহ আমার।। এক বাণে স্বর্গরোধ করেন ভাঁহার। পরশুরামের গেল যত অহন্ধার।। মুনি বলে কহিলাম রামের ভাখ্যান। कानीमात्र विव्कित श्राप्त श्रुवायांन ॥

খ্যেন কপোতের উপাথ্যান। (১৪)

লোমশ বলেন ডাকি ধর্মের নক্ষনে। শ্যেন কপোতের কথা করহ শ্রবণে।। এই যে বিতস্তা নদী শিবিরাজ্য দেশে। সারস সারসী ক্রীড়া করিছে উল্লাসে।। জ্লা উপজলা তুই যমুনার পাশ। মুনিগণ এই তটে করে অধিবাস।। উশীনর নামে নুপ আছিল তথায়। যত্র অনুষ্ঠানে ইন্দ্র পরাভব পায়।। যজের প্রভাবে ধরা কাঁপে থর থর। সুবাসুর যক্ষ রক্ষ ভাবিয়া কাতর।। সুরপতি চিন্তাকুল কনক আসনে। ইন্দুত্ব বা লয় বুঝি ভাবে মনে মনে।। হেনকালে ভুতাশন হন উপনীত। উশীনর-যজ্ঞ-কথা করিল বিদিত।। উভয়েতে যুক্তি করি অতি সঙ্গোপনে। বিহগ-বেশেতে যান ছলিতে রাজনে।। ধরিল কপোতৰূপ দেব ছতাশন। দেবরাজ শ্রেনকাপ করেন ধারণ।। সভাতলে যজে ব্রতী আছেন রাজন। খোনভয়ে কপোতক লইল শরণ।। উশীন**র-উ**রুদেশে লুকাল ভয়েতে। আক্রমণ করি খ্যেন আইল পৃশ্চাতে।। ছন্মবেশী কপোতক কহিল রাজায়। লইনু শরণ প্রভু রাখ ঘোরদায়।। কপোতের অরি খেন নিরদয় হয়ে। নাশিতে জীবন মোর আসিয়াছে ধেয়ে কপোতে ব্যাকুল হেরি কহে উশীনর। তোমারে রক্ষিতে প্রাণ দিব কলেবর।। তাত্রিতে রক্ষিতে যদি যায় মোর প্রাণ তথাপি এ পণ কভু নাহি হবে আনী। শ্যেন কহে মহারাজ একি আচরণ। মোর ভক্ষেয় রক্ষ ভূমি কিদের কারণ।। সবে কছে ধর্মনিষ্ঠ রাজা উশীনর। ধর্মহীন কর্ম্ম কেন কর নৃপবর।।

মহাপাপ খাতো ৰাধা কুধার সময়। ভক্ষ্য ছাড়ি দেহ মোর হয়ে সদাশয়।। রাজা বলে পক্ষিরাজ কি করিব আমি। অনর্থক না বুঝিয়া নিন্দ মে!রে তুমি।। কপোত প্রাণের ভয়ে লয়েছে শর্।। কেমনে কালেরে তারে করিব অর্পণ।। পরিত্যাগ ফরে যেবা শরণ-আগতে। গো-ব্রাহ্মণ-বধ সম ভুঞ্জিবে পাপেতে। শ্যেন বলে মহারাজ করহ প্রবণ। আহার বিহনে নাহি বাঁচে জীবগণ।। ধন জন ছাড়ি বাঁচে যাবত জীবন। আহার ছাড়িলে জীব না বাঁচে কখন।। ক্ষুধায় আকুল আমি না সরে বচন। करनक विलश्च राल याहित कीवन।। আমি যদি মরি তবে আমার বিহনে। माता शुळ जानि मम मतिरव जीवरन।। এক প্রাণী দিলে যদি বাঁচে বহু প্রাণী। অধর্ম না হয় তাহে সত্য ধর্ম গণি।। সামান্ত লাভেরে ত্যজি বহু লাভ যাহে। লইবে আশ্রয় তার শাস্ত্রমতে কহে।। রাজা বলে যদি তবে খাতো প্রয়োজন। অন্স খাদ্য খাও তুমি রহিবে জীবন।। বৃষ মৃগ ছাগ মেষ মহিষ বরাহ। এখনি আনিয়া দিব যেই মাংস চাহ।। খ্যেন বলে অন্য মাংস মোরা নাহি খাই। কপোত মোদের খাতা দেহ মোরে ভাই।। কপোতের মাংস দেহ করিব ভোজন। এত শুনি সকাতরে কহেন রাজন।। শিবিরাজ্য চাহ কিয়া যাহা মোর আছে এখনি দানিব তোমা না ডরিব পাছে।। যা বলিবে করিৰ তা যাহে তৃষ্ট তৃমি। আশ্রিত কপোতে কিন্তু না ত্যাজিব আমি।। এত শুনি কহে খোন শুনহ রাজন। কপোত যদ্যপি তব শ্লেহের ভাজন।। নিজমাংস খণ্ড করি কপোত সমান। দেহ মোরে তুলা ছারা করি পরিমাণ।।



রাজা উশীনর শোসন্ধাপী ইন্দ্রকে আত্মমাংস কর্তন পূর্বাক তুলা ছারা কপোতের ( হুতাশনের ) সহিত পরিমাণ করিয়া দিতেছেন।

তব মাংস কপোতের তুল্য যদি হয়। সেই মাংসে তৃপ্ত হব শুন মহাশয়।। ছত্মবেশে বহিং ইন্দ্র ছলেন রাজনে। উশীনর মুগ্ধ হল দোঁহার ছলনে।। উশীনর নৃপমণি, শ্যেনের বচন শুনি, ভাসিলেন আহলাদ সাগরে। আত্রিতেরক্ষিকুজানি,আপনারেধন্যমানি তুলা যন্ত্র জানিয়া সত্তরে॥ নিজহত্তে তুলা ধরি,নিজমাংস খণ্ড করি, কপোতের তুল্য করিবারে। নিজমাংস যত দেয়, তবু নাহি তুল্য হয়, ত্তাশন কপোতের ভারে।। মাংদ দেয় রাশিরাশি,তবু ভার হয় বেশী, কি করিব ভাবেন রাজন। মাংস কাটি দিকু্যত,না হয় কপোত মত, অসম্ভব না হেরি এমন।। ক্ষণকাল চিন্তাকরি, ভক্তিভাবে হরি শ্মরি, তুলে বদে নিজে উশীনর। হেরিয়া নুপের মতি, শ্যেনবাপী সুরপতি, কহিলেন শুন নৃপবর।। সুরপতি মম নাম, রাজ্য করি সুরধাম, কপোত-বেশেতে হুতাশন। ধার্মিকভাদেথিবারে,মোরাদোঁহেছলকরে আসিয়াছি তেমার সদন।। হেরি তোমা ধর্মনিষ্ঠ, হইলাম বড় তুষ্ট, वक्ष रेश्यू जव धर्मा करन। তোমার মহিমা ভবে, যাবত ধর্ণী রবে, थना धना शाहित्व मकत्न।। নরজালা হল নাশ, সশরীরে স্বর্গবাস, হল তব শুন নরপতি। ত্যজিয়া সংসার মারা,ধরিয়া দেবেরকায়া, চল চল মোদের সংহতি।।• শুন্য হতে রথ আদে, চলিল অম্রবাদে, যজের প্রভাবে উশীনর। অপ্ররী যোগিনী কত,দেবানী কিন্নরীযত, পুষ্পর্ষ্টি করেন অমর।।

>3

ভীমের পদাধেষণে গম্ম ও হন্মানের সহিত সাক্ষাৎ ৷ (১৫)

জন্মেজয় জিজাসিল ওহে মুনিবর। চারি ভাই কি করিল কহ অতঃপর।। স্বর্গেতে রহিয়া কিবা করে ধনঞ্জয়। কত দিনে ভ্ৰাতৃসহ সমবেত হয়।। আমারে বিশেষ করি কহ মুনিরাজ। শুনিতে উল্লাস বড় হয় হৃদিমাঝ।। বলেন বৈশম্পায়ন শুন কুরুবর। ক্লফা সহ কাম্যবলৈ চারি সহোদর।। যত দ্বিজবর ধৌম্য লোমশ সংহতি। ছয় রাত্রি তথা বাস করে ধর্মমতি।। এক দিন দেখ তথা দৈবের ঘটন। বহিল উত্তর দিকে মন্দ সমীরণ।। সুগন্ধি সুন্দর বায়ু অতি সুশীতল। পদাগন্ধে প্রপুরিল সব বনস্থল।। আমোদে করিল মুগ্ধ স্বাকার মন। পুনঃপুনঃ প্রশংসা করিল সর্বজন।। উত্তর মুখেতে দবে করে অনুমান। र्यारगत नाथरन रयन रयांगीत रथवान ।। কেহ কহে স্বৰ্গ হতে আসিতেছে গন্ধ। কেহ কহে পৃথিবীতে কে করে আনন্দ।। কোন মতে কেহ না জানিল নিক্পণ। লোমশেরে জিজ্ঞাসেন ধর্মের নন্দন।। জানহ র্ত্তান্ত যদি কহ মুনিবর। কোথা হতে আসিতেছে গন্ধ মনোহর।। কোন মত পুষ্পা সেই কার উপবন। চেষ্টায় পাইব কিয়া জনাধ্য সাধন।। মুনি বলে আছে গন্ধ্বাদন পর্কতে। সরোবর আছে ভাহে পুষ্প শতে শতে।। কুবেরের পূষ্প সেই অতি মনোহর। রক্ষক আছিয়ে শক্ষ যক্ষ অনুচর।। সুবর্ণের পুষ্প দেই গল্পের অবধি। চেষ্টায় হইবে প্রাপ্ত বাঞ্ছা কর যদি॥ এতেক বৃত্তান্ত যদি কহিলেন মুনি। ব্যগ্র হয়ে রুকোদরে কহে যাজ্ঞসেনী।।

আমা প্রতি শ্রদ্ধা যদি তোমার আছয়। অফৌত্তর শত পুষ্প দেহ মহাশয়।। পূজিব ঈশ্বরপদ করেছি বাসন।। তোমার ক্লপায় যদি পূরে সে কামনা।। তোমার অসাধ্য নাহি এ তিন ভুবনে। মনোযোগ কর তুমি মোর নিবেদনে।। ক্ষুষ্ণারে ব্যাকুলা দেখি বীর রুকোদর। অনুমতি লইলেন ধর্মের গোচর।। বন্দনা করিল যত ব্রাহ্মণমণ্ডলী। ধর্মেরে প্রণাম করে করি রুতাঞ্জলি।। যুধিষ্ঠির বলেন সে দেবের আলয়। কাহার সহিত যেন বিরোধ না হয়।। যাহ শীঘ্র ত্বরা করি এস ভাতৃবর। শুনিয়া উত্তরে যান বীর রুকোদর।। দেখিল সুন্দর বন ছায়া সুশীতল। দিব্য সরোবর তথা সুবাসিত জল।। মধুর সুস্বাছ ফল নানাবিধ ফুল। মকরন্দ লোভে উড়ি ভ্রমর আকুল।। কোন স্থানে শোভিত গুবাক নারিকেলে পলাশ রসাল তাল পূর্ণ বনফলে ॥ বিবিধ কুন্তুমে দেখে বিচিত্র উদ্যান। দেবের আশ্রম হেন করে অনুমান।। কোকিলের কলরব বিনা নাহি আর। মধুপানে মত্ত করে ভ্রমর ঝঙ্কার।। সর্বদ। বসন্তথ্যতু নিবসে সে বনে। বিহার করয়ে তাহে আনন্দিতমনে।। পাসরে পুষ্পের কথা দেখি বনস্থল। প্রাণভারে পশু-পক্ষী সকল পলায়।। বৃক্ষাঘাতে মারিলেক মৃগ রাশি রাশি। প্রমাদ গণিল যত কানন্নিবাদী।। বারণে বারণ মারে মুগেন্দ্রে মুগেন্দ্র। হরিণে হরিণ মারে সবে নিরানক।। সিংহনাদ ছাড়ি করে হুভুক্ষার ধ্বনি। গগনে গরজে যেন ঘোর কাদিয়িনী।। মহাশব্দে প্রপুরিল সব বনস্থল। প্রাণ্ডয়ে পণ্ড-পক্ষী পলায় সকল।।

ক্ষুদ্র মৃগ বরাহ ব্যম্রাদি বনচরে। পলায় মহিষ ব্যাঘ্র গজেন্দ্রের ডরে।। গজেন্দ্র পানায় দূরে মৃগেন্দ্রের ভয়। মৃগেন্দ্র পলায় বনে মানিয়া সংশয়।। একেরে অন্যের ভয় যত মৃগ পশু। বিকল হইয়া ধায় যুবা রূদ্ধ শিশু।। প্রননন্দন ভীম ভীমপ্রাক্রম। বিহার করেন তথা নাহি মনভ্রম।। হেনমতে কতদিন প্রম কৌতুকে। স্বচ্ছন্দগমনে বীর ভ্রমে মনসুখে।। চলিতে উত্তর পথে পবনুনন্দন। কত দূরে দেখে বীর কদলীর বন।। পরম সুন্দর বন দূরেতে আছয়। যেমন মেঘের ঘটা গগনে উদয়।। দেখি আনন্দিত হল ভীম মহাবল। ত্বরান্বিত হয়ে বীর আইল সে স্থল।। নানাপ্তপ্পে আলিঙ্গন পীয়ে মকরন্দ। শীতল সৌরভে অতি বাড়িল আৰুদ।। প্রবৈশিয়া দেখে বনে সুপক কদলী। করিল উদর পূর্ণ ভীম মহাবলী।। গতায়াতে ভাঙ্গে যত কদলীর বন। মড়মড়ি শব্দেতে চমকে সর্বজন।। মারিল যতেক পশু নাহি তার অন্ত। সেই বনে আছিল ছুরন্ত হনুমন্ত।। ভাঙ্গিল কদলীবন করি অনুমান। ক্রোবভরে শীঘ্রগতি করিল পয়াণ।। কুবুদ্ধি পাইল আজি কোন দেবভায় আপনারে না জানিয়। আমারে এতেক বলিয়া বীর যাইতে সন্তরে। আসিতেছে বুকোদর দেখে কত দুরে।। দেখিয়া জানিল এই মম ভাতৃবর। নতুব । এমন দর্প করে কোন নর।। জানি ছদ্ম করিল পবন অঙ্গজনু। হইলা সত্ত্র জীর্ণ অতিক্ষীণ তনু।। ব্যাধিতে পীড়িত অঙ্গ অস্থিমাত্র সার। পড়িল পথেতে গিয়া ভীম তাগুসার।।

তুদিকে কণ্টকবন নাছি পরিমাণ। মধ্য পথ যুজ়ি রহে বীর হনুমান।। হেনকালে উপনীত ভীম মহাবল। দেখে পড়িয়াছে পথে বানর ছুর্কল।। ভীম বলে পথ ছাড়ি দেহ রে বানর। আবশ্যক কার্য্য আছে যাইব সত্তর।। ভীমের শুনিয়া বীর এতেক বচন। মায়া করি অতিকটে মেলিল নয়ন।। ধীরে ধীরে কহে তবে বিনয় আচরি। জিজ্ঞাসা করয়ে অতি করিয়া চাতুরী।। কে তুমি কোথার যাবে কহ মহাবল। জরাযুক্ত অঙ্গ মোর ব্যথায় বিকল।। নভিতে নাহিক শক্তি অবশ শরীর। লঙ্গিয়া গমন কর সুথে মহাবীর।। এতেক শুনিয়া ভীম চিত্তে মনে মন। সকল শ্রীর আত্মাৰূপী নারায়ণ।। ইহারে লব্জিয়া আমি যাইব কেমনে। এতেক বিচ়ারি তবে কহে হনুমানে।। ধার্মিক বানর তুমি রুদ্ধ পুরাতন। অনীতি করিতে যুক্তি দেহ কি কারণ।। শুনি যে শাস্ত্রেতে হেন আছে বিবরণ। যত্ৰ জীব তত্ৰ শিব ৰূপে নারায়ণ।। দেখিয়া শুনিয়া কেন করিব জুনীতি। লজিয়ো যাইতে বল নাহি ধর্মে মতি।। হনুমান বলে আমি জাতিতে বানর। ধর্মাধর্ম জ্ঞান কোথা পশুর গোচর।। ব্যথায় কাত্র অঙ্গ দেখ মহাশ্র। কহিলাম বাক্যমাত্র মনে যাহ। লয় ।। ভুমি ধর্মবান বড় হও সভাবাদী। পরম সুজন অতি দয়াগুণনিধি।। অভিপ্রায়ে বুঝিলাম বড় বংশে জন্ম। পথ ছাড়াইয়া রাখ বাড়িবেক ধর্ম।। তবে ভীম হেলা করি নিজ বাম হাতে। ধরিয়া তুলিতে যায় নারিল নাড়িতে।। বিস্ময় মানিয়া তবে বীর রুকোদর। শক্ত করি ধরিলেন দিয়া ছুই কর।।

যতেক আপন শক্তি কৈল প্রাণপণ। মহাশ্রমে নাড়িবারে নারে কদাচন।। বহিল অঙ্গেতে ঘাম হইল ফাঁফর। विनय्नश्रक्षक करह युष्क् छूहे कत ।। কে তুমি দেবতা যক্ষ গন্ধৰ্ক কিন্নর। রাক্ষম মানুষ কিবা নাগের ঈশ্বর।। জানিলাম মোর দর্প নাশিতে বিশেষে। ছলিতে আইলে রুদ্ধ বানরের বেশে।। অজ্ঞানের অপ্রাধ ক্ষম মহাশয়। অবধানে শুন এবে মম পরিচয়।। চন্দ্রবংশে জন্ম রাজা পাণ্ডু মহামতি। তাঁর ক্ষেত্রে জন্ম মোর প্রন্সস্থতি।। ভীমবেন নাম মম জান মহাশয়। মম জ্যেষ্ঠ যুধিষ্ঠির ধর্ম্মের তনয়।। রাজ্য ধন নিয়া শত্রু পাঠাইল বনে। তপস্বীর বেশে ভ্রমি ভাই পঞ্চজনে।। কহিলাম নিজকথা তোমার অগ্রেতে। সম্প্রতি যাইব গন্ধমাদন পর্বতে।। আনিব সুবর্ণ-পদ্ম ঈশ্বরের হেতু। আমারে পাঠাইলেন ভাই ধর্মদেতু॥ যে কিছু রভান্ত কহিলাম মহাশয়। রুপা করি দেহ মোরে নিজ পরিচয়।। এতেক কহিল যদি ভীম মহামতি। প্রসন্ন হইয়া তবে কছেন মারুতি।। জিজ্ঞাসিলে শুন তবে মম বিবরণ। কেশরীর ক্ষেত্রে জন্ম প্রন্নন্দন।। রামকার্য্য হেতু মোরে স্থজিল বিধাতা হনুমান লাম মোর রাখিলেন পিতা।। রাবণ রামের সীতা হরিল যথন। প্রাণপণে সাধিলাম রাম-প্রয়োজন।। সাগর লঙ্কিয়া কৈন্তু সীতার উদ্দেশ। তবে রাম করিলেন সৈন্য সমাবেশ।। সমুদ্রে বান্ধিয়া সেতু সৈন্য হল পার। হইল রাবণ রাজা সবংশে সংহার।। সীতা উদ্ধারিয়া রাম যান নিজবাস। আমারে করিয়া রূপা করিলেন দাস।।

ভূফা হয়ে সীতাদেবী মোরে দিল বর। এই হেতু চারি যুগ হইতু অমর।। এই কদলীর খণ্ড মোরে দিল দান। রামের সেবক আমি নাম হনুমান।।(১৬) এতেক শুনিয়া তবে ভীম মহাবল। সাফীঙ্গে প্রণাম করে পড়ি ভূমিতল।। ভীম বলে অপরাধ ক্ষমহ গোঁমাই। যুধিষ্ঠির তুল্য তুমি মম জ্যেষ্ঠ ভাই।। হ্নুমান বলে ভাই কেন হেন কহ। প্রাণের সমান তুমি কভু দোধী নহ।। পূর্কে দেখিয়াছি আমি জেনেছি কারণ করিলাম এত ছল জানিবারে মন।। ভীমসেন বলে যদি কুপা হল মোরে। এক নিবেদন করি তোমার গোচরে।। নিজমূর্ত্তি মহাশয় করিয়া প্রকাশ। পুরাও আমার যে মনের অভিলাষ।। শুনিয়া হাসিল তবে হনুমান বীর। দেখিতে দেখিতে হল পূর্কের শরীর।। অতিতপ্ত স্বৰ্ণ জিনি কিবা অঙ্গশোভা। বালসূর্য্য সম যেন চমৎকার প্রভা।। মনের আবেশে বাড়ে বীর হনুমন্ত। কি দিব উপমা যেন পর্বত জ্বলন্ত।। চক্ষু বুজি ভীমদেন ডাকে পরিত্রাহি। অম্পন্দ হইল অঙ্গ আর নাহি চাহি।। মৃচ্ছাগিত হয়ে বীর পড়ে ভূমিতলে। তথাপিহ মহাবীর বাড়ে কুভূহলে।। উর্দ্ধে লক্ষ যোজন হইল পদ নথ। ব্রন্দাও উপরে গিয়া ঠেকিল মন্তক।। वित्मद्य (प्रथिया छुड्यी वीत इत्कापत । পূর্ব্বমত দেহ পুনঃ ধরে মায়াধর।। ত্মাশ্বাসিয়া রুকোদরে করে সচেতন। মৃত দেহে সঞ্চারিল যেমন জীবন।। রুকোদর কহে দাতাইয়া যোড়করে। বিস্তর বিনয় করি বানর-ঈশ্বরে।। ভাগ্যেতে দেখিকু তোমা পূর্ব্বপুণ্যকলে। মনের বাসন। পূর্ণ হল এত কালে।।

তোমার চরণে মম এই নিবেদন। আমার পরম শত্রু আছে তুর্য্যোধন।। বনবাস উপর্যে মদি যুদ্ধ হয়। সেই কালে সাহায্য করিবে মহাশয়।। হাসিয়া কহিল তবে প্রনস্থান। কাল দেশ পাত্র বুঝি করিব বিধান।। যখন যাহার সঙ্গে করিবে বিবাদ। তোমার সম্মুখে বীর হবে সিংহনাদ।। অর্জুনের কপিধ্বজে হয়ে অধিষ্ঠান। ছুই স্থানে নিজশক্তি করিব বিধান।। তুই শব্দে যেমন একত্র বজ্রাঘাত। শুনিয়া অনেক দৈন্য হইবে নিপাত।। যাহ গন্ধমাদনেতে পুষ্প আছে যথা। কার সঙ্গে দ্বন্ম নাহি করিহ সর্কথা।। কুবেরের পুষ্প দেই রাখয়ে রক্ষক। সাধিবে আপন কার্য্য বিনয় পূর্ব্বক।। সবার বন্দিত দেব বেদে হেন কয়। অনাদর করিলে যে পাপরদ্ধি হয়।। এতেক কহিয়া বীর মধুর বচন। বিদায় করিল ভীমে দিয়া আপলিঙ্গন।। কত দূর আগুসরি পথ দেখাইল। ভূমেতে পড়িয়া ভীম প্রণাম করিল।। পরম কৌতুকে তবে রকোদর বীর্। চলিল উত্তর মুখে নির্ভয় শরীর।। ভারত-পঙ্কজ-রবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে রচিলেন তাঁর দাস।। যক্ষগণের দহিত ভীমের যুদ্ধ ও সৌগন্ধিক পুষ্পাহরণ। অতঃপর ভীম, পরাক্রমে ভীম, চলিল উত্তর পথে।

অতঃপর ভীম, পরাক্রমে ভীম,
চলিল উত্তর পথে।
ছই ভিতে যত, আছুরে পর্বত,
নানাবর্ণ রক্ষ তাতে।।
পরম কৌতুকে, আপনার সুখে,
স্বচ্ছন্দ গমনে যায়।
মহাবলবান, কি করে সন্ধান,
কে বুঝিবে অভিপ্রায়।।



কত দিনান্তর, গন্ধ-গিরিবর, বন-উপব**ন শোভা**। উচ্চ সব শাখা, বিস্তারে অলেখা, নব-জলধর-আভা।। সপ্ত শৃঙ্গ তথি, শোভা করে অতি, তাহে নানা তরুগণ। প্রননন্দন, আনুন্দিত মন, सूरथ कैन बारतार्ग ॥ প্রতি শৃঙ্গে পক্ষ, মুগলক্ষলক্ষ, পশুগণ অগণিত। নানা পুষ্পা বনে, মধুকরগণে, মধুপানে আনন্দিত।। কোকিল কাকলি, গুঞ্জরিছে অলি, বিবিধ পক্ষীর রব। দেখে নানা স্থানে, সকল সোপানে, দেবের আশ্রম সব।। তাহার উত্তর, রম্য সরোবর, সুবর্ণ পঙ্কজ বন। দক্ষিণ প্ৰন, বহে অনুক্ষণ, আমোদে মোহিত মন।। গন্ধ অনুসারে, চলিল উত্তরে, পুষ্প হেতু মহাবৃদ্ধি। ट्रिंच मद्रावत, वीत त्रकानत, कानिल कार्यात मिक्ति॥ - সুবাসিত জলে, কনককমলে, মধুপান করে ভূঙ্গ। তথি লাখে লাখ, হংস চক্রবাক, . বিহরে রমণী সঙ্গ।। **ডাহুকী ডাহুকে,** ভ্ৰমে নানা সুখে, সারস সরস মতি। পুষ্পা মকরন্দ, সদা বহে গন্ধ, বায়ু বহে মন্দগতি।। কারগুবরান্দ, পরম আনন্দ, नमारे मानन्म रुरय । মজি মনোভবে, কেলি করে সবে, নিজ পরিবার লয়ে।।

তথা লক্ষ লক্ষ, যক্ষরাজ পক্ষ, আছয়ে রক্ষক লক্ষ। मानिश वित्राय, जीमतमन क्य, - কখন এ নহে লক্ষ্য।। নিভায় শরীর, বকোদর বীর, দেখিয়া নির্মাল জল। স্নান করি হাউ, পুজা কৈল ইউ, কৌতুকে তুলি কমল।। দেখি পরস্পর, কহে অনুচর, কুবের-কিন্ধর যত। দেবের উদ্যানে, ভয় নাহি মনে, দেখি যে অজ্ঞানবত।। কেহ বলে উঠ, না করিহ হঠ, কনক কমল ফুল। অপ্পতর প্রাণ, মানুষ অজ্ঞান, কি জানে ইহার মূল।। কেহ সাধু জন, মধুর বচন, কহে ভীমসেন প্রতি। কহ মহামতি, কাহার সন্ততি, কি হেতু হেথা আগতি।। এই সরোবর, যক্ষের ঈশ্বর, ঈশ্বর ইহার হয়। দেখি সাধু হেন, ভাল মন্দ জান, তারে নাহি কর ভয়।। ভীম বলে মোর, নাম রকোদর, পাঞ্র নন্দন আমি। ভয় নাহি মনে, এ তিন ভুবনে, श्रष्ट्राप्त मर्स्र खिम ॥ ক্ষিতিপালশ্রেষ্ঠ, মম ভাই জ্যেষ্ঠ, যুধিষ্ঠির মহারাজা। পুষ্প অনুসারে, পাঠাইল মোরে, · क्रिदिन ( प्रम् जा।। পুষ্পা লয়ে আমি, যাৰ শীঘগামী, করিতে ঈশ্বরসেবা। অস্ত কর্ম্ম নয়, কি কারণে ভয়, এমত ছুর্বল কেবা।।

অনুচর কয়, যাহ মহাশয়, যক্ষরাজে গিয়া বল। নহিলে বলহ, করিবে কলহ, তবে কি হইবে ভাল।। হাসি রকোদর, কহে ওরে চর, কি হেতু যাইব তথা। আসিয়া পাগুৰ, পুষ্প নিল সৰ, কহ গিয়া এই কথা।। ভীম মহাবল, তোলয়ে কমল, ना मानिल यि माना। কুবের-কিন্ধর, হাতে ধকুঃশর, ক্লবিল সকল সেনা।। ভীমের উপর, সবে এড়ে শর, বত পড়ে গায়। क्कार्य इंटकामतं, উঠিয়া সত্মর, মারিল রুক্রের ঘায়।। মারিল যতেক, কহিৰ কতেক, যে কিছু আছিল শেষ। कान्पि উरेष्ठः श्रद्ध, किं क्रिक क्रूर्वरत्, নিশ্চয় মজিল দেশ।। বিক্কৃতি লক্ষণ, নর এক জন, মারিয়া রক্ষককুল। সরোবরে যত, করিলেক হত, আছিল কমলকুল।। বার রকোদর, কহে নাম মোর, পাণ্ডুনৃপতির স্কৃত। কহিন্তু নিশ্চয়, শুন মহাশয়, যক্ষকুল হল হত।। কতে যক্ষরাজ, দ্বন্ধে নাহি কাজ, তনয় অধিক হয়। আমার উত্তর, কহিয়া সত্তর, পুষ্প দেহ যত চায়।। মধুর বচনে, ত্থাসি চরগণে, मास्रु। हेन जीमतम् । হেথা ধর্মাস্কৃত, ত্রিবিধ উৎপাত, (पथर्य भर्कती पित्न।।

উচাটন মতি, মুনিগণ প্রতি,
করিলেন নিবেদন।
কহ মুনিবর, ভাই রকোদর,
না আইল কি কারণ।।
মুনিগণ কয়, না করিহ ভয়,
ভীমে কে হিংসিতে পারে।
কহে যুধিষ্ঠির, প্রাণ নহে স্থির,
যাবৎ না দেখি তারে।।
ভারতের কথা, অতি সুখদাতা,
কহিলেন মুনি ব্যাস।
পাঁচালির ছলেদ, মনের আননন্দে,
বিরচিল ভাঁর দাস।।

ভীমাম্বেষণে যুধিষ্টিরাদির যাতা। যুধিষ্ঠির বলে মুনি কর অবধান। ভীমের বিলম্বে মম আকুল পরাণ।। किमन कूब् कि श्रष्ट्र इन मम मतन। ভীমেরে পাঠানু আমি পুষ্পের কারণে।। যথন বিপদকাল হয় উপস্থিত। পাপযুক্ত বুদ্ধিতে আচ্ছন্ন হয় চিত।। কুকর্ম্ম যতেক বুঝে সুকর্ম্মের প্রায়। নহে প্রবর্ত্তিব কেন কপট পাশায়।। আশ্চর্য্য দেখহ আর বিধির ঘটন। পঞ্চ ভাই কুঞা সহ আইলাম বন।। অস্ত্রশিক্ষা হেতু পার্থ স্বর্গেতে রহিল। মিছা কার্য্যে পুষ্প হেতু ভীমসেন গেল।। ব্যস্ত প্রাণ না দেখিয়া দোঁহাকার মুখ। বিধি দেয় ছুঃখের উপরে আর ছুঃখ।। এত বলি ঘটোৎকচে করেন স্মরণ। স্মরণ করিবামাত্র ভীমের নন্দন।। আসিয়া সবার পদে করিল প্রণতি। আশীর্কাদ করিয়া বলেন নরপতি।। ভাগ্যে আজি দেখিলাম বদন তোমার। মন দিয়া শুন বাপু কহি সমাচার। পুষ্প হেতু গেল ভীম জনক তোমার। চারিদিন না পাই তাহার সমাচার।।

এই হেতু চিন্তা সদা হতেছে আমার। ঘটোৎকচ এ সঙ্কটে করহ উদ্ধার ॥ প্রাণের অধিক মম রকোদর ভাই। শাঘ্রগতি চল সবে তথাকারে যাই।। আমারে লইবে আর ভাই ছুই জন। मकल वर्त्त छङ्ग लहरव खाक्तन ॥ ক্রপদনন্দিনী কুঞা জননী তোমার। দেকারণে লইবারে মোর অঙ্গীকার।। ঘটোৎকচ বলে দেব তোমার আজ্ঞায়। পৃথিবী বহিতে পারি কত বড় দায়।। মোর পৃষ্ঠে আরোহণ কর সব জনে। তোমার প্রদাদে তথা যাব এইক্ষণে।। এত শুনি তুষ্ট হয়ে ধর্মের নন্দন। প্রশংসা করিয়া বহু দেন আলিঙ্গন।। আবোহণ কৈল আগে ত্রাহ্মণমণ্ডলী। क्रका नर जिन जाहे राम कुछ्रली।। চলিল ভীমের পুজ্র ভীমপরাক্রম। অনায়াদে গমনে তিলেক নাহি শ্রম।। দেখিয়া বনের শোভা আনন্দিত সবে। কুমুমিত কাননে কোকিল কলরবে।। মধুপানে মত্ত হয়ে ভ্রমর ঝক্কার। জনঙ্গ মোহিত অঙ্গ রঙ্গে সবাকার।। পশু পক্ষী মৃগেতে পূরিত বনস্থল। দিব্য সরোবর তাহে শোভিত কমল।। বিহরে কৌতুকে রাজহংস চক্রবাক। नामार्थं कष्ट्र विरुद्ध नार्थ नाथ ॥ বিবিধ তড়াগ কুপ বহু নদ নদী। স্থাবর জঙ্গম যত কে করে অবধি।। প্রতি ডালে নানাপক্ষী করে কলরব। কৌতৃক দেখিছে যেন মহামহোৎসব।। লঙ্কিয়া উদ্যান সব উপবন্ যত। উদ্দেশ পাইল গন্ধমাদন পৰ্বত।। নানা কথা কহিতে লাগিল মুনিগণ।

শুনিয়া সামন্দ বড় ধর্মের নন্দম।।

এই মত অম্পদিনে রাজা যুধিষ্ঠির। উপনীত যথা আছে রকোদর বীর।।

मिथिन जारनक रेमना कुरवत्र-किक्षत् । যুদ্ধেতে লইল প্রাণ বীর রুকোদর।। দিব্য সরোবর দেখে অগাধ সলিল। কমল কুমুদ রক্ত শ্বেত পীত নীল।। জলজন্তু বিহঙ্গম অতি মনোহর। কুসুম উদ্যান চারি ভটের উপর।। ক্রীড়ায় কৌতুকী মন ভীম মহামতি। হেনকালে দেখিল আগত ধর্মপতি।। লোমশ ধৌমোর কৈল চরণ বন্দন। মাদ্রীপুত্ত ছুই জনে কৈল আলিঙ্গন।। মধুর সম্ভাবে তুষ্টা কৈল যাজ্ঞসেনী। ভীমে সম্বোধিয়ে কহে ধর্ম নৃপমণি।। শুন ভাই তব যোগ্য নহে এই কর্ম। দেব দ্বিজ হিংসা নহে ক্ষজ্রিয়ের ধর্ম।। (इन कर्म्म कष्ट्र नाहि कंत्रित्व मर्स्वथा। কিছু না কহিয়া ভীম রহে হেঁট মাথা।। বিদায় নিল যে তবে ঘটোৎকচ বীর। দিন কত তথায় রহেন যুধিষ্ঠির।। सूर्व शक्षक शूष्ट्रा जूनि मसंकरन। ইক্টের অর্চ্চনা করে আনন্দিতমনে।। ছায়া সুশীতল জল স্থল মনোরম। সহজে সুথের স্থান দেবের আত্রম।। মৃগয়া করেন নিত্য ভীম মহাবল। ষানয়ে বনের ফল ভ্রাহ্মণ সকল।। ভক্তিভাবে জ্ঞপদনন্দিনী সাবধানা। ব্ৰাহ্মণ পাননে রতা জননী সমানা।। এমনি কৌতুকযুক্ত আছে সূর্বজন। এক দিন শুন তথা दिनदित घটन।। মৃগয়া করিতে ভীম গেল দূর বনে। ধৌম্য পুরোহিত গেল সরোবরে স্নানে। লোমশ পুষ্পের হেতু প্রবেশিল বন। নিঃসহায় আশ্রমে থাকেন চারি জন।। হেনকালে জটাস্কর বকের বান্ধব। (১৭) বন্ধুর পরম শত্রু জানিয়া পাণ্ডব।। হিংসা হেতু আশ্রয় করিল সেই বন। ছিত্ৰ চাহি সাবধানে থাকে অতুক্ষণ।।

না পারে লঙ্গ্রিতে ছুফ্ট ভীমে করি ভয়। বিশেব রক্ষকমন্ত্র প্রাক্তন পঠয় ।। दिमवर्रियारश रमहिमिन रमिथ भूकालय । শীঘ্রগতি আদে তথা ছুফ্ট ছুরাশয় ॥ ভয়ঙ্কর মূর্ত্তি অতি গভীর গর্জনে। কহিতে লাগিল ছুফ্ট ধর্মের নন্দনে।। আরে পাপমতি চুষ্ট পাপিষ্ঠ পাওব। হিড়িম্বক আদি মোর বন্ধু ছিল সব।। সবাকে মারিল ছুফ্ট ভীম ভোর ভাই। পেই অনুতাপে আমি নিদ্রা নাহি যাই।। স্বাঞ্জিত ফল আজি বিধাতা ঘটাল। সেকারণে চারি জন একান্তে মিলিল।। নিশ্চয় নিধন আজি করিব সবাকে। ভীমার্জ্বন মরিবেক তোমাদের শোকে।। নিপাত হইল শক্ৰ কাল হল পূৰ্ণ। এতেক বলিয়া ছুফ্ট ধরিলেক তুর্ণ।। পুষ্ঠে আরোপিয়া সবে অতি শীঘগতি। ভীমে ভয় করিয়া পলায় ছুফীমতি।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

> জ্ঞটান্ত্ৰৰ বধ এবং পাণ্ডৰ্টিগ্ৰেৰ বদ্ধিকাশ্ৰমে যাত্ৰা।

যুধি ঠির বলে পাপ রাক্ষস অধম।
ব্রিলাম আজি তোরে মারিলেক যম।।
অহিংসক জনেরে হিংসয়ে যেই জন।
অপেকালে দণ্ড তারে করয়ে শমন।।
না ব্রিয়া কি কারণে করিস কুকর্ম।
পাপেতে পড়িলি ছুফ্ট মজাইলি ধর্ম।
ধর্ম নফ্ট করি যার সুথে অভিলাধ।
সর্বর ধর্মা নফ্ট হয় নরকেতে বাস।।
ফলিবে এখনি ছুফ্ট তোর ছুফ্টাচার।
হুইবি ভীমের হাতে সবংশে সংহার।।
ফপদনন্দিনী কুষ্ণা এই সব দেখি।
পরিত্রাহি ডাকে দেবী মুদি ছুই আঁথি।।
হা কুষ্ণ করুণাসিক্ম কুপার নিধান
করহ কমলাকান্ত কর্ফে পরিত্রাণ।।

ভোমারে পাওববন্ধ লোকে বলি কয়। সেই কথা পালন করিতে যোগ্য হয়।। কোথা গেলে ভীমদেন করহ উদ্ধার। তোমা বিনা এচুস্তরে কে তারিবে আর ॥ কোথায় রহিলে গিয়া বীর ধনঞ্জয়। রক্ষা কর পাণ্ডবংশ মজিল নিশ্চয়।। বিকলা হইয়া কৃষ্ণা কান্দে উচ্চরায়। কত দূরে ভীমসেন শুনিবারে পায়।। বুঝিল অমনি বীর কান্দে যাজ্ঞদেনী। ব্যগ্র হয়ে বীরবর ধাইল অমনি।। দেখিল পালায় ছুষ্ট হরি চারি জনে। **দাকিয়া কহিল ভীম আশ্বাদবচনে।।** তিলালি মনেতে ভয় না কর রাক্ষসে। এখনি মারিব ছুষ্টে চক্ষুর নিমিষে।। এত বলি উপাড়িয়া দীর্ঘ ভরুবর। ডাকি বলে রহরে পাপিষ্ঠ তুরাচার।। ভীমের পাইয়া শব্দ বেগে ধায় জটা। গগনমগুলে যেন নবমেঘ ছটা।। चक्रुरतत कम्म (मिथ (वर्रंग वीत क्षांस । ঘ্বায়ে রুক্তের বাড়ি মারিল মাথায়।। বুজাঘাতে ব্যথা পেয়ে অতি ক্রোধমনে। ভীনেরে ধরিল চুফ্ট ছাড়ি চারি জনে।। ধাইয়া ভীমের হাতে দিল এক টান। চলিতে নারিল ভীম পায় অপমান।। কোধে কম্পমান তমু রুক্ষ লয়ে হাতে। প্রহার করিল তুষ্ট মারুতির মাথে।। প্রশি ভীমের মাথে রুক্ষ হৈল চুর। বক্ষেতে চাপ্ত কোধে মারিল অমুর।। করাঘাতে কম্পামান রুকোদর বীর। অঙ্গে বহে শ্রমজল হইল অস্থির।। মারিল জটার বুকে দৃঢ় মুষ্ট্যাঘাত। পর্মত উপরে যেন হৈল বজাঘাত।। ভীমের ভৈরব নাদ অসুরের শব্দ। কানননিবাদী যত শুনি হল শুরু॥ রক্ষাঘাতে করাঘাতে পদাঘাতে ঘাতে। দ্বিতীয় প্রহর যুদ্ধ হল হেনমতে।।

সিংহনাদে প্রপুরিল সর্ব্ব বনস্থল।। ধরাধরি করি দোঁহে ক্ষিতিমধ্যে পড়ি। যুগল হস্তীর প্রায় থায় গড়াগড়ি॥ ক্ষণেক উপরে ভীম ক্ষণেক রাক্ষস। সমান শক্তি দোঁহে সমান সাহস।। তবে বীর রুকোদর পেয়ে অবসর। সারিয়া উঠিল জটাসুরের উপর।। বুকের উপরে বসি পদে চাপে কর। বাম হাতে গলা চাপি ধরিল সত্ত্র।। তুলিয়া দক্ষিণ কর মুষ্ট্যাঘাত মারি। ভাঙ্গিয়া ফেলিল তার দন্ত ছুই সারি।। পদাঘাতে শিরোদেশ করিলেন চুর। তাজিল পরাণ পাপ গুরন্ত অমুর।। দেখিয়া আনন্দযুক্ত ধর্মের নন্দন। শিরোছা। করি ভীমে দেন আলিঞ্সন।। কৌতুকে লোমশ ধৌম্য করে আশীর্কাদ মরিল অমুর চুষ্ট ঘুচিল বিষাদ।। স্পাদিয়া স্বাশ্রমে সবে হরিষ বিধানে। নিত্য নিয়মিত করিলেন জনে জনে।। পরদিন প্রাতঃকালে ধর্মা অধিকারী। কহেন লোমশ প্রতি করযোড় করি।। মম এক নিবেদন শুন মহাশয়। অ্তঃপর এইস্থানে থাকা যোগ্য নয়।। দেখ তুষ্ট জটাসুর মরিল পরাণে। শুনিয়া রুষিবে আসি তার বন্ধুজনে।। সেকারণে এইস্থানে বাস যোগ্য নয়। বুঝিয়া করহ কর্ম উচিত যা হয়।। লোমশ বলেন সত্য কহিলে সুমতি। এই যুক্তি সবার বলি লয় মম মতি।। ব্যাদের আগ্রম বদরিকা পুণ্যস্থানে। তথায় চলহ সবে থাকি প্রীতমনে।। এতেক শুনিয়া সবে লোমশের স্থানে। .প্রশংসা করিয়া তথা যায় সর্বজনে ॥ পূর্বত উপরে রক্ষ ছায়া সুশীতল। কমলে শেভিত রুম্য সরোবরজল।।

মল্যুদ্ধে বিশারদ দোঁতে মহাবল।

দেখেন অনেকবিধ কৌতুক বিহিত।
বদরিকা পুণ্যাশ্রমে সবে উপনীত।।
আনন্দে রহেন তথা চারি সহোদর।
অর্জ্জুন বিচেছদে সবে কাতর-অন্তর।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।
পাওবগণের বদরিকাশ্রম হইতে গন্ধমাদন
পর্কতে গমন।

কহেন জনমেজয় কহ তপোধন। বদরিকাশ্রমে যান পাণ্ডুর নন্দন।। কেমনে রছেন তথা অর্জ্জুন বিহনে। বিস্তারিয়া কহ মুনি শুনিব প্রাবণে।। মুনি বলে অবধান কর নুপবর। বনবাদে গত হয় চতুর্থ বৎসর।। পঞ্চ বর্ষ প্রবেশিয়া সপ্ত মাস গেল। এক দিন পঞ্চ জন একান্তে বসিল।। অর্জুন বিহনে সবে নিরানন্দ-মন। কহিতে লাগিল ক্লুম্ভা করিয়া রোদন।। দেখ মহারাজ এই দৈবের কারণ। সর্বস্থ-বিলাসে বঞ্চিত এই জন।। যে হেতু অর্জ্জন গেল অস্ত্র শিথিবারে। হইল বৎসর পঞ্চ না দেখি তাহারে।। প্রাণের বিহনে যেন শরীর ধারণ। অৰ্জুন বিচ্ছেদে ত্নামি আছি হে তেমন।। তোমা স্বাকার মনে না জানি কি লয়। পার্থের বিহনে মম প্রাণ স্থির নয়।। ভীম বলে যা কহিলে জ্ঞপদনন্দিনী। শীর্ণ মম কলেবর এই সব গণি।। সূর্য্যের সমান সেই সর্ব-গুণাধার। শাসিলাম মহী বাছবলেতে যাহার।। যাহার তেজেতে হল সুরাসুর বশ। এ তিন ভুবনে যার প্রকাশিল যশ।। তাহার বিহনে প্রাণ ধারণ কি হয়। হেনকালে কহে দোঁহে মাদ্রীর তনয়।। যতদিন নাহি দেখি পার্থ মহাবীর। আহারে অরুচি চিত্ত সদাই অস্থির।।

किर्ण किर कुनमा तम व्यक्तित थन। পাশুবকুলের চকু কেবল অর্জ্ন।। তবে যদি পার্থ সহ নহে দরশন। আমরা ভ্যান্ধৰ প্রাণ্ এই নিৰূপণ।। এত শুনি কছিলেন ধর্মা নৃপমণি। কহিলে যতেক কথা সব আমি জানি।। অসাধ্য সাধন হেডু যেই ভাই মূল। তাহার বিচ্ছেদে মম প্রাণ আকুল।। কিন্তু আমি শুনিয়াছি মুনির বচন। অৰ্জ্জন অজেয় হেন কহে সৰ্বজন ৷৷ চিন্তা না করিহ কিছু তাহার কারণে। পূর্ব্বকথা স্মরণ হইল এত দিনে।। কহিল আমারে পার্থ গমনের কালে। আশীর্কাদ করিহ যে আসি ভালে ভালে চিন্তা না কবিহ কিছু আমার কারণে। পঞ্চবর্ষে আসি পুনঃ নমিম চরণে।। গন্ধাদনেতে সবে করিবে গমন। সেইখানে আসি জামি মিলিব তথন।। চলহ তথায় শীঘ্র যাই সর্বজন। অবশ্য অর্জ্রন সঙ্গে হবে দরশন।। এত বলি মত্র ভাষে ধর্মের নন্দন। लामन मूनित्त कतित्वन नित्वनन ॥ মুনি, আশ্বাসিয়া কহিলেন এই কথা। চল শীঘ্ৰ অবশ্য যাইব সবে তথা।। চলিল লোমশ আংগে ধৌম্যের সহিত। কুষ্ণা সহ চারি ভাই যান হর্ষিত।। দুৰ্গম কানন-পথ লব্জি শত শত। উদ্দেশিয়া যান গন্ধমাদন পর্কত।। নানাবিধ গিরি বন বছ নদ নদী। পশু পক্ষী বুক্ষ লতা কে করে অবধি।। নান। মিষ্ট জালাপনে হর্ষযুক্ত মন। ছাডि रेमनाकां कि कतित्व शंमन।। উন্তরেতে হিমালয় পর্বতের শ্রেষ্ঠ। कछ पूरत शक्तमामन देशन पृथ्छ ॥ পরম সুন্দর শুকু ক্ষটিক সন্ধাশ। দেখিয়া সবার হল পরম উল্লাস ।।

যত্নে উঠিলেন সবে অতি উচ্চ গিরি। তথা থাকি দেখিলেন কুরেরের পুরী।। দূরেতে নগরবর অতিশোভা ধরে। হইল অমরাবতী ভ্রম স্বাকারে।। বিবিধ প্রশংসা তাঁর করি সর্বজন। কৌতুকে দেখ্যে সবে পর্কভোপবন।। কুবের-শাসন সেই হয় গিরিবর। রক্ষা হেতু আছে লক্ষ যক্ষ অনুচর।। একদিন প্রাতঃকালে উঠি যুধিষ্ঠির। কুষ্ণা সহ চারি ভাই হলেন বাহির।। সহিতে লোমশ ধৌম্য আদি মুনিগণ। প্রম কৌতৃকে প্রবেশেন পুষ্পবন।। শীতল সৌরভ বহে মন্দ সমীরণ। প্রফুল হইল গন্ধে স্বাকার মন।। নানা পুষ্পে মধুপান করিছে ভ্রমর। কোকিল ঝঙ্কার করে বসন্ত-কিন্ধর।। দেখিয়া প্রশংসা করি সাধু সাধু বলি। মনের মানসে সবে নানাপুষ্প তুলি।। গতায়াতে ভগ হল বহু পুষ্পাবন। দেখিয়া কুপিল যত অনুচরগণ।। ডাকিয়া বলিল শুন মনুষ্য অধম। এত দিনে সবাকারে স্মরণ কৈল যম।। আরে মন্দমতি এই দেবের আলয়। ঈদুশ করিলি কাজ মনে নাহি ভয়।। ইহার উচিত ফল এইক্ষণে দিব। মুহূর্ন্তেকে ঘমালয়ে সবারে পাঠাব।। এত বলি চতুর্দিকে বেড়ে সর্বজনে। অন্ধকার করিলেক অস্ত্র বরিষ্ণে।। দেখিয়া কুপিল তবে ভীম মহাবল। मुङ्दर्उदक निरातिल तकक मकल।। মারিল সকল তাহা কে করে গণনা। প্রাণ্ডয়ে পলাইল শেষ যত জনা।। অতিক্রাসে ঊর্দ্ধখাসে ধায় অভিবেগে। কান্দিয়া কহিল গিয়া কুবেরের ভাগে। व्यवशास महाताल कति निरंबनन । পুষ্পাবনে আদিয়াছে নর এক জন !!

ভাঙ্গিয়া পুষ্পের বন মারিল রাক্ষসে। কাহারে না করে ভয় অসম সাহসে।। বলেতে সমান তার নহে কোন জন। বিনয় করিলে তবু না শুনে বচন।। যতেক রক্ষকগণ মারিল সকল। তাহে রক্ষা পাইয়াছি আমরা কেবল।। বিরোধ তাহার সাথে বড়ই সংশয়। বুঝিয়া করহ কর্ম উচিত যে হয়।। শুনিয়া চরের মুখে এতেক ভারতী। জ্বন্ত অনন তুল্য কোপে যক্ষপতি।। সাজিল অনেক সৈন্য চতুরঙ্গ সেনা। যক্ষ রক্ষ পিশাচ গন্ধর্ক অগণনা।। যথায় ধর্মের স্কুত কুসুমকাননে। উত্তরিল যক্ষপতি অতি ক্রোধমনে।। দেখিয়া জানিল এই রাজা যুধিঠির। মাদ্রীপুত্ত ছুই সহ রুকোদর বীর।। নিকট হইল যবে ধর্মা নরবর। কহিতে লাগিল ক্রোধে গুহুক ঈশ্বর।। বড়বংশে জন্ম রাজা নহ ত অক্তান। কি কারণে কর কর্ম নীচের সমান।। দেবতা ব্রাহ্মণ হেতু ক্ষল্রিয়ের জন্ম। পুনঃপুনঃ হিংসা কর ত্যজিয়া স্বধর্ম।। ক্ষমায় না কহি কিছু ধর্ম্ম ভয় বাসি। পুনঃপুনঃ ক্ষিপ্ত মত কর্মা কর আসি।। নহি আমি হীনশক্তি না হই তুর্বল। মুহূর্তেকে দিতে পারি সমুচিত ফল।। এতেক শুনিয়া তবে ধর্মোর তনয়। কর্যোড় ক্রিয়া ক্রেন স্বিন্য ।। রূপার সাগর তুমি দয়ার নিধান। বিশেষ বালক হয় কিবা তার জ্ঞান।। জনক না লয় যথা বালকের দোষ। রূপা করি দূর কর মনের আকোশ।। ইত্যাদি অনেক মতে করিয়া স্তবন। यक्ततारक ज्वित्वन धर्मात नन्मन ।। (১৮) ভুষ্ট হয়ে বর দিয়া মধুর সন্তাবে। মনুষ্য-বাহমে গেল ভাপন নিবাদে।।

পরম কৌতুক মনে ধর্ম দরপতি।
মনোরম্য দেখি তথা করেন বদতি।।
নানাসুথে মহানন্দে রহে সর্বজন।
অনুক্রণ ধ্যান অর্জ্জুনের আগমন।।
ভারত-পক্ষজ রবি মহামুনি ব্যাস।
পাঁচালি প্রবন্ধে বিরচিল ভার দাস।।

ইন্সালযে অর্জুনের সপ্ত সর্গ দর্শনার্থ বাতা।

এদিকে ইন্দের পূরে বীর ধনঞ্জয়। ইন্দ্রের আদরে পান সর্বত্র বিজয়।। নানাবিদ্যা পাইলেন নাহি পরিমাণ। কপে গুণে পরাক্রমে ইন্দ্রের সমান।। দেবতা গন্ধর্ক যক্ষ রক্ষ বিদ্যাধর। আছিল ছত্রিশ কোটি যত পরাৎপর।। শিক্ষাইল অস্ত্র সহ সবে নিজ মায়া। ইন্দ্রের নন্দন জানি সবে করে দয়া।। নৃত্য-গীতে বিশারদ ক্ষমী নম্র ধীর। শান্তি শক্তি সদা সর্বগুণেতে গভীর।। হেনমতে মহাসুখে আছে কুন্তীসুত। দেখিয়া আৰু ক্ষয়ত দেব পুরুত্ত।। তবে ইন্দ্র জানিল অর্জ্জ্ব-পরাক্রম। সুরাসুর নাগ নরে কেহ নহে সম।। নিবাতকবচ দৈত্য কালকেয় আদি। অসাধ্য সাধন যত দেবের বিবাদী।। বিনা পার্থ নাশিবারে নাহি অন্য জন। ভানিলাম অর্জ্বনেরে এই সে কারণ।। প্রাণের অধিক প্রিয় পুত্র ধনঞ্জয়। হেন সঙ্কটেতে পাঠাইতে যোগ্য নয়।। নহিলে না হয় কিন্তু বৈরী নিপাতন। সাক্ষাতে কহিতে লজ্জা করে বিবেচন।। এমত উদ্বেগচিত্ত অমরের পতি। ডাকিয়া আনিল শীঘ্র মাতলি সার্থি।। একে একে কহিল যতেক সমাচার। পার্থ বিনা নাহি ইথে করিতে উদ্ধার।। ना कहिया धनक्षारा धरे विवत्र। ছলে পাঠাইব স্বৰ্গ করিতে ভ্রমণ।।

সহিত যাইবে তুমি জানাবে সকল। প্রথমে যাইবে যত দেবতার স্থল।। সপ্ত স্বর্গে বাস করে মত যত জন। দেবতা গুহুক সিদ্ধ গন্ধৰ্ক চারণ।। ক্রমে ক্রমে দেখাইবে সবার আলয়। প্রকুল দেখিবে যবে বীর ধনঞ্জয়।। আমার পরম শত্রু কহিবে অসুর। গতায়াতে পথভ্রমে যাইবে সে পুর।। জানিয়া বিরোধ পার্থ অবশ্য করিবে। অর্জুনের বাবে তুফী সংহার হইবে।। এমত হইলে তবে ঘুচিবে অনর্। এইকপে সাধ কার্য্য না জানিবে পার্থ।। শুনিরা মাতলি কহে যে আজ্ঞা তোমার। এৰপ হইলে হবে অসুর সংহার।। মাতলিরে বিদায় করিল সুরমণি। কোনমতে গেল দিন প্রভাত রজনী।। উঠিয়া আনন্দমতি সহস্ৰলোচন। নিত্য নিয়মিত কর্মা করি সমাপন।। বসিয়া স্বার মাঝে সহস্রলোচন। মাতলি আসিয়া আগে করে নিবেদন।। ফেনকালে উপনীত পার্থ ধনুর্দ্ধর। নিজপাশ্বে বসাইল শচীর ঈশ্বর।। প্রশংসা করিয়া অঙ্গে বুলাইল হাত। কহিল পার্থের প্রতি বিবুধের নাথ।। স্ত্রকার্য্য সাধিলা পুজ্র আপনার গুণে। অনেক বিলম্ম হল সেই সে কারণে।। না দেখি তোমার মুখ ধর্মের তনয়। চিন্তাযুক্ত থাকিবেন মম মনে লয়।। এখন বিলয়ে আর নাহি কিছু কাজ। ভেটিতে উচিত হয় শীঘ্র ধর্মরাজ।। রথ জারোহণ করি মাতলি সংহতি। স্বর্গের বিভব দেখি এস শীঘগতি।। আজা পেয়ে আনে রথ মাতলি সত্তর। ইল্ফেরে প্রণাম করি পার্থ ধনুর্দ্ধর।। সসজ্জ হইয়া ধকুর্কাণ লয়ে হাতে। त्नाविन्म विनया बीत एफिएनन तर्थ।।

মাতলি চালায় রথ অতি বিচক্ষণ। প্রবন অধিক বেগ র্থের গমন।। ক্রমে ক্রমে দেখে যত অমর-আলয়। नक्पनकानरन यान वीत अनक्षत्र !! অতি সে সুন্দর বন মুনি-মনোলোভা। প্রকুল্লিত পুস্পবন মনোহর শোভা॥ নিরন্তর মূর্তিমন্ত আছে ছয় ঋতু। মত্ত হয়ে বিহার করয়ে মৎস্তাকেতু।। মধুপানে মদমত্ত ভ্রমর ঝঙ্কার। কোকিলের রব বিনা নাহি শুনি আর।। প্রতিডালে কলরব করে নানা পক্ষ। मृश मृशी मृरशक्षानि हरत लक्क लका।। নানা পক্ষী মুশোভিত রম্য কুল ফল। মন্দ মন্দ সদাগতি বায়ু সুশীতল।। দেখিয়া বনের শোভা পরম কৌতুকে। দিন কত সেইস্থানে রুহে হেন সুথে।। তথা হতে গেল পার্থ গন্ধর্কের পুরী। দেখিল নিবসে যত কৌতুকে বিহারি॥ নৃত্যগীতে আনন্দিত সবাকার মন। সমান বয়স বেশ বসে যত জন।। হেনকালে জপ্সর কিন্নর আদি যত। ভ্রমণ করয়ে পার্থ চালাইয়া রথ।। যথাক্রমে সপ্ত স্বর্গ দেখিয়া সকল। আনদ্দে বিহ্বল চিত্ত পার্থ মহাবল।। আপনারে সাধুবাদ করিলেন মনে। ধন্য আমি এত সব দেখিলু নয়নে।। তবে ত মাতলি গেল যমের ভবন। নানা কাব্য দেখিলেন কুন্তীর নন্দন।। দেখেন ধর্মের সভা কর্মের বিচার। পুণাবন্ত সুথে আছে তুঃখে পাপাচার।। পুণ্যবস্তু লোক যত দিব্য সিংহাসনে। করিছে বিবিধ ভোগ জানন্দ বিধানে।। পাপীর কষ্টের কথা কহনে না যায়। প্রহার করিয়া তারে নরকে ডুবায়।। মহাপাপী যত জন পড়িয়া নরকে। ক্ষমির কামড়ে পাপী পরিত্রাহি ডাকে। ঘোর অন্ধকার কুপে পাপী মারা যার।
গোময় পোকায় তার মাথা খুলি থায়।।
দেখিয়া বিশ্বয়াপর পাঞুর নন্দন।
মাতলি জানিয়া তবে করিল গমন।।
চোরের নিদ্রায় যথা নাহি প্রয়োজন।
ইন্দুকার্য্য জাগে যথা মাতলির মন।।
সপ্ত স্বর্গে ছিল যত কৌতুক, অশেষ।
অর্জুনে দেখায়ে যায় দৈত্যগণদেশ।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

## নিবাতকবচ বধ।

ইন্দ্রবাক্য মনে করি মাতলি সার্থি। দৈত্যের দেশেতে তবে যায় ক্রতগতি।। যাইতে দৈত্যের পুরী দেখি বামভাগে। শীঘ্রগতি রথ তবে চালাইল বেগে।। কালকৈয় নিবাতকবচ সেই দেশে। মাতলি চালায় রথ চকুর নিমেবে।। জিনিয়া অমরাবতী পুরীর নির্মাণ। বিস্ময় মানিয়া পার্থ করে অনুমান।। দেবের ৰস্তি নহে মম অগোচর। ভুবন তিনের সার কাহার নগর।। মাতলিরে জিজ্ঞাসেন বীর ধনঞ্জয়। কহ সত্য জান যদি কাহার আলয়।। मर्कताक सूथी जाहा नाना পরिष्ह्रम ! ইন্দ্রের অধিক দেখি প্রক্রার সম্পদ।। মাতলি কহেন পার্থ কর অবধান। নিবাভকব্চ নাম দৈত্যের প্রধান।। দেবের অবধ্য হয় তপস্থার বলে। নাহিক সমান স্বৰ্গ মৰ্ত্য রুসাতলে।। ইন্দ্রের বিপক্ষ বড় এই দৈত্যপ্র। ইন্দের সমান তেজ দৈন্য পরাক্রম।। মহাবলবস্ত সব নিবাতের দেশে। ইন্দ্ৰ লইতে পারে চকুর নিমেষে।। এই চুফ্ট দেবেক্সের মহা শক্ত হয় । निक्रा नाहि भगिमाटथ अहे देवजाएत ॥

তোমার এ ৰধ্য বটে জানিয়া বিশেষ। আনিমু তোমারে পার্থ শুন এই দেশ।। মাতলি কহিল যদি এতেক ভারতী। কহিতে আরম্ভ করে পার্থ মহামতি।। পিতার পরম শক্ত এই ছুরাচার। কি হেতু বিলম্ব আর করিতে সং**হা**র**ু**॥ নিশ্চয় পূরাব আজি পিতৃ-মনোরথ। নির্ভয় হইয়াচালাইয়া দেহ রথ।। মাতলি কহিল রথ চালাইতে নারি। রখী মাত্র একা ভূমি এ কারণে ডরি।। লক্ষ লক্ষ সেনা আছে বহু যোদ্ধাবর। একা তুমি কি প্রকারে করিবে সমর।। চল শীঘ্র জানাইব অসরের নাথে। অনুমতি দিলে কত সৈন্য লয়ে সাথে।। পশ্চাৎ করিব যুদ্ধ আসিয়া হেথায়। যে আজ্ঞা তোমার হয় মনে যেই লয়।। এতেক কহিল যদি সার্থি মাতলি। ক্রোধভরে গর্জ্জি উঠি কহে মহাবলী।। একা মোরে দেখি বুঝি ঘৃণা কর মনে। বিরোধ করিবে কেবা বল মম সনে।। সুরাসুর একত্রেতে আদে যদি বাদে। চক্ষুর নিমেধে নিবারিব অপ্রমাদে। এখনি মারিব যত অমরের বৈরী। না মারিলে র্থা আমি পার্থ নাম ধরি। ধনু টস্কারিয়া শন্থ বাজায় সঘন। পুনঃপুনঃ গাণ্ডীবেতে পার্থ দেন গুণ।। মহাকোধে সিংহ্নাদ করে মহাবল। দেখি কম্পমান হল ত্রৈলোক্যমণ্ডল।। শত বজ্ঞাঘাত জিনি বিপরীত শব্দ। শুনিয়া দৈত্যের পতি হল মহাস্তর।। কালকেয় নিবাতকবচ বীর জাদি। ক্রোধভরে যায় যত অমরবিবাদী।। সসজ্জ হইয়া যত অস্ত্র লয়ে হাতে। আরোহণ করি সবে অশ্ব গরু রথে।। विविध वारमात्र भक्त रेमना कालाइटल । ভেটিল আসিয়া সবে পার্থ মহাবলে।।

মাতলি সার্থি'রথে ইন্দ্রকুল্য জ্বল 🗓 দেখিয়া জানিল সবে অমরের ভূপ।। চতুর্দ্ধিকে বেড়ি সবে করে অব্রহৃষ্টি। প্রালয় কালেতে যেন মজাইতে স্থান্তী।। না হয় মানস পূর্ণ ছাড়িতে নিশ্বাস। শরজাল করিয়া পূরিল দিশপাশ।। দিবা দ্বিপ্রহরে হল ঘোর অক্ষকার। অভের থাকুক নাহি প্রনস্ঞার।। অগ্নি অস্ত্র এডিলেন দীর্থ মহাবল। মুহূর্তেকে শরজাল পুড়িল সকল।। মেঘ হতে মুক্ত যেন হইল মিহির। প্রকাশ পাইল তথা পার্থ মহাবীর।। মেঘ তাল্র পার্থ করিলেন বরিষণ। বায়ু অন্ত্রে দৈত্যবর করে মিবারণ।। এড়িল পর্বত জন্ত্র দৈত্যের ঈশ্বর। অর্ন্ধচন্দ্র বাবে কাটে পার্থ ধনুর্নর ।। তবে দৈত্য ধনঞ্জয়ে মারে দশ বাণ। বাজিল পার্থের বুকে বজ্ঞের সমান।। ব্যথায় ব্যথিত পার্থ হয়ে মূচ্ছ্র্ণাত। মুহূর্তেকে উঠিসেন গর্জ্জি সিংহমত।। ধনুকে টক্ষার দিয়া ক্রোধের আবেশে। সহস্র তোমর এড়ে দৈত্যের উদ্দেশে।। গৰ্জিয়া উঠিল বাণ গগৰমণ্ডলে। প্রাণভয়ে দৈত্যগণ পলায় সকলে।। দৈন্যভঙ্গ দেখি ক্রুদ্ধ দৈত্যের ঈশ্বর। ঐধিক বাণেতে কাটে সহস্র তোমর।। বাণ ব্যর্থ দেখি পার্থ ছংখিত অন্তরে। দিব্য অস্ত্র মারিলেন দৈত্যের উপরে।। বাণাঘাতে মূচ্ছাগত হল দৈত্যপতি। র্থ চালাইয়া বেগে পলায় সার্থি।। পরে দৈতাপতি জ্ঞান পায় কতক্ষণে। কালকেয়গণ আসি ভেটিল অর্জুনে।। মহাবল মহাশিকা যত বীরবর। প্রাণপণে করে যুদ্ধ পার্থ একেশ্বর।। মানুষী রাক্ষমী দেবী গান্ধর্কী পিশাচী দ্ৰোৰ স্থানে যত অস্ত্ৰ পায় স্বাসাচী গ

প্রহর পর্যান্ত যুঝি পার্থ মহাবল। क्षित निरुष्ठ जरक वरह घंट्य जन।। দেখিয়া আনন্দমতি দৈত্যের ঈশ্বর। উপায় না দেখি পার্থ হলেন ফাঁকর।। মনে ভাবে পরম मऋषे আজি হৈল। মাতলি এতেক দেখি কহিতে লাগিল।। নিশ্চয় জানিয়ু পার্থ হলে জ্ঞানহত। প্রাণপণে দেখাইলে নিজ শক্তি যত।। তথাপি জুরস্ত দৈত্য না হল সংহার। বিনা ব্রহ্ম অস্ত্রে ইথে নাহি প্রতীকার।। পাশুপত অস্ত্র আছে পশুপতি দান। এড়িলে ভূবন যার পতঙ্গ সমান।। সে হেন আছয়ে তব মহারত্ব নিধি। এমত সংযোগে তারে নিযোজিত বিধি। এই সে অশ্চর্য্য বড় লাগে মম মনে। এ সময়ে সেই অস্ত্র নাহি ছাড় কেনে।। শুনি পাশুপত বীর নিলেন তৎক্ষণে। মন্ত্র পড়ি যুড়িলেন ধনুকের গুণে।। কোটিমূর্য্য জিনি অস্ত্র হল তেজোময়। থাকুক অভ্যের কার্য্য অর্জ্জুন সভয়।। অস্ত্র অবতার কালে ত্রিবিধ উৎপাত। নিৰ্ঘাত উলকা সদা বহে তপ্ত বাত।। প্রলয় জানিয়া সবে স্বর্গের নিবাসী। রহিল অন্তের মুখে দৃষ্টি অভিলাধী।। অস্ত্রমুখে যেই হল ছতাশনরৃষ্টি। দহন করিল তাতে অসুরের সৃষ্টি।। জ্বলন্ত অনলে যেন শিমুলের তুলা। তাদৃশ হইল ভস্ম ছুফ্ট দৈত্যগুলা।। অস্ত্র জাত অনলের প্রচণ্ড বাতাসে। कीव कलु ना तहिल मानटवत (मटमा। হেনকালে শৃস্তবাণী শুনি এই রব। সম্বর সম্বর পার্থ মজিল যে সব।। ভাল হল ছুষ্ট দৈত্য হইল নিধন। মনুষ্টোরে ত্যাগ ইহা না করে। কথন।। সংহার কারণ সৃষ্টি বিধির সৃষ্ঠন। বিনাশ করিতে ইহা ধরে ত্রিলোচন।।

यावर ना मटह कि ि अटखुत आखरन। মন্ত্রবলে সম্বরিয়া রাথ নিজ তুণে।। পুনঃপুনঃ এইমত হল শৃত বাণী। আনন্দে বিহ্বল পূার্থ ইফীসিদ্ধি জানি॥ মञ्जवत्य वाञ्च मञ्चत्त्र वीत्रवत् । वां नीर्वाप कति मत्व (शन निषयत ।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

অস্ত্রশিক্ষা কবিষা অর্জ্জুনের পুনর্মতা-লোকে আগমন।

কার্য্যসিদ্ধি জানি তবে সার্থি মাতলি। বায়বেগে রথ চলাইল মহাবলী।। নানা কাব্য কথায় হরিণ ছুইজন। मूड्र एउंदिक राजन उदय हेरानुत जुवन ।। অর্জুনের আগমনে ইন্দ্রের আনন্দ। সঙ্গেতে করিয়া যত দেবতার রুন্দ।। আগুসরি নিজে ইন্দ্র যান কত পথ। হেনকালে উত্তরিল অর্জুনের রথ।। নিকটে দেখিয়া পার্থ শচীর ঈশ্বরে। রথ হতে ভূমিতলে নামিয়া সত্তরে ॥ अनाम कतियः भार्थ हेत्स्त हत्त। সন্তাধা করেন সবে যত দেবগণে।। দেব পুরন্দর আদি হরিষে বিভোল। প্রেমাবেশে কহিলেন পার্থে দিয়া কোল ধন্ম-ধন্য পুক্র তুমি ধন্য তব শিক্ষা। ধন্য তারে যেই জন তোমা দিল দীক্ষা।। জানিমু তোমাতে ধন্যা ভোজরাজমুতা। তোমা হতে দূর হল আমার অরিষ্ট। এত দিনে পরিপূর্ণ হইন অভীষ্ট।। এত বলি কুভূহলী দেব প্রন্দর। দিলেন যুগল ভূণ তাঁরে দিব্য শর।! মস্তকে কিরীট দিল কর্ণেতে কুণ্ডল। দশ নাম নিজ্ঞপণ করে আথওল।। আছিল অৰ্জুন নাম ব্ৰিতীয় কাল্কুনি। নক্ষরাত্রনারে নাম রাখিল জননী।।

খাওব দহিল যবে আমা সবে জিনি। সেইকালে জিকু নাম দিয়াছি আপনি।। আমা হতে কিরীট পাইলে সুশোভন। এই হেতৃ কিরীটী কহিবে সর্বজন।। করিছে রথের শোভা শ্বেত চারি হয়। লোকে খেতবাহন বলিয়া তোমা কয়।। দিলেন বীভৎসু নাম গোবিন্দ আপনি। যথা যাহ তথা এস তুমি যুদ্ধ জিনি।। এই হেতৃ তব নাম হুইল বিজয়। বৰ্ণভেদে সবে যেন কুষ্ণ নাম কয়।। উভয় হস্তেতে তব সমান সন্ধান। সব্যসাচী নাম তেঁই করি অনুমান।। ধনপ্রায় নাম পেলে ধনপতি জিনি। যোগের সাধন এই সর্বলোকে জানি।। কাম্য করি দশ নাম নরে যদি জপে। অশুভ বিনাশ হয় তরে দর্ক্ত পাপে।। **ट्निम् जानिएम ति** किन मर्क्कन। প্রভাতে উঠিয়া তবে সহস্রলোচন।। মাতলিরে ডাকি আজ্ঞা দিল মহামতি। সুসজ্জ করিয়া রথ আন শীঘ্রগতি।। আজামাত্র আনিল সার্থি বিচক্ষণ। বিচিত্র সাজন গতি নর্ত্তক খঞ্জন।। অমর ঈশ্বর তবে অর্জুনে ডাকিল। মধুর সম্ভাষা করি কহিতে লাগিল।। শুন পুজ্র বিলম্বেতে নাহি প্রয়োজন। শীঘ্রগতি ভেট গিয়া ধর্মের নন্দন।। নানা জাতি বিভূদণে করি পুরস্কার। ভোমা হেন্ পুত্র হেতু আমি ধন্য পিকা।। কোলে করি চুমিলেন পার্থে বারেবার।। অর্জুন পড়িল তবে ইচ্ছের চরণে। প্রণাম করিয়া দাগুইল বিদ্যমানে। কর্যোতে কহে পার্থ সক্রুণ ভাবে। তোমার আজায় যাই ধর্মারাজ পাশে।। তোমার চরণে মম এই নিবেদন। আপনি জানহ যত কৈল চুষ্টগণ।। ভাসবারে দিব আমি সমুচিত ফল। ক্লপা করি তুমি পিত রবে অনুবল।।

हेल बरल या विनरत ७८ ह धन अन् । যথা তুমি তথা আমি জানিহ নিশ্চর।। মনের বাদনা পূর্ণ হইবে তোমার। ধর্মাপুত্র যুধিষ্ঠির ধর্ম অবভার ।। বসুমতীপতি যোগ্য সেই সেু ভাজন। কালেতে উচিত ফল পাবে ছুর্য্যোধন।। এতেক শুনিয়া পার্থ হর্ষিতমন। অমরাবতীতে বাস করে যত জন।। বিদায় সবার কাছে করিয়া গ্রহণ। রুথে আরোহিয়া যান পুলকিত মন।। পথেতে কৌতৃক নানা কথার আবেশে। কতক্ষণে উপনীত ভারত প্রদেশে।। এইমতে যাইতে মাতলি ধনপ্রয়। দেখিলেন কত দূরে গিরি হিমালয়।। পরে যথা ধর্মা গন্ধমাদন পর্বত। মুহূর্ত্তেকে উত্তরিল অর্জুনের রথ।। চিন্তায় ব্যাকুল চিন্ত রাজা যুধিষ্ঠির। অর্জুনে দেখিয়া হন প্রকল্ল-শরীর।। ভূমি নামিলেন পার্থ ত্যাজি ইন্দুর্থ। युधि छित-हत्र टिह्म मध्य ।। वर्ष्यान कतिशा (कारल धरर्मात नम्पन। চিরদিন সমাগমে করি আলিঞ্জন।। পূর্ণচন্দ্র শোভা দেখি হর্ষে জননিধি। দরিত পাইল যেন মহার্ত্র নিধি।। ধর্মের আনন্দ-জলে পার্থ করি স্থান। ভীমের চরণে নতি করেন বিধান।। আলিঙ্গন করি তুই মাদ্রীর নন্দনে। দ্রৌপদীরে ভূষিলেন মধুর বচনে।। শুনিয়া লোমশ মুনি ধৌম্য পুরোহিত। শীঘ্ৰণতি তথা আসি হন উপনীত।। সম্ভাবে উঠিয়া পার্থ পড়েন চরণে। প্রশংসিয়া আশীর্কাদ কৈল চুই জনে। (र्नमट्ड मर्गनटम वटम नर्सक्न। কৌতুক বিধানে যত কথোপকথন।। ভারতপক্ষজ-রবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে রচিলেন তাঁর দাস।।

## বৃদিটিরের নিকট অর্কুনের অয়লাভ হুড়াত ক্ষন।

মধুর সম্ভাবে তবে ধর্ম নরপতি। সবিনয়ে কহিলেন মাতুলির প্রতি।। ভোমার সমান বন্ধু নাহি কোন জন। দেবেক্সে কহিবে মম তুমি নিবেদন।। রাজপুত্র হয়ে মম সমান ছঃখেতে। আমার না মনে লয় আছে পৃথিবীতে।। সহায় সম্পদ মাত্র তাঁহার চরণ। আপনি কহিবে ভাই এই নিবেদন।। বিদায় হইয়া শক্রসার্থি চলিল। ধর্ম কহিছেন পার্থে যাহা মনে ছিল।। কহ ভাই এবে নিজ শুভ সমাচার। যে কর্ম করিলে তাহা লোকে চমৎকার শুনিতে উৎসুক বড় আছে মম মন। ক্রমে ক্রমে কহ ভাই সব বিবরণ।। শুনিয়া লোমশ ধৌম্য দেন অনুমতি। কহিতে লাগিল পার্থ সবাকার প্রতি।। বিদায় হইয়া গিয়া সবার চরণে। চলিতে উত্তরমুখে প্রবেশিয়া বনে।। তপস্থার অনুসারে হইয়া বিকল। হিমালয়ে দেখিলাম অতিরম্য স্থল।। দেখিয়া বনের শোভা করিতে ভ্রমণ। मिलन जिल्ला दिला देखा महास्म ।। ছল করি কহিলেন যত ছল কথা। কদাচিত ভাবিত না হইবে সর্ক্থা।। দিলেন প্রকাশ্যরূপে পাছে পরিচয়। আমি ইন্দু বর মাগ বীর ধনঞ্জয়।। শুনি কহিলাম মম এই নিবেদন। প্রসন্ন হইলে যদি দেহ অন্তর্গণ।। ইন্দ্র বলিলেন অস্ত্র পাইবে পশ্চাৎ। তপস্থায় আগে তুই কর বিশ্বনাথ।। শুনিয়া ইন্দ্রের কথা হরিষ-মান্দে। আরম্ভ করিমু তৃপ হরের উদ্দেশে।। পূর্ণাহার ফলাহার আহার ত্যক্তিয়া। উर्त्तर्भार करभाष्ट्रयं दरमत वाशिया।

হেনমতে তুফ করিলাম আশুডোবে। ত্যাসিলেন শিব মায়া করিতে বিশেষে।। শিকার শুকর এক ধারে যায় আগে। পশ্চাৎ কিরাত বীর আসিতেছে বেগে।। অসমর্থ দেখি তারে আন্ত-কলেবর। দয়া করি অস্ত্র মারি বধিতু শৃকর।। দেখিয়া কিরাত হন কোধ পরায়ণ। ছলেতে নিন্দিয়া বহু মাগিলেন রণ।। ক্রোধে করিলাম যত অস্ত্রেতে প্রহার। গিলিল ধনুক সহ সে অস্ত্র আমার।। তবে মল্লযুদ্ধ করিলাম প্রাণপণে। जुरु इरम् পরিচয় দিলেন দে ক্ষণে।। মন্ত্রসহ দিলেন সে অব্র পাশুপত। এ তিন ভূবনে যার অতুল মহত্ত্ব।। বর দিয়া সদানক করিয়া গমন। ইন্দ্রে জানালেন এই সব বিবরণ।। শুনি রথ পাঠাইল শচীর ঈশ্বর। আমারে নিলেন স্বগে করিয়া আদর।। নান। নৃত্য গীত বাদ্যে হর্ষ কুতুহলে। সভায় বসিয়া দেখি অমর সকলে।। দেখি নৃত্য করিতেছে কৌতুকে অপ্সরী। আছিল তাহার মাঝে উর্বাদী সুন্দরী।। ভারে দেখি পূর্ব্বকথা হইল স্মরণ। <del>ঈ</del>বদ্হাসিয়া আমি করি নিরীক্ষণ।। তাহাতে সঙ্কেক বুঝি আনন্দ বিশেষে। ইন্দ্রের আদেশে সেই আসে মম পাশে দেখিয়া অন্তরে বড় হইল বিস্ময়। পুর্বপিতামহ মাতা এই নারী হয়।। প্রথাম করিয়া তবে করি নিবেদন। কহ গো জননী নিশাগমন কারণ।। অন্যভাবে সেই নারা কহে বিপরীত। কহিতে লাগিল তবে হইয়া ছুঃথিত।। যতক্ষণ দেখিয়াছি তোমার বদন। क्तरत्र প्रामिन सम निर्ज्य सहन।। সে কারণে আসিলাম ঘোর নিশাকালে এ হেন কুংসিত ভাষা কি হেতু কহিলে

না করিলে আশা পূর্ণ পুরুষের কাজ। ক্লীব হয়ে থাক ভূমি স্ত্রীগণের মাঝ।। এত বলি নিজঘরে চলিল তুঃখিত। পুরন্দর শুনি পাছে হলেন লজ্জিত।। উর্বদীরে জ্বাজ্ঞা দিল সহস্রলোচন। করহ অর্জুনে শীঘ্র শাপ-বিমোচন।। উৰ্কশী কহিল শাপ খণ্ডন না যায়। ক্লীব হবে বৎসরেক অজ্ঞাত সময়।। উপকার হইবে অজ্ঞাতবাস যবে। স্বস্থি হ'ব্রি উচ্চারণ করে ইন্দ্র তবে।। তার পর দেব তবে কত দিনান্তর। তব স্থানে পাঠান লোমশ মুনিবর।। তবে ইন্দ্র করিলেন অস্ত্র সমর্পণ। সেমত দিলেন আর যত দেবগণ।। यक तक शक्तर्कां मि मटव कति मया। অস্ত্র সহ শিক্ষাইল সবে নিজ মায়া।। হেনমতে নিজকার্য্য করিত্ব সাধন। দেখিয়া বিস্মিত হন সহস্রলোচন।। আছিল তুরস্ত দৈত্য অমরবিবাদী। কালকেয় নিবাতকবচ দৈত্য আদি।। স্লেহের কারণ ইন্দ্র কিছু না কহিল। নগর ভ্রমণ হেতু ছলে পাঠাইল।। একে একে দেখিলাম অমর-নিলয়। সঞ্জীবনীপুর যথা ব্রহ্মার আবয়।। দেখিয়া তাঁহার পুরী বরিতে গমন। মাতলি আনিল রথ যথা দৈত্যগণ।। নগর প্রাচীর ঘর পুষ্পের উদ্যাম। জিনিয়া অমরাবতী পুরীর নির্মাণ।। দেখিয়া বিস্ময় বড় হইল আমার। পূর্ব্বে না দেখিয়াছিত্ব ছেন চমৎকার মাতলি সার্থি ছিল অতি বিচক্ষণ। জিজ্ঞাসিলে কহিলেক সব বিবরণ।। পিতৃবৈরী জানি হুদে করিত্ব বিরোধ धाहेल मानव छुक्त कति महारकाथ ।। অপ্রমেয় বল ধরে অপ্রমেয় ধন। সমুদ্র সদৃশ তাহা কে করে গণন।।

নান। অস্ত্র ধরি দৈত্য ভেটে সর্বজনে। বিতীয় প্রহর যুদ্ধ করি প্রাণপণে।। সন্ধান করিমু পাছে অস্ত্র পাশুপত। ভস্ম হয়ে উড়ি যায় ছুফ দৈত্য যত।। कार्यानिष्कि जानि एटव श्रेयुझ श्रम् । व्यक्तिम भूगः सूर्थ हेट्फ्त व्यक्ति ॥ শুনিয়া আনন্দমতি অমরপ্রধান। অগ্রসর হয়ে বহু করিল সম্মান।। **मिल मिया किती** हे कु खल मरनाहत । অক্য যুগল তৃণ পূর্ণ দিব্য শর।। আশাস করিয়া কহিলেন এই কথা। যেই আমি সেই তুমি জানিহ সর্কথা।। যেমন আমার শত্রু করিলে নিধন। এমত মারিব আমি তব শত্রুগণ।। আমা হতে তব কার্য্য হইবেক যেই। শুনিলে করিব মম অঙ্গীকার এই।। মাতলি সহিত তবে পাঠাইয়া দিল। পূর্কের রক্তান্ত শুন যথা যে হইল।। কেবল ভরসামাত্র তোমার চরণ। মুহূর্ত্তেকে বিনাশিতে পারি ত্রিভুবন।। শত কৰ্ণ আদে যদি চুৰ্য্যোধন শত। সপক করিয়া সাথে দিক্পাল যত।। কেবল ভোমার মাত্র চরণপ্রসাদে। कुछ अन्त अभारत विश्व निर्वारत ॥ অর্জুনের মুখে শুনি এতেক বচন। যুধিটির কহিলেন করি আলিঞ্সন।। এ তিন ছুবনে তব অন্তুত চরিত্র। আমার ভারতবংশ করিলে পবিত্র।। শক্রৰপ গভীর সাগর হতে পার। সহায় সম্পদ মম তুমি কর্ণধার।। **এই मेर त्रहाम इतिष मानित्र।** রহিলেন পঞ্চ ভাই গন্ধমাদনেতে।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

## ব্ৰিটিরের নিকটে ইজাদি দেবের আগমন। (১৯)

তথায় অমরাবতী দেব পুরন্দর। মাতলির মুখে শুনি ধর্মের উত্তর।। मत्न मानियां सूर्य रुद्रियं विधारन। শীঘ্রগতি ডাকিলেন যত দেবগণে।। কহিল যে কথা সব দিল তাহে মতি। কহিতে লাগিল ইন্দ্র সবাকার প্রতি।। পরম বান্ধব তুল্য রাজা যুধিষ্ঠির। বিক্রমে বিশাল যাঁর ভাই পার্থ বীর।। নিঃশঙ্ক করিল দেবে একাকী অর্জুন। কোটিকস্পে পরিশোধ না হয় কথন।। হেন জনে উপরোধ করিতে উচিত। কি যুক্তি সবার এই মম সমীহিত।। গন্ধমাদনেতে আছে ভাই পঞ্চলন। **চল मद्द धट्या शिशा कति मत्रभन।।** শুনি অনুমতি দিল যত দেবগণ। মাতলিরে কহে রথ করিতে সাজন।। পাইয়া ইন্দ্রের আজ্ঞা মাতলি সার্থি। ক্রতগতি রথসজ্জ। করে মহামতি॥ আহ্বান করিয়া নিল যতেক অমর। কৌতুকে বসিল রথোপরি পুরন্দর।। শীঘ্র করি সার্থি সে চালাইল রথ। মুহূর্ত্তে উত্তরে গন্ধমাদন পর্বত।। কানননিবাসী যথা পঞ্চ সহেশদর। উপনীত হন তথা দেব পুরক্ষর।। ইচ্ছে দেখি মহানন্দে উঠি ধর্মপতি। চরণে ধরিয়া বহু করেন প্রণতি।। সহিত আছিল যত আর দেবগণ। একে একে সবাকারে করেন বন্দন।। পাদ্য অর্ঘ্য আসনে পূজিয়া বিধিমতে। করযোড়ে কহিলেন দেব শচীনাথে।। পূর্কপিতামহ তপ করিল ছুল্ল ভ। সে কারণে আজি মম এতেক বিভব ।। এখন জানিমু জামি নহি হীনতপা। তুমি হেন জন আদি যারে কৈলে কুপা।

যজ্ঞ তপ জপ আর ত্রত আচর্ণ। এ সব করিয়া নাহি পায় দরশন।। আমার ভাগ্যের আজি নাহিক অবধি। পাইলাম গৃহে বলি হেন রত্ন নিধি।। এত শুনি কহে তবে দেব পুরক্ষর। कहिला (य किছू मेडा धर्मा नुभवत ।। আপনাকে নাহি জান তমি স্বয়ং ধর্ম। পৃথিবী করিল ধন্য ভোমার সুকর্ম।। তুমি রাজা হলে ধনা অবনিমগুল। অনুগত আর যত অনুজ সকল।। তোমা সবাকার গুণ করিয়া গণন। অশেষ পাপেতে মুক্ত হয় পাপিগণ।। তবে যে কহিলে কফ্ট পাইলে কাননে। বিধির নিযুক্ত নাহি লঙ্গে সাধুজনে।। ধর্ম অবতার তুমি ধর্ম আচরণ। কিন্তু না করিহ রাজা ধর্মেতে হেলন।। ভীমার্জ্ন দেখ এই অনুজ তোমার। অনারাদে খণ্ডাইবে পৃথিবীর ভার।। আমা আদি তোমার আত্মীয় সমুদয়। একা পার্থ সবাকারে করিল নির্ভয়।। শক্রভয় তুমি কিছু না করিছ মনে। ভीমार्জ्ज्न विधायक कर्न प्रतिगाधित ॥ ইত্যাদি অনেক কথা কহি পুরন্দর। যুধিন্ঠিরে কহিলেন মাগ ইফ বর।। धर्मशुख वरल सम এই निरंत्रमन। ধর্মে বিচলিত যেন নহে মম মন।। সদাই সদয় থাকে তোমা হেন জন। শুনিয়া হাসিয়া কহে সহস্রলোচন।। হেনমতে শাস্ত করি রাজা যুধিষ্ঠিরে। দেবরাজ ইন্দ্র গেল আপনার পুরে।। যুধিষ্ঠিরের ভ্রাতৃগণ-সহ কামাক-বনে যাতা। (२०) স্বর্গে গেল সুরপতি, হইয়া আনন্দমতি, যুধিষ্টির পঞ্চ সহোদর। আপনার ভাগ্য জানি,সফল করিয়া মানি,

আনন্দে বিধানে পরস্পর।।

তবে ধর্ম নরপতি, লোমশধৌম্যেরপ্রতি, কহিলেন করি যোডকরে। আজা কর মহাশয়,যে কর্মা করিতে হয়, তাহা কহ করি অতঃপরে।। বসতি কোথায় করি,কর আজ্ঞা শিরেধরি, তথাকারে করিব গমন। কহিল লোমশ তবে, কাম্যবনে চল সবে, সার যুক্তি লয় মম মন।। ধৌম্য বলে কহ্যত, সকলি মনের মত, যুধিষ্ঠির মানেন সকল। শুনিয়া ধর্মের সেতু, গমন স্বচ্ছন্দ হেতু, घटिष्कर मात्र कतिन।। সত্যশীল ধর্মমণি, হিড়িম্বানন্দন জানি, শীঘ্রগতি হল উপনীত। नवादत थनाम करत, माँ एवं हैन रया फ़करत, দেখি রাজা আনন্দে পুরিত।। তবে ঘটোৎকচ কয়, আজ্ঞা কর মহাশয়, কি কারণে করিলা স্মরণ। ধর্মা কন শুন কথা, কাম্যক কানন যথা, নিয়া চল করিব গমন।। শুনি ভীম-অঙ্গজনু, বাড়াইল নিজ তনু, করিলেক বিস্তার যোজন। তবে ধর্মা নরপতি, স্বান্ধবে শীঘ্রগতি, করিলেন তাহে আরোহণ।। ভীমের নন্দন ধীর, পরাক্রমে মহাবীর, অনায়াদে করিল গমন। নাহি মনে কিছু ভ্ৰম,তিলেক নাহিক শ্ৰম, উত্তরিল কাম্যক কানন।। মুগ পশু বিহঙ্গম, বনস্থলে পূৰ্ণতম, রক্ষগণ শোভে ফলফুলে। কৌতুক বিধানে তবে, আশ্রম করেন সবে, পুণ্য তীর্থ প্রভাসের কুলে।। সবার আনন্দ মন, বনে গিয়া ভীমাৰ্জ্ন, মুগয়া করিয়া নিত্য আনি। কেবল সুর্য্যের বরে, ভুঞ্জায় সবার তরে, तस्र कतिया याक्टरमनी।।

ध्यम नामक्ष्याम, वनिष् करतमं वरम, क्रकामर शक्ष मरशामत। একদিন নিশাদেবে,আসিয়া ধর্মেরপাশে, কহিছে লোমশ মুনিবর।। যাইব অমরাবতী, শুন ধর্মা নরপতি, তৃষ্ট হয়ে করহ বিদায়। শুনি ভাই পঞ্জনে, আসিয়া বিরসমনে, পড়িল প্রণাম করি পায়।। লোচনসলিলে রাজা,বিধিমতে করিপুজা, বহু স্তুতি করিলেন শেষে। কহিয়া সবার স্থানে, পরম সন্তোষ মনে, মহামুনি গেল স্বৰ্গবাদে॥ ধর্ম আগমন শুনি, আইল যতেক মুনি, ক্রমে ক্রমে যত বন্ধুজন। ধর্মেতে ধর্মের সভা,উপমা তাহার কিবা, হস্তিনা হইল কাম্যবন।। বলরাম জগন্নাথ, যতেক যাদব সাথ, (গলেন ধর্ম্মের অন্বেষণে। যত পরিবার সঙ্গে, আনন্দ প্রসঙ্গ রঙ্গে, উপনীত রুম্য কাম্যবনে।। ক্লফ-আগমন শুলি, যুধিষ্ঠির নৃপমণি, অমৃতে সিঞ্চিল কলেবর। আনন্দ মুন্দির পুর, আগুসরি কত দূর, मवास्रत्य शक्ष मत्हानत् ॥ চিরদিন অদর্শনে, নমস্কার আলিঙ্গনে, आंभीकां म सूत्रक्र धानि। বদেন কৌতুকমতি, রামক্লফ ধর্মপতি, সবান্ধাবে আর যত মুনি।। বলরাম নারায়ণ, সম্মোধিয়া পঞ্চ জন, জিজ্ঞাদেন কুশল বারতা। 'শুনিয়া कटइन धर्या, इहेन यटजक कर्या, शूर्त्मत द्राष्ट्रांख मन कथा।। শুনি রাম যতুপতি, আনন্দ-প্রসন্ন-মতি, প্রশংসা করেন পার্থ বীরে। তবে তার কতক্ষণে, চলিলেন সর্বজনে, স্নান হেতু প্রভাবের তীরে।।

জলক্রীড়া করিসবে,আসিয়া আঞ্চমেতবে, ভোজন করেন পরিভোষে। यथाञ्चरथ चाहमन, कति लाख मर्सजन, विशिद्यान इतिस भागतम ॥ হেনকালে যত্নীর, সম্বোধিয়া যুধিষ্ঠির, কহিলেন সুমধুর বাণী। তোমার ভাহগারকথা,এমনি করিলধাতা, বনেতে হস্তিনা তুল্য মানি।। যতেক দেখহ কর্ম্ম, সকলের সার ধর্ম, धर्मा वरल धर्मी वलवस्त्र। অধর্মী যে জন হয়, চিরদিন নাহি রয়, जन्मिति जनमीत जन्म। ইহা জানি ধর্মরাজ,সাধিবে আপন কাজ, সত্যে নাহি হবে বিচলিত। পূর্ব্বে মহাজন যত, সবাকার এক পথ, কেহ নাহি করিল অনীত।। সভ্য জান মহাশয়, তোমার এ তুঃধ নয়, वह कुश्र्य कुश्यी क्र्यांभन। বিপুল বৈভব যত, নিশার স্থপন মত, जिल्लामित इहेरव निधन।। কুষ্ণের বচন শুনি, সত্য সত্য যত মুনি, কহিল ধর্মের সন্নিধানে। নিশ্চয় জানিহ তুমি,ভবিষ্য কহিনু জামি, जल्लानित क्य इत्राधित।। वागीकां न कति उत्व, यथाश्चारन (भननर्य, বন্ধুগণ হইয়া বিদায়। আশ্বাসিয়া সর্বজনে,গেল সবে নিজস্থানে, তুঃখিত অন্তর ধর্মরায়।। তবে রাম নারায়ণ, সম্বোধিয়া পঞ্চ জন, চাহিলেন बिनाय विनया। আজ্ঞা কর ধর্মপতি, যাব তবে দারবতী, कर् यमि अनन रुपरम् ॥ ধর্ম কন মৃত্রভাষে, অবশ্য যাইবে দেশে, রাখিবে স্থামার প্রতি মন। কি আর কহিব আমি, সকলি জানছ ভূমি, তুই চকু রাম নারায়ণ।।

ह्न कति प्रशिक्षाम, विषात्र श्हेत्रा सान, রেৰতীশ সত্যভামাপতি। রখেচড়ি সৰান্ধবে,নানাকাব্যমহোৎসবে, উপনীত যথা দারাবতী।। সবে গেল নিজঘর, আছে পঞ্চ সংহাদর, কাম্যবন করিয়া আশ্রয়। জপ যজ্ঞ দান ব্রত, নানা ধর্ম অবিরত, করি নিত্য আনন্দ-হাদয়।। বনেতে বিচিত্র কথা,ব্যাসের চরিত্র গাঁথা, বর্ণিবারে কাহার শক্তি। গীতিছন্দে অভিলাষ,ভবে দৈপায়নদাস, क्रुख्भार माशिल छक्छ।। তুর্য্যাধনের সপ্তিবারে প্রভাস-ভীর্থে যাতা। জনমেজয় বলে মুনি কর অবধান। শুনিতে বাসনা বড় ইহার বিধান।। সর্বজন গেল যদি হইয়া বিদায়। কি কর্ম্ম করিল সবে রহিয়া কোথায়।। মুনি বলে অবধান কর কুরুবর। क्रुका मह कांगावत्न शक्ष मरहां पत्र ॥ প্রভাস তীর্থের তীরে বিচিত্র কানন।

ফল পুষ্প অপ্রমিত মৃগ পশুগণ।। মুগয়া করেন নিত্য বীর ধনঞ্জয়। রন্ধনে জপদসুতা আনন্দ হাদয়।। তীর্থ করি আইলেন ধর্মের নন্দন। শ্রুতমাত্র মিলিলেন পূর্কের ত্রান্ধণ।। পূর্ব্বমত ভোজনাদি করে রন্দ রন্দ। लक्की बन्ना यां छटन नौ तस्तर जानमा। এইমত পঞ্চ ভাই কাননে নিবসে। হোথা ছুর্য্যোধন রাজা আনন্দেতে ভাবে। বিপুল বিভব ভোগ করে ইন্দ্র প্রায়। व्यर्थ ताब्हा रेमना यठ करूरन ना यात्र ॥ নিজরাজ্য ধর্মারাজ্য একতা মিলিত। বিশেষ যে রাজ্য পুর্বে অব্দন-শাসিত।। সে সকল রাজা হল তাহে অনুগত। কর দিয়া সবে তারা থাকে শত শত।।

অশ্ব গৰু পান্তি যত কে করে গণনা। সমুদ্র সমান সব অপ্রমিত সেনা।। ইন্দু দেবরাজ যথা অমর সমাজে। তুর্য্যোধন মহারাজ পৃথিবীর মাঝে।। এক দিন সভাতলে বসি কুরুপতি। শকুনি বলিছে তারে শুন পৃথীপতি।। উজ্জুল ভারতবংশ হৈল তোমা হতে। তুমি মহারাজ হলে ভুবন-মাঝেতে।। তোমার সমান ৰূপ না দেখি বিপক্ষ। কর দিয়া দেবে তোমা রাজা লক্ষ লক্ষ ॥ হয় হস্তী রথ পত্তি চতুরঙ্গ দল। কুবের জিনিয়া রত্ন ভাগুার সকল।। বিপুল বৈভব তব ইন্দ্রের সমান। কিন্তু মনে করি আমি এক মন্দ জ্ঞান।। যে পুষ্প ন। হইল ঈশ্বরের পর্ব্যাপ্ত । যে ধনে নাহিক হয় ব্ৰাহ্মণ স্কুতৃগু।। যে সম্পদ ভুঞ্জি নাহি বন্ধুগণ ভুষ্ট। যে সম্পদ শত্রুগণ না করিল দৃষ্ট।। সে সকল ব্যর্থ করি পূর্ন্বাপর কয়। এই অনুতাপ মম জাগিছে হৃদয়।। সদা তৃপ্ত আছে তব গুণে যত বন্ধু। পৃথিবী পূরিল তোমা শুদ্ধ যশ-ইন্দু।। এ সকল অতুল ঐশ্বর্য্য যে হইল। সবে মাত্র এ সুস্পদ শত্রু না দেখিল।। পূর্কে ভাল মন্ত্রণা না করিলাম সব। দেশ ছাড়ি বনে পাঠাইলাম পাণ্ডব।। নগরের অস্তে যদি অর্পিতাম স্থল। নিত্য নিত্য দেখাতাম বিভূতি সকল।। দৃষ্টানলে দক্ষ সদা হত পঞ্চজন। অসহ্ বজ্রের সম বাজিত সঘন।। কোথায় রহিল গিয়া নিৰ্জ্জন কাননে।

.তোমার ঐশ্বর্য্য এত জানিবে কেমনে।।

कर्न यान कि हिल भाक्षाता शिकाती।

ইহা অনুশোচি জামিদিবস শর্করী।।

নারীর যৌবন যথা স্বামীর বিহনে।

বল তথা ব্যৰ্থ মা দেখিলে শত্ৰুগণে।।

বিভব হয় যে নম্ট বৈরীরে রাখিলে। বিধির নিয়ম ইহা জানি আমি ভালে।। যত দিন ইহা সব না দেখে পাণ্ডব। লাগয়ে আমার মনে বিফল এ সব।। কিন্ত এক করিয়াছি বিচার নির্ণয়। বুঝিয়া করহ কার্য্য উচিত যে হয়।। প্রভাস তীর্থের তীরে তপস্বীর বেশে। বাস করে শত্রুগণ তথা নানাক্রেশে।। চল সবে যাব তথা স্থান করিবারে। হইবে অমন্ত প্ৰা স্নানে তীৰ্বনীরে॥ হয় হস্তী রথ পত্তি চত্রঞ্দল। সবাকার পরিবার ভূত্যাদি সকল।। ইদ্দের অধিক তব বিপুল বিভব। দেখিয়া দ্বিগুণ দক্ষ হইবে পাণ্ডব।। ঘোষ্যাত্র। করি সর্ক্রণেকেতে কহিবে। কিন্তু ভীষ্ম দ্রোণ দ্রৌণী কেহ না জানিবে ইহার বিধান এই মম মনে জাসে। এক যাত্র। তুই কার্য্য হইবে বিশেষে।। কর্ণের এতেক বাণী শুনি সেইক্ষণ। সাধু সাধু প্রশংসা করিল ছুর্য্যোধন।। দুঃশাসন জয়দ্রথ ত্রিগর্ত্ত প্রভৃতি। সাধু সাধু বলি উঠে যতেক ছুর্মতি॥ কর্ণ বলে বিলম্ব না কর কুরুপতি। সুসজ্জ সকল সৈত্য কর শীঘগতি।। আহলমাত্র তুর্যোধন হইল বাহির। ডাকিল সকল সৈন্য সব যোদ্ধাবীর।। যত বন্ধু বান্ধব সহিত পরিবার। রাণীগণ শুনি হল আনন্দ অপার।। দ্রোপদী সহিত দেখা দ্বিতীয় উৎসব। তীর্থস্থান তৃতীয় চিস্তিয়া এই সব।। র্পবশেষ সম্ভষ্ট নারী যাত্রা মহোৎসবে। সৰ্ককাল বন্দীৰূপে থাকে বন্ধভাবে ।। নৃযান গোযান আর অশ্বযান সাজে। রথে রথী চাড়ল পদাতি পদত্ততে।। বাহিনী সাজিছে বহু বাজিছে বাজনা। সমুদ্র সদৃশ সেনা কে করে গণন।।।

नाजाहिया नर्कोतना प्रश्नाजन व्यक्त । করযোড়ে দাগুইল নৃপতির আগে।। শুনিয়া কৌরবপতি উঠিল সন্ভূষে। বাহির হইয়া নিরীক্ষয়ে ক্রমে ক্রমে ॥ সমুদ্রলহরী যেন রথের পতাকা। মেঘের সদৃশ হন্তী নাহি যায় লেখা।। মনোয়ব মনোজ্ঞ উত্তম তুরঙ্গম। পৃথিবী আচ্ছাদি বীর বিশাল বিক্রম।। সশস্ত্র সকল সৈন্য দেখিতে সুন্দর। শমন সভয় হয় কিবা ছার নর ।। কর্ণ বলে বিলম্বে আর নাহি প্রয়োজন। ভীম্মদেব শুনে যদি করিবে বারণ।। এই হেড় তিলেক না বিলম্ব যুয়ায়। শীঘ্রগতি চল সথা এই অভিপ্রায়।। শুনিয়া কৌরবপতি বিলম্ব না কৈল। গমন সময় সব বিছুর জানিল।। যথা রাজা সৈন্য মাঝে যায় শীব্রণতি। মধুর সম্ভাবে কহে তুর্য্যোধন প্রতি।। শুনি তাত যাবে নাকি প্রভাসের স্নানে। পুণ্যকার্য্যে বাধা নাহি কহি দে কারণে।। কুরুবংশশ্রেষ্ঠ তুমি রাজচক্রবর্তী। পুরিল ভূবন তিন তোমার স্থকীর্ত্তি।। এ সময়ে যত কর ধৈর্য্য আচরণ। ভূষিত বিভব হবে দ্বিগুণ শোভন।। সবাকার মন মুগ্ধ প্রভাস গমনে। निरुष्ध नाहिक कति जामि तम द्वांतर्थ।। নান। চিত্র বিচিত্র স্কুম্পর বনস্থল। দেবতা গন্ধৰ্ক ছেথা নিৰদে সৰুল।। বহু সিদ্ধ ঋৰিগণ উপনীত তথা। কার সনে দ্বন্থ নাহি করিহ সর্কথা।। ছুর্য্যোধন বলে ভাত যে আজ্ঞা ভোমার। যদি দ্বস্থ করি তবে কি ভয় জামার।। মম সৈন্য দেখ তাত তোমার প্রদাদে। इन्द्र यम जाटन यनि जिनिव विवादन ।। उथां विद्यार्थ मम कोम श्रास्त्रका। শীঘ তুমি নিজ গৃহে করহ কমন।।

বিচুরে মেলানি করি কৌরবের পতি। ন। করি বিলয় আর চলে শীঘ্রগতি।। विना जीव रखान रखानी क्रभागर्या वीत। नर्स रेमना छूर्याधिन इहेल वाहित।। চলিতে চরণভরে কম্পিতা ধরণী। धुना छे छि जाक्हा दिन दिन दिन मिन मिन ।। रेमना-कालाइल जिनि मागत गर्छन। প্রমাদ গণিল সবে না বুঝি কারণ।। নগর ছাডিয়া বনে করিল প্রবেশ। মহাকলরৰ শব্দে পুরিল বিশেষ।। মেঘের সদৃশ ধূলি গগনমগুলে। বহু ক্ষেত্র ভাঙ্গি সবে চলে বহু স্থলে।। ভারত-পক্ষজ-রবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে বিরচিল তাঁর দাস।। ष्ट्रांधानत देनना मर्गात जीमार्क्जानत द्रवन्ष्या ७ यूधिष्ठित्द्र मास्ता।

এখানে প্রভাতে উঠি ভাই পঞ্চজন। নিত্য নিয়মিত কর্ম করি সমাপন।। স্নান হেতু যান সবে সহ দ্বিজগণ। ফল পুষ্প হেতু কেহ প্রবেশেন বন।। মুগয়া করিতে যান ভীম ধনঞ্জয়। রাজার নিকটে রহে মাদ্রীর তনয়।। মহাবনে প্রবেশিল ক্রমে চুই ভাই। वानि वानि मृश मातित्वन ठाँ है ठाँहै।। বনের ভ্রমণে দোঁহে আন্ত কলেবর। विज्ञां करतन विज्ञ हुटे मरहामत ॥ শুনিলেন হেনকালে সৈন্য-কোলাহল। প্রনয় গর্জন যেন সাগরের জল।। क्टेटक्त अम्धृति ঢाकिन गर्भन। মেঘে আচ্ছাদিল যেন সুর্যোর কিরণ।। वत्नन व्यक्त श्रवि श्वनंनक्ता। চল শীব্র মুগয়াতে নাহি প্রয়োজন।। स्त्र चारे रहेएउरह रेमग्र-कानारन। भाषानि जाञ्चापिन शश्यमधन ॥

ক্ষণ সহ রহিলেন পাওবের নাথ।

विरमव बानक माजीशृक्ष छूटे माथ।।

कि कर्य कतियु छाडे जानि छुडे करन। क्वा जात्रि विद्राधिन धर्मात नम्मत्न।। এতেক বিচারি শীঘ্র যান চুই জন। এথায় মাদ্রীর পুজ ধর্মের নন্দন।। সহদেবে আছল দেম ধর্ম নুপমণি। দেখ ভাই বনে স্থানে কাহার বাহিনী।। মৃগয়া করিতে গেল ভীম ধনঞ্জয়। বিলয় দেখিয়া মম আকুল হৃদয়।। এই বনে বাস করে গন্ধর্ক কিম্নর। বিরোধে আসক্ত সদা বীর রকোদর।। কি জানি কাহার সাথে হইল বিরোধ। বনে কিবা এসেছিল কোন মহাযোগ।। আর এক মম মনে লাগে অভিপ্রায়। ক্লেশী কুশ শক্তিহীন দেখিয়া আমায়।। বনমাঝে থাকি আমি তপস্বীর বেশ। সহায় সম্পদহীন হীন-রাজ্য-দেশ।। তুষীবুদ্ধি কর্ণ শকুনির মন্ত্রণায়। মন্দমতি ছুর্য্যোধন আসিছে হেথায়।। শীঘ্র কহ সহদেব করিয়া নির্ণয়। হেনকালে উপনীত ভীম ধনঞ্জয়।। দেখিয়া আনন্দচিত্র ধর্মের নন্দন। আলিঙ্গন দিয়া কন কহ বিবরণ।। অৰ্জ্জন বলেন দেব নিৰ্ণয়না জানি। ঘোরশব্দে আসিতেছে কাহার বাহিনী।। শুনিয়া বিসায় বড় জন্মিল হৃদয়। বিশেষ রাখিয়া একা গেলাম ভোমায়।। ব্যগ্র হয়ে শীঘ্র আসিলাম সে কারণে। ধর্ম বলিলেন ইহা হয়েছিল মনে।। তোমা তুই জনে দ্বন্দু হইল কার সনে। করিতেছিলাম চিন্তা আমি দে কারণে।। তোমা দোঁহা দেখি গেল সন্দেহ সকল। 🗥 किस जारे कारह कारम रेमना-रकानार्न ।। বিপক্ষ সপক্ষ পরপক্ষ এস জানি। অমুমানে জানি ভাই অনেক বাহিনী।। আক্রামাত্র পার্থ রথ করিতে স্মরণ। कि शिक्षक युक्त त्रथ मिल मत्रभम ।।

ধর্মেরে প্রণাম করি পার্থ উঠি রথে। চলিলেন বায়ুবেগে অন্তরীক্ষপথে।। শব্দ অনুসারে পার্থ পশ্চিমেতে যান। দেখেন কৌরবসেনা সমুদ্র প্রমাণ।। ধ্বন্দ ছত্র রথ রথী পদাতি কুঞ্জর। দেখি জানিলেন পার্থ কৌবর পামর।। ১তবে পুনঃ ফিরি আদে অতি শীঘ্রগতি। মুহূর্ত্তেকে উত্তরিল যথা ধর্মপতি।। পार्थ (मिथ जुक्ते रु य धर्मात नन्मन। किञ्जारमन कांत्र रेमना कर विवत्।।। অর্জুন কহেন দেব কি জিজ্ঞাস আর। দেখিলাম দৈন্য সহ কুরু-কুলাঞ্চার।। আমা সবা হিংসিবারে আসিল এথানে। নহে এই বনস্থলে কোন প্রয়োজনে।। এত শুনি মহাকোধে বীর রুকোদর। আক্ষালন করি ভুজে উঠিল সত্তর।। কর্যোড় করি বলে সম্বোধিয়া ধর্ম। দেখ মহারাজ তুষ্ট তুর্ন্যোধন-কর্ম।। কপটে কপটী সব রাজ্য ধন নিল। জ্ঞ বলক প্রাইয়া কাননে পাঠাল।। দেশ হতে রত্ন ধন কিছু নাহি আনি। ্কোনমতে তার বাঞ্চা নাহি কৈন্তু হানি। সময় নির্গয় আমি না করি ল্ডান। তথাচ আসিল তুষ্ট কবিতে হিংসন।। ধর্ম হেতু এত কফ্ট আমা পঞ্চ জনে। সে ধর্মা ফলিল আজি তুফী তুর্ব্যোপনে।। এতেক যে সৈম্ম সাজি আসিছে হেথায়। তব্ মনে লাগে কৃদ্র পতক্ষের প্রায়।। প্রদন্ন হইয়া রাজা আজ্ঞা কর মোরে। মুহুর্ত্তেকে সংহারিব শতেক সোদরে।। উঠ শীঘ্র ধনঞ্জয় বিলম্বে কি কাজ। এত অপমানে কি তিলেক নাহি লাজ।। নিয়ম পূরিতে দিন যে কিছু আছয়। আমি না লঙ্জিফু সেই পাপিষ্ঠ লঙ্জায়।। হে নকুল সহদেব বীরের প্রধান। স্বৰ্ণাঞ্ছিত সিদ্ধ কেন না কর বিধান।।

এতেক কহিল যদি রকোদর বীর। ক্রোধেতে অবশ হল পার্থের শরীর।। স্বস্ত অনলে যেন যুত ঢালি দিল। মাদ্রীপুত্ত ছুই জন গর্জ্জিয়া উঠিল।। সুসজ্জ করিল সবে যার যে বাহন। তৃণ হতে লম তুলি দিব্য-অ্স্ত্রগণ।। আড়া ভাঙ্গি তুণ মধ্যে রাথে পুনর্কার। ধনুকেতে গুণ দিয়া দিলেন টক্ষার।। কবচে আরত তনু নানা অস্ত্র পেঁচি। দেবদত্র শভানাদ কৈল স্বাসাচী ।। পুনঃপুনঃ গদা লোফে প্রন্নন্দ্র। তথন কহেন ধর্মা মধ্র বচন।। শুন ভাই কোন কর্ম্ম তোমার অসাধ্য। সহজে অর্জ্জন এই দেবের অবধ্য।। বাল্য সূর্যাসম ছুই মাদ্রীর তনয়। ইন্দ্র যম আসে যদিকি তাহে বিসায়।। কিন্তু আগে কারণ করহ নির্বাপণ। কোন কাৰ্য্য হেতু এথা আসে ভুৰ্য্যোধন।। বনের ভ্রমণ কিবা তীর্থে হেতৃ স্থান। মুগয়া করিতে কিবা করিল বিধান।। নির্গয় না জানি আগে যদি কর যুদ্ধ। নিশ্চয় হইবে তবে ধর্মপথ রুদ্ধ।। যদি আগে তারা হিংসা করিবে আমার। আমিহ মারিব তারে নাহিক বিচার।। ির্বলের বল ধর্ম তাহে করি হেলা। চুস্তর সাগরে আর আছে কোন ভেলা।। ধর্মপুজ্-মুখে শুনি এতেক বচন। विव्यवहरून निवर्शित होति जन।। কুলে নিবারিল যেন সমুদ্র লহরী। মুসজ্জ বসিল সবে ধর্ম বরাবরি।। সন্মু থে বসিল যত ব্ৰাহ্মণমণ্ডল। অমর-বেষ্টিত যেন দেব আখণ্ডল।। মৃগচর্ম কুশাসনে তপস্থীর বেশ। বল্ক পরিধান শিরে জটাভার কেশ।। কথোপকথনে অতি সবার জানন্দ। হেনকালে আদে ছুর্য্যোধন মতিমন্দ।।

ব্রাহ্মণ-মগুলী আরি ভাই পঞ্চ জন। দক্ষিণ করিয়া চলে নৃপতির সেনা।। আগে চলে অগণিত পদাতিক ঢালি। মনোরম ভুরঙ্গমে সব মহাবলী।। অৰ্দ অৰ্দ তবে মেঘবৰ্ণ হাতী। অসংখ্য বিচিত্র চিত্র কত শত রথী।। হেনকালে কৌরবের যত নারীগণ। যুচাল রথের যত বস্ত্র আচ্ছাদন।। অঙ্গুলীতে দেখাইয়া কহে এই বাণী। (इत (मथ कूषीरतर ड फ्लामनिक्सी।। বড় ভাগ্যে দেখিলাম কহে সর্বজন।। পাছে পাছে চলে সৈন্য কে করে গণ্ন।।। শকট বলদ উস্ট্রে নানা দ্রব্য সারি। শত মুদিখানা সঙ্গে দোকানি প্সারি॥ যে কিছু বিভব বিত্ত রাজার আছিল। সংহতি সুহৃদ বন্ধু সকলি আনিল।। উপমার যোগ্য হেন নহে সুরপতি। বর্ণনা করিতে ভাহা কাহার শকতি।। ্ এইক্রপে যায় রাজা কৌরবের পতি। প্রলয় কালের যেন কলরব অতি।। সম্ভাষা করিতে এল সঞ্জয়নন্দন। সভ্মে সবার করে চরণ বন্দন।। যুধিষ্ঠির জিজ্ঞাসেন কহ সমাচার। . কোন কর্ম্মে ভূর্ব্যোধন করে আগুসার।। নাঞ্রানন্দন বলে ক্র অবধান। করিবেন ঘোষ্যাত্রা প্রভাদেতে স্নান।। রাজা বলে একর্মে আমার অভিপ্রায়। আর মোর আশীর্কাদ কহিবে রাজায়।। এ তীর্থে অনেক সিদ্ধ ঋষির আলয়। দেবতা গন্ধর্ক যক্ষ রক্ষ সম্প্রদায়।। দেখ তিনি কুরুকুলে শ্রেষ্ঠ নরপতি। বিরোধ না হয় যেন কাহার সংহতি।। তথা হতে শুনিয়া সঞ্জয়সুত গেল। ধর্মের যতেক কথা রাজারে কহিল।। শুনি অহ্স্কারে মৃঢ় অবজ্ঞা করিল। অবজ্ঞায় ছুষ্ট কর্ণ শকুনি হাসিল।।

সহজে তপস্থী লোকে দেবতার ভয়। কার শক্তি ক্জিয়ের কাছে অগ্র হয়।। এত বলি মৌনভাবে রহে সর্বজনে। পুণ্য তীর্থ প্রভাসেতে যায় কতক্ষণে ॥ নানা চিত্র বিচিত্র উদ্যান মনোহর। প্রফুল কমলবনে গুপ্তরে ভ্রমর।। কোকিল কুহরে নিত্য নিজমন্ত্তায়। মুনির মানস হরে বসস্তের রায়।। বিবিধ বনের শোভা কে করে বর্ণন। দেখিয়া আনন্দচিত্ত রাজা তুর্ব্যোধন।। ভুঃশাসন কর্ণ আদি হরিব বিধান। রহিল সকল সৈন্য যথাযোগ্য স্থান।। সারি সারি বস্ত্রগৃহ দেখিতে সুরঙ্গ। পর্কত সমান যেন পর্কতের ভঙ্গ।। বেড়িল বসনে যথা প্রভাসের বারি। কৌতৃক বিধানে স্নান করে যত নারী॥ তবে জুর্ন্যোধন রাজা সহোদর শত। ত্রিগর্ত শকুনি কর্ণ অমাত্য আরত।। স্নান করি কুভূহলে করে নান। দান। হয় হস্তী গবীগণ নাহি পরিমাণ।। পরম কৌতুকে সবে স্নান দান করি। বিচিত্র বসন নানা অলঙ্কার পরি।। জলপান করি তবে বসে সর্বজন। কৌ হুকে বদিয়া করে ভাস্ন ভক্ষ।।। আলস্থ ত্যজিয়া কেহ করিল শয়ন। কেহ পাশা খেলে কেহ করয়ে রহ্মন।। ভারতপক্ষজ-রবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে বিরচিল তাঁর দাস।।

> ত্র্য্যোধনের দৈতসহ চিত্রদেন গন্ধর্মের যুদ্ধ।

এইমতে রহে সৈন্য যুড়ি বনস্থল।
গতায়াতে লওভও উল্লান সকল।।
হেনকালে দেখ তথা দৈবের ঘটনে।
গন্ধর্ক উদ্যান এক ছিল সেই বনে।।
চিত্রসেন নাম তাঁর গন্ধর্কপ্রধান।
যার নামে সুরাসুর সদা কম্পামান।।

তাঁহার কিন্তুর ছিল বনের রক্ষক। দেখিল উদ্যান ভাঙ্গে রাজার কটকর্ম। वक्ट रेमना प्रिथि धका ना कति विदर्शध। তুর্য্যোধন অত্যে গিয়া কহিছে সকোধ।। শুন রাজা মোর বাক্যে,কর অবগতি। প্রভু মোর চিত্রদেন গন্ধর্কের পতি।। कूरूम छेमान जाँत এই यदन हिल। প্রবেশি তোমার সৈন্য সকলি ভাঙ্গিন।। বনের রক্ষক আমি কিন্ধর তাঁহার। না করিলে ভাল কর্মা কি ক হিব আর ॥ এই কথা মোর মুখে পাইবে সম্বাদ। আদিয়া ইঙ্গিতে রাজা করিবে প্রমাদ।। এত শুনি মহাকোধে কহে বীর কর্ণ। বিকচ কমল প্রায় চক্ষু রক্তবর্ণ।। ওরে ছুফ্ট এত কর কার অহন্ধার। কি ছার গন্ধর্ক তোর কিবা গর্ম তার।। रय कथा कहिलि जूहे आित सम कार्छ। এতক্ষণ জীয়ে রহে হেন কেবা আছে।। সহজে অত্যম্পবুদ্ধি দ্বিতীয় নকর। যাহ শীঘ্র আন গিয়া আপন ঈশর।। বলাবল বুঝি লব সংগ্রামের কালে। কর্ণের বিক্রম সেই জানে ভালে ভালে।। এত বলি ঢেকা মারি বাহির করিল। মহাতঃখমনে বক্ষী কালিয়া চলিল।। বসি আছে চিত্রদেন আপন আবাদে। হেনকালে অনুচর কহে মৃত্ভাষে।। রকা হেতু তুমি মোরে রাখিলে উদ্যানে। তুর্ন্যোধন রাজা আসি প্রভাসের স্নানে। তার সৈন্য উদ্যান করিল লগুভও। রাজারে কহিনু গিয়া তার এই দণ্ড।। কতেক কুৎসিত ভাষা কহিল তোমারে। ছুর্ব্যোধন-সেনাপতি কর্ণ নাম ধরে।। মনুষ্য হইয়া কবে এত অহন্ধার। দোষমত দণ্ড যদি না দিবা ভাহার।। এইমত চুষ্টাচার করিবেক সবে। পযু গুরু মনুষ্য দেবেতে কিবা তবে।।

এত শুনি মহাকোধে উঠিল গন্ধৰ্ক কি ছার মন্তুষ্য আজি নাশিব যে সর্ব্ব।। মরণকালেতে পিপীলিকা-পাথা উঠে। যাইতে করিল বাঞ্ছা শমন নিকটে।। ক্রোধভরে রথারোহে চলে শীঘগতি। ধনুক টঙ্কার শুনি কম্পমান ক্ষিতি।। দিব্য সুশাণিত শরে পূরি যুগা ভূণ। কোধভরে আসিতেছে স্থলন্ত আগুল।। কত দূরে দেখে সবে রথের পতাকা। শৃন্তপথে আসে যেন জ্বন্ত উলকা।। কুরুদৈন্য নিকটে আইল সেইক্ষণ। কহিতে লাগিল অতি গভীর গর্জন।। আরে চুষ্ট ত্যঙ্গ আজি জীবনের দাধ। মনুষ্য হইয়া কর গন্ধকের বিবাদ।। এতেক বলিয়া দিল ধনুকে টক্ষার। মুহূর্ত্তেকে শরজালে কৈল অন্ধকার।। শুনিয়া গন্ধর্ক-গর্ক কর্ণে হল ক্রোধ। টক্ষারিয়া ধনুগুণ ধার মহাযোধ।। স্থ্য-অস্ত্র এড়িলেক স্থ্রেয়র নন্দন। কাটিয়া সকল অস্ত্র কৈল নিবারণ।। তবে ত গন্ধৰ্ক এড়ে তীক্ষ পাঁচ বাণ। অন্ধপথে কর্ণবাবে হল দশখান।। গন্ধর্ক দেখিল অস্ত্র কাটিলেক কর্ণ। ক্রোধে কম্পমান তনু চচ্চু রক্তবর্ণ।। সিংহমুখ দিব্য অস্ত্র যুড়িল ধমুকে। অন্ত্রে অগ্নি বাহিরায় ঝলকে ঝলকে।। মহাবীর কর্ণ তবে অপূর্ব্ব সন্ধানে। কাটিল গন্ধৰ্ব-অস্ত্ৰ অদ্ধচন্দ্ৰ বাবে।। সর্পবাণ যুড়িল যে গন্ধর্ক তথন। যুড়িল গরুড়বাণ সুর্য্যের নন্দন।। তবে কর্ণ দিব্য জল্ল মন্ত্রে অভিধেকি। কহিল গন্ধৰ্ক আগে কৰ্ণ বীর ডাকি।। जारत क्रुके अश्कारत ना रम्थ नहरन। গৰ্ক চূৰ্ণ হবে আজি পড়ি মোর বাবে।। আকর্ণ পুরিয়া কর্ণ কৈল বিস্তুজন। উঠিয়া ভাকাশপথে করিল গর্জন।।

অস্ত্র দেখি ব্যস্ত হয়ে গন্ধর্ক ঈশ্বর। শীঘ্রহস্তে এড়ে বীর চোক চোক শর।। তুই অন্ত্রে মহাযুদ্ধ হইল অম্বরে। কাটিল দোঁহার অস্ত্র দোঁহাকার শরে।। অস্ত্র ব্যর্থ দেখি কর্ণ সক্রোধ অন্তর। চিত্রসেনে প্রহারিল শতেক তোমর।। বাণাঘাতে ব্যগ্র হয়ে গন্ধর্কের পতি। ডাকিয়া বলিল তবে কর্ণ বীর প্রতি।। ধন্য তোর ৰীরপণা ধন্য তোর শিকা। এখন বুঝহ তুমি আমার পরীকা।। এতেক বলিয়া প্রহারিল দশবাণ। ব্যথায় বাথিত কর্ণ হইল অজ্ঞান।। কতক্ষণে চেত্ৰ পাইল মহাবল। বেড়িল গন্ধর্কে আসি কৌরব সকল।। শতপুর করিয়া বেজিল সর্কসেনা। ধনুক টক্ষার যেন সঘন ঝন্ঝনা।। দশদিক যুড়িয়া করিল অন্ধকার। গন্ধর্কে সবার অস্ত্র করিল সংহার।। প্রাণপণে সবে যুদ্ধ করিল বিস্তর। সবে নিবারণ করে গন্ধর ঈশ্বর।। পরশুরামের শিষ্য কর্ণ মহাবীর। অচল পর্বত প্রায় যুদ্ধে রহে স্থির।। রাখিয়া আপন সেনা আপন বিক্রমে। প্রহরেক পর্যান্ত যুঝিল মহাশ্রমে।। তবে ত গন্ধর্ক মনে করিল বিচার। জानिन (कोत्रवरमना द्राप अनियात ।। মায়া বিনা এ সকল নারিব জিনিতে। মায়ার পুত্তলী এই বিচারিল চিত্তে।। রথ লুকাইল তবে না দেখি যে আর। অন্তর্জান হইয়া করিল অন্ধকার।। অন্তরীকে পড়ে ৰাণ দেখি সর্বজনে। অচ্ছিদ্রে বরিষে যেন ধারার আবের।। কোথায় গন্ধৰ্ক আছে কেহ নাহি দেখে। বৃষ্টিবত অস্ত্র সব পড়ে লাখে লাখে।। মুখে মাত্র মার মার শুনি স্বাকার। ্রৈনোতে অক্ত জন না রহিল আর ।।

পড়িল অনেক সৈন্য রক্তে বহে নদী। হয় হাতী রথ রথী কে ৰুরে অবধি।। কতক্ষণ রণ ষহি ছিল কর্ণ বীর। তাহার সহিত কিছু সৈন্য ছিল স্থির।। শুন্য ভূণ ছিন্ন গুণ আবেদ জলপ্রম। বিষয়বদন সবে হয় মনোভ্রম।। সহিতে না পরি ভঙ্গ দিল কর্ণবীর গ পলায় কৌরবসেনা ভয়েতে অস্থির।। অম্বর নাহিক কার নাহি বান্ধে কেশ। পলায় সকল সৈন্য পাগলের বেশ।। বেগে ধায় পশ্চাৎ না চায় কোন জন। স্ত্রীগণ রক্ষকমাত্র রাজা ছুর্যোধন।। কতক্ষণ সহে যুদ্ধ প্রাণ ব্যগ্র তায়। হেনকালে চিত্রসেন আইল তথায়।। ছুর্য্যোধনে ভাকি বলে পরিহাসবাণী। গগনে গরজে যেন ঘোর কাদম্বিনী।। আবে মন্দমতি ছুফী রাজা ছুর্য্যোধন। মনুষ্য হইয়া কর গন্ধর্ক চালন।। কোথা তোর সে বন্ধু সহায় সমুদিত। একেলা ছাড়িল নারীগণের সহিত।। এই অহস্কারে তুমি না দেখ নয়নে। আজিকার রণে যাবি শমন সদনে।। যুদ্ধে চিত্রদেন গন্ধর্কের জয় এবং নারীগণের সহিত তুর্ব্যাধনের বন্ধন। कर्न जक्र फिल तरन, आंकूल शक्तर्स-वारन, পলায় সকল সেনাপতি। পলায় ত্রিগর্তনাথ, সৌবল শকুনি সাথ, কৰ্ণ জুঃশাসন বিবিংশতি।। যত যত মহাবীর, রণেতে নহিল স্থির, প্রমাদ গণিয়া সর্বজন। কেকরে তাহার লেখা,কেবল রাখিয়াএকা, নারীরন্দ সহ ছর্য্যোধন।। মহা ত্রস্ত হয়ে যায়,নারীপানে নাহিচায়, র্থ চালাইয়া শীঘ্রগতি। অশ্ব গজ ধায় রড়ে,পথেতে পদাতিপড়ে, উঠে হেন নাহিক শকতি।।

হেরীমতে সৈন্য সব, করি মহাকলরব, প্রাণ লয়ে পলায় তরাসে। প্রতিশব্দে কোলাহল, পূর্ণ হল বনস্থল, দেখিয়া গন্ধর্কপতি হাসে।। তবে তুর্ব্যোধনে কয়, তুষ্টবুদ্ধি পাপাশয়, না জানিস গন্ধৰ্ব কেমন। আারে মন্দমতিমান, ভালমন্দ নাহিজান, অহঙ্কারে করিস হেলন।। না জানিস নিজ বল, এখন উচিত ফল, মোর হাতে অবশ্য পাইবে। লইব তোমার প্রাণ,ইহাতে নাহিক আন, মনের মানস পূর্ণ হবে।। এত বলি নিজ তাস্ত্র, যুড়িলেন লঘুহন্ত, গন্ধর্ক ঈশ্বর ক্রোধমনে। অব্যর্থ জানয়ে, সন্ধি, এবে সে করিলবন্দী, **४ति**एक ताका छूर्यग्रांभरन ।। वन्ती इल कूङ्गाखर्छ, मशक मिल्लक शृष्ठं, দোসর নাহিক আর সাথে। স্ত্রীরন্দ সহিত রাজা,রথে তুলি মহাতেজা, শীঘ্রগতি যায় স্বর্গপথে।। ঘোর আর্ত্রনাদ করি,কান্দয়ে সকল নারী, হায় হায় ডাকে উচ্চঃস্বরে। কপালে কক্ষণাঘাত, ঘন ডাকে জগন্নাথ, পার কর বিপত্তি-সাগরে।। वांत्रि नर्क्षध्यारीन, পाशक्या श्राटिनिन, তব ভক্তিলেশ নাহি মনে। সত্য মোরা হীনতপা, কেবল করহ রূপা, मौनवक्त नारमत कातर्व।। ইত্যাদি অনেক করি,স্তুতি করে কুলনারী, কেহ নিন্দা করে নিজপতি। ্ঠ্টবুদ্ধি স্বামীগণ, ধর্ম হিংসা অনুক্ষণ, সে কারণে হল হেন গতি।। কুরুশ্রেষ্ঠ ধর্মপতি,ধর্মেতে যাঁহার মতি, অমুগত ভাই চারিজন। কেবল ধর্মের সেতৃ,প্রাণ ত্যজে ধর্মহেতু, **डाँदित छु३थ मिल छूर्यगांधन ।।** 

সতী সাধনী পতিব্ৰতা, দেৰ দ্বিন্ধ অমুগতা, সতত ধর্মেতে যাঁর মতি। লক্ষীত্রংশযাজ্ঞদেনী,সভামধ্যেতারেকানি চুলে ধরি করিল ছুর্গতি।। সে ধর্ম ফলিল আজি, বিপদসাগরে মজি, সবাই হারামু জাতি কুল। বার্ত্তাপাইলেধর্মরাজ,জগনিয়াকুলেরলাজ, কেবল রক্ষার মাত্র মূল।। তবে ছুর্ব্যোধননারী,এই যুক্তি মনেকরি, অনুচরে কহে শীঘ্রগতি। বিলম্ব না কর তাত, যথা পাওবের নাথ, কহ গিয়া সকল ছুৰ্গতি।। কহিবে বিনয় করি, মো সবার নাম ধরি, নিশ্চয় মজিল কুরুবংশ। মো সবারকর্মফলে,এ কুৎসা কলস্ককুলে, চিত্রসেন হাতে জাতিধ্বংস।। অনুচর কহে বাণী, সত্য কহ ঠাকুরাণী, পাসরিলা পূর্ব্ব কথা সব। যে কর্ম্ম করিয়া ভাঁরে,পাঠাইলা বনাস্তরে, তাঁহা ভিন্ন কে আছে বান্ধব।। যেসাজা তোমারমাতা,এখনি যাইবতথা, কহিব সকল সমাচার। ধর্মরাজ মহাশয়, ধীর বটে ধনঞ্জয়, ভীমহন্তে নাহিক নিস্তার ॥ রাণী বলে ধর্মরাজ, জানিয়া কুলের লাজ, আমা সবার আপদ ভঞ্জনে। না করিবেভেদমতি,পরত্বংখে তুঃখীজতি, উদ্ধারিবে পাঠায়ে অর্জুনে।। স্বামী মোর অপরাধী,ইহাতে অবজ্ঞাযদি, कतिया উদ্ধার ना कतिरव। মিলিয়া সকল নারী, বিষ ভায়ে ভর করি, किवा जल अदिशा मतिद्य ॥ এত শুনি শীঘ দূত, গেল যথা ধর্মাসূত, মাদ্রীর তনয় ভীমার্জ্ন। বেষ্টিত ব্রাহ্মণভাগে,করযোড় করিস্মাগে, कहिए नाशिन मकक्र ।।

অবধান মহারাজ, দৈবের তুর্গতি কাজ, রাজা এল প্রভাসের স্নানে। বিধির নির্কন্ধ কর্মা, খণ্ডন না যায় ধর্ম্ম, বন্দী হল চিত্রসেন-বাণে।। গন্ধরের মায়াবলে,পোড়াইল অস্ত্রানলে, প্রাণেতে কাতর যত সেনা। কর্ণ শাল্প ছুঃশাসন, যত 'মহাযোধগণ, व्योव लाय यात्र मर्खकना ॥ একা ছিল ছুর্ন্যোধন, রক্ষা হেতু নারীগণ, প্রাণপণে যুঝিল রাজন। যতেক নারীর সহ, করাইয়া রথারোহ. লয়ে যায় করিয়া বন্ধন।। প্রতিকারে নহে শক্য,পূর্ষে ভঙ্গ দিলপক্ষ, শেষে যায় জাতি কুল প্রাণ। আকুল হইয়া মনে, তব ভাত্বধুগণে, পাঠাইয়া দিল তব স্থান।। আরোবাকিকবআমি, আজন্মআমারস্বামী, তোমার চরণে। কুলের কলক্ষোদয়, ভয়ার্ত্ত জনের ভয়, দূর কর আপনার গুণে।। हेश मनाकांत्रात्मार्व, यनि এইঅভিরোমে, উদ্ধার না কর ধর্মপতি। হইবে বধের ভাগী,জীব বা কিসের লাগি, অনল গরল জলে গতি॥ তোমার কুলের, শারী, গন্ধর্ক লইয়া হরি, যাবত না যায় অতিদূর। নেখিয়া উচিত কর্মা, করহ কুলের ধর্মা, রক্ষা কর কুলের ঠাকুর।। শুনিয়া চরের কথা,মর্ম্মে পাইলেন ব্যথা, ধর্মপুত্র রাজা যুধিষ্ঠির। কুলের কলক্ষ আর, ভয়াশ্বিত অবলার, রকা হেতু হলেন অস্থির।। বিষম নিগ্রহ জানি, বিচারিয়া ধর্মমণি, व्यक्तित करहन विश्वा শীঘ্রকান জুর্য্যোধনে,কহিচিত্রসেনস্থানে, यांवर ना यांत्र निकटनभा।।

বিনয় পূর্বক তথা, কহিবা মধুর কথা, বহুবিধ আমার বিনয়। यि जादश्माधा न दह, देख भाशनमाम करह, দও দিবা উচিত যে হয়।। ধর্মাজ্ঞায় ভীমার্জ্জুনের যুদ্ধযাত্রা এবং নারী-গণের দহিত হুর্য্যোধনের মুক্তি। যুধিষ্ঠির বলিলেন যাহ শীঘগতি। গন্ধৰ্ক না যায় যেন আপন বসতি।। ছাড়াইয়া আন গিয়া প্রধান কৌরবে। প্রণয়পূর্বক হলে দ্বন্দ্ব না করিবে।। এত যদি কহিলেন ধর্মা নরপতি। গর্জিয়া উঠিল ভীম অর্জুন সুমতি॥ ধন্য মহাশয় তুমি ধর্ম অবতার। এখনো ঈদুশ বুদ্ধি অদুষ্ট আমার।। আমা সবাকারে দুষ্ট যতেক করিল। কাল পেয়ে সেই বৃক্ষ এখন ফলিল।। অহর্নিশি জাগে সেই মনের অনিষ্ট। গন্ধর্ক করিল তাহা যুচিল অরিফী।। অধর্মে বাড়ায় রাজা অধন্মীর সুখ। তাহা দেখি নিত্য পাই পরম কৌতুক।। ক্রমে ক্রমে সকল সংসার করে জয়। যথাকালে মূল সহ বিনাশিত হয়।। যত গৰ্ক করিল কৌরব ছুরাশয়। নিঃশত্র হইল রাজ্য চল নিজালয়।। এতেক বলেন যদি ভাই ছুই জন। মনেতে চিত্তেন তবে ধর্মের নন্দন।। विना क्लार्थ कार्यामिक्ति ना इश निक्ष्य তবে ধর্মা কহিলেন ডাকি ধনঞ্জয়।। কহিলে যতেক পার্থ অক্সথা না করি। সে মম পরম শত্রু আমি তার বৈরী।। আত্মপক্ষে ঘরে দ্বন্দ্ব করিব যথন। তারা শত সহোদর মোরা পঞ্চ জন।। সেই দৃশ্ব হয় যদি প্রপক্ষণত। তথন আমরা ভাই পঞ্চোত্তর শত।। সে কারণে কহি ভাই করিতে উদ্ধার। পূর্কাপর আছে ভাই নীতি বিধাতার।।

আর এক কথা শুন বিচারিয়া মনে। यिन ना आनित्व जूमि जाका छूर्रगांधतन ॥ তুষ্টবৃদ্ধি অতিশয় রাজা চিক্রদেনে। পশ্চাৎ হইবে তার অহন্ধার মনে।। लहेरवक छूर्यग्रां थरन मह नाती तुम्स । অমরমগুলী তথা আছেন সুরেন্দ্র।। 🍇 বাকার আগে কহিবেক সমাচার। জিনিন্তু কৌরবদেনা রণে অনিবার।। য়বিষ্ঠির পঞ্চ জন তথায় আছিল। যত মোর পরাক্রম বসিয়া দেখিল।। তাহার কুলের বধু সহ ছুর্য্যোধনে। বান্ধিয়া আনিমু দেখিলেক সর্বজনে।। বারণ করিতে শক্তি নহিল কাহার। কহিবে ইন্দ্রের আছে এই সমাচার।। শুনিয়া হাসিবে যত অমর-সমাজ। অবজ্ঞা করিবে তোমা ইন্দ্র দেবরাজ।। ত্নি যে অবজ্ঞা কর ভাবিয়া বিপক্ষ। দৈবতা জানিবে তুমি বলেতে অশক্য।। আনিতে বলিমু আমি ইহা মনে করি। নহে তুর্য্যোধন মম কোন উপকারী।। শুনিয়া উঠিল কোপে বীর ধনঞ্জয়। এমত কহিবে ছুফ্টবুদ্ধি পাপাশয়।। এই দেখ মহাশয় তোমার প্রসাদে। া জাঁবে গন্ধৰ্ক আজি পড়িল প্ৰমানে।। এত বলি মহাকোণে উঠিয়া অৰ্জ্জন। গাঞীব নিলেন হাতে বান্ধি যুগা তুল।। যুধিন্ঠিরে প্রথমিয়া করি ক্লতাঞ্জলি। রথে গিয়া চড়িলেন খ্রীগোবিন্দ বলি।। প্ৰনগমন জিনি চলে স্বৰ্গপথ। ফবে উত্তরিল যথা চিত্রসেনরথ।। পাছে যান ধনঞ্জয় ফিরিয়া নেহালি। শীঘণতি রথ চালাইল মহাবলী।। তবে পার্থ মনে মনে করেন বিচার। পলায় গন্ধৰ্ক ভয়ে অই কুলাঙ্গার।। **অভিবেগে ধায় রথ যাবে স্বর্গমাঝে।** বিদিত হইবে তবে দেবতা-সমাজে।।

हेहां जानि मंत्रजारल त्राधिरलम পथ। ফাঁফর গন্ধর্কপতি না চলিল রথ।। চতুর্দ্ধিকে ফিরি দেখে যেতে নাছি শক্য। পিঞ্জরের মধ্যে যেন রহে পোষা পক্ষ।। সেইক্ষণে উপনীত বীর ধনঞ্জয়। দেখিয়া গন্ধৰ্কপতি কহে সবিনয়।। কহ পার্থ কেশন হেতু আসিলে হেথায়। তুর্য্যোধন উপকারে আসিতেছ প্রায়।। **बेहे** रम व्यान्धर्या वर्ज नारन स्मात मरन। আজন্ম হিংসিল দেখ তোমা পঞ্চ জনে।। কহিতে না পারি পূর্কে আর যত ক্লেশ। সম্প্রতি দেখি যে বনে তপস্বীর বেশ।। তাহার উচিত ফল পায় দৈববশে। পথ ছাড় শীঘ্ৰগতি যাই নিজ্বাদে॥ পার্থ বলিলেন জ্ঞান নাহিক তোমায়। কহিলে যতেক কথা পাগলের প্রায়।। আপনা আপনি লোক যত দ্বন্দ্ব করে। আত্মপক্ষ কভু নহে প্রতিপক্ষ পরে।। ইহাতে এতেক ছিদ্র কহিস জ্বজ্ঞান। আমা সবে ভিন্ন ভাব করেছিদ জ্ঞান।। যুধিষ্ঠির তুল্য মম ভাই তুর্য্যোধন। তাহারে লইয়া যাস করিয়া বন্ধন।। এই কুলবধুগণে তুমি লয়ে যাবে। লোকেতে হইবে কুৎসা কলক্ষ রটিবে।। কুলের কুৎসায় সুখী কুলাঙ্গার জন। কি মতে সহিবে তাহা আমার এ মন।। এই হেতৃ শীঘ্রগতি আইনু হেথায়। ছाড़ छूर्यग्रांथरन नरह यादव यभानश् ।। कत्रह मकल युक्त नट्ह कल मित। মুহূর্ত্তে শমন গৃহে তোমারে পাঠাব।। চিত্রদেন বলে তোর জানিলাম মতি। বুঝিয়া করিল বিধি এতেক ছুর্গতি।। মরিতে বাসনা তব হইল নিশ্চয়। তুই ভাই এক সঙ্গে যাবি যমালয়।। এত বলি দিল শীঘ্র ধনুকে টক্ষার। দশদিক শরজালে হল অন্ধকার।।

দেখি পার্থ হইলেন জ্বলম্ভ অনল। निरमरवत मर्था कांग्रिलन रम मकल।। দোঁহার বিচিত্র শিক্ষা দোঁহে লযুহস্ত। রষ্টিবৎ শত শত পড়ে কত অস্ত্র।। কাটিল দোঁহার অস্ত্র দোঁহাকার শরে। ष्यनन्त উলকা প্রায় উঠয়ে অমুরে।। হইল দোঁহার অঙ্গ শরেতে জর্জ্জর। জভঙ্গ তিলেক নাহি দোঁহে ধনুর্দ্ধর।। গম্বর্ক আপন মায়া করিল প্রকাশ। সন্ধান পুরিয়া অস্ত্র এড়িলেন পাশ।। দিব্য অস্ত্র এডি পার্থ করে নিবারণ। দশ অস্ত্র অঙ্গে তার কবেন ঘাতন।। (मवज शक्सर्व यक ताकि मिक मौका। নরেতে নাহিক তুল্য অর্জ্নের শিক্ষা।। **८य वाद** शक्तर्क वादक्ष त्राका ज्रहिंगां भटन। সেই বাণ ধনঞ্জয় যুড়ে ধনুগুণে।। বান্ধি গন্ধর্কের গলা ভুজের সহিত। নিজ রথে চড়াইয়া চলেন স্থরিত।। छुट्यां धन नाती मह शक्तर्खत शिं। মুহূর্ত্তেকে উপনীত ধর্ম্মের বসতি।। সমর্পিয়া সকলেরে করে নিবেদন। যেৰূপে গন্ধৰ্ক-পতি করিলেক রণ।। যুধিষ্ঠির খুলিলেন দোঁহার বন্ধন। পার্থে অনুযোগ করিলেন অগণন।। এই চিত্রসেন জান গন্ধর্কের পতি। ইহঁ াকে উচিত নহে এতেক দুৰ্গতি।। চিত্রদেনে কহিলেন তুমি মতিমন্ত। চালন করহ কেন ক্ষজ্রিয় তুরস্ত।। বালক অর্জ্ব করিলেক অপরাধ। চাহিয়া আমার মুখ করহ প্রসাদ।। না কহিবে ইন্দ্ৰকে এ সব অপমান। যাহ শীঘ্র নিজালয়ে করহ প্রয়াণ।। শুনিয়া গন্ধর্কপতি আনন্দিতমনে। আশীর্কাদ করি তবে চলে সেইক্ষণে।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

## ত্র্ব্যোধনের সপরিবারে স্থদেশে

গন্ধৰ্ক বিদায় হয়ে গেল নিজস্থান। ছুর্যোধন আসি ধর্মে করিল প্রণাম।। বসিল মলিনমুখে হয়ে নম্রশির। মধুর বচনে কহিছেন যুধিষ্ঠির।। শুন ভাই হেন কর্ম্ম না করিহ আর। পৌরুষ নাহিক ইথে আমা সবাকার।। বিশেষে বৈভবকালে ধর্ম আচরণ। ধন হলে নাহি করে ধর্মকে হেলন।। কহিলেন এই মত বহু নীতিবাণী। অগ্রসরি নারীগণে আনে যাজ্ঞসেনী।। চৌপদীরে প্রথমিল যত নারীগণ। যতেক ছঃখের কথা কৈল নিবেদন।। ত্বস্তর সাগর মাঝে ডুবিল তরণী। নিজগুণে উদ্ধারিল ধর্মনুপমণি।। বুঝিলাম কুরুবংশ রক্ষার কার্বে। নিবসতি তোমা সবে কৈলে এই বনে।। তবে ক্লফা সবাকারে করিল সম্মান। ক্ষৃধার্ত্ত দেখিয়া দিল দিব্য অন্নপান।। একত্র হইল তবে যত সৈন্যগণ। পরম কৌতুকে সবে করিল ভোজন।। রাজা আদি করিয়া ভুঞ্জিল ক্রমে ক্রমে নারীরুদ্দ আবুল হইল সবে ঘুমে।। ভয়ে কেহ নাহি শোয় য়াজার কারণে। দ্রৌপদী সহিত আছে কথোপকথনে।। তবে মানী ছুর্যোধন মলিনবদনে। বিদায় হইয়া চলে ধর্মের চরণে ।। মধুর সম্ভাবে রাজা করিয়া বিদায়। তাগ্রসরি কত দূর যান ধর্মরায়।। শীঘ্রগামী চলে সবে যত সেনাগ্র। विव्रम-वमरम यांग्र वांका छुर्यगांधन ॥ নগরে যাইবামাত্র আছে কত পথ। म्बिशास्य क्रियोधन त्रशहेल तथ ॥ যাতৃল শকুনি আর কর্ণ ছঃশাসনে। সম্বোধি কহিতে লাগে সুতুঃখিতমনে।।

स्रोतना महिल (मार्ग योह मर्वकन। নিশ্চয় কহিমু আমি ত্যজিব জীবন।। পূর্কে না বুঝিকু আমি আপনার বল। সমুচিত বিধি তার দিয়াছেন কল।। পূর্বে যদি এ সকল কহিতে হে সবে। যুধিষ্ঠির সহ কেন বিরোধ হইবে।। ⊾ভীমাৰ্জ্ন হতে মোরে স্নেহ তাঁর অতি স্বচ্ছকে পালিত মোরে ধর্ম নরপতি।। ভ্রাতভেদ করাইলে করিয়া আশ্বাস। জামি মন্দমতি তাহে করিকু বিশ্বাস।। অনুক্ষণ কহ সবে মারিব পাণ্ডব। চক্ষু কর্ণে বিবাদ যুচিল আজি সব।। পলাইলে দবে মোরে রাখি যুদ্ধভূমে। বান্ধিয়া লইতেছিল গন্ধৰ্ক আশ্ৰমে।। আর দেখ অপরূপ রহস্ত বিধির। আজন হিংসিতু আমি রাজা যুধিষ্ঠির।। উদ্ধার করিল সেই আমা হেন জনে। মরণ অধিক লাজ মস্তক মুণ্ডনে।। চিত্রদেন-হত্তে মৃত্য শ্রেষ্ঠ শতগুণে। অযশ উদ্ধার মোর করিল অর্জ্রনে।। কোন লাজে লোকমাঝে দেখাব বদন। নিশ্চয় না যাব দেশে এই নিৰূপণ।। তবে কর্ণ মহাবীর দেখিয়া অশক্য। কহিতে লাগিল কথা রাজ-হিত পক্ষ।। শুন রাজা কি কারণে চিন্ত অকারণ। জয় পরাজয় যত দৈবের ঘটন।। ইন্দু দেবরাজ হন অমর ঈশ্ব। সদাকাল দেখ তাঁর দানবের ভর ।। কতবার স্বর্গভ্রম্ট করাইল তাঁরে। পুনর্কার পায় রাজ্য উপায় প্রকারে।। পূর্কাপর হেন নীতি বিধির আছয়। কথন বা জয় যুদ্ধে কভু পরাজয়।। কহিলে যে যুধিষ্ঠির উদ্ধার-কারণ। আপনার স্বীয় ধর্ম কৈল প্রবর্তন।। <sup>ধর্ম</sup>পুজ যুধিন্ঠির অধর্মের ভয়ে। त्र कातर्ग शांठीहेल वीत धनक्षद्य ॥

সৈন্য হেতু সেনাপতি জন্ন করে রন। পূর্কাপর এইমত বিধির ঘটন।। শুন ওহে মহারাজ আমার বচন। আজি আমি কহি কথা করিব যেমন।। প্রতিজ্ঞা করিমু আমি সবাকার আগে। মহাবীর ধনঞ্জয় থাক্ মোর ভাগে।। তব হস্তে ভীমদেন না ধরিবৈ টান। আর জনে সংহারিব পতঙ্গ সমান।। পরাজয় হেতৃ রাজা কর অভিমান। শাস্ত্ৰমত কহি শুন তাহার ৰিধান।। বিদ্যার সমান বন্ধু নাহি ত্রিভুবনে। অপত্য সমান স্নেহ নাহি অস্ত জনে।। শক্ত কেহ নহে রাজা ব্যাধির সমান। সবারে অধিক দেখ দৈব বলবান।। দৈব্রিণ বুঝি ক্ষমা করিলাম সবে। মনুষ্য হইলে বলি অপম<del>ান ভ</del>ৰে।। এতেক বলিল যদি সূর্য্যের নন্দন। তথাপিহ মৌনভাবে আছে দুর্য্যোধন।। হেনকালে মিলি দৈত্য দানব সকল। জুর্ম্যোধন-ফুঃখে কহে হইয়া বিকল।। আমার বংশেতে জন্ম হইল ইহার। তেঁই সে ইহার ছঃথে ছঃথ সবাকার।। তাশ্বাস করিয়া সবে বলে শৃশ্ববাণী। ঘরে যাহ ওচে রাজা কর্ণকথা শুনি॥ যাহ কুরুশ্রেষ্ঠ রাজা আপন আগ্রয়। কর্ণের প্রতিজ্ঞা রাজা কন্তু মিথ্যা নয়।। যুদ্ধে পরাজয় হেতু না করিছ মনে। দেবতা মনুষ্যে যুদ্ধ ভঙ্গ দে কারণে।। এত শুনি উঠিলেন কৌরবের পতি। (২১) সবৈক্তেতে নিজালয়ে যায় শীঘগতি।। পাইয়া এ সব বার্তা ভীষা মহাবল। ধূতরাফ্র-অত্যে গিয়া কহিল সকল।। ভোমার পুজের কথা করহ তাব।। যে হেতু বিলম্ব তার হল এতক্ষণ।। যথায় কাম্যকবন প্রভাবের তীর। পঞ্চ সহোদর যথা রাজা যুধিষ্ঠির।।

ছ্ফবৃদ্ধি কর্ণ শকুনির ছ্ফপণে।
দেখাতে বৈভব গেল লরে সর্বজনে।।
গন্ধার্ব অধিপ সহ সংগ্রাম হইল।
সাসৈত্যে শকুনি কর্ণ দুরে পলাইল।।
নারীরন্দ-সহ পরে ধরি ছুর্য্যোধনে।
গন্ধার্ব লইভেছিল করিয়া বন্ধনে।।
দয়ার সাগর অতি ধর্মোর তন্ম।
উদ্ধারিতে পাঠাইল বীর ধনঞ্জয়।।
এখন একাপ যার ধর্মা আচরণ।
ইহার সর্বত্র জয় জানিহ রাজন।।
শুনিয়া অন্ধের হল বিকলিত মন।
বহুমতে নিন্দা করে নিজ পুজ্রগণ।।

হস্তিনায় দশিষ্য তুর্কাদার আগমন। জনমেজয় বলে মুনি কছ বিবর্ণ। সহজে অশুদ্ধবুদ্ধি রাজা তুর্য্যোধন।। আজন্ম হিংসিল তুষ্ট নানা তুরাচারে। ক্ষমাবন্ত ধর্মাশীল ধর্মা-অবতারে।। তথাপিহ করি স্নেহ তারেন সঙ্কটে। হেন জনে তুঃখ তুষ্ট দিলেক কপটে।। মৃত্যু হতে উদ্ধারিল যেই মহাজন। পুনরপি বাঞ্ছা করে তাহার মরণ।। অহিংসা পরম ধর্ম না করে গণন। সে হেতু সবংশে মজে রাজা ছুর্য্যোধন।। শুনিলাম মিষ্টকথা ভোমার বদনে। অতঃপর কি করিল ছুষ্টবুদ্ধিগণে।। শুনিবারে ইচ্ছা বড় ইহার বিধান। পিতামহগণ তবে গেল কোন স্থান।। শুনিতে আনন্দ বড় জন্ময়ে অন্তরে। মুনিবর বিবরিয়া বলহ আমারে।। বলেন বৈশম্পায়ন শুন কুরুবর। কাম্যক কান্তন আছে পঞ্চ সংহাদর।। যক্ত জপ ত্রত তপ ধর্ম আচরণ। পূৰ্কবিত শত শত ব্ৰাহ্মণ ভোজন।। এথায় জাসিয়া তবে কৌরবপ্রধান। গন্ধর্কপতির হাতে পেয়ে অপমান।।

আহারে অরুচি হল অভিমান মনে। একান্তে বসিয়া কহে যত ছুফ্টগণে।। হে কর্ণ প্রাণের সখা মাতুল ঠাকুর। কিমত প্রকারে মোর তুঃখ হবে দুর।। করিলে সুযুক্তি সবে যতেক মন্ত্রা। বিশেষ হইল সেই আপন যন্ত্রণা।। সুন্দর দেখিতে যেন পরিল অঞ্জন। বিধির বিপাকে অস্ক হইল নয়ন।। গৰ্কন্ধ করিল যত মম অপমান। ততোধিক শত্রুহস্তে হয়ে পরিত্রাণ।। ইহা হতে মৃত্যু শ্রেষ্ঠ গণি শতগুণে। এতেক তুর্গতি হবে ইহা কেবা জানে।। আর দেখ পাগুবের পুণ্যের প্রকাশ। স্বর্গের অধিক সুখ অরণ্য-নিবাস।। ইন্দের সমান সঙ্গী ঢারি সহোদর। সূর্য্যকুল্য শত শত কত দ্বিজবর ॥ মনের মানসে সবে করে নানাভোগ। জ্পদনন্দিনী একা করয়ে সংযোগ।। জানিতু নিশ্চয় ভারা দৈবে বলবান। মম সুখ নহে তার শতাংশে সমান।। সূর্য্যের সমান পঞ্চ শত্রু বলবস্তু। ত্রয়োদশ বৎসরাস্তে করিবেক অন্ত ।! অৰ্জ্নে জিনিবে হেন নাহি ত্ৰিভুবনে। সুরাসুর নর আদি আছে যত জনে।। মাতৃল ত্রিগর্ত তুমি আমি দুঃশাসন। বভ্তাম করিলে না পারি কদাচন।। বনের নিবাস শেষ যে কিছু আছিয়। ইতিমধ্যে এমন উপায় যদি হয়।। প্রকারে পরম শক্ত যদি হয় নাশ। আমার মনের হয় পূর্ণ অভিলাব।। এতেক কহিল যদি রাজা ছুর্যোধন। কহিতে লাগিল তবে দুষ্ট মন্ত্রীগণ।। কি কারণে তুমি কর পাশুবের ভয়। নিজ-পরাক্রম নাহি জান মহাশয়।। বুদ্ধিবলে করিব উপায় ষত আছে। তাহাতে নিস্তার পায়ে যদি তারা বাঁচে

অক্তের জনলে দধ করিব পাওবে। ্সামান্য কর্ম্মেতে কেন চিস্ত এত সবে। দুষ্ট মন্ত্ৰিগণ যত কহিলেক ভাষা। তার কত দিনাস্তরে আসিল তুর্কাসা।। সঙ্গেতে সহত্র দশ শিষ্য মহ!ঋষি। মধ্যাক-স্থের প্রায় উত্তরিল আসি।। 🌬 জুর্য্যোধন শুনে যবে ঋষি-আগমন। আগুসরি কত দূরে গেল সর্বজন।। যতেক অমাত্ত্য আর সহোদর শত। মুনির চরণে সবে হল দণ্ডবত।। প্রণাম করিল শিষাগণে সর্বজনে। বসাইল মুনিরাজে রত্ত্বসিংহাসনে।। সুশীতল আনি জল রাজা ছুর্য্যোধন। আপান করিল ধৌত মুনির চরণ।। পাদ্য অর্ঘ্য আদি দিয়া পূজে মুনিরাজে সেই মতে পূজিলেক শিব্যের সমাজে। করযোড় করি তবে রাজা ছুর্যোধন। কহিতে লাগিল কিছু বিনয় বচন।। নিবেদন আছে কিছু কিন্তু ভয় হয়। আমার ভাগ্যের কথা কহনে না যায়।। আজি মোরে সুপ্রসন্ন হল দেবগণ। সে কারণে দেখিলাম তোমার চরণ।। মুনি বলৈ শুনিয়াছি তব ভাগ্য কথা। সে হেতৃ আসিতে বাঞ্চা বহুদিন এথা। তোমার বৈভব যত শুনি লোকমুখে। দেখিতে আসিনু হেথা মনের কৌভুকে ।। রাজা বলে উগ্র তপ কৈল পিতৃগণ। জানিত্ব প্রদন্ন মোরে দেব-দ্বিজগণ।। পাইলা**ম আজি** পূর্ব্ব তপ্রসার ফল। নিশ্চয় জানিমু মোর জনম সফল।। জানিলাম আজি মোরে সুপ্রসন্ বিধি নত্বা আমার গৃহে কেন তপোনিধি।। বহুবিধ স্তব কৈল কৌরবসমাজ। বসিবারে আজা করি কহে মুনিরাজ। মুনি বলে ভাগ্যবন্ত তুমি ক্ষিতিতলে। নহিবে এমন আর ক্বল্রিয়ের কুলে।।

মহাবংশ-জাত ভুমি খ্যাত চরাচর। তব পুজ পিতামহ যত পূর্বাপর H মহাকীর্ত্তিমন্ত যত সবে মহাতেকা। সে মত হইলে তুনি নিজে মহারাজা।। কিন্তু পূর্ব্ব পিতামহ করিল যে কর্ম। সেইমত প্রাণপণে পাল কুলধর্ম।। যক্ত তপ ব্ৰহু আর ব্রাহ্মণ ভোজন। সুনীতে করিবে নিত্য প্রজার পালন।। দ্রব্য কিনি মূল্য দিবে উচিত যে হবে। বিক্রয় করিতে ঔপাধিক না লইবে॥ পালন করিবে প্রজা পুজের সমানে। দোষমত শাস্তি দিবে চুষ্টবৃদ্ধি জনে।। মান্তজনে নিত্য নিত্য বাড়াইবে মান। যে কিছু কহিবে কথা বিনয়-প্রধান।। সতত না হয় শাস্তি সদা নহে রোষ। কালের উচিত কর্ম্ম পরম পৌরুষ।। তুষ্ট বুদ্ধিদাতা কর্ম ছুষ্ট ভুরাচার। সে সকলের সহ নাহি করিবে ব্যভার।। সদত শাসনে যেন থাকে সর্ব্ব ক্ষিতি। অনুরক্ত থাকে যেন সকল নুপতি।। প্রপক্ষে কদাচিত নহিবে বিশ্বাস। বাখিবে অন্তর জানি যত দাসী দাস।। বিবাপ না হও কভু আত্মপক্ষ জনে। পালিবে এ সব কথা প্রম যতনে।। নভ্য যযাতি আদি পূর্ববংশ যত। পৃথিবী পালিত সবে করি এইমত।। সে সবা হইতে তব বিপুল বিভব। দ্বিগুণ পাইবে শোভা হইলে এ সব।। এত শুনি সবিনয়ে বলে কুরুপতি। যাহা করিয়াছি আমি আপন শকতি।। অতঃপর যাহা হয় তব উপদেশ। আপনি করিয়া কুপা কহিলে বিশেষ।। পালন করিব যত্নে তব এই কথা। আপনি হইলে মম জান-চফুদাতা।। পূর্ব্বপিতামহগণ ছিল উগ্রভপা। সে কাইণে কর প্রভ এত দুর কুপা।

এখন হইল প্রস্থু সফল জীবন।

বিবিধ অনেক স্তুতি কৈল ছুৰ্যোধন।। হেনমতে কথোপকথনে মুনিরাজ। করিল আনন্দমতি কৌরবসমাজ।। নানা বাক্য কথায় কৌতৃক মনসুখে। মুনিরে করিল বশ যত সভ্যণোকে।। একদা একান্তে বসি রাজা চুর্য্যোধন। ডাকিল শকুনি কর্ণ ভাই তুঃশাসন।। কর্ণে সম্বোধিয়া কহে কৌরব-প্রধান। আমার বচনে স্থা কর অবধান।। বিচার করিতু এক আমি মনে মনে। পঞ্চ ভাই পাগুবেরা রহে কাম্যবনে।। জপদনন্দিনী ক্লফা লক্ষীর সমান। তাহার প্রসাদে সবে পায় পরিত্রাণ।। স্থ্যের রূপার ফলে কিঞ্চিৎ রন্ধনে। পরম সন্তোষে তাহা ভুঞ্চে লক্ষ জনে।। যত লোক যায় তথা সবে অন্ন পায়। যতক্ষণ যাজ্ঞদেনী কিছু নাহি খায়।। অক্ষয় থাকয়ে যত চতুর্কিধ ভোগ। অপুর্ব্ব দেখহ কিবা বিধির সংযোগ।। জ্পদনন্দিনী ক্লফা করিলে ভোলন। কিঞ্চিৎ মাগিলে নাহি পায় কোন জন। প্রতিদিন হেন মতে ভুঞ্জায় সবায়। দেশ দশু নিশাযোগে নিজে কিছু খায়।। সেই কালে সেইস্থানে যাবে মুনিরাজ। সংহতি করিয়া যত শিষ্যের সমাজ।। দ্রোপদীর ভোজনান্তে যাবে সেই স্থানে। সেবায় নহিবে ক্ষম ভাই পঞ্চ জনে।। দোষ দেখি মহামুনি দিবে ত্রহ্মশাপ। মরিবে পাণ্ডববংশ ঘুচিবে সন্তাপ।। তোমা সবাকার মনে না জানি কি লয়। ঋষিরে কহিব বুঝি যদি যোগ্য হয়।। এতেক বলিল যদি রাজা ছুর্য্যোধন। मांधू मांधू धनावान (नग्न मर्ककन।। সবে বলে মহারাজ যে আজ্ঞা তোমার। করিলে মন্ত্রণা এই সংসারের সার।।

এমনি কৌতুকমতি আছে সর্বজন। ভক্তিভাবে করে নিত্য মুনির সেবন।। একদা দিনাস্তে বসি হর্ষে মুনিরাজ। নিকটে ডাকিয়া যত কৌরবসমাজ।। হিত উপদেশ আর মধুর উত্তর। ছুর্য্যোধনে সম্বোধিয়া কহে মুনিবর ॥ শুন রাজা ত্রিভুবনে পূরে তব যশ। তোমার সেবায় বড় হইলাম বশ।। ইফ্ট বর মাগি লহ মম বিদামান। বিদায় করহ শীঘ্র যাই যথাস্থান।। মুনির বচন শুনি রাজা ছুর্য্যোধন। গদগদভাবে কহে বিনয় বচন ।। ধন ধর্মা ধরা পুজ বিভব বিপুল। কেবল ভোমার মাত্র আশীর্কাদ মূল।। পরিপূর্ণ জাছে দৈন্য রাজ্য অধিকার। কেবল রহুক ভক্তি চরণে তোমার।। আর এক নিবেদন শুন মহাশয়। কহিতে সঙ্কোচ করি ক্লপা যদি হয়।। যথায় কাম্যকবনে পাঞ্চুর তনয়। সংহতি করিয়া যদি শিষ্য সমুদয়।। উত্তীৰ্ণ হইবে যবে দশ দণ্ড নিশি। সেকালে অতিথি হবে ওহে মহাঋষি॥ ভক্তিভাব বুঝিয়া জানিবা তার মন। সবে বলে ধর্ম্মবন্ত পাঞ্চুর নন্দন।। পূজা করে দেব-দ্বিজে ভক্তি অতিশয়। সেই কথা পরীক্ষা করিতে যোগ্য হয়।। সকালে সকল দ্রব্য হয় উপস্থিত। রন্ধন করেন কুষ্ণা নিত্য নিয়মিত।। ভোজন করয়ে যত নিযুক্ত ভাব্দণ। তাহার মধ্যেতে যদি হয় লক্ষ জন।। নানা ড্রব্য পরিপূর্ণ থাকে সে সময়। অনায়াসে খায় তথা যত লোক যায়।। অভক্তি ভক্তির ভাব না হয় বিদিত। সেকারণে কালাতীতে যাইতে উচিত।। দশদগু নিশা যবে উত্তীৰ্ণ হইবে। পাক সমাপন করি যাজ্ঞ সেনী খাবে।।

শয়নের উদ্যোগ করিবে সর্বজন। (प्रहे काटल निवामह यादव ज्लाधन।। তবে যদি মধ্যাক্ত কালের অনুসারে। যে জন করয়ে ভক্তিভাব বলি তারে।। সন্দেহ ভাঙ্গিতে ইথে তোমা ভিন্ন নাই অবশ্য যাইতে তথা দেখিবে গোঁদাই।। ্ষ্ট্রিরেটাধন নুপতির নম্র কথা শুনি। কুপা করি কহিতে লাগিল মহামুনি।। কোন ভার দিলে রাজা এই কোন কথা। তব প্রীতি হেডু জামি যাইব সর্কথা।। জানিব সত্যের ভাব রাজা যুধিষ্ঠিরে। দ্বিতীয় করিব স্নান প্রস্করের নীরে।। তৃতীয় তোমার থাক্যে করিব এ কাজ। শীঘণতি বিদায় করহ মহারাজ।। শুনিয়া আনন্দমতি রাজা তুর্য্যোধন। সবান্ধবে প্রথাম করিল হাউমন।। वङ्विध विनश्च कतिल मर्खङ्गता। সেই মতে সাদরে সম্থাযি শিষ্যগণে।। বিদায় হইয়া মুনি করিল গমন। রহিল আনন্দমনে রাজা তুর্যোধন।। কাম্যকবনে যুধিষ্টিরের নিকট ত্র্কাসার

বিদায় হঁইয়া মুনি ছুর্য্যোধন-স্থানে।
বহু শিষ্য সহ যায় আনন্দিতমনে।।
যাইতে যাইতে মুনি বিচারিল মনে।
কহিল ডাকিয়া কাছে যত শিষ্যগণে।।
চল সবে এই পথে প্রভাবের তীর।
কাম্যবনে যাব যথা রাজা, যুধিষ্ঠির।।
বছদিন পরে তারে ক্রিব দর্শন।
পরম ধর্মাত্মা তারা ভাই পঞ্চজন।।
প্রমে ধর্মাত্মা তারা ভাই পঞ্চজন।।
ভাসের স্নান আর ধর্মের সন্তাষ।
ছর্য্যোধন রাজার মনের অভিলাষ।।
ভানায়াসে তিন কর্মা হবে এককালে।
এতেক বলিয়া মুনি পূর্ক্দিকে চলে।।
জনপদ ছাড়ি সবে প্রবেশিল বন।
হেনকালে অস্তাচলে যান বিক্ত্ন।।

পূर्व निक सूर्थमन रिकन केनानिधि। क्रमुमिनी विकिमिना (मिश्रा क्रीमुमी।। মাধব মাদেতে সিতপক্ষ চতুর্দ্দশী। সেই দিন যাত্র। করে তুর্ব্বাসা মহর্ষি।। কৌতুকে পথেতে নানা কথার প্রবন্ধ। বিচিত্র বনের শোভা দেখিরা সানন্দ।। অতিক্রান্ত হল ক্রমে যবে অর্দ্ধ নিশি। অত্যন্ত আনন্দযুক্ত গেল মহাঋষি।। যথায় ধর্মের পুজ রাজা যুধিষ্ঠির। উত্তরিল মহামুনি প্রভাসের তীর।। যুধিষ্ঠির শুনি তবে মুনি-আগমন। আগুসরি কত দুর যান পঞ্জন।। চুক্র াসা দেখিয়া সবে আনন্দিতমন। সেই মত চলিল যতেক দ্বিজগণ।। চিন্তাযুক্ত যুধিষ্টির করেন বিচার। এ রাত্রে কি হেতু মুনি করে আগুসার।। বিশেষে তুকাসা মুনি আর কেহ নয়। তাম্পাদোবে মহারোষে করিবে প্রলয়।। যুধি**ন্ঠির কহিলেন চিন্তা করি মিছা।** অবশ্য হইবে যাহা ঈশ্বরের ইচ্ছা।। দেখিতে দেখিতে তথা আসে মুনিরাজ। সংহতি সহস্র দশ শিষ্যের সমাজ।। সভ্যে চরণে পড়িলেন দগুৰৎ। আদর করেন যেন দেবের সম্মত।। মুনিরে প্রণাম করি ভাই পঞ্জনে। সেইমত সম্ভাবেন যত শিষ্যগণে।। আছিল রাজার সঙ্গে যতেক ত্রাহ্মণ। মুনিরাজে সম্ভাষণা করে সক্ষরি।। ব্যোধিকে মান্য করি প্রণাম করিল। জ্যেষ্ঠজন কনিষ্ঠেরে আশীকাদ দিল।। সমান সমান জনে ধরি দের কোল। নমকারে আশীকবিদে হল মহাগোল।। তবে যুধিষ্টির রাজা যুড়ি চুই কর। विनय करतन यूनिताक वर्तावत ।। थर्म विलिटलन सूनि कति निरवनन। শুনিবারে ইচ্ছা স্থাগমনের কারণ

কোন দেশ হতে আজি হল আগমন। কোন দেশ করিবেন মঙ্গল-ভাজন।। তीर्थ अञ्मादत किया मम ভारिगानग्र। বিশেষ করিয়া কহ রূপা যদি হয়।। মুনি বলে শুন যদি জিজাসিলে তুমি। সশিষ্যে হস্তিনাপুরে গিয়াছিত্র আমি।। অনেক করিল সেবা ভাই শত জনে। তোমারে দেখিতে বড় ইচ্ছা হল মনে।। এ হেতু এথায় এবে করি আগমন। যেমন পাণ্ডব কুরু আমার তেমন।। আর এক কথা শুন ধর্মের নন্দন। পথশ্রমে কুধা হর আছি সর্বজন।। রন্ধন করিতে কহ যাহ শীঘ্রগামী। তাবত প্রভাসে গিয়া সন্ধ্যা করি আমি।। শুনিয়া মুনির কথা ধর্মোর তনয়। মনেতে চিস্তেন আজি না জানি কি হয়। অন্তরে জন্মিল ভয় পাছে করে ক্রোধ। অনুমতি দিলেন মুনির উপরোধ।। যুধিষ্ঠির বলিলেন মম ভাগ্যোদয়। সে কারণে আগমন আমার আলয়।। সন্ধ্যা হেতু গতি এবে কর মহাশয়। করিব যে কিছু মম ভাগোদয়ে হয়।। তবে মুনি চলিলেন সহ শিষ্যগণে। প্রভাবের কুলে গেল সন্ধ্যার কারণে।। চিন্তাযুক্ত যুধিষ্টির আপন আশ্রমে। দ্রৌপদীরে আসিয়া কহেন ক্রমে ক্রমে।। ধর্মের যতেক কথা দ্রৌপদী শুনিল। উপায়ু না দেখি কিছু প্রমাদ গণিল।। क्रका दल (यह कथा देकटल महागत्र। হেন বুঝি বিধি কৈল অকালে প্রলয়।। সশিষ্য অতিথি হল উগ্ৰতপা ঋষি। আমার নাহিক শক্তি আজিকার নিশি।। রজনী প্রভাতে কালি সুর্য্যের প্রসাদে। म्भानक इहेटल जुक्कांव ज्ञाथमारम ॥ ধর্ম বলিলেন কুকা উত্তম কহিলে। मूनि-क्वायांनरल जाकि मरव मक्ष रहता।

কি কর্ম করিবে কালি প্রভাতে কে জানে। ত্র্কাসার কোধ সহে কাহার পরাণে।। ट्योभनी कहिन @ कि देनदेव मश्रमात । আমার কর্মের ফল কে করিবে ভোগ।। সুকর্মের চিহ্ন যদি হত মহারাজ। দিবদে আসিত তবে মুনির সমাজ।। আমা সবা হতে কিছু নহে প্রতীকার। কেৰল কারণ ক্লম্ভ করিতে উদ্ধার ॥ তবে ত দ্রৌপদী দেবী ভাবে মনেমন। क्रयः विना अ नमरत्र तार्थ (कान जन।। ' হে কৃষ্ণ করুণাসিন্ধু জগতের পতি। রক্ষা কর ক্লফচন্দ্র পাওব-সার্থি।। তুমি যদি এইবার করহ রক্ষণ। নতুবা পাওব-বংশ ছইল নিধন।। এমত দ্রৌপদী দেবী অলক্ষণ ভাবে। যুধিষ্ঠিরে কহে দেবী কহ কিবা হবে।। বড়ই অনর্থ হল ছুক্র সাগমনে। বুঝিলাম রকা নাহি শুনহ রাজনে।। দ্রৌপদীর মুখে রাজা শুনিয়া ৰচন। জানহত যুধিষ্ঠির হইল তথন।। হেঁটমুখে বসি রাজা ভাৰিতে লাগিল। ছুর্কাসার ক্রোধে বুঝি সকলি মজিল।। এ সময় কুষ্ণ বিনা কে করে তারণ। ভকতের নাথ কুষ্ণ পতিত-পাবন।। কোথা ক্লফ ক্লফ রে বলি ডাকে উচ্চৈঃস্বরে পার কর জগন্ধাথ বিপদসাগরে।। পার কর এলৈগাবিন্দ মোরে মহাশয়। রাথহ পাওবকুল মজিল নিশ্চয়।। ভোমা হেন আছে যার মহারত্ননিধি। এমন সংযোগ তারে মিলাইল বিধি।। ভোমারে পাওববন্ধু বলি লোকে কয়। সে কথা পালন কর ওহে দয়াময়।। ক্ৰা সহ পঞ্চ ভাই জাকুল হইয়া। ডাকিতেছে কোথা কুষ্ণ উদ্ধার আদিয়া তথায় কৌতুকে ক্লফ দারকানগরে। শয়ন করিয়াছেন রুক্মিণীর ঘরে।।

ব্যগ্র হয়ে ভক্ত ডাকে বলি জগলাথ। বাজিল অন্তরে যেন কণ্টকের ঘাত।। রহিতে নাহিক শক্তি ভক্তছুঃখ জানি। ব্যস্ত হয়ে উঠিলেন দেব চক্রপাণি।। চিন্তান্থিত অত্যন্ত করেন ছটফট। ক বিগ্রী কহেন দেখি করিয়া কপট।। ক্রেরে চাঞ্চল্য আজি দেখি কি কারণ। হেন বুঝি কোথা যাবে হইয়াছে মন।। তারণ্যে দ্রোপদী স্থী আছয়ে যথায়। অকস্মাৎ মনে হল বুঝি অভিপ্রায়।। শ্ৰীকৃষ্ণ কহেন শুন প্ৰাণপ্ৰিয়তমা। অদ্যকার এই অপ্রাধ কর ক্ষমা।। ভক্তাধীন কারি মোরে স্থজিল বিধাতা। আমার কেবল ভক্ত সুখচুঃখদাতা।। মম ভক্তজন যথা তথা থাকে সুখে। আমিহ তথায় থাকি প্রম কৌতুকে।। মম ভক্তজন দেখ যদি চুঃথ পায়। সে তুঃখ আমার হেন জানিহ নিশ্চয়।। সে কারণে ভক্তসুঃথ খণ্ডাই সকল। নহিলে কি হেতু নাম ভকতবৎসল।। আমার একান্ত ভক্ত রাজা যুধিটির। বিপদসাগরে পড়ি হয়েছে অস্থির।। তুঃথ পেয়ে বলি ডাকে কোথা জগন্নাথ। বাজিল অন্তরে সেই করাতের ঘাত।। যতক্ষণ নাহি দেখি ধর্মের নন্দন। ততক্ষণ মম তুঃথ না হবে থণ্ডন।। এই আমি চলিলাম যথা ধর্মমণি। এত শুনি কহেন রুক্মিণী ঠাকুরাণী।। হোমায় একান্ত ভক্তি আছম্মে পাওবে। সর্ক্রাল এইব্রপ জানি অনুভবে।। বিশেষ করিল বশ ক্রপদের সুতা। তোমার বাসনা সর্বকাল থাক তথা।। এখন রজনীকালে উচিত না হয়। সে কারণে নিবেদন করি মহাশয়।। যাইবে অবশ্য কালি তপন উদয়। যে ইচ্ছা তোমার কর তুমি ইচ্ছাময়।।

ঞ্জীক্লফ বলেন সত্য কহিলে যে তুমি। ক্ষণেক তথার যদি নাহি যাই জামি।। नवः एम मिक्करव वाका धरमाव नमन। আমার গমন তবে কোন প্রয়োজন।। এত বলি করিলেন গরুড়ে স্মরণ। আইল স্মরণমাত্রে বিনতানন্দন।। বসিল উড়িয়া বীর যথা জগন্নাথ। সমুখে দাঁড়ায় বীর করি যোড়হাত।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। यु ि हि दित स्वतः । कि कुर के द क पा करा

ভাগমন।

আসিয়া খগেন্দ্র কহে বন্দিয়া চরণ। কি হেতু নিশাতে প্রভু করিলে সারণ।। কি হেতু হইল আজি চিত্ত উচাটন। শীঘ্রগতি কহ হরি তার বিবরণ।। ঞ্জিক্ষ ৰলেন সখা পাণ্ডুপুজ্ঞগণ। বদতি করেন যথা করিব গমন।। এত বলি খগোপরে করি আরোহণ। নিমিষেকে উপনীত যথা কাম্যবন।। এথায় ভাবিতচিত্ত ধর্মের নন্দন। হেনকালে আসিলেন হরি থগাসম।। যুধিষ্ঠির শুনি তবে কুষ্ণ আগমন। পাইলেন প্রাণ যেন প্রাণহীন জন।। ব্যগ্র হয়ে কত দূরে গিয়া পঞ্চ জনে। निकरिटें পाईलिन देवकीन करन ॥ আনন্দ বাড়িল তার নাহিক অবধি। দরিত পাইল যেন মহারত্ব-নিধি।। চিরদিন-সমাগমে দেন আলিঙ্গন। আনন্দসলিলে পূর্ণ হইল লোচন।। পূর্ণ করি মানিলেন মন জভিলাব। অন্য অন্য সর্বজনে করিল সন্থাব।। গোবিন্দ বলেন রাজা কহ সমাচার। যুধিষ্টির কহে ক্লফ কি.কহিব জার।। কহিতে বদনে মম'নাহি ক্রে ভাষা। এত রাত্রে শিষ্য সই অভিথি টুর্কাস।।।

প্রভাবের কুলে গেল সন্ধার কারণ। উপায় করিতে শক্ত নহে কোন জন।। সবংশে মজিকু আমি বুঝি অভিপ্রায়। কাতর হইয়া তেঁই ডাকিন্ম তোমায়।। তোমা বিনা পাগুবের আর কেহ নাই। আত্ম-নিবেদন এই কহিলাম ভাই।। রাখিবে রাখহ নহে যাহা মনে লয়। বিলয় না সহে বড় সক্ষট সময়।। যুধিষ্ঠির এত যদি কহে নারায়ণে। গোবিন্দ কহেন চিন্তা না করিছ মনে।। শিষ্যগণ সহ মুনি আসুক হেথায়। সবাকারে ভুঞ্জাইব সে আমার দায়।। এত বলি আনন্দিত করিয়া ধর্মমণি। ত্বরিত গেলেন ক্লম্ভ যথা যাক্তসেনী।। ক্লেডে দেখি ডৌপদীর পূরে অভিলাষ। বসিতে আসন দিয়া কহে মৃত্যভাষ।। ভকতবৎসল প্রভু তুমি অন্তর্গামী। দীনবন্ধু নাম সত্য জানিলাম আমি।। কি জানি তোমার ভক্তি আমি হীনজান দুঃখিত দেখিয়া প্রভু কর পরিত্রাণ।। সশিষ্য তুর্বাসা মুনি অতিথি আপনি। উচিত বিধান শীঘ্র কর চক্রপাণি।। এীক্লম্ব বলেন তাহা বিচারিব পাছু। ক্ষুবার শরীর পোড়ে খাই দেহ কিছু।! े বিলয় না সহে মোরে অল্ল দেহ আনি। পশ্চাৎ করিব যাহা কহ যাজ্ঞসেনী।। क्रुका वतन जानि निष्क मय ममागत। আপনি এমত কহ অদৃষ্ট আমার।। অন্ন দিতে আমি যদি হতেম ভাজন। ঘোর অন্ধকারে নাহি হত আগমন।। ছল করি কহ কথা জানিয়া সকল। বুঝিতে না পারি হরি ফম কর্মফল।। ` জীকুফ বলেন কুধানলৈ তকু দয়। পাইলে উত্তম পরিহাসের সময়।। কহিতে নাহিক শক্তি স্থির নহে মন। উঠ উঠ বিলম্বেতে নাহি প্রয়োজন।।

এত শুনি কহে ভবে জ্ঞপদতনয়া। বুঝিতে না পারি দেব কর কোন মায়া।। যথন হইল গত দশ দশু নিশি। ভুঞ্জিলেন সেইকালে যত দেব ঋষি।। অবশেষে ছিল কিছু করিত্ব ভোজন। শুঅপাত্র আছে মাত্র দেখ নারায়ণ।। দিন নহে দ্বিতীয় প্রহর হল নিশি। কি কর্মা করিব শুন্য অরণ্যনিবাসী।। শ্ৰীকুষ্ণ বলেন যাজ্ঞ সেনী শুন বলি। অবশ্য আছমে কিছু দেখ পাকস্থলী।। রন্ধন ব্যঞ্জন অন্ন যে কিছু আছিয়। অপ্পেতে হইব তৃপ্ত কিছু হলে হয়।। আলম্ভ ত্যজিয়া উঠ করহ তল্লাস। বিলম্ব না সহে আর ছাড় উপহাস।। কুষ্ণের বচন শুনি কুষ্ণা গুণবভী। দেখাইতে পাকপাত্র স্থানে শীঘ্রগতি।। আনিয়া দ্রৌপদী কহে দেখ জগন্নাথ। দেখিয়া কৌভুকে ক্লফ পাতিলেন হাত।। শাকের সহিত এক অন্নমাত্র ছিল। ঈশ্বরে প্রদান হেতু অনস্ত হইল।। ভোজন করিয়া তৃপ্ত দেব দামোদর। জলপান করিলেন ভরিল উদর।। কৌতকে উঠিয়া তবে দেব জগলাথ। উদ্যার করিয়া দেন উদরেতে হাত।। দ্রোপদীরে কহিলেন মোর ক্ষুধা গেল। আজিকার ভোজনেতে মহাতৃপ্তি হল।। हेहा विन भून अभून अकुरन के फार्रात । ত্রিভুবনে সেই মত ছইল সবার।। সক্ষ ভূতে জাআৰূপে যেই নারায়ণ। তাঁহার ভৃপ্তিতে ভৃপ্ত ছইল ভুবন।। হেথায় তুর্কাসা ঋবি সহ শিষ্যগণ। বুঝিতে ন। পারে কিছু ইহার কারণ।। উদর পুরিল মন্দানলে সবাকার। সঘনে নিশ্বাস বহে উঠিছে উচ্চার ।। বিশ্বয় মানিয়া তবে কছে মুনিরাজ। নিকটে ভাকিয়া নিজ শিষ্যের সমাজ।।

মুনি বলে শুন শুন সব শিষ্যগণ। বুঝিতে না পারি কিছু ইহার কারণ।। অকস্মাৎ হল দেখ উদর আধায়ান। পাইতেছি যত কফী নাহি পরিমাণ।। অনুমান করি কিছু না পারি বুঝিতে। পৃথশ্রমে এমন কি পারিবে হইতে।। ্শিয্যগণ বলে যাহা কৈলে মহাশয়। আমা সবাকার মনে হইল বিসায়।। সন্ধ্যা হেতৃ যায় মুনি প্রভাবের জলে। শরীর দহিতেছিল ক্ষুধার অনলে।। অকস্মাৎ এই মত হল সবাকার। উদর পুরণে ঘন উঠে ধুমোদার ।। অন্য অন্য বিচার করেন জনে জন। কেহ না কহিল কারে লজ্জার কারণ।। मूनि वत्न महाकार्रा पूरव मम मन। ব্ৰহ্মাণ্ড ভাবিয়া কিছু না পাই কারণ।। যথন সন্ধ্যায় আসি প্রভাসের ভীরে। রন্ধন করিতে বলিলাম যুধিষ্টিরে।। সংযোগ করিল তারা করি প্রাণপণ। কোন লাজে তারে গিয়া দেখাব বদন।। বুঝিয়া বিধান তবে করহ বিচার। শিয্যগণ বলে প্রভু কি কহিব আর।। আজি তথা গিয়া লজ্জা পাব কি কারণ উঠিতে শকতি নাহি কে করে ভোজন ।। ঈশ্বর করিলে কালি উঠিয়া প্রত্যুযে। অতিথি হইয়া যাব পাণ্ডব সকাশে।। ইহার উপায় আর নাহি মহাশয়। মুনি বলে এই কথা মম মনে লয়।। বঞ্চিব রজনী আজি প্রভাসের কূলে। যে কিছু কর্ত্তব্য কালি উঠিয়া সকালে। এত বলি সবে তবে করিল শয়ন। जानित्नम त्रव छञ्ज टेमवकी नम्मन ।। রুষ্ণা সহ যান রুষ্ণ যথা যুধিষ্ঠির। সবার সন্মুথে কছে দেব ঘছুবীর।। শুন শুন ধর্ম্মরাজ করি নিবেদন। দৌপদী প্রস্তুত কৈল করিয়া রন্ধন।।

সকল সম্পূর্ণ হইল বিলম্ব কি আরে। ভীমেরে করহ আজ্ঞা মুনি ডাকিবার ।। শুনিয়া ক্লুফোর কথা পাণ্ডব নন্দন। আশ্চর্য্য তথন রাজা ভাবে মনে মন 🛭 প্রস্তুত হইল সৰ কারণ জানিল। মুনিরে ডাকিতে রাজা ভীমে আজ্ঞা দিল।। কভচূরে গিয়া ডাকে প্রন নন্দন। আকাশ ভাঙ্গিয়া যেন ভীমের গর্জন।। শীব্র এস মুনিগণ বিলম্বে কি কাজ। প্রস্তুত হয়েছে সব ডাকে ধর্মরাজ।। ভীমের পাইয়া শব্দ যত মুনিগণ। শীঘ্রগতি মিলি সবে তুর্কাসারে কন।। শুন শুন ডাকে অই প্রননন্দন। ইহার উপায় মুনি কি হবে এখন।। এই রাত্রে যদি সবে করিব ভোজন। চলিতে নহিবে শক্তি হইবে মরণ।। নাহি গেলে মহাবীর আসিবে হেথার। মনেতে ভাবিয়া মুনি করহ উপায়। তুমি না করিলে ত্রাণ কে করিবে তার। পলাইতে শক্তি নাই তুমি কর পার।। সকলে পাইল ভয় যত ঋষি মুনি। অন্তরে জপেন নাম রাখ চক্রপাণী।। উনর হয়েছে ভারি উঠিছে উদ্গার। এসময়ে যতুনার্থ সবে কর পার।। এইমত বহু স্তব কৈল সর্বজন। ভীমেরে ডাকেন ক্লফ্ড শুনহ বচন।। পথঅসে নিদ্রায় আছেন মুনিগণ। নিদ্রাভঙ্গ নাহি কর প্রননন্দন।। শুনিয়া ক্লুষ্টের আজ্ঞা প্রননন্দন। তথা হতে ধর্ম কাছে আনে ততক্ষণ।। অনন্তর মিউবাক্যে কহে জগল্লাথ। আনন্দেতে যাহ নিদ্রা পাগুবের নাথ।। মুনির কারণে মনে না করিহ ভয়। আজি না আসিবে মুনি জানিহ নিশ্চয়।। স্নান দান করি কালি প্রভাসের কুলে। ভোজন করিবে সবে আসিয়া সকালে।।

শুনিয়া ক্লফের মুখে এতেক বচন। ধর্ম বলেন বিলম্ব তাই এতক্ষণ।। তোমার অসাধ্য দেব আছে কোন কর্ম। পা 🛎 বকুলের আজি হল পুনর্জন্ম ॥ বিস্তর কহিয়া আর নাহি প্রয়োজন। সহায় সম্পদ মম তুমি নারায়ণ।। না জানি পুর্কেতে কত করিমু কুকর্ম। সে কারণে ছঃখে ছঃখে গেল মম জন্ম।! প্রথম বয়দে বিধি দিল নানা শোক। অপেকালে পিতা মম গেল পরলোক।। গোঁয়াইনু সেই কাল পরের আলয়। তুঃখ না জানিকু অতি অজ্ঞান সময়।। তদস্তরে চুষ্টবৃদ্ধি দিলেক যন্ত্রণা। জভুগুহে প্রাণ পাই বিছুর-মন্ত্রণ।। বনের অশেষ ছুঃখ ভ্রমণ সঙ্কটে। ত্মাপনি রাখিলে ধৃতরাফ্টের কপটে।। এ সব সন্ধট হতে তুমি মাত্র ত্রাতা। এমন সংযোগ আনি করিল বিপাতা।। রাজ্যনাশ বন্ধাস হীন সর্ল্পর্যো। বিধির নিগুক্ত এই পূর্ব্বমত কর্ম্মে।। সবে মাত্র পূর্ববংশে ছিল উগ্রতপা। কেবল তাহার ফলে তুমি কর কুপা।। এতেক কহেন যদি ধর্ম্মের নন্দন। অনন্তরে কহিলেন দেব নারায়ণ।। শুন ধর্মাসুত যুধি ্ঠির নুপমণি। কহিলে যতেক কথা সব আমি জানি।। পাইলে যতেক ছুঃখ অন্যথা না হয়। কিন্তু তুনি ধর্মা নাহি তাজ মহাশয়।। ভূমি যে কহিলে আমি হীন সর্বাধর্মে। পৃথিবী পবিত্র হল তোমার স্কর্মে।। দান ধর্ম্মে রাজনীতে এ তিন ভুবনে। তাছয়ে তোমার তুল্য নাহি লয় মনে।। তুর্কলের বল ধর্ম আমি জানি ভালে। এই ছঃধু ভোমার খণ্ডিবে অম্পেকালে।। व्यथनी ब्रिसेन यूथ कड़ निम्न नय। काशहरत कल आश मनकाल द्रश ।।

মনেতে রাখিবে মম এই নিবেদন।
মহাকস্টে মোরে নাহি ছেড়ো কদাচন।।
এত বলি জনার্দ্দন লইয়া বিদায়।
গরুড় উপরে চড়ি যান কারকায়।।
রুস্ফেরে বিদায় করি ভাই পঞ্চ জন।
হুস্টমনে সবে তবে করেন শয়ন।।

च्कीमात भातन। (२२)

প্রভাতে উঠিয়া তবে ধর্ম্মের নন্দন। নিত্য কৈল নিয়মিত কর্মা সমাপন।। তুর্কাসা অতিথি হেতু সচিন্তিত মন। নানা কার্য্যে নানা স্থানে ধায় সর্বজন ॥ ফল পুষ্পা হেতু কেহ প্রবেশিল বনে। ভীমার্জ্র দোঁহে যান মুগয়া কারণে ॥ স্নান করি আসিলেন জ্ঞপদনন্দিনী। আনন্দ বিধানে পুজে দেব দিনমণি।। নানা দ্রব্য কৌতুকে জানিল সর্কজন। জ্ঞপদনন্দিনী গোল করিতে রশ্বন।। যথার রন্ধন করে জ্পদনন্দিনী। সত্তর তথায় আসিলেন ধর্মমণি।। কহেন মধুরব†ক্যে ধর্ম্মের নন্দন। শীঘ্রগতি গুণবতি করহ রন্ধন।। তাজিকার দিন যদি যায় ভাল মতে। তবে জানি কিছুকাল বাঁচিব জগতে।। মহোগ্র ছুর্কাসা ঋষি সর্ক্র লোকে বলে। সংসার দহিতে পারে কোপের অনলে।। স্নান করি অবিলম্বে আদিবে সেজন। সংহতি করিয়া যত শিষ্য তপোধন।। \* স্বচ্ছন্দ বিধানে যদি পায় অন্ন-পান। তবে সে হইবে সবাকার পরিত্রাণ।। এই হেতু চিন্তা বড় হয় মোর মনে। যা করিতে পার ক্লুন্থে জাপনার গুণে।। তোমা হতে সঙ্কটেতে সবে সদা তরি। তুমি করিয়াছ বন হস্তিনানগরী।। তোমার যতেক গুণ না হয় বর্ণনা। কুষ্ণ আর কুষ্ণা পাশুবের সম্ভাবনা।।

আসিয়া রাখিল ক্লফ ছিল যত দায়। এখন করহ তুমি উচিত যে হয়।। কুষ্ণা বলে মহারাজ করি নিবেদন। অপ্প কার্য্যে এত চিন্তা কর কি কারণ।। ধর্মপথ-মত যদি আমি হই সতী। একান্ত আমার যদি ধর্মে থাকে মতি।। ুস্থের্যার বচন আর তোমার প্রসাদে। দশ লক্ষ হলে **ভুঞ্জা**ইব **অ**প্রমাদে ॥ চিন্তা না করহ কিছু ইহার কারণ। এই দেখ মহারাজ করি হে রন্ধন।। যাহ শীঘ্র শিষ্য সহ আন মুনিবর। শুনি রাজা যধিষ্ঠির হরিষ অন্তর।। হেথায় ছুর্কাসা মুনি উঠিয়া সকালে। করিল আ্হিক জপ প্রভাসের জলে।। সেই মত কৈল যত্ত শিধ্যের সমাজ। হেনকালে সবে ডাকি কহে মুনিরাজ।। সবে জান কালি যেক্কহিন্থ ধর্মারাজে। অত্যন্ত লজ্জিত আমি আছি সেই কাজে।। চল শীঘ্র সেইস্থানে যাব সর্বজন। করিব ধর্মের প্রতি শান্তি আচরণ।। এত বলি শিষ্য সহ চলে মুনিরাজ। শুনিয়া আনন্দমতি পাণ্ডব-সমাজ।। খাগুসরি.কত দুর সর্বজন আসি। সাদরে সশিষ্য চলিলেন মহাঋষি।। অনেক করিয়া ভক্তি ভাই পঞ্চ জনে। বিশাইল মুগচর্ম কুশের আসনে।। সুশীতল জল আমি ধর্মের নন্দন। কৌতুকে করেন ধৌত মুনির চরণ।। ভানন্দ বিধানে তবে পঞ্চ সংহাদরে। সেই পাদোদক আনি পরম সাদরে।। পান করি বন্দনা করেন সবে শিরে। **७८**व धर्म नुश्वत कट्ट धीटत धीटत ।। নিশ্চয় আমারে আজি সুপ্রসন্ন বিধি। পাইলাম আজি যত্ন বিনা রত্ননিধি।। স্থভাত হল মোর আজিকার নিশি। কপা করি আসিলেন নিজে মহাথাবি।।

পৃথিবীতে ভাগ্যহীন আমার নমান। নহিল না হবে হেন করি জমুমান।। তপন্তা করিল পূর্কে পিতামহগণ। যে কিছু আমার আর পূর্ব্ব উপার্জ্জন।। রূপা কর আমারে সে ফলে সর্বজনে। নহিলে অধম আমি তরি কোন গুণে।। যুধিষ্ঠির-মুখে শুনি এতেক বচন। তৃষ্ট হয়ে বলে তবে মহা-তপোধন।। শুন ধর্মাসুত যুধিষ্ঠির নৃপমণি। আপনারে না জানিয়া কহ কেন বাণী।। তুমি ধর্মবন্তু সত্যবাদী মতিমান। পৃথিবীতে নাহি কেহ তোমার সমান।। পর্মোতে ধার্মিক তুমি ক্ষজ্রিয় সুধীর। সমুদ্র সমান অতি গুণেতে গভীর।। অসার সংসার এই সারমাত্র ধর্ম। তোমার হইল রাজা সহজ এ কর্ম।। লোভ মোহ কাম কোধ ঐশ্বর্য্য মন্তর। তোমার নিকটবন্ত্রী নহিল সর্বাথা।। सूत्र छुश्य भारी देश महत्यां १ धर्म । সময়ে প্রবল হয় আপনার কর্ম।। তাহাতে সন্তাপ নাহি করে জ্ঞানবান। সাধুর জীবন মৃত্যু একই সমান।। শাধুর গণনে রাজা তুমি অগ্রগণ্য। পৃথিবীর লোক যত করে ধন্য ধন্য।। তোমার বংশেতে যত মহারাজ ছিল। ধার্মিক তোমার তুল্য নহিবে নহিল।। কহিলাম সত্য এই লয় সম মন। বসুমতীপতি-যোগ্য তুমি হে ভাজন।। এ তিন ভুবনে তব পরিপুর্ণ যশ। তোমার গুণেতে রাজা হইলাম বশ।। কিন্তু এক কথা কহি শুন মহারাজ। সম্প্রতি তোমার ঠাই পাইলাম লাজ।। কহিয়া তোমারে এথা করিতে রন্ধন। সন্ধ্যা হেতু প্রভাসেতে গেনু সর্বজন।। সায়ংসন্ধ্যা জপ আদি যে কিছু আছিল। करम करम मर्सक्न ममाशु क्रिन।।

পথশ্রমে উঠিবারে শক্তি কারো নাই। আলস্তেতে শয়ন করিল সেই ঠাই।। আসিতে না পারে কেহ এই সে কারণ। তব স্থানে লজ্জা বড় হইল রাজন।। ক্ষুধার্ত্ত আছয়ে সবে করিবে ভোজন। ञ्चान कति शिशा यि इटेल उद्यान ॥ ধর্মা বলে কালি মম তুরদুষ্ট ছিল। সে কারণে সবাকারে আলফ্য হইল।। হইল আমার যদি সুকর্মোর লেশ। তবে মহামুনি আসি করিলে প্রবেশ।। দেবের ছুল্ল ভ হয় তব আগমুমন। অস্প ভাগ্যে এ সব না হয় কদাচন।। মম শক্তি অনুৰূপ অন্ন জল স্থল। তোমার প্রদাদে মুনি প্রস্তুত সকল।। এত বলি মহানদে উঠি ধর্মপতি। निकटि ডাকেন ভীমার্জ্বন মহামতি।। আজ্ঞা দেন ধর্মস্কুত করিবারে স্থান। শ্রুতমাত্র ছুই ভাই হল সাবধান।। ় নানা দিকে স্থান করি দিল অন্ন জল নিযুক্ত করিল তাহে রক্ষক সকল।। আনন্দ বিধানে তবে ভাই ছুই জনে। শীঘ্রগতি জানাইল ধর্ম্মের নন্দনে।। ধর্ম বলে অবধান কর মুনিরাজ। অতঃপর বিলম্বেতে নাহি কিছু কাজ।। হইবে রৌদ্রের তেজ হলে অতি বেলা। বিধাতা নিযুক্ত করিলেন বৃক্ষতলা।। ধুনি বলে যুধিষ্ঠির তুমি সাধু জন। অট্টালিকা হতে ভাল তোমার আশ্রম।। कमर्गा खार्निट यमि माधुकन त्रा। স্বর্গের সমান তাহা বেদে হেন কয়।। এত বলি মহানন্দে উঠে মুনিবর। আনন্দ বিধানে বসে সহ শিষ্যবর।। विज्ञान स्विश्व यथार्यात्राञ्चान। যুধিষ্ঠির পঞ্চ ভাই হরিব বিধান।। অম পরিবেশনাদি করে সবে আনি। वाष्ट्रिश वाञ्चन त्यन एम याक्कटमनी ॥

সবে অতি শীঘ্রহস্ত ভাই পঞ্চ জন। যেই যাহা চাহে ভাহা দেন সেইক্ষণ।। অপৰূপ দেখ তার দৈবের কারণ। একবার এক দ্রব্য কর্যের রন্ধন।। আপনার ইচ্ছাবশে যত করে ব্যয়। সুর্ব্য অনুগ্রহে পুনঃ পরিপূর্ণ হয়।। স্থানে স্থানে বসিলেন ব্রাহ্মণমণ্ডলী। ভোজন করেন সবে বড় কুভূহলী।। না জানি খায় বা কত দেয় কত আনি। থাও খাও বলে সবে এই মাত্র শুনি॥ অবিলয়ে তাহা পায় যাহ। অভিলাধী। ভোজন করিল দশ সহস্র তপস্বী॥ অনন্তরে উঠি সবে করে আচমন। সাধু সাধু ধন্যবাদ দেয় সক্ষর্জন।। তুন্দ্রীসা বলেন রাজা তুমি ভাগ্যবান। নহিল নহিবে আর তোমার সমান।। এমন প্রকার যদি প্রাই বনবাস। তবে আরু কিবা কার্য্য স্বর্গে অভিলাষ ॥ তোমার ভাতারা সবে মহা গুণবান। জ্পদনন্দিনী হয় লক্ষীর সমান।। ভোজনে যেমন তুপ্ত হইলাম আমি। এই মত নিরম্ভর হবে তুফী তুমি।। क्षां कि कि कि कि का कि कि कि कि कि খণ্ডিবে তোমার ছঃথ অতি অম্পদিনে।। তোমারে দিলেক তুঃখ যাহার মন্ত্রণ। মজিবে ভাহার বংশ পাইয়া যন্ত্রণ।। কহিলাম ধর্মপুজ মিথ্যা নহে বাণী। (फ) अनी (नथह अहे नक्की अक्शिनी।। বিদায় করহ শীঘ্র যাই তপোবন। শুনিয়া ক্রছেন তবে ধর্মের নন্দন।। সফল এ জন্ম কর্ম মানিকু আপনি। যাহে এত রূপা কর রূপাদিস্কু মুনি।। মম এই নিবেদন তোমার অগ্রেতে। কণাচিত বিচলিত নহি সত্যপথে।। ছ্র্মাসা বলেন রাজা তুমি পুণ্যবান।

পৃথিবীতে নাহি আর তোমার সমান।।

সত্য করি কহি কথা শুন দিয়া মন। যবে গিয়াছিমু আমি হস্তিনা-ভুবন।। সেবাতে করিল বশ রাজা তুর্য্যোধন। এথায় আসিতে মোরে কহে পুনঃপুনঃ। নিয়ম করিয়া মোরে পাঠাইল হেথা। দশ দণ্ড রাত্রি পর ভুমি যাবে তথা।। ্বমনেতে করিল সেই নিশাকালে গেলে। অতিথী নারিবে সেহ পড়িবে জঞ্চালে।। যুধি ঠির বলিলেন শুন মহামুনি। সম্পদ বিপদ মোর দেব চক্রপাণি।। আর এক নিবেদন শুন মহাশয়। তুমি যে আসিলে হেথা মোর ভাগ্যোদয়।। তোমার চরণে যদি থাকে মোর মন। আমারে করিতে নফ নারে অন্য জন।। এত বলি ধর্মপুজ্র নমকার কৈল। সন্তুষ্ট হইয়া মুনি আশীর্কাদ দিল।। আর চারি-ভাই তবে বন্দে মুনিরাজে। সেইমত সন্তাৰণ করে শিষ্যমাঝে।। সবে আশীর্কাদ করি বেদবিধিমতে। ভৃত্টি হয়ে সর্বজন চলে পূর্বপথে।। আনন্দিত ভাতৃসহ ধর্মের কুমার। জুর্ব্যোধন পায় ক্রমে সব সমাচার।। পরাণে কাতর চুষ্টবুদ্ধি ছ্রাশয়ে। অসহা বজের প্রায় বাঞ্জিল হৃদয়ে।। আহারে অকুচি চিত্ত সতত চঞ্চল। भीर्यशाम ছाতে मना भरीत कुर्वन।। এইৰূপে ছুর্য্যোধন চিন্তাকুল হয়ে। একান্তে বসিল যত পাত্রমিত্র লয়ে।। ত্রিগর্ত্ত শকুনি কর্ণ ছঃশাসন আদি। হেনকালে কহে রাজা কর্ণেরে সম্বোধি।। ছুর্য্যোধনের মনোত্রথ শ্রবণে কর্ণের প্রবোধ-বাক্য। এই মত নরপতি, চিন্তিয়া আকুল-মতি,

অত্যন্ত উদ্বেশে ব্যগ্র হয়ে।

যত পাত্র-মিত্রগণ লয়ে।।

ডাকাইল সর্বজনে, বসিল নিভূত স্থানে,

তুর্য্যোধন হেনকালে,কর্বেসম্বোধিয়া বলে, অবধান কর মোর বোলে। তুঃখের নাহিক ওর, দগ্ধ হল তকু মোর, অনুক্ষণ চিন্তার অনলে।। বিশেষ তোমরা সবে, মন্ত্রণার অনুভবে, যে কিছু করিলে সুবিচার। করিতে আমার হিত,বিধি কৈল বিপরীত, এক চিন্তা কৈলে হয় আর।। পুনঃপুনঃ এই মত, উপায় করিকু যত, হিংসা হেতু পাণ্ডু পুত্রগণে। প্রম্মক্ষট আরে, হিতপক্ষ প্রতীকার, না জানি করিল কোন জনে।। সকল বালকমিলে, ক্রীড়ার কৌতুককালে, ভীমেরে দেখিয়া বলবান। কেহ তারেমহেশক্য,নিবারিতে প্রতিপক্ষ, কালকূট করাইনু পান।। বান্ধি হস্ত পদ গলে,ফেলিতু গভীর জলে, দৈব্যোগে গেল রুসাতল। কেবা দিল প্রাণদান, রসকুপ করি পান, অযুত হস্তীর ধরে বল।। অনন্তরেজভুগৃহে,তারে পোড়াইয়া দেহে, ভাবিলাম করিব সংহার। বুদ্ধিবলে তাহে তরি, তুরস্তরাক্ষদ মারি, পাইল প্রম প্রতীকার।। কালকাটিঅনায়ামে,গেলপাঞ্চালেরদেশে, পাঞ্চালী পাইল স্বয়ম্বরে। কি দিব ভাগ্যের লেখা, ক্রপদ হইল সথা, জিনিলেক লক্ষ দণ্ডধরে।। অনন্তরে রাজ্যে আসি, অবনিমণ্ডল শাসি, (य कर्म कतिन यक्किक्षाता। কে তার উপমা দিবে,না হইল না হইবে, ক্ষিতিমধ্যে ক্ষজিয়ের কুলে।। পিতামহ-মুখে শুনি, যতুকুলে চক্রপাণি, পূর্ণব্রহ্ম নিজে অবতার। নৃপতি চরণ ধৌতে,নিযুক্ত করিল ভাতে, **ट्रम जन यटकट** यादात ।।

ट्रेन এমনি क्रम, श्रुटन रून कनजम, তাহাতে ঘটন যে ছুৰ্দশা। তাহেপেয়েঅপমান,বাঞ্ছা হল ত্যজি প্রাণ, সেই তুঃখে খেলাইনু পাশা।। হারিলেক রাজ্য ধন, দাসত্ব করিল পণ, তাহে জয় হইল আমার। অন্ধরাজ-বুদ্ধিদোষে, আপনার ভাগ্যবশে, যাজ্ঞদেনী করিল উদ্ধার।। সবে মিলি পুনর্কার, মন্ত্রণা করিয়া সার, বানবাস কৈনু নিৰূপণ। না পাইল কোন ছঃখ,বনেতারনানাসুখ, युर्ग (यन महळ्याताहन ॥ হিড়িম্বাদি জটাস্কুরে, মুহূর্তেকে যমপুরে, পাঠাইল করিয়া বিক্রম। ভীমসেন শত্রুগণে, নিপাত করিল রণে, অনায়াসে না জানিল শ্রম।। একা পার্থ মহাবল, স্বর্গ মর্ত্য রসাতল, জিনিবারে হইল ভাজন। দ্বিতীয় বিক্রম সীমা,ভীমপরাক্রম ভীমা, যার নামে সভয় শমন।। মধ্যাক্ত-সূর্য্যের সম, অপ্রমেয় পরাক্রম, মাদ্রীপুত্র যুগল বিশেষে। আর এক অনুমানি, লক্ষীৰূপা যাজ্ঞ সেনী, পাইল পাশুব পুণ্যৰশে।। তাহার সুকর্ম যত্, বিশেষ কহিব কত, বলিতে না পারি একমুখে। একদ্রব্য সুসংযোগে,স্বর্গেরঅধিকভোগে, বনেতে পাণ্ডব আছে সুখে।। নিত্য নিয়মিত যত, প্রতিদিন শত শত, ত্রাক্ষণেরে করায় ভোজন। লক্ষাবধিয়ত আসে, তারাসব ভাগ্যবশে, বিমুখ না যায় কোন জন।। সেদিনহিংসিতেতারে,পাঠাইমুত্রর্কাসারে শিষ্য দশ সহস্র সংহতি। শুনিলাম লোকমুখে,ভোজন করিয়াস্কথে, ্যুনি গেল আপন বসতি॥

ইহা পূর্কেসর্বজনে,গেলাম প্রভাসস্থানে, (मिथियू मकल विमामान। যে কর্মা করিল তায়,বুঝিলাম অভিপ্রায়, নাহি তার শতাংশে সমান।। তপ জপ যজ্ঞ ব্ৰত, বল বুদ্ধি ধৈৰ্য্য যত, পাওবের আছিয়ে সকল। সবাই সমান গুণ, বিশেষত ভীমাৰ্জ্ন, ক্ষিতিমধ্যে ছুই মহাবল।। যে কিছু উপায় শেষে, মন্ত্রণারসমাবেশে, যদ্যপি না হয় প্রতীকার। वृद्धिवरलञ्चनाञ्चारम,कालकारिकानरमरम, আসিয়া দিবেক মহামার।। মধ্যাক মার্ভি দম, যেন মহাকাল যম, বারণ করিবে কোন জন। এই চিন্তা অবিরত, কুন্তকার চক্রবত, সতত অস্থির মম মন।। অতি সে উদ্বিগ্ননে, স্বাকার বিদ্যমানে, ক্ছিল কৌরব অধিপতি। তুর্য্যোধন মনক্লেশ, জানি হিত উপদেশ, সূর্ব্যপুত্র কহে মহামতি।। মহারাজ কি কারণে,এতেক উদ্বেগমনে, কি হেতু পাওবে কর ভয়। তোমার নিয়োগবলে,স্বর্গ মর্ত্য রসাতলে, উপমার যোগ্য হেন নয়।। কহিলে যে মহারাজা,পাণ্ডব প্রবলতেজা, আসিয়া দিবেক মহামার। বকুদিন তারা আছে,আমরাওআছিকাছে হিংদা কবে করিল কাহার।। বনের নিবাস গত, শেষ দিন আছে যত, যদ্যপি বঞ্চিবে মহাক্লেশে। কহ কোথা আছেঠাই,লুকাইবে পঞ্চভাই, অজ্ঞাতে বঞ্চিবে কোন দেশে।। যতেক নুপতিচয়, কেবল তোমার ভয়, কাছে না রাখিবে কোন জন। পাঠাইব চরগণে, নগর পর্বত বলে, भूँ जिल्ल भारेय पत्रभग।।

আছে পূৰ্ব নিৰূপণ, ছাদশ বৎসর বন, বঞ্চিবেক অজ্ঞাত বৎসর। এতেক্যেকালাস্ত্রে কেবাজীয়েকেবামরে, हित्रकोदी मट्ट काम नत्।। শুভ ভাগ্যবশে ইপি, বঞ্চিয়া অজ্ঞাতবিধি, আসিবেক যখন সকল। ুবনবাস মহাকফী, চিস্তাকুল জ্ঞানভ্ৰষ্ট, শক্তিহীন হইবে ছুর্ফল।। তথ্ন কার্ব ক্রম, প্রকাশিয়া প্রাক্রম, স্বকার্য্য সাধিব কুভূহলে। নিমেবেকে পঞ্জনে,পাঠাইব যমস্থানে, ভোমার পুণ্যের মহাবলে।। আমার বিক্রম জানি,কি কারণে নৃপমণি, ক্ষুদ্রজনে কর এত ভয়। ভীমদোণ অশ্বত্থামা,সবে অনুগতভোমা, কি করিবে পাগুর তনয়।। এত বলি কর্ণ বীর, হিতপক্ষ নুপতির, কহিল শুনিল জ্ঞানবান। সুর্যাপুল্র করে যত, তাহা নহে অন্য মত, সবে তাহা করিল প্রমাণ।। এই মত সর্বজনে, কহিলেন চুর্ব্যোধনে, আশ্বাস করিয়া বহুতর। শুনিয়া এ সব বাণী,ভুর্ব্যোধন মহামানী, কতক্ষণে করিল,উত্তর ।। বলবুদ্ধি অনুভবে, যে কিছু কহিবে সবে, অক্তথা না করি কদাচন। किन्तु निह मीर्घ कौ वी, मर्कमा এ मव ভावि, যোগৰত চিস্তি অনুক্ষণ।। বনের বিচিত্র কথা, প্রবেণে মঙ্গল গাথা, প্রকাশিল মহামুনি ব্যাস। িসই কথা মনসুথে, শুনিয়া লোকের মুথে, পাঁচালি রচিল তাঁর দাস।। ছর্ষোধ্যের মন্ত্রণায় জয়দ্রথের দ্রৌপদী হরণে যাতা ঃ ছर्रिगाधन कटह मत्य कि युक्ति कतित्त।

বিধাতা দিবেক বুলি নিশ্চিত রহিলে।।

বিধিক্বত হলে জানি অবশ্যই জয়। তিনি না করিলে জানি সব মিখ্যা হয়।। সংসারে থাকিয়া লোক করিবে উদ্যোগ। নিত্য নিত্য ভুঞ্জিবেক নানা উপভোগ।। অমুক্ষণ করিবেক স্বকার্য্য সাধন। পূর্কমত আছে হেন বিধি নির্কন্ধন।। ফল পায় ফেবা রাখে বিধাতাতে মন। জীবনেতে উপায় করিবে সর্বজন।। বুদ্ধিতে পাশুব যদি গুপুৰাস তরে। অনর্থ করিবে আসি মহাক্রোধ-ভরে।। ইন্দ্র তুল্য পরাক্রম এক এক জন। কাহার হইবে শক্তি করিবে বারণ।। মাতুল ত্রিগর্ভ তুমি আমি ছঃশাসন। মহা শ্রম করিলে না পারি কদাচন।। মস্ত্রণা করিয়া যদি সংহারিতে পারি। উদ্বেগ সাগর হতে অনায়াসে তরি।। কহিলে যতেক কথা মনে নাহি লয়। পরাক্রমে পাওবেরে কে করিবে জয়।। সুযুক্তি ইহার এই লয় মম মন। আনিব জ্রপদসূতা করিয়া হরণ।। জপদনন্দিনী হয় পাশুবের প্রাণ। অশেষ সঙ্কটে নিত্য করে পরিত্রাণ।। বুদ্ধিবল করি যদি তাহাকে হরিবে। নিশ্চয় দেখিবে ভবে পাওব মরিবে।। সে কারণে কহি আমি এ সব সম্মত। গুপ্তবেশে সেইস্থানে যাক জয়দ্রথ।। বুদ্ধিবলে বিশারদ তারে ভাল জানি। প্রকার করিয়া যেন হরে যাজ্ঞসেনী।। লুকায়ে রাখিবে ক্লফা অতি গুপ্তস্থানে। খুঁজিয়া পাওব যেন না পায় সন্ধানে।। ক্লুকার বিচ্ছেদে বড় পাইবেক শোক। এইৰূপে পঞ্চ ভাই হইবে বিয়োগ।। নিস্কুণ্টক হবে রাজ্য যুচিবে জঞ্জাল। নির্কিরোধে রাজ্যভোগ করি চিরকাল।। তোমা সবাকার যদি হয় ত সন্ধতি। তবে সে दर्खवा এই लग्न सम मि ॥

কহিল এতেক যদি কৌরৰ প্রধান। প্রশংসা করিল তবে মন্ত্রী জ্ঞানবান।। ধন্য ধন্য মহাশয় মন্ত্রণ তোমার। করিলে যে মন্ত্রণা এ সংসারের সার।। অবশ্য কর্ত্তব্য এই সবাকার মত। গুপুবেশে সেইস্থানে যাক জয়দ্রথ।। দুষ্টমতিগণ যদি এতেক কহিল। শুনিয়া নুপতি তবে আনন্দিত হল।। তবে জয়দ্রথে আজ্ঞা দিল তুর্য্যোধন। তুমি শীঘ্র কাম্যবনে করহ গমন।। সাবধান হয়ে ভুমি রবে চূড়ামণি। বুদ্ধিবলে হরিয়া আনিবে যাজ্ঞসেনী।। এতেক কহিল যদি কৌরব-ঈশ্বর। কতক্ষণে জয়দ্রথ করিল উত্তর ।। তোমার আজ্ঞাতে আমি যাই কাম্যবন। কিন্তু পাণ্ডবেরে সবে জানহ যেমন।। দ্বিতীয় শমন তুল্য একৈক পাশুব। শতাংশে সমান তার নহি মোরা সব।। বিশেষে আপনি মনে কর অবধান। গন্ধর্ক-সমরে একা পার্থ কৈল ত্রাণ।। জীয়ন্ত বাঘের চক্ষু আনে কোন জনে। কার শক্তি হিংসিবে সে পাণ্ডপুত্রগণে।। যদি বা তোমার বাক্য নাহি করি আন। निमित्यदक वृदकां पत विधिदक व्याव।। বিশেষ জ্ঞপদসূতা লক্ষ্মী অবতার। মহাবল পঞ্চ ভাই রক্ষক তাহার।। একান্ত থাকিবে যার জীবনের আশা। সে কেন করিবে হেন ছুরন্ত প্রত্যাশা।। জয়দ্রথ-মুখে তবে এই বাক্য শুনি। বিনয় পূর্বক তারে কহে নুপমণি।। কহিলে যতেক কথা আমি সব জানি। পাওবের সন্মুথে কে হরে যাজ্ঞসেনী।। कि ছाর কৌরবসেনা কর্ণ গণি কিসে। ष्यत्म कि कर्तित्व यात्र मख्नानि जातम । একা পার্থ জিনিলেক এ তিন ভুবন। সুরাসুর নাগ নরে সম কোন জন।।

আনিবে ক্রপদস্কতা করিয়া গোপন।। निकट निकट मना व्रत्व मावधारन। অতি সঙ্গোপনে যেন কেহ নাহি জানে। স্নান দানে সবে যবে যাবে চারিভিত। সেইকালে সেইস্থানে হবে উপনীত।। হরিয়া ক্রপদস্তুতা প্রকার বিশেষে। যত্ন করি লুকাইবে অতি দূরদেশে॥ খুঁ জিয়া পাণ্ডব যেন উদ্দেশ না পায়। তার শোকে পাওবেরা মরিবে নিশ্চয়।। সুসিদ্ধ হইবে তবে মনের অভীক্ট। নিঃসম্বটে রাজ্যভোগ করিব যথেই।। তোমা বিনা অন্য জন ইথে নহে শক্য। সহায় সম্পদ তুমি তুমি সে সপক।। বিস্তর কহিয়া আর নাহি প্রয়োজন। অমূল্যে কিনিলে তুমি রাজা ছুর্য্যোধন ৷ পুনঃপুনঃ কহে রাজা মৃত্র মৃত্র ভাষ। শুনি জয়দ্রথ করে বচন প্রকাশ।। কি কারণে এত কথা কহ নরপতি। অবশ্য পালিব আমি তব অনুমতি।। এই আমি চলিলাম কাম্যককানন। প্রাণপণে সম্পাদিব তব প্রয়োজন।। এত শুনি ভুষ্ট হল প্রধান কৌরব। সাজাইয়া দিল রথ করিয়া গৌরব।। সবে সম্ভাষিয়া বীর চড়ে গিয়া রথে। চালাইয়া দিল কাম্যকাননের পথে।। যাইতে যাইতে রুখে করিল বিচার। রাজার সাহসে আজি কৈন্যু অঙ্গীকার। পড়িলে ভীমের হাতে নাহিক নিস্তার। ঈশ্বর করেন যদি হবে প্রতীকার।। এতেক কিন্তিয়া মনে যুক্তি কৈল সার। চৌর্য্য বিনা কার্য্যসিদ্ধি নহিবে আমার: এইৰূপে জয়দ্রথ চিম্ভাকুলমনে। উপনীত হল গিয়া মহাঘোর বনে।। তুদিকে কানন-শোভা মধ্য দিয়া পথ। নানাবৰ্ণ সুবাসিত পুষ্প শত শত ॥°

সুযুক্তি করেছি এই শুন দিয়া মন।

বিবিধ কুসুমে দেখে শোভিয়াছে বন। মকরক্ষ পান করে সুখে অলিগণ।। বিবিধ অনেক শোভা দেখিয়া কাননে। কাম্যবন নিকটে আইল কত দিনে।। নন্দনকানন তুলা দেখে কাম্যবন। অনেক আশ্রম তথা দেখে মুনিগণ।। ▶ স্থানে স্থানে দেখে কত দেবের আশ্রম বিবিধ বিহঙ্গবর করে নানাক্রম।। হইল কৌতুক মনে করিতে ভ্রমণ। উত্তরিল কভক্ষণে যথা পঞ্চ জন।। তাহার নিকটে লুকাইল জয়দ্রথ। ছিত্র চাহি থাকে বীর নির্থিয়া পথ।। শমন সমান জানি ভীম ধনপ্রয়। নিকটে যাইতে নারে পরাণের ভয়।। হেন মতে তথা রহে হইয়া গোপন। এক দিন শুন রাজা দৈবের ঘটন।। দ্রোপদী-হরণ ও ভীমহত্তে জয়দ্রথেব

ত্যপমান।

শুন জমেজয় রাজা দৈবের ঘটনে। জয়দ্রথ গুপ্তভাবে রহে কাম্যবনে ॥ উঠিয়া প্ৰভাতকালে ভাই তুই জন। রাজার নিকটে রাখি মাদ্রীর নন্দন।। মূগরা করিতে যান ভীম ধনঞ্জয়। স্নান হেতু যান ক্রমে বিপ্র সমুদয়।। পরে চলিলেন স্নানে ভাই তিন জন। विभिन्ना (जीभनी अक। करतन तस्रन।। জয়দ্রথ দেখে শৃক্ত হইল মন্দির। জানিয়া সময় তথা গেল মহাবীর।। কুঁড়ের ভুয়ারে গিয়া রাখিলেক রথ। শূন্যালয় দেখি আনন্দিত জয়দ্রথ।। রথ হতে ভূমিতলে নামে মহাবীর। কুট্য জানিয়া কুঞা হইল বাহির।। মনেতে জানিল এই অপূর্ব অতিথি। পূজা হেতু চিন্তা তার করে গুণবতী।। শূন্যালয় তথা আর নাহি কোন জন। আপনি আনিয়া দিল দিব্য কুশাসন।।

পাদ প্রকালন হেতু আমি দিল জল। জিজ্ঞাসা করিল কহ ঘরের কুশল।। " किशो हर ड ५ दन ५ दव यादि दकानदम्दम । এবনে আসিলা কোন প্রয়োজনোদ্দেশে॥ জয়দ্রথ বলে আর নাহি কোন কাজ। ভেটিবারে আসিলাম ধর্ম মহারাজ।। একামাত্র দৈখি ভূমি করিছ রন্ধন। कर पिथि किथा भिन धर्मात नमन।। কোন কাৰ্য্য হেতু গেল ভীম ধনঞ্জয়। ব্রাহ্মণমণ্ডলী কোথা মাদ্রীর তনয়।। কুষ্ণা বলে স্নানে গেল ব্রাহ্মণ-সমাজ। মাদ্রীপুজ্বর গেল সহ ধর্মাজ।। ভীমার্জ্জন গেল বনে মৃগয়া কারণে। गुरुर्ख এখনি সবে **जा**সিবে এখানে ॥ দ্রৌপদীর মুখে শুনি এসব বচন। তুষ্ট জয়দ্রথের হল সচঞ্চল মন।। বিচার করিল মনে সবে দূরে গেল। উচিত সময় মোর বিধাতা মিলাল।। চতুর্দ্ধিকে চাহে কেহ নাহিক কোথায়। চঞ্চল হইয়া বীর ঘন ঘন চায়।। নিকটে আছিল কুষ্ণা তুলি নিল রথে। শীঘ্রগতি চালাইল হস্তিনার পথে।। ক্ষা বলে তুষ্ট কর্মা কর কুলাঙ্গার। বুঝিলাম কাল পূর্ণ হইল তোমার।। বড় বংশে জনমিয়া কর নীচ কর্ম। मुङ्दर्छ এখনি তার ফলিবেক ধর্ম।। यावद शुक्रविमश्ह जीम नाहि (पर्ध। প্রাণ লয়ে যাহ শীঘ্র ছাড়িয়া আমাকে।। আরে হুষ্ট কি করিলে হলি মতিচ্ছন্ন। নিশ্চয় ভোমার কাল হইল সংপূর্ণ।। আরে অন্ধ ভাল-মন্দ জান্হ সকল। হেন কর্মা কর যাতে ফলয়ে সুফল।। প্রপক্ষ জন যদি আসি করে রণ। সাহায্য করিয়া তাকে রাখে বন্ধুগণ।। তোর ক্রিয়া শুনে লোক কর্ণে দেয় কর। হেন তুরাচার তুই অধম পামর।।

হেনমতে তিরকার করে যাজসেনী। टांता नाहि खटन कडू धट्यंत काहिनी।। **ভাল-মন্দ জয়দ্রথ কিছু নাহি কহে।** চালাইয়া দিল রথ তিলেক না রহে।। দ্রোপদী দেখিল তবে পড়িমু বিপাকে। গোবিন্দ গোৰিন্দ বলি পরিত্রাহি ডাকে। কি জানি কুষ্ণের পায় কৈতু অপরাধ। সে কারণে হল মম এতেক প্রমাদ।। কোথা গেল মহারাজ ধর্ম-অধিকারী। কোথা গেল মাদ্রীপুত্র বিক্রমে কেশরী।। ভুবনবিজয়ী কোথা পার্থ মহামতি। তোমার রক্ষিতা জনে ইল হেন গতি।। পরিত্রাহি ডাকে কোথা ভীম মহাবল। চুষ্ট জনে আসি দেহ সমুচিত ফল।। ভোমরা যে পঞ্চভাই রহিলে কোথায়। জযদ্রথ মন্দমতি বলে লয়ে যায়।। শৃত্যালয়ে আছি তুফ জানিয়া ধরিল। সিংহের বনিতা নিতে শুগালে ইচ্ছিল।। मकन लारकत माकी एमव विकर्खन। আঙ্গম জানহ তুমি সবাকার মন।। কায়মনোবাক্যে যদি আমি হই সতী। ইহার উচিত ফল লভুক দুর্ম্মতি।। এইমত যাজ্ঞসেনী পাড়িছে দোহাই। হেনকালে আশ্রমেতে আনে তিন ভাই। भूगानश पिथि मत् इहेलन छक। श्वित्तन (जोशमीत कन्मत्नत मक।। ব্যগ্র হয়ে তিন ভাই ধনু লয়ে হাতে। শব্দ অনুসারে ধায় শীঘ্র সেই পথে।। চিস্তাকুল ধায় সবে না দেখেন পথ। দুর হতে দেখিলেন যায় জয়তথ।। আকুল হইয়া ক্লা ডাকে ঘনেঘন। দুর হতে আশ্বাসিয়া কহে তিন জন।। ভয় নাই ভয় নাই বলেন বচন। হেনকালে দেখ তথা দৈবের ঘটন।। মৃগয়া ক্রিয়া সাসে ভাই ছই জন। त्मरे পথে कश्चथ कतिरह गर्मन।।

দুর হতে শুনিলেন ক্রন্সনের রোল। উদ্ধার করহ ভীম ডাকে এই বোল।। অৰ্জ্জন কহেন ভীম শুনি বিপরীত। হেথা যাজ্ঞদেনী কেন ভাকে আচম্বিত।। কি হেতৃ আসিল কুষণা নিৰ্জ্জন কাননে। না জানি হিংসিল আসি কোন ছুটগণে।। কিয়া কেবা বিরোধিল ধর্মের তনয়। আকুল আমার মন গণিয়া প্রলয়।। ভীম বলে এ কথা না লয় মম মনে। কে যাইতে ইচ্ছা করে শমন-ভবনে।। চল শীঘ্র ভাল নহে এ সব কারণ। সমুচিত ফল দিব জানি নিৰাপণ।। এত বলি তুই বীর যান বায়প্রায়। শব্দ অনুসারে যান দ্রৌপদীর রায়।। হেনকালে দুরে দেখিলেন এক রথ। ধ্বজা দেখি জানিলেন যায় জয়দ্রথ।। তবে পার্গ মায়ার্থ করেন স্মর্ণ। চিন্তামাত্রে রথবর আসিল তখন।। আরোহণ করিলেন দোঁহে হৃষ্টমতি। চালাইয়া দেন রথ প্রনের গতি।। দেখিল নিকট হল অর্জুনের রথ। প্রাণ্ডয়ে পলাইয়া যায় জয়ত্রথ।। রথ হতে লাফ দিয়া পড়ে ভূমিতলে। অধিক ধাইল বীর প্রাণের বিকলে।। দেখিয়া ভীমের মনে হইল সন্তাপ। রথ হতে ভূমিতলে পড়ে দিয়া লাফ।। অধিক ধাইল তুষ্ট অতি চিন্তাকুলে। চক্ষুর নিমিবে ভীম ধরে তার চুলে।। মৃগেন্দ্র রুবিয়া যেন ধরে কুদ্রপশু। কুষিত খগেক্সমুখে যেন সর্পশিশু।। সেই মত তার চুল ধরিলেন টানি। ক্রোধভরে গেল যথা পার্থ যাজ্ঞসেনী।। কহিল কুষ্ণারে তবে আখাস বচন। ধীরা হও যাজ্ঞসেনী ত্যক্ত চুঃখ মন।। যেমত ভোষাকে ছুঃখ দিল ছুফীমতি। তাহার উচিত ফল মুখে মার লাথি।।

আছিল মনের কোধ জ্ঞপদনিদ্দনী! সম্বরিতে নারে ক্রোধ দহিছে পরাণি।। তাহাতে ভীমের আক্রা লঙ্কিতে নারিল। অধর্ম নাহিক ইথে বিচারে জানিল।। তবে রুক্ষা আপনার মনের কৌতুকে। তিন বার পদাঘাত করে তার মুখে।। জয়দ্রথে কহে তবে ভীম মহাবল। অবশ্য ভূঞ্জিতে হয় স্বকর্মের ফল।। আরে ছুফ্ট থাকে যার জীবনের আশা। সে কি করয়ে হেন তুরস্ত ভরসা।। এই মুখে কুষ্ণা হরি দিয়াছিলি রড়। এত বলি গণি মারে দশটী চাপড়।। বজ্রভুল্য খাইয়া ভীমের করাঘাত। সঘনে কাঁপয়ে যেন কদলীর পাত।। হেনমতে ব্কোদর মারিল প্রচুর। চূলে ধরি টানি তবে লয় কত দূর।। অনেক নিন্দিল তারে গভীর গর্জনে। পুনশ্চ টানিয়া তারে আনে কতক্ষণে।। মুক্তকেশ ন্যস্তবেশ বহে রক্তধার। দাঁফর হইয়া কান্দে নাহিক নিস্তার ॥ চুলে ধরি ভূমিতলে ঘবে তার মুখ। দেখি ডৌপদীর হৃদে পরম কৌতৃক।। পুনঃ পুনঃ প্রহারিল বীর র্কোদর। প্রাণমাত্র অবশেষ রহে, কলেবর।। মূচ্ছাগত হয়ে ভূমে পড়ে অচেতন। হেনকালে উপনীত ধর্মের নন্দন।। দেখিয়া তাহার ডুঃখ ডুঃখিত হৃদয়। রক্ষা হেতু বিচারিয়া ধর্মের তনয়।। किश्तिन अन जीम कित्रिल कि कर्या। বিশেষে ভগিনীপতি মারিলে অধর্ম।। ভাল পাইলেক ছুফ সমুচিত ফল। দেখিমত ফল দণ্ড হইল সকল।। কিন্তু বধ্য নহে রাখ ইহার জীবন। ভগিনী করিয়া রাঁড়ি নাহি প্রয়োজন।। ভগিনী ভাগিনা দোঁহে হইবে অনাথ। ক'ন্দিবে সকলে আর সেই জ্যেষ্ঠতাত।।

সে কারণে কহি ভাই শুনহ বচন। ছাড়হ লইয়া যাক্ নিৰ্লক্ষ জীবন।। রাজ-আজ্ঞা লজ্মিবারে নারি রুকোদর। জয়দ্রথ এড়ি বীর ইইল অস্তর ॥ কতক্ষণে সংজ্ঞা পেয়ে সেই মূঢ়মন্তি। মনে মনে চিস্তা করে পেন্মু অব্যাহতি।। নিঃশব্দে রহিল বীর হয়ে নঞ্জার। ভৎ সিয়া কহেন তারে রাজা যুধিষ্ঠির।। কে দিল কুবুদ্ধি ভেগরে করিয়া ৰূপটে। কি হেতু মরিতে আইলি এমত সঙ্কটে।। ক্ষণেক না হত যদি মম আগমন। এতক্ষণ যাইতিস শমন-সদন।। পলাইয়া যাহ লয়ে নির্লক্ষ জীবন। কুবুদ্ধি দিলেক তোরে যেই ছুফ জন।। (সই সব জনে গিয়া কহিবি সকল। কত দিনান্তরে হবে সে সবার ফল।। আমাকে দিলেক যত ছুঃথ আর কষ্ট। এই মত সৰ্বজন হইবেক নফী।। এত বলি আশ্রমেতে যান ছয় জনে। ছুষ্ট জয়দ্রথ তবে বিচারিল মনে।।

ক্ষান্ত থের শিবারাধনার বাজা।
ক্ষান্ত হইলেন যদি ভাই পঞ্চ জনে।
চুফ্ট জয়দ্রথ তবে বিচারিল মনে।।
পাঠাইয়া দিল মোরে কৌরব-প্রধান।
তার কার্য্য সাধিবারে বিধি হল আন।।
কোন লাজে ভারে নিয়া দেখাইব মুখ।
উপায় চিন্তিব যাহে থণ্ডিবেক ছঃখ।।
এত কফ্ট দিল মোরে পাণ্ডব ছরন্ত।
তা সবা জিনিলে মম ছঃখ হবে অন্ত।।
ইন্দ্র তুল্য পরাক্রম পাণ্ডব সকল।
কেমনে হইব শক্য আমি হীনবল।।
তপোবলে পাণ্ডবেরা হয় বলবান।
আমার তপন্তা বিনা গতি নাহি আন।।
কঠোর তপন্তা করি শুদ্ধ কলেবর।
তপেতে করিব তুক্ট দেব মহেশার।।

প্রসন্ন ছইবে যবে ত্রিদশের নাথ। পাগুর জিনিতে বর মাগিব পশ্চাৎ।। তবে যদি কাৰ্য্যসিদ্ধি নহে কদাচন। ত্যজিব জীবন করিলাম এই পণ।। এত বলি হিমালয় পর্কতেতে গেল। শুচি হয়ে মন জাত্মা সংযত করিল।। নিয়ম করিয়া নিত্য করে নানা ক্লেশ। তপ আরম্ভিল করি হরের উদ্দেশ।। কত দিন বঞ্চিলেন খেয়ে মাত্র ফল। অতঃপর ভুঞ্জে বীর শুধু মাত্র জল।। গ্রীমকালে চতুর্দিকে স্থালিয়া আগুণি। বসিয়া তাহার মাঝে দিবস রজনী।। চারি মাস বর্ষাকাল বসি রক্ষতলে। মন্তকে পাতিয়া ধরে বরিষার জলে।। শীতেতে শীতল যথা সুশীতল নীর। ভাহাতে নিমগ্ন হয়ে থাকে মহাবীর।। তপস্থায় বৎসরেক করি মহাক্লেশ। কঠোর তপেতে ৰশ হলেন মহেশ।। জানিয়া একান্ত ভক্তি দেব মহেশ্বর। মায়াদেহ ধরে হর বিপ্র কলেবর।। যথা জয়দ্রথ আছে হিমালয় গিরি। তাহার নিকটে চলিলেন ত্রিপুরারি।। সমাধি করিয়া রাজা আছয়ে মননে। ্নিমগ্ন করিয়া চিত্ত হরের চরণে।। হেনকালে ডাকি তারে বলেন ঈশ্বর। তপস্থা ত্যজহ রাজা মাগ ইফটবর।। এত শুনি জয়দ্রথ উঠিল কৌতুকে। ष्यशृर्क डाक्तवमृर्खि (पिथन मसूरथ ॥ বিস্মিত হইয়া কহে তুমি কোন জন। মহেশ কহেন আমি দেব পঞ্চানন।। রাজা বলে তুমি যদি দেব বিশ্বনাথ। তোমার যে নিজমূর্ত্তি ভুবনে বিখ্যাত।। রূপা করি সেই ৰূপ করহ প্রকাশ। তবে সে আমার মনে হইবে বিশ্বাস।। ख्क जानि निजन्म धतिरान इत । রক্ষত পর্বভাজিনি দীয় কলেবর।।

কটিতটে কণীরাজ পরা বাঘছাল। শিরে জটা বিভূতি ভূষণ অঙ্গভাল।। নাগ্যোগ্য উপবীত গলে হাড্মাল। সুচারু চক্রের-কলা শোভিয়াছে ভাল।। বাম করে শোভে শৃঙ্গ দক্ষিণে ডমরু। দেখিয়া এমত ৰূপ বাঞ্ছাকপেতর ।। আপনারে কুতকুত্য মানে মহাবল। দণ্ডবৎ হয়ে তবে পড়ে ভূমিতল।। অফ্টাঙ্গ লোটায় ধরি অভয় চরণ। ভক্তিভাবে বহুবিধ করিল স্তবন।। অনাথের নাথ তুমি কুপার নিধান। রুপা করি নিজগুণে কর পরিত্রাণ।। মহেশ কহেন রাজ! মাগ ইফটবর। শুনি জয়দ্রথ কহে যুড়ি ছুই কর।। আমারে অনাথ দেখি রূপা কর যদি। জিনিব পাণ্ডবে আজ্ঞা কর রুপানিধি॥ এত শুনি শূলপাণি করেন উত্তর। মনোনীত দেখি রাজা মাগ ইফ্টবর ॥ জয়দ্রথ বলে অন্য বরে কার্য্য নাই। জিনিব পাণ্ডবে ছাজ্ঞা করহ গোঁসাই॥ মহেশ বলেন ভূমি নহ জ্ঞানযুত। পুনঃপুনঃ কি কারণ কহ অসঙ্গত।। পাগুব ভুবন জয়ী শুন মহামতি। তাহারে জিনিতে পারে কাহার শক্তি।। মসুষ্য জানিয়া তুমি করহ অবজ্ঞা। আমিত তোমার মত নহি হীনপ্রজা।। প্রয়োজন নাহি আর কহিয়া বিস্তর। যাহা ইচ্ছা নরপতি মাগ ইফীবর।। আপনার ইফ যে সে শিবের অনিষ্ট। স্পাষ্ট বুঝি পুনঃ কহে জয়দ্রথ হুষ্ট।। এখনি জানিমু তুমি পাণ্ডবের সধা। कि ८३ ज्ञानिया मिला अंधरमदत रमशा। যাহ প্রভু নিজস্থানে করহ গমন। প্রাণ ত্যজি করিলাম এই নিৰূপণ।। বলেন ধুর্জটি বাক্য ব্যয় কর মিছা। করিবে যে কর তবে আপনার ইচ্ছা।।

প্রাণ ত্যব্দহ কিয়া যাহা লয় মতি। এই বর দিতে নাহি আমার শক্তি॥ জয়দ্রথ পুনঃ বলে করহ গমন। হেথায় রহিয়া তবে কোন প্রয়োজন।। নুপতির এই বাক্য শুনি দিগম্বর। 'কৈলাসশিথরে যান তুঃখিত অন্তর ॥ পুনর্কার জয়দ্রথ আরম্ভিল তপ। পাণ্ডবেরে প্রাভব অস্তরেতে জপ।। নানা ক্লেশে মহাবীর বঞ্চে অহনিশি। তার তপ দেখি চমকিত সর্বাথায়।। উর্দিপদে অধোমুথে করি অনাহার। হেনমতে বৎসরেক গেল পুনর্কার।। জানিয়া একান্ত তবে নৃপ ভাব ভক্তি। হরের রহিতে আর না হইল শক্তি।। যথায় নুপতি বসি করে তপকুশ। সন্নিকটে পুনরপি আসিয়া মহেশ।। রাজারে কহেন তপ কর কি কারণ। চতুর্বর্গ চাহ যাহে লয় তব মন।। রাজ্য অর্থ বিদ্যা কিম্বা সন্ততি বৈভব। যাহা চাহ তাহা লহ কি আছে ছুৰ্লভ।। ইহা কহিলেন যদি করুণার নিধি। জয়দ্রথ নুপতিরে বিভৃষ্বিল বিধি।। মহামদে অন্ধ রোষে আচ্ছাদিল মন। সকল ছাড়িয়া চাহে পারের হিংসন।। জয়দ্রথ বলে যদি তুমি বর দিবে। নিশ্চয় আমার মন জিনিব পাণ্ডবে।। ইহা বিনা অন্য ৰৱে মম কাৰ্য্য নাই। বুঝিয়া বিধান এই করহ গোঁসাই।। শুনিয়া কহেন শিব শুনহ পামর। পৃথিবীতে কত্ত কত আছে ইফ্টবর।। ইহা ছাড়ি ইচ্ছা কর পরের হিংসন। বিশেষে পাশুব তাহে নহে জন্য জন।। অচ্ছেদ্য অভেদ্য যেই অঞ্চের সংসারে। কোন জন হবে শক্য জিনিতে তাহারে।। বিশেষ অৰ্জ্জন নামে তাহে এক জন। তাহার মহিমা বল জানে কোন জন।।

পরম পুরুষ সেই ত্রহা স্নাতন। ছুই দেহ ধরিলেন নিজে নারায়ণ।। বিশেষে হরিতে পৃথিবীর মহাভার। নর নারায়ণ ৰূপ পূর্ণ অবতার।। নরব্বপ ধরি পার্থ কুন্তীর নন্দন। যতুকুলে জ্রীগোবিন্দ নিজে নারায়ণ।। মহামদে অস্ত্রমতি না জান কারণ। এদিগে জিনিতে বর দিবে কোন জন।। হইবে গোবিন্দ যবে অর্জ্রনের পক্ষ। বরে কিসে গণি আমি না হইব শক্য।। যদ।পি একাস্ত হল তোমার মনন। জিনিবে অর্জ্বন বিনা আরু চারিজন।। রাজা বলে ভাল আজ্ঞা কৈলে দেবরাজ। বিনা পার্থ জিনি অন্যে মম কিবা কাজ একান্ত যদ্যপি রূপা আছেয়ে আমায়। আজা কর জিনি যেন সহ ধনঞ্জয়।। জীবন সফল তবে পূর্ণ হবে আশ। এত শুনি কহিলেন পুনঃ ক্লুত্তিবাস।। বড় বংশে জন্মি ভোর হীনবুদ্ধি হয়। কি কারণে কর রাজা অসৎ আশ্রয়।। অৰ্জ্ন অজেয় জান এ তিন ভুবনে। সুরাসুর নাগ আদি আমা আদি জনে।। আমার একান্ত ভক্ত পার্থ আদি বীর। অভেদ অর্জ্ব আমি একই শরীর।। বিশেষ আমার মিত্র প্রধান যাদব। তাহার প্রধান সখা তৃতীয় পাণ্ডব।। আর ইন্দ্রদেব হতে লভিয়াছে জন্ম। ত্রিভুবনে বিখ্যাত যে অর্জুনের কর্ম।। জিনিতে নারিবে রাজা ক**ভু** হেন **জনে।** উপায় করিব এক তোমার কারণে।। অভিমন্যু পুক্র তার বড় বলবান। কুষ্ণের ভাগিন। প্রিয় প্রাণের সমান।। জিনিবে সমরে তারে দিলাম এ বর। বিমুখ করিবে জার চারি সহোদর।। আতা হতে পুত্ৰ হয় শান্তে হেন কয়। অভিমন্যু বধিলে মরিবে ধনঞ্জয়।।

আর দেখ অবধ্য পাশুব পঞ্চ জন।

অস্ত্রাঘাতে কদাচিত নহিবে মরণ।।

কৈ কর্ম করিবে তবে করিয়া বিমুখ।

চিরকালে পুত্রশোকে পাইবেক তুঃখ।।

এত শুনি তুইমতি হয়ে নরপতি।

চরণে ধরিয়া বহু করিল প্রণতি।।

কৈলাদশিখরে তবে যান মহেশ্বর।

জয়ত্রথ যায় তবে হস্তিনা নগর।।

হস্তিনায় জয়দ্রথের আগমন। হেথায় কৌরবপতি চিম্ভাকুল হয়ে। নিত্য অনুতাপ করে মন্ত্রিগণ লয়ে।। রাজা বলে কহ মোরে যত মন্ত্রিগণ। জয়র্ডাথ নৃপতির বিলম্ব কারণ।। কেহ বলে জয়দ্রথ গেল বহু দিন। কি কর্মে হইবে শক্য বল-বুদ্ধিহীন।। কেহ বলে পাণ্ডব দেখিল জয়দ্রথে। নিশ্চয় ত্যজিল প্রাণ ভীম-বজ্রহাতে।। কেহ বলে কার্য্য সিদ্ধ করিতে নারিল। লজ্জায় না দিল দেখা নিজরাজ্যে গেল।। এইমতে চিন্তাকুল আছে নরপতি। হেনকালে জয়দ্রথ আসিল তুর্মতি।। নির্থিয়া ভূপতির আনন্দ প্রচুর। সভামুদ্ধ নরপতি গেল কতদুর।। বৈত্রকাল পরে পেয়ে বন্ধু দরশন। পরস্পর হর্ষভরে করে আলিঙ্গন।। তবে ছুর্য্যোধন রাজা আনন্দিতমনে। হাতে ধরি বসাইল নিজ সিংহাসনে।। বসিয়া কৌতুকে দোঁহে কথোপকথন। রাজা বলে কছ শুনি বিলয় কারণ।। निर्विषम कश्चिथ छुश्य व्यापनात । পূর্বাপর অদ্যোপাস্ত যত সমাচার।। শুনি জয়দ্রথ-মুখে সব বিবরণ। হরিষ বিষাদ মনে রছে ছুর্য্যোধন।। कूर्योधन वरन जामि ठिखा कति मिहा। च्छेर व व्यवना बाहा क्षेत्रदत्त हेन्हा ।।

অকারণে চিন্তা করি নাহি প্রয়োজন।
বিধির নিযুক্ত হয় যখন যেমন।।
সভা ভাঙ্গি নিজস্থানে গেল সর্বজন।
তুঃখমনে নিজ গৃহে রহে তুর্য্যোধন।।

যুধিষ্টিরের নিকটে মার্কণ্ডের মুনির
ভাগমন।

জন্মজয় বলে শুনি কহ অতঃপর। কোন কর্মা করিলেন পঞ্চ সহোদর।। মুনি বলে শুন প্রীক্ষিতের নন্দন। আশ্রমেতে আসিলেন ভাই পঞ্চ জন।। সমাপ্ত করিয়া কর্ম নিত্য নিয়মিত। ভোজনান্তে বসিলেন সকলে ছুঃখিত।। হেনকালে দেখ তথা দৈবের ঘটন। মার্কণ্ডেয় মুনি করিলেন আগমন।। মহাতেজোবন্ত যেন দীপ্ত ভূতাশন। দেখিয়া সন্ত্ৰমে উঠিলেন পঞ্চ জন।। আগ্রুসরি কত দূরে গিয়া পঞ্চ জনে। প্রণিপাত করিলেন মুনির চরণে।। আশীর্কাদ করিলেন মার্কণ্ডেয় মুনি। আর সবে প্রণমিল লোটায়ে ধরণী।। সেইমত সম্ভাবেন ত্রাহ্মণমগুলী। বসাইয়া মুনিরাজে মহা কুভূহলী।। আপনি করেন ধৌত মুনির চরণ। আক্রিয়া সুগন্ধি জল ধর্মের নন্দন।। পাত্ত অর্ঘ্য আদি দিয়া পুজে বিধিমতে। শান্তাইয়া তাঁরে লাগিলেন জিজ্ঞাসিতে।। যুধিষ্ঠির বলিলেন করি দিবেদন। কহ শুনি এখানে কি হেতু আগমন।। মুনি বলে ইচ্ছা হল তোমা দরশনে। এই হেতু মম আগমন কাম্যবনে।। ধর্মা বলিলেন ভাগ্য ছিল যে আমার। সেই হেতু নিজে প্রভু কৈলে আগুসার।। এইরূপে নানাবিধ কথোপকথনে। বসিলেন মহানদ্দে সবে যোগ্য স্থানে।। মহা অভিমান মনে রাজা যুধিষ্ঠির। विज्ञनवहरम वनिरलम मञ्जूभित्र ॥

দেখিয়া মুনির মনে জন্মিল বিস্ময়। সম্ভূমে জিজ্ঞাসে কহ ধর্মের তনয়।। অভিপ্রায় বুঝি তব চিত্ত উচাটন। মলিন বদন দেখি নিরানন্দমন ! বল্লু ত্বঃথ পাইয়াছ অণ্শ আছে শেষ। অতঃপরে অবিলয়ে পাবে রাজ্য দেশ।। 💉 কত কত চুঃখ সহিয়াছ নিজ অঙ্গে। তথাচ থাকিতে নানা কথার প্রসঙ্গে।। পাপৰূপ চিন্তা হয় বহু দোষ ধরে। সুরদ্ধি পণ্ডিত জনে মতি লোপ করে।। বহু ছুঃথে চিন্তা নাহি করি সে কারণে। তাহা বুঝাইব কত তোমা হেন জনে।। চিরাদনে আসিলাম তব দরশনে। তুঃখিত দেখিয়া অতি তুঃখ লাগে মনে।। রাজা বলে কি আদেশ কর মুনিবর। আমা সম ছুঃথী নাহি ত্রৈলোক্যভিতর।। না হইল না হইবে আমার সমান। উত্তম মধ্যমাধমে দেখহ প্রমাণ।। বড় বংশে জন্মিলাম পূর্বভাগ্য ফলে। পি তৃহীনে বিধি ছুঃখ দিল অপ্পকালে।। প্রান্নে বঞ্চিতু কাল পরের আলয়। না জানিসু তুঃখ অতি অজ্ঞান সময়।। ছল করি যেই কর্ম কৈল তুষ্টগণে। পাইনু যতেক তুঃখ জাৰ্হ আপনে।। সে তুঃখ ভুঞ্জিয়া যেই তুলিলাম মাথা। এমন সংযোগ আনি করিল বিধাতা।। ছলেতে লইল তুষ্ট রাজ্য অধিকার। আমার নিযুক্ত হৈল রক্ষতলা সার।। রাজপুত্র হতভাগ্য মোরা পঞ্চ জনে। <sup>টি</sup>রকাল **তুঃথে তুঃথে কঞ্চিনু কাননে।।** গামা স্বাকার ছুঃখ নাহি করি মনে। রমিব কর্মের কলে বিধির ঘটনে।। াজপত্নী হয়ে কুষ্ণা সমান ছুঃখিতা। াহারণ্যে ভ্রমে যেন সামাল্যা বনিতা।। ানা সুখভোগে পূর্বে পিতার মন্দিরে। ্টবৈতে বঞ্চিল কাল আসি মমঘরে॥

নারীমধ্যে হেন আর নাহি সুশিক্ষিতা দান ধর্ম শিশ্পকর্ম করণে দীক্ষিতা।। যেন ৰূপ তেন গুণ একই সমান। কতবার মহাকটে কৈল পরিত্রাণ।। निक जुश्रयं जुश्यी नाहि इहे उत्पायन । দ্রোপদীর ছঃখ হেরি সকাতর মন।। বিশেষ অপূর্ব্ব শুন আজিকার কথা। শুন্সালয় দেখিয়া আইল জয়দ্রথা।। রন্ধনে আছিল কুঞা দেখি শুভাষরে। হরিয়া সইতেছিল হস্তিনা নগরে।। তেমতি ধাইলাম পথে পঞ্চ সংহাদর। চক্ষুর নিমিষে তবে ধরি রকোদর।। ধরিয়া তাহারে চুলে করিল লাঞ্চনা। প্রাণ রাখিল মাত্র শুনি মম মানা।। কেবল তোমার মুনি চরণপ্রদাদে। নিমিষেকে পরিত্রাণ কৈমু অপ্রমাদে॥ এইমাত্র আশ্রমেতে আসি পঞ্চ জনে। সে কারণে বসে আছি নিরানন্দমনে।। বড়ই অসহা বজ্ঞ নারীর হরণ। ইহার হইতে শ্রেষ্ঠ শতাংশে মরণ।। আজন্ম পাইনু চুঃখ নাহি পরিমাণ। নাহিক না হবে ছুঃথী আমার সমান।। যুধিষ্টির নুপতির এই বাক্য শুনি। ঈবৎ হাসিয়া তবে কহে মহামুনি।। কহিলে যতেক কথা ধর্মের নন্দন। তুঃখ হেন বলি নাহি লয় মম মন।। কি তুঃথ তোমার রাজা অরণ্য ভিতর। ইন্দু চন্দ্র তুল্য সঙ্গে চারি সহোদর।। বিশেষ সংহতি যার যাজ্ঞসেনী নারী। মহিমা কহিতে যার আমি নাহি পারি॥ এতেক ব্রাহ্মণ নিত্য করাও ভোজম। ত্মি যদি বনবাসী গৃহী কোন জন।। দয়া সত্য ক্ষমা শাস্তি নিত্য দান ধর্ম। পৃথিবী ভরিয়া রাজা তোমার সুকর্ম।। নিশ্চয় কহিন্তু এই লয় মম মন। বসুমতীপতিযোগ্য তুমি সে ভাত্র

অম্প্রদিনে দেখ রাজা কৌরবের অস্ত। কহিনু তোমারে রাজা ভবিষ্যুর্ত্তাস্ত ।। আর যে কহিলে ভুমি ছুফ্ট জয়দ্রথে। দ্রৌপদী লইতেছিল হস্তিনার পথে।। নারীতে এতেক কম্ট কেহ নাহি পায়। কিছু ছঃখ নাহি মনে আমার তাহায়। পর নয় জয়দ্রথ বন্ধু যারে বলি। হস্তিনা আপন রাজ্য কুটুম্ব সকলি।। সবে গিয়া উদ্ধারিলা হস্তিনা না যায়। এ কোন কৃষ্ণার চুঃখ মম অভিপ্রায়।। দ্রৌপনী হইতে শত গুণেতে ছুঃখিতা। लक्कीक्ष्या जनकनिष्मनी नाम मीठा।। অনাদি পুরুষ যাঁর প্রভু নারায়ণ। হরিয়া লইল তাঁরে লক্ষার রাবণ।। দশ মাস ছিল বন্দী অশোক কাননে। নিত্য নিত্য প্রহারিত যত চেড়ীগণে।। ভবে রাম মারি সব রক্ষ তুরাচার। মহাক্লেশে করিলেন সীতার উদ্ধার।। দ্রৌপদী হইতে সীতা ছুঃখিতা বিখ্যাত। যারে তারে জিজ্ঞাসহ কে না আছে জ্ঞাত চতুৰ্দ্দশ বৰ্ষকাল বনে মহাক্লেশে। জটা বল্ক পরিধান তপস্থীর বেশে।। দশ মাস মহাকষ্ট রামের বিচ্ছেদ। কি তুঃখ রুঞ্চার রাজা কেন কর খেদ।। মার্কণ্ডেয়-মুখে এত শুনিয়া বচন। জिड्डाम। करतन उर्दि धर्मात नन्मन।। निरंतम्य कति सूनि कत अवधान। .শুনিবারে ইচ্ছা বড় ইহার বিধান।। জিবিলেন কি কারণে মর্ত্যে নারায়ণ। কি মতে তাঁহার সীতা হরিল রাবণ।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

জয় বিজয়ের অভিশাপ এবং হিরণ্যাক হিরণ্যকশিপুর জয়। ইহা কছিলেন যদি ধর্মের নন্দন। শুন যুধি**ন্তিধ ধর্মান্তত নৃপম**ণি। পূর্কের রন্তান্ত এই অপূর্ক কাহিনী।। যবে সত্যযুগ আসি করিল প্রবেশ। বৈকৃঠে ছিলেন প্রস্কু দেব হাষীকেশ।। দ্বার রক্ষা হেতু ছিল উভয় কিঙ্কর। জ্যেষ্ঠ জয় বিজয় কনিষ্ঠ সহোদর।। ব্রাক্সণের দ্বার রোধ নহে কদাচন। এক দিন দেখ রাজা দৈবের ঘটন।। ব্রাহ্মণ যাইতেছিল কুষ্ণ সম্ভাষণে। বেত্র দিয়া দ্বারে তাঁরে রাখে ছুই জনে।। দোঁহাকার কর্ম দেখি দ্বিজের সন্তাপ। পৃথিবীতে জন্ম দোঁহে দিল এই শাপ।। বজ্তুল্য দ্বিজবাক্য শুনি ছুই জন। তুঃখিত চলিল যথা প্রভু নারায়ণ।। কহিল শাপের কথা করিয়া বিশেষ। কহিলেন শুনি তবে দেখ হ্নণীকেশ।। আমা হতে শত গুণে শ্রেষ্ঠ দ্বিজবর। হইল ভাঁহার মুখে অলভ্যা উত্তর ।। কাহার শক্তি ভাহা করিৰে হেলন। অবশ্য জন্মিবে ক্ষিতিমধ্যে চুই জন।। শুনিয়া ি ছুর কথা ঈশ্বরের মুখে। জিজ্ঞাসা করিল দোঁহে অতিশয় তুঃখে।। কর্মদোমে দ্বিজবাক্য লব্জ্যন না যায়। কিৰূপে হইবে শান্তি জন্মিব কোথায়।। আজ্ঞা কর শীঘ্র পাই যাহাতে তোমায়। কতকাল থাকিব ছাড়িয়া তব পায়।। গোবিন্দ বলেন জন্ম লহ মর্ত্যলোকে। কহি এক উপযুক্ত উপায় তোমাকে।। মোর মিত্রভাবে জন্ম ধর গিয়া যদি। ভ্রমণ করিবে সপ্ত জনম অবধি।। শক্রবপে হিংসা যদি করহ আমার। 👑 গর্ব্বের যন্ত্রণা মাত্র তিন জন্ম সার।। চিন্তা না করিহ কিছু আমার হিংসনে। আমিহ জন্মিব গিয়া ভক্তের কারণে।। যদি দোঁতে জন্ম লবে শুন বারে বারে। শাপান্ত করিব আমি তিন অবতারে।।

এতেক প্রভুর মুখে শুনিয়া উত্তর। মর্তোতে জন্মিল দেঁছে তুঃথিত অন্তর।। হেনকালে মহাশ্চর্য্য শুন আর কথা। দক্ষের নন্দিনী দিতি কশ্মপ্রনিতা।। পুত্রকাম্য করি গেল স্বামীর গোচর। সায়ংসন্ধ্যা করিবারে যায় মুনিবর ।। দিতি বলে পশ্চাৎ করিবে সন্ধ্যা তৃমি। প্রাক্তা কর পুত্রকাম্যে আইলাম আমি।। মুনি বলে হল এই রাক্ষসী সময়। ইথে পূজ জন্ম হলে কছু ভাল নয়।। দিতি বলে মুনিরাজ নহিলে না হয়। মানস করহ পূর্ণ জন্মাহ তনয়।। হেনমতে এই কথা কহে যদি দিতি। পুত্রবর দিয়া মুনি কহে ছুঃখমতি।। মুনি বলে না শুনিলৈ আমার বচন। হইবে অবশ্য তব যুগল নন্দন।। মহাবল পরাক্রম আমার উর্দে। किन्छ जात: छुक्टे इत्व नमद्युत (मार्य।। ধর্মপথ বিরোধী জিনিবে ত্রিভুবন। দেখিয়া দেবের ছুঃখ প্রভু নারায়ণ।। অবতরি নিজ-হস্তে বধিবে দোহাকে। তুমিহ পরম তুঃখ পাবে প্রশোকে।। এতেক বলিলে মুনি ভবিষ্য উত্তর। নিজালয়ে গেল দিতি ছঃখিত অন্তর ।। মুনির উর্বে রাজা দিতির গর্ভেতে। জয় বিজয়ের জন্ম হল হেনমতে।। यथाकारल अमिवन (मवी माकाश्र)। প্রত্যক্ষ হইল যত মুনির কাহিনী।। জন্মকালে হল তবে বিবিধ উৎপাত। ধরণী কাঁপিল শব্দে সঘনে নির্ঘাত।। ১ প্রাতঃকাল হতে যেন বাডে দিনকর। জন্মশাত্র হৈল মন্ত মহাবলধর।। হিরণ্যাক্ষ হিরণ্যকশিপু ছুই জন। ধর্মপথ বিরোধিতে করিলেক মন।। यक नके कतिया दिश्मिन (मनगर)। रेक्प्रभम लहेशा बंगिन मिश्हांमरन।।

একত্র হইয়া তবে যত দেবগণে। निक पृथ्थ जानाहैन विश्वाजात स्थारन ॥ অতি ছুঃখ পান ত্রহ্মা দেব ছুঃখ শুনি। আশ্বাসিয়া কহিলেন তবে পল্নযোনি। **७** इ ना कतिह मत्य याह यथाञ्चातन । পুর্বেতে বিচার আমি করিয়াছি মনে । অখিল দেবের গতি দেব নারায়ণ। তাঁহা বিনা নিস্তারিতে নাহি কোন জন।। আমার বচনে ঘরে যাহ সর্বজন। শুনিয়া আনন্দে দবে করিল গমন।। অপূর্ক শুনহ তবে রাজা মুধিন্ঠির। যুদ্ধ হেতু দৈত্যপতি হইল অন্থির।। সুরাস্থর সবে জিনি যত ত্রিভুবনে। হেন জন নাহি যুদ্ধ করে তার সনে।। শৃদ্ধ বিনা রহিতে না পারে দৈতাপতি। মল্বুদ্ধ করে হীনবলের সংহতি।। হিরণ্যকশিপু ভাতে রাখি সিংহাসনে। আপনি চলিল রাজা যুদ্ধ অম্বেষণে।। মহাপরাক্রমে ধায় গদা লয়ে হাতে। रेनवरपारन नांत्रन महिल राम्था भरथ।। মুনি দেখি জিজ্ঞাদিল করিয়া বিনয়। কার সনে যুদ্ধ করি কহ মহাশয়।। নারদ বলেন তব সম যোদ্ধা হরি। দৈত্য বলে তারে বল কোথা চেষ্টা করি ॥ কহ মুনি কোথা তার পাব দরশন। তোমার প্রসাদে তবে মুখে করি রণ।। নারদ বলেন তব বিক্রম বিশাল। সেই ভয়ে লুকাইয়া আছেন পাতাল।। ধরিয়া বরাহমূর্ত্তি আছে চুঃখমনে। শীঘ্র চল তথা যুদ্ধ কর তাঁর সনে।। শুনিয়া দৈত্যের পতি বিক্রমে বিশাল। মুনিরাজে নমক্ষরি প্রবেশে পাতাল।। তথায় দেখিল পুরী পূর্ণ সব জল। 🕐 না পায় বিষ্ণুর দেখা চিন্তি মহাবল।। জলেতে গদার বাড়ি মহাক্রোধে মারে। কহ হরি কোথা গেলে ডাকে উটেচঃস্বরে

হেনকালে রূপাসিকু প্রভু নারায়ণ। ভক্তের উদ্ধার হেতু দেন দরশন।। কত দূরে গর্জ্জি দেব করে মহাশব্দ। শুনিয়া দৈত্যের পতি হল মহান্তর।। মহাক্রোধে ধায় বীর গদা লয়ে হাতে। দৈবাৎ বরাহ সহ দেখা হল পথে।। হিরণ্যাক্ষ বলে কহ ভোমার গর্জন। শুনিয়া কম্পিত তিন ভুবনের জন।। নহে বা এমন দর্প হেথা কেবা করে। নিশ্চয় মজিবে আজি আমার প্রহারে॥ বাক্যযুদ্ধ হল আগে পরে গালাগালি। পশ্চাতে করিল যুদ্ধ ছুই মহাবলী।। বিশেষ প্রকারে যুদ্ধ হল বহুতর। বিস্তারিয়া দেই কথা কহিতে বিস্তর।। তথায় লইয়া তুই দৈত্যের পরাণ। কামৰূপী বরাহ রহেন যথাস্থান।। অনেক বিলম্ব দেখি যত পুরজন। ভাবিত হইল সবে না বুঝে কারণ।। কনিষ্ঠ আছিল তার অমরের রিপু। সিংহাদনে মহারাজ হিরণ্যকশিপু।। ভাতার বিলম্ব দেখি চিন্তাকুল মন। হেনকালে উপনীত ব্রহ্মার নন্দন।। নারদে দেখিয়া দৈত্য আনন্দিত মনে। হাতে ধরি বসাইল রত্নসিংহাদনে।। মুনিরাজে জিজ্ঞাসিল ভাতার বারতা। নারদ কহিল রাজা শুন তার কথা।। যুদ্ধ হেতু তব ভ্রাতা ভ্রমি বহুকাল। যোগ্য না দেখিয়া পাছে প্রবেশে পাতাল পূর্বেক ক্ষিতি উদ্ধারিতে দেবাদেব-হরি। দেৰকাৰ্য্য সাধিতে বরাহরূপ ধরি।। দৈবযোগে তাঁর সহ দেখা রসাতলে। দারুণ হইল যুদ্ধ ছুই মহাবলে।। তাঁর ঠাঁই হিরণ্যাক্ষ হইল নিধন। এত দিন না জান এ সব বিবরণ।। শুনিয়া দৈত্যের পতি পায় বড় শোক। এদিকে নারদ চলিলেন ব্রহ্মলোক।।

দৈত্যপতি বলে মোর খণ্ডিল বিশায়।
বিষ্ণু সে আমার শত্রু জানিত্ব নিশ্চয়।
তাহা বিনা না হিংসিব কন্তু অক্তজনে।
পাইব তাহার দেখা ধর্ম্মের হিংসনে।।
এতেক বিচারি দৈত্য করি বড় ক্রোধ।
যথা ধর্মা তথা যজ্ঞ করয়ে বিরোধ।।
স্বর্গ মর্ত্য রসাতলে সবে পায় ভয়।
নিস্তেজ হইল সবে গণিয়া প্রলয়।।
কত দিনান্তরে রাজা শুন বিবরণ।
প্রহলাদ নামেতে তার জন্মিল নন্দন।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

## প্রহলান-চরিত্র।

শুন যুধিষ্ঠির রাজা অপুর্ব্ব কথন। প্রহলাদ নামেতে তার জিমাল নন্দন।। দিনে দিনে হল শিশু মহাজ্ঞানবান। বৈষ্ণবেতে নাহি কেহ তাহার সমান।। নারায়ণ-প্রায়ণ শান্ত শুদ্ধমতি। তাহার পরশে হয় শুদ্ধ বসুমতী।। পুজের চরিত্র দেখি ছুঃখিত অন্তরে। নিযুক্ত করিল গুরু পড়াইতে তারে।। আশ্চর্য্য শুনহ বলি তার বিবরণ। পাঠশালে গুরু বসি থাকে যত ক্ষণ।। কেবল রাখিয়া মাঁত্র পুস্তকেতে দৃষ্টি। মনে মনে জপে নিজ নারায়ণ ইপ্তি।। কার্ন্য হেতু গুরু যবে যায় যথা তথা। তবে শিশুগণে ডাকি কহে এই কথা।। শুন ভাই এই পাঠে কোন প্রয়োজন। না জানহ বড় শক্র আছমে শমন।। তরিয়া যাইতে আর নাহিক উপায়। ক্লফপদে রাখ চিত্ত কারো নাহি দায়।। এমত প্রকারে নিত্য কহে শিশুগণে। আর দিন তারা সবে কহেন ত্রাহ্মণে।। শুনিয়া শিষ্যের কথা গুরু ধায় বেগে। প্রহলাদ চরিত্র কহে নৃপতির আগে।।

বিপ্র বলে শুন রাজা হইল প্রমাদ। সকল করিল নম্ট তোমার প্রহলাদ।। যতেক পড়াই আমি তাহে নাহি মন। অনুক্ষণ জপে বিষ্ণু রাম নারায়ণ।। কুষ্ণ বিনা তার আর শাহি মনোরথ। সকল বালকে লওয়া(ই)ল সেই পথ।। ু এতেক রন্তান্ত যদি ব্রাহ্মণ কহিল। ক্রোধভরে নরপতি পুজেরে ডাকা(ই)ল।। জিজ্ঞাসিল কহ বাপু বিচার কেমন। তামার পরম শক্ত সেই নারায়ণ।। কেবা সেই বিষ্ণু তার চিন্তা কর র্থা। অধ্যাপক ব্রাহ্মণের নাহি শুন কথা।। শিশু বলে এই কথা পড়িলে কি হবে। অনিত্য সংসার পিতা কেমনে তরিবে।। না জান পরম শক্ত আছে যে শমন। ইথে কে করিবে রক্ষা বিনা নারায়ণ।। অথিল সংসার মাঝে যত চরাচর। । সেই নারায়ণ সর্বভূতের ঈশ্বর ॥ এ তিন ভুবনে আছে যাঁহার নিয়ম। তাঁহার আশ্রয় নিলে কি করিবে যম।। অসংখ্য তাঁহার মায়া কহনে না যায়। সর্বভূতে অনুবাপ ভ্রমিয়া বেড়ায়।। নিযুক্ত ক্রেন নানা বুদ্ধি স্থানে স্থানে। বৈরিব্রপে সদা তুমি ভাব তাঁরে মনে।। অভাগ্য তাহারে বলি উক্তি নাহি যার। চিরকাল ছঃখে ভ্রমে মিথ্যা জন্ম তার।। ধ্যান করি ত্রহ্মা যাঁর নাহি পান দেখা। তুমি জামি কিবা ছারতাহে কোন লেখা।। আমার পরম বিদ্যা সেই দেব হরি। অশেষ বিপদ হতে ঘাঁর নামে তরি।। > তাহা ছাড়ি অন্য পাঠ পড়ে যেই জন। অমৃত ছাড়িয়া করে গরল ভক্ষণ।। শুনিয়া পুজের মুখে এতেক ভারতী। মহাকোধে বলে তবে দানবের পতি।। মোর বংশে হল এই চুফ্ট ছুরাশয়। কার্কের ভিতর যথা থাকে ধনঞ্জয়।।

জিমিলে পুড়িয়া কার্ম্ভে করে ছারখার। তেমনি জন্মিল চুষ্ট কুপুত্র আমার।। আমার শক্রর গুণ গায় অবিরত। আআপিক ত্যজি হয় পর অনুগত।। না রাখিহ এই শিশু মারহ তৎকাল। বিলয় হইলে বহু বাড়িবে জঞ্জাল।। রাজার প্রমুখে শুনি যত দৈত্যগণ। চতুর্দিকে ধরি সবে করে প্রহর।।। একে একে করিল সকলে অস্ত্রাঘাত। কিছুতেই না হইল তাহার নিপাত।। বিষ্ময় মানিয়া পুজে ডাকে দৈত্যপতি। জিজ্ঞাসিল কি প্রকারে পেলে অব্যাহতি এখন করহ ত্যাগ শত্রুগণ-কথা। নিজ শাস্ত্র অধ্যয়ন করহ সর্কথা।। নিতান্ত যদ্যপি তোর আছে ইফৌ মন। করহ শিৰের সেবা করিয়া যভন।। প্রহলাদ কহিল মোরে রাখিলেন হরি। হরি স্থা থাকিতে কে হয় মম অরি॥ কত শিব কত এক্ষা কত দেব দেবী। না পায় তাঁহার অন্ত বহুকাল সেৰি।। আমার পরম ব্রহ্ম তাঁহার চরণ। অন্য পাঠ পঠনেতে নাহি প্রয়োজন।। এত শুনি মহাক্রোধে দৈত্যের ঈশ্বর। কহে শিশু মার আনি দম্বাল কুঞ্জর।। প্রহলাদে বেডিল আসি যতেক বারণ। আজ্ঞামাত্র ধরিল যতেক দৈত্যগণ।। অঙ্কুশ আঘাতে দন্ত দিল দন্তিগুলা। অঙ্গে ঠেকি ভাঙ্গে যেন সুকোমল মূলা।। বিস্ময় মানিয়া রাজা জিজ্ঞাদে রুতান্ত। কহ পুজ্র কি প্রকারে ভাঙ্গে গজদন্ত।। শিশু বলে কুম্ভিদন্ত বজ্রের সমান। কি মতে ভাঙ্গিব আমি নহি বলবান।। একান্তে আছয়ে যার নারায়ণে মতি।

তাহার করিতে মন্দ কাহার শকতি।। শুনিয়া দৈত্যের পতি অতি ছুঃখমনে।

ভাকিয়া আনিস যত অমুচরগণে।।

যেইৰূপে পার শীঘ্র মার এই পাপ। ইহার জীবনে বড় পাইব সন্তাপ।। ইহা শুনি যত দৈত্য প্রহলাদে লইল। বিষম অনল জ্বালি তাহাতে ফেলিল।। ক্লফ বলি অগ্নি মাঝে পড়া মাত্র শিশু भौजन इहेन विक्र ना इहेन किছू॥ দেখিয়া যতেক দৈত্য ছুঃখিড অন্তর। নিকটে পর্বত ছিল অতি উচ্চতর।। সবে মিলি গিরি শিরে প্রফ্লাদেরে তুলি অবনীমগুলে তারে ফেলাইল ঠেলি।। পড়ে শিশু নারায়ণ চিন্তিয়া অন্তরে। বালক শুইল যেন তুলার উপরে।। দেখিয়া দৈভ্যের পতি চিন্তাকুল মনে। निकटि छोकिया তবে यछ मञ्जिशत।। সংহার করিতে শিশু দিল তার হাতে। কতেক প্রহার করে নারিল বধিতে।। ভবে রাজা নিকটেতে ডাকি মল্লগণে। ক্রীড়াযুদ্ধ আরম্ভিল বধিতে নন্দনে।। প্রহলাদে মারিতে কৈল যক্ত আরম্ভণ। তাহাতে হইল দগ্ধ সকল ব্ৰাহ্মণ।। তবে ত দেখিয়া শিশু দ্বিজের মরণ। পরিত্রাহি ডাকে রক্ষা কর নারায়ণ।। এইত ত্রাহ্মণ হয় তোমার শরীর। ইহার মৃত্যুতে আমি হইনু অস্থির।। বিশেষে আমার হেতু ত্রাহ্মণের ক্লেশ। আমারে করিয়া রূপা রাথ হৃণীকেশ।। তবে যদি ভ্ৰান্দ্ৰৰ না হইবে সজীব। অগ্নিতে প্রবেশ করি আমিহ মরিব।। একপ অনেক শিশু করিল স্তবন। ভক্তছৃ ३थ मिथि তবে দেব নারায়ণ।। की या हिया किटलन तम जिल्ला वाकार। पिथिया शब्लाम रल कुष्ट्रली मत्न।। দৈতাপতি শুনি এই সব সমাচার। ना जानिया मृष्मि वटल श्नर्कात ।। যাহ সবে সয়ভুতে আন কালসাপ।

দংশিয়া মারুক পাজি কুলাকার পাপ।।

রাজার আজায় যায় যত দৈত্যগণ। ভুজক আনিয়া দিল করিতে দংশন।। পরম বৈক্ষব তেজ শিশুর শরীরে। তাহাতে দেূ সব তেজ কি করিতে পারে। পাধাণ বান্ধিয়া উবৈ প্রহলাদের গলে। ক্রোধমনে ফেলাইল সমুদ্রের জলে।। শিশুর সন্ত্রুম কিছু নহিল তাহায়। নিমগ্র করিয়া চিত্ত গোবিন্দের পায়।। ডাকিয়া বলিল শিশু রাথহ সঙ্কটে। তোমার কিন্ধর মরে ছুটের কপটে।। অবশ্য মরণ নাথ তুঃখ নাহি তায়। সবেমাত্র ভজিতে না পেনু রাঙ্গা পায়।। এৰূপ অনেক মতে করিল স্তবন। জানিয়া সেবক-ছুঃখ দেব নারায়ণ।। পাবাণ ভাসিল জলে ক্লুক্ষের কুপায়। বিষ্ণুভক্ত জনে কভু নাহিক সংশয়।। তাহা অবলম্ব করি আপনার সুখে। রুষ্ণ রুষ্ণ জপে শিশু পরম কৌতকে।। জানিয়া একান্ত ভক্ত দেব দামোদর। ভক্তের অধীন প্রভু আসিয়া সত্তর।। কোলে করি আলি**ঙ্গন করেন তাহায়।** পদহন্ত বুলাইলেন প্রহলাদের গায়।। কহেন প্রহলাদে তবে মাগ ইফটবর। শুনিয়া কহিল শিশু যুড়ি ছুই কর।। যাহারে এতেক শ্রদ্ধা আছয়ে তোমার। ব্রহ্মপদ ভুচ্ছ তার বর কোন ছার।। ইঙ্গিতে ইন্দ্রের পদ দিতে পার তুমি। কেবল লাঞ্না তাহা জানিলাম আমি।। রাজ্য ধন ভাতৃ পুত্ত দারা পরিবার। প্রভূপণে সবাকে করিব অহঙ্কার।। মহামদে মত্ত হয়ে অনীতি করিব। আছুক অন্যের দায় তোমা পাসরিব।। बन्तर्भ पित्न श्रेष्ट्र नाहि श्राद्यां में। কেবল আমার বাঞ্চা তোমার চরণ।। তবে যদি বর দিবে অথিলের পতি। রূপ। করি কর মোর পিতার সদাতি।।

শুনিয়া শিশুর মুখে এতেক বচন। ভুষ্ট হয়ে জ্ঞীগোবিন্দ দেন আঞ্চিলন।। প্রহলাদে কহেন তুমি শরীর জামার। মম ভোগ মুখ তুঃখ সকলি তোমার।। উদ্ধার করিব আমি তোমার জনকে। নিজালয়ে যাও তুমি পরম কৌতুকে গা छ्छ टेमजानात जुमि ना कतिह जग्न । যথা তুমি তথা আমি জানিহ নিশ্চয়।। এত বলি বৈকুঠেতে যান দৈত্যরিপু। চর জানাইল যথা হিরণ্যকশিপু।। শুন রাজা তোমার পুজের সমাচার। ভাসিল পাষাণ জলে সহিত তাহার।। নানাবিধ যন্ত্রণা দিলাম মোরা সবে। না জানি পাইল প্রাণ কার অনুভবে।। শুনিয়া চরের মুখে এতেক বচন। নিকটে ডাকিল দৈত্য আপন নন্দন।। বিনাশ কালেতে বৃদ্ধি বিপরীত হয়। চরগণে আদেশিয়া পুজকে আনায়।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

নৃদিংহাবতার ও হিরণাকশিপু বধ। (২৩)
নিকটে আনিয়া রাজা অপন সন্ততি।
মধুর বচনে কহে প্রহলাদের প্রতি।।
কহ পুত্র বিস্ময় যে হল মোর মনে।
এতেক বিপদে তোরে রাখে কোন জনে।।
শিশু বলে যেই সর্কভূতে নারায়ণ
সক্ষট হইতে তারে আছে কোন জন।।
নয়ন থাকিতে পিতা না হইও অন্ধ।
তোমারে কহিলু যুচাইয়া মনোধন্ধ।।
বিলামানে কহিলে যে মোরে বধিবারে।
কত না করিলে পিতা অশেষ প্রকারে।।
যত অন্ধ্র প্রহারিল সব দৈতাগণে।
হিন্তালম্ভ ঠেকি দেহে ভাঙ্গে ততকানে।।

শীতল হইল অগ্নি দেখিলে প্রীক।। পড়িমু পর্বত হতে তাহে পেমু রক্ষা।। মহামত্ত মল্লগণ হল হীনদর্প। আরো জান বিষ-রস হীন কালসর্প।। প্রমাদে পাইমু রক্ষা যজের অন্যে। সমুদ্রে ফেলিলে তবে শিলা বান্ধি গলে।। সাক্ষাতে দেঁখিলে তবে ভাসিল পাষা। তথাচ নহিল দূর তোমার অজ্ঞান।। এ হেন বিভব সুখ সম্পদ তোমার। যার ক্রোধে নিমিষেকে হবে ছারখার।। এত শুনি দৈতাপতি কহিল পুজেরে। কোথা আছে তোর বিষ্ণু কোন ৰূপ ধরে। শিশু বলে আছে প্রভু সবার অন্তর। অনন্ত যাঁহার গুণ বেদে অগোচর।। আব্রহ্ম পর্যান্ত কীট সকল সংসারে। আত্মাৰূপে আছে প্ৰভু সবার ভিতরে।। দৈত্য বলে বিষ্ণু আছে সবার হৃদয়। সংসার বাহির পুত্র এই স্তম্ভ নয়।। ইতিমধ্যে বিষ্ণু যদি থাকিবে সর্ব্বথা। যথার্থ জানিব তবে তোমার এ কথা।। প্রহলাদ কহিল শুন মোর নিবেদন। যত জীব তত শিব ৰূপ নারায়ণ।। স্তম্ভ মধ্যে অবশাই আছে মোর প্রভু। অন্তথা আমার বাক্য না জানিহ কড়ু।। শুনিয়া পুজের মুখে এতেক ভারতী। নির্ণয় জানিতে তবে দৈত্যকুলপতি।। হাতে থজা লয়ে উঠে করি মহাদস্ত মধ্যথানে হানিলেক স্ফটিকের স্তম্ভ।। হেনকালে শুন রাজা অপূর্ব কাহিনী।

স্তমধ্যে আদি হরি হন অবতার।।
পূর্ব্বেতে ত্রন্ধার স্তবে যিনি নারায়ন।
মনুষ্য শরীর আর দিংহৈর বদন।।
স্তম্ভ কাটি নির্ধিয়া দেখে দৈতাপতি
দেখিল অভান্ত সুক্ষা অমন্ত আরুতি।।

ভক্তবাক্য পালিবারে দেব চক্রপাণি॥

সেবকের বাক্য আর রাখিতে সংসার।

সুন্দর সিংছের মুখ মনুষ্য শরীর। মুহূর্ত্তেকে স্তম্ভ হতে হইল বাহির।। ক্রমে ক্রমে বাড়ে যেন প্রভাতের ভানু। নরসিংহ বিস্তারিল ক্রমে নিজ তনু।। দেখিয়া বিরাটমূর্ত্তি ৰূপে দৈত্যঘটা। ব্ৰহ্মাণ্ড ঠেকিল গিয়া দিব্য সিংহজটা।। গভীর গৰ্জ্জিয়া কহে অট্ট অট্ট হাস। শব্দ শুনি ত্রৈলোক্যমগুলে হল ত্রাস।। এমত প্রকারে রাজা দেব নরহরি। হির্ণ্যকশিপু দৈতো রোষ ভরে ধরি।। উরুমধ্যে রাখি তারে বিদারিয়া বুক। মারেন তুরস্ক দৈত্য দেবের কৌতুক।। মহামূর্ত্তি দেখি ভয় পায় দেবগণ। নির্ভয় প্রহলাদ মাত্র করিল স্তবন।। কুপা কর কুপাসিন্ধু অনাথের নাথ। ত্রৈলোক্য কাঁপিল শব্দ শুনিয়া নির্ঘাত।। বিশেষ বিরাটমূর্ত্তি দেখিয়া তোমার। সুরাসুর মৃচ্ছাগত নর কোন ছার।। সম্বরহ নিজমূর্ত্তি দেখি লাগে ভয়। কি কারণে কর প্রভু অকালে প্রলয়।। হেনমতে কহে শিশু হইয়া বিকল। অন্তর্যামী নারায়ণ জানিল সকল।। শান্তমূর্ত্তি হয়ে তবে কহে ভগবান। নহিল না হবে ভক্ত তোমার সমান।। মহাভক্ত তুমি হও শরীর আমার। চিরকাল কর সুখে রাজ্য অধিকার।। একান্ত আমার ভক্তি না ছাডিবে মনে। তাপ না করিহ কিছু পিতার মরণে।। জিমিবে তোমার বংশে যত মহাবল। অবশ্য আমার ভক্ত হইবে সকল।। হেনমতে শাস্তাইয়া প্রহলাদ কুমার। অভিষেক করি তারে দেন রাজ্যভার।। এইমতে চুই ভাই শাপে মুক্ত হয়। পুনর্কার হল দেঁটিহ রাক্ষস হুর্জ্জয়।। মহাভারতের কথা অমৃত সমান। कामीशंच कानं करह स्थान श्रेग्वांम ॥

## অথ রামায়ণ।

রাবণ ও কৃত্তকর্ণের জন্ম।

বলিলেন মার্কণ্ডেয় শুন সমাচার। পূর্কে লক্ষা রাক্ষসের ছিল অধিকার।। মহামন্ত হয়ে সৰে হিংসিলেক দেবে। ব্রহ্মার সদনে গিয়া জানাইল সবে।। শুনিয়া কহিল ব্রহ্মা দেব-নারায়ণে। বিষ্ণুচক্রে ছেদিলেন যত দৈত্যগণে।। হতশেষ যত ছিল প্রবেশে পাতাল। ছদ্মকপে তথা সবে বঞ্চে চিরকাল।। বিশ্রবা নামেতে ছিল পুলস্তানন্দন 1 হইল ভাঁহার পুত্র নামে বৈশ্রবণ ॥ পুত্র দেখি প্রজাপতি করিয়া সম্মান। দিকপাল করি দিল লঙ্কাপুরে স্থান।। পাতালে রাক্ষ ছিল দীর্ঘকাল যায়। স্বস্থান লইতে পুনঃ করিল উপায়।। সুমানী নামেতে ছিল নিশাচরপতি। নিক্ষা নামেতে তার কন্যা গুণ্বতী।। কহিল কন্যারে সব ডাকিয়া সাক্ষাতে। উপায় করহ তুমি নিজ স্থান লতে।। পূর্কেতে আমার রাজ্য ছিল পুরী লঙ্কা। পাতালে এখন আসি দেবে করি শঙ্কা।। লক্ষায় কুবের আছৈ বিশ্রবা নন্দন। প্রকারে লইব লঙ্কা শুনহ বচন।। বিশ্রবার স্থানে তুমি যাহ শীঘগতি। প্রসন্ন করিয়া তারে জন্মাহ সন্ততি।। ইহা হতে পুত্ৰ হলে সাধি নিজকাৰ্য্য। দৌহিত্রে সম্ভব হয় মাতামহরাজ্য।। বিশেষ বৈমাত্র ভাই তাহার হইবে। ত্বই মতে রাজ্য নিতে তারে সম্ভবিবে।। পিতৃবাক্য শুনি তবে নিক্ষা রাক্ষ্সী। আইল মুনির কাছে পুত্র অভিলাঘী।। কায়মনোবাক্যে সেবা করিল বিস্তর। जुष्ठे हरत्र करह सूनि लह इस्टेवत ।।

কন্যাবলে পুজ্রকাম্যে আসিলাম আমি। বলিষ্ঠ নন্দন ছুই আজ্ঞা কর তৃমি।। বিশ্রবা বলিল এই সময় কর্কশ। হইবে যুগল পুজ তুর্জ্জয় রাক্ষস।। মুনির চরণে করি অনেক বিনয়। হরিষ বিধানে কন্যা পুনরপি কয়।। মনে তুঃখ জনমিল পুত্র কথা শুনি। সর্বগুণে এক পুত্র দেহ মহামুনি।। সন্তুষ্ট হইয়া তারে কহে তপোধন। সর্বাপ্তবে শ্রেষ্ঠ হবে তৃতীয় নন্দন।। এতেক শুনিয়া কন্যা আনন্দে রহিল। যথাকালে ক্রমে তিন পুত্র প্রসবিল।। জ্যেষ্ঠ জয় নামে হল তুর্জ্জয় রাবণ। (২৪) কুন্তুবৰ্ণ বিজয় অনুজ বিভীষণ।। জন্মশাত্র তিন ভাই মহাবল হল। মাতৃবাক্য শুনি সবে তপ আরম্ভিল।। মহাক্লেশে তপ কৈল সহস্ত বৎসর। ভূষ্ট হয়ে প্রজাপতি দিতে এল বর।। রাবণ বলিল অন্থ বরে কার্য্য নাই। অমর হইব জাজা করহ গোঁসাই।। ব্ৰহ্মা বলে জন্ম হলে অবশ্য মরণ। বহু ভোগ করিবে জিনিয়। ত্রিসুবন।। জিনিবা দেবতাসুর নাগ যক্ষ রক্ষ। অধীন তোমার হবে আর হবে ভক্ষ্য।। কুন্তুকর্ণ ছুরম্ভ যে জানি পিল্লযোনি। নিজ সৃষ্টি রাখিবারে চিন্তিলা আপনি।। তার মুখে বীণাপাণি-দেবীরে বসাল। ভ্রমবশে নিদ্রাবর রাক্ষস মাগিল।। শুনিয়া দিলেন বিধি ভাহে সেই বর। রাবণ কহিল তবে হইয়া কাতর।। পএ তিন ভুবনে তুমি সবাকার পতি। কি হেতৃ পৌল্লের কর এতেক তুর্গতি॥ ব্ৰহ্মা বলে ছয়মাসে দিন জাগরণ। म पिन क्रिंदिर यूट्य क्रम जिक्रूरन।। যদ্যপি জাগাও পুনঃ থাকিতে নিদ্রার। নিশ্চয় মরিবে সেই দিন সর্বাথায়।।

হেনমতে শাস্তাইয়া ভাই ছুই জনে। তবে বর নিতে কহে শেষে বিভীষণে।। বিভীষণ কহে অন্য ববে কার্য্য নাই। বিষ্ণুভক্তি আজ্ঞা মোরে করহ গোঁদাই।। কদাচিত নহে যেন অংশ্যেতে মতি। ভুষ্ট হয়ে স্বস্তি স্বস্তি বলে প্ৰজাপতি।। আমি তোরে তুষ্ট হয়ে দিনু এই বর। ধর্ম কর চারি যুগ হইয়া অমর।। এতেক কহিয়া ব্ৰহ্মা গেলেন স্বস্থানে। পরম সম্ভোষ পায় ভাই তিন জনে।। কত দিনে দশানন লক্ষা নিল কাড়ি। রহিল পরম সুখে কুবেরে খেদাড়ি।। তবে ব্ৰহ্ম। তুই পকে কৈল সমাধান। কৈলাস-পর্কতে দিল কুবেরের স্থান ॥ তিন পুর জিনি ক্রমে করে অধিকার। হইল ছত্রিশকোটি কোটি পরিবার।। মেঘনাদ তার পুত্র অতি মহাবল। ইন্দ্রজিত নাম তার দিল আখণ্ডল।। ক্রমেতে জিনিল স্বর্গ মর্ত্ত্য রুসাতল। লক্ষায় আসিয়া খাটে দেবতা সকল।। এৰপে রাবণ রাজা করিল উৎপাত। তবে ইন্দ্র দেবগণে লয়ে নিজ সাথ।। ব্রন্ধার অত্যেতে গিয়া কৈল নিবেদন। আদ্যোপান্ত রাক্ষসের যত বিবরণ।। তবে ব্রহ্মা নিজ সঙ্গে লয়ে দেবগণে। উত্তরিল যথা প্রভু অনন্ত শয়নে।। অনেক কহিল বিধি দেবের বিধান। জানিয়া কারণ সব দেব ভগবান।। আখাদ করিয়া কহে মধুর বচনে। ভয় না করিহ সুথে থাক সর্বজনে।। অবনীতে অবতার হইয়া আপনি। নাশিব রাক্ষসগণে শুন পদ্মযোনি।। এতেক শুনিয়া সবে প্রভুর উত্তর। আনন্দ বিধানে গেল যে যাহার ঘর।। পূর্বের রন্তান্ত এই অপূর্ব কাহিনী। সংক্ষেপে কহিব তাহা শুন ধর্মমণি।।

জীরাম শুভ্তির জন্ম ও জীরামের দীতা দছ বিবাহ। (২৫)

সূর্য্যবংশে মহারাজ দশর্থ নামে। পুত্র হেতু ফজ্ঞ করে মহাপরিশ্রমে।। পূর্বেতে আছিল ভাঁর অনেক সুকর্ম। তেঁই তাঁর বংশে হরি লইলেন জন্ম।। ত্রিভূবনে অবতীর্ণ দেব ছঃখ অস্ত। বিধিবাক্যে নিজ ভক্তে করিতে শাপান্ত এতেক চিন্তিয়া মনে প্রভু ভগবান। চারি অংশে নিজজন্ম করেন বিধান।। তথায় নুপতি যজ্ঞ করে আনন্দেতে। অকম্মাৎ চরু উঠে যজ্ঞকুগু হতে।। (২৬) যজ্ঞপূর্ণ করে রাজা কার্য্যদিদ্ধি জানি। চরু লয়ে গেল যথা আছে তুই রাণী।। আনন্দে কহেন গিয়া দোঁহাকার আগে। ই**হাতে ভোজন দোঁতে** কর তুল্যভাগে।। নুপতির মুথে শুনি এইরূপ বাণী। নিলেন আনন্দে সেই চরু তুই রাণী।। সুমিত্র। নামেতে আর তৃতীয়া মহিনী। আইল দোঁহার কাছে পুত্র অভিলাঘী।। অদ্ধি অদ্ধি করি যবে খান ছুই জনে। হেনকালে সুমিত্রাকে দেখি বিদ্যমানে ! পুনর্কার করিল তা অর্দ্ধ করে। স্নেহ করি দিল দোহে সুমিত্রার ভাগে।। কৌশল্যা কৈকেয়ী তবে সুমিত্রারে কয়। অবশ্য হইরে তব যুগল তময়।। তুই পুত্র হয় যেন দেঁছেে অনুগত। তিন জনে প্রসঙ্গ হইল এই মত।। অমনি খাইল চরু আনন্দিতমনে।

সিংহাসনে তৃষ্টমনে আছে নৃপমণি।
একে একে প্রসবিল তিন রাজরাণী।।
কৌশল্যার গর্ৱে জন্ম নিলেন জ্ঞীরাম
পূর্ণ অবভার মূর্ত্তি দুর্বাদলশ্রাম।।
ফিনীম কৈকেমী পর্বে জনিল ভবন

যথাকালে গৰ্ৱবতী হল তিন জনে।।

দ্বিতীয় কৈকেয়ী গর্বে জন্মিল ভরত। এতিন স্কুবনে যার অতুল সহস্তু।। লক্ষণ নামেতে জ্যেষ্ঠ সুমিক্রার সুত। দিতীয় শক্রন্ধ লক্ষণসংযুত।।

হেনমতে জন্মিলেন বিষ্ণু অবতার। উল্লাসিত ধরাধাম হর্ষ সবাকার।।

দিনে দিনে বাড়ে যেন সিতপক্ষ চন্দ্র। অস্ত্র শস্ত্রে বিশারদ দেখিতে আনন্দ।।

মিথিলার অধিপতি জনক রাজর্ষি। বহুদিন লাঞ্চলেতে যজ্জভূমি চবি।।

তথায় জন্মিল লক্ষ্মী অযোনিসম্ভবা। পাইল লাঙ্গলমুখে পরম তুর্লু ভা।।

জন্ম অনুকাপ নাম রাখিলেন সীতা'।

কন্যার পালনে রাণী পরম সুস্থিতা।। এদিকে কারণ জানি যাবতীয় দেবে।

সঙ্গোপনে শির্ধকু রাখিলেন সবে।। জনকেরে কহিলেন সুরগণ ডাকি।

লক্ষীর সমান এই তোমার জানকী।। ছুর্জ্জর ধনুক ভাঙ্গিবেক যেই জন।

তাঁহারে জানকী দিবে কর এই পণ।।

সেইকপে রাজঋষি প্রতিজ্ঞা করিল। পত্র দিয়া পৃথিবীর নৃপত্তি আনিল॥

ধিকুক দেখিয়া সবে ডরে পলাইল। চুই চারি প্রাভবে কেছ না আসিল।।

যেৰূপে বিবাহ করিলেন রমুবীর।

শুনহ পূর্কের কথা রাজা যুধিষ্ঠির।। রাবণের অনুচর রাক্ষস রাক্ষমী

যজ্ঞ রক্ষা কারণে বিধান করি মনে। বিশ্বামিক মনি গেল দুশ্বথ-স্থানে।

যক্ত আরম্ভিলে মুনি নষ্ট করে আসি।।

বিশ্বামিত্র মুনি গেল দশরথ-স্থানে।। মুনি দেখি পুজি রাজা আনন্দিত মন।

জিজ্ঞাসিল এখানে কি হেতু আগমন।। মুনি বলে যক্ত নফ্ট করে নিশাচরে।

জ্ঞীরাম লক্ষণে দেহ যজ্ঞ রাখিবারে।। শুনি রাজা বিচারিল পাছে দেয় শাপ।

শ্রীরাম লক্ষণ গেলে হইবে সন্তাপ।। ছই মতে বিপরীত বুঝিয়া রাজন।

**बीतांग लकात्व कतित्वम समर्थव ॥** 

क्तांदर मदक कति यूनि यांन इत्रविष्ठ। হেনকালে তাড়কা সহিত দেখা পথে।। যেমন উদয় ঘোর কাদিয়িনীমাল। গলে মুগুমালা পরিধান বাঘছাল।। দেখিয়া রাক্ষমী মূর্দ্তি ভীত মহাঞ্চি। নির্ভয় করিয়া রাম মারেন রাক্ষ্সী।। ুতবে দোঁহে লয়ে গেল যজ্ঞের সদন। জীরামেরে বলিলেন সব বিবরণ।। শুন রাম সদা নাহি রহে এথা চুফী। তারন্ত করিলে যক্ত আসি করে নফী।। যত্তপুম নির্থিলে করে রক্তরৃষ্টি। কোথায় থাকয়ে কার নাহি চলে দৃষ্টি।। শ্রীরাম কহেন সবে হইয়া নির্ভয়। যজ্ঞ কর আসুক ঐ রক্ষ তুরাশয়।। কেবল তোমার মাত্র চরণ-প্রসাদে। কোনু ছার রাক্ষসেরে নাশিব জবাধে।। এতেক শুনিয়া মুনিগণ মহাসুথে। আরম্ভ করিল যজ্ঞ মনের কৌতুকে।। হেনকালে নভোমার্গে হেরি ধ্মচয়। আইল মারীচ তুষ্ট জানিয়া সময়।। মেঘেতে আচ্ছন্ন কৈল রাক্ষ্যের মায়া। যজ্জভূমে আসি তার লাগিলেক ছায়।।। দেখিয়া স্কল মুনি জীরামেরে কয়। ঐ দেখ আইল রাম রাক্ষস দুর্জ্জয়।। কোদগুপণ্ডিত রাম দেখিয়া নয়নে। যুড়েন ঐশীক বাণ ধনুকের গুণে।। মহাশব্দ করি বাণ ভাগ্নি হেন ভালে। গৰ্জিয়া উঠিল বাণ গগনমগুলে।। পলাইল নিশাচর মনে পেয়ে শক্ষা। লুকাইয়া রহে ত্রাদে প্রবেশিয়া লক্ষা।। <sup>¹</sup> দনির**াপদে যক্ত করে যত মু**নিগণে। वानीकां म करत वह बीतां म नकार।।। যজ্ঞ সাঙ্গে বিশ্বামিত্র আনন্দিত মন। শ্রীরাম লক্ষণে নিয়া করিল গমন।। রামেরে কহিল পথে ধন্মকের কথা। শুনিয়া ৰলেন রাম চল যাই তথা।।

হেনমতে সঙ্গে করি তুই সংহাদরে। উত্তরিল মহামুনি মিথিলানগরে।। দেখিয়া জনক কৈল বহু সমাদর। 😘 শ্যামমূর্ত্তি দেখি রামে চুঃখিত অস্তর।। গুপ্তে বিশ্বামিত্রে রাজা কহে কোন ক্রমে আমার বাসনা হয় কন্যা দেই রামে।। ৰূপ দেখি কদ্যা দান করিলে বিশেষে। কলক্ষ রটিবে উভয়ত সর্কদেশে।। বলিবে জনকরাজা বর-রূপ দেখি। প্রতিজ্ঞা লঙ্কিয়া দান করিল জানকী ।। यूर्व। यश्य जन्म नमत्रायत नम्मन । বিবাহ করিবে রাম না সাধিয়া পণ।। নিদারুণ পণে আমি না দেখি উপায়। কহ মুনি কি কর্মা করিব হায় হায়।। সীতাদেবী শুনি বার্তা আদে সঙ্গোপনে। দেখিয়া রামের রূপ চিন্তা করে মনে।। বিচার করিয়া দেবী মানিয়া বিসায়। কুলিশ সমান এই ধনুক তুৰ্জয়।। মধুর কোমল মূর্ত্তি জ্রীরঘুনন্দন। হায় বিধি কৈল পিতা নিদারুণ পণ।। অন্য অন্য পরস্পরে কথোপকথন। হরিষ বিশাদে এইমত সর্বজন।। বিশ্বামিত্র-মুখে রাম হয়ে অবগত। ভাঙ্গিবারে শরাসন হলেন উদ্ভত।। দৃঢ় করি কাঁকালি বান্ধিয়া ৰস্ত্র সারি। ধনুক তুলেন রাম বাম হাতে ধরি।। হেনকালে যোড়করে ঠাকুর লক্ষণ। সমাদরে বন্দিলেন যত দেবগণ।। বাসুকিরে বলিলেন ক্ষণ হও স্থির। যাবৎ ধনুকে গুণ না দেন রঘুবীর।। শুনহ সকল নাগ অষ্ট কুলাচলে। সাবধানে ধর ধরা যেন নাহি টলে।। লক্ষ্মণ কহিল রামে যোড় করি হাত। শীঘগতি শ্রাসন ভাজ রঘুনাথ।। ব্রন্ধা বিষ্ণু মহেশ্বরে করিয়া প্রণাম। रमदगरन क्रिटनन बन्मना खीतांम।।

मूनिशर्व अविषय एक इशेरकरण। নোরাইয়া ধকুপ্ত । দেন অনায়াসে।। যথন ধনুকে হাটু দিল রমুমণি। থর থর তথনে যে কাঁপিল মেদিনী।। মুনি ঋষি সিদ্ধগণ ভাবিতে লাগিল। মনুষ্য নহেন রাম তথনি জানিল।। পুনর্কার টঙ্কারিয়া দিতে মাত্র টান। মাঝখানে ভাঙ্গি ধনু হল ছুইখান।। শত বজাঘাত জিনি মহাশব্দ হল। আডুক অন্তের কাজ বাসুকি টলিল।। সেই শব্দ শুনি তবে লক্ষার রাজন। বলিল আমারে এই ক্রিবে নিধন।। এইমতে শরাসন ভাঙ্গে রঘুবীর। মিথিলানগর হল আনন্দমন্দির।। যুধিষ্ঠির বলে মুনি এ বড় বিসায়। পুর্ণ অবতার বিষ্ণু রাম মহাশয়।। আপনারে প্রথমিল কিসের কারণ। রুপা করি কর মুনি সম্পেহ ভঞ্জন।। যুনি বলে শুন যুধিষ্ঠির নুপমণি। সতাযুগে হল এই অপূর্ব্ব কাহিনী।। হিরণ্যকশিপু দৈত্য বধি নারায়ণ। নৃসিংহ বিরাটমূর্ত্তি হলেন যথন।। তাঁহার চীৎকার শব্দ শুনিয়া নির্ঘাত। ব্রাহ্মণী গর্ভিণী তার হল গর্ভপাত।। শাপ দিল মহামুনি পেয়ে তুঃখভার। যেই জন ক্রিলেক এত অহঙ্কার।। আপনারে না জানে সে অন্য অবতারে বল বুদ্ধি বিক্রম সে সকল পাসরে।। ব্রাহ্মণের অভিশাপ র্থা নহে কভু। ব্রহ্মপদাঘাত বুকে ধরিলেন প্রভু।। বিস্মিত হলেন আপনারে সে কারণ। ত্রহ্মার বিধানে পূর্কে রাবণ নিধন।। সে কারণে হন প্রভু মনুষ্য শরীর। পূর্কের র্ত্তান্ত এই রাজা যুধিটির ॥ তুর্জয় ধনুক যদি ভাঙ্গিলেন রাম। জনক রাজার ছল পূর্ণ মনকাম।।

সীতা সম্প্রদান হেতু বিচারিল মনে। শুনিয়া কছেন রাম জনকের স্থানে।। অযোধ্যানগরে দুত পাঠাও রাজন। পিতাকে জানাও আগে আমার মনন।। সহিত আসিবে আর ভাই ছুই জন। বিবাহ করিব তবে এই নিরূপণ।। জনক পাঠান তবে যত দূতগণে। কহিল সকল কথা নৃপতির স্থানে।। শুনিয়া হলেন রাজা আনম্দে পুরিত। ছুই পুত্র সহ রাজা আইল ত্রিত।। মহাকোলাহল শব্দ চতুরঙ্গ দলে। বেষ্টিত হইয়া রাজা মহাকুভূহলে।। মিথিলানগরে আসিলেন দশর্থ। জনক আইল আগুসরি কত পথ।। সমাদরে অভ্যর্থনা করে বহু মান। শুভক্ষণে রামে সীতা কৈল সম্প্রদান।। সীতাকুজা কন্যা ছিল পরম ৰূপ্সী। লক্ষণে প্রদান কৈল সুখে রাজখনি।। জনকের সহোদর কুশধ্বজ নাম। ছুই কন্যা ছিল তাঁর ৰূপে অনুপম।। ভরত শত্রুত্ব দোঁহে করাইল বিভা। বৈকুণ্ঠ জিনিয়া হল মিথিলার শোভা।। **ठजूर्कित्क यूनिश्व कटत (यमक्ष्र्नि।** আনন্দে পূরিল দশরথ নুপমণি।। ছুই ভ্রাতা কৈল ভবে চারি কন্যাদান। কৌতুকে যৌতুক দিল নাহি পরিমাণ।। দশরথ নৃপতিরে পূজিল বিশেষ। আনন্দবিধানে রাজা যান নিজ দেশ।। मूनिशर्व अविमन करम मर्सक्र । व्यानीक्षाम कति मटव कतिन शमन।। শীঘ্রগতি যায় রাজা উঠি নিজ রথে। হেনকালে ভৃগুরাম আগুলিল পথে।। ছুর্জন্ম শরীর তাঁর দেখি লাগে ভয়। গভীর গর্জন ক্রোধে রমুবীরে কয়।। আরে ছক্ষপোষ্য তুই রণে করিস আশা। মম নাম ধর তুমি এতেক ভর্সা।।

ক্ষজুকান্তক আমি জানে সর্বজনে। সেই কথা পরীকা করিব বিদ্যমানে।। তোরে না করিলে বধ লুপ্ত হয় নাম। পৃথিবীর মধ্যে যেন থাকে এক রাম।। হরের ধনুক ভাঙ্গি হলি বলবান। জীর্ণধন্ম ভাঙ্গিয়াছ কি তার বাখান।। দশরথ নৃপবর পেয়ে বড় ভয়। 🖣 কর্যোড়ে কৈল স্তুতি অনেক বিনয়।। না জানিয়া কৈল কর্ম্ম হইয়া অজ্ঞান। সেবক বলিয়া মোরে দেহ পুজ দান।। পিতৃ-ছঃখ দেখি তবে রাম মহাশয়। হাসিয়া কহেন পিতা না করিহ ভয়।। ডাকিয়া কহেন রাম তবে ভৃগুরামে। কি হেতু তোমার ছুঃথ হল মম নামে॥ যাহ বিপ্র ত্যজ আজি পূর্ব অহঙ্কার। অবধ্য ব্রাহ্মণ বলে পাইলে নিস্তার ॥ নহে বা এতেক দুঃখ সহে কার প্রাণে। দহন করিব ক্ষিতি আমি এক বাবে।। যখন ক্রিয় সহ তোমার সংগ্রাম। সেইকালে মহীতলে নাহি হল রাম।। কহিলে শিবের ধনু ছিল পুরাতন। দেখিব তোমার ধনু দেহ ত কেমন।। এত শুনি ভৃগুরাম ধনু লয়ে হাতে। क्रांथ छत्तं वाषा देशा तनन त्रयूनातथ ।। বিষ্ণুতেজ ছিল ভৃগুরাস্পের শরীরে। ধনুক সহিত প্রবেশিল রঘুবীরে।। তবে রাম গুণ দিয়া যুজি দিব্য শর। হাসিয়া কহেন তবে শুন দ্বিজবর।। অবধ্য ব্রাহ্মণ তুমি রুথা নহে বাণ। শীঘ্র কহ তোমার রুধিব কোন স্থান।। ্হতবুদ্ধি হয়ে তবে কহিল ভার্গব। না জানিয়া করি দোষ ক্ষমা কর সব।। স্বৰ্গ অভিলাষ নাই তব দরশনে। र्श्वत्रथ ऋष्क कति त्राथ धरे वाटन ॥ তবে রাম স্বর্গপথ বাবে কৈল রোধ। দেখিয়া সকলে করে চমৎকার বোধ।।

বিনয় করিয়া ভূগুরাম গেল বনে। দশর্থ রাজা গেল আপন ভবনে।। বিবাহ করিয়া যান চারি সহোদর। আনন্দমন্দির হল অযোধ্যানগর।। শাস্ত্রপাঠ নিমিত্ত ভরত মহাশর। শত্ৰু সহিত ছিল মাতামহালয় ॥ এইৰূপ নিয়মেতে কত কাল গেল। রাজ্য দিতে রঘুনাথে রাজা বিচারিল।। পাত্র মিত্র ডাকি সবে কহে সমাচার। অধিবাস কর রামে দিব রাজ্যভার ॥ কৈকেয়ী দাসীর মুখে শুনি এই কথা। অভিমানে রহিলেন ভরতের মাতা।। রজনীতে দশরথ গেল তার স্থানে। দেখিল কৈকেয়ী আছে মহা অভিমানে।। অনেক সাধিতে রাজা শেষে কহে রাণী। পাসরিলা মহারাজ পূর্কের কাহিনী।। ছুই বর দিতে মোরে কৈলে অঙ্গীকার। সেই বর দিয়া আজি সত্যে হও পার।। রাজা বলে প্রাণপ্রিয়ে এই কোন দায়। অবিলয়ে বর লহ দিব সর্কথায়।। কৈকেয়ী কহিল নাথ এই এক বর। ভরতে করহ এবে রাজ্যে দণ্ডধর।। দ্বিতীয় করহ পূর্ণ এই অভিলাষ। চতুর্দ্দশ বর্ষ যাবে রাম বনবাস।। শুনিয়া এতেক রাজা কৈকেয়ীর বাণী। মূচ্ছিত হইয়া শোকে পড়িল ধরণী।। চৈতন্য পাইয়া রাজা উঠি কতক্ষণে। रिकटकशीरत वत पिशा तरह छुश्थमत्न ॥ তবে রাম শুনিয়া এ সব সমাচার। পালিতে পিতার সত্য করি অঙ্গীকার।। বিদায় হইতে যান নুপতির স্থানে। ধূলায় ধূসর রাজা অতি ছঃখমনে।। তথা না পাইয়া কিছু পিতার উত্তর। বিদায় হইতে যান মায়ের গোচর।। **জীরামের বনবাস শুনি এই বাণী।** শোকভরে হতজ্ঞান কান্দে মহারাণী।।

বিলাপ করিয়া পুত্তে কত কৈল মানা।
মধুর বচনে রাম করেন সান্ত্রনা।।
পিতৃসত্য পালিবারে চলিলেন বন।
সংহতি চলিল সীতা অনুজ লক্ষ্মণ।।
দশরথের মৃত্যু ও ঞীরামাদির পঞ্বটীতে
ক্ষবস্থান।

দশরথ শুনি তবে রামের প্রস্থান। হা রাম বলিয়া তবে ত্যজিল পরাণ।।। পূর্কেতে আছিল অন্ধ মুনির এ শাপ। মরিবে পুজের শোকে পেয়ে মনস্তাপ।। হেনমতে নৃপতির হইল নিধন। অযোধ্যার ঘরে ঘরে উঠিল রোদন।। বিচার করিল পাত্র-মিত্রগণ যত। দূত পাঠাইয়া দেশে আনিল ভরত।। ভরত শুনিল আসি সব সমাচার। জননীরে নিন্দা করি করে তিরক্ষার।। নুপতির সৎকার হল সেই ক্ষণে। ভরতেরে কহে পাত্র বৈস সিংহাসনে।। ভরত কহিল সবে হলে জ্ঞানহত। সে কারণে বলিতেছ অজ্ঞানের মত।। পিতৃসত্য হেতু প্রভু চলিলেন বনে। আমি রাজ্যে নরপতি হব সিংহাদনে।। এমত অনীতি কর্ম করে কোন লোকে। ঈশ্বর থাকিতে রাজা সম্ভবে সেবকে।। বিশেষে মায়ের কর্ম শুনিতে তুম্কর। চল সবে যাই শীঘ্র রামের গোচর।। মাগিয়া মায়ের দোষ প্রভুর চরণে। যত্তে ফিরাইব সবে কমললোচনে।। ' যেমন করিয়া বেশ রাম যান বন। তেমন বাকল পরি ভাই ছুই জন।। শিরে জটাভার ধরি তপস্বীর বেশ। চিত্রকূট পর্বতেতে পেলেন উদ্দেশ।। অফ্টাঙ্গ লোটায়ে ক্ষিতি পড়িয়া চরণে। कत्राराट्य कहिरलन त्रांग विमागारन ॥ ' আজন্ম আমার মন জানহ গোঁসাই।

তোমার চরণ বিনা গতি অন্য নাই।।

আমারে করহ ক্ষমা জননীর দোব। কুপ। করি কর দূর মনের আকোশ।। চল রাম নরপতি হবে সিংহাদনে। শুন্য রাজ্য বিলম্ব না সহে সে কারণে।। তব বনযাত্র। বার্ত্তা শুনি লোকমুখে। প্রাণ ত্যজিলেন রাজা সেই মনোত্রুংখে। তবে রাম শুনিদেন সৰ সমাচার। পিতৃশোকে কান্দিলেন পেয়ে শোকভার।। উচ্চৈঃস্বরে কান্দিলেন বলি বাপ বাপ। সেই মত সর্বজন করিল সন্তাপ।। ভরতের চরিত্রেতে তৃষ্ট রমুনাথ। আনিঙ্গন করি অঙ্গে বুলালেন হাত।। কি দোষ তোমার ভাই কেন হেন কহ। প্রাণের সমান তুমি কছু দোধী নহ।। জननीत किवा (माय रेमरवं घटेन। দেশে গেলে পিতৃসত্য হইবে লঞ্জন।। **एक्ट्रं**ण वर्ष शांत्रि निवनिव वरन। তত দিন রাজা হয়ে বৈস সিংহাসনে।। 🤚 ভরত কহিল ইহা শোভা নাহি পায়। কিমতে পঞ্চাস্ত ভার জম্বুকৈ কুলায়।। তবে যদি পিতৃবাক্য করিবে পালন। চতুर्দ्रশ वर्ष वांग कत जूमि वन।। পাতুকাযুগল তবে দেহ নরপতি। নত্বা রহিব আমি তোমার সংহতি।। ভরতের ব্যবহায়ে কমললোচন। তুষ্ট হয়ে পুনরায় দেন আলিঙ্গন।। পাতুকা দিলেন রাম বুঝি মনোরথ। মাথায় করিয়া সুখে চলিল ভরত।। দেশে আসি পাতুকা রাখিয়া সিংহাসনে। চতुर्দितक তাহা বেড়ি বলে সর্কজনে।! সাবধানে রাত্রি দিনে পালে রাজধর্ম। ইহা বিনা ভরতের নাহি অন্য কর্মা।। 🗐 রাম লক্ষণ চিত্রকূট গিরিবরে। করিলেন পিতৃজ্ঞাদ্ধ ত্রিদশবাসরে।। লক্ষণ কহিল প্রস্কু চল এথা হতে। পুনর্কার ভরত আসিবে তোমা নিতে।।

এই মত বিচার করিয়া তিন জনে। কতক্ষণে যান অগস্ত্যের তপোবনে।। कात्र कानिया सूनि शत्र कान्दत । জীরাম লক্ষণে নিল আপনার ঘরে।। দিনেক বঞ্চিয়া তথা মাগেন বিদায়। জিজ্ঞাসেন কহ মুনি বঞ্চিব কোথায়।। জানিয়া ভবিষ্য কথা কহে তপোধন। স্থাশ্রম করহ সুখে পঞ্চবটী বন।। শুনিয়া গেলেন রাম আনন্দিতমন। সহিত জানকী আর অনুজ লক্ষণ।। মুহূর্ত্তিকে উপনীত পঞ্চবটীবনে। আশ্রম করেন রাম যথাযোগ্যস্থানে॥ বহুদিন রহিলেন পঞ্চবটী বনে। এক দিন শুন তথা দৈবের ঘটনে ॥ শুর্পনিখা নামে রাবণের সহোদরা। স্বচ্ছন্দগমনে ফিরে অত্যন্ত মুখরা।। চতুর্দিশ সহস্র সংহতি নিশাচর। খর ও দূৰণ সঙ্গে ছুই সংহাদর।। দুর হতে দেখে দোঁহে দিব্য ৰূপধারী। কামে হতচিন্তা হয়ে ছুফী। নিশাচরী।। সীতার সমান ৰূপ ধরিয়া রাক্ষসী। বিনয়ে কহিল সেই রাম পাশে আসি॥ নিবেদন করি আমি দেবের ছুহিতা। ভজিব তোঁমারে আজ্ঞা করহ সর্কথা।। শ্রীরাম কহেন তুমি ভজু অন্য জনে। সঙ্গেতে আমার নারী দেখ বিভামানে।। এত শুনি লক্ষণেরে কহিল রাক্ষ্মী। লক্ষণ কহিল আমি আজন্ম তপস্থী।। তবে শূর্পনথা অতিশয় ছুঃখমনে। কার্য্যসিদ্ধ নৈল মোর সীতার কারণে।। ইহারে খাইলে তুঃখ খণ্ডিবে আমার। এত বলি ধায় মুখ করিয়া বিস্তার।। দেখিয়া লক্ষণ ক্ৰোধে যুড়িলেন ৰাণ। দিব্য অস্ত্রে রাক্ষসীর কাটে নাক কাব।। কান্দিয়া রাক্ষসী ধর দূবণেরে কয়। দোঁহে আদি যুদ্ধ দিল ক্রোধে অভিশয়।

দেখিয়া উঠেন রাম অতিকোধমনে। स्टूर्खिक मश्टातिम निमान्तरात्।। তাহা দেখি শূর্পনথা ধায় অতি বেগে। কান্দিয়া কহিল গিয়া রাব্ধের আ্বাংগ।। শুন ভাই বলি দশরথের নক্ষন। ভার্য্যা সহ বনে আদে জ্রীরাম লক্ষ্মণ ॥ চতুৰ্দিশ সহত্ৰ রাক্ষ্ণ মারে ৰাণে। নাক কাণ কাটে মোর অস্ত্র খরশাণে।। যতেক কামিনী আছে এই ত্রিজগতী। সবার হইতে সেই সীতা ৰূপবতী।। দেখিয়া আনন্দ বড় হল মোর মনে। আনিতে করিনু ইচ্ছা ভোমার কারণে।। তাহাতে এ গতি মোর শুন মহাশয়। বুঝিয়া করহ কার্য্য উচিত যে হয়।। অনুক্ষণ রক্ষা করে ছুই মহাবীর। হরিয়া জানিতে দীতা মন কর স্থির।। শুনিয়া রাবণ হল ক্রোধেতে অজ্ঞান। বিশেষ শুনিয়া ভগিনীর অপমান।। সীতার ৰূপের কথা ভেদিল অন্তরে। কাছে ভাকি অবিলম্বে বলে মারীচেরে।। যাহ শীঘ্ৰগতি তুমি পঞ্চবটী বনে। মায়া করি দূরে লহ জ্রীরাম লক্ষণে।। আপনি যাইব আমি তপস্বীর বেশ। সীতারে হরিব যেন না পায় উদ্দেশ।। মারীচ কহিল রাজা মোর শক্তি নয়। আছে যে রামের বাবে ভাল পরিচয়।। বালক কালের শিক্ষা আমি জানি ভালে मूनि-यञ्ज नके एड्जू र्शनाम य काला। না দেখিয়া অস্ত্র রাম করিল সন্ধান। প্রবেশিয়া লক্ষাপুরী রক্ষা হল প্রাণ।। এখন যৌবনকালে ধরে মহাবল। এ কর্ম করিলে তার ভাল পাব ফল।। এত শুনি দশানন ক্রোধচিত্ত হয়ে। ·মারীচে মারিতে যায় হাতে খড়র **লয়ে।** ভয়েতে মারীচ বলে যাব পঞ্চবটী। তুমি বা মারহ কিবা রাম কেলে কাটি।।

অসহ তোমার বাক্য রাক্ষ্স হুর্জ্জন। তুমি মার কিবা রাম অবশ্য মরণ।। এত বলি চলিল মারীচ নিশাচর। রাবণ চলিল রথে হরিষ অন্তর।। উত্তরিল মারীচ যথায় রযুবর। কাঞ্চনের মৃগ অঙ্গ দেখিতে সুন্দর।। আশ্চর্য্য দেখিয়া সীতা হরিষ অন্তর। আনিতে কহিল রামে যুড়ি ছুই কর।। সীতার রক্ষণে রাখি লক্ষণ ঠাকুরে। মায়ামৃগ খেলাভিয়া রাম যান দুরে।। কতক্ষণে শ্রীরাম মারেন দিব্য শর। ভাই রে লক্ষণ বলি পড়ে নিশাচর।। ইহা শুনি বিশায় মানিয়া সীতা মনে। শেবে পাঠাইয়া দিল তথায় লক্ষণে।। সীতা হরণ ও এীরামের পঞ্চ বানরের স্হিত মিল্ন।

হেনকালে আসি তথা রাবণ হুর্জ্জয়। হরিয়া লইল সীতা দেখি শূন্যালয়।। শীঘ চালাইল রথ এরিামের শঙ্কা। পনায় পরাণ লয়ে যথা পুরী লঙ্কা।। পরিত্রাহি ডাকে দীতা রাম রাম বলি। চিহ্ন হেতু স্থানে স্থানে অলক্ষার ফেলি।। किंग्न नारमण्ड शकी मगद्रथमथा। বহুযুদ্ধ করিলে কাটিল তার পাখা।। পড়িয়া রহিল পথে পক্ষী পুরাতন। नक्काश्वती প্রবেশিল ক্রমে দশানন।। রাবণ বিনয় করি সীতারে বুঝায়। কুপা করি দেবি তুমি ভঙ্গ সর্বাথায়।। সীতা বলে মম প্রভু রাম বিনা নাই। কত দিনে সবংশে মজিৰে তাঁর ঠাঁই।। हैश श्रुति वस्त्री देवन अत्भाककानता। রক্ষক রহিল চেড়ী শত শত জনে।। মৃগ মারি রযুনাথ ভাশ্রমে আসিতে। লক্ষণ সহিত ভৰে দেখা হল পথে।। ঞ্জিরাম কছেন ভাই কি কর্ম করিলে। একাকী রাখিরা দীতা কি ছেতু আসিলে লক্ষণ বলেন দেবী তব শব্দ শুনি। আমারে নিন্দিয়া বহু পাঠান ত্থাপনি।। শীঘ্রগতি **আশ্রমে আ**সিয়া তুই বীর। শূন্যালয় দেখি দোঁহে হলেন অস্থির।। অনেক বিলাপ করি ছুই সংহাদর। অন্বেষণ করিবারে চলেন সত্তর ।। শোকাকুল হয়ে ভ্রমে কাননে কাননে। জিজ্ঞাসেন ডাকি রাম তরুলতাগণে।। ত্যজিয়া আহার পানী আলস্ত শয়ন। এইমতে ছুই ভাই করেন ভ্রমণ।। সীতার কন্ধণ এক ছিল সেই প্রথে। তুলিয়া নিলেন রাম কান্দিতে কান্দিতে।। যত দুর চিহ্ন পান বসন ভূষণ। সেই অনুসারে দোঁহে করেন গমন।। দেখিলেন রাম জটায়ুকে মৃতবত। পৰ্কতপ্ৰমাণ পক্ষী যুদ্ধে প্ৰাণ হত।। তাহার নিকটে চলিলেন ছুই জন। জটায়ু তুলিল মুগু জানিয়া কারণ ।। জিজাসিতে পক্ষিরাজ কহিলেন কথা। লক্ষাপুরী দশানন হরি নিল সীতা।। অরুণনন্দন আমি তব পিতৃস্থা। বধুর অবস্থা দেখি যুদ্ধে আসি একা।। অনেক করিতু যুদ্ধ করি প্রাণপণ। হতপাথা হল শেষে বধুর কারণ।। তোমারে সংবাদ,দিতে আছিল জীবন। উদ্ধার করিও রাম এই নিবেদন।। এতেক বলিয়া পক্ষী তাজিল জীবন। জানিয়া পিতার স্থা ভাই চুই জন।। অগ্নিকার্য্য করি তার পম্পানদীতটে। তথা হতে যান ঋষ্যমূকের নিকটে।। তথায় দেখেন পঞ্চ বানর প্রধান। सूरवर्ष सूत्रीय नल नौल इनुसान।। দোঁহারে প্রণাম করি জিজ্ঞানে সম্ভূমে। শ্রীরাম সকল কথা কহিলেন ক্রমে।। সুগ্রীব জানিল এই পুরুষ রতন। প্রণাম করিয়া করে নিজ নিবেদন।।

মোর জ্যেষ্ঠ বালি রাজা রাজ্য অধিকারী। বলে রাজ্য নিল আমি যুদ্ধেতে না পারি মুনিশাপে আদে হেথা তার শক্তি নাই। সে কারণে আছি প্রাণে শুনহ গোঁসাই।। ঞ্জীরাম বলেন কপিরাজ তুমি মিতা। তব রাজ্য দিব আমি তুমি দিবে সীতা।। 🦹 সুগ্রীব বলিল তবে যে আজ্ঞা তোসার। সীতা উদ্ধারিতে **প্রভূ** হল মোর ভার ॥ শ্রীরাম কহেন কালি প্রত্যুষ সময়। বালিকে মারিয়া রাজা করিব ভোমায়।। হেনমতে র্ঘুনাথ বালিরাজা মারি। সুগ্রীবেরে করিলেন রাজ্য অধিকারী।। চারিমাস সেইস্থানে রহে রঘুনার্থ। কপিরাজ সুগ্রীবেরে লয়ে তবে সাথ।। मगूज-मभीरभ यान रेमना मभारवरम । হনুমানে পাঠাইল সীতার উদ্দেশে।। প্রবনন্দন বীর পোড়াইল লক্ষা। 🔭 রাজপুত্র মারি বীর নৃপে দিল শঙ্কা।। সীতার উদ্দেশ করি আদে মহাবীর। শ্রীরাম লক্ষণ হইলেন তাহে স্থির।। **८इनकारल छन जाङा रेमव विवत् ।** রাবণ অনুজ ধর্মাশীল বিভীষণ।। করযোড় করি নুপে কছে বিধিমতে। মীতা দিয়া শরণ লইতে রঘুনাথে।। ধন রাজ্য বংশ বৃদ্ধি কর নরপতি। শুনিয়া রাবণ ক্রোধে মারিলেক লাথি।। যেই কালে বিভীষণে প্রহারে চরণে। রাজলক্ষী আগ্রয় করিল বিভীষণে।। ষতি ছুঃখে বহিন্ত হল বিভীষণ। রামের চরতে গিয়া লইল শরণ।। 🕨 জ্রীরাম কহেন তুমি শত্রু-সহোদর। কিব্ৰূপে বিশ্বাস তোমা করিব অন্তর।। বিভীষণ বলে প্রস্থু মনে ভাব যদি। তোমার সেবক আমি জনম অবধি।। ইথে অক্ত মত যদি করি কদাচন। হইব কলির রাজা কলির ব্রাহ্মণ।।

কলিতে জন্মিব আর জীব চিরকাল। শুনিয়া রামের হল আনন্দ বিশাল।। লক্ষাণ কহেন হাসি করি যোড়কর। উত্তম করিল দিব্য রাক্ষদ ঈশ্বর।। তপস্থা করিয়া চিরকাল যাহা পায়। পরজোহ করিয়া এ সব যদি হয়।। ইহা ছাড়ি অভ বাঞ্চা করে কোন জন। হাসিয়া কহেন রাম বালক লক্ষ্মণ।। কলিতে ব্রাহ্মণ রাজা দীর্ঘঞ্জীবী-জম। এই তিনে পরিত্রাণ নাহি কদাচন।। করিল কঠোর দিব্য রাক্ষ্সের পতি। না বুঝি হাসিলে ভাই তুমি শিশুমতি॥ আজি হতে মিত্ৰ মম হলে ৰিভীৰণ। তোমারে অর্পিব লক্ষা মারিয়া রাবণ।। বিচার করিল তিন জন এই মত। লক্ষায় গমনে সবে হলেন উদ্যত।। বানর সকলে সিন্ধু বান্ধে অবচেল। পাষাণ ভাসিল রাজা সাগরের জলে।। বান্ধে নল জলনিধি রাম উপরোধে। কটক সৰুলে পার হয়ে কার্য্য সাধে।।

শ্রীরামের লন্ধার প্রবেশ ও বৃদ্ধ।
প্রধান প্রধান যুদ্ধপতি দিল থানা।
সকল লক্ষায় হল শ্রীরামের সেনা।।
ভয়েতে রাবণ বদ্ধ করিলেক দ্বার।
মন্ত্রী লয়ে পরামর্শ করে যুদ্ধ সার।।
সবান্ধবে সমজ্জেতে আসে দশানন।
দেখি চমকিত হল শ্রীরাম লক্ষন।।
জিজ্ঞানেন বিভীষণে মানিয়া বিশায়।
একে একে বিভীষণ দিল পরিচয়।।
শুনি রাম কহেন রাক্ষস বিভীষণে।
নাহিক বৃদ্ধির লেশ অক্তান স্থাবণে।।
শতেক ইন্দ্রের নাহি এত পরিচ্ছেদ।
কি কারণে নফ্ট করে এতেক সম্পদ্।।
অন্য অন্য এই মত করিছে বিচার।
যুদ্ধ করি পরম্পর হল মহামার।।

সেনাপতি সেনাপতি হইল সংগ্রাম। ইন্দ্রজিত লক্ষণ রাক্ষসপতি রাম।। রণেতে পণ্ডিত রাম যুদ্ধে পরিপাটী। মাথার মুকুট দশ ফেলিলেন কাটি।। লজ্জা পেয়ে পলাইল রাজা দশানন। উভয় সৈন্যেতে আর নাহি দরশন।। তবে রাম পাঠালেন বালির নন্দনে। অনেক ভৎ সিল গিয়া রাজা দশাননে।। অঙ্গদের বাক্যে দশানন তুঃথমতি। পাঠাইল বহু বহু শ্রেষ্ঠ সেনাপতি।। মুনি বলে সেই কথা কহিতে বিস্তর। मः क्लिप कहिव स्थेन धर्म नुभवत ।। বজ্ঞদন্ত মহাবাহু মহাকায় আদি। প্রহস্ত করিল যুদ্ধ নাহিক অবধি।। পড়িল রাক্ষসসেনা নাহি পরিমিত। কোধভরে আসে তবে বীর ইন্দ্রজিত।। করিল রাক্ষসীমায়া বহু বহু রণে। নাগপাশে ৰন্দী হন জীরাম লক্ষাণে।। গৰুত স্মরিয়া রাম প্রন আদেশে। নাগপাশে মুক্ত হৈলা প্রকার বিশেষে।। গর্জিয়া বানরগণ করে সিংহনাদ। শুনিয়া রাবণ রাজা গণিল প্রমাদ।। বিস্ময় মানিয়া অতি চিন্তাকুলমনে। মহাপাশ মহোদরে পাঠাইল রবে।। আর চারি সেনাপতি রাবণকুমার। ক্রোধাবেরে আসি সবে করে মহামার। শিলারক লয়ে যুদ্ধ করিল বানর। অস্ত্রশস্ত্রে বিশারদ যত নিশাচর।। উভয় দৈন্যেতে হল যুদ্ধ অপ্রমিত। ছয় সেনাপতি মরে সৈন্যের সহিত।। শুনিয়া রাব্ব রাজা গণিল প্রমাদ। পুনর্কার স্থানে তবে বীর মেঘনাদ।। অপূর্ব্ব রাক্ষসীমায়। ইন্দ্রজিত জানে। দেখিতে না পায় কেহ থাকে কোনখানে করিল সংগ্রাম ঘোর রাবণ-সম্ভতি। চারি দ্বারি মারিল প্রধান সেনাপতি।।

থাকুক অভ্যের কার্য্য জীরাম লক্ষণে। জিনিয়া পরম স্তুথে কহিল রাবণে।। কেবল জীবিত মাত্র ছিল তিন জন। हनुमान सूरवन त्रांक्रम विভौषन ।। উপদেশ কহিলেক সুষেণ প্রধান। গন্ধমাদন-গিরি আনি বীর হনুমান।। ঔষধ চিনিয়া দিল সুষেণ বানর। আপনি বাঁটিয়া দিল রাক্ষস ঈশ্বর।। যেইমাত্র পাইলেক ঔষধের ঘাণ। যত ছিল মৃত সৈন্য সবে পায় প্রাণ।। মৃত সৈন্য প্রাণ পান্ন হ্নুর প্রসাদে। কাঁপিল রাবণ বানরের সিংহনাদে।। তবে বহু যুদ্ধ করি মরে অকম্পন। ভয় পেয়ে কুম্ভকর্ণে জাগায় রাবণ।। নিদ্রা হতে উঠি যায় রাজ-সম্ভাবণে। দেখিয়া বিশ্বিত হল ভাই তুই জনে।। বিভীষণে জিজ্ঞাসিল কহ সমাচার। সন্তরি যোজন উচ্চ শরীর কাহার।। তবে রুথা কি কারণে করিতেছ রণ। রাক্ষসের মায়া কিছু না বুঝি কারণ।। বিভীষণ বলে ভয় ত্যজহ অন্তর। কুন্তুকর্ণ নামে মোর এক সহোদর।। পূর্কে ব্রহ্মা বর দিয়া কৈল নিৰূপণ। নিদ্রা ভাঙ্গি জাগাইলে অবশ্য মরণ।। পাঁচ মাসে জাগাইল ভয় পেয়ে মনে। मटमह नाहिक जािक मतिरवक तर्।।। এত যদি কহিলেক রক্ষ বিভীষ্ণ। তুষ্ট হয়ে রাম তারে দেন আলিঙ্গন।। রাবণ কহিল কুম্ভকর্ণে সমাচার। কোধে মহাবীর আসি দিল মহামার॥ গিলিল বানর একেবারে শতে শতে। বাহির হইল কেহ নাক কাণ পথে।। (पिश्रा विक्छेमुर्खि थांग्र टेमनाजन। অস্ত্র যুড়ি অগ্রে যান কমললোচন।। রামে দেখি কুম্ভকর্ণ ধায় গিলিবারে। সহরে মারেন রাম ত্রহ্মতন্ত্র তারে।।

র†বণ বধ।

সেই বাণে মরিল ছরন্ত নিশাচর। পুষ্পরৃষ্টি করিলেন যতেক অমর।। ভাবিত হইল রাজা দৈন্য নাহি আর। কি প্রকারে এ বিপদে পাইব নিস্তার।। বানর পড়িয়া লম্কা কৈল ছারখার। কাহারে পাঠাব যুদ্ধে কে করিবে পার।। ভাবিয়া পাঠায় শেষে মকরাক বীরে। সে আসি অনেক যুদ্ধ করিল সমরে।। বহু যুদ্ধ করি মৈল শ্রীরামের বাণে। কুম্ব ও নিকুম্ব পরে প্রবেশিল রণে।। বল বৃদ্ধি বিক্রমেতে ৰাপের সমান। প্রাণপণে যুঝিল সুগ্রীব হনুমান।। তুই ভাই পড়ে ক্রমে সহ সর্ক্রেনা। বিনা ইন্দ্রজিত বীরে নাহি সম্ভাবনা।। তবে ইন্দ্রজিতে আজ্ঞা দিল দশানন। সসৈন্যে মারহ তুমি জীরাম লক্ষ্য।। সংহতি লইয়া তবে সেনা অপ্রমিত। যুদ্ধ হেতু অগ্রসর হয় ইন্দ্রজিত।। ক্রোধে আসি মেঘনাদ করে বহু রণ। তেমতি করিল যুদ্ধ ঠাকুর লক্ষণ।। মায়ায় রাক্ষস যুদ্ধ করে বহুতর। দেখাদেখি মহাযুদ্ধ হল পরস্পর।। সহিতে নারিল যুদ্ধ রাবণনন্দন। ভঙ্গ দিয়া প্রবেশিল নিজ নিকেতন।। প্রবেশ করিয়া সেই যক্ত আরন্থিল। হেনকালে বিভীষণ লক্ষাণে কহিল।। যক্ত আরেম্ভিল দেব রাক্ষসকুমার। যজ্ঞ সাঞ্চ হলে মৃত্যু নাহিক উহার।। বিধিবাক্য আছে হেন আমি জানি ভালে তবে সে মারিতে পার যক্ত নন্ট কৈলে।। শুনিয়া হইল সবে হর্ষিত মন। यक नके देकल शिश्रा প्रवननमन ॥ ভবে ব্রহ্ম অস্ত্র ভারে মারিল লক্ষণ। পরাণ পাইল যেন সহস্রলোচন।। বার্ত্তা পেয়ে শোকাকুল রাক্ষসের পতি। রাবণ আসিল রণে অতি ক্রোধমতি।।

পুত্রশোকে রণে আসে রাজা দশানন। দেখি অগ্রসর হন ঠাকুর লক্ষণ।। লক্ষণের সঙ্গে আদে বীর বিভীষণ। বিভীন্তে দেখি করে রাব্ব চিন্তুল ।। এই পাপ হতে মোর সবংশে নিধন। ইহারে ব্ধিয়া শেষে ব্ধিব লক্ষ্মণ ।। এতেক ভাবিয়া চুষ্ট অতি ক্রোবমনে। লক্ষণে ছাড়িয়া অস্ত্র মারে বিভীনণে।। এড়িলেক শেলপাট ভীষণ দর্শন। দিব্য অন্ত্ৰ এড়ি ভাহা কাটিল লক্ষ্ণ।। মহাকোধে পুনঃ শেল মারে বিভীষণে। পুনশ্চ লক্ষণ তাহা কাটে দিব্য বাণে।। তুই শেল অস্ত্র যদি কাটিল লক্ষাণ। যমদও শেল হাতে লইল রাবণ।। ডাকিয়া কহিল তবে লক্ষণের তরে। বুঝিলাম বীরপণা রক্ষা কৈলে পরে।। আপনা সম্বর শীঘ্র যায় শক্তিবর। দেখিয়া লক্ষ্মণ বীর হলেন ফাঁফর।। প্রাণপণে বাণ মারে নারে নিবারিতে। কালদণ্ড সম শক্তি আসে শৃত্যপথে।। নির্ভারে বাজিল গিয়া লক্ষাণের বুকে। পড়িল লক্ষ্মণ বীর রক্ত উঠে মুখে।। শোকাকুল র্মুনাথ হলেন অজ্ঞান। পর্কত আনিল তবে বীর হনুমান।। পর্কতে ঔষধি ছিল তার অনুভবে। লক্ষাণ পাইল প্রাণ জা: দিত সবে।। কাল পূর্ণ হল রণে আসিল রাবণ। আপনি গেলেন রণে কমললোচন।। রাবণে দেখিয়া রথে রঘুনাথে ক্ষিতি। ইন্দু পাঠাইল রথ মাতলি সংহতি ! সেই রথে রঘুনাথ চড়েন কৌতুকে। মাতলি লইল রথ রাবণ-সমূথে।। অপ্রমিত যুদ্ধ হল চুই মহাবলে। উপমা নাহিক স্বর্গ মর্ত্য রুসাতলে।।

12

যার যত শিক্ষা ছিল দোঁহে কৈল রণ। মহাক্রোধভরে তবে কমললোচন।। রাবণের দশ মুগু কাটিলেন শরে। পুনর্কার উঠে মুগু বিধাতার বরে ॥ পুনঃপুনঃ যত বার কাটেন রাবণে। বিনাশ না হয় তুষ্ট পূর্কের সাধনে।। যোড়করে বিভীষণ করে নিবেদন। অন্য অন্ত্রে না মরিবে চুর্জয় রাবণ।। মৃত্যুবাণ আছে ওর মন্দোদরী-পাশ। সে বাণ আনিলে হবে রাবণের নাশ।। হনুমানে আদেশিলে কমললোচন। ছলেতে আনিল বাণ প্ৰননন্দন।। সেই বাণ লয়ে রাম যুড়িয়া ধকুকে। কোধভরে মারিলেন রাবণের বুকে।। হেনমতে ভূমিতলে পড়ে দশানন। . গুষ্পদৃষ্টি কৈল ভবে যত দেবগণ।। সীতারে আনিল কাছে তবে বিভীষণ। দেখিয়া কছেন ভাঁরে কমললোচন।। ভোমারে রাখিল দশ মাস নিশাচরে। নাহি জানি ছিলে সীতাকেমন প্রকারে॥ আমারে করিবে নিন্দা এই বড় ভয়। পরীক্ষা করহ সীতা যদি মনে লয়।। এমত শুনিয়া দীতা অতি ছুঃখমনে। অগ্নিকুণ্ড জ্বালাইতে কহেন লক্ষ্মণে।। লক্ষাণ করিল্ কুণ্ড প্রবৈশিল সীতা। কৌ হক দেখিতে যত আসিল দেবতা।। রাম পড়িলেন সীতা বিচ্ছেদ অনলে। হৈনকালে উঠে অগ্নি সীতা লয়ে কোলে॥ ব্ৰন্ধা আদি সৰ্কদেব একত্ৰ মিলিল। করিয়া অনেক স্তুতি রামেরে কহিল।। তাপনা না জানি কর মনুষ্য আচার। তুমি নারায়ণ সীতা লক্ষ্মী অবতার।। আসিল দেখিতে তোমাযত পিতৃলোক। হের দেখ দশর্থ তোমার জনক।। দেবগণ বলে রাম মাগ ইফীবর। শুনিয়া কহেন রাম জীউক বানর।।

পরে রামে সম্ভাষণ করি সর্বজনে। যতেক বিবুধ গেল আপন ভুবনে।। বিভীষণে দেন রাম রাজ্য অধিকার। বানর কটকে কৈল বহু পুরকার।। সবৈন্য গেলেন রাম অযোধ্যানগর। সিংহাসনে বসিলেন রাজরাজেশ্বর।। সেবক উদ্ধার হেতু প্রভুর এ কর্ম। হেনমতে তুই ভাগে লয়ে দোঁহে জন্ম।। জিমিল বিজয় জয় ভূমে পুনর্কার। দন্তবক্র শিশুপাল নাম দোঁহাকার ॥ পূর্ণব্রহ্ম যতুকুলে হয়ে অবভার। তব যজ্ঞে শিশুপালে করেন উদ্ধার।। তিন অবভারে ক্লফ্ড দেব ভগবান। ভক্তজনে করিলেন এই পরিত্রাণ।। রামের এতেক ছুঃখ ধরিয়া শরীর। কি তুঃখ তোমার বনে রাজা যুধিষ্ঠির।। সীতার ছঃখের কথা শুনিলে শ্রবণে। দ্রৌপদীর ছঃখ তার নহে এক গুণে।। সবার ভুঃথের কথা করিয়া প্রাবণ। সীতাত্ত্বংখে দ্রৌপদীর বিদরিল মন।। মূনি বলে শুন রাজা তুঃখ হল অন্ত। অম্পদিনে নফ হবে কৌরব তুরস্ত।। বিশেষ দ্রৌপদী এই সাবিত্রী সমান। যে জন উভয় কুল, কৈল পরিত্রাণ।। নানা সুখ ত্যজিলেক স্বামীর কারণে। তথাপি না তাজিলেক স্বামী সতাবানে।। ক্ষজ্রকুলে ভাঁর তুল্য নহে কোন জন। দ্রৌপদীরে দেখি যেন তাঁহার লক্ষণ।। সতী সাধ্বী পতিব্রতা লক্ষ্মী অবভার। অক্ষেতে দাসত্ব মুক্ত কৈল সবাকার।। এতেক ব্রাহ্মণ যার ভুঞ্জৈ অপ্রমাদে। কদাচ না হবে তুঃখ ইহার প্রসাদে।। পশ্চাতে জানিবে রাজা নয়নে দেখিবে। কহিলাম পূৰ্ব্বকথা যেমন ফলিবে।। রামে।পাখ্যান সমাপ্ত।

#### সাবিত্রী উপাখ্যান।

জিজাসেন যুধিন্তির শুন মহামুনি।

কহিলে রামের কথা অপূর্ব্ব কাহিনী।। হইল শ্রীর মুক্ত সফল এ জন্ম। সাবিত্রী কাহার নাম কিবা তাঁর কর্ম।। কিবা ধর্ম আচরিল কিবা উগ্রভপে। কোন কোন কুল উদ্ধারিল কোন ৰূপে।। শুনিবারে ইচ্ছা বড় জন্মিল অন্তরে। মুনিরাজ বিস্তারিয়া কহ গো আমারে॥ মুনি বলে শুন যুধিষ্ঠির নৃপমণি। পুর্বের রত্তান্ত এই অপূর্বে কাহিনী।। মদ্রদেশে ছিল অশ্পতি মহীপাল। অপুত্রক শিবদেবা করে বহুকাল।। সন্তান-বিহীন রাজা নিরানন্দ-মতি। কত দিনে হল এক কন্যা ৰূপবতী।। ভপ্তস্তর্ণ জিনি তার শরীয়ের শোভা। কলক্ষ-বিহীন কলানিধি মুখ-আভা।। বিহঙ্গম-চঞ্চু জিনি বিরাজিত নাদা। দশন মুকুতাপাঁতি সুমধুর ভাষা।। কামের কামান জিনি তার যুগভুরু। মৃণাল জিনিয়া বাহু রামরন্তা উরু ॥ কুরঙ্গনয় भे ধনী মনোহর কেশ। মুগেন্দু লজ্জিত হয় দেখি মধ্যদেশ।। কপের সমান তার গুলের গণনা। শুদ্ধমতি সর্কশাস্ত্রে অতি বিচক্ষণা।। কদাচ নাহিক অন্যমতি ধর্ম বিনা। নানাবিধ শিল্পকর্মে অতি সে প্রবীণা।। সুপ্রিয়বাদিনী সতী সর্বভূতে দয়া। অশ্বপতি হাষ্টমতি দেখিয়া তন্যা।। সাবিত্রী রাখিল সাম সবিত্রী তাহার। সর্বাদা পবিত্রা কন্যা পবিত্র আচার।। দিনে দিনে বাড়ে কন্যা বাপের মন্দিরে। क्रकुन्द-भ्रामत्न यात्र यथा हेव्हा करत् ॥ সমান বয়স প্রিয়স্থীগণ সাথে। ভ্ৰমণ করুয়ে সুখে চড়ি দিবা রুখে।।

বিশেষ বাপের রাজ্য কিছু নাহি ভয়। উপনীত হল গিয়া মুনির আলয়।। বিবিধ কৌতৃক দেখে নরবর-সুতা.। হেনকালে শুন রাজা অত্যাশ্চর্য্য কথা।। ছ্যুমৎদেন নামে রাজা অবন্তীর পতি। শক্র নিল রাজ্য বনে করিল বসতি।। তাহার নন্দন ছিল নামে সত্যবান। কপেতে নাহিক কেহ তাহার সমান।। মুনিপুজ্রণ সহ আছিল ক্রীড়ায়। সাবিত্রী থাকিয়। দূরে দেখিল তাহায়।। কন্দর্প জিনিয়া রূপ কিশোর বয়েস। দেখিরা নরেক্দ্রতা জিজ্ঞাসে বিশেষ।। কাহার নন্দন এই কহ মুনিগণ। যার ৰূপে সমুজ্জুল এই তপোবন।। বনবাসী জন কহে কর অবধান। ছ্যুমৎসেনের পুত্র নাম সত্যবান।। সাবিত্রী শুনিয়া কথা হন ছাউমতি। মনেতে ব্রিয়া তারে কৈল নিজপতি। গৃহেতে আসিয়া তবে নুপতির সুতা। জননীর কাছে গিয়া কহে সব কথা।। কন্যাবাক্যে রাণী গিয়া কহে নুপবরে। শুনিয়া কহিল রাজা তুঃখিত অন্তরে।। কোন বংশে জন্ম তার কিবা তার ধর্ম। না জানি কেমনে আমি করি হেন কর্ম।। এইকপে আছে রাজা নিরানন্দমন। একদিন উপনীত ব্রহ্মার নন্দন।। নারদ মুনিরে দেখি সুখী সর্বজনে। হৃষ্টমতি নরপতি মুনি আগমনে।। বসালেন দিব্য সিংহাসনের উপর। বেদের বিহিত স্তুতি করেন বিস্তর।। আনন্দে বসিল সবে কথে পকথনে। সহসা সাবিত্রী কন্যা আসে সেই স্থানে ॥ কতা দেখি নৃপতিরে কহে তবে মুনি। প্রমা স্কুন্দরী এই কাহার নন্দিনী।। অশুপতি বলে মুনি কি কহিব আর। অপত্য আমার এই কন্যামাত্র সার 🖽

মুনি বলে সুলক্ষণা তোমার ছহিতা। বিবাহ দিয়াছ কিবা এ অবিবাহিতা।। রাজা বলে শিশুমতি জত্যত্প বয়েস। যোগ্যাযোগ্য ভাল মন্দ না জানে কিশেষ বরিয়াছে মনে মনে কারে তপোবনে। নিৰ্পণ নাহি জানি সন্দ আছে মনে।। ভাল হল ভাগাবশে আসিলে শ্রাপনি। ঘুচিল মনের ধন্দ ওচ্ছে মহামুনি।। নারদ কহেন তবে সাবিত্রীর প্রতি। কোন বংশে জন্ম তার কাহার সন্ততি।। সাবিত্রী কহিল দেব মুনির আশ্রমে। চ্যুমৎদেনের পুজ্র সত্যবান নামে।। নারদ কহিল আমি জানি সর্ব বার্তা। তাহা ছাড়ি তুমি মাগো বর অন্য ভর্তা।। সাবিত্রী কহিল পূর্কে বরিয়াছি মনে। অন্যে বরি ভ্রম্টা হব কিসের কারণে।। মুনি বলে দোষ নাই শুন মোর কথা। माविजी कहिल मूनि ना इत्व नर्वथा।। পুনঃপুনঃ দোঁহাকার এই বাক্য শুনি। ব্যস্ত হয়ে তারে জিজ্ঞাসিল নুপমণি।। তাহার রভান্ত শুনি কহ মুনিবর। কি হেতু বরিতে কহ অন্য কোন বর।। কোন বংশে জন্ম তার কাহার নন্দন। কহ শুনি মুনিবর ব্যস্ত বড় মন।। নুপতির মুখে শুনি এতেক বচন। কহিতে লাগিল কুপাবশে তপোধন।। স্থ্যবংশে শুরসেন রাজার সন্ততি। চ্যুমৎদেন নামে রাজা অবন্তীর পতি।। মহিমা-সাগর মহারাজ গুণবান। পৃথিবীতে নাহি শুনি তাঁহার সমান।। थ अन ना यात्र तांका देनदेव निर्केश । কত দিনে নৃপতির চক্ষু হল অন্ধ।। চকুহীন শিশু-পুক্ত নাহি অন্য জন। সময় পাইয়া রাজ্য নিল শক্তগণ।। ভার্য্যা পুত্র সঙ্গে করি করে বনবাস। মহাক্লেশে আছে সর্ক্রত্বতে নিরাশ।।

বিচার করিয়া দেখ দৈবের সংযোগ। শরীর ধরিলে হয় তুঃখ-সুখভোগ।। রাজা বলে চরিতার্থ হন্মু তপোধন। এই চিন্তা করি সদা নিরানন্দমন।। তুঃখ সুখ শরীরের সহযোগে জন্ম। সময়ে প্রবল হয় আপনার কর্ম্য। আপন ইচ্ছায় ভাল মন্দ কিছু নয়। দৈবের সংযোগ সেই যখন যে হয়।। বর্যোগ্য বটে যদি সেই সত্যবান। আজ্ঞা কর কন্যাধনে করি তারে দান।। মুনি বলে তাহে মানা করিতেছি আমি। পুনঃপুনঃ মোরে কেন জিজ্ঞাসহ তুমি।। কুলে শীলে ৰূপে গুণে তোমা হতে শ্ৰেষ্ঠ। সকল সুন্দর বটে একমাত্র কষ্ট।। আজি হতে যেই দিনে বর্ষ পূর্ণ হবে। সেই দিন সত্যবান নিশ্চয় মরিবে।। কহিনু ভবিষ্য কথা যদি লয় মনে। যোগ্য দেখি কন্যা দান কর অন্য জনে।। 🔭 শুনিরা মুনির মুখে এতেক ভারতী। কহিতে লাগিল অশ্বপতি নরপতি।। কদাচ কর্ত্তব্য মম নহে এই কর্ম। শিশুর ক্রীড়ায় নাহি কভু ধর্মাধর্ম।। ধনে মানে কুলে শীলে হবে-ভন্বান। বিচার করিয়া তারে দিব কন্যা দান।। দোয না থাকিবে তার হবে রাজ্যেশ্বর। এমন পাত্রেতে কন্যা দিব মুনিবর।। কন্যা-দানকর্ত্তা পিতা আছে পূর্ব্বাপর। তাহে যদি মন নহে হবে স্বয়ম্বর।। আনাইব পৃথিবীর যত নৃপচয়। (पिश्वा वित्र कन्त्रा यादत मदन लग्न ।। কি হেতু বরিবে অপ্শ আয়ু সভ্যবান। वित्भय देवथवा-कृष्ट्यं मत्रव मम्मन ॥ শুনিয়া দোঁহার মুখে এতেক ভারতী। সাবিত্রী যুড়িয়া কর কহে গুণবঙী।। শুনহ জনক মম সত্য নিৰূপণ। কদাপি নয়নে নাহি হেরি অন্য জন।।

যখন মানসে তাঁরে বরিয়াছি আমি। জীবন মরণে সেই সত্যবান স্থামী।। বিধবাযন্ত্রণা যদি থাকে মোর ভোগ। খণ্ডন না যাবে পিতা দৈবের সংযোগ।। অনিত্য সংসার এই অবশ্য মরণ। না মরিয়া চিরজীবী আছে কোন জন।। মুত্যুর উৎপত্তি দেখ শরীরের সাথে। ভাজি কিয়া কালি কিয়া শত বৎসরেতে। অসার সংসারে মাত্র আছে এক ধর্ম। কিমতে তাহারে ছাড়ি করি অভ কর্ম।। ধিক ধিক কিবা ছার সুখ অভিলাষ। ধর্ম ছাড়ি অধর্মে যে করে সুখ-আশ।। কি করিবে সুখে পিতা কত কাল জীব। কুকর্মো আজন্ম কাল নরকে থাকিব।। এত শুনি ধন্য ধন্য করি তপোধন। আশীর্কাদ করি যান নিজ নিকেতন।। অশ্বপতি তুঃখ অতি পাইল অন্তরে। কহিল অনেক কথা সাবিত্রীর তরে।। রুঝাইল নরপতি বিবিধ বিধান। সাবিত্রী কহিল মম পতি সভাবান।। ভারত-পদ্ধজরবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে রচে কাশীরাম দাস।।

সাহিত্রীক সহিত সভাবানের বিবাহ।

একান্ত বুঝিয়া রাজা তঁনয়ার মন।
বন হতে সভাবানে আনেন তখন।।
বিধিমতে পরিণয় দেন নরপতি।
সভাবান গেল ভবে আপন বসতি।।
পুজের বিবাহবার্ত্তা মহোৎসব শুনি।
২রিষ বিষাদে মনে কহে রাজা রাণী।।
নিরাশ করিল মোরে দিয়া বহু ভোগ।।
ইন্দের বৈভব জিনি ভাজি নিজ দেশ।
বধু মম অশ্বপতি নুপতির বালা।
কি কপে এ হেন জন রবে বৃক্ষতলা।।

অনেক কহিল এই মত রাজা রাণী। সাবিক্রী দেখিতে যত আসিল ব্রাহ্মণী।। অনেক প্রশংসা করি কহে সর্বজন। সমানে সমানে বিধি করিল মিলন।। তুমি রাণী ভাগাবতী রাজা মহাসাধু। সে কারণে লভিলে গো সাবিত্রীকে বধু।। অনেক লক্ষণ দৈখি ইহাঁর শ্রীরে। এত বলি সবে গেল নিজ নিজ পুরে।। পরম আনন্দ মনে রহে চারি জন। নিত্য নিত্য সত্যবান প্রবেশিয়া বন।। নানাবিধ ফল মূল করণ্ডেতে ভরে। প্রতিদিন আনি দেয় সাবিত্রী গোচরে॥ সাবিত্রী-মাহাত্ম্য কঞ্চ অতি চমৎকার। যাঁর নামে ধন্য ধন্য জগৎ সংসার।। শ্বন্থর শাশুড়ী সেবে দেবের সমানে। নানাদেবা করে নিত্য পতি সত্যবানে।। লক্ষীর সমান হয় সতী পতিব্রতা। নিত্য নিয়মিত পূজে ব্রাহ্মণ দেবতা।। দেবতা সেবিয়া শ্রেষ্ঠ পুরুষ পাইল। মধুর সম্ভাবে বনবাসী বশ কৈল।। অত্যন্ত তুবিল সর্কভূতে দয়াবতী। তার গুণে তুল্য দিতে নাহি বসুমতী।। যত্নে আচরিল যত নানাবিধ কর্ম। নিত্য নিয়মিত যত বেদবিধি ধর্ম।। ইফেতে একান্ত মতি করে আচরণ। শিপ্প যত কর্মা চিত্র বিচিত্র রচন।। দেখিয়া সানন্দ রাজা রাণী সভ্যবান। সাবিত্রী বসতি করে বর্ষ সেই স্থান।। নারদের বাক্য সতী স্মরে অনুক্ষণ। লোকলাজে নানাকাজে নিবারিয়া মন।। নিমেষ মুহূর্ত্ত দণ্ড প্রাণ আদি করি। मर्ख मर्ख गिन योग्न मिन्य मर्क्ती।। পঞ্চদশ দিনে পক্ষ দ্বিপক্ষেতে মাস। হেনমতে যায় মাস বাড়য়ে নিরাশ।। এইমত অমুক্ষণ সাবিত্রীর মনে। রাজা রাণী দ্ভাবান কিছুই না জানে।।

এমন প্রকারে শুন ধর্ম নরবর। বৎসরেক শেষমাত্র দ্বিতীয় বাসর।। চিন্তায় আকুল হল নৃপতির সুতা। বিচারিল পূর্ণ হল নারদের কথা।। অবশ্য হইবে যাহা করিবে ঈশ্বর। আমার একান্ত ভার তাঁহার উপর।। হেনমতে মনে মনে ভাবি সারোদ্ধার। আরম্ভ করিল তবে সংসারের সার।। ৈজ্যষ্ঠ মানে কৃষ্ণপক্ষে পেয়ে চতুর্দ্দশী। লক্ষী-নারায়ণে সতী পুজে অহর্নিশি॥ শুদ্ধভাবে একমনে বসিল সুন্দরী। অনায়াসে বঞ্চিলেক দিবস শর্করী।। প্রভাতে উঠিয়া সঙী হয়ে সয়তন। বিধিমতে করাইল ব্রাহ্মণ ভোজন।। দক্ষিণান্ত করি কার্য্য কৈল সমাপন। আশীর্কাদ করি গেল যত দ্বিজগণ।। এইৰূপে বঞ্চিলেক দ্বিতীয় প্রহর। সেই দিনে পূর্ণ সত্যবানের বৎসর।। তাহাতে নৃপতিস্কৃতা চিন্তাকুলমনা। ट्नकारल खन ताजा रेनरवत घरेगा।। নিত্য নিত্য সত্যবান প্রবেশিয়া বন। ফল মূল কাষ্ঠ যত করে আহরণ।। দিবসের শেষ দেখি রাজার তনয়। বিচারিল বনে যেতে হইল সময়।। করও কুঠার নিল আপনার করে। বিদায় হইল গিয়া মায়ের গোচরে।। রাণী বলে শুন পুজ দিবা অবশেষ। এমত সময়ে বনে না কর প্রবেশ।। . সত্যবান বলে মাতা না করিহ ভয়। এখনি আদিব মাতা জানিহ নিশ্চয়।। এত বলি চলিলেন রাজার কুমার। সাবিত্রী পাইয়া বার্তা দেখে অম্বকার।। শোকাকুলা বিবেচনা করি মনে মন। शृर्व इल यादा दिक्ल खन्तात नन्मन ॥ কাল পূর্ণ হল আজি রাজার নন্দনে। কর্মসূত্রে টানি এবে লয় মৃত্যুস্থানে।।

বিবাহ জনম মৃত্যু যথা যেই মতে। সময়ে আপনি সবে যায় সেই পথে।। সে হেতু যেখানে তার আছে মৃত্যুস্থান। নৃপতিনন্দন তথা করিছে প্রয়াণ।। সতী ভাবে কাল প্রাপ্ত যদি মম পতি। আমার উচিত হয় যাইতে সংহতি।। কারে না কহিল কিছু নুপতির স্কৃতা। শীঘ্রগতি গেল তবে পতি যায় যথা।। নৃপতি শুনিয়া বলে নিষেধ বচন। সাবিত্রী নিষেধ নাহি মানে কদাচ্ন।। রাজরাণী বার্তা পান বধু যায় বন। চিন্তাকুলা মহারাণী আসি সেইক্ষণ।। সাবিত্রীর প্রতি কহে মধুর বচন। কহ বধু চিন্তা কর কিসের কারণ।। ফল মূল লয়ে স্বামী আসিবে এখন। কি কারণে মহাকস্টে যাবে ভূমি বন।। অন্য কেহ নাই তাহে দেখ ঘোর বন। কি কারণে চিন্তা কর স্বামীর কারণ।। ছুই দিন হল তাহে আছ উপবাসী।(২৭ ভোজন করহ ঘরে আসি সুথে বসি।। শাশুড়ীর মুখে শুনি এতেক বচন। কহিতে লাগিল কর্যোড়ে সেইক্ষণ।। আসিয়া পশ্চাতে আমি কুরিব ভোজন। আজ্ঞাদেহ তবে রাণীদেখি আসি বন।। বিশেষত আছে হেন শাস্ত্রের প্রসঙ্গ। ব্রতশেষে বঞ্চিবেক নিজপতি সঙ্গ।। দেখিয়া বনের শোভা দিবস বঞ্চিব। আনন্দে স্বামীর সঙ্গে এখনি আসিব।। সাবিত্রীর অভিলাষ বুঝি রাজরাণী। নিরতা হইল আর না কহিল বাণী।। সাবিত্রী চলিল তবে সহ সত্যবান। অত্যন্ত কাননমাঝে করিল প্রয়াণ।। বিবিধ কৌতুক দেখি যান তুইজন। বহুবিধ ফল মূল কৈল আহরণ।। মুনিবাক্য মনে করি নুপতির স্কুতা। অত্যন্ত আকুলা হল আর চিস্তাযুতা।।

जामर्थ-मजी



" যমদূতাঃ পলাযভে সতীমালোকা দূবত:।

ন তথ। বিভীমো বছে নঁ তথা বিভাতো যথা । আপতভীং বমালোক্য বয়ং নৃতাঃ পতিব্ৰতাঃ ॥ "

না জানি ক্লেনে হবে পতির নিধন।
সত্যবান নাহি জানে এত বিবরণ।।
ভ্রমণ করিয়া স্থথে তুলে মূল কল।
পাত্র পরিপূর্ণ হল নাহি আর স্থল।।
রাথিয়া আঁকশি সাজি সাবিত্রীর কাছে
কার্চহেতু সত্যবান উঠে গিয়া গাছে।।
কুঠারে কাটিল তবে রক্ষ সহ ডাল।
উপস্থিত হল আদি ক্রমে মৃত্যুকাল।।
অকন্মাৎ শিরঃপীড়া করিল অস্থির।
নহন্ত্র নাগেতে যেন দংশিলেক শির।।
সত্যবান বলে শুন রাজার তনয়া।
ব্রিতে না পারি কিবা হল দেবমায়া।।
দশদিক অন্ধকার দেখি অকন্মাৎ।
সহন্ত্র সহত্র শেল মারুয়ে নির্ঘাত।।

দেহ হতে যায় বুঝি এবে মোর প্রাণ।
নিস্তার নাহিক আর হইনু জ্ঞান।।
সাবিত্রী কহিল আমি জানি পূর্ককথা।
দৈর্য্য ধর জবিলম্বে যাবে শিরোব্যথা।।
এক কথা বলি আমি শুন দিয়া মন।
বৃক্ষ হতে শীঘ্র তুমি নামহ এখন।।
শয়ন করিয়া সুথে থাকহ ঠাকুর।
হইবে সকল পীড়া মুহূর্ত্তকে দূর।।
নিজ্জ অঙ্গে বস্ত্র পাতি সভী পুণাবতী।
উরুতে রাখিয়া শির শোয়াইল পতি।।

সভাবানের মৃত্যু এবং যমের নিকটে সাবিজীর বরপ্রাপ্তি।

চেতন-রহিত হল রাজার তনয়। ক্রমে ক্রমে সায়ু শেব হইল তথায়।।

দেখিয়া নৃপতিস্কুতা ভাবে মনে মন। কাল পরিপূর্ণ হল রাজার নন্দন।। অবশ্য আদিবে এথা কুতান্তকিন্ধর। দেখিব কেমনে লয় আমার ঈশ্বর।। সাবিত্রী এতেক ভাবি রহে ঘোর বনে। হেথায় ডাকিল যম যত দূতগণে।। সত্যবানে আনিবারে কর্হে ধর্মারাজ। আক্রাতে আসিল শীঘ্র দূতের সমাজ।। যথায় কাননে পড়ি নুপতিনন্দন। তাহার নিকটে গেল যমদূতগণ।। প্রশিতে না পারিল সাধিত্রীর তেজে। নিরস্ত হইয়া দুত কহে ধর্মরাজে।। দূতমুখে ধর্মরাজ পাইয়া বারতা। আপনি আসিল শীঘ্র সত্যবান যথা।। দেখিয়া সাবিত্রী বলে তুমি কোন জন। ধর্মরাজ বলে আমি সবার শমন।। রাজপুত্র সভ্যবান এই তব স্বামী। কালপূর্ণ হল আজি লয়ে যাই আমি।। শুনিয়া সাবিত্রী কহে যে আজ্ঞা ভোমার विभिन्न निर्वन्न नट्ट्य भक्ति आह् कात्र।। মায়াতে মোহিত সব কেবা কার পতি। সবে সত্য ধর্মমাত্র অথিলের গতি।। এতেক কহিয়া সতী ছাড়ে সভাবানে। কর্যোড়ে রহিলেন যম বিদ্যমানে।। সভ্যবান পাশে আসি ভবে সূর্য্যসূত। শরীর হইতে বারি করিল অদ্ভুত।। অন্তুর্গ প্রমাণ তনু দেখিতে সুন্দর। বন্ধন করিয়া নিয়া চলিল সত্তর।। দেখিয়া পতির দশা হয়ে ছঃখমতি। কিছু না কহিয়া চলে যমের সংহতি।। দেখিয়া কুতান্ত তবে জিজ্ঞাসিল তারে। কে তুমি কি হেতু বল যাবে কোথাকারে ।। কালেতে হইল তব পতির মরণ। তার জন্যে র্থা চিন্তা কর কি কারণ।। জগতে নিয়ম আছে সব এই মত। कालपूर्व इतल मत्य यात्र मृजुल्य ।।

আমার বচনে ঘরে রহ গুণবতী। ত্বরায় স্বামীর এবে চিন্ত উর্দ্ধগতি।। ধর্মারাজ-মুখে শুনি এতেক উত্তর। রাজার নন্দিনী কহে করি যোড় কর।। যে কিছু কহিলে প্ৰভু সব জানি আমি। কেবা কার ভাই বন্ধু কেবা কার স্বামী। সহজে সংসার মিথ্যা বিশেষ আমার। মায়াপাশে কি কারণে যাব পুনর্কার।। কালপূর্ণ মরে পতি ছুঃখ নাহি ভাবি। সকলে মরিবে কেহ নহে চিরজীরী।। এই মত বিশ্বমাঝে আছে যত জন। জনম লভিলে হয় অবশ্য মর্।।। ধর্মাধর্ম অনুসারে সুখ ছঃখ ভোগ। নিজ ইচ্ছা নহে করে বিধির সংযোগ।। স্বকর্ম ভুঞ্জিবে এবে মম এই পতি। আমার কি মাধ্য করি তাঁর উর্দ্গতি॥ আপনি আপন বন্ধু যদি রাথে ধর্ম। আপনি আপন শত্রু করিলে কুকর্ম।। সুখ তুঃখ ধর্মাধর্ম সদা অনুগত। পূর্কাপর আছে এই নীতি শাস্ত্রমত ॥ দে কারণে প্রাণপণে করিবেক ধর্ম। সতের সঙ্গতি হলে করে নানা কর্মা। সংসারের সার সঙ্গ বলে খুলিগণে। সঙ্গদোযে চোর হয় সাধু সঙ্গতে।। সাবিত্রীর মুখে শুনি এতেক ভারতী। পরম সম্ভুষ্ট হয়ে বলে মৃত্যুপতি।। পৃথিবীতে সাধ্বী তুমি নুপতির স্কুতা। তোমার জননী ধন্যা ধন্য তব পিতা।। শ্রবণে শুনিত্ব তব বাক্য-সুধারস। বর লহ গুণবতি হনু তব বশ।। সভ্যবানে ছাড়ি তুমি মাগ অন্য বর। যাহা ইচ্ছা মাগি লও আমার গোচর।। সাবিত্রী কহিল যদি হলে রূপাবান। অপুত্রক আছে পিতা দেহ পুত্রদান।। যম বলে তারে আমি দিকু পুজবর। যাহ শীঘ্রগতি তুমি আপনার ঘর।।

भाविजी कहिल एन यम निरंत्रमा। তব সঙ্গ ছাড়িবারে নাহি চায় মন।। সতের সংসর্গে যেন কাশীতে নিবাস। আমারে করিতে চাহ ইহাতে নিরাশ।। পূর্কে পিতৃপুণ্যবলে নিজ ভাগ্যবশে। তোমা হেন গুণনিধি পাই অনায়াসে।। ইহা হতে কর্মবন্ধ না হইল ক্ষয়। জানিকু আমারে বাম বিধাতা নিশ্চয়।। এত শুনি তুষ্ট হয়ে বলে মৃত্যুপতি। অমৃত অধিক শুনি তোমার ভারতী।। পুনঃপুনঃ মহানন্দ জনাতেছ মনে। বর মাগ বিনা সত্যবানের জীবনে।। সাবিত্রী কহিল যদি রূপ। হল মোরে। শশুর আছেন অন্ধ চক্ষু দেহ তাঁরে।। শমন কহেন চক্ষু হইবে ভাঁহার। রজনী অধিক হয় যাও নিজাগার।। রাজার নন্দিনী কহে সব জান ভুমি। সংসার বাসনা কভু নাহি করি আমি।। নাহি চাহি পুত্র বন্ধু নাহি চাহি পতি। আজা কর সদা ধর্মো রহে যেন মতি।। এত শুনি তৃষ্ট হয়ে কহে দগুপাণি। পরম সুশীলা তুমি রাজার নন্দিনী।। তব বাক্যে হুর্য-পূর্ণ হল মম মন। বর মাগ বিনা সত্যবানের জীবন।। সাবিত্রী কহিল আর না করিব লোভ। লোভে পাপ পাপে মৃত্যু পাছে হয় ক্ষোভ সে কারণে বর নিতে ভয় বাসি মনে। শুনিয়া কৌতুকে যম কহে সেই ক্লণে।। পতির জীবন ছাডি মাগ অন্য বর। দিব তাহা যাহা চাহ আমার গোচর।। সাবিত্রী কহিল বর মাগি যে শমন। রাজ্যহীন আছে রাজা দেহ রাজ্যধন।। যম বলে শুন রাজ্য পাবে নুপবর। विलाइ नाहिक कार्या याह निक घत।। শাৰিত্ৰী কহিল শুন মম নিবেদন। অবশ্য হইবে যাহা বিধির স্জন।।

মায়াতে মোহিত সবে সত্যপথ তাজে। ঘর ঘোর তঃখ-ছদে ইচ্ছাবশে মজে।। আমার আমার করি বলে সর্বজন। মিথ্যা ঘর পরিবারে মজাইয়া মন।। বান্ধব শশুর নারী পুজ্র পিতা মাতা। অনর্থের হেতু সব মহা তুঃখদাতা। এসব পালম হেতৃ ত্যক্তে নিজ ধর্ম। ভরণ পোষণ করে করিয়া কুকর্মা।। পশ্চাতে অধর্মভাগী হয় সেই জনা। নিজ অঙ্গে ভোগ করে বিবিধ যন্ত্রণা।। নয়ন থাকিতে অন্ধপ্রায় যত লোক। কর্মসূত্রে বন্ধ যেন তসরের পোক।। বিধির নির্কন্ধ সেই রক্ষপত্র থায়। যথাকালে আপনার কর্মফল পায়।। জানিয়া তথাপি তারা থাকে অনায়াদে। পাছে বিপরীত বুদ্ধি হয় কোন দোবে॥ সুখেতে থাকিব হেন ভাবিয়া অন্তরে। নিজস্থত্রে বন্দী হয়ে অবশেষে মরে।। সেই মত পৃথিবীতে হল যত লোক। মায়ামোহে মজি সবে শেষে পায় শোক সংগার অসার প্রভু সার ধর্মপথ। তাহা বিনা নাহি মম অন্য মনোরথ।। ঘর ঘোর মহাবন্ধে যেতে কদাচন। নিশ্চয় জানিহ দেব নাহি মম মন।। উৎপত্তিতে তপ্তজীব চিন্তার হুতাশে। শীতল হউক দেব তোমার প্রশে।। আ জা কর মুহূর্তেক থাকিব সংহতি। এত শুনি তুষ্ট হয়ে বলে মৃত্যুপতি॥ তোমার চরিত্র ধন্য লাগে চমৎকার। অগোচর নহে মম অখিল সংসার।। অপ্সকালে ধর্ম প্রতি হেন তব মতি। তোমার তুলনাযোগ্য নাহি দেখি ক্ষিতি।। পৃথিবীতে খ্যাত হল তোমার সুযশ। মধুর বচনে তব হইলাম বশ।। পতির জীবন ভিন্ন মাগ অন্য বর। যাহ। ইচ্ছা মাগি লহ আমার গোচর।।

কন্যা বলে এই সত্যবানের ঔরসে। হইবেক এক পুজ্র পঞ্চম বরুষে।। হেনমতে দেহ মোরে শতেক নন্দন। অঙ্গীকার নিজ বাক্য করহ পালন।। কুতান্ত কহিল ঘরে যাহ গুণবভি। মম বারে হবে তব শতেক সন্ততি॥ এত বলি শীঘ্রগতি চলিল শমন। সাবিত্রী তাঁহার পাছে করেন গমন।। যম ৰলে কি কারণে যাহ ভূমি কোথা। চারি বর দিমু কেন ত্যক্ত কর র্থা।। সাবিত্রী কহিল দেব উত্তম কহিলে। জুন্মিবে শতেক পুজ্র নিজে বর দিলে।। অল্ড্য্য তোমার বাক্য কে পারে লঙ্ক্রিতে আমার হইবে পুত্র সত্যবান হতে।। ইহার বিধান আগে কর ধর্মরায়। তোমার সংহতি মম নাহি কোন দায়।। সাবিত্রীর মুখে শুনি এতেক ভারতী। প্রম লজ্জিত হয়ে কহে মৃত্যুপতি।। এ তিন ভুবনে তুমি সতী পতিব্ৰতা। পবিত্র হইবে লোক শুনি তব কথা।। বিশেষ করিলে ত্রত চতুর্দ্দশী দিনে। পাইলে এ চারি বর তাহার কারণে।। দ্বিতীয় তোমার কর্ম কহনে না যায়। নতুবা শুনেছ কোথা মলে প্রাণ পায়।। লহ ত তোমার পতি রাজা সত্যবান। কৌত্তে গমন কর আপনার স্থান।। যে ব্রত সাধিলে সতি বদি অহর্নিশি। লোক পরে করিবে সাবিত্রী চতুর্দ্দশী।। ভক্তিভাবে এই কথা কহে যেই জন। পাইবে প্রম পদ না যায় খণ্ডন।। তোমার মহিমা যৈবা করিবে স্মরণ। জামা হতে ভয় তার না রবে কথন।। ভোমার গুণেতে বশ হইলাম আমি। यार भौख शृद्ध यां अ लद्य निक सामी।। পৃথিবীতে ভোগ কর পরম কৌতুকে। অন্তকালে ছুইজনে যাবে বিঞুলোকে।।

এত বলি মৃত্যুপতি ছাড়ি সত্যবানে।
আনন্দ বিধানে যান আপনার স্থানে।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

সত্যবানের পুনজীবন।

নিজপতি পেয়ে সতী হর্ষিত মতি। স্বামীর নিকটে যান পুনঃ শীঘ্রগতি॥ মহানদেল লয়ে সেই তাক্ত পুরুষে। স্বামী অঙ্গে নিয়োজিল পরম হরিষে।। চৈতন্য পাইয়া উঠে রাজার নন্দন। নিদ্রা হতে হল যেন পুনঃ জাগরণ।। হেনকালে শুন যুধিষ্ঠির নুপমণি। অস্ত গেল দিবাকর আইল রজনী॥ দেখি সত্যবান অতি চিন্তাকুল মনে। কহিতে লাগিল সাবিত্রীরে সম্বোধনে।। কহ প্রিয়ে কি করিব অতি ঘোর নিশি। কি মতে পাইব রক্ষা অরণ্যেতে বসি।। চিনিতে না পারি পথ অন্ধকার ঘোর। কেন প্রিয়ে না করিলে নিদ্রাভঙ্গ মোর।। হায় বিধি কালনিদ্রা মোরে আনি দিলে কান্দিবেক মাতাপিতা হয়ে শোকাকুলে।। সাবিত্রী কহিল প্রভু শুন মুমু কুথা। হইল যে কর্ম্ম তাহা চিন্তা কর রুথা।। নিদ্রাভঙ্গ করি যদি পাপ বড় হয়। সেই জন্যে জাগাইতে মনে হল ভয়।। বিচার করিতু মনে আছে কিছু বেলা। নিশ্চিতে রহিনু আমি মনে করি হেলা।। মেঘেতে আচ্ছন্ন বেলা নারিমু বুঝিতে। মম দোৰ নাহি কিছু না ভাবিহ চিতে।। অকারণে গৃহে যেতে কর মনোরথ। রাত্রিকালে বনস্থলে না জানিব পথ।। চল প্রভু এই রক্ষে আরোহণ করি। কোন মতে বঞ্চি প্রভু এ ঘোর শর্করী॥ প্রভাতে উঠিয়া কালি করিব গমন। যে আজ্ঞা তোমার এই মম নিবেদন।।

সত্যবান কহে প্রিয়ে উত্তম কহিলে। ইহা না করিয়া কোথা যাব রাত্রিকালে এত বলি উঠে দোঁহে বৃক্ষের উপরে। চিন্তায় আকুল রহে ছুঃখিত অন্তরে।। তথায় হইল চক্ষু তান্ধ নুপতির। পুজের বিলম্ব দেখি হলেন অস্থির।। শোকাকুলে কান্দে কত রাজার ঘরণী। কোথায় রহিল পুত্র এ ঘোর রজনী।। তিন দিন উপবাসী বধু গেল সাথে। না জানি কেমনে নফ্ট হইল বা পথে।। এত কালে স্বামী যদি পেলে চক্ষুদান। হারাইল রত্ননিধি পুজ্র সত্যবান।। হায় বধু গুণবতি পুজ্র সত্যবান। তোমা দোঁহে না দেখিয়া কাটে মম প্রাণ ঘোর বনে বনজন্ত শত শত ছিল। অভাগীর কর্মদোবে দোঁহারে হিংসিল।। নাম ধরি কান্দি উঠে দম্পতি তুজনে। কারণ জানিতে যান যত মুনিস্থানে।। একে একে কহে ভবে যভ মুনিগ্ৰ। কি হেতু তোমরা এত করিছ রোদন।। আশাস করিয়া কয় না করিছ ভয়। সুথের লক্ষণ রাজা জানিহ নিশ্চয়।। ভামা সবাকার বাক্য কভু নহে ভান। সর্কসুথে বৃষ্ণু প্রভা পাবে বিদ্যমান।। माखना कतिया (काँट्र পाठाहेल घत। চিস্তাকুলে রহে দোঁহে ছুঃখিত অন্তর।। এতেক কম্টেতে বঞ্চিলেক সেই নিশি। হেনকালে সুর্য্যোদয় হয় পূর্কদিশি।। প্রভাত জানিয়া তবে রাজার নন্দন। कल मूल कार्छ लंदश कतिल शमन।। এথা রাজা রাণী করে পথ নিরীক্ষণ। হেনকালে সন্নিধানে আদে তুই জন।। তিতিল দোঁহার অঙ্গ প্রেম-অঞ্জলে। मिडे में इर्ग इर्ग कर्स रमश्राम ॥ আশ্রমে আদিল দোঁহে প্রফুল বদনে। সত্যবান বধু সহ আদিয়া ভবনে।।

শুনিয়া আসিল যত ছিল মুনিগণ। বিস্ময় মানিয়া সবে জিজ্ঞাসে কারণ।। কহিল দাবিত্রী সবাকারে বিবরণ। অতি অন্ত যত সব বনের কথন।। এত শুনি সর্বজন সাবিত্রীর কথা। জানিল মনুষ্য নহে অশ্বপতিসুতা।। অনেক প্রশংসা করে মিলি সর্বজন। আশীর্কাদ করি সবে করিল গমন।। সাবিত্রী-চরিত্র কথা শুনি রাজরাণী। আপনাকে কুতকুত্য ভাগ্যবান মানি॥ স্নান দান করি রহে হরিষ অন্তরে। শুন ধর্মারাজ তার কত দিনান্তরে।। অশ্বপতি নরপতি হল পুজ্রবান। শক্ত জিনি নিজরাজ্য নিল সত্যবান ॥ সাবিত্রীর শত পুজ হল যথাকালে। নিজ রাজ্যে একত্র বঞ্চিল কুভূহলে।। সাবিত্রীর তুল্য নাই এ তিন সুবনে। ছুই কুল উদ্ধারিল আপনার গুণে।। মৃত জন প্রাণ পা(ই)ল অন্ধ চকু দান। অপুত্রক ছিল রাজা হল পুত্রবার ।। জিমাইল আপনার শতেক সম্ভতি। নিজরাজ্য উদ্ধারিল সতী গুণবতী।। এই হেতু সর্বজন ভুবন ভিতরে। সাবিত্রী সমান বলি আশীর্কাদ করে।। পূর্কের রহ্রান্ত এই ধর্ম্মের নন্দন। দৌপদীরে দেখি আমি তাহার লক্ষণ।। এত বলি নিজ স্থানে গেল মুনিরাজ। আনন্দ বিধানে রহে পাণ্ডব সমাজ।। ভারত-চরিত্র রচে মহামুনি বাস। পাঁচালি প্রবন্ধেতে রচিল তাঁর দাস।। युधिष्ठित्वत कामाकवन छात्र अवः (स्रीतिमीत অহস্কার বিবরণ।

বৈশম্পায়ন কহিলেন শুন কুরুবর।
কুঞা সহ কাম্যবনে পঞ্চ সহোদর।।
মার্কশুেয় মুনি যদি করিল গমন।
হইল বিষ্যদে মগ্ন স্বাকার মন।।

হেন আত্র ভৌপদীকে পাড়ি দিল পার্থ। দোঁহার কর্মের দোষে হইল অনর্থ।। তপক্তা করিয়া মুনি আশ্রমেতে আসি। আন্ত্র না পাইয়া করিবেক ভস্মরাশি।। চিন্তিয়া না দেখি কিছু ইহার উপায়। কি কর্মা করিলে পার্থ হায় হায় হায়।। শুনিয়া क्रायात मूर्य ताजा यूधिकित। অশক্য জানিয়া বড় হলেন অস্থির।। কর্যোড়ে কহিলেন গোবিন্দের আগে। পাগুবেরে ভাল মন্দ তোমারে সে লাগে।। পাগুবের রক্ষা করে নাহি হেন জন। खशु कथा नटह अहे रिमवकीनन्मन।। রাখিবে রাখহ নহে যাহা লয় মনে। তোমার আশ্রিত জনে মারে কোন জনে।। তোমা হতে যেই কর্ম না হবে শমতা। অন্য জন সে কর্ম্মেতে চিন্তা করে রুখা।। তোমার আশ্রিত মোরা ভাই পঞ্জন। কিমতে পাইব রক্ষা কহ নারায়ণ।। শুনিয়া ধর্মের কথা কহেন শ্রীপতি। রক্ষেতে ফলিয়া আন্ত ছিল হে যেমতি।। সেই মত রক্ষে যদি লাগে পুনর্কার। তবে সে হইবে রাজা সবার নিস্তার।। যুধি চির বলিলেন এ তিন ভুবন। ত্রিবিধ সমস্ত শোক পালে যেই জন।। উৎপত্তি প্রলয় হয় ঘাঁহার আজায়। ডালে আন্ত্র লাগাইতে তাঁর কোন দায়।। গোবিন্দ বলেন এক আছে প্রতীকার। বৃক্ষ-ডালে আন্ত লাগে সবার নিস্তার।। করিলে করিতে পার নহে বড় কাজ। কপট ত্যজিয়া যদি কহ ধর্মরাজ।। যুধিষ্ঠির বলে ক্লফ যে আজ্ঞা তোমার। মম সাধ্য হয় যদি এই প্রতীকার ॥ প্রতীকারে মৃত্যু ইচ্ছা করে কোন জনে। আক্র কর পালিব তা করি প্রাণপণে।। গোবিন্দ বলেন রাজা নহে ৰড় কাজ। সবার নিস্তার হয় শুন মহারাজ।।

কোন কথা অনুক্ষণ জাগে কার মনে।। সবার মনের কথা কহ মম আগে। কপট ত্যজিয়া কহ তবে আত্র লাগে।। এই মত সর্বজনে করি অঙ্গীকার। প্রথমে কহেন কথা ধর্মের কুমার।। শুন চিন্তামণি চিন্তা করি অনুক্ষণ। পূর্ক্তমত বিভবাদি হলে নারায়ণ।। ব্রাহ্মণ ভোজন যজ্ঞ করি অহর্নিশি। ইহা বিনা অহু আমি নহি অভিলাধী।। অনুক্ষণ মম মনে এই মনোরথ ৷ শুনিয়া অকাল আত্র উঠে কত পথ।। আৰশ্চর্য্য দেখিয়া সবে হরিষ অস্তর। কহিতে লাগিল তদস্তরে রুকোদর।। ভीম বলে क्रुकुहन्त्र रहन सम वावी। এই চিন্তা করি আমি দিবস রজনী।। গদাঘাতে শত ভাই কৌরব সংহারি। জুফী তুঃশাসন-বুক নথ দিয়া চিরি।। উদর পূরিব আমি তাহার শোণিতে। ক্ষার কুন্তল বান্ধি দিব এই হাতে।। মহামদে মত্ত হয়ে ছুফীবুদ্ধি কুরু। বস্ত্র তুলি দ্রৌপদীরে দেখালেক উরু।। ভাঙ্গিয়া পাড়িব রণমধ্যে গদা মারি। এই চিত্তে করি আমি দিবদ শর্করী।। এতেক কহিল,যদি ভীম মহামতি। কত দূরে আত্র তবে উঠে ঊর্দ্ধগতি॥ অৰ্জুন কহেন এই জাগে মম মনে। অরণ্যে যথন আসি ভাই পঞ্চলনে।। ছুই হাতে চতুর্দিকে ফেলাইল ধূলা। তাদৃশ অস্ত্রেতে কাটি ছুফী ক্ষত্রগুলা।। मियावार<br/>
कर्नवीरत कतिव निथन। ভীমদেন মারিবেক ভাই শত জন ॥ এ সব ভাবিয়া করি কালের হরণ। আমার মনের কথা শুন নারায়ণ।। তবে আন্ত কত দুরে উঠে উর্দ্ধপথে। নকুল কহিল ভবে ক্লুফের সাক্ষাতে।।

ক্রপদনন্দিনী আর তোমা পঞ্চজনে।

শুন কুক যেই কথা মনে চিন্তা করি। দেশে গিয়া রাজা হলে ধর্ম অধিকারী।। পূর্কমত রব আমি হরে যুবরাজ। ধৰ্ম্মরাঙ্গে ভেটাইৰ নুপতি সমাজ।। বিচারিয়া বলিব দেশের ভাল মন্দ। তবে আত্র কত দুরে উঠিল সচ্ছন্দ।। সহদেব বলে অনুক্ষণ ভাবি মনে। রাজ্যে গিয়া যুধিষ্ঠির বসিলে আসনে।। করিব রাজার আগে চামর ব্যজন। করিব সবার তত্ত্ব যত পুরজন।। নিযুক্ত রহিব নিত্য ব্রাহ্মণ ভোজনে। সব তুঃখ পাসরিব জননী পালনে।। মনের মানস কহিলাম নিস্কপটে। এতেক কহিতে আন্ত্র কত দুর উঠে।। অতঃপর ধীরে ধীরে বলে যাজ্ঞসেনী। ইহা চিন্তা করি আমি দিবস রজনী।। আমারে দিয়াছে তুঃখ তুষ্টগণ যত। দীমাৰ্জ্ব-হাতে হবে সৰ্বজন হত।। তাসবার নারীগণ কান্দিবেক ছঃখে। দেখি পরিহাস করি মনের কৌতৃকে।। পূর্কমত নিত্য করি যজ্ঞ মহোৎসব। পালন করিব সুথে যতেক বান্ধব।। এতেক কহিল যদি ক্লফা গুণবতী। পুনশ্চ আত্রের হল নিম্নে অধােগতি।। মহাভীত হয়ে তবে কর্টে যুধিষ্ঠির। কি হেতু পড়িল আন্ত কহ যতুবীর।। গোবিন্দ বলেন রাজা কি কহিব কথা। সকল করিল নষ্ট ক্রপদত্বহিতা।। কহিল সকল যত কপট বচন। সে কারণ পড়ে আন্ত ধর্মের নন্দন।। বাগ্র হয়ে পঞ্চ ভাই কহে করপুটে। উপায় করহ ক্লফ্ড যাহে আত্র উঠে।। গোবিন্দ কহেন ক্লফা কহ সত্যকথা। নিশ্চয় রুক্ষেতে আত্র লাগিবে সর্কথা।। কহিল ক্লম্ভার প্রতি ধর্মা নরপতি। কি কারণে স্তষ্টি নফ কর গুণবতি।।

কপট তাজিয়া কছ গোবিন্দের আগে। স্বার জীবন রয় গাছে আন্ত লাগে।। এতেক কহিল যদি ধর্মের তনয়। কিছু না কহিয়া দেবী মৌনভাবে রয়॥ দেখিয়া কুপিত তবে পার্থ ধনুর্দ্ধর। দ্রৌপদীরে মারিবারে যুড়ে দিব্য শর।। অৰ্জুন কহেন শীঘ্ৰ কহ সত্য কথা। কাটিব নচেৎ তীক্ষ শরে তোর মাথা।। এতেক কহিল যদি পার্থ মহামতি। লজ্জা তাজি কহে তবে ক্লফা গুণবতী।। ডৌপদী কহিল দেব কি কহিব আর। কায়মনোবাক্যে তুমি জান স্বাকার।। यञ्जकारन कर्नवीत ञातिन यथन। তারে দেখি মনে মনে চিন্তিত্ব তখন।। এই জন হত যদি কুন্তীর নন্দন। ইহার সহিত পতি হত ছয় জন ॥ এখন হইল সেই কথা মম মনে। এতেক কহিতে আন্ত্র উঠে সেইক্ষণে।। রক্ষেতে লাগিল যেন ছিল পূর্ব্বমত। আশ্চর্য্য মানিয়া সবে হল আনন্দিত।। নিস্তার পাইয়া মৌনে রন যুধিষ্ঠির। গর্জিয়া উঠিয়া কছে ব্লকোদর বীর।। এই কি তোমার রীতি ক্লফা চুষ্টমতি। এক পতি সেবা করে সতী কুলবভী।। বিশেষ তোমার এই পতি পঞ্চ জন। তথাপি ৰাঞ্জিদ মনে স্থতের নন্দন।। ইহাতে কহাস লোকে পতিব্ৰতা সতী। প্রকাশ করিলি ভোর কুৎসিত প্রকৃতি।। সভা মধ্যে বলাইস প্রম প্রিত্র। এতদিনে ব্যক্ত হল নারীর চরিত্র।। অবিশ্বাসী সর্কনাশী তুই ছুফীমতি। কি জন্মে হইল তোর এমন কুরীতি॥ যদ্যপি শত্রুর প্রতি আছে তোর মন। বিশ্বাস করিবে আর তোরে কোনজন।। এত বলি মহাকোধে গদা লয়ে ভীম। দ্রৌপদী মারিতে যায় বিক্রমে অসীম।।

ঈবদ হাসিয়া তবে দেব জগন্নাথ। শীঘ্রগতি ভীমের ধরেন ছুই হাত।। সহাস্তে শ্রীমুখে তবে কহে ভীমদেনে। দ্রৌপদীরে নিন্দা তুমি কর অকারণে।। কদাচিৎ দ্রোপদীর তুষ্ট নহে মন। কহিব তোমারে আমি ইহার কারণ।। সকল বুত্তান্ত জানি স্বাক্রি আমি। অকারণ দ্রৌপদীরে নিন্দ পার্থ তুমি।। এমত নাহিক নারীমধ্যে কোন জন। তবে যে কহিল কুষ্ণা ত্রাসের কারণ।। ইহার কারণ আছে অতি গুপ্তকথা। এখন উচিত নহে কহিব সর্কথা।। দেশে গিয়া নরপতি বসিলে আসনে। বলিব বিশেষ করি তবে সর্বজনে।। ক্লফার সমান সতী পতিব্রতা নারী। কিভিমধ্যে নাহি কেহ কহিবারে পারি শুনিয়া ক্লাঞ্চের মুখে এতেক উত্তর। নির্তু হইয়া বদে বীর রুকোদর।। আশ্চর্য্য মানিল যুধিষ্ঠির নৃপমণি। লজ্জায় মলিনমুখে রহে যাজ্বেনী।। অলঙ্ক্য ক্লুষ্টের মায়া কে বুঝিতে পারে কেবল ক্লফার গর্ক চূর্ণ করিবারে।। করিলেন এত ছন্ন মিথ্যা প্রবঞ্চনা। কৌতুকেতে স্নানদান করে সর্বজনা।। আহার করিল ফল মূল কুভূহলে। পঞ্চ ভাই কুষ্ণেরে কহিল সত্যবোলে।। অতঃপর জগরাথ কর অবধান। এ স্থান হইতে করি আমরা প্রস্থান।। ক্লম্ভ কন আসিয়াছি মুনির আশ্রমে। বিনা সম্ভাষিয়া তাঁরে যাইব কেমনে।। অস্ত কেহ নহে রাজা তুমি উপস্থিত। আদিয়া আশ্রমে মুনি হবেন.ছুঃখিত।। বলিবেন যুধিষ্টির আশ্রমেতে আসি। অবজ্ঞা করিয়া গেল মোরে না সম্ভাষি।। সে হেতু দিনেক থাকা হেথা যুক্তি হয়। এ যুক্তি স্বার মনে লয় কি না লয়।।

ধর্ম বলিলেন দেব যে আজ্ঞা ভোমার ভুবন ভিতরে লঙ্ঘে হেন শক্তি কার।। এত বলি মনসুখে রহে সর্বজন। হেথা মুনি জানিলেন কৃষ্ণ জাগমন।। নিজের প্রশংসা করি নিজে বহুতর। ধন্য আমি সুপবিত্র হল কলেবর।। তপক্সা করিয়া যাঁরে দৃষ্টি অভিলামী। অযত্নে তাঁহার দেখা পাই ঘরে বসি।। এত বলি মনসুখে তুলি ফল মূল। হরিষ অন্তরে চলে হইয়া আকুল।। আশ্রমে আসিয়া মুনি হল উপনীত। ী মধ্যাক্ত সময়ে যেন আদিত্য উদিত।। পূরাইতে জনার্দ্দন ভক্ত মনোরথ। আসিলেন অঁএসরি কত দূর পথ।। সেইমত সর্কজন আসিল সংহতি। মুনিবরে প্রণমিল সবে হাউমতি।। শ্ৰীক্লষ্টে দেখিয়া কহে মুনি সন্দীপন। অনন্ত তোমার মায়া জানে কোন জন 📍 তুমি ব্রহ্মা তুমি শিব তুমি নারায়ণ। কি শক্তি আমার প্রভু করিতে স্তবন।। বিভ্মত স্তব করি মুনি সন্দীপন। আগ্রমে আসিয়া দিল বসিতে জাসন।। তদ্রপ আসন দেন আরু সুর্বজনে। রহিলেম সর্বজন আনন্দিত মনে।। অতিথি বিধানে কৈল সবাকার পূজা। পরম আনন্দমতি যুধিন্টির রাজা।। নানা কথা কৌতুকেতে রহে মনোরথে। রজনী বঞ্চিয়া সংখৈ উঠিল প্রভাতে।। পঞ্চ ভাই প্রণমিয়া তপোধনবরে। বিদায় হইয়া যান হরিষ অস্তরে।। কহিলেন বহু ক্লফ মুনি সন্দীপনে। সম্ভাষ করিল তবে ভাই পঞ্চজনে।। তথা হতে পূর্কভিতে করেন গমন। তুই দিকে দেখে কত রমণীয় বন।। ভারত-পক্ষজ-রবি মহামুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে কহে কাশীরাম দাস।।

## যুধিটিরের শ্রসেন-বনে স্থিতি।

মুনি বলে শুন কথা কহিতে বিস্তর। এইমত পঞ্চ ভাই সঙ্গে দামোদর।। শুরদেন নামে বন যমুনার তটে। উপনীত সর্বজন তাহার নিকটে।। জল স্থল দেখি সব বিচিত্র কানন। বিশ্রাম করিতে বসিলেন সর্বজন।। এ ক্রিফ কহেন রাজা কর অবধান। বনমধ্যে নাহি স্পার হেন রম্যস্থান।। জলস্থল যথাযোগ্য বহু মৃগ পাখী। ইহাতে আশ্রম কর পরম কৌতুকী।। নাহিক ইহার চতুর্দিকে রাজচয়। অজ্ঞাতে মনের সুখে বঞ্চ মহাশয়।। কলিঙ্গ তৈলঙ্গ অঙ্গ বঙ্গ গুজরাট। কামোজ কর্ণাট মদ্র বিভঙ্গ বিরাট।। অযোধ্যা পাঞ্চাল কাশী কনথল দেশ। সিদ্ধিসেন কাশী ভোজ কাশ্মীর বিশেষ ইত্যাদি অনেক রাজ্য নিকটে আছয়। কদাচিত নাহি ইথে কৌরবের ভয়।। ইতিমধ্যে বাস করি যেই কোন দেশে। একবর্ষ অক্লাতেতে রহ গুপ্তবেশে।। তদস্তরে রাজ্যে গিয়া হইবে নৃপতি। আমারে বিদায় কর যাই দ্বারাবতী।। বিশেষে হইল তব অঞ্চাত সময়। এখন জনতা বেশী করা ভাল নয়।। ধর্ম্ম বলিলেন কুষ্ণ কি কহিব আর। ভোমারে একান্ত লাগে পাওবের ভার। সহায় সম্পত্তি স্থা বন্ধু মিত্র ভাই। ভোমা বিনা পাগুবের আর কেহ নাই। ' পুনঃপুনঃ রাখিয়াছ বিষম সন্ধটে। অজ্ঞাতে রাখহ কৃষ্ণ ছুষ্টের ৰূপটে।। গোবিন্দ কহেন রাজা না করিহ ভয়। যথা তুমি তথা আমি জানিহ নিশ্চয়॥ যথন যে কাৰ্য্য তৰ হবে উপস্থিত। জ্ঞাতমাত্র স্থানি স্থানি করেব বিহিত।।

এত বলি ধান কৃষ্ণ ছারকানগর।
শুনিয়া পাওব পঞ্চ তুঃখিত অন্তর।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।
বৃধিটিরের ধর্ম জানিবার জন্ম ধর্মের ছলনা ও :
জল আনিতে ভীমের শুমন।

জিজ্ঞাসেন জন্মেজয় কহ অভঃপর। কি কি কর্ম করিলেন পঞ্চ সহোদর।। রহস্য শুনহ বলি কহে মুনিবর। তৃষ্ণায় পীড়িত হয়ে পঞ্চ সহোদর।। বুক্ষতলে বসি রাজা বলেন ভীমেরে। জল কোথা আছে ভীম আনহ সত্তরে।। আজ্ঞামাত্র রুকোদর করেন গমন। সে বনে না পায় জল করে অস্বেষণ।। কোথায় পাইব জল চিন্তে মহামতি। প্রনন্দন যায় প্রনের গতি।। কত দূরে দেখে এক কুসুমকানন। নানাজাতি ফল ফুলে অতি সুশোভন।। অশোক কিংশুক জাতী টগর মল্লিকা। **एन्श्रक माध्यी कुङ्ग बाँगि (भकानिका।।** পলাশ কাঞ্চন ইন্দ্রমণি নানা ফুল। মধুলোভে উড়ে বসে মন্ত অলিকুল।। খঞ্জন খঞ্জনী নাচে আপনার সুখে। ময়ুর ময়রী নাচে প্রম কৌভুকে।। তথা হতে যায় বীর অতি মনোছঃখে। কোথার পাইৰ জল যাব কোন মুখে।। চিন্তাকুল রকোদর করিছে গমন। হেনকালে শুন রাজা অপূর্ব্ব কথন।। জানিতে পুত্রের ধর্ম আসি ধর্মরায়। দিব্য এক সরোবর স্থাজন তথায়।। আপনি মায়ায় বকপক্ষিৰূপ-ধরি। त्रहिल्न (महेक्शात्म इन्नार्यम कति।। পাইয়া জলের তত্ত্ব বীর রুকোদর। ত্বরিত আদেন তথা হরিষ অন্তর।। জল দেখি তুষ্ট হয়ে প্ৰননন্দন। পান করিবারে বীর নামিল তখন।।

মায়াপক্ষী বলে ওহে শুন মতিমান।
সমস্যা পূরণ করি কর জলপান।
নতুবা তোমার মৃত্যু হবে জলপান।
সমস্যা পূরণ কর আমার বচনে।
মহাভারতের কথা সুধা হতে সুধা।
কাশীদাস কছে পানে খণ্ডে ভবকুধা।।
প্রা লোক:।

"কাচ বার্ত্তা কিমাশ্চর্য্যং কঃ পস্থা কশ্চ মোদতে। মনৈতাংশ্চতুরঃ প্রশ্নান্ কথয়িতা জ্বলং পিব।।" জ্বন্যার্থঃ।

কিবা বার্ত্তা কি আশ্চর্য্য পথ বলি কারে কোন জন সুখী হয় এই চরাচরে।। পাঞুপুক্র আমার যে এই প্রশ্ন চারি। উত্তর করিয়া ভূমি পান কর বারি।।

ভীমান্বেয়ণে অর্জুনের গমন। ভীম বলে আগে করি জল আস্বাদন। ভবে সে করিব তব সমস্যা পূর্ণ।। তৃষ্ণায় আকুল ভীম অহস্কারী মনে। জলস্পর্শ মাত্রে বীর মরে সেইক্ষণে।। হেথায় ভাবিত রাজা আশ্রমে বসিয়া। ধীরে ধীরে কহিলেন অর্জ্জনে চাহিয়া।। শুন ভাই ধনঞ্জয় না বুঝি কারণ। ভীমের বিলম্ব কেন হয় এতক্ষণ।। শীঘ্রণতি ব্রকোদরে কর অস্বেয়ণ। বুঝি ভীম কার সনে করিতেছে রণ।। আজ্ঞামাত্র পার্থ বীর উঠিয়া সন্তর। নিলেন গাণ্ডীব হাতে ভূণপূর্ণ শর।। প্রণাম করিয়া বীর ধর্মের চরণে। চলিলেন ধনঞ্জয় ভীম অম্বেষণে।। ঘোর বনে প্রবেশিয়া পার্থ বীরবর। চলিলেন নিজসুথে নির্ভয় অন্তর। বসন্ত সময় ভাহে কোকিল কুহরে I मकतरन्म अनिकून मना (किन करत।। কুহু কুছু রবে পিক করিতেছে গান। श्रक्कन्प्रभारम् वीत् मद्रवादद्वं यान् ।।

কতক্ষণে উত্তরিয়া মায়াসরোবরে। তৃষ্ণার্ত্ত হইয়া যান পান করিবারে ॥ হেনকালে বকৰপী কন ধৰ্মরায়। প্রশ্ন বলি জলপান কর ধনঞ্জয়।। প্রশ্ন না বলিয়া যদি কর বারি পান। প্রশ করিবামাত্র যাবে যমস্থান।। ধর্মবাক্য ধনঞ্জয় না শুনি আহবেণা আপনার দত্তে চলিলেন বারিপানে।। পড়িয়াছে রকোদর জলের উপর। দেখি শোক করিলেন মনে বীরবর।। এই জল হতে হল ভাতার নিধন। ' আমি কোন লাজে আর রাখিব জীবন।। মারাজল স্পর্শমাত্র বীর ইন্দ্রস্ত। শরীর হইতে তার গেল পঞ্চভূত।। এখানে ভাবিত অতি রাজা যুধিষ্ঠির। দোঁহার বিলয় দেখি হলেন অস্থির।। নকুলেরে কহিলেন ধর্মা নরপতি। ভীমার্জুন অন্বেষণে যাও শীঘ্রগতি।।

ভীমার্জ্ন অবেষণে নকুলের যাতা। নকুলের প্রতি, কহেন ভূপতি, শুনহ আমার বাণী। **डारे छुरे ज**न, <u>जुल्</u>यत कातून, গেল কোথা নাহি জানি।। কর অন্বেষণ, গহন কানন, জল আন শীঘগতি। পাপিষ্ঠ ভৃষ্ণায়, প্রাণ ফাটি যায়, শুন ভাই মহামতি॥ রাজ-আজা শুনি, চ্লিল তথ্নি, মাদ্রীর তনয় বীর। মহা-সত্ত্বোদয়, निर्ज्य-क्रम्य, মনে মনে ভাবে বীর।। অতি শোভাকর, দেখিতে সুন্দর, কুমুম উদ্যান যক। অতি সুশোভন, সেই ত কানন, পশু পক্ষী আদি কভ !!

দেখিয়া কামন, আনন্দিত মন, **हिल्ल मुख्द**त थीत । মায়াসরোবরে, কতক্ষণ পরে, আসিল নকুল বীর।। प्तिथि मदतावत्र, হরিষ অন্তর, বিহরে কত বিহঙ্গ। আরো লাখে লাখ, হংস চক্রাক, वितारक त्रम्भेमक ।। নকুল হেরিয়া, আকুল হইয়া, **চলে সর্বোবর-তীর।** ধৰ্ম মহাশয়, करह ध मगग्न. শুন হে নকুল বীর।। প্রশ্ন চারি কও, তবে জল খাও, नत्र योद्य यमश्रुत्त । তৃষ্ণায় আকুল, হইয়া নকুল, সে কথা অগ্রাহ্য করে।। জলপান তরে, চলিল সমুরে, সেই মায়াসরোবরে। বিধির ঘটন, কে করে খণ্ডন পরশন মাত্রে মরে।। এথা রাজা বিদি, হইল হতাশী, বিলম্ব দেথিয়া অতি। চিত্ত উচাটন, ছঃখযুক্ত মন, ভাতান্ত উৰিগ্নমতি।। অরণ্যের কথা, 'কুখ-মোক্ষদাত!, রচিলেন মুনি ব্যাস। পাঁচালি প্রবন্ধে, মনোহর ছন্দে, विविष्ठिल कामीमाम ॥

ভীমার্জুন-নক্লের অধেষণে সহদেবের যাতা।

যুধিফির রাজা অতি ব্যাকুলিতমনে।

সহদেবে কহিলেন মলিনবদনে।।

আমার বচনে ভাই কর অবধান।

তিন জনে না দেখিরা বাহিরার প্রাণ।।

অস্থির আমার মন হয় কি কারণে।

কার সনে বনে যুদ্ধ করে তিন জনে।

যাহ সহদেব জল আনহ সম্বরে। অস্বেহণ কর আর তিন সহোদরে।। এত শুনি সহদেব চলেন সন্তর। প্রবেশ করেন গিয়া কানন ভিতর ॥ দেখিয়া বনের শোভা হর্ষিত্মন। চতুর্দিকে দেখে বহু কুমুমকানন।। নিভ্য-শরীর বীর করিল গমন। কত শত শোভা দেখে কে করে গ্রন।। জন্মেজয় রাজা বলে কহ মুনিবর। বিস্মিত হইল কিছু আমার অন্তর।। ধর্মপুত্র যুধিষ্ঠির বুদ্ধির সাগর। পৃথিবীতে নাহি তাঁর তুল্য কোন নর।। সসাগরা রাজ্য পালে যেই মহামতি। বুদ্ধিতে নহেক সম শুক্র বৃহস্পতি।। বুদ্ধির সাগর রাজা বুদ্ধি গেল কোথা। বিশেষ করিয়া মুনি কহ এই কথা।। সহদেবে জিজ্ঞাসিত যদি নুপমণি। সকল কহিত তাঁরে ভবিষ্য কাহিনী।। महरमव-स्थारन मब পाইल मश्वाम। তবে না হইত মুনি এমত প্রমাদ।। মুনি বলে অবধান কর মহামতি। দৈব খণ্ডাইতে কারে। না হয় শকতি॥ মায়া করি ধর্মা তাঁর বুদ্ধি নিল হরি। এ জন্য বলিল রাজা আন গিয়া বারি।। এথা সহদেব বীর বনের ভিতর। মনের আনন্দে যান নির্ভন্ন অন্তর।। বনমধ্যে তিন জনে করে অত্থেষণ। ভ্ৰমণ করেন বহু গহন কানন।। ভীমের দেখিল চিহ্ন অরণ্যেতে আছে। পদাঘাতে গিরিশৃঙ্গ চূর্ণ করি গেছে।। চিহ্ন দেখি সেই পথে যান মহাবীর। মুহূর্ত্তেকে উত্তরিল সরোবরতীর।। সরোধর দৃষ্টমাত্রে মাদ্রীর তনয়। তৃঞ্চায় আকুল হল ধর্মের মায়ায়।। জলপান করিবারে যান সরোবরে। বকৰাপী ধৰ্মৱাজ কহেন ভাহাৱে॥

চারি প্রশ্ন বলি তবে কর জলপান। ष्यद्य यनि शान कत यादव यमञ्चान ॥ धर्मवीका महत्व ना छनि खवत्। তৃষ্ণায় আকুল হয়ে যান বারিপানে।। বিধির নির্কল্প কেবা খণ্ডিবারে পারে। পরশ করিবামাত্র সহদেব মরে।। স্থূন্দর কমল তুল্য ভাষিতে লাগিল। হেথা যুধিষ্ঠির-মনে চিন্তা উপজিল।। ष्मरनक विलम्न प्रिथ धर्मा नत्रशिष्ठ। চিন্তাযুক্ত কহিলেন দ্রৌপদীর প্রতি।। শুনহ আমার বাক্য দ্রৌপদী সুন্দরী। শ্রীহরি স্মরণ করি আন গিয়া বারি।। পাইয়া পতির আজ্ঞা পতিব্রতা নারী। জলপাত্র লয়ে যান আনিবারে বারি।। মহাঘোর বনমধ্যে প্রবেশিয়া সতী। ভয় পেয়ে এক্লিফেরে ডাকে গুণবতী।। বনমধ্যে যান কুষ্ণা সশস্কিতা মনে। কতক্ষণে উত্তরিল সরোবর-স্থানে।। পিপাসাকাতরা অতি শুস্ক-কলেবর। জলপান করিবারে গেল সরোবর।। জলেতে নামিল যেই জপদকুমারী। হইল তাহার মৃত্যু স্পর্শি মায়াবারি॥ মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। ভ্রাতৃগণ ও দ্রোপদী-অন্বেষণে রাজ।

এখানে আশ্রমে বসি রাজা রুধিন্তির।
সবার বিলম্ব দেখি হলেন অস্থির।।
কোথা ভীম ধনপ্রায় মাদ্রীর তনয়।
ভোমা সবা না দেখিয়া প্রাণ বাহিরায়।
কোথা লক্ষ্মী গুণবতী ক্রপদনন্দিনী।
ভোমার গুণেতে বশ ছিল যভ মুনি।।
আমার সক্ষেতে প্রিয়ে বহুত্বুংখ পেয়ে।
হস্তিনানগরে গেলে আমারে ছাড়িয়ে।।
এই মত পরিতাপ করি নরপতি।
বিদ্রেশ বিচরণ করে ছঃখমতি।।

্যুধিষ্ঠিরের গমন।

অরণ্যের মধ্যে রাজা করি অস্বেহণ। ভীমের পাইয়া চিহ্ন করেন গমন।। যেই পথে গিয়াছেন বীর রুকে দর। কত শত রক্ষ চূর্ণ কত গিরিবর।। গমন করেন সেই পথে যুধিষ্ঠির। কতক্ষণে উপনীত সরোবরতীর।। সরোবর-তীরে দেখিলেন রুম্য বন। অপ্রমিত মৃগ পশু মহিষ বারণ।। দেখিয়া এ সব শোভা নাহি তাহে চান। উদ্বিগ্নচিত্তেতে রাজা সরোবরে যান।। সরোবরে দৃষ্টি যেই করেন নৃপতি। দেখেন ভাসিছে জলে ভীম মহামতি।। তার পাশে ধনঞ্জয় ভাসিতেছে জলে। মাদ্রীপুত্র ভাষে দোঁহে প্রন-হিল্লোলে।। দ্রৌপদী সুন্দরী ভাবে জলের উপরে। শরীর ভেদিল যেন সহস্র তোমরে।। দেখি রাজা মুগ্ধ হয়ে পড়েন ধরণী। অচেতনে ছটফট করে নৃপমণি।। কতক্ষণে সংজ্ঞা পেয়ে রাজা যুধিষ্ঠির। দেখিয়া সবার মুখ হলেন অস্থির।। পুনর্কার পড়িলেন ধরণী উপর। চেতন পাইয়া পুনঃ উঠেন সত্তর।। কাঁপিতে কাঁপিতে পুনঃ প<u>ড়ে</u> ঘনে ঘন। श क्रयः श क्रयः विन करतन तामन।। মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম দাস কহে ভবভয় তরি।।

রাজা যুগিটিরের আকেপ।

এই রূপে নরপতি কান্দে উচ্চৈঃস্বরে।
কোথা কৃষ্ণ রমানাথ রাথহ আমারে।।
এমন বিপদে কেন ফেলিলে আমার। ।
কোন দোবে দোবী আমি নহি তব পায়।।
পিতৃগণ মোরে বুঝি দিল অভিশাপ।
এই জন্ম জন্মাবধি পাই মনস্তাপ।।
অত্যন্ত বালককালে হল মহাশোক।
অজ্ঞানে পিতার হল গতি প্রনোক।।

অনন্তরে অস্ত্রশিক্ষা করি যেইকালে। বিহার কারণে যাই জাহ্নবীর জলে।। তাহে ছুঃখ দিল ছুর্য্যোধন ছুরাচার। প্রকারে করিতেছিল ভীমেরে সংহার।। উদ্ধার হইল ভীম পূর্বকর্মফলে। নতুবা জীবন পায় কে কোথা মরিলে।। মাতার সহিত পরে ছিমু পঞ্চ জন। বিনাশে মন্ত্রণা করে যত শত্রুগণ।। নির্মাণ করিয়া জতুগৃহ জুরাচার। প্রকারে করিতেছিল সকলে সংহার।। তাহে সুমন্ত্রণা দিল বিছর সুমতি। তাঁহার রূপায় তথা পাই অব্যাহতি।। ঘোর বনে প্রবেশিয়া ভ্রমি বহু দেশ। পাইলাম যত তুঃখ নাহি তার শেষ।। ভ্রমিতে ভ্রমিতে আসি পাঞ্চাল নগরে। স্বয়ম্বর-বার্তা শুনি যাই সভাপরে ॥ লক্ষ্য বিন্ধি ধনঞ্জয় জিনে রাজগণে। ट्योभनी वत्। रेकन आमा भक्षकरन ॥ বিবাহ করিয়া পুনঃ আসিলাম দেশে। করেছি যতেক কর্ম ক্লুষ্ণের আদেশে।। বিদায় হইয়া ক্লফ গেল ভারকায়। ৰিধির নিযুক্ত কর্মা লঙ্ঘন না যায়।। কপট পাশায় ছুফ্ট নিল রাজ্য ধন। তোমা সবে সঙ্গে নিয়া আসি যোৱবন।। কাননে অনেক তুঃখ পোলে ভাতৃগণ। অনেক প্রমাদ হতে হইলে মোচন।। কাননে আসিবামাত্র রাক্ষস কিম্মীর। তোমা সবে বিনাশিতে করিলেক স্থির।। রাক্ষসী মায়াতে কৈল ঘোর অন্ধকার। মারিয়া রাক্ষদে ভীম করিল উদ্ধার।। ৈ অনন্তরে জটাসুর এল কাম্যবনে। তারে মারি পরিত্রাণ কৈলে চারি জনে।। খেদ করি সরোবরে চাহে নুপমণি। দেখিয়া সবার মুখ পড়েন ধরণী।। क ७ कर व मुक्ट्री छा कि छे ठिन नुभ छि। ধনঞ্জয় ভাই বলি কান্দেন সুমতি।।

কেবা আৰু কুরুযুদ্ধে করিবে উদ্ধার। যুদ্ধ হৈতু স্বর্গে অন্ত্র শিখিলে অপার।। যুদ্ধেতে হইয়া তুফ দেব ত্রিলোচন। পাশুপত অস্ত্র তোমা করেন অর্পণ।। মাতলিরে পাঠালেন দেব পুরন্দর। আদর করিয়া নিল স্বর্গের উপর।। শিখিলে যতেক বিদ্যা নাহিক অবধি। স্বর্গেতে আছিল বহু অমরবিবাদী।। ছলে পাঠাইল ইন্দ্র নগর ভ্রমণে। করিলে দেবের কার্য্য মারি দৈত্যগণে।। দৈত্যবধে হৃষ্ট হয়ে যত দেবগণ। নিজ নিজ মায়া সবে করিল অপ্রি।। দেবের অসাধ্য কার্য্য করিলে সাধন। তৃষ্ট হয়ে অস্ত্র দিল সহস্রলোচন।। কিরীট শোভন শিরে হাতে ধনুঃশর। এ সব স্মরিয়া ভাই দহে কলেবর।। রহিল প্রচণ্ড শক্র রাজা ভুর্য্যোধন। সহায় যাহার আছে সূতের নন্দন।। শেষ তুঃখ আছে মাত্র অব্জাত বৎসর। চল ভাই বঞ্চি গিয়া পঞ্চ সহোদর।। এত বলি নরপতি চাহি মায়াজলে। মৃচ্ছাগত হয়ে পুনঃ পড়ে ধরাতলে।। মৃচ্ছ। তাজি পুনর্কার উঠেন সত্বর। চাহিয়া সবার মুখ রোদন-তৎপর।। ধিক্ ধিক্ ছুর্য্যোধন অতি কুলাঙ্গার। কপটেতে এত ছঃখ দিল ছুরাচার।। কাননে করিমু বাস ভাই পঞ্চ জন। অবশেষে সকলেতে হলেম নিধন।। তুর্যোধনে কি দূষিব মম কর্মফলে। জন্মাবধি বিধি ছুঃখ লিখিল কপালে।। ভাবিয়া ভবিষ্য তত্ত্ব বুঝিয়া অসার। নিতান্ত দেখেন রাজা নাহি প্রতিকার।। মনোতুঃখে নরপতি মরিবারে যান। পাছে থাকি বকৰূপী ধৰ্মরাজ কন।। মৃত্যুপতি বলে রাজা তুমি জ্ঞানবান। পৃথিবীতে নাহি দেখি তোমার <u>সমা</u>ন।। বুদ্ধিহাস হল দেখি তোমা হেন জনে। ষ্পগতি মরণ ইচ্ছা কর কি কারণে।। অপঘাতে প্রাণ নফ্ট করে যেই জন। অধোগতি হয় তার বেদের বচন।। তোমার মহিমা শুনি দেব-ঋষিমুথে। উপমার যোগ্য তব নাহি তিনলোকে।। আত্মঘাতী জনে ত্রাণ নাহি কদাচন। স্বর্গেতে ত্রাহার স্থান নাহিক রাজন।। धर्मावादका यूधिकित कटक् नविनय । জামার ছঃথের কথা শুন মহাশয়।। অপেকালে পিতৃহীন হল বড় শোক। মন্ত্রণ করিয়া ছুঃখ দিল ছুষ্টলোক।। কপট পাশায় শেষে নিয়া রাজ্যধন। বাকল প্রায়ে সবে পাঠাইল বন।। বহু তুঃখে বঞ্চিলাম কানন ভিতর। এক আত্মা এই মোরা পঞ্চ সহোদর।।। ছুঃখের উপরে বিধি এত ছুঃখ দিল। এবে সে জানিমু কুষ্ণ মো সবে ত্যজিল।। আমি ত শরীর ধরি পঞ্চজন প্রাণ। সে প্রাণ হরিয়া যদি নিল ভগবান।। নিতান্ত যদ্যপি ক্লফ ছাড়েন আমারে। আমিহ ত্যজিব প্রাণ মৃত্যুসরোবরে।। আমার যতেক তুঃখ শুনিলে নিশ্চয়। ভূমি কেন নিবারণ কর মহাশয়।। িবেধ না কর মোরে করহ প্যাণ। ভ্রাতৃগণ-শোকে আমি ত্যজিব পরাণ।। এত বলি নরপতি অধৈর্য্য হইয়া। মরিবারে যান জত শ্রীক্লফ স্মরিয়া।। ধর্মরাজ বলিলেন কর অবধান। ধৈর্য্য ধর নরপতি ত্যক্ত তুঃখজ্ঞান ॥ অসার সংসারমধ্যে সারমাত্র ধর্ম। তাহা ছাড়ি কেন তুমি করহ অধর্ম।। পিতা মাতা ভাই বন্ধু কেহ কার নয়। ভবিষ্য বৃত্তান্ত এই শুন মহাশয়।। কালপ্রাপ্ত হয়ে তব ভাই চারিজন। <u>সাঠিয়া এ</u> সরোবরে ভাজিল জীবন।।

যুধিটির বলিলেন জানিসু কারণ। এত দিনে বিধি মোরে করিল বঞ্চন।। জীবন রাখিতে আরু নাহি লয় মতি। এত বলি মরিবারে যান নরপতি।। বকৰূপী ধশ্মরাজ ডাকে পুনরায়। না শুনিয়া যান রাজা মরণ-আশায়।। অত্যন্ত কাতর দেখি কহে মৃত্যুপতি। শুন শুন যুধিষ্ঠির আমার ভারতী।। অতিশয় তৃষ্ণা যদি হয়েছে তোমারে। চারি প্রশ্ন জিজ্ঞাসিব কহিবে আমারে।। না শুনিয়া অহস্কারে এই চারিজন। পানমাত্রে এই জলে পাইল মরণ।। রাজা বলে কিবা প্রশ্ন কহ মহাশয়। কহিতে লাগিল ধর্ম চাহিয়া রাজায়।। মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম দাস কহে ভবভয়ে তরি।।

> যুধিষ্টিরের প্রতিধর্মের চারি প্রশ্ন জিজাসা। (২৮)

"কা চ বার্দ্তা কিমাশ্চর্য্যং কঃ পছা কশ্চ মোদতে । মনৈতাংশ্চতুরঃ প্রশ্নান্ কথয়িতা জ্বলং পিব।।"

কিবা বার্ত্তা কি আশ্চর্য্য পথ বলি কারে। কোন জন স্থুখী হয় এই চ্ব্রাচ্রে।। পাঞ্জপুত্ত আমার যে এই প্রশ্ন চারি। উত্তর করিয়া তুমি পান কর বারি।।

যুণিটিরের প্রথম প্রশ্নের উত্তর।
মাদর্জু দ্ববী পরিবর্তনেন স্থ্যাগ্রিনা রাত্রিদিবেন্ধ-নেন। অন্যিন্ মহামোহময়ে কটাছে ভ্তানি কাল: পচতীতি বার্জা।। ১।।

ঘটন কারণ হ'ল মাদ ঋতু হাতা। রাত্রি দিবা কার্চ তাহে পাবক দবিতা।। মোহময় দংদার কটাতে কাল কর্তা। ভূতগণে করে পাক এই শুন বার্তা।।১॥

ष्य मार्थः ।

#### বিতীয় প্রশের উত্তর।

সহন্যহনি ভূতানি গছছি যমমন্দিরং। শেষাঃ ভিরত্তমিছভি কিমান্চর্যুম্ভঃ পরং॥২॥

#### ष्मगार्थः ।

প্রতিদিন জীব জন্ত যায় যমঘরে।
শেষ থাকে যারা তারা ইহা মনে করে।
আপনারা চিরজীবী নাহি হব ক্ষয়।
ইহা হতে কি আশ্চর্য্য আছে মহাশয়।।২

#### তৃতীয় প্রশেষ উত্তর।

বেদা বিভিনাং স্মৃতরো বিভিন্না নাদীে মুনির্যস্য মতং ন ভিনাং। ধর্মস্য তথং নিহিতং গুহারাং মহাজনো যেন গতঃ দ প্রা।। ৩।।

#### অদ্যার্থ:।

বেদ আর স্থৃতিশাস্ত্র এক মত নয়।
স্থেচ্ছামত নানা মুনি নানা মত কয়।।
কে জানে নিগৃড় ধর্মতত্ত্ব নিরূপণ।
সেই পথ গ্রাহ্য যাহে যায় মহাজন।। গা

### চতুর্থ প্রশাের উত্তর।

দিবসাস্যাষ্ট্রেডাগে শাকং পচতি যো নর:।
অঞ্জী চাপ্রবাসী চুস বারিচর মোদতে।। ৪।।
অসমর্থ:।

অপ্রবাদে ঋণ বিনা যাঁর কাল যায়।
যদ্যপি মধ্যাক্তকালে শাক অন্ন থায়।।
তথাপি সেজন মুখী সংসার ভিতর।
বারিচর শুন চারি প্রশ্নের উত্তর।। ৪।।

যুধিছিরের প্রতি ধর্মের ছলনা।
প্রশ্নের উত্তর শুনি ধর্ম মহাশয়।
তামি ধর্ম বলি তবে দেন পরিচয়।।
বর মাগ নরপতি হয়ে একমন।
জীয়াইয়া লহ তব ভ্রাতা এক জন।।
যুধিষ্ঠির শুনি তবে করে নিবেদন।
কেবল সভত খেন ধর্মে থাকে মন।।

আর যদি অনুগ্রহ কর মহশিয়। প্রাণ দেহ সহদেবে বিমাভতনয়।। ধর্ম বলিলেন রাজা তুমি জ্ঞানহীন। অত্যন্ত বালক তুমি না হও প্রবীণ।। বিশেষে বৈমাত্র ভ্রাতা অনেক অন্তর। জীয়াইয়া লহ তব ভ্রাতা রুকোদর।। নতুবা অৰ্জ্জ্বন রাজা বাঁচাইয়া লহ। পরপুত্তে কি কারণে জীয়াইতে চাহ।। লক্ষীস্বৰূপিণী যিনি কুষ্ণা গুণবতী। অথবা ইহারে প্রাণ দেহ নরপতি।। আছরে প্রবল রিপু তুষ্ট তুর্যোধন। ভীমার্জ্ন বিন। তারে কে করে নিধন।। কুরুযুদ্ধে শক্তমাত্র পার্থ রুকোদর। কি কার্য্য হইবে তব জীয়াইলে পর।। রাজা বলে পর নহে বিমাতৃনন্দন। নকুল ও সহদেব মোর প্রাণ ধন।। ভীমার্জ্ন হতে স্নেহ করি অতিশয়। বর দেহ প্রাণ পায় বিমাত্তনয়।। বিশেষে আমার এক শুন নিবেদন। আম। হতে পিও পাবে মম পিতৃগ্ৰ।। মম মাতামহগণ তারা পিও পাবে। নকুলের মাতামহে কেবা পিও দিবে।। সহদেব প্রাণ পেলে ধর্ম্ম রক্ষা পায়। নতুবা পরম ধর্মা একেবারে যায়।। পরম ধর্মেতে প্রভু করি যদি হেলা। ভবসিন্ধু তরিবারে নাহি আর ভেলা।। হেন ধর্ম লঙ্ঘিবারে মোর মন নয়।; নিতান্ত আমার কথা এই রূপাময়॥ মহাভারতের কথা অমৃত-লহরী। কাশীরাম দাস কহে ভবভয়ে তরি।।

> ধর্ষের নিকটে যুখিষ্টিরের বরলাভ ও কুফাসহ চারিভাতার

শুনিয়া রাজার বাণী ধর্ম মহাশয়। আমি তব পিতা বলি দেন পরিচয়।। তব ধর্ম জানিবারে করিয়া মনন। এই সরোবর আমি করেছি স্ঞন।। এত বলি ধর্মরায় পুজ নিয়া কোলে। लक लक रूष (पन रमनमखरल।। ধন্য কুন্তী তোমা পুত্রে গর্ভে ধরেছিল। তোমার ধর্মেতে বিশ্ব পবিত্র হইল।। আমার বচন শুন পুজ যুধির্চির। শেষ ছুঃখ সম্বরহ মন কর স্থির।। ধর্মেতে ধার্মিক তুমি হও মতিমন্ত। অচিরে হইবে তব যাতনার অস্ত।। দয়াশীল ধর্মবান্ ক্ষমাবান্ ধীর। জানিলাম তুমি সর্বগুণেতে গভীর।। অম্পদিনে নস্ট হবে কৌরব তুরস্ত। কহিমু তোমারে আমি ভবিষ্য রতান্ত।। ধর্মা না ছাড়িহ কড়ু ধর্মা কর সার। তুঃখের সাগরে হবে অনায়াসে পার।। এত বলি আশ্বাসিয়া মধুর বচনে। क्रका तर वाँहाईन डाई हाति जत्न।। প্রণাম করিয়া কহিছেন নুপমণি। সহায় সম্পদ তব চরণ তুথানি।। আশীর্কাদ করি ধর্ম গেলেন স্বস্থানে। প্রাণ পেয়ে পঞ্চ জন ভাবিছেন মনে।। কি জন্যে এখানে মোরা আসি পঞ্চলন। ভাবিয়া না পান কিছু ইহার কারণ।। হেনকালে দেখি তথা ধর্ম্মের নন্দনে। শীঘ্রগতি তথা আসি ভেটে পঞ্চ জনে।। জিজ্ঞাসেন যুধিষ্ঠিরে কহ বিবরণ। .এখানে আমরা আসিলাম কি কারণ।। যুধিষ্ঠির বলিলেন শুনহ কারণ। মৃত্যু-সরোবর এই ধর্মের স্কন।। ভূঞায় আকুল হয়ে ধর্ম-মায়াবলে। আদিয়া মরিলে সবে এই মৃত্যুজলে॥ আমিহ আসিয়া মৃত্যু করিলাম পণ। उत्व धर्म वककार्भ मिरलन मर्गन।। ছলনা করিয়া আগে অনেক প্রকারে। শেষে দয়া করি বর দিলেন ভামারে।।

সেই বরে বাঁচাইয়া ভোমা পঞ্চ জনে।
আশীর্কাদ করি ধর্ম গেলেন স্বস্থানে।।
কহিলাম আতৃগণ ইহার বিধান।
অতঃপরে এই জলে কর সবে স্নান।।
এত বলি যুধিষ্ঠির আতৃগণ সঙ্গে।
স্নান করিলেন সেই জলে মনোরঙ্গে।।
সেই দিন রহিলেন তথা ছয় জন।
পরদিনে জন্মেজয় শুন বিবরণ।।
মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

ব্যাসদেবের আগগমন এবং অভ্নাত-ত বাসের প্রামর্শ।

প্রদিন প্রাভঃকালে উঠি ছয় জন। क्रयः क्रयः विन डारक गरव घरन घन।। হেনকালে আসিলেন ব্যাস তপোধন। প্রণমিয়া মরপতি করে মিবেদন।। শুন প্রভু গত দিবসের এক ভাষা। এই সরোবরে আমা সবার ছুর্দ্দশা।। পথশ্রমে পিপাসায় হইয়া কাতর। নিকটেতে জল নাই দূরে সবোবর।। জল অন্বেষণে ভীমে দিয়া অনুমতি। তাহার বিলম্বে পার্থে দিলাম আরতি।। দ্রৌপদী সহিত এই ভাই চারি জন। এই জল পরশিয়া ত্যজিল জীবন।। পশ্চাতে আসিয়া আমি দেখি সরোবরে শবৰূপে ভাসে সবে জলের উপরে।। দেখি মূচ্ছাগত হয়ে পড়িলাম ভূমে। চৈতন্য পাইয়া পুনঃ উঠিলাম ক্রমে।। আমিহ মরিতে যাই সরোবর-নীরে। বকৰপী ধৰ্ম ডাকি বলিলেন ধীরে।। ওহে ধর্ম হেন কর্ম উচিত না হয়। আত্মহত্যা কি কারণে কর মহাশয়॥ যদি বড় ভৃষ্ণাযুক্ত হও মতিমান। চারি প্রশ্ন বলি পরে কর জলপান।। প্রণাম করিয়া আমি কহিলাম তাঁরে। কিবা প্রশ্ন আছে তব বলহ আমারে ॥

প্রশ্ন চারি বলিলেন ধর্ম মহাশয়। যথার্থ উত্তর আমি করিলাম তাঁয়।। প্রশের উত্তর শুনি সম্বর্ট হইয়া। কহিলেন এক ভাই লহ বাঁচাইয়া।। ভাবিয়া চাহিনু দেহ সহদেব ভাই। বিমাতার পিতৃবংশে জলপিও নাই।। কপটেতে প্রতারণা অনেক করিয়া।(২৯) জীয়ায়ে দিলেন শেষে ইফীবর দিয়া।। ইহা শুনি কহিলেন ব্যাস মহামুনি। যথা ধর্ম তথা জয় বেদবাক্য শুনি।। বিদায় হইয়া মুনি গেলেন স্বস্থানে। সেই রাত্রি বঞ্চে তথা ভাই পঞ্চ জনে॥ পর দিন প্রাতঃকালে উঠি সর্বজনে। যুধিষ্ঠির জিজ্ঞাদেন মাদ্রীর নন্দনে।। কহ সহদেব ভাই বিচারে প্রবীণ। দ্বাদশ বৎসর গত শেব কত দিন।। আজ্ঞামাত্র সহদেব সাবধান হয়ে। গণিতে লাগিল শীঘ্র হাতে খড়ি লয়ে।। কহিল রাজার আগে করিয়া নির্ণয়। দ্বাদশ বৎসর শেষ আছে দিন ছয়।। এত শুনি যুধিষ্ঠির ভাবে মনে মনে। অজ্ঞাতবাসের হেতু কহেন সর্বজনে।। সবে জান পূর্কে যাহা হইল নির্ণয়। উপস্থিত হ'ল আদি অজ্ঞাত সময় ॥ কোন দেশে কিবা বেশে বঞ্চি বৎসরেক। নিকটে বেপ্তিত আছে নগর অনেক।। সবে মিলি স্থপরামর্শ কর এইবার। কিক্পে তুঃখের হ্রদে সবে হব পার।। এত শুনি কহে তবে ভাই চারি জনে। सूर्यु कि रेहां ते मत्व कति मत्न मत्न ॥ দোষ গুণ বুঝি সব করিব নির্ণয়। অকারণে চিন্তা কেন কর মহাশয়।। কি হেতু চিন্তিব প্রভু মোরা সর্বজন। অবশ্য হইবে যাহা বিধির লিখন।।

এই সব চিন্তা করি ধর্ম-অধিকারী। নির্ণয় করিতে আর গেল দিন চারি॥ মুনি বলে শুন পরীক্ষিতের নন্দন। এৰপে ভাদশবর্ষ যাপিল কানন।। নানাক্লেশে বিচর্ণ করে বভ্বন। সংক্ষেপে কহিনু জামি বনের ভ্রমণ।। অশ্বমেধ-ফল পায় যে শুনে এ কথা। ব্যাসের বচন ইথে নাহিক অন্যথা।। সুবর্ণ ভূঙ্গার জার ধেনু শত শত। সুপণ্ডিতে দিজে দান দেয় অবিরত।। নিত্য নিত্য শুনে পুণ্য ভারতের কথা। নিশ্চয় জানিহ সত্য ফল হয় দাতা।। যেবা কহে যেবা শুনে করে অধ্যয়ন। তুল্য ফল হয় তার সেই সাধু জন।। সুরষ্টি করুক মেঘ সর্কদেশে দেশে। পরিপূর্ণ হোক পৃথী শস্ত-সমাবেশে।। অক্ষয় হউক লোক ব্রহ্ম কীটময়। ধর্ম্মবরে চরিতার্থ হোক ভক্তচয়।। ধন্য হ'ল কায়স্থ কুলেতে কাশীদাস। তিন পর্ব্ব ভারত যে করিল প্রকাশ।। পাঁচালী প্রবন্ধে কহে কাশীরাম দাস। অবহেলে কুষ্ণপদে মম অভিলাষ।। হরিধানি কর সবে গোবিন্দের প্রীতে। অন্তকালে স্বর্গপুরে যাবে আনন্দেতে।। সর্কশাস্ত্রবীজ হরিনাম দ্বি অক্ষর। আদি অন্ত নাহি যার বেদ-অগোচর॥ क्रयः क्रयः विलिट मिकिटव क्रयः एमर । ক্লুক্ষের মুখের আজা না হয় সন্দেহ।। পাঁচালী বলিয়া কেহ না করিবে হেলা। অনায়াদে পাপনাশে গোবিন্দের লীলা থাকিলে ভারত নীচগৃহে নহে ছুই। শুনিলে পাতক হয় সমূলে বিনষ্ট।। সম্পূর্ণ হইল হরি বল সর্কজন। এত দূরে বনপর্ক হ'ল সমাপন।।

# বনপর্বের টীকা।

টীকার নম্বর (২২ বা ১) পুঠা ৩—স্থর্যের অষ্টোতর শত নাম যথা—সুর্ঘা, অর্থামা, ভগ, ছা, পুষা, অৰ্ক, সবিতা, রবি, গভক্তিমান, অজ্ঞ কাল, মৃত্যু, ধাতা, প্রভাকর, পৃথিবী, জল, তেজঃ, আকাশ, বায়ু, সোম, বুহস্পতি, শুক্রু, वुध, व्यक्तातक, हेस्स, विवस्तान्, गौश्चाः छ, छ हि, শৌবি, শনৈশ্চর, ত্রহ্মা, বিষ্ণু, রুজু, ক্ষল, বরুণ, যম, বৈহাভাগি, জাঠরাগ্নি, ঐশ্বনাগ্নি, তেজ্ঞ:পতি, ধর্মধ্বজ, বেদকর্ত্তা, বেদাঙ্গ, বেদ-বাহন, সভ্য, ত্রেভা, ছাপর, কলি, কলা, কাঠা, মুহতি, কাপা, যাম, কাণ, সংবৎসব কর, অখাখ, কালচক্র, বিভাবস্থ, ব্যক্তাব্যক্ত পুরুষ, শাশ্বত ्यांशी, कालाधाक, अञ्चाधाक, ৰিশ্বকৰ্মা, ट्याञ्च, वक्ष, माध्य, अःग, कीमृङ, कीदन, অরিহা, ভূতাশ্রয়, ভূতপতি, এটা, সম্বৰ্ত্তক, বহিং, স্কাদি, অলোলুপ, অনন্ত, ভাত্র, কামদ, জ্বর, বিশাল, বেদ, মন, স্থপর্ণ, ভূতাদি শীভ্রগ, ধরস্তরি, ধূমকেতু, আদিদেব, দিতিস্থত, হাদশাত্মা, অরবিন্দাক্ষ, পিতা, মাতা, পিতামহ, স্বৰ্গছার, প্ৰজাম্বার, ধান, তিপিষ্টপ, দেহকর্তা, প্রশান্তাত্মা, বিখাত্মা, বিশ্বকোমুথ, চরাচরাত্মা, স্থক্ষাত্মা, থৈতেয়।

বিষ্ঠানুথ, চরাচরাখা, শুখাখা, মেজের।

টী (২) পৃ ৩৭—এই স্থানে মূলে 'বকদাল্ভ্যু সংবাদ" নামে একটী অধায় আছে।
বোধ হয়, ল্মপ্রমাদে কাশীদাদী মহাভারতে
তাহা সন্নিবেশিত হয় নাই। দাধারণের অবগতির জন্য দেই অধ্যায়টীর অন্থবাদ এই
স্থানে প্রকাশিত হইল।
বৈত্তবনে বাদ কৈলে পাঞ্পুল্রগণ।
বিপ্রগণে পরিপূর্ণ হইল কানন।
ক্ষক যদঃ সামধ্বনি বিপ্রগণ করে।

বিপ্রগণে পরিপূর্ণ হইল কানন।।
ক্ষক্ যজুঃ সামধ্বনি বিপ্রগণ করে।
পাণ্ডবের জ্যানিনাদে অন্ত দিক পুরে।।
্রেক্ষভেজ ক্ষত্রভেজ মিলিত হইল।
অপূর্ব্ব বনের শোভা বাড়িয়া উঠিল।।
একদিন যুধিষ্টির সারস্তন কালে।
বিসরা আছেন তথা ঝবিগণে মিলে।।
হেনকালে বকদাল্ভ্য মহাতপোধন।
যুধিষ্টিরে সম্বোধিয়া কহেন বচন।।
''তপন্বীগণের হোম-বেলা উপস্থিত।
অই দেখ হোমানল হতেছে জলিত।।

ভার্গব বশিষ্ঠ আর আঞ্চিরসগণ। আত্রেয় আগন্তঃ আর কাঞ্চপেয়গণ।। ইত্যাদি তাপসকুল ধর্ম5র্ঘা করে। ভোমার রক্ষিত এই কানন মাঝারে।। উপদেশ কিছু আমি করিব প্রদান। মন দিয়া ভন ওহে পাওব ধীমান।। বায়ুর সহায়ে যথা দেব হত শোন। অবহেলে দগ্ধ করে নিখিল কানন।। সেইরূপ বৃদ্ধতেজ ক্ষত্তেজে মিলি। অরাতি কুলেরে ফেলে ভস্মদাৎ করি।। বিপ্রের সাহায্য বিনা নাহি কভু জয়। যাব উপদেশে মোহজাল ছিন্ন হয।। বিশ্বের আশ্রযে পূর্কেবিল নরপতি। একছতে শাসে এই সসাগরা कि छ।। অবশেষে বিপ্র প্রতি করি অনাদর। धक्तवादत इ'ल नष्टे शिल् तमां छल।। নিস্তেজ অক্শাঘাতে ক্ঞীর যেমন। বান্দণ-বিহীন ক্ষত্ৰ জানিবে তেম্ন।। অনল সহায়ে যথা দেব হতাশন। দাহ্য বস্তু অনাথাদে করয়ে দহন।। সেইরূপ বিপ্রাসহ রাজ্গণ মিলে। নির্মাল অরাতিকুল করে অবহেলে।। অলব লাভের তরে লব্বের বর্ধন। বিপ্র পাশে উপদেশ করিবে গ্রহণ।। সতত ভকতি শ্রদ্ধা বিপ্রের উপরে। আছ্যে কৌন্তেয় তব জেনিছি শ্বস্তুরে।। সেই হেতু তব যশ বিদিত ধরায়। মনস্থা থাক তুমি যথায় তথায়।।" ঋষিমুথে পাণ্ডবের গুণরাশি শুনি। আনন্দে মঞ্জিল যত বনবাদী মুনি।। জামদগ্য পৃথ্ছবা ভালুকি নারদ। ইন্দ্রায় কুতচেতা ও সহস্রপাদ।। বুষামিত্র কর্ণশ্রবা মুক্ত ছৈপায়ন। স্থূলকর্ণ অগ্নিবেশ্র ও হোত্রবাহন।। কাখ্যপ হারীত ক্রতবাক বুংদখ। বিভাবস্থ উদ্ধিরেতা স্থাক্ লবণাখ।। হোত্রবাহনক আর স্থহোত্রাদি করি। বছ ঋষি বছ বিশা যভ বাতধারী ॥ পাওবের যথাযোগ্য **সন্মান সৎকার।** সাধিয়া অন্তরে লভে আনন্দ অপার।।

টী(৩)পৃ৪৪—মুক নামা দানব আংজু-নকে বিনাশ করিবার জন্য বরাহরণ পরিএহ করিয়াছিলেন।

টী (৪) পূ ৫৩—এই সময়ে দেবর্ধি নারদ ও মহাতপা পর্বত, উভয়ে যদৃচ্ছাবশে ভ্রমণ করিতে করিতে ইন্দ্রণোকে উপস্থিত হইয়া-ছিলেন।

টী (৫) পৃ ৬৩—কর্কোটক ভুজক নল রাজাকে ছই থানি বস্ত্র দেয়, কিন্তু কাশীদাসী ভারতে একথানির উল্লেখ আছে। এটা লিপি-কবপ্রমাদ সন্দেহ নাই। যৎকালে কর্কোটক নলকে বত্র যুগল প্রদান করে, তথন এই বলিয়াছিল;—

''আমারে স্মরিয়া যবে পরিবে বসন। ভথনি আপন রূপ কৰিবে ধারণ।।"

টী (৬) পৃ ৬৬—ম্লে লিখিত আছে, ঋতুপূর্ণ যে বৃক্ষের পত্র গণনা করেন, সেটী বিভীতক
বৃক্ষ। সেই বৃক্ষের এক শত এক পত্র ও এক
শত এক ফল ভূতলে পতিত ছিল, আর
শাখায় পঞ্চকোটি পত্র এবং তৃই সহস্র পঞ্চনবৃত্তি ফল ছিল।

টী (৭) পৃ ৬৯— দময়ন্তীর পুত্রের নাম ইচ্চ ও কন্যার নাম ইচ্চ দেনা।

টা(৮) পৃণং—এই স্থানে মৃলে পুকরাদি কয়েকটা তীর্থের বিশেষ বিবরণ বণিত আছে। মহাত্মা কাশীদাস বাহলা ভয়ে তাহা পরি-ত্যাগ করিয়াছেন। পাঠকগণের অবগতিব জন্য তাহা এই স্থলে প্রকাশিত হইল।

পুন্ধর পরম তীর্থ খ্যাত চরাচরে। সিদ্ধ সাধ্য বস্থ রুদ্র সদা বাস করে।। দেবগণ মক্রলগণ গন্ধর্ব নিকর। আদিত্য অপারা তথা রহে নিবস্তর।। এই স্থানে তপ করি যত যোগীজন। মনের হরিবে লভে দিব্য যোগধন।। দেব ঋষি সবে ভপ করিয়া পুকরে। বছ পুণ্য উপাৰ্জ্জন করেছে সকলে।। মনে মনে তথা ষেতে যে করে বাসনা। নিখিল পাতকে মুক্ত হয় সেই জনা।। পিতৃদেবে পূজি হেথা করিলে স্নান ৷ ভাখমেধ য**ত ফল** পায় সে ধীমান।। এক বিপ্রে এই স্থানে করালে ভোজন। উভ লোকে ওভগতি পায় সেই জন।। ফল মূলে বিজে হেখা পূজে বেই নর। ফল মূল থেয়ে রছে ছরিব ব্যস্তর।।

অশ্নেধ যভঃ ফল লভয়ে নিশ্চয়। এ ভীৰ্থে করিলে স্নান ভৰবন্ধ ক্ষয়।। কার্স্তিকের পূর্ণিমাতে করিলে গমন। চরমে সে জন যায় ব্রহ্মার ভবন।। দ্বি সন্ধ্যা পুন্ধরে যেই করয়ে স্মরণ। দক্তীর্থ স্নান ফল পায় দেই জন।। জনার্দন শ্রেষ্ঠ যথা সর্ব্ব দেবভার। পুষর তেমন শ্রেষ্ঠ তীর্থ সবাকার।। বার বর্য শুদ্ধচিত্তে ইথে বাদ কৈলে। দক্বি যজ্ঞ ফল পায় সেই পুণ্যকলে।। শত বর্ষ অগ্নিহোত্র করিলে হেথায়। কাৰ্ভিক মাদেতে কিদা রহে পূর্ণিমায়।। উভয়ে সমান ফল মহাপুণ্য হয়। ভন পুঞ্চরের উৎপত্তি পরিচয়।। তিন প্রস্রবণ বহে তিন্টী ধারায়। থিমান্ত্রির ভিন শৃঙ্গ হতে বাহিরায় ।। তাহাই পুকর বলি খ্যাত চরাচর। হেথা তপ জপ দান অতীব হুছর।। ঘাদশ রজনী হেথা করি অবস্থান। জমুমার্গে যেই সাধু কবয়ে প্য়াণ।। অখ্নেধে ফল পায় সেই দাধু জন। তথা হতে যায় যেই তণ্ডুলিকাশ্রম।। চরমে তাহার হয় ব্রহ্মলোকে গতি। সে জন নাহিক ভুঞ্জে ভবের গুর্গতি।। ত্রিবাত্র উপোষ করি অগস্ত্য দরেতে। পিতৃদেবে পুজে যেই ঐকান্তিক চিতে ।। শাকফলে (দহ রক্ষা করে যেই জন। কৌমার পদবী পার সেই সাধুদন।। কণাশ্রমতীর্থে যেই করিয়া গমন। মিতাহারে পিতৃদেয়ে করয়ে অর্চন।। मर्क्यक्रकल भाग्न (महे माधू नत्र। প্রদক্ষিণ কৈলে হয় নির্ম্মল অন্তর ।। ভবানীপতির ভীর্থ রুদ্রবট নাম। পবিত্র অন্তরে তথা যে করে পয়াণ।। গোসহস্র দালফল পায় সেই জন। গাণপত্য দেন তারে দেব পঞ্চানন।। পুণ্যবভী চর্মণৃতী নদীতে ঘাইয়া। নিয়মে থাকিলে মিত-আহার করিয়া।। অগ্নিষ্টোম যজ্ঞকল পার সেই জন। मराञ्चा (महे कन कत्राय व्यक्ति।। তৎপরে অর্ক্রদভীর্থে করিয়া গমন। যে জন দর্শন করে বশিষ্ঠ-আশ্রম।। এক রাত্রি সেই স্থানে করিলে বস্তি। গোদহস্র দান ফল পায় দে স্মৃতি।।

প্রভাস পরম তীর্থ খ্যাত চরাচর। দেবমুথ অগ্নি তথা রহে নিরস্তর।। ইথে সানে অগ্নিষ্টোম ফল লাভ হয়। অতিরাত্রফল আরে জানিবে নিশ্চয়।। অৰশেষে সরম্বতী দাগরসঙ্গম। ভক্তিভরে গিয়া স্নান করে ষেই জন।। গোসহত্র দান ফল পায় সেই নর। দিব্য তেজা ধরি যায় ভামর-নগব।। তৎপরে সলিলরাজ আর বরদান। এই তুই মহাতীর্থে কবিবে প্রাণ।। পবে দ্বাবাবতী ভীর্গে গিয়া যেই জন। পিণ্ডাবকৈ স্নান করে হযে শুদ্ধমন।। বহু স্বৰ্ণ লাভ করে দেই সাধু নর। অদ্যাপি তথায় **মৃদ্রা আ**ছে বছতর ॥ পদাচিত্নে সমক্ষিত সেই মুদ্রা হয়। ত্রিশৃলের চিহ্ন পদ্মে দেখিবে নিশ্চয।। সাগব সক্ষমে পরে করিয়া গমন। তর্পণ করিবে পিতৃ-দেব-ঋষিগণ।। বারুণ লোকেতে গতি দে জনের হয়। 😎ন এবে দমীনামা ভীর্থ পরিচয়।। তথা সান কবি কৃদ্রে পৃজিলে স্থজন। অখ্মেধ যজ্ঞকল পায় সেই জন।। অবশেষে বস্থারা তীর্থেতে যাইবে। অশ্বমেধ ফল তথা সানেতে পাইবে।। সিন্ধুত্ম মহাভীর্থ পাতক নাশন। তথা সানে বহু সর্ণ লভে সাধু জন।। তুঞ্চীভদ্রে স্নানে হয় ব্রহ্মলোকে গতি। শক্রকুমারিক। স্থানে স্বর্গেতে বসতি ।। রেণুকা পরমতীর্থে যদি করে স্নান। চক্ৰতুলা কান্তি পায় সেই মতিমান।। পঞ্চনদ স্নানে পায় পঞ্চয়ত ফল। যোনিভীর্থে স্নানে হয় দিব্য কলেবর।। লক্ষ গোদানের ফল পায় সেই নরে। 🛍 কুণ্ড পরম ভীর্থে যাবে তার পরে।। গোদহত্র দানফল পার দেই জন। বিমল ভীর্থেতে পরে করিবে গমন।। 🥰 ইথে ত্মানে সর্বাপাপ বিমোচন হয়। দিব্যগতি পায় শেষে নাহিক সংশয়।। বিতন্তাতে স্নান আর করিলে তর্পণ। বাজপেয় ফল পায় সেই দাধুজন।। বড়বা তীর্থেতে গিয়া স্থান আদি করে। অগ্নিদেবে চকু দেয় যেই ভক্তিভরে।। नक (शामातित कन ताक प्र कन। অখ্যেধ ফল পায় জানিবে সকল।।

রুদ্রপদে গিয়া শিবে যদি পৃজা করে। অখ্যেধ মহাফল পায় দেই নরে।। মণিমানে এক রাত্রি করিলে বদক্তি। অগ্নিষ্টোম ফল পায় দেই মহামতি।। দেবিকা পরম তীর্থে করিলেক স্থান। বিপ্রকুলে পরজন্মে জন্মে সে ধীমান।। কামতীর্থে পরিশেষে করিয়া গমন। প্লান করি যেই করে যজন যাজন।। পবলোকে ভ্ৰুতগতি পাষ সেই জন। দীর্ঘদতে **ভাবশেষে করিবে গ**মন ।। অখ্যেধ ফল লাভ হয় সেই স্থানে। রাজস্য ফল হয় হেথায় গমনে।। বিনশনে যাবে শেষে মনের ছরিষে। निर्वारखरन नारभारखरन कात रय **हमरन**।। চমদে করিলে স্থান ভারিষ্টোম ফল। শিবোন্তেদে গোসহস্র প্রদানের ফল।। নাগোন্তেদে স্নান কৈলে নাগলোকে গতি। শশ্যানে যাবে শেষে সাধু মহামতি।। ইথে স্নানে দিব্য তেজ পায় নরবর। অধিকন্ত গোসহস্র প্রদানের ফল।। কুমারকোটিতে শেষে করিয়া গমন। মান করি পিতৃদেবে করিলে তর্পণ।। অযুতক গোদানের কল সেই পায়। রুদ্রকোটি ভীর্থে শেষে যেই জন যায়।। অশ্বমেধ ফল তথা স্নানে লাভ করে। সরস্ভী সঙ্গমেতে যাবে তার পরে।। তথায় করিলে স্নান পাতক নাশন। ব্রহ্মলোকে গতি করে দেই সাধু জন।। সত্রাবসানক তীর্থ অতি পুণাতম। ষথা দদা করে যজ্ঞ তপোধনগণ।। গোদহত্র দানফল সেই তীর্থে হয়। সংক্ষেপে বর্ণিত হল তীর্থ সমুদয়।।

টী (৯) পৃ৭৩—এই স্থলে মুলে ক্রক্ষেত্রাদি তীর্থের মাহান্ম প্রভৃতি বিশেষ বর্ণিত
আছে এবং ধৌম্য যুখিষ্টিরের নিকট পূর্ব্ব দক্ষিণ
পশ্চিম ও উত্তর দিকস্থ তীর্থ বিবরণ কীর্ত্তন
করেন। ৺ কাশীরাম দাস বাছল্য ভয়ে
তাহার বিশেষ বিবরণ লিখেন নাই, জামরা
পাঠকগণের বিদিভার্থে এই স্থলে তাহা প্রকাশত করিলাম:—

কুকক্তে মহাতীর্থ ধরনী মাকারে।
যথায় করিলে বাদ সর্কাপাপ হরে।।
কুকক্তে বাদে ষ্টে করয়ে মনন।
দিব্যগতি হয় তার শাস্তের বচন।।

উভরে বিরাজে পুণানদী সরস্থী। দক্ষিণে শোভিছে সদা নামে দুষৰতী।। ইহার মধ্যত্ব ত্থল কুরুক্তেকত কয়। এ তীর্থ হৈরিলে রাজস্থ ফল হয়।। এই তীর্থ হৈরি পবে মোক্ষলোকে যাবে। ছারপালে যক্ষে তথা প্রণাম করিবে।। গোসহস্ৰ দানফল হইবে নিশ্চয়। শাল্রের বচন ইহা কভু মিথা নয।। বিষ্ণুস্থানে যাবে শেষে অতি পুণাস্থান। দেব নারাখণ যথা দদা বিদামান।। ত্মান করি কেশবেবে কবিবে প্রণাম। ক্ষখমেধ ফল পায় সেই মতিমান ॥ ণাবিপ্লব ভীর্থে পরে করিবে গমন। অগ্রিষ্টোম ফল যথা পায় নবগণ।। অভিবাত ব্ৰভফল হয় সেই স্থানে। পৃথিবী তীর্থেতে যাবে আনন্দিত মনে।। শালুকিনী ভীর্থ পরে করি দরশন। গোসহস্ৰ দান ফল লভিবে স্থন।। দশাৰ্মেধেতে স্থানে এই ফল হয়। মর্পদেবী ভীর্থে পরে যাবে সাধুচয।। নাগলোকে গতি আব অগ্নিষ্টোম ফল। এই ছুই ফল পায় সেই সাধ নর।। ছারপাল তর্ভকে তাবশেষে যাবে। গোসহস্ৰ দান ফল তথায় লভিবে।। পঞ্চনদ ভীর্যে পরে করিবেক স্নান। অখ্যেধ ফল পাবে দেই মভিমান।। ক্ষিনীকুমার ভীর্ষে অবশেষে গাবে। সে ভীর্থ ফলেতে সাধু রূপবান হবে।। বরাহ ভীর্থেতে পরে করিবে গমন। অগ্নিষ্টোম ফল তথা পাবে সেই জন।। সোমভীর্থে গিয়া শেষে করিবেক স্নান। রাজস্থ যজ্ঞফল পাবে মতিমান।। গোসহত্র দানফল হংসভীর্থে হয়। ক্লভশৌচে হয় সাধু নির্শ্বলহাদয়।। মঞ্বটে উপবাসী থাকে যেই জন। গাণপত্য হয় লাভ শাঞ্চের বচন।। যক্ষিণী ভীর্থেতে পরে করিবেক স্নান। সিদ্ধমনোর্থ তথা হবে মতিমান।। পুন্ধর ভীর্থের ফল এই স্থানে হয়। পর্ভরাথের কুত শাল্তে হেন কয়।। রাম্ভ্রদে ভাবশেষে করিবে গমন। ভার্গব করেন হেথা পিতৃর তর্পণ।। পঞ্চদ করে তথা ভার্গব প্রবীর। মহাতীর্থ বলি ইহা বলয়ে স্থ্যীর।।

এই স্থানে পিতৃগণে করিলে ভর্পণ। ভার প্রতি মহাতুষ্ট হন পিতৃগণ।। বংশমূল তীর্থে গিয়া আত্মান করিলে। সে জন উদ্ধার করে আপনার কুলে।। কায়শোধনক ভীর্থে যদি করে স্নান। দিব্য গতি পায় সেই দাধু মতিমান।। লোকোদ্ধার মহাভীর্থ জ্ঞানে সর্বজন। ইথে স্নানে মহাপুণ্য লভে নরগণ।। শ্ৰীতীর্থেতে লক্ষীলাভ করে সাধ্গণ। কপিলা ভীর্থেভে পরে করিবে গমন।। সহস্র কপিলা দানে যেই ফল হয়। हे(थ जात्म शृक्षा किता तम कन निक्य ।। ष्वशिष्टिम यष्ठकन स्र्याजी (व न छ । অন্তে দিবাকৰ লোকে ভার গতি হবে।। গোসহস্র দানফল গোভবনে হয়। দেবীতীর্থে রূপবান হয় নরচয় ।। ধারপাল তবস্থক সরস্বতী তীরে। অগ্রিপ্টোম ফল হয সেই স্থানে গেলে।। ব্ৰহ্মাবৰ্ভে স্থান কৈলে ব্ৰহ্মলোকে যায়। স্তীর্গমনে অখনেধ ফল পা্য।। কাশীখর নামে তীর্থ অম্বুমতী দেশে। ইথে স্নানে যায় নব ব্রহ্মার স্কাশে।। মাতৃতীর্থে স্নান করে যেই সাধু দ্বন। বহু প্ৰেজা পায় দেই পায় বহু ধন।। খাবিলোম পিতৃতীর্থ অতি পুণাতম। এই স্থানে লোমছেদ করে যেই জন।। দিবা গতি হয় তার নাহিক সংশয়। মানুষ তীর্থেতে শেষে যাবে সাধুচ্য।। তথা ব্যাধসবে স্থান করে যেই জ্ঞান। অন্তকালে স্থ্রপুরে গৈ করে গমন।। আপগা নদীতে শেষে করিয়া গমন। একমাত্র বিপ্রে বেই করায় ভোজন।। কোটি বিপ্র ভোজনের ফল হয় ভায়। একরাত্রি বাসে অগ্নিষ্টোম ফল পায়।। ব্রন্ধোড় সরক ভীর্থে করিয়া গমন। কপিলকেদারে স্নান করে থেই জন।। সর্বপ্রপে মুক্ত হয়ে ব্রহ্মলোকে যায়। দরক তীর্থেতে স্নানে পূর্ণকাম হয়।। कननी ভীর্থেতে স্নান করে যেই জন। অগ্নিষ্টোম যজ্ঞফল পার সেই জন।। অনাজ্ঞ নামে তীর্থ নারদের হয়। ইহাতে করিলে স্নান দিব্যগতি হয়।। পুণ্ডরীকে স্থান কৈলে মহাপুণ্য হয়। পুগুরীক বঞ্চফল সে লভে নিশ্চয়।।

ত্রিপিষ্টপ ভীর্থে পরে করিরা গমন। বৈতরণী জলে স্নান করে যেই জন।। মনস্তাপ ঘুচে তার দিব্যগতি পায়। ফলকী ভীর্থেভে পরে যেই জন যায়।। पृषद्धी नदी खल कत्रस्य न्नान । অগ্নিষ্টোম ফল পায় সেই মতিমান।। পাণিখাতে স্নান করে যেই মহোদয়। অগ্নিষ্টোম অভিরাত্ত ফল তার হয়।। রাজস্য যভাফল পায় সেই জন। ঋষিলোকে যায় সেই শাল্লের বচন।। ভাবশেষে মিত্রভীর্গে করিবে গমন। नर्त्र कीर्थ कन (इशा भारत (महे कन।। ব্যাস্বনে ভাবশেষে গ্রমন করিবে। গোসহস্র দানফল তথায় পাইবে।। মধুবটী ভীর্থে পবে করিলে গমন। গোদংস্ৰ দান কল পায় সেই জন।। ব্যাসস্থলী তীর্থে নর ওই ফল পায়। কিন্দন্ত কূপেতে পরে যেই জন যায়।। এক প্ৰেন্থ ভিল দেয় ভথা সেই জন। মহাদিদ্ধি পায় সেই শান্তের বচন।। তার পর বেণীতীর্থে গমন করিবে। গোসহস্ৰ দানফল তথায় পাইবে ৷৷ স্থদিন তীর্থেতে আর অহস্তীর্থে গিয়ে। ল্লান করে যেই একচিত্ত হয়ে।। সুর্ঘালোকে যায় সেই মানব স্থজন। সকল পাপেতে মুক্ত হয় সেই জন।। মৃগধূমে স্থান পৃজা যেই জন করে। ভাষমেধ ফল ঝাভ করে দেই নরে।। গোদহস্ৰ দান ফল দেবীভীর্থে হয়। বামনক তীর্থে গেলে বিষ্ণু লোক পায়॥ নিজকুল শুদ্ধ হয় কুলম্পুনে স্নানে। মুনির বচন ইহা শান্তের প্রমাণে।। প্রনগণের ছদে করিলে সিনান। বায়ুলোকে গতি করে দেই মতিমান।। অমরহ্রদেতে ত্মানে ত্মরপুরে যায়। গোসহস্ৰ দান ফল শালিহোত্তে পায়।। 🗃 কুঞ্জ ভীরথে অগ্নিষ্টোম ফল হয়। সরস্বতী কুঞ্চে হয় ওই ফলোদয়।। ব্ৰহ্ম ভীর্থে ব্রাহ্মণত পায় নরচয়। কস্তাভীর্থে গোসহস্র দান ফল হয়।। সোমতীর্থ কলে হয় সোমলোকে গতি। সপ্ত সারস্বতে পরে বাবে মহামতি।। এই স্থানে স্নানপূজা করে যেই জম। সারস্বত লোকে যায় সেই সাধু জন।।

ঔশনদ ভীর্থে গেলে পুণ্যলাভ করে। কপালমোচনে গেলে দর্কপাপ হরে।। অগ্নিতীর্থ ফলে নর অগ্নিলোকে যায়। বিশ্বামিত্র ভীর্থ ফলে ব্রাহ্মণত্ব পায়।। ব্ৰহ্মযোনি ভীৰ্থ ফলে ব্ৰহ্মলোকে গভি। উদ্ধারে সপ্তম কুল সেই মহামতি।। পৃথ্দকে স্নানে দর্কপাশ বিনাশন। অখ্যেধ **ফল আ**ৱ স্বর্গেতে গ্যন। পৃথদকে দেহ ভাগি করে যেই জন। অবহেলে তরে সেই ভবের বন্ধন।। গোদহজনান ফল মধুস্রবে হয়। ভক্তিভরে স্নান হেথা করে সাধ্চয়।। সবস্তী ভারুণার মিলন যথায়। যে জন ত্রিয়াত রহে উপোধী তথায।। ব্ৰশহত্যা পাপ দূব তাহাতেই হয় । অগ্নিষ্টোম অভিরাত্র ফলেব উদয়।। অৰ্দ্ধকীল নামে তীৰ্থ বিদিত ধরায়। ব্ৰাক্ষণত পায় তথা যেই ধন যায়।। চল্লিশ শতেক গো দানে যেই ফল। অবহেলে পায় ভাষা সেই সাধু নর।। শত সহস্রক ভীর্থ সাহস্রক আরে। এই ছুই মহাভীর্থ ধর্ণী মাঝাব ॥ গো সহস্ৰ দান ফল এই ছুয়ে হয়। রেণুকা ভীর্থেভে পরে যাবে সাধুচ্য ।। ব্দিতেন্দ্রিয় ব্দিতকোধ হবে সেই স্থলে। অগ্নিষ্টোমফল লাভ হবে পুণ্য ফলে।। পঞ্চবটী তীর্থে গিয়া পুজিলে শঙ্করে। দর্কদিদ্ধ হয় ভাব জানিবে অস্তরে ॥ তৈজ্ঞ ভীর্থেতে মহাপুণ্য লাভ হয়। কুরুভীথ ফলে সাধু একালোকে যায়।। স্বৰ্গদার ভীর্থ ফলে স্কুরলোকে গতি। অনবক ভীথ স্থ'নে বিনাশে হুৰ্গভি।। স্বস্তিপুরে অবশেষে করিলে গমন। গো সহস্ৰ দান ফল পায় সেই জন।। পাবন ভীর্থেতে পিতৃগণেরে তর্পিলে। ক্ষরিটোম যজ্ঞ ফল হয় পুণ্যফলে।। আপগা ভীর্থেতে স্নানে গাণপত্য পায়। স্থান্থৰটে দিব্যগতি শাস্ত্ৰে হেন কয় ॥ বদরী পাচনে পরে করিয়া গমন। ভিন দিন উপবাদী রহে যেই বন।। বদরী ভোজন মাজ করিতে হইবে। সেই দাধু নিঃসংশয় দিব্য গতি পাবে ।। ইন্দ্রমার্গ ভীর্থ গেলে ইন্দ্রলোকে যায়। একরাত্র ভীর্বে নব মহাপুণ্য পায়।।

আদিত্য আশ্রমে গিয়া স্থারে প্রিলে। र्शितांक यात्र माधु (महे भूगुक्त ।। দোম তীর্থে স্থান কৈলে দোমলোকে গতি সারস্বত তীর্থে হয় সারস্বতী গতি।। কন্যাশ্রমে তিন রাজি উপোষ করিলে। স্বৰ্গ আৰু কন্যা লভে সেই পুণ্য ফলে।। সন্নিহতী নামে তীর্থ বিদিত তুবন। গ্রহণ সময়ে সান করে থেই জন।। শত অখ্যেধ ফল সে জনার হয়। অমাবদ্যা তিথি স্নানে মহাপুণ্যোদয়।। ७३ मित्र मर्क जीर्थ मिल (महे थाति। শ্রাদ্ধ আদি সাধুগণ করিবে বিধানে।। মচক্রকে ছারপাল যকেরে পৃঞ্জিলে। ব্ৰহ্মলোকে যায় সাধু সেই পুণ্য ফ**লে** ।। কোটি ভীর্থ স্নানে বহু স্বর্ণ লাভ হয়। উত্তরবেদিকা তীর্থে মহাপুণ্যোদয়।। ধর্ম তীর্থে স্নানে হয় ধর্ম উপার্জন। সপ্তকুল পৃত হয় শান্তের বচন।। জ্ঞান পাবনক তীর্থে যেই করে স্নান। অগ্নিষ্টোম ফল পায় সেই মতিমান।। সৌগদ্ধিক নামে বন অতি পুণাতম। প্রবেশ মাত্রেতে হয় পাতক নাশন।। প্রকানদীপুণ্যতমাকার সরস্ভী: তথা অশ্বমেধ ফল আর দিব্য গতি।। পঞ্যকা শতকুন্তা স্থগন্ধা নামেতে। পুণাভীর্থ আছে দব পবিত্র ভারতে।। তথায় ত্রিশূলথাত নামে পুণাস্থান। গাণপত্য লাভ হয় যেই করে স্নান।। ভাবশেষে শাকস্তরী ভীর্ণেতে যাইবে। ত্রিরাত্র উপবাস তথায় করিবে।। তিন দিন শাক মাত্র করিবে ভোজন। বহু পুণ্য হবে ভাহে শাল্তের বচন।। স্থপর্ণাথ্য ভীর্থে পরে করিয়া গমন। রুদ্রদেবে ভক্তিভরে যে করে পূজন।। গাণপত্য লাভ আর অখ্যেধ ফল। হরিষ অন্তরে পায় দেই সাধু নর।। ধুমাবতী তীর্ণে তিন রাত্রি অনাহারে। রহিলে বাঞ্ছিত ফল পায় সেই নরে।। রখাবর্দ্ধ তীর্থে গেলে দিব্যগতি হয়। রাধাতীর্থে সর্কশাপ বিনাশে নিশ্চয়।। গলাভাৱে স্নানে হয় কোটি তীর্থ ফল। পুণ্ডরীক যভা কল লভরে সকল।। একরাতি যদি বাস করে কোন অন। গোসহল দান ফল করে উপার্চ্ছন।।

শক্রাবর্ত্ত সপ্তগক ত্রিগক সলিলে। তর্পণ করিলে পুণ্য পায় সেই ফলে।। কনখল তীর্থে স্থান করে থেই জন। ত্রিরাত্র উপোধী রহে হয়ে ওছমন।। অখ্যেধ যজ্ঞ ফল সেই জ্ঞান পায়। অস্তকালে দিৰ্য দেহে শ্বরপুরে যায়।। কপিলা বটেতে এক রাত্রি উপবাদে। গো সহস্র দান ফল পায় পুণ্যবশে।। শান্তর তীর্থেতে স্নান করে যেই জন। অবিশম্বে তুরগতি হয় বিমোচন।। অখ্যেধ ফল গঙ্গা যমুনা লভমে। দর্কপাপ নত্ত হয় স্থগদ্ধেতে স্নানে।। কদাবর্ত্তে স্থান কৈলে স্থারলোকে যায়। সরস্বতী সঙ্গম স্থলে বহু পুণ্য পায়।। গঙ্গা সহ সরম্বতী মিলেছে যেথামে। অশ্বমেধ ফল তথা লভয়ে দিনানে।। ভদ্রকর্ণেখরে গিয়া করিলে পঞ্জন। পুণাফলে ছুরগতি হয় বিমোচন।। কুজায়কে গো সহস্ৰ দান ফল হয়। অক্সভীবটে স্নানে ওই ফলোদয়।। অশ্বমেধ যজ্ঞ ফল ব্রহ্মাবর্ছে গেলে। যমুনা মোহানাব কিন্তা দিনান করিলে।। नर्की मरक्य । जीर्थ ७३ कन इस । শেষে দিকু প্রভবেতে যাবে সাধ্চয়।। পঞ্চ রাত্রি বাদে তথা স্বর্ণলাভ হয়। অখ্যেধ ফল বেদী ভীর্থেতে নিশ্চয়।। নীচ জাতি বিপ্র হয় বাশি**ঠে**তে গেলে । अविलाक यांग्र अविकृत्या ज्ञान किला।। একমাস ভৃত্তভুক্তে করি শাকাহার। যেই রহে ভাখমেধ ফল হয় ভার।। বীর প্রমোক্ষোতে পরে করিবে গমন। স্ক্র পাপ হবে নট শালের বচন।। ক্তিকাতে অগ্নিষ্টোম ফল লাভ হয়। অতিরাত্র ফল মঘা তীর্থেতে নিশ্চয়।। বিভালাভ হয় বিভা তীর্থেতে সিনানে। মহাশ্রমে শুভগতি শাল্পের বিধানে।। বেত সিক। তীর্থে পরে করিলে গমন। অখ্যেধ ফল লাভ করে সেই জন।। স্থলরিকা ভীর্থে পরে গমন করিবে। বান্দণী তীর্থেতে যাবে ছতি ভক্তিভাবে।। এই পুণে। जन्मां लाक यात्र (मह नत्। নৈমিষ পরম ভীর্থে যাবে ভার পর।। একমাদ এই স্থানে রহে যেই জন। দক্তি কিল দেই করে উপাৰ্জন।।

त्राध्यत्य यस्य कन देश नाम हत्र। সপ্তকুল পৃত হয় জানিবে নিশ্চর।। গঙ্গোন্তেদে তিন রাত্রি উপোষ করিলে। বাজপেয় ফল হয় সেই পুণ্যফলে।। সরম্বতী জলে যেই করম্বে তপ্ণ। সারস্বতলোকে যায় সেই সাধুজন।। বাছদাতে একরাত্রি কৈলে অবস্থান। অর্গপুরে পূজ্য হয় সেই মতিমান।। ক্ষীরবতী গিয়া পিভূদেবের অর্চিলে। বাৰুপেয় ফল পায় সেই পুণ্যফলে ।। ভৎপরে বিমলাশোকে করিয়া গমন। এক রাত্রি অবস্থান করে যেই জন।। সুরপুরে পূজনীয় সেই জন হয়। গোপ্রতার তীর্থে পরে যাবে দাধুচয়।। এই স্থানে স্নান করে যেই শাধু জন। নিষ্পাপ হইয়া যায় অমর ভুবন।। গোমতী তীর্থেতে স্নানে অশ্বমেধ ফল। শত সহস্রক তীর্থে গোসহস্র ফল।। কোটি ভীর্থে কার্ত্তিকেরে করিলে অর্চন। গো সহস্ৰ দান ফল পায় সেই জন।। বাবাণসী ভীর্থে পরে করিয়া গমন। কয়িবে ভকতি ভরে হরের অর্চন।। ভক্তিভরে কপিলাতে করিবেক স্নান। রাজসূর যজ্ঞফল লভিবে ধীমান।। অবিমুক্ত ভীর্থে পরে করিবে গমন। ব্ৰহ্মহত্যা পাপ ভাহে হবে বিনাশন ।। এই স্থানে দেহত্যাগ যদি কেই করে। মুক্তিপদ পায় সেই পুলক অন্তরে॥ গোমভী গলার সহ যথায় সলম। মার্কণ্ডেয় ভীর্থ দেই বিখ্যাত ভুবন।। তথায় করিলে স্নান অগ্নিষ্টোম ফল। তথা হতে যাবে পরে জ্রীগয়া নগর।। গ্রা দ্রশ্নে অংখমেধ ফল হয়। প্রাচীন অক্ষয় বট সেই স্থানে রয়।। পিতৃ ক্রিয়া সেই স্থানে করে যেই জন। মুক্তিপদ পায় সেই শাস্ত্রের বচন।। মহানদী গিয়া স্নান করে যেই জন। অক্ষ লোকেতে সেই করয়ে গমন।। অবশেষে যাবে সাধু ব্রহ্ম সরোবরে। ব্রহ্ম কুণ্ডে প্রদক্ষিণ করিবে সাদরে।। অখ্মেধ ফল লাভ করিবে সে জন। ধেন্নক ভীর্থেভে পরে করিবে গমন।। একরাত্তি সেই স্থানে করিয়া যাপন। ভিলধেন্থ বিপ্রকরে করিলে অর্পণ।।

পর্বাপাপে মৃক্ত হয়ে লোমলোকৈ যায়। অভত কদাপি নাহি স্পর্ণরে ভাহায়।। গৃধ্বটে শিব পাশে করিয়া গমন। সর্কালে বিভৃতি ভন্ম মাথে যেই জন।। দর্বপাপে মুক্ত হয় দেই দাধু নর। অবশেষে যাবে সাধু উদ্যম্ভ ভূধর।। যোনিছারে অবশেষে করিবে গমন। ভবের বন্ধন তাহে হবে বিমোচন।। গয়তীর্থে ফল্পজলে যেই করে স্থান। মনোরথ সিদ্ধ তার শান্তের বিধান।। ধর্মতীর্থে গিয়া কৃপ করিয়া খনন। স্নান ভর্পণাদি ক্রিয়া করে যেই জন।। নিষ্পাপ হইয়া সেই স্থরপুরে যায়। অক্ষয় স্বরগফল লভয়ে তথায়।। মতক আখামে পরে গমন করিলে। গোমেধের ফল হয় তথা প্রবেশিলে।। ধর্মতীর্থে স্লানে অশ্বমেধ ফল হয়। বক্ষতানে রাজস্য মহাফলোদ্য ।। রাজগৃহে ব্রহ্মহত্যা পাতকাদি হরে। মণিনাগ ভীর্থে সাধু যাইবেক পরে।। ভীর্থ দ্রব্য সেই স্থানে করিলে ভোজন। ভুজকে দংশিলে বিষ নারহে কথন।। অহল্যা হুদেতে স্নান করে যেই জন। দিব্যগতি পায় সেই শান্ত্রের বচন।। জনকের কূপে স্নান যদি কেছ করে। বিষ্ণুলোকে যায় সেই হরিষ অন্তরে।। বিনশন তীর্থে যায় যেই সাধু জন। অন্তকালে স্থ্যলোকে সে করে গমন।। অগ্নিষ্টোম ফল হয় বিশ্ল্যাতে গেলে। অধিবঙ্গ তপোবনে যাবে তার পরে।। গুফকলোকেতে বাদ হইবে তাহার। মনের আননেদ তথা রবে অনিবার।। কল্পনা নদীতে পরে করিবে গমন। পুগুরীক বজ্ঞকল পাবে দেই জন।। মাহেশ্বরী ধারাভীর্থে করিলে গমন। অখ্যেধ ফল হয় শাস্ত্রের বচন।। স্থ্রপুড়রিনী ভীর্থ পুণ্যের আধার। যেই যায় হুরগতি বিনাশে ভাহার॥ সোমপদে অখ্যেধ ফল লাভ করে। কোটি ভীর্থে গেলে যায় বৈকুণ্ঠনগবে।। শালগ্রাম বনে শেষে করিলে গমন। অখ্যেধ ফল পার সেই সাধু জন।। জাতিমার তীর্থে পরে ষেই জন যায়। জাতিস্মর হয় তথা শালে হেন কয়।।

মাহেশ্বপুরে শিবে করিলে আর্চন। মনোর্থ সিদ্ধ ভার শাল্তের বচন। বামন তীর্থেতে গিয়া কেশবে পুজিলে। তুর্গতি বিনাশ হয় সেই পুণ্যফলে।। কুশিক ভাশ্রমে পরে করিবে গমন। রাজসুয় যজ্ঞকল পাবে সেই জন।। क्षवरमध्य यादव माधु हम्भक कानान। একরাজি রবে তথা আনন্দিত্মনে।। গোসহস্ৰ দান ফল হইবে তাহায়। জ্যেষ্টিল ভীর্থেতে পরে যেই জন যায়।। একরাত্রি বাদে তথা পূর্ব্ব-উক্ত ফল। ভথায় বিবাজে মূর্ত্তি দেবী-বিশ্বেশ্র ।। দেবদেবীমূর্ত্তি তথা করিয়া দর্শন। মিত্রাবরুণের লোকে যে করে গমন।। তিরাত্রি উপোষ করি তথায় রহিলে। অগ্নিষ্টোম ফল হয় সেই পুণাফলে।। কল্যাণ উদক তীর্থে যাবে তার পর। थकाপि (लांकि यादि (मेरे मार् नत्।। নিব্বীর ভীর্থেতে পরে করিয়া গমন। তাখ্যাধে ফল লাভ করিবে স্থঞ্ন।। নিক্রীর সঙ্গমে দান যেই জন কবে। সে জন অভিমে যায় ইন্দ্রের নগরে।। দেবকুটে অশ্নেধ ফল লাভ হয়। কৌশিক হুদেতে দিদ্ধি জানিবে নিশ্চয়।। এক মাস এই স্থানে যদি বাদ করে। অশ্বমেধ ফল সেই উপাৰ্জ্জন করে।। অগ্রিধারা ভীর্থে গেলে অগ্রিষ্টোম ফল। ব্ৰহ্মদরে ওই ফল লভিবে সকল।। কুমার ধারাতে স্নান করে যেই জন। ব্ৰহ্মহত্যা আদি পাপ হয় বিনাশন।। গৌরীর শিথরে চড়ি স্তনকুতে গিয়ে। খান পূজা করে যেই ভক্তিযুত হয়ে।। তাখ্যেধ বাজপের সককল হয়। हेल्लाक याय भारत कानित्व निक्रय ॥ অবশেষে ভাষাকণে করিবে গমন। ্ভাশ্বমেধ ফল তথা হবে উপাৰ্জ্জন।। নিদ্দনী ভীর্থেতে পরে গমন করিবে। নরমেধ ফল তাহে নিশ্চয় পাইবে।। কালিকা সঙ্গমে পরে করিবেক স্নান। তিন রাত্রি উপবাস করিবে ধীমান।। পাতক হইবে নাশ নাহিক সংশয়। ভাবশেষে যাবে যথা ভীর্থ সোমাশ্রয়।। তথা গিয়া কুজকর্ণ আশ্রমে যাইবে। স্কৃতি স্থান লাভ সে জন করিবে।।

জাতিশার হভে বাস্থা করে যেই জন। করিবেক কোকামুথে দিমান পূজন।। নন্দাতীর্থে গেলে হয় পাতক নাশন। বিপ্রথ লভিয়া যায় ইচ্ছের ভবন।। খাযভ দ্বীপেতে যথা ক্রেই ক্লিফুদন। সরস্থতী-জলে তথা করিলে গাহন।। বিমানে চড়িয়া যায় অমর-নগরে। পুণাবশে সেই জন দিবা দেহ ধরে।। অবশেষে উদ্দালকে করিবে গমন। তাহে গিয়া স্নান দাম করিবে স্থবন।! সর্কাপাপে হবে মুক্ত নাহিক সংশয়। ধর্মতীর্থে যাবে শেষে অতি পুণ্যময়।। বাজপেয় ফল তথা লভিবে সুজন। বিমানে চড়িয়া যাবে অমরভুবন।। চম্পা ভীর্থে ভর্পণাদি যেই জন করে। দণ্ডার্ছে যাইয়া স্নান করে ভক্তিভরে।। গো সহস্ৰ দান ফল পায় সেই জন। ললিতিকা তীর্থে পরে যাইবে মুদ্ধন।। রাজস্য় যজ্ঞ ফল সেই স্থানে হয়। স্বর্গপুরে যায় শেষে জানিবে নিশ্চয়।।

ধৌমা ঋষি সমোধিয়া ধর্মের ননানে। কহিলেন পুনরায় মধুব বচনে।। প্রকাদিক আদি করি ক্রমে চারিদিকে। যত ভীর্থ গিরি আদি যাহা কিছু থাকে।। দকল বুভান্ত আমি করিব বর্ণন। শোক ভাপ নাহি রবে করিলে শ্রবণ।। নৈমিষ পরম ভীথ পূর্বাদিকে রছে। গোমতী তটিনী কল কল রবে বহু ।। পূর্বাদিকে গয়া নামে আছে গিরিবর। দেবর্ষি-দেবিত শোভে,ব্রহ্ম সরোবর ।। ফল্ল নামে নদী তথা অতি পুণাবতী। অক্ষয় শ্রীবট আছে শুন মহামতি।। পিতৃগণে অন্নদান করিলে তথায়। অক্ষয় হইবে ভাহা শাল্কে হেন কয়।। কৌশিকী ভটিনী হয় অভি পুণ্যস্থান। বিপ্রত লভয়ে যথা করিলে পয়াণ।। ভাগীরথী পুণ্যতোরা বিরাঞ্জে যথায়। ভাঁহার মাহাত্ম্য কথা কহনে না যায়।। शक्ष† (व छे< भन्दन भद्रम श्रुक्त । যথায় কৌশিক ঋষি ভাপদপ্রবর।। কত যজ্ঞ আরম্ভিলাপুত্রগণ লয়ে। সে ভান ছেরিবে নর পবিত ছেপ্যে।। কান্যকুজ পুণ্যস্থান অভি মনোহয়। বিশ্বামিত্র এই স্থানে ভাপদ প্রথম ।।

ইন্দ্র সহ সোমরস করিয়া সেবন। ব্ৰাহ্মণ হইন্থ বলি কছেন বচন।। **প্রাগ পরম তীর্থ বিদিত ভুবনে।** যমুনা সহিতে গঙ্গা মিলেছে এখানে।। অগস্তা আশ্রম তথা অতি মনোরম। অদ্যাপি নিবসে তথা বহু তপোধন।। কালঞ্জর গিবিবর অভি শোভমান। পবিত্র হিরণ্যবিন্দ্ তথা বিদ্যমান।। श्रुपाष्ट्रना जागीतथी कन कन नाति। প্রবেশ করিছে গিয়া মণিকর্ণিকাতে।। কত শত পুণাজন নিবদে তথায। ব্রহ্মশাল। মনোহর কিবা শোভা পায।। এই সব দবশনে মহাপুণা হয়। কেদাব নামেতে সেই শুদ্ধ তথোবন। কুণ্ডোদ নামেতে গিবি তথা শোভমান।। এই স্থানে নলশাজা ভূকার্ত হইযে। জলপান কবে সাধু আননদ হৃদযে।। বাহুদা ও নন্দা নামে তর্ঙ্গিণী ছয়। কল কল ববে তথা দিবানিশি বয়।। প্ৰাদিকে যেত ভীৰ্থ কৰিছে বৰ্ণন। দক্ষিণ দিকেব কথা শুন দিয়া মন।। দক্ষিণেতে গোদাবনী অতি পুণ্যবভী। কত সাধুনিবক্সব কৰে নিবস্তি।। বেণা আবে ভীমর্থী এই নদীধ্য। উভ্যেব ভীবে আছে তাপস নিচ্য ॥ পথোধনী নামেতে নদী মনোমুগ্ধকবী। নুগযভ্যে এই স্থানে দোমপান কবি।। অংশত হইয়াইন্ত্র হন অচেত্র। দক্ষিণা অনেক পায় বহু ধিজগণ।। প্যোক্ষী-मलिल ज्लार्भ करत (यह क्रम। সর্বপাপে মুক্ত হয় শাদ্রের বচন।। স্রোভ্ন পর্কতে আছে মাঠর কানন। পথমধ্যে কণাশ্রম ছাতি স্থুশোভিম।। তথায় প্রবেশ ভীর্থ অতি মনোহব। ভাগব আশ্রম স্থারক সে স্কর।। চন্দ্রামে মহাতীর্থ ছাতি পুণাময়। বেষ্টিভৈ অশোকে তথা বহু ভরুচয়।। অগন্তা বারুণ ভীর্থ পাত্যদেশে শোভে। কুমারী পরম ভীর্থ জানিবেক ভবে।। ভাষপণী তীর্থে তপ করি আচরণ। পুণাফলে রাজ্য লাভ করে স্থরগণ।। গোকর্ণ পবিত্র হ্রান ছাতি মনোহব। তথা নাধি যেতে পাবে অজ্ঞানী নিকর।।

তথায় বিবাজে গিবি দেবসম নাম। বহু পক্ষী মুগ তথা করে অবস্থান।। বৈদুর্য্য নামেতে গিরি তথ। মনোহর । অগস্ত্য আশ্রম বলি খাতি চরাচর ॥ চম সোজেদন ভীর্থ অতি পুণ্যতম। প্রভাগ নামেতে ভীর্থ সিমুকুলে রন।। উজ্জয়ত্ব নাথে গিরি কিবা শোভা পায়। তপসা। কবিলে ঔথা স্ত্রলোকে যায়।। দ্বাববতী শোভে কিবা অতি মনোহর। স্থায় নিবসে সদা দেব দামোদর।। দক্ষিণ দিকেব ভীর্থ কবিল বর্ণন। পশ্চিম দিকের কথা শুন দিয়ামন।। নশ্বদ। হটিনী ভবে অতি পুণাবভী। ইহাব সলিল স্পর্শে লভে দিৰাগতি।। এই স্থানে দেবগণ কবি আগমন। সান পূজা কবি হন হবিষে মগন।। বিশ্বা থায়িব হেখা আত্ম আছিল। কুবের যক্ষেব বাজা এম্বানে জন্মিল।। বৈদ্যা নামেতে গিবি বিবাজে কেথায়। ভাহে এক সবোবৰ কিবা শোভা পায়।। বিশ্বঃমিন নামে নদী আছে এই থানে। বহু পুণ্য লাভ হয় ভাহাতে দিনানে।। এম্ব:(ন স্মাতি নাদা স্বপুর হতে। সাবু মালে নিপতিক ইযেন ভাবতে ।। মৈনাক অসিত নামে ছুই গিবিবা। বিরাজিছে এই স্থানে শোভার আকব।। गरे चात्र कक्षामा **धायन अभित**। বিবাকিছে বমা ছটী আশ্ৰম কুটীব।। সামান্য ভূপসা। হেথা কৈলে আচ্বণ। निष्मिन । अवरहत्न कर्व छेलाईकन ॥ জম্মার্গ ভীগ পরে অভি মনোহর। যথায় নিবদে জ্ঞানী ভাপদ নিক্ৰ।। কেতুমালা গঙ্গাধার গৈন্ধবকানন। পুক্ব ও ব্দাদ্ব অভি স্থুশোভন।। এই সব বছতীর্থ পশ্চিমেতে র্য। উভরেব কথা এবে শুন পবিচ্য।। যমুনা পবিত্রহল। অতি বেগবভী। মহাপুণ্য। পুণাতোখা নদী সরস্থী।! প্লকাবতরণ ভীর্থ অতি মনোব্য। অগ্লিশিব নামে ভীথঁজ তি স্থােে লন্।। শ্বভন্ন ভপোৰন সংস্তী ভীৰে। বালগিলা ঋষি সব ভথা বাস কবে।। দৃষদ্ধতী ভরঙ্গিনী ম্মতি পুণাকবী। বিমল্পদ্লা খছে। দক্ষপাপহারী।।

श्वाथा भाकाना मान्छा नान्छा पात्र छात । নাগোধাথা কয় তীর্থ শোভার আধার ॥ ম্বত ক্ষির ছিল আশ্রম তথায়। মহাপুণ্য স্থান দেই অতি শোভা পায়।। অবর্ও অর্থ নামে হুই তপোধন। এই স্থানে পূর্বেষজ্ঞ কবে আচরণ।। এখানে বিশাথষ্পে অমর নিকর। সবে তপ কবি হন হরিষ অক্তর।। পলাশ ভীর্থেতে যতত জমদলি করে। নদীপণ এই যজ্ঞে আগমন করে।। এই স্থানে ভাগীরথী হরিষ অন্তবে। হিষাচল ভেদি দেবী আসে বেগভবে।। এই স্থানে গঙ্গাধার বিদিত ভুবন। ব্ৰক্ষি নিকর তথা কৰে আগমন।। পুরু নামে গিবিবর অতি মনোহর। **এই छ। त्र क्रमा शुक्र त्रा कनशन** ।। সন্তকুষার জন্মে এই গিরিবতে। ভূভমুনি কৰে তপ ইহার শিখবে।। ६ १९**५ म** नाम इस अहे त्म कावन । পর্ম প্রিন সেই ভূগু ভূপোর্ম।। বদ্বী কানন ভূমে অতি পুণাতম। যথ! নিবস্তব কলে দেব সনাভন।। স্মতীথ সেই স্থানে কবে অধি। ন। প্রথ-ঈশ্বন তথা কবে অবস্থান।। য়ছ ভীর্থ আছে এই ভারত মানাবে। जिल्ल जिल्लाम क्लिमाव लगाहरव ॥

টী (২০) পূনং ৭৫ – মুদিষ্ঠিব গোমতীতে পান পূর্বক জনে জনে কন্যাতীর্থ, গোতীর্থ, কালকোটি, বিষপ্তাহ, ধবাধব, নালদা, প্রধান বেশীতীর্থ, মহীধবতীর্থ, গ্যশিব, মহানদী, রক্ষাব প্রভৃত্তি তীর্থে পবিভ্রমণ ক্রিধা প্রশোষ অগস্থাশ্যে উপনীত হন।

টী (১১) পুনং ৭৬—দানববান্ধ ইওলকে প্রেড্ড ঐশ্বর্যাশালী জানিয়া মহাত্পা অগস্তা তৎসকাশে উপস্থিত হইয়াছিলেন।

টী (১২) পুনং ৭৭-- কুমাবের নাম দৃচন্দ্র।
টী (১২) পুনং ৮৪-- মূলে এই স্থানে সগরবংশ উদ্ধারের পর ক্ষাশৃঙ্গ-বিবরণ বণিত

আছে। কাশীরাম দাস ভাগা পরিত্যাগ করিয়াছেন। আমরা পাঠকগণের অবগতির জনা ভাগার অনুবাদ এই স্থলে প্রকাশিত

্যধিষ্ঠিব জিজ্ঞানেন লোমশের প্রতি। ভূমি সক্ষ জ্ঞানধার ক্ষমি মহামতি॥

ক বিলাম।

এক্ষণেতে কুপা করি আখার সদন। কহ দেব এই কথা করিয়া বর্ণন।। কাশ্যপ-তনয় ঋষাশৃল মহামুনি। পরম পবিত তিনি সর্বশাল্লে ভনি।। হরিণীর গর্ভে হ'ল তাঁহার উৎপত্তি। অসম্ভব কথা এই শুনি নহে প্রীতি।। বিরুদ্ধ যোনিতে তিনি জনম লভিয়া। তপদ্যা আচারী হন সুমহৎ ক্রিয়া।। কেমনে হলেন তিনি তাহে অধিকাবী। মহা তেজবান তিনি বিশ্বের উপরি।। কহ দেব সেই কথা করিয়া বর্ণন। ভ্ৰিষা জুড়াই আমি ভাপিত জীবন।। ইল্রেবে রাজা হন স্বর্গের ঈশ্বর। শে মুনিব ভয়ে তিনি হইয়া সহব ।। ব্যব্দণ করিলেন এই মর্ত্তাপুরে। কছ দেব সেই কথা আমনদ অন্তরে।। শান্তা নামী রাজকন্যা অতি রূপবন্দী। যাব রূপে ভূলিলেন ঋষি মহামতি।। সেই কথা কহ দেব কবিষা প্ৰাকাশ।

শবণ করিয়া পূর্ণ করি জ্ব ভিলাষ।।
জাব এক কথা দেব শুনিতে মনন।
লোমপাদ বাজক্ষা পুণ্ডেতে মগন।।
অনাবৃষ্টি হ'ল তার রাজোতে ঘটন।
না ব্যল বৃষ্টি কভু বারিধ্বগণ।।
কেন কেন গুইনা হইল ঘটন।
শুনিবারে সেই কথা ইচ্ছা স্ক্লিণ।।

প্রকাশ কবিয়া তাছা দাসের কাবণে।
বলুন হে ক্ষবির আপেন বদনে।
কছেন লোমশ খ্যি ভানহ বাজন।
কহি ক্ষাঃশৃঙ্গ খ্যি-জ্ঞা বিবরণ।।
বাজ্পযি বিভাওক তেজেতে প্রথব।
শৈশবকালেতে তিনি যেন বিজ্ঞাবর।।
ক্ষাপের পুত্র তিনি ক্শাপ স্মান।
ভারকালে হয়ে তিনি পূর্ণ জ্ঞানবান।।

কঠে!র তপস্যা প্রতি শঁপিলেন মতি।
তদ মধ্যে আরম্ভিল উগ্রতপ অতি।।
করেন কঠোর তপ একাস্ত হইয়া।
ন্র্রিমান তেজ যেন তপের লাগিয়া।।
বহুদিন এইরূপে গত হলে প্র।
একদা উর্ক্মী যায় জাকাশ উপর।।

তাখার মোহনরপ মুনি নির্থিযা। কলপের শরানলে হৃদরে দহিয়া।। অতিশ্য হইলেন বিচলিত মন। তাখাতে হইল তাঁর স্বীধ্য স্থলন।।

বীৰ্য্যপাত হ্ৰামাত মুনি মহাশয়। नामित्न क्रम मरशा वाक्रम श्रमा সেই সময়েতে এক তৃষিত হরিণী। জলপান হেডু আদে ব্যাকুল পরাবী।। যেমন করিল আসি সেই জলপান। জলের সহিত রেড: জলের সমান।। প্রবেশিল তাহার যে উদর মধ্যেতে। তাহে গর্ভবতী হ'ল হরিণী ক্রমেতে।। ওতে বায় পর্ব্ব জন্মে সেই সে হরিণী। আছিল স্বর্গের এক দেবের নন্দিনী।। ভগবান ব্ৰহ্মা তাঁকে কহিল বচন। পৰ জ্বাহেবে ভৰ মূগীতে গমন।। মুন্দী হযে ঋষিপুত্র গর্ভেচে ধবিবে। প্রসাব মাজেতে ভূমি সে দেহ ভাজিবে।। বিধিব দে বাকা বল অনাথা কে কবে। বিধি যা বলিল ভাহা ঘটিলেক পরে।। মহা তেজবান ঋষাশুল মুনিবর। লভিল জ্বনম ভার গর্ভের ভিতর।। ভাহার শিবেতে এক শৃত্র শোভা ছিল। ভাই প্ৰাশ্ত নাম বিথাত হইল।। মহাতপা ঋষাশৃঙ্গ ঋষিতে গৰ্কিত। শ্বাবধি তপে তাঁর প্রবৃত্তি নিশ্চিত।। সদা বনমধ্যে তিনি কৰিতেন বাস। কখন মনুষ্য সঙ্গে নাহিক সন্তাম।। একমাত্র পিভাকেই চিনিভেন ভিনি। ভেজের আকর সেই বিভাওক মুনি।। ক: জেই অন্তব তাঁর ব্সচেগ্য ব্ৰভে। সদা অনুষ্ঠিত ছিল জান একালেতে।। সেই কালে দশর্থ-স্থা লোমপাদ। অঙ্গদেশে আছিলেন মহাপুণাপাদ।। অঙ্গদেশপতি হয়ে স্বেচ্ছানুসাবেতে। বড অভ্যাচার সবে একান্ত করাভে।। পুরোহিত আদি সব ত্রাহ্মণের গণ। করেছিল পরিত্যাগ হেরিয়া তর্জন।। ইহার কারণ ইন্দ্র স্থাতি। ভার বাক্যে অনাবৃষ্টি ঘটাইযা অভি।। ্ৰপ্ৰজাগণে লাগিলেন করিতে পীড়ন। ভাছাতে ঘটিল রাজ্যে বড় কুঘটন।। উপায় না হেরি আবার তথন রাজন। তপোভাবাপর্যত ব্রাক্ষণের গণ।। জিজ্ঞাদিল তাঁদবারে করিয়া যভন। বাজ্যেতে নাহিক হয় বিন্দু বরিষণ।। ইহার উপায় সবে করিতে হইবে। যাতে ৰৃষ্টি হয় ুসই কাৰ্য্য আচবিবে ।।

রাজার শুনিয়া বাক্য বিজ্ঞ বিপ্রগণ। আপন আপন যাহা হ'ল বিবেচন।। তাহাই প্রকাশ করি রাজার সদনে। করিলেন জানে জানে আনিন্দিত মনে।। তার মাঝে একজন বিজ্ঞ মুনিবব। কবিলেন রাজভানে বহল উত্তর।। ছে রাজন কি কহিব ভোমার গোচুব। ভূমি অভ্যাচার কৈলে ব্রাহ্মণ উপর।। এবে সে ত্রাহ্মণগণ হইয়া কুপিত। ত্র পরে হয়েছেন ক্রোধেতে পূর্ণিত।। তার প্রতীকার এবে করুন রাজন। খযাশুক নামে আছে মুনির নন্দর।। আজন্ম কাননবাদী খ্রীভেদ না জানে। য় হ কবি আমান সেই মুনির নক্নে।। তাঁথারে আনিতে মত কর ওছে রায়। হইবে দেশেতে বৃষ্টি কি ভাবনা তায।। বাজা লোমপাদ হেন কবিয়া শ্রবণ। নিক্তি লাভেব জনা করিয়া যতন।। যত নব বিশ্বগণ আনিয়া ড্জিতে। শকোষিত কবিলেন সাধ সম্বলিতে।। **७** हे इत्य विकाश १ इन विमाश । হেবি তাহা শর্কা প্রস্থা প্রদুল্লিত কার।। একপ বাজাব মতি হটল ভগন। মন্ত্ৰীগণে আনাইয়া কৰিয়া যতন।। খ্যাশুক আনিবার মুক্তি যাহ। সাব। করিল জিজ্ঞাসা ভাহা কবি বার বার ।। স্ত্রন্দ্ধি স্থধীর তারে মন্ত্রীগণ বত। আনিবাবে ঋষাশৃঙ্গে চিন্তি নানামত।। ুশ্যে এই কৃছিলেন নুপতির কাছে। আনিতে দে ঋষাশৃঙ্গে এই যুক্তি আছে।। চতুবা যদাপি হয় বাবাসনাগণ। আনিবারে ঋষাশৃঙ্গে পাবে সর্বক্ষণ।। ভাদের পাঠান রায় কবিষা যতন। আনি দিতে ঋষাশৃঙ্গে আপন দৰন।। তখনি নুপতি আজ্ঞা কৈল ডুতাগণে। আন সব বেশাগিণে আমাৰ স্দ্ৰে।। আ ভাষাত ভূতা স্ব ক্ৰিয়া প্ৰন। তথনি আনিল যত বুদ্ধ বেশ্যাগণ।। রাজা সেই রেশ্যাগণে করি নিরীকণ। কহিলেন এই বাক্য তাদের সদন।। ল্য কোন কৌশলে পার কবি প্রাণপণ। আন থাবাশুক ঋষি মুনিব নক্ষন।। যাহাতে বিশ্বাস মুনি আমাদিগে হয়। আচরিনে মন্ন করি মেই কার্যাচয়।।

রাজমুথে বেশ্যাগণ ছেন কথা ভানি। শাপ ভয়ে হ'ল সবে ব্যাকুল পরাবী।। কি করিবে রাজবাকা করিতে পালন। করিল দীকাব সবে চিস্তি মনে মন।। কিন্তু কহিলেন এই নুপতির প্রতি। যদি মহারাজ হতে চাহ মনে প্রীতি।। আনিব সে ঋষাশৃঙ্গ মুনির নন্দন। কিছু উপাদেয় বস্তু কর আহরণ।। সেই উপাদের বস্ত্র করিয়া প্রদান। আনিব সে মুনিপুত্রে ভোমা বিদামান।। উপাদেয বস্ত্র স্বাদ মুনি নাহি জানে। ভূঞ্জিলে **আ**সিবে সেই লোভেব কারণে ।। নরপতি বেশ্যাদের শুনিখা বচন। ভগনই নানা বস্তু কবি আহরণ।। বজাদি নিৰ্দ্মিত কভ শোভাৰ ভাণ্ডাৰ। দিল সেই বেশ্যাগণে ভক্তি করি সাব।। বেশ্যাগণ সেই দ্রব্য করিয়া গ্রহণ। নানা সাজে সাজি ভারা আপনা আপন। আনিবাবে ঋষাশুকে কবিল গমন। রূপের ছটায় দীপ্ত হয় ত্রিভুবন।। नवीन त्गोवना मत्व (महे त्वभाशन) (हितिल मुनिव मन हेल मर्विका।। লোমশ কহিল ভন সুবিটির রায়। হেনমতে বেশ্যাগণ হইয়া বিদায়।। স্তবর্ণনিশ্মিত এক ভরী আবোহিয়া। ভাগতে স্থলর এক আশ্রম রচিযা।। नानाविध कल कल मध्व पुत्र(१) রাখিলেক যত্ন করি উদ্দেশ্য সাধনে।। কত বৃক্ষ হো পিলেক পুষ্প স্থানীর্ণ। কত শত গুলা লতা পুষ্পগন্ধে পূর্ণ।। হেনমতে ভবিসজ্জা করিয়া পকলে। চলিল সে বেশাগণ অতি কুতৃহলে।। অনতি দুবেতে হেরি কাশ্যপ আশ্রম। ভরিগতি রুদ্ধ করি চিস্তে মনে মন।। কোন সমযেতে সেই বিভাওক ক্ষি। যাইবে আশ্রম ত্যঞ্জি আনন্দেতে ভাগি।। এই সে মুখোগ চিন্তা করিতে লাগিল। ভাহাই অপেকা করি সকলে রহিল।। এক দিন বিভাওক মুনি মহাশয়। নাহিক আশ্রমে হেরি যত বেখাচয়।। দিব্য এক বারাজনা স্থলরীর শেষ। বয়দে অত্যন্ন বাক্য মধুর বিশেষ।। করিল প্রেরণ তবে মুনি-আর্থেডে। যথ। ঋষাশৃক মুনি বদি আনন্দেতে।।

বেখ্যার কুমারী বেখ্যা রূপে রূপবতী। আশ্রমে প্রকেশ করি স্থশ্রমায় অভি।। হেরি ঋষাশৃক্ষে করি প্রাণাম বন্দন। বসিয়া নিকটদেশে কছিল বচন।। ছে ঋষি প্রকৃতরূপে বলুন একণে। কুশল ভ সব এবে ভাপসের গণে।। ফল আমার মূল হয় তাপস-জীবন । হতেছে ত ভাল রূপ হেথা উৎপাদন।। আপনি ত সুথে ঋষি আছ সর্কাকণ। তাপদগণের তপ বৃদ্ধি ত এখন।। আপন পিতার তেজ অতীব ভীষণ। সেইরপ এখন ত দীপ্ত সর্কক্ষণ।। ত্মাপনার বেদ প্রতি ভব্জিত হে ভাল। সতা করি কিছ ঋষি পরম দয়াল।। সম্প্রতি এসেছি আমি তাপস দর্শনে। ছেবিয়া আমন তব অতি স্থগী মনে।। এত যদি কহিলেক বেশ্যার নন্দিনী। শ্বণ করিয়া সেই ঋষাশুক মুনি।। কহিলেন মহাশয় হেরিয়া আপনা। মহাতেজঃপুঞ্জ বলি এবে গেল জানা।। বোধ হয় আপনিই আমাব হে মুনি। অভিবাদনীয় হও নাহি সঙ্গ মানি।। অভএব আপনারে ধর্মানুসারেতে। পাত আদি ফল মূল অপিব মড়েতে।। কুণাজিন আজ্ঞাদিত স্থাস্পূৰ্ণ ছতি। কুশাসন উপবেতে বস্থন সংপ্রতি।। হে ব্রহ্মন সভা করি বল্ছ বচন। কোথায় আশ্রম খীয় হয় নিরূপণ।। আপনি যে করেছেন ব্রত অনুষ্ঠান। দেবতার নাায় উহা ইয় অনুমান।। সে ত্রতের নাম কিবা প্রকাশ করিয়া। বলুন হে শ্রেষ্ঠ কাষি শুনি ছর্ষিয়া।। এতেক শুনিয়া সেই মুনির বচন। কহিল চড়ুরা বেশ্যা ভাঁহার সদন।। ুহু ব্রহ্মন কি কহিব আশ্রমের কথা। किर्याञ्चन উर्द्ध (महे रेगल मीख स्था।। উহার অপর দিকে আমার আশ্রম। অভি রমণীয় স্থান হেরি হয় এম।। আমার স্বধর্ম এই হয় সর্বাঞ্চণ। कारवा नाहि कति अভिवापन शहर।। কার পাত্যোদক আমি গ্রহণ না কবি। দার ধর্ম এই আমি দদা হে আচরি।। এ কারণ আমি মানা করি তব প্রতি। মোরে অভিযাদন না কর মহামতি।।

মম অভিবাভ তুমি হণ্ড সৰ্ককণ। ম্যুসম ব্যক্তি হলে করি আলিকন্ম এই ব্রভ আমার ছে হয় ঋষিবর। মিথ্যা নাহি কহি আমি কাহার গোচর ।। এত ভুনি ঋষিপুত্র কহিলেন বাণী। বুঝিধাছি আপনি হে হও মহাজ্ঞানী ॥ ভোমার সৎকার আর কিলে হে করিব। যা আছে ভাহাই দিয়া সমান রাথিব।। এত বলি ভলাতক আর আমলকী। কর্মক আর ইক্ষু পরু ফল দেখি।। প্রদান করিয়া সেই বারান্ধনা প্রতি। কহিলেন এই থাতা ঋষি মহামতি।। অংশোন করিছি এই ফল সমুদয়। याहा हेळ्। जुआहेशा जुयह कानग्र ।। হাস্য কবি বারাস্থনা সেই ফলচয়। দুবেতে নিক্ষেপ করি করিয়া বিনয়।। অমূলা সুসাদয্ক যেই থাতা ছিল। সেই ফল ঋষি-হস্তে প্রদান কবিল।। ঋষাশৃঙ্গ সেই ফল করিয়া ভক্ষণ। একেবারে মহাতৃপ্ত মানিলেন মন।। কত যে আনন্দৃত্ত হইলেন তাতে। হেরি বারাজনা তাঁর ধরিয়া ছহাতে।। পুন=চ স্থাদপূর্ণ যত দ্রবাচয়। প্রদানিল ঋষিবরে ভুঞ্জিতে নিশ্চষ।। জার যে স্থবভি মালা সমুজ্জল অভি। তাঁহাব গলেতে দিল শোভার মূরতি।। বিচিত্র বসন দিল করিয়া পিন্ধন। স্থপাত পানীয় দিল তৃষ্ণার কারণ ।। ঋষস্ত মহাস্থা কেরলৈ ভূজন। দেই কালে বাবাঙ্গনা করিয়া যতন।। আমোদ প্রমোদ হাস্য আর পরিহাস্য। করিতে লাগিল কত চল্র যিনি আসা।। কিনাকি লাইয়া কিরে হেয়ে আবনত। করিতে লাগিল কেলি আশ্রমে নিয়ত।। কখন বা গাত্তে গাত্তে করয়ে স্পর্শন। কথন বা আলিঙ্গনে হরে ভার মন।। কথন বা তিলকাদি পরাইয়া দিযা। দেখায় আপন মুথ ভাকৃটী করিয়া।। কথন বা ভঙ্গ করি বৃক্ষশাথাচয়। আবরিত করি মুখ রাথে সমুদ্য ।। কথন মানের ভবে হইয়া মগন। আধ আধ বাকো হরে ঋষিমুত-মন।। এইরপ নানা ক্রীড়া করিতে করিতে। যথন সে ঋষিশ্বতে পাইল দেখিতে।।

হয়েছে বিকৃতচিত্ত মছের আকার। সেই কালে বারাজনা চাতুরীর সার।। ঘন ঘন ক্লালিকন করিয়া প্রেদান। খন ঘন হানে তাহে কটাকের বাণ।। অগ্নিহোত্র ব্যপদেশে সে স্থান হইতে। প্রস্থান করিল ধনী ভয়ভীত চিতে।। ঋষিস্ত একেবারে মদম্মোভ হয়ে। আর সেই রমণীরে চক্ষে না হেরিরে ।। একেবারে হয়ে তিনি বিচেতন প্রায়। ত্যাগ করি দীর্ঘ শ্বাস ব্যাকুলিত কায়।। তাহারই চিস্তার্ণবে হইল মগন। অঞ্জল পড়ি ভাদে যুগল নয়ন।। হেনকালে বিভাওক নামে ঋষিবব। সিংহ সম পিকলাক তেজে দীপ্তকর।। আপন আশ্রমে আদি দিলেন দর্শন। দিনাস্তে এলেন মুনি তপে ক্লিষ্ট মন।। হেরিলেন পুত্র প্রতি করি নিরীক্ষণ। ঋষাশৃক একাস্তেতে হইয়া মগন।। বিস্থাছে এক স্থানে পাগলের প্রায়। ঘন ঘন উৰ্দ্ধি সদতই চায়।। না সরে মুখেতে বাক্য ভাষে গদ গদ। দীর্ঘশ্বাস ভ্যাগ কবে সদা অবসাদ।। ঋষিবর হেন ভাব পুত্রের দেখিযা। কহিল পুত্রের প্রতি মিষ্ট সন্থাসিয়া।। কেন বৎস আংকি তুমি হয়ে বিস্মবণ। কৰ নাই ফল মূল কিছু আহরণ।। কিদের নিমিত্ত তুমি অগ্নিহোত্র ক্রিয়া। কর নাই সম্পাদন কহ বিশেষিয়া।। কিদের নিমিত্ত তুমি শ্রুক আদি দব। নির্মলতা কর নাই আছে নিরুৎস্ব ।। কিলের নিমিত্ত ভূমি হোমীয় ধেন্তকে। করিয়াছ পীতবৎদা বলহ আমাকে।। ভোমাকে হেরিয়া আজি পূর্কের মতন। কিছুতেই বোধ নাহি হয় অহুক্ষণ।। ভোমাকে দেখি যে আজি দীনের মূতন। বিষম চিস্তায় যেন র্যেছ মগন।। কহ পুলু সবিশেষ করিয়া কীর্ত্তন। আশ্রমে কি এসেছিল অস্ত কোন জন।। ঋষাশুল পিতৃমুখে হেন বাক্য ভনি। কহিলেন পিতৃপদ ৰন্দিয়া তুথানি।। ছে দেব কি কব অশ্র ভব সমক্ষেতে। এদেছিল এক ঋষি এই আশ্রমেতে।। নাতিথকা নাভিদীর্ঘ শিরে জটাভার। এপেছিল ঋষিবর ব্রহ্মচারী সাব।।

ভাঁহার সে দিবা কান্তি করিয়ে দর্শন। দেবতা বলিয়া ভ্রম হয় অফুক্ল।। ভাঁহার অকের বর্ণ স্থবর্ণ সমান। লোচন পরের স্থায় স্থিয় প্রভামান।। মনোহর অকজ্যোতি স্ব্যদীপ্তি প্রায়। মস্তকেতে জটাভার কি কব কথায়।। স্বৰ্প রক্ষ্প্রাধিত দীর্ঘাকার অতি। কি কব জাটার কথা ঝুলে পড়ে ক্ষিতি।। কঠেতে ৰিহাৎ প্ৰভা আলবাল সব। রহিয়াছে লম্মান শোভার উৎসব।। वकः इत्न (लामशैन २६ न ममान। ছুটী মাংস্পিণ্ড শোভে হেরি হরে জ্ঞান।। কটিদেশ অতি ক্ষীণ শোভার মাধুবী। হেরিয়া হয়েছে চিত্ত অধৈর্য্য আমারি।। ভার মনোহর চারু মধাণেশ হতে। অ।মার (মথলা সম (মথলা অঙ্গেতে।। তাহার যে কত শোভা না হয় বর্ণন। (ग्रन ठळकला खांत २(७१६ (मांडन ॥ চবণ হয়েতে এক বস্তু শোভা পায। ভাহাৰ শক্তে প্ৰাণ সদা মোহ যায ।। ক্রছযে আমাদের অক্মালা প্রায়। কৃষ্ণিত কলাপৰ্য় বন্ধ দেখা যায়।। তিনি যবে কর কিন্তা পাদপরাধর। স্ঞালন করি যান ওতে মহাশয়।। তখন ভাঁথার কবে নিবন্ধ কলাপ। চরণেতে বস্তু যেই নিবাবে সন্তাপ।। সরোবরে যেন স্ব মরালের কুল। कलत्रव कति यात्र भएक व्यापाकूल ।। ভার চীরবন্ত্র শোভা কি বলিব আর। মম পরিধানে যেই চীর অনিবার।। ইহার সহস্র গুণে সেই চীর শোভে। দর্শন করিতে মন সদতই লোভে।। ভার মুখে যেইকালে নিঃসরে বচন। षाद्वारमण्ड मन खान (मार्ट मर्सक्त ।। এমন মধুব স্থার কথন না ভনি। স্বর নয় যেন সেই কোকিলের ধ্বনি।। কি আর কহিব গৈত: তব এচরণে। র্তাহার সে মুখে বাক্য শুনিরা শ্রবণে।। একেবারে মন প্রাণ হয়েছে ব্যাকুল। ধৈগ্য না ধরিতে পাবি সদাই আকুল।। ্যমন বসন্তকালে কানন সকল। গন্ধে আমোদিত করে লল কিস্বা স্থল।। সেইকপ ব্ৰহ্মচারী স্থীরণ হীলে। গলেতে মোহিত কৈল দম্স্ত বিপিনে।।

তাঁহার শিরের জট। ল লাট ভাগেতে। हिनकार त्राधिशाहि विक्रम ভाবেতে।। মধ্যদেশ বিভাগেতে হয় শোভমান। ভেবিলে ভাষার শোভা হত হয় প্রাণ।। কর্ণেতে বিচিত্র বস্তু বিস্থাৎ আকার। শোভিতেছে বক্রভাবে কিবা শোভা তার।। বখন সে ব্ৰহ্মচারী দক্ষিণ হস্তেতে। কতগুলি বুঙাকার ফল সমত্রেতে।। গ্রহণ করিয়া ভূমে ফেলি বারমার। নিক্ষিপ্ত ও উৎপতিত করে অনিবার।। বাতাহত তরু সম ঘূর্ণিত হইয়া। কৰিতে লাগিল কত নানা মত ক্রিয়া।। ভগনি দেখিত্ব দেব কুমার লমান। হেরিয়া তাহারে মম মুগ্ধ হ'ল প্রাণ।। সেইকালে মন প্রাণ তাঁহারই করে। অর্পণ করিত্র আমি কি কব গোচরে।। ভিনি যেইকালে মোরে দিয়া আলিখন। আমার শিরের জটা করিয়া গ্রহণ। আমার মস্তক অবনামিত করিয়া। ভাঁহার বদনপদ্ম মম মুখে দিয়া।। ্যেই শব্দ করিলেন করিয়া যতন। তাতেই আমার মন নিল সেই জন।। আমি পিতঃ তাঁহারই সেবার কারণে। ফল পাতা আহরণ করিলু যভনে।। তিনি ভাহা ভক্তি করি গ্রহণ না করি। ব্রক আমারে পিতা সমাদর করি।। তাৰ সংগৃহীত ফল লইয়া যতনে। দিলেন আমার করে ভূঞ্জন কারণে।। ্সই কালে এইমাত্র কহিল বচন। আমাদের ব্রত এইরূপ নিরূপণ।। আমি গোতাহার দেই প্রদানিত ফল। একে একে খাইলাম জানিবে দকল।। সেই সব ফল পিত এ ফলের মত। কখনই নাহি হয় জানিবে সভত।। হক কি সারত স্বাদে সব ভিন্নাকার। এখনো ভূলিভে নারি তাহার যে তার।। কি কব গো সেই ফল ভুঞ্জনের পরে। যেই জল প্রদানিল পিপাসার তরে।। সেই জল পান করি তথন ভাবিছ। সর্গের অধিক সুথ ইহাতে লভিম। সেকালে এ ধরা কম্পমান গো বলিয়া। হইতে লাগিল জ্ঞান জানবৃদ্ধি গিয়া।। তিনিই গো এই স্থানে পটুসুতে গাঁথ।। স্থান মালভী মালা ছভাত্রে সর্বথ।।।

প্রস্থান করিয়াছেন আপন আভামে। তার লাগি মম মন না রছে আশ্রেমে।। নিভান্ত বিকল চিত্ত ভাঁছার কারণ। সদত করিছে মন তাঁর অংথেষণ।। এমন কি হেন মন হয়েছে আমার। তাহার সমীপে শীঘ্র হই আঞ্সার।। নতুবা আমার ইচ্ছা এই অমনিবার। তিনিই দদত রন নিকটে আমার।। হে পিতঃ করুণা করি বলুন এখন। তাঁহার সে ব্রহ্মচর্য্য ধর্ম কেমন।। তিনি যেইরূপ তপ করেন যতনে। মম ইচ্ছা করি তাহা তাঁহার সদনে।। সেরপ করিতে তপ আমি অভিলাষী। কহিন্ত চবণে পিতঃ সকল প্রকাশি।। ত্রীহার দশ্নাভাবে মম প্রাণ মন। একান্তই উৎক্তিত জেন সর্কৃষণ।। শুনিরা পুত্রের কথা বিভাওক ঋষি। কহিল মধুর বাক্য পুজেরে সম্ভাষি।। বালক সভাব তব কিছু নাহি জ্ঞান। এই যে কানন হয় মহাভয় স্থান।। অবিশ্বের তপের্বিল্ল করিবার তবে। ভ্রমধে রাক্ষসগণ মায়ারূপ ধরে।। অগ্রেভে ভাহারা আদি আশ্রম-ভবন। নানারূপে ভোষে স্ব মুনিগণ-মন ॥ ভৎপবে হইলে মুগ্ধ মুনিগণ মন। দুরেতে লইয়া যায় দিয়া প্রলোভন।। একাকী বনেব মধ্যে যেই কালে পায়। তথনি তর্জায় মূর্তি ধরে নিজকায়।। যেই সনাতন ধন্ম ঋষিরা আচেরে। ভাগ হতে এই করি যে কোন প্রকাবে॥ একেবারে অধঃপথে করে নিক্ষেপ্র। এইরূপ তাহাদের হয় আচরণ।। ইহা জানি বনবাদী বত মুনিগণ। কখন ভাদের কথা না করে শ্রবণ।। ভাদের উদ্দেশ্য মার্ক এই বাছাধন। কাননেতে বদে যত তাপদের গণ।। (कोगाल विशास माद कति विष्क्षणा । (इत्राय को जूक मना इत्य शहरान ॥ নেই দে কারণে পুত্র যত ঋষিগণ। তাদের সে মারা কভুনা করে দর্শন।। ভাহাদের সুধাময় মহা পাপকারী। ञ्चतक्ति माला यादा मना मट्याशकी ।। তাপদেব যোগ্য ভাষা কথনই নয়। अरुष कहित्स उरु**षाक्ष्य वहे र**हा ॥

ভাহার। কথন পুজ নহে ব্রহ্মচারী। তাহার। রাজ্স হয় মহা মায়াধারী।। বিভাওক ঋষি এইরূপে পুত্রধনে। নিষেধ করিয়া রাখি আশ্রম ভবনে।। বেশ্যাগণ আহেষিতে করিল গমন। খুঁ জিলেন তিন দিন করিয়া যতন।। কিছুতে তাদের নাহি পেয়ে দরশন। পুন: আদি স আ্রাশ্রমে কৈল প্রবেশন।। বিভাণ্ডক ঋষি আসি আশ্রম ভবনে। ফল অবেষণ হেতু গেলেন কাননে।। বেশ্যাগণ এই তথ্য করিয়া সন্ধান। পুনশ্চ আশ্রম দিকে হ'ল ধাবমান।। বদেছিল ঋষিপুত্র হয়ে সিয়মন। ষেমন হেরিল সেই গণিকা মোহন।। অমনই দদভ্রমে কবি গাতোখান। কহিলেন এই পাছা স্থার সমান।। ুহু ব্রহ্মন কিবা দয়। অধীনের প্রতি । এগেছেন ভাল কালে দেখে হ'ল প্রীভি। ফল হেডু পিতৃদেব গেছে দূর বন। ५६ (नम्) ध्रहे कार्या कक्रन जन्नन ।। লও মোবে সঙ্গে কবি করিব গমন। ভোষার আত্রয় হেবি গুড়াইব মন।। এত বেগে তুই জনে করিব গমন। আসি পিতা যেন নাহি পান দরশন।। हक्ता तम वात्रमात्री अभिया वहन । একেবাবে ইইলেক আনন্দে মগন।। ঋণমাত্র আবার তথা বিলম্বনাকরি। ভুলিলেক ঋষিস্থতে নৌকার উপরি।। নৌকাপরে ঋষিস্থতে তুলিয়া যতনে। াঁহার মনের ভুষ্টি সাধি প্রাণপণে।। কভ মত কেলি সবে করিতে লাগিল। শ্বিশ্বত একেবারে বিভোল হইল।। এদিকে ভুরনী বেগে করি সঞ্চালন। উত্তরিল অঙ্গদেশে রাজার সদন।। বেশ্যাগণ সেই স্থানে কৌশল করিল। পরম আশ্রম এক তথা বিরচিল।। রাজার সাহাযো সেই বন হ'ল শোভা। কি আর কহিব তাহা নয়নের লোভ: ।। ভগায় ঋষির স্থতে করি আন্ময়ন। দেখাইল বেশ্যাগণ আশ্রম ভবন।। রাজার ভবন মধ্যে সে বন রচিল। যেইকালে ঋষিবর ভাছে প্রবেশিল।। অম্নি গর্জন করি জলধরগণ। मुगल शाताय दृष्टि देकल कात्रक्षण ।।

দেখিতে দেখিতে ধর। জলে পর্ণ হ'ল। প্ৰজাগণ মহানন্দে ভাগিতে লাগিল।। নুপতি প্রথমে ভাহা করি নিরীক্ষণ। একেবারে ইইলেন আনন্দে মগন।। কিলে ভূষিবেন সেই ঋষিবর মন। হেনরপ চিন্তা তিনি করি মনে মন।। শাস্তা নামী রূপবভী তুনয়া আছিল। সেই কভা ঋণিবেরে যতনে অপ্রিল।। ষ্পাব কার্য্য করিলেন রাজন তথন। যেই বিভাওক মুনি তেজে হতাশন।। তাঁহাব ক্রোধের শান্তি করণ কারণ। আংসিবার পথ যাহা ছিল নিদর্শন।। সেই পথে গো কুষক পশু আদি করি। রাথিয়া যতন করি দবের উপরি।। এই কথা কহিলেন আপনি রাজন। বিভাণ্ডক ঋষি যবে দিবেন দর্শন।। নেত্রানলে দগ্ধ প্রায সকলে হইবে। সেইকালে সকলেতে এ কথা কহিবে।। হে ঋষি কোপের শান্তি করিয়ে এক্ষণ। শ্রবণ করুন মোরা হই কোন জন।। ঋষাশৃক নামে যেই ঋষিব নন্দন। তিনিই গো হেথাকাৰ হযেন রাজন।। ভাঁহারই অধিবৃত আমা সবে হই। তাঁর কার্যা করি দবে সদাকাল রই।। সে সম্পর্কে আমরাও তব দাস হই। আজ্ঞা কর কিবা ক:ব্যা করিব গোঁদাই।। এইরূপ ভাহা সবে কহিয়া বচন। রহিল বাজোতে রায় হয়ে হর্ষমন।। হেথা বিজ্ঞান ক্ষমি ফল জাহরিয়া। আদিলেন আশ্রমেতে উত্তপ্ত ক্টয়া।। না করি আশ্রম মধ্যে পুত্রকে দর্শন। বাহিরায় অবৈষিতে পুত্রেন কারণ।। খুঁজিলেন কত বন করি প্রাণপণ। কিছুতে না হ'ল যবে পুত্র দরশন।। তথন ভাঁহার অঙ্গ ক্রোধেতে পরিল। সমস্ত শরীরে লোম শিহরি উঠিল।। তথনি করেন তিনি মনে অনুমান। की गल हतिन नृत चामात महान।। অক্লেশ-অধিপতি লোমপাদ বায়। সেই কৈল এই কাৰ্য্য জ্ঞানেতে বুঝায়।। দেখিব দেখিব সেই রাজারে এখন। কবিব ভাঁহার ঝন্ধ্য এথনি ধ্বংসন।। এত কহি মুনিবর ক্রোধেতে পুরিয়া। ्लाभणाम वाकामुत्य ठलिल धाइमा ॥

পথিমধ্যে শ্রান্তি স্থার ক্ষুধার কারণ। সেই লোমপাদ-ক্সিত ছিল যত অন। তাদের নিকটে ঋষি হ'ল উপনীত। হেরিয়া তাঁহাকে ভারা হয়ে শ্রদান্তি।। অতিশয় করি ভক্তি নানা উপহারে। ভূষিলেক ঋষিবরে ছাতিথি দৎকারে।। ঋষি তথা ভূপতির সদৃশ হইয়া। যাপিল যামিনী সেই আনন্দ মানিয়া॥ অনন্তর মহাঋষি মহাপ্রীতি মানি। জিজ্ঞাসিল তাহাদিগে এই মাত বাণী।। ওহে দব গোপগণ কহ পরিচয়। সভা কবি কহ এই দেশ কার হয়।। তাহাবা বিনয় করি অভীব যতনে। এইমাত্র কহিলেক ঋষির চরণে।। ওহে বিজ্ঞ তপোধন কি কহিব আবার। আপন পুত্রেব এই হয় অধিকার।। ত্ব পুত্র-দাস মোবা হই অনুক্রণ। প্রকৃত বচন এই করুন শ্রবণ।। ঘোষগণ-মথে ঋষি কেন কথা ভনি। একেবাবে হইলেন সুশীতল প্রাণী।। তাহার সে উগ্রকোপ সব দূরে গেল। স্ক্ৰোভাবেতে ঋষি প্ৰকৃতিস্থ হ'ল।। আব তিনি তথাকাবে বিলম্ব না কবি। যথালোমপাদর জাচন্দা সে নগরী।। ক্ষণেক মধ্যেতে তথা করিয়া গমন। অকরাজ সহ কৈল সাক্ষাৎ দর্শন ।। লোমপাদ মহারাজ ঋষিপদ হেরি। একেবারে অকুলেতে লভি যেন.তরী।। বিন্য সৎকাৰ বছ করিয়া চর্ণে। ভূসিলেন ক্ষবিবে পূর্ণানন মনে।। ঋষিবর মহাভুষ্ট হইয়া ভাহাতে। হেবিলেন পুত্রমুথ মহা আনন্দেতে।। দেখেন ভুন্য নিজ নৱনাথ প্রায়। আম বাদ্য ধন প্রাণ লয়ে সমুদায়।। করিছে বিরাজমান বধুর সহিত। বধুব রূপেতে হয় জগৎ মে†হিত।। ভাহা হেরি ভার ক্রোধ সব নিবর্ত্তিল। নূপ প্রতি ভুষ্ট হয়ে পুজেরে কহিল।। থাক পুত্র এই স্থানে কর স্ববস্থান। আমি করিলাম এবে সন্থানে প্রস্থান।। কিছকাল এই স্থানে করি অবস্থান। অবশেষে আশ্রমেতে করিবে পয়াণ।। এত বলি ঋষিবর সঙ্কি মানিয়া। E (लग का शन! चारम श्रुल्टक गरिया।।

অনন্তর ঋষ্যশৃত্ধ ঋষির ন্দন। কিছুকাল রহে স্থথে রাজার ভবন।। অবশেষে পিতৃ-আজ্ঞা করিয়া স্মরণ। পত্নী সহ আশ্রমেতে করেন গমন।। ভদ্ধমতি শাস্তাকন্যা লভি দাধু পতি। সেবিতে লাগিল পদ মহানদ মতি।। রে। হিণী যেমন পতি চল্রকে লভিয়া। সদানন্দে কাল হরে এপদ সেবিয়া।। বশিষ্ঠের পজ়ী যেন অরুদ্ধতী সভী। পতিপদ সেবা করি আনন্দিত মতি।। অগতে।র পজী যেন লোপামূদ্র সভী। পতিপদ দেবা করি সদা স্থিবমতি।। मगरू ही नला जार्गा (गमन श्वकात । পতিপদ এ ভবেতে কবিলেন সার।। ইন্দ্রের মহিয়ী যেন শচীদেবী হন। সেইরেপ ক্ষাশৃক শাভার মিলন।। এতে যুধিষ্ঠিব রায় করুন শ্রবণ। সেই ক্ষাশৃক্ষাশ্রম শোভাব মোহন।। এই মহাত্রদ সীমা প্রদীপ্ত করিছে। মহাতীর্থ এই স্থানে মানস মোহিছে।। এই তীর্গে করি স্নান সর্ব্বপাপ হবি। অন্য অন্য ভীর্থে বায় ভ্রম দূবি ফিরি।। এমন প্রমতীর্থার নাছি হয়। ইহাতে করিলে স্নান সর্কাপাপ ক্ষয়।।

টা (১৪) পু৮৫— এই পরিচেছনের পুরে জামদর্যোব বিবরণ বর্ণিত আছে, কাশীদাসী ভারতে তাহা পরিতাক্ত হইয়াছে। আমেবা সাধারণের অবপ্তির জন্য উহাব অরুবাদ এই খানে অকাশিত করিলামণ কহিল বৈশম্পায়ন মুনি মহাশ্য। শুনহ রাজন কহি ভারত বিষয়।। ভাতৃগণ সহ মিলি রাজা যুধিছির। চলিল মহেক্স গিবি উচ্চ যার শিব।। একরাত্র মাত্র তথা করি অবস্থান। সেথানে আছিল যত ভাপদ প্রধান।। মহর্ষি লোমশ অভি হয়ে শ্রদ্ধাবান।। ष्याचित्र। विभिन्ने इन्छ कमान मन्दर्भ। যুধিষ্ঠির পরিচয় কহিল আপনে।। রাজকাষি মুধিষ্ঠির হয়ে শ্রন্ধানিত। সকলের পাদপদ্ম করিয়া বন্দিত।। অক্তত্ত্রণ নামিত রাম অনুচরে।

শ্বিনয়ে জিজাসিল গোড হস্ত করে।।

বলুন হে মহাধীর হয়ে দয়াবান। ধীমান পরভ্রাম করুণা-নিধান ।। কোন দিনে সেই প্রভূ তাপদ সঙ্গেতে। আসিবেন এই স্থানে সাক্ষাৎ করিতে।। অাথার বাদনা এই ভন মহাশয়। সেই যোগে হেরি আমি তাঁব পদ্বয়।। কহিল অকুভব্রণ শুনহ রাজন। আপনি যে এই খানে কৈলে আগমন।। আপন প্রভাবে কাম হতে মহাশ্য । এভক্ষণ হয়েছেন বিদিত নিশ্চয়।। আপনাতে তাঁর প্রীতি আছে অতিশয়। বোধ কবি এই হেড় ওহে মহাশ্য।। এখনি আদিয়া তিনি আপন ইচ্ছায়। नवभन भिया छ्ट्रे कविटव ट्लामाय ॥ তাপদেবা চতুর্দশী আর অইমীতে। ভাগকে দর্শন করি হর্ষ পান চিতে।। কলাই হইবে সেই চতুৰ্দ্দণী তিথি। (मर्गा पिट्ड प्या गिरवन मत्न इत्व खीडि।। সুধিষ্ঠিৰ কহিলেন কৰিয়া বিনয়। বাম প্রিমপাত্র ভূমি জানি যে নিশ্চয়।। ণ করেণ আপনিও এতে মহাশ্য। ষ্টীত বুতান্ত যত জ্ঞাত সমূদ্য।। ্স কারণ এই কথা জিজ্ঞাসি আপনে। বলুন ছে কুপা কবি আমাব সদনে।। শত স্ব ক্রেণণ জ্বিল ধ্বায়। কিবাপে বা কি কারণে ভাবা সমুদ্য ।। ভগবান রাম-হস্তে হ'ল প্রাজিত। বলুন ভাহার ক্থা হইব বিদিত ।। যুধিষ্ঠিব-মুখে শুনি এ কেন বচন। কহিল অসুত্রণ শুনহ বাদ্দন।। আমি ভৃগুবংশজাত পরশুবামের। ংখ্যাদি পতি আব সে কার্ত্তবীধাের।। আচামা চবিত্র যাহা হয় স্থলিশ্চয়। তাহাই কীর্ত্তন কবি শুন সমুদয়।। কার্ত্তবীয়া ভূপতির বিক্রম অপার। আছিল সহস্ৰবাজ অতি শোভাধার ।। তিনি দভারেয় দভ বর প্রভাবেতে। কাঞ্চন বিমান পরে চড়ি আনন্দেতে।। স্পাগর। এ ধরাকে কৈল কর । ল। ভাহাব রঁথের জ্যোতিঃ পরম উজ্জ্ব।। ্দেই রথে কার্দ্তবীর্ঘ্য করি আবোহণ। वरत्रव व्यञारव (महे महा घरणाधन ॥ **इक्**किंटक (पद यक्क अपि काफि. मटव। পীড়া দিতে লাগিলেক মনের **উৎসবে** :

ভথল মহর্ষি আদি দেবগণ সবে। গীড়ায় পীড়িত হয়ে অতি নিকৎসবে।। धायुत निधनकाती खीमपुष्ट्रात । করিলেন নিবেদন বিনয় বচনে।। रह एति विभवदावी दाय मधावान । ত্রাচরে কার্ছবীর্যা বলে বলবান।। নিজ বীষা প্রকাশিয়া সহব করিয়া। ভালারে সংহার করি ভুষ্ট কর হিয়া।। কি আৰু কহিব হবি ডোমার সদন। দিব্য বিমানেভে ছষ্ট করি আরোহণ।। সর্গের ভাষিপ সেই দেবেন্দ্রকে বলে। কবিয়াছে পৰাভব ছবি কুতৃহলে।। হেন বাকা নাৰায়ণ কৰিয়া শ্ৰণ। মিলিয়া ইন্দের সহ কবেন মূলণ।। তাহার বিনাশে যাহা সুক্তি হ'ল নাব। হরি ভাহা সাধিবাবে কবি আওদাব।। জাভি হুম্লীয় সেই বদ্বিকাশ্রমে। কবিলেন প্রবেশন তিনি ক্রমে ক্রমে। আছিলেন কানাকুজ দেশে এক বাদ।। ष्मभात विकासभानी छेएन की हिंसका ॥ গাধি মহারাজ বলি ভাহার আগান। সকল বিষ্যে হিনি পূর্ণ-মনস্কাম ॥ ভিনিও হে সেইকালে যুক্তিৰ বাধ। কাননে কৰিল গতি হযে হাইকায়।। কিছ ৫ ছে মহাশয় সেই সে কালেতে। আহিলেন মহারাজ কানন মধোতে।। সেইকালে ভাব এক নৰ্দাঞ্চ স্থানতী। জনম লভিল ক্রা। ধ্রার উপরি ।। বিছু দিন পরে সেই ক্ম্যাব ব্ধন। হেবিয়া ভার্গব ক্ষমি অভিলামী হন।। কন্যা অভিলাধী হয়ে গাবিথাক ছালে। र हिट्लन (सड़े कमा) गथार्थ विशास ।। ত কথা শ্রবণ কবি গাধি নরপতি। কহিলের স্বিন্যে ভার্গবের প্রতি।। राह ल्हालाध्य खन स्थापात वध्य। ও করা। ভোমারে দিতে স্ক্রিণ মন।। কিন্ত ৩তে ঋষিবৰ কলা। সম্প্রাদানে। गर शुक्त शुक्तरात या आह्ह विधान ।। ভারাই শ্রেণ কর কবি বিভাগন। যদি বন্যা লাভে তব একান্তই মন।। काम। (पर यश्म यक कन्। लोन स्थ । फांताच विषय करे काहाय विश्वा অন্তর রক্তবর্থ বহিত। গ্রাম। ছেন বৰ্ণ সমন্বিত মহা বেগবান।।

পাতু কলেবৰ হয় ছোটক হাজার। শুকরপে লই অখু নিয়ম আমার।। তাহাই গ্রহণ করা হয় সর্ককণ। কি করিব এইরূপ বংশের নিয়ম।। কিন্তু আমি সেই ভক্ত আপনার ভান। যাচিঞা করিতে নারি ওছে মতিমান।। অথচ ভোমাকে দিতে সে কন্যা রাজন। অতিশয় হইয়াছে আমার মনন।। কহিল ভার্গব শুন বচন রাজন। আছে যেই পূর্ববাপর প্রথা নিরূপণ।। অবশাই তাহা আমি অর্পণ করিয়া। কভিব নিদিনী তব সম্ভ ইইয়া।। জাপনি আমাকে সেই কন্যা মহাধন। র্বিত করিবা রাজা করহ অর্পণ।। এই কথা কহি তথা ভাগব আপনি। অখের উদেশে গভি করিল ভগনি।। क्रांभारत बङ्गालुरा शास्त्रण क्रिन। বকুণে সাঞ্চাৎ করি কহিতে লাগিল।। শুন এহে জলপতি আমার বচন। মম পরিব্য কথা হ'ল নির্দারণ।। ভাখাতে শুকাৰ্থ যাহা দিতে হবে মোৱে। কহি আমি সেই কথা প্রকাশি তোমাবে।। অভান্তৰ বক্তবৰ্ণ ৰহিৰ্ভাগ শ্যাম। বেন বৰ্ণ সম্ভিত মহা বেগ্ৰান।। পাণ্ড কলেবৰ হয় ছোটক হাজার। ভাষকপে দিতে হবে শুন গুণাধার।। ্ৰাহ। প্ৰদানিতে মোবে হবে মহাশ্য। সেইরূপ অশ্ব মোবে হইয়া সদ্য।। শীল্ল করি আনি দেই থাকিতে না পারি। কবিতে হইবে গতি অতি শীঘ্ৰ কবি।। ভাগবের হেন বাকা শুনিয়া বরুণ। অবিলয়ে হযে তিনি প্রফল্লিত মন।। আনিষা দিলেন অশ্ব সেরপ প্রকার। অশ্ব লভি ঋদিবব হ'ল আগুলার।। ৬তে মহারাজ শুন আমার বচন। ্য্যানে উৎপর হ'ল সেই অধ্গণ।। ুসই নৰ স্থান খাতে অশ্বংীথ বলি। স্বিখ্যাত হ'ল সদা ভন মহাবলী।। ছুৎপবে বিবাহকাল হ'ল উপনীত। প্রস্পার দেবগণ ইইয়া মিলিত।। বৰ্ষালী ৰূপে সৰে হ'ল উপনীত। ্হবি গাধিরাজ মনে হবে শ্রন্ধাধিত।। সকলের করিলেন সন্মান পূজন। পরেতে দেকপ অশ্ব করিয়া গ্রহণ।।

আপনার কন্যা সেই পরমা রূপদী। ভার্গবেবে প্রদানিল হর্ষনীরে ভালি।। কানাকুক্ত দেশে সেই ভাগীবথী ভীরে। কন্যা লয় ঋশিবর হরিষ ভাস্তরে।। করিল প্রস্থান পরে হয়ে আনন্দিত। শুন তদন্তর কথা হয়ে শ্রন্ধানিত।। স্থরপা রমণী লাভ করিয়া ভার্য। প্রণয়ে পরম স্থাথ করেন উৎসব।। সেছে। অনুসারে তিনি যেথানে সেখানে। বিহার করিয়া ভ্রমে আনন্দ বিধানে।। এই অবসব কালে ভৃগু ঋষিবর। তথা আদি উত্তরিল সংগ্র অন্তর।। হেরি বধু দহ প্ত্র-মুখ-স্থাকর। তারিলেন দর্কা তুঃথ হরিষ অন্তর।। ভার্গব সে স্থ্রগণ-বন্দিত ঋষিবে। প্রভাক্ষ দর্শন কবি ভাষে স্থানীরে।। যথাথ বিধানে কবি অচ্চন পূজন। ভাব সলিধানে আসি বসিল চুজন।। ড় ও তাহে মহাহাষ্ট হইয়া আমাপনে। ল্ল যাকে কছেন তিনি এই সংখাধনে।। ্চ বৎদে ভোমার মুখ নিবীক্ষণ কবি। হইয়াছি অতি শ্রীত কহিবাবে নাবি।। এক্ষণেতে বব ভূমি করহ যাচন। প্রদান করিয়া ইই আনন্দিত মন।। পতাবভী মনে মনে আছিল ডঃখিত। পুল্ঞীন মাতা বলি স্বাই তাপিত।। অগ্রেভেই ভাগ তিনি করিল যাচন। হোক জননীর পুত্র করি এ প্রাথন।। ग शैभू (थ (इस वांका) कविशा आवन । ভৃঙ্মুনি হয়ে তাহে আনন্দিত মন।। কহিলেন সভী প্রতি এই সে বচন। শুন সভী এই বব করিত্ব অর্থণ।। ভূমিও তোমার মাতা যেই সে কালেতে। করিবে গো ঋতুস্নান প্রম হর্বেতে।। সেইকালে উভয়ের এই নিরূপণ। পৃথক পৃথক বুক্ষে দিবে আলিখন।। षू मि উ ज्ञात द्वाक पित वा निक्रम। তোমার জননী দিবে অখ্থে তথন।। ष्यात ष्यामि (यह हक श्रामानिया धाहे। ভোমরা গো উভাষেই থাইবেক ভাই।। এ ছাতি হুল্ল ভ বস্তু কি কহিব সভী। বিশ্ব আত্তেশণ করি মনে পেয়ে জীতি।। করিয়াছি এই চরু প্রস্তুত আপনে।

ष्परमा इहेर्द श्रूल हैशत उक्षर्ण ।।

যতনে গ্রহণ কর হয়ে ভাদ্ধাবান। कावश रहेरव हेरथ मञ्जान महान ॥ এত বলি ঋষিবর সে স্থান হইতে। চইলেন অন্তৰ্হিত মন-আনন্দেতে ॥ এগানে ভাগ্রপত্নী আর তার মাভা। যেইকালে হইলেন দোহে ঋতুসাতা।। খনিবর যেই আজন করিল অর্পণ। বিপরীত তুই জরু কবে আচরণ ॥° মালিখন কৈল মাতা বুকেতে কঞাব। ক্র্যা আ**লিঙ্গিবে যাহে না** কবি বিচার। কন্যাও কবিল ভাব বিপ্ৰীভাচার। ভাল মন্দ কিছ তায় না কৈল বিচার 🙃 চকর বিষ্যে সোঁহে তই কাপ করে। ক:রলেক বিপরীত অনীতি আচারে।। বল্দিন এইরাপে গত হলে পব। ভ ও : স পরম ক্ষি ভরানের উপব।। বিপরীত ভাব স্ব ইংগ অবগত। পুনবায় হইলেন তথা সমাগত।। তথায় আদিয়া ভূগু তেনেম্বৰ আকৰ। কবিলেন সভী প্রতি এই সে উত্তর।। ং ভদ্রে উভয়ে আমি সেরূপ প্রকার। কহিয়া গেলাম যত উপদেশ সাব।। করিয়াছ নৈতে ভার বিপ্রীভাচার। ইহাতে হইবে যাহা ফল শুন করে।। ্ভামাৰ গভেঁতে খেই ইইবে নন্দন। क्ष ज द्रिष्ठिषाती हत्त क्षेत्रा जाना।। चन मा**० अ८७ .** यह इहेरन नसना। ক্ষত্ৰ হয়ে হবে তিনি সভাবে ত্ৰাক্ষণ।। সংপ্রেভে স্বাম্ম থাকিবে ভাহাব। মহাতপোধন হবে লাক্ষণ আহার।। এই কথা সভাৰতী কৰিয়া শ্ৰণ। মলোমধ্যে অভিশয় পাইয়া বেদন।। ধ্বিষা শ্বন্থবপদ ক্ষবি কুভাঞ্জলি। किश्लिन व योका इर्धा वााकृली ॥ ্হ ্দৰ কৰুণা করি এ দাদীর 🕿 🕞 । এই জাজা দান দিন মনে করি প্রীতি।। আমাৰ গৰ্ভেতে যেই ২ইবে নন্দন। কদাচ না করে যেন ক্ষত্র-আচরণ।। যাতে শুলক্ষণাক্রান্ত ইইবে নন্দম। ভাহাই করুম দেব ধরি ঐচরণ।। ববংগ পৌত্র মম অই রূপ হয়। ভাহাতে কাতৰ নহে আমার হাদয়।। वन्त वारकारक कृष्ठ हर्य प्रयोगीन । च्यां उतिया देकंग अश्वास अश्वास ।।

তদন্তেতে সভাবতী যথা সময়েতে। প্রস্বিল এক পুত্র শুভ লগনেতে।। মহাতেজবন্ত পুত্র হইল ভাঁহার। জমদরি নাম হ'ল ধরার মাঝার।। জ্মেতে বন্ধীয়ম।ন হট্য। নক্ষ । কবে বেদ অধ্যয়ন প্রভাবে তপন।। অনেক ঋষিকে ক্রমে অতিক্রম কৈল। থিভীয় বেদের কর্ত্তা হইয়া উঠিল।। কুৎস্ল ধনুৰ্বেদ ও চতুৰ্বিধ অন্ত। বিভাকর সম প্রভাযত অল্ল শ্রা। ক্রমে ভাঙা অধায়ন জমন্ত্রি করে। মহাবৃদ্ধি হ'ল বাঘ কি কব ভোমারে॥ শ্বেণ করন এ(ব ইংযে একেমন। ভদন্তর যা হইল কহি সে কাবণ।। ভদত্বে অকুভৱণ সুধিটিব প্রেভিন কহিলেন শুন রায় মনে করি প্রীতি।। মহাতপা জমদগ্রি বেদ কাধ্যয়নে। নিবেশ করিয়া মন ভাতীব ষ্ত্রে।। ভপ অহুটান করি পরম মহান। নিখমের বলে বেদ চাবি প্রভাগান।। বশীভূত করে সব বিজ্ঞ মুনিবব। পূর্ণানন্দে ভাসাইল আপন অন্তব।। প্রদেনত্বিৎ নামে এক আছিল রাজন। গমন কবিল ঋষি ভাঁহাৰ সদন।। বেণুকা নামেতে এক কন্যা তার ছিল। নিজ বিভা হেতু দেই ফ্রাকে যাচিল।। ঋষির বচনে রাষ দ্রুষ্ট ইইয়া। मिल कना। अधिवदत छे०गर्भ कविया।। ভখন সে জমদগ্নি কুতদার হয়ে। আসিলেন স্ব আশ্রমে সেই কন্যা লযে।। সেই পতিপরায়ণা সতীর সহিত। কবিতে লাগিল সাপু ভপ অনুষ্ঠিত।। कान महकारत क्रांध (वश्वा श्वमती। ধরিলেক গর্ভে পুত্র শোভার মাধুবী।। ক্রমে পঞ্চ পুত্র করিল প্রস্ব। নিরখিয়া পুত্রমুখ করেন উৎসব।। কনিষ্ঠ পরশুবাম স্বাকার হন। कि छ छ । मर्ना छ वृत्रित्व द्राक्ष्म ।। একদা কুমারগণ ফল আহরণে।। গ্যন করিলে সবে কাননে কাননে।। মুনির পৃহিণী সেই রেণুকা স্ক্রী। ম্লানের করণে ধনী গৃহ পরিহরি।। যদুচ্ছ। ক্রমেতে পথে করেন ভ্রমণ। शहे मगरगत कथा अनह ताजन ॥

চিত্ররথ নামে এক ভাবনীর পতি। করিছেন জলকেলি রম্বী সংহতি।। রেণুকা ভাঁহার রূপ করি নিরীক্ষণ। একেবারে কামে মোছে হয়ে অচেতন।। ভজ্রপ আচারে ভিনি দ্বিতা হইল। ৰ্যভিচার দোষ তাঁরে আশ্রয় করিল।। যেমন আশ্রমে ভিনি কৈল পদার্পণ। জ্মদগ্নি ঋষি হেরি ভাঁহার বদন।। জানিছে পারিষা তাঁর কুৎসিত বাভার। ধিক দিয়া বারমার করে ভিরন্ধার ।। অনন্তর জমদগ্নি-পুত্র রুমস্থান। বিশাবস্ত স্থেণ, বস্থ গুণবান।। আশ্রমেতে ক্রমে ক্রমে উত্তরিলে সবে। মহামুনি জানদগ্নি অতি নিকুৎসবে।। আদেশ কবিল সেই পুত্রগণ প্রতি। কাটণ জননী-মাথা আমার ভারতী।। এই খাজা বাবস্বার করেন প্রদান। কিন্তু দেই শান্তমতি যতেক সন্তান।। দেই কাশ্য কেহ তারা করিতে নারিল। জননী-মাধাতে দবে স্তম্ভিত হইল।। তাহে ঋষিবৰ হয়ে অতি ক্রোধমন। কহিলেন পুলুগণে ডাকিয়া তথন।। যেন ভোরা পিতৃ আজ্ঞা করিলি অনাথা। তেন অভিশাপ দিব ভুগিবি সর্ববিধা।। এত বলি অভিশাপ কবিল প্রদান। তাহার মুখের বাক্য অব্যর্থ সন্ধান।। ভগনই পুল্রগণ জড়বৎ হ'ল। সংজ্ঞাহীন হয়ে সবে পড়িয়া রহিল।। ইন অবসরে ওছে ওনহ রাজন। স্থ্যতি পরশুরাম করে আগমন।। তিনি আসি যেই কালে দিল দরশন। হেরিয়া ভাষাকে জমদল্লি ভপোধন।। किल পরভরামে ভন মম বাবী। তুমি বে আমার পুত্র সর্বশ্রেষ্ঠ জানি।। তোমার জননী অতি মন্দকারী হয়। এ কারণ বাছাধন ত্যজিয়া রে ভয়।। ওই পাপীয়দী তব গর্জ-ধারিনীকে। ভামুগ্ধচিত্তেতে বধ কর মোর বাকো।। শুনিয়া পিতার বাক্য দে পরশুরাম। পরাইতে জনকের মনের যে কাম।। তথনি পরশু হস্তে করিয়া গ্রহণ। কাটিল জননী-শির না ভাবি বেদন।। জমদগ্রি মহাঋষি হেরি প্রভাক্তে। কহিল পর**ত প্রতি অতি হরবেতে** ॥

ধন্য ধন্য পুত্র তুমি ছে পরভরাম। তোমার কার্ণ্যেতে মম পূর্ণ মনস্কাম।। বড় ভুষ্ট হইলাম তোমার উপরে। বর মাগ দিব আমি যা তব অক্তরে।। শুনিয়া পিতার বাক্য রাম মহাশয়। কহিলেন পিতৃপদে করিয়া ৰিনয়।। यि एत्र ञ्रक्षमञ्ज इहेटल ज्याभारत । তাহা হলে এই বর যাচি বারে বারে।। আমার জননী পুনঃ ধরুন জীবন। জ্ঞাব আমি করিত্ব যে তাঁহাকে নিধন।। এই কথা তাঁর কভু স্মরণ না হবে। দয়া করি এই বর এ দাদেরে দিবে।। আৰ বর দিবে পিতা হইযা সদয়। মাতৃহত্যা পাপ যেই সংসারে হুর্জয়।। সে পাপ আমাকে কভু স্পর্শিতে না পারে। আর ভা'হুগণ যত শাপ অনুসারে।। হইয়াছে জড়প্রায় বিক্বত আকার। ভাঁহাবা হইবে সবে পূর্কের প্রকার।। ষ্ম র বব দিন পিতা এ দাসেব প্রতি। ধরি আমি দীর্ঘ আয়ু মনে পাই প্রীভি।। আর যে কবিব আমি সংগ্রাম ছর্জ্জয। কদাচই নাহি হই তাহে পৰাজয়।। এই দব বর দান করুন যভনে। ববের প্রভাবে আংমি হাই হই মনে।। জমদগ্রি মহাঞ্ধি তেজের আধাব। পুত্রমুথে এ প্রার্থনা শুনি বাববার।। তথনি তথাস্ত বলি হয়ে স্টুমন। করিলেন সেই বৃর তাঁহাকে ত্রপণ।। বরের প্রভাবে তাহা সকলি ঘটিল। যে সব অনিষ্ট ছিল সব থঙাইল।। কি আর কহিব রায় ভোমার সদনে। সকলেই স্থাথে বয় বারের কাবণে।। ভদত্তে শুন রায় হযে একমন। একদিন সেই জমদগ্নি-পুত্রগণ।। পূর্ব্ববৎ স্ব আশ্রম করি পরিহার। नकरल व्याद्य किल कार्य भागात ।। এই অবসরে আসি কার্ত্তবীর্য্য রায়। অ।শ্রমে প্রবেশ কৈল ছয়ে স্তুকায় ।। ঋষিপত্নী হেরি তাঁকে পরম যভনে। করিল সৎকার বহু না ষায় বর্ণনে।। ভাহাতেও তাঁর মনে প্রীতি না হইল। খোমধের বৎস ছুষ্ট হরণ করিল।। হোমধেরু বৎস ছুষ্ট করিয়া হরণ।

বীরত প্রভাবে করি তর্জন গর্জন।।

সাশ্রম পার্খেতে যত ছিল বুক্ষচয়। শকলই করিলেন বলে অপচয়।। তদত্তে বৎসকে লয়ে আপনার বাদে। গমন করিল রায় পরম উল্লাসে।। হেন কালে রাম আদি তথা উত্তরিল। রামে হেরি সেই কথা সকল কহিল।। পিতৃমুখে রাম বীর শুনি সেই কথা। অন্তবে ল।গিল ভার দারুণ যে ব্যথা।। হোমধের প্রতি তবে করে নিরীক্ষণ। বৎস শোকে করিভেছে সদত ক্রন্দন।। নেত্রজ্বলে অবিবত ধরা ভাসি যায়। হেরি হইলেন রাম কোধে পূর্ণকায়।। তথনি সে কোধোনুথ অবজুনের প্রতি। হইলেন ধাবমান বিক্রমেতে অতি।। মহা শ্রাসন কবে করিয়। ধারণ। প্রবেশিল রণভূমে বিক্রমে ভীষণ।। ক্রমে রাম মহামন্ত্র প্রভাব কারণে। সহস্ৰ সংখ্যক বাছৰুক্ত দে রাজনে।। নিভূজি করিয়া কৈল ভাষার সংহার। ব্যের ভুবনে বাজা কৈল অগ্রসার।। রাজার নিধন হেবি রাজপুল্গণ। মনেতে লভিয়া ভারা দারুণ বেদন।। একদিন বামশ্ন্য হেরিয়া আশ্রম। প্রবেশিল সকলেই করিয়া বিক্রম।। ভৎপরে দে জমদগ্রি ঋষিকে হেরিয়ে। দারুণ ক্রোধেতে সবে পরিপূর্ণ হযে।। আরম্ভিল ভতুপরে দাকুণ প্রহার। সহিতে না পারি ঋষি দেহে আপনাব।। হারাম হারাম বাক্য কবি উচ্চারণ। তথনই তাজিলেন আপন জীবন।। মুনির নিধন হেরি যত ক্ষতা ছিল। একত হইয়া তাবা সর্বা দৈন্য বল।। তথনই ভথা হতে কবিল প্রস্থান। হেনকালে গৃহে স্থাসি রাম গুণবান।। প্রত্যক্ষে পিতার মৃত্যু করি দরশন। ছঃথের সাগরে তিনি হলেন মগন।। নেত্রবারি বিদর্জিয়া কহিল বচন। ছে তাত তোমার কিবা হইল ঘটন।। ক†র্ত্তবীধ্য-পুশ্রগণ অতি ক্ষুদ্রাশয়। মম কুত অপরাধ মানি স্থনিশ্চয।। সেই ক্রোধে আসি সবে কানন মাঝারে। শ্ন্যাশ্রমে একমাত্র হেরি ভাপনারে।। অসংখ্য শাণিত অন্ত্র করিয়া কেপণ। মুগ ল্যায় বধি গেল ভোমাব জীবন।।

আপনি নিরপরাধী ধর্মপথে মতি। আপনাব হ'ল হায় হেন দুরগভি।। ক্থন স্ভব পর ইহা নাহি হয়। হেরি অবাপনার দশা মম সফা নয়।। আপনি তপের ক্লেশে অতি শীর্ণকায। ভাহাতে বাৰ্দ্ধক্য কাল বল না জুযায।। নিতান্ত বিমুখ যুদ্ধে মনেতে মানিষা। ভাইতে শাণিত অসি বলে প্রহারিয়া।। মগ সম তব তাত জীবন নাশিল। অক্ষয় পাতকে সবে মগন হইল।। এ কর্মেতে তাহাদের পৌরুষ কি আছে। কি বলে কহিবে ইহা অপরের কাছে।। বুদ্ধ জরাত্র এক তপস্বী ব্রাহ্মণে। বিনাশিয়া এছ সবে জনশ্ন্য বনে।। ছেনরূপে রাম বীর হয়ে ডঃখমতি। কত পরিতাপ করে হয়ে ছন্নুমতি।। শেষেতে পিতার প্রেতকার্যা যেই সাব। করিলেন স্থাসম্পন্ন ভক্তিতে অপার।। চিতানলে মৃত ঢালি পিতৃ মৃত কায়। কবিলেন শ্রনা কৰি ভশ্ম সমুদায়।। তদত্তে ক্ষতিথকুল নিৰ্মাল কারণ। করিলেন স্থপ্রতিজ্ঞা সারি নারায়ণ।। একাকী বতল অন্ত গ্রহণ করিয়ে। কালন্ত কালের প্রায় মৃত্তিমান হযে।। अत्कवादा मकल्लाव कविन निधन। ভাদের রক্তেতে কৈল ধরাব ভপণ।। তদত্ত আছিল যত সহকাৰীগণ। বলেতে তাদের ঘবে কবি আক্রমণ।। জনে জনে বিনাশিল মনেব স্থাপতে। ্মদিনী ক্ষতিয়রভে লাগিল ভাসিতে।। ংনমতে ভৃগুকুল-তিলক সে রাম। গত সব ক্ষত্র ছিল এই ধরাধান।। ক্রমে ক্রমে একবিংশ বাব বাছবলে। নিঃক্ষতা করিল সব এই ধবাতলে।। সামস্ত পঞ্চক তীর্থ রুধিরাক্ত করি। প্রস্তুত করিয়া পঞ্চ ব্রদ সর্কোপরি।। তথায় করিল পিতলোকের তর্পণ। ভাষে গণ্ডাইল সর্বা মনের বেদন।। ভদত্তে যজ্ঞাদি দব ক্রিয়ার ছারায়। ইন্দ্রের সাধিয়া তুপ্তি আনন্দিত কায়।। সাত্তিক ব্রাক্ষণে দ্ব করিয়া যতন। ভূমি দান করিবারে লাগে অনুক্ষণ।। দশব্যাম আয়তন উচ্চে ন্য থাযে। অর্থমধী দেখী মুর্তি কবিয়া নির্মাণ ।।

ভক্তিভরে কখুপেরে করিয়া অর্পণ। মনে মনে ক্ষিবর আনন্দে মগ্র।। ব্রান্ধবের কশাপের আদেশানুসারে। ওই সর্ণময়ী দেবী বিবিধ প্রকারে।। থও খণ্ড কবি সবে করিল গ্রহণ। ভাহার নিমিত্র এই শুনহ রাজন।। ভাঁদের খাওবারন বলি হৈল থাাভি। শুনহ রাজন তুমি মনে করি প্রীতি।। তদক্তে পরশুবাম কশ্যপ ঋষিরে। সর্বাভূমি লান করি মহাতীর্থ-ভীবে।। শৈলেন মহেন আদি গিবির উপরে। ব্যেছেন বাদ কবি মহা হর্ষভ্রে।। কি আব কভিব বায় তোমার সদন। একপে ক্ষলিয় অবি বাস যশোধন।। এরপে করেন তিনি এ ধরণী জ্ব। কি আৰু কহিব রায় তুমি সদাশ্য ।। অনস্তর (ভজবান সে প্রস্তরাম। সকলেবে কবিবাবে পূর্ণমনস্কাম।। ীৰ দেই পৰ্যক্তিত অঞ্চীকাৰ মতে। জংগি উপস্থিত হ'ল সেই সে প্রকাতে।। তদকে সামল মনে রাম যগোগন। অধিগণ সংকরে মিট আলাপন।। বিশুও সালুজ আর যুধিটির সনে। সাক্ষাণ কবিয়া ভট্ট করিলেন মনে।। সুধিরির নবপতি সহ ভাতৃগণ। कार्स ना कतिया (महे ताम-की हरन ।। ভিজ্ঞিতে যত সব ত্রাক্ষণের গণে। যবিল সংকাৰ স্বথে অতীৰ ষ্তুনে।। ত্রপবেতে রাম ছারা ইইয়া পুজিত। বানের আদেশ লভি.মনে হয়ে প্রীত।। একরাত্র মাত্র বাদ দে পর্বতে করি। দিকিন মুগেতে গেল হয়ে অগ্রসরি।।

টা ( ২৫) পূঁ ৮৭— মূলে এই স্থানে নরকাশ্বর বধ বুলাক্ত বর্ণিত আছে, কিন্তু মহাস্মা
কাশীবাম দাস তাহা পরিত্যাগ করিয়াছেন,
আমবা পাঠকগণের বিদিতার্থ তাহার অহ্বাদ
এই স্থলে প্রকাশিত করিলাম ।—
কহিল লোমশ শ্বরি ধৃষ্ঠির প্রতি।
ক্নহ বাছন এবে আমার ভারতী।।
পঞ্চ ভাতা অবিরত পর্বত কানন।
সবিৎ নগর পূব প্রাম অগণন।।
মনোর্থ তাথ সিব ক্রি প্রাটন।
প্রত্যেশতে কৈল স্ব দৃশ্ন স্প্রান।

এবে সমুখেতে সেই পথ দৃষ্ট হয়। যাইতে মনার গিরি এ পথ নিশ্চয়।। এ কারণ সবে চিন্তা করি পরিহার। সাবধান হয়ে সতে কর আগুসার ।। দেব আর পুণাকর্মা ঋষির ভবনে। যাইতে যাইতে এই দবে জানি মনে।। সত্কিত হও সবে আপনা আপনি। কি আর কহিব ভোমা দবে মহ;জ্ঞানী।। এই যে হেরিছ গঙ্গা তরকশালিনী। বর্দিকাশ্রমে এর উৎপত্তি যে জানি।। ইহার সেবক হন দেব ঋষিগণ। ভক্তিভাবে করে সবে ভন্ধন প্রধন।। বালখিলা মুনিগণ হয়ে ভক্তিমন। সতত করিছে ভারো ইহার অর্চন। গন্ধবের গণ দবে ইহাতে আফিয়া। স্নান দান কবি হন দদা ভুষ্ট হিঘ: ।। মরী 6 পুলহ ভৃগু অঙ্কিরারি কবি। আন্দিত হন হেথা সাম গান কবি।। দেবরাজ দেবগণ সহিত মিলিয়া হেথায় আফিক ক্রিয়া সাধেন আদিব।।। সেইকালে সাধাগণ অধিনীকুমাব। আফুগত্য করি ভারে প্রজে অনিবার !! চন্দ্র হার্মা অপ্নি করি গ্রহ ও নকরে। এই ভীর্থ সেবি সদা হথেন প্রিত্ত।। গঙ্গাধর গঙ্গাধারে ইহারই বারি। আপনাব শিবোদেশে হর্যভ্রে ধরি।। ভাৰৎ সংসাবে শ্বিতি করেন বিধান। বড শুভপ্রদ এই হয় ভীথ স্থান।। তোমরা সকলে মিলি এ তীর্ণে প্রবেশি। ভক্তিভাৱে আনন্দেতে ইইয়া প্ৰামী।। বন্দন কবিষা এস হয়ে তথ্যমন অচিবেতে সর্ব্ব কষ্ট হইবে মে:১ন ।। লোমশ-মুথেতে শুনি এ হেন কচন। ভাতগণ সকলেতে করিয়া গমন ।। আকাশগামিনী গঞা সে মন্দাকিনীরে। ভক্তিতে বন্দন। করি ভাষে স্থলনীবে ।। পুনর্বার গমনেতে করিলেন মতি। তেজবন্ত সকলেই কভু নাহি ভীতি।। এইমতে কিছুদ্র গমন করিয়া। হেরিল নয়নে এক আশ্চর্যা বলিখ।।। মেরুর সদৃশ সেই পাতুবর্ণ কাগ। নিক সব রহিয়াছে ব্যাপিয়া ভাষায়।। তাহা হেরি সকলেতে লোমশেব শক্তি। করিব জিজ্ঞাদা বলি স্থির দৈল মতি।।

হেনকালে তাঁহাদের জানি অভিলায। কহিলা লোমশ ঋষি কবিয়া প্রকাশ।। জিজ্ঞানিবে যাহা বলি করিয়াছ মন। কহি আমি ভার কথা করহ শ্রবণ।। এই যে সকল গিবি তুল্য শোভমান। হেবিভেছ বস্তু রাশি সবে মতিমান।। জন্য কিছুনহে উহা প্লার্থ পবিতা। নবকাস্থবেব অভি রাশীকৃত মান।। অঙ্গাবের সঙ্গে উহা মিলিভ হওয়ায় i হেরিযে হতেছে বোধ গিবি শোভা প্রায়।। ভগবান পুরাতন বিষ্ণু দয়াময়। বাঞ্চিমা ইন্দ্রেব হিত করিতে নির্ভয় ।। বিনাশ কবিল এই অসার-জীবন। মহাবলবান দৈতা বিক্রমে ভীষণ।। দ্বালা অসুর দশ সহস্ত বংসব। কবিল ভূপস্যা ছোর কান্ন ভিতর ।। এমন কি সেই তপঃপ্রভাবের বশে। ইন্দ্রপদ প্রার্থী হয়ে উঠিলেক শেষে।। বাহৰলে সকা দিক কৰিলেক জায়। ে বি ইক্স মনে মনে মানি মহাভ্য।। ্দবদেব শ্রীনাথেবে করিল সরণ। ভজিতে করিল কত পূজন স্থবন।। হবি তাছে তুষ্ট হয়ে মনে অভিশ্ব। হইলেন আবিভূতি কবিতে অভয়।। তাঁহার সে তেজমূর্ত্তি প্রকাশ কাবণ। একেবারে গীনপ্রভ হ'ল হতাখন।। ভাহা খেবি দেব আবি যত ঋষিগণ। কবিতে লাগিল স্ব হয়ে ভীতমন।। उप्रवर्खां भाष्ट्रमुर्ति इहेल (कश्व। কহিতে লাগিল ইন্দ্র নিজ ছংখ সব।। ক্রমে সেই নবকের করি বিবরণ। আপনার মনোতুঃথ করিল জ্ঞাপন।। শুনিয়া ইন্দ্রের বাকা দেব বিশ্বপতি। কহিলেন ইন্দ্র প্রতি এই সে ভারতী।। নবকের ভয়ে ভূমি হইয়াছ ভীত। ভপের প্রভাবে দেই নরক দুর্নীত।। মনে মনে ইন্দ্রপদ করে অভিলায। কিছুতেই না পুরিবে তাহার সে আশ।। তপদাতে ষদিও সে শিদ্ধিলাভ কবে। उथा है बित्रित (महे सम धहे करत ॥ ভোগার প্রীভির জন্য ওচে ইন্দ্রবাজ। লোটাব ভাহার মাথা এই ক্ষিতি মানা।। ক্ষণকাল ধৈৰ্যা ধরি থাক তুমি মনে। অচিবে প্ৰাৰ ৰাঞ্ছ আমি স্বভূনে ॥

এই কথা কহি ইন্দ্রে সাম্বনা করিয়া। বলের প্রধান হরি বল প্রকাশিয়া।। নিজ করে নরকের ছরিল চেতন। অসুর চেত্রহীন হইয়া তথন।। অতীব ভীষণাকার পর্বত সমান। পতিত হইল ভূমে হয়ে গত প্রাণ।। সেই অই নরকের অভি সমুদ্র। পর্বত আকার বেন দৃশামান হয়।। আর কথা কহি ওন হয়ে একমন। ধবা যবে হইলেন পাতালে মগন।। দেইকালে ভগবান ইচ্ছায় আপন। ধরিল বরাহ কায় অভি বিমোহন।। কলমগ্র। ধরনীবে করিল উদ্ধার। দ্বিতীয় এ কর্মাতার জ্বগতের সাব।। এত যদি কহিলেন লোমশ বাকা। শুনি কহিলেন যুধিষ্ঠির যশোধন।। কছ ঋষি বস্থমতী কিদের কাবণ। হয়েছিল জলমগ্ন শুনি সে কথন।। কোন বা প্রকারে হবি তাঁরে উদ্ধারিল। কি প্রকারে স্থিবভাবে সদত রহিল।। কাহার প্রভাবে বল দাত যোজনেতে। হয়েছিল নিমগন শুনি সে কর্ণেতে।। এ সব বুতাভ ঋষি হযে দয়াবান। প্রকাশ করিয়া কহ শুনি লভি জ্ঞান।। লোমশ কহিল ভুন যুধিটির রায়। দ্বিজ্ঞাসিলে যেই কথা কহি তা তোমায।। প্ৰথমতে সভাযুগ হ'ল উপস্থিত। আপ্ৰিই ভগ্ৰান চিন্তি মনে হিত।। যমেব যে কার্য্য ভাষা করিতে লাগিল। ভাষ্কগণ মাত্র সেইকালে জনমিল।। তাদের নাছিল মৃত্যু এই সে কাবণ। যম সনে কথন না ইইত দৰ্শন।। এ কারণ পশু পশী ও পিশিতাশন। মানব সলিল হ'ল ক্রমেতে বর্দন।। বস্থমতী তাহাদের ভারে ক্লান্ত হযে। যোজন শভেক জলে মগা হ'ল গিখে।। ভৎপরে ধবণী করি শ্রীহরি স্মরণ। কহিলেন স্বিন্যে এই সে বচন।। হে হরি প্রসাদে তব আমি চিরকাল ৷ এ ভানে ছিলাম ভিব না ছিল জ্ঞাল 🏗 এবে জীবগণ ভাবে হয়ে ভারাক্রান্ত। কিছতে থাকিতে নারি হতে নারি শাস্ত।। এক্ষণেতে তব পদে মিলাম করে।। महरत करून गम ब छात (माहन।।

নারায়ণ ধরণীর এ বাকা ভনিয়া। করিলেন দৈববাণী ভাঁছার লাগিয়া।। আর চিস্তা নাহি কর তুমি ধরা সভী। অচিবেই তব ভার করিব নিস্কৃতি।। এত কহি পৃথিবীরে বিদায় কবিয়া। একদন্ত রক্ত আঁথি বরাহ হইয়া।। গভীর সাগর মধ্যে করি প্রবেশন। উদ্ধার করিল ধরা বলেতে আপন।। কিন্তু ওহে যে সময়ে দেব নারায়ণ। তল হতে ধর্মীবে কৈল উত্তোলন। সে সময়ে স্থব আদি অন্তরীক্ষগণ। সকলেই মনে অতি লভিল বেদন।। দেব ঋষি তপোধন আবাৰ নরগণ। অভিমাত্র হাদয়েতে ভয়ের কারণ।। সদা হাহাকার রব করি উচ্চারণ। কি হলে। কি হলো বলি করিল রোদন। মনুষ্য কি ছার এতে দেবভার গণ। কম্পান্তিত হ'ল সবে না জানি কারণ।। জনস্তরে দেব আর ঋষিগণ মিলি। যাইৰা ব্ৰহ্মাৰ কাছে কৰি কুভাঞ্জলি।। কছিলেন বিপদের সব বিবরণ। কেন হেন হ'ল বলি করেন চিন্তন।। ব্দা কহিলেন শুন ওছে সুরগণ। অস্তব দৌরাত্মা বলি ভাবি মনে মন।। হইয়াছ এত ভীত তোমরাসকলে। কিন্তু তাহা নহে শুন সবে কুতুহলে।। মহাভারাক্রান্ত হয়ে ধর্ণী মণ্ডল। নামি গেল নিমভাগে শ-থোকন ভল।। স্ক্রাণকারী হরি তাহার কারণ। করিলেন এ ধর্ণী এবে উদ্ধারণ।। তাহাতেই এই ভয় সকলে পাইলে। অন্ত কিছু নহে ইহা মনে যা ভাবিলে।। দেবগণ কহিলেন করিয়া বিনয়। এক নিবেদন দবে করি মহাশ্য।। কোন স্থানে স্থিত হয়ে দেব নারায়ণ। করিছেন এই কার্য্য যতনে সাধন।। (महे जान निर्द्धानिया वर्ष किन मर्व। আমরা গমন করি মনের উৎসবে।। दक्षा कहिएलम हति मग्नात मागत। নক্ষন কামনে এবে আমক্ষ অন্তর ।। করিছেন বিচরণ ভন দেবগণ। ইচ্ছা হয় হের গিয়া ভাঁহার চরণ।। এবে তিনি করি এই ধরা উত্তোলন। কালানল প্রার জ্যোতিঃ করি বিকাশন।। শোভিছেন সর্বাক্ষণ নাদ্দন কাননে।
ববাহ জাকার তাঁর হেরগে নয়নৈ।।
শুনিয়া সকলে হয়ে উল্লাসিত মন।
ব্ৰহ্মা সহ সেই স্থানে করিল গমন।।
তাঁহার মোহন মুর্ত্তি নিরীক্ষণ করি।
আসিলেন নিজ নিজ স্থানে সবে ফিবি
এই কথা ঋষিমুথে কবিষা শ্রবণ।
যুধিষ্ঠির আদি সবে হয়ে হর্ষমন।।
সেই স্থান উদ্দেশেতে মতি কবি স্থিব।
করিল গমন সবে তেজেতে মিহিব।।

টী (১৬) পু৯০—ম্লে এই স্থানে হন্নমান কর্তৃক য্গসংখাা ও যুগবুহাস বর্থন কীর্ত্তিত আছে। কাশীদানী মহাভারতে ইহা পবিহাজ হওখাতে, আমরা এই স্থলে ভাহাব অনুবাদ শকাশ কবিলাম।∽

কহিল বৈশস্পাধন মুনি মহাশয়। শুন জন্মেজয় বায় ভাবত বিষয়।। হন্তমান-মুখে ভীম এতেক ভনিয়া। কহিলেন হন্তপদে প্রণাম করিয়া।। ৬ হে বীব এই ইচ্ছামনে সলাহয। गिन (इ प्यांशिन इस्य अ ७६० मन्य ॥ সাগর লজ্মন কৈলে মেই রূপ ধরি। ধ্বেন হে সেই রূপ মম বরাব্বি।। ্সই রূপ দৃষ্টি করি হই হর্বাভ্র। অন্তরের হুঃখ যত কবি যে অন্তব।। ভীমদেন-বাকো হল কহিলেন বাণী। এবে সেই রূপ ধরা অসাধা হে জানি।। তুগন সময় ছিল অপর প্রকাব। এখন হ্যেছে জান অক্তথা ভাষার।। সত্য ত্ৰেতা ছাপ্রাদি এই তিন কাল। ভিন্ন ভিন্ন ভাব এর জান চিবকাল।। এবে ধ্বংসকারী কাল হযেছে উদয। এখন সে রূপ ধরা মম সাধ্য নয।। ভূমি নদী শৈল সিদ্ধ দেব ঋষিগণ। কালোচিত কর্ম দবে করে সর্বক্ষণ।। এখন প্রভাক্ষ সবে কর নিরীক্ষণ। ক।লবশে সকলেতে গীনের লক্ষণ।। কালের নিয়ম যাহা কে কবে অনাথা। কালের অধীন সবে জানিবে সর্কথা।। ভাহা ভুনি কহিলেন ভীম মহামতি। কহ জ্ঞানবন্ধ হন্তু জামারে সংপ্রতি।। কোন যুগে কোন রূপ ছিল এ ভুবনে। दीयां काहि कथा मद वनून अकरण।।

হহুমান কহিলেন শুন সেই কথা। প্রকাশ করিয়া আমি কহি রথা যথা।। পত্যপুগ যবে ছিল ওছে মতিয়ান। ৰনাতন ধৰ্মে সবে ছিল প্ৰীতিমান।। সেই যুগে পূর্ণ ধর্ম ছিল বর্তমান। না ছিল প্রজার মৃত্যু সবে পুণাবান।। এই যুগ হইয়াও শ্রেষ্ঠ সবাকার। হইয়াছে কাল ক্রমে অসিদ্ধ আকাব।। সেইকালে অ'শীবিষ সপ্গণ আদি। অহিংদক জান সবে ছিল নির্ব্ধি।। সাম ঋক্ যজুরেরদে যাছিল বিধান। সে বিধানে হ'ত সদা কাৰ্য্য সমাধান ।। আছিল সর্যাস ধর্ম স্বার তথ্য। মনোমত ফল পেত করিয়া যতন।। পব রক্ষ যোগীদের ছিল মাত্র গতি। শুক্লবর্ণ নাবায়ণে সদা ছিল 🛍 🖲 ।। সদাচাবী বৈশ্য শুদ্র ক্ষতিয় আকাণ। সকম্মে নিরতপ্রাণ ছিল সর্কাঞ্চণ।। ধানি কপ ক্রিয়া আর বেদান্ত শ্রাব। ছিল উহাদের এক জীবন ক'র।।। কাম ফল লাভ ভারা না কবিভ মনে। চাবি আশ্রমের ফল শভিত যতনে। ব্ৰহ্ম যোগময় ধৰ্ম এই যুগে ছিল। ভাগতেই मंति यन तिन काहे। हेल ।। সংস্থা-কথা এই কবিহ কীউন। দহাযুগে এই স্ব আছিল লক্ষণ।। এক্ষণে শুনহ জেন্থায়ুগ বিবৰণ। শক্ষে শুনাই ভোমা ভূমি যশোধন।। ্তেভাষুগে বিধি ছিল যজ্ঞ জানুঠান। এক পদ ধর্ম খীন সে যুগে ৰামাণ।। পর্ণ ভগবান হবি সেই সে কালেতে। প্রভাষান আছিলেন রক্তিম বর্ণে । একালে মানবগণ ক্রিয়াব অসীন। ধত্মপর'য়র্ণ সবে সভাের অধীন।। এই কালে কৈলে দান ইচ্ছামত ফল। লাভ কবিতেন সবে না হ'ত বিফল।। ধর্মে বিচলিত মন সে কালে না ছিল। নিজ ধর্মে মতি রাখি সকলে কাটাল।। একপে বিভিন্ন শাল্ল কমেতে হইল। ক্রিয়া কল:পেব বুদ্ধি ক্রমে উপঞ্জিল।। তুপঃপ্রায়ণ সব ছিল প্রজাগণ। বজোওণে ক্রমে তাহাকরিল ফরণ ।। বেদপাঠে বছ দিন হযে যায় গভ। তাই তার শাখা বুদ্ধি হইল নিষ্ত ।।

ছিপাদ বিহীন ধর্ম ছাপরেতে হয়। নারারণ পীতবর্ণ ধরে মহাশয়।। সত্ত ভাপরেতে প্রবল না হয়। ভাই সকলেভে কৈল সে ধর্ম আশ্রয়।। কিন্তু সত্ত্তণ খীন হইবার কারণ। ভানেকে সে কালে কামে হ'ল প্রপীড়ন।। কোন কোন মানবেরা তপদ্যা করিয়া। কবিলেন পুৰ্গ লাভ কামনা ভাজিয়া।। কেই বা করিয়া স্বর্গ-বাসের কামনা। করিলেন নানা মত যজের স্থচনা।। হেনরাপ দ্বাপবেতে শুন যশোধন। প্রজাবা অধ্যী হয়ে ভ্যজিল জীবন।। এবে কলিযুগ-কথা ভন একমনে। যথার্থ কীর্ত্তন করি ভোমার সদনে।। এক পদ ধর্ম মাত্র কলিকালে হয়। আর আর দব বলি শুন পরিচয়।। ভমোওণে পূর্ণ কলি জান সর্কাকণ। কালিম বরণ হৃষীকেশ ইথে হন।। ধর্ম যজ্ঞ ক্রিয়া কাণ্ড (বদের জাচাৰ। সকল বিলুপ্ত কলিকালে এবাকাব।। যথাকালে বৃষ্টি নাহি বৰ্ষয়ে মেছেতে। শস্য উৎপাদন নাহি হয় ভাল মতে।। রোগ শোকে সকলেই জরাএন্ত প্রায়। মহা রাগে পূর্ব দেহ তমের প্রভাষ।। মুগে মুগে ধর্ম কর্মে হইয়া বিলীন। भीवशन मकलाई कारलत काधीन।। অল্লকালে সকলেই ভাষয়ে জীবন। ধর্ম প্রতি সবে করে হিংসা আচবণ।। ভীষণ এ কলিষুগ-লক্ষণ বে হয় ৷ ভাচিরেই এই যুগ চলিবে নিশ্চয়।। এই-যুগ অন্নবতী আমিও ষে হই। মোৰ বলিবারে সাধ্য কথনই নাই।। কেন জিজ্ঞাসিলে তুমি এ যুগের কথা। কহিতে এ যুগ-কথা মনে পাই ব্যথা।। कि कविव किछ्छात्रिल कामाद नगम। কহিন্তু এ হেডু সব যুগের কথন।।

টী (১৭) পু৯৪— জটোম্বর বাক্লন্ত্ পরিগ্রহ করিয়া প্রতাহ যুধিষ্ঠিরের নিকট জাগ-মন করতঃ ধর্মকথা শ্রবণ করিত।

টা (১৮) পৃ ৯৮— পৃর্ক্কিলে কোন সময়ে কুশাবতী নগরীতে দেবগণ মিলিত হইয়া এক দভা করেন। কুবের অন্তর্কগণ সহ শৃন্যভরে তথার গমন করিতেছিলেন। দেই সময়ে পধি-মধ্যে কোন স্থানে অগস্ত্য ঋষি স্থায়িছিমুথে

উর্জ হস্তে তপস্যা করিতেছিলেন। কুবেরের অন্কর মণিমান শ্রা ছইতে ঋষির মস্তকে নিষ্ঠীবন পরিত্যাগ করে। তাহাতেই ঋষি জুদ্ধ হইরা কুবেরকে এই শাপ দেন যে. ভোমার এই অন্করগণ মন্থ্যহস্তে বিনষ্ঠ ছইবে, ভাহাতে তুমি যার পর নাই ক্লেশ প্রাপ্ত হইবে। অবশেষে সেই মন্থ্যকে দেখিয়া তোমার শাপ মোচন হইবে।

টী (১৯) পৃ১০৫—এই স্থলে কাশীরাম দাস অজগর পর্কাধ্যায় একেবারে পরিত্যাগ কবিয়াছেন বলিয়া আমরা এই স্থানে উহাব অম্বাদ প্রকাশ করিলাম। ইহাতে অঙ্কগর কর্তৃক ভীমের আক্রমণ, ভীমের সৃষ্ঠিটিরের সাক্ষাৎ, ভীম মোচন প্রভৃতি বিষয় বণিত আছে।—

বলিল বৈশস্পাধন শুন জন্মেজ্য। অতঃপর যা ঘটিল কহি সমুদ্য।। এইরপে পঞ্জাতা করেন গ্রম। এড়াইল ক্রমে গিরি সে গন্ধমাদন।। হেরিলেন সমুখেতে কৈলাস শিথব। তার শোভা থেরি সবে আননদ অক্রে।। চলিলেন গিলিমুখে হয়ে অতি জ্ঞত। এড়াইল কত শত কানন পর্বত।। কৈলাদ পর্বত ক্রমে শশ্চাত করিল। বুষপর্কাপুরে ক্রমে সকলে মিলিল।। রুষপর্বা মুনি দেই রাজ্ধি প্রধান। অতি মনোহর তাঁর আশ্রম মহান।। ংবি পাতুপুত্রগণে সেই ঋষিবর। একেবারে হইলেন সানন্দ অন্তর।। বছমতে সমাদর করিয়া সকলে। রাথিলেন স আশ্রমে মুনি কুভূহলে।। একমাতা রাত্তি ভথা করি অবস্থান। প্রভাতে বিদার লয়ে করিল প্রস্থান।। ক্রমে বদরিকাশ্রমে আদি উপস্থিত। যথা প্রভু নারায়ণ সদা বিরাজিত।। তথায় আছিল এক দিদ্ধ সরোবর। পরশি ভাহার বারি সানন্দ অস্তর।। তথা এক মাস কাল করি অবস্থান। হেরিতে কিরাত রাজ্য করিল প্রস্থান।। ক্রমে উপস্থিত হ'ল কিরাত নগরে। শ্রবণে কিরাত রাজ অতি যত্নভরে।। **अक्ष्यान क्रिलिम महा नमान्त्र।** তাব ব্যবহাবে ভুষ্ট পঞ্চ সহোদর।।

তথা এক রাত্রিয়াত্র করি অবস্থান। পরদিন অন্য স্থানে করিল প্রস্থান।। ভীমপুত্র ঘটোৎকচে ডাকি নিম্ন পাশ। অনুজ্ঞা করিল যেকত আপনার বাদ।। ভৎপরেতে পঞ্চ ভাই হইরা মিলিত। যামুন গিঞির দিকে হইল ধাবিত।। কি কব গিরির শোভা করিয়া বর্ণন। হেরিলে সদত তৃপ্ত হয় প্রাণ মন।। আছয়ে গিরির মাঝে মনোহর স্থান। বিশাথের যূপ বলি নামের বিধান।। নিৰ্জন কানন সেই যান সবে চলি। অগ্রেতে চলেন মাত্র ভীম মহাবলী।। অবিরত মুগহত্যা পরিতোবে প্রাণী। সম্মুথে হেরিল এক ভয়ঙ্কর ফণী।। মহাবলশালী হয় সেই ভুক্তম। কুধাতে আকুল যেন কালাস্তক ষম।। ভীমেরে ছেরিয়া অত্যে সেই বিষধর। ধরিল বলেতে আসি জড়ায়ে সম্বর।। তাহার বিষাক্ত খাদে অঙ্গ হ'ল কালি। মবণ লক্ষণ ভাতে হ'ল মহাবলী।। লাতার এ দশা হেরি বাজা মুধিষ্ঠিব। একেবারে হইলেন শোকেতে অধীর।। ধর্মের নক্ষম রায় দেহে মহাবল। চাডাইল সর্পবন্ধ করিয়া কৌশল।। হেনরূপে ভীমে মুক্ত করিয়া তথন। তথা হ'তে তথনই করিল গমন।। ছাদশ বৎসর ক্রমে কবেন ভ্রমণ। ক্রমে সবস্থী-ভীরে কৈল আগমন।। হেরিয়া দে স্থান-শোভা মানদ মোহিল। সমাধিতে দবে মন তথায় অপিল।। শুনি জন্মেজয় রায় কহিলেন বাণী। কি কথা কহিলে মুনি অসম্ভব মানি।। ভীম সম বলবান নাহিক ভুবনে। সর্পে জড়াইল তাঁকে ভয় বাসি মনে।। কেমনে কিরূপে সর্প তাঁরে অভাইল। কহ ঋষি সেই কথা তুমি অবিকল।। ক্রেন বৈশ্সপায়ন শুনহ রাজন। কহি সেই কথা এবে করিয়া কীর্ত্তন।। যবে বুষপর্কালয় ছাড়ি পঞ্জন। মহাস্থথে প্রবেশিল রম্য হৈতবন।। সেই সে বনের শোভা হেরিয়া নয়নে। একেবারে মোহিলেন ভারা জনে জনে।। ভীমদেন সেই বলে লয়ে শুরাদন। হ্মথেতে মৃগয়া করি শ্রংম দক্ষণ।।

वष्तुत भर्षाचेन कति बीत्र (भरव। मुद्र मेन्स गिंड यदि ज्ञास स्नाटन शार्म ।। এই মতে ভীম বীর করেন গমন। অকন্মাৎ সেই দর্প বিক্রমে ভীদণ।। আহিলেক বেড়াইতে গিরির মাথায়। তাহার দেহেতে গিরি সব ঢাকা পাশ।। হরিদ্রা বরণ তহু শোভার মাধুবী। পর্বত সদৃশ দেহ গিলি খায় করী।। গুহার সদৃশ ভার মুখ-জায়তন। শাণিত কুপাণ প্রায় তাহার দশন।। নয়ন যুগল খেন জ্বলন্ত জনল। कालाञ्चक यम (यम धरत महावल ।। ভীমদেনে দেই দর্প করি নিরীকণ। তাঁহার যুগল বাছ করিল বেষ্টন।। বাক্ষণের বরে পর্প অতি বলবান। ছাড়াতে নাবিল ভীম ওঠাগত প্রাণ।। দশ সহস্র নাগের বল ভার কায়। ত্ব বন্দী হয়ে ভীম হ'ল নিরুপায।। এইরপে নাগপাশে বন্দীকৃত হয়ে। চিন্তিত হইল বীর আপন হাদরে।। মনে কৈল দামান্য এ নাগের হাছেতে। হইলাম বন্ধীভূত সন্দেহ মনেতে।। এত চিন্তি ভীমদেন কহিল বচন। কহ নৰ্প হও তুমি কোন মহাজন।। কিব। নাম ধর ভূমি কিদের জন্যেতে। আখারে আবদ্ধ কৈলে আগন বলেতে।। তোমার বিক্রমে আমি হয়েছি বিশ্বষ। সাধাবণ দর্প ভূমি নহ মহাশয়।। অভএব কুপা করি ওহে দর্পরাজ। বল নিজ পরিচয় নাহি অন্য কাঞ্চ।। এত যদি অনুনয় করে ভীম বীর। কহিল সর্পের প্রতি মতি করি স্থির।। দর্প তাহে ভুষ্ট হয়ে ভীমের কথায়। তুই হস্ত ছাড়ি দিয়া তথন হেলায়।। ভীমের দে সর্ব্য অঙ্গ করিয়া বেষ্টন। কহিলেক এই ৰাক্য করি প্রকাশন।। শুন শুন ভীমপেন মম বিবরণ। আমার নিবাস এইথানে সর্বাঞ্চণ।। চলিতে অশক্ত সদাভক্ষণ নামিলে। দৈবের ক্রমেতে ভূমি এখানে আসিলে।। মিলিল ভক্ষণ আৰু বড় ভুট মন। বছদিন উপবাদে জলিছে জীবন।। ্ভামারে ভক্ষিয়া আজি সঙ্গি মানিব। কদাচিৎ ভোষা জামি ছাড়িয়া না দিব।।

কেন বা হেথার মম হ'ল অবস্থান। কেন মম দৰ্পধোনি ভৰ্চাগত প্ৰাণ।। একে একে সব তোমা করি এবে জ্ঞাত। শ্রবণ করহ ভূমি বদিয়া সাক্ষাৎ।। বোধ হয শুনিয়াছ তোমাদের কুলে। আয়ুনামে রাজা এক আছিল ভূতলে।। নহষ নামেতে তার পুত্র যিনি ছিল। সেই সে নছষ আথি সর্পথোনি ত'ল ।। ব্রাহ্মণের অপমান পূর্বেক করিলাম। ছাগস্থোর শাপে ভাই দর্প ₹ইলাম ।। হায় হায় কি কহিব মনের বেদন। অবধা দাবাদে আজি করিব ভক্কণ।। ভক্ষণে এরূপ আজ্ঞা আছেয়ে আমাব : গজ কি মহিব কোন জন্ত স্পাচাব।। দিবসের যষ্ঠ ভাগে ষেবা দেখা দিবে। ্সই সে ভক্ষণ মম সমত হইবে।। দৈবগোগে আজি ভুমি আদিয়া মিলিলে। প্ৰাতে নাৰিবে তুমি বল প্ৰকাশিলে । বাপাণ-প্রদত্ত বর ক্ষুদ্র ইহা নয়। ভব যত বলবার্য্য ইথে ক্ষয হয়।। ্হন শাপ যবে মুনি দিল মম প্রতি। শুনোপরি ইন্দ্রাসনে ছিল মম স্থিতি।। শাপমাত্রে ভূলোকেতে ইইল্পতিত। ভাষাতে করি**হু তাকে কত** যে বিনীত ৷ স্তবে ভুষ্ট হবামাত্র করিল উত্তর। কিছু দিন **থাক** গিয়া ধরার উপর।। ভৎপরে হইবে তব শাপের মোচন। ষাংগিতে হেথায় পুনঃ পুর্বের মতন।। তথ্নি হইছ আমি ভূতলে পত্ন। অবার্থ মুনির বাক্য কে করে ল্ডা্ন।। আর আর যা কহিল মুনি মম প্রতি। সকলি হান্ত্রে জাগে না হই বিশ্বতি ।। ভোমাবে প্রকাশ করি কহি সমুদ্র ৷ এই ৰাকা কহিলেন মুনি মহাশয়।। তোমার প্রশ্নের যেই উত্তব করিবে। তার হস্তে তব শাপ বিমুক্ত হইবে।। তথা ছিল আরে আর যত বিপ্রগণ। কহিলেন এই বাক্য আমার কারণ।। মহাবল সব আহ বেবা যথা রয়। তোমার ভক্ষণ তাব। হইবে নিশ্চষ।। ুসই হতে পড়ে জাছি এই নরকেতে। কি জাব কহিব তুংখ স্বীয় বদনেতে দ ্রত যদি কহিলেক ভুঞ্জ আপ্রে। কহিলেন ভীম ভাব তেরি মুগ পানে।।

শুন অজগর দর্শ আমার বচন। ধরায় আসিয়া জন্ম করিলে গ্রহণ।। স্থ তৃঃখ অনিবার ভুগিৰারে হয়। বিধাতার সৃষ্টি এই খণ্ডিবার বয় ॥ জানী জন সুথ-চুঃথে কাতর না হন। দৈবকাণ্য বলি তারা হন জ্ঞীমন।। পুরুষার্গ দেখাইয়া কোন জন বল। দৈবের নির্বান্ধ হতে মুক্তিলাভ কৈল।। দৈবই সবার শ্রেষ্ঠ পুরুষার্থ মিছে। ভ্জবল অর্থবল সব রয় পিছে।। দৈববলে দেখ আমি নিজ ভুজবল। হাবা হযে চিন্তা করি সদা অমঙ্গল।। এবে এক চিন্তা মাত্র মানসে আমার। মম চভুষ্টয় ভাতা গুণের আধার ।। না পেলে আমার দেখা হইবে কাতর। কত যে খুজিবে দবে বন বনান্তর।। প্ৰম ধান্মিক মম জ্ৰাভূ-চভুষ্টয়। বলেতে জিনিতে রাজা কভু মন নয।। কেবল হে আমি করি উৎদাহ প্রদান। সদতই তুষিতাম তাখাদের শাণ।। একমাত্র ধনপ্তার তাদের মধ্যেতে। বুঝাতে সাহস দিতে আছে একণেতে।। সর্বশাস্ত জ্ঞাত মম কনিষ্ঠ জর্জুন। দেবগণে অভিশয শ্রদায় নিপুণ।। তার কাছে যক্ষ কিন্তা গন্ধর্ব কিন্তর। দেব আদি করি নর আর নিশাচর ।। সকলেই পরাভূত মানে সর্কক্ষণ। বড়ই গুণের ভাই আমার অর্জুন।। কি সামান্ত তর্য্যোধন হীনেতে গণনা। । তার সনে রণ হলে ইক্রের ঘটনা।। তিনিও মনেতে ভয় পান দক্ষিণ। অর্জনেব শবে হন কাতর জীবন।। আব কথা ভন ওহে মহা ৰিষধর। যাদের জাহেতে সদা কাতর ভাতর ।। সন্তান-বৎদলা কুন্তী জননী আমাব। নিত্য এই আশীকাদ বদনে ভাঁখার।। দকলের শ্রেষ্ঠ দেহ সম পুত্রগণ। রাজ্য লভি স্থথে প্রজা করুক পালন।। । আমার হইলে মৃত্যু তাঁর মনোরথ। কখন না হবে পূর্ণ বিফল ভাবৎ।। मश्लिव कांव मम कार्क नक्ल। না হেরিলে জানা ভারা সদত বাাকুল।। মম মৃত্যু যদি হর এই স্থবস্থায়। मन्ड कान्स्टिन ভाता केंत्रि श्रम श्रम ।।

এরপ বিশাপ ভীম করেন কাননে। ভনিতেছে দর্পবর আপনার কাণে।। এদিকেতে যুধিষ্টির ধর্মারাজস্থত। নানা কুলক্ষণ হেরি মহা তু:থযুত।। আশ্রমের ডানি দিকে ডাকে শিবাগণ। সদত করণেরব বড অলকাণ।। এককর্ণা একনেত্রা একই চরণ। কুষ্ণবর্ণ। এক নারী মলিন বসন।। স্থাপানে নির্থিয়া রক্ত বমি করে। দেখিলে ভাহার রূপ পরাণ শিহরে।। আর ভাঁব বাম চক্ষু বাম বাছ আদি। সদত স্পানান হয় হেরি নিরবিধি।। নিতান্ত চুঃথের চিহ্ন ভাবিয়া অন্তরে। কহিলেন দ্রোপদীকে পরম সাদরে।। শুন সভী গুণবভী আমার বচন। কোথা গেল ভীমবীর কহ হে এখন।। দৌপদী কহিল নাথ কি বলিতে পারি। বজকণ ভামদেনে নয়নে না হেরি॥ প্রাণেতে অস্থির হয়ে যুধিষ্ঠির রাষ। দ্রেপিদী রক্ষণে রাখি অর্জ্জনে তথায়।। নকুল ও সহদেবে ড।কি সেইক্ষণে। রক্ষণের ভার দিয়া যতেক ব্রাহ্মণে। নিজে ধৌম্য পুরোহিতে সঙ্গেতে করিয়া। অবেষিতে চলিলেন ভীমের লাগিয়া।। কাননে কাননে সদা কবেন ভ্ৰমণ। ্কান খানে ভীমপদ কবেন দৰ্শন।। কোন গানে নিরখেন মদমত হাতী। ভীমের হস্তেতে পড়ি হয়ে আছে কাতি।। এই সব চিহা ভারা করি নিরীক্ষণ। ভীমের এ পথে গতি চিরি মনে মন।। ্ষই পথে ইইলেন বেগে ধাৰ্মান। সম্মুখেতে হেরিলেন গিরি এক থান।। সেই যে গিরির পর বীর বুকোদর। পড়িয়া রয়েছে আঙ্গে বেড়া সর্পবর।। এড়িতে চভিতে সাধ্য নাহি তাঁর আর । অন্তবে হয় যেন মৃত্যুর আকার :। হেনরপ ভীমদেনে হেরি ধর্ম রায়। **बिक्छानिन जी**मवीदा याहेश ज्थाश ॥ কহ ওহে ভীমবীর তুলিয়া বদন। কিরূপে ভুজ্জে কৈল ভোমারে বেষ্টন।। ব্যব্দের আগমন হেরি ভীমবীর। কহিলেন এই বাক্য হইয়া অধীর।। কি আর কহিব রায় ভব্ ঐচরণে। এই যে বেষ্টিত অহি ভৰ্মণ কারণে ।।

শামান্য এ অহি নয় জান মহাশয়। আমাদের পূর্বে বংশে এর জন্ম হয়।। নত্ৰ ইহার নাম আয়ুব নক্র। যাঁর কীর্ত্তি ত্রিলেশকেতে ব্যক্ত দর্বকাণ। ব্রহ্মশাপে এই দশা হযেছে ইহার। সকলি অদৃষ্টলিপি নছে গণ্ডিবার।। শ্রবণেতে যুধিষ্ঠির হয়ে তুঃখী মন। কহিলেন সর্পবিংর এই সে কথন।। ছাড় ৫হে সপরাজ আমাব ভারায়। আর দ্রব্য দিব আমি নাশিতে ক্ষুধায় ।। ক্ষুধায় আকুল মম ভ্রাতা ভীমবীর। হেরিয়া ভ্রাতার কষ্ট হয়েছি অধীর।। কহিলেন সপ্বর শুন মম তাত। আমার আহার ভীম মুখেতে সাক্ষাৎ ।। কেমনে ছাডিতে পাবি কহু দেখি তাই। এতে বাধা দিও নাকো তোমারে জানাই।। সম্বরি ভ্রাতার শোক ভূমি কর গতি। এথানে থাকিতে আর নাহি কব মতি।। আমার নিয়ম এই হয় হে রাজন। আদিবে আমাব কাছে যেই কোন জন।। আমার ভক্ষোব ধন হবে সেই জন। ছাডিতে কি পারি আমি থাকিতে জীবন।। শুন মম কথা রায় কব পালায়ন। এখানে থাকিলে হবে বড় কুঘটন।। অন্ত নিশি পোহাইলে কল্য হে প্রভাতে। আপনাকে যেতে হবে আমার পেটেতে।। অন্য আহারেতে ম্ম নাহিক বাস্না। ভীমকে ভুঞ্জিয়া আমি পূরাব কামনা।। অহিবাকা শুনি কন যুধিষ্ঠির রাজ। দেব কি দানব হও তাহে নাহি কাজ।। এবে এই কথা আমি জিজ্ঞাদি ভোমাবে। বল ওহে অহিবাজ সতা বাবহাবে।। কিসের কারণে তুমি ভাতা ভীমসেনে। গ্রাসিতে উচ্চত হলে বলে এনে টেনে।। বল বল এবে বল কবিয়া প্রকাশ। কি দ্রবা থাইতে পেলে হবে পূর্ণ-আশ।। বল বল ফিবা হলে হও ছাষ্টমন। আমাব কনিষ্ঠ ভীমে করিবে যোচন।। অজগুর কহিলেন শুনহ রাজন। তব পূর্ববংশে হয় আমার জনম।। সায়ুবাজ-পুত্র স্থামি নহব নামেতে। কত কৈনু যাগ যজ্ঞ আমি অবনীতে।। ইন্সিয় নিগ্ৰহ করি শুখাইন্থ তন্ত্র। इडेन।म निक्रकाम धरह धर्मक्र ।।

পরাক্রমে লইলাম ভুবন জিনিয়া। खेश्या मामा अर्थ इ'न हिशा।। সেই গর্কে করিলাম দ্বিত্ব অপমান। শিবিকা বছাছ विदश क्षकार्या महान्।। এ হেন আমার কার্বা করিয়া দর্শন। কহিল অগন্ত্য ঋষি না দহি বেদন।। দর্প হয়ে রও ভূমি অরণ্য মধ্যেতে। ভোগ নাশ রূপ নাশ জাপন কার্য্যেতে।। তদন্তে তাঁহার স্তব করিলে বিশেষে। কহিলেন এই বাক্য তিনি অবশেষে।। হয়ে তুমি অজগর কাননে থাকিবে। मित्रमत रहें जारण त्य व्यानी (मिथिर ।। ভোমার ভক্ষণ দেই জানিবে নিশ্চয়। থাইবে স্থেতে ভারে ছইরা নির্ভর ।। এবে আমি তবামুকে পাইয়াছি ভাই। না করি বিলম্ব আমি এই দেখ থাই।। আর ভূমি কেন হেথা করিতেছ শ্বিতি। যেখানে সেখানে যাও যথা পাও প্রীতি।। তবে যদি প্রশ্নোত্তর করিবারে পার। তা হলে তোমার ভ্রাতা এতে পার পার।। যুধিষ্ঠির কহিলেন ওকে বিষধর। যথা ইচ্ছা প্রশ্ন তুমি কর মমোপর।। এ হেন বিখাদ যদি তব মনে হয়। মম বাকো তব প্রীতি হইবে নিশ্চয়।। তবে তুমি প্রশ্ন কর আমার উপর। অবশ্য উত্তর দিয়া তৃষিব অস্তর ।। কিন্তু এক প্রশ্ন মাত্র করি হে তোমারে। মান কি না মান ভূমি বেল্য পুরুষেরে।। বিষধর কহিলেন ভূমি বুধিষ্ঠির। তব বাক্যে অবশ্যই হবে মতি স্থির।। কর হে আমার এই প্রশ্নের নিশ্চয়। ব্রাহ্মণ ক্যহার নাম বেদ্য কেবা হয়।। যুধিষ্ঠির কহিলেন ওন বিষধর। বাক্ষণ বলিয়া যারা পূজ্য নিরন্তর ।। তাদের লক্ষণ কিছু করিব বর্ণন। শুন বিষধর ভূমি হয়ে একমন।। অনুশংস্য সভ্য তপ ক্ষমা আরু দান। জপাদি বিষয়ে যিনি দদা বর্তমান।। সেই সে ত্রাহ্মণ পুজা অগত মাঝারে। লচেৎ প্ৰর সম শাস্ত্রের বিচারে।। ত্ত্থ তৃ: গ বার কাছে নাহি পার স্থান। योत पत्रमात्म (माक मन् इत्र कान ।। সেই জন বজা বেহা জানিবে নিশ্চয। 🥦 ৰথাৰ্য বচন এই না রাথ সংশ্ব ।।

এই ত করি<del>য় তব প্রশের উত্তর।</del> আর কিবা ইচ্ছা ভাষা কর বিষধর।। শুনি ভবে দর্পবর কছে এই বাণী। শুনিম বাক্ষণ-কথা অপূর্ক কাহিনী।। সতা দান ক্মাশীল অহিংসক জন। ভাঁহারেই কহিলেন স্বরূপ ব্রাহ্মণ।। শুদ্র যদি এই গুণে গুণবান হন। তা বলে কি তাঁরে বলা উচিত ব্রাহ্মণ।। তব কথা-ভাব যাহা না পারি বৃঝিতে। যথা মর্মা খুলি বল বুঝিছে ছরিছে।। আর কৈলে দক্তিঃখহন্তা যেই জন। তাহাতেই পূর্ণ দৃশ্য বেজের লক্ষণ।। বিশ্বাদেব যোগ্য কথা ইহা নাছি হয়। স্থুথ ছুঃখ ছাড়া প্রাণী আছমে কোথায়।। যুধিষ্ঠিব কহিলেন যুক্তি এর আছে। ব্রাক্ষণের চিহ্ন বহু শুদ্রে দেখা গেছে।। শুদ্রচিহ্ন দ্বিজমাঝে বহু দেখা যায়। অতএব বংশভেদে প্রভেদ না হয়।। বৈণিক লক্ষণ সদা বিরাজে যাহায। ব্রাহ্মণ বলিয়া সেই সম্মাননা পায়।। বৈদিক लक्ष्म यिम कञ्च नाहि तथ। শুদ্র বলি ভাবে ভবে হ্রানিবে নিশ্চয়।। আপনার আর কথা আছে বিজ্ঞাসিতে। স্থ্য তঃথ-হীন কারে কে পায় দেখিতে।। যথার্থ এ প্রশ্ন তব বলি যুক্তিসার। অনিত্য বস্তুই সূথ ছঃথের আধার ॥ কিন্তু আমি নিতা ঘলি যেই জনে জানি। পরম পুরুষ স্থ-ছঃখ-ছীন ভিনি।। অতএব দেই জনে বেদ্য বলি মানি। তোমার কি মত দর্প বল ভাহা শুনি।। সর্প কহিলেন শুন পাণ্ডুর নন্দন। যা কহিলে এতে সন্দ না হয় খণ্ডন।। বৈদিক ব্যাভার যদি ব্রাহ্মণত দেয়। তবে তাহা যত দিন শিকা নাহি হয়।। তাবৎ কি জাভি বলি ভেদ রবে নাই। ইহার তদন্ত ভূমি বল মম ঠাই।। দর্পার্থ এই কথা শুনি ঘৃষিটির। বুঝান তাঁথারে ভবে মতি করি ভির।। জন্ম মৃত্যু বাক্য জার মৈথুনাদি কর্ম। মনেতে জানিও এই মানবের ধর্ম।। এ হেতু পুক্ষ যত জাতির বিচারে। বিষ্ট হইয়া দদা নারীদক্ষ করে।। ভার গর্ভে যেই পুজ সমৃত্ত হয়। শহর বলিয়া ভার জাতির নির্ণয়।।

এইরপে কঠিন যে জাতিভেদ করা। তবে মাত্র ব্রাহ্মণ বলিয়া খ্যাত ভারা।। ভত্তদশী বলে যারে সে জন ব্রংকাণ। य गिनील धर्मानील इस (यह स्वत ।। বেদের বিহিত কার্য্য ব্রাহ্মণত্ব হেতু। (यहे करत अहे कार्या (महे वास्क्र (मजू।। নাড়ীছেদনের পূর্বের জাতকর্ম হয়। ষ্মাচার্য্য দাবিত্রী সম পিতা মাভা রয় ॥ যত দিন সেই জন বেদ নাহি পড়ে। ভত দিন শৃদ্ৰ মত গণ্য কবি তারে।। সাযস্তুব মন্থ ভার জাতি বিচারেছে। বলেছেন এই কথা লোকেরে বুকাতে।। বৈদিকের বাবহার না থাকিত যদি। জাতির সংশয় তাতে হত নিরবধি।। শুদে ন্যায় গণ্য হ'ত যত ধর্মচয়। ভার মাঝে সঙ্করই হ'ত শোভাষয।। এ হেতু বলেছি পর্বের যুক্তি তার সাব। না হবে ব্ৰাহ্মণ কৈলে কদৰ্য্য আচাব ।। যুধিষ্ঠির-বাকো ভুষ্টি মানি সপ্বর। কহিলেক কিবা কথা করিলে গোচর।। ভাল ভাল করিয়াছ জ্ঞান উপার্জ্জন। ত্ব ভাতা ভীমসেনে করিব বর্জন।। মহাজ্ঞানী সপ্ৰবে যুধিষ্টিৰ জানি। কহিলেন ভাব প্রতি স্বিনয় বাণী।। কছ এতে দর্শবর আমারে সংপ্রতি। তব সম জ্ঞানী আর নাহি দেখি কিংতি।। थल वल किया कार्या काहत्र किला। সকাতি লভিয়া জীব যাবে স্বর্গে চলে ॥ স্পূর্কন নরবর কর অবগতি। ম্ম মতে অহিংসাই শ্রেষ্ঠ-ধর্ম অভি ॥ ভার সহ সভা প্রিয় বাক্য কহে যেই। করয়ে স্থুপাত্তে দান স্বৰ্গ লভে দেই।। যুধিষ্ঠির কহিলেন ওতে সর্পবর। যদি উপদেশ দিলে অতি মহতুর।। ভবে কহ সভা জার দানের মধ্যেতে। কেবা শ্রেষ্ঠ হয় এই মহান্বিশ্বেতে।। সাব কহ অহিংসা ও বিশ্বর যেই হয়। কেবা ছোট বড় এর মধ্যেতে উভয় ।। কহিলেক সর্প শুন ধর্ম মহাশর। দান সতা ভব প্রির অহিংসা এ কর।। কার্যাভেদে এরা দৰে গুরু লঘু হর। কোন কাৰ্য্যে দান দত্য হতে ছোট কর।। কোন বা কাৰ্ষ্যেতে দান<sub>ি</sub>দক্য হতে বড়। এই সব কহিলাম তোমান্ন গোচর ।।

হেনমতে পরস্পর যত স্ব হয়। কার্ষ্যে ছোট বড় হয় জানিবে নিশ্চয়।। বৃধিটির কহিলেন ওছে দর্পবর। দেহ তবে দয়া করি আমারে উত্তব।। দেহশুন্য হয়ে আত্মাবল কেমনেতে। সর্গে যায় কর্মাফল ভথায় ভূঞাতি।। ভপা গিয়া কিবা ভোগ্য হয় বল ভোগ। বুঝাও **স্থ**ভাষা'করি সরল প্রয়োগ।। কহিলেন সর্প শুন রাজা মভিমান। কৰ্মফলে ভিন ভাগে জীব অধিধান।। স্বৰ্ণাভ হার জন্ম মহুংধার কুলে। ভিৰ্য্যপ্ৰোশিতে জন্ম হয় কৰ্মফলে।। নিরালস্য হয়ে যেই অহিংসাদি দানে। কাটায় মানব জন্ম অতি সাবধানে।। সেই জন সর্গ লাভে অধিকারী হয়। এর বিপরীত কর্ম যাহাবা করয়।। মানব কুলেতে জংশা করিয়া এছণ। সদত্ই করে ভারা কদর্য্য করণ।। সে কার্য্যেতি কার্যান তাহারা লভয়। কত কট্ট ভোগ করে উজ্জ নাহি হয়।। পরেতে ভির্মাগ্যোনি হইলে অস্তব। জিমায়ে মানব হয়ে ধরণী উপর।। কিন্তু ইহা কোন স্থানে হেন দেখা গেছে। গো অখাদি জন্তগণে দেবত লভেছে।। এ কারণ শুদ্ধ জীব নিজ কর্মা ফেবে। ভূঞ্য বিবিধ গতি এই ভব দোৱে।। ষাত্তব যাঁরা সদা শীহেরর নাম। একান্ত অন্তরে জ্বপ করে অবিরাম।। ভাঁহার।ই অস্তিমেতে ঐহিরিচরণে। লয প্রাপ্ত হয়ে আর না আদে ভূবনে।। যুধিছির কহিলেন ভহে বিষধর। স্থার কথা কহ ভূমি স্থামার গোচর ।। রূপ রস গন্ধ আর শব্দ যাংগ আছে। কিরূপে গোচর ভাহা হয় আত্মা কাছে।। আবার এই সব ৰল যুগপৎ স্থলে। হয কি ন। হয় জনান ই জিয়ের মূলে।। হেন ভনি সর্পবর কহিলেক বাণী। ভন যুধিছির রায় অপুর্ব কাহিনী।। শরীর করন-যুত আত্মা ধবে হয়। ভখনি বিষয় ভোগে বাসনা কবয়।। জীবাত্মা শরীর মধ্যে কৈলে অবস্থান। শকাদি প্রত্যক্ষ তার হয় দদা জ্ঞান।। বিষয় গ্রহণে সেই কালে করে মন। नक्य इहेरव रियान जिल्ला बारा 🗥

এই হেতৃ কালভেদে কভু গ্রাফ হয়। কখন আকাশে ভাহা হয়ে যায় লয়।। বুদ্ধিও স্বতন্ত্র বড় নহে আসাহতে। কেবল পৃথক্ ফল পৃথক্ বাদেতে।। তুই ভুকু মধ্যে যবে আহা হন ছিত। সেই কালে তাঁকে বৃদ্ধি বলিছে কথিত। যুক্তি আর অন্ভবে যবে বিজ্ঞগণ। বুদ্ধিরে জ্ঞানের সঙ্গে করেন তুলনী।। সেই কালে তাঁথাদের এই লাভ হয়। জীবান্না হইতে বৃদ্ধি বিভিন্ন নিশ্চয়।। স্পৃস্থে খেন কথা শুনি যুধিটির। কহিলেন এই কথা নত করি শির।। মন ও বৃদ্ধির মাঝে তারত্ম্য কবা। না পাই সন্ধান কিছু সদা ভেবে সারা॥ ष्मधाञ्चविदमत এই कार्या विषधत। বল বল নিরূপণ কিবা সে উত্তর ।। বুদ্ধি ও মনের যাহা পাকৃত লক্ষণ। বিলি শাস্ত কর মম বিচলিত মন।। কহিলেন দর্পবর শুনহ রাজন। বলি এর দার যুক্তি যে হয় কথন।। বুদ্ধি হয় অহুগত স্থাশ্রিত সামার। ব্যতিক্রম বিষয়ে যে যোজক ইহার।। এককালে দেহে মন জন্ম নিজে লয়। কিন্তু জেনো বুদ্ধিমাত্র কার্য্যেতে উদয়।। মন হয় গুণময় বুদ্ধি সে নিগুণ। এ হুয়ে কতেক ভেদ নিজেতে বুঝুন।। দর্পমুথে হেন বাক্য শুনি যুধিষ্ঠির। হইয়া বিস্ময়চিত নত করি শির।। কহিলেন তুমি দর্প বিজ্ঞ মহাজন। বেদাদি করেছ তুমি কঠের ভূষণ।। তৰ অবিদিত কিছু নাহি মহাশয়। তবে কেন প্রশ্ন মোরে কর সদাশয়।। তুমি স্বৰ্গপুরে সদা করেছ বদতি। তথাপি কেন হে মোহ আছে তব প্রতি বিষধর কহিলেন যুখিষ্ঠির রায়। সম্পদের কাছে মুগ্ধ প্রাণী সমুদায়।। ब्छानी कि ष्यक्रांनी मत्व मन्भन भाहेता। স্বকভাবিয় কৰ্ম যোহা সৰ যায় ভূলা ॥ ষ্মামিও দেরপ জান ঐশ্বর্যা মদেতে। কর্ত্তব্য ছাড়িয়া মঞ্জি বিষম বিষেতে।। এবে হে এথানে পড়ি চৈতন্য লভিন্ত। বেই দে চেতনা রলে তোমারে বুঝারু ॥ পূর্বেক আমি ষেই কালে ছিন্থ স্বর্গপুরে। বিমানে চড়িয়া দলা বেড়াভাম ঘরে।।

গর্বেতে না করিতাম কাছারে গণন। সবে করিভাম (হয় জ্ঞান সক্ষেণ্।। পেই সব কাৰ্যাফল এবে পাইলাম। ভবে দেখি ধর্ম বিনা সবেভেই বাম।। অতএব শুন ওছে যুধিষ্ঠির রায়। ধর্ম বিনা আর বন্ধু নাহিক কোথায়।। ত্বস্থরে হইতে পার ধর্মমাক্র তরী। করহে ধর্মের সেবা দিবা বিভাবরী।। একদা অগন্তঃ মুনি মম আজ্ঞা দানে। স্থামাকে বহিয়া যান তুলিয়া যে যানে। হেলায় তাঁহার গাত্রে পদ আরোপিন্ন। ভাগতে মুনির ক্রোধে ছলিলেক তন্ত্র। তথনি করেন তিনি এই শাপ দান। হও তুমি দর্পযোনি গিযা ধরাধাম।। ভাষার বাক্যেতে সর্ব্ধ তেজ গেল দ্বে। দপ হযে ভুগ্নি ফল এই মর্ত্তাপুরে।। অকিসাৎ হেন দেশা হইলে ঘটন। বড়ই কাত্র হৈন্তু জীবনে আপন।। তাতীব বিনয়করি মুনির চরণে। মাগিলাম মুক্তি দান সজল নয়নে।। মুনিব কিঞিৎ দয়। হইল তাহাতে। বলিলেন কিছু কাল থাক এরপেতে।। যবে যুধিটির রায় ধর্ম-অধিক।বী। আসিবেন বনবাসে বাদ্ধ্য পবিহরি।। সেই কালে তাঁহা হ'তে শাপান্ত হইয়া আসিবে ত্তিনিব ধামে আনন্দে মোহিয তাহকাবে মত ফল করহ ভুঞান। দর্পষোনি হয়ে রহ মর্ল্ড্যেতে এখন।। হেনরপ ব্রহ্মবল আর তপোবল। প্রতিকো হেরিয়া অংমি সদত বিহলল।। সেই হেতু হেন প্রশ্ন করিত্ব ভোমাধ। যথার্থ উত্তর লভি সানন্দ স্থায়।। হেনমতে নিজ বার্জা নহব রাজন। যুষিষ্ঠিব-কাছে করি সকল কীর্ত্তন।। ত্মাপনার দর্পদেহ করি পরিহার। পর্বদেহ ধরে পরে শোভার আধাব।। সেই দেহ ধরি করি রথে আরোহণ। তথনি চলিয়া গেল অমর ভুবন।। পরে রাজ। যুধিষ্টির ধৌমা বুকোদর। আ শ্রম নিবাসে সবে আসিল সত্র।। দিজগণ সরিধানে ধর্ম মহামতি। কহিলেন ভীম আর দর্পের ভারভী।। ধর্মমুথে সেই কথা তাঁগোরা ভনিয়া। 

টী (২০) পৃ ১০৬—এই স্থলে কাশীরাম দাস বাহল্য ভয়ে করেকটী অধ্যায় একেবারে পরিত্যাগ করিয়াছেন বলিয়া আমরা নিয়ে উহার অন্তবাদ প্রকাশ করিলাম।—

বৈশক্ষায়ন কহিলেন, হে রাজন্! পাওব-গণ গিরিপ্রদেশে পরম স্থাথ বর্ষা ও শরৎকাল স্থ সচ্ছন্দে অভিবাহিত করিলেন। পরে শারদীয়া কার্ত্তিকী পৌর্ণমাদীর স্থ্যময়ী রজনী সমাগত হইলে পাগুবগণ নারায়ণাশ্রম পরিভ্যাগ পূর্বক স্থানান্তর গমনের উত্যোগ করিতে লাগিলেন। তাঁহারা কৃষ্ণপক্ষের প্রারস্ভেই তথা হইতে যাত্রা করত কাম্যকবনে নমুপস্থিত হইলেন।

# কাম্যকবনে পাওবগণের সহিত মাকতেয়ে মুনির মিলন।

পাণ্ডবগণ যৎকালে কামাকবনে অবস্থিতি করেন, তথন একদা ধাবকানাথ বাস্থদেব দত্যভামা সমভিব্যাহাবে তথায় আগমন কবিলে মুধিষ্টিবাদি সকলে তাঁহাকে যথাবিধি অর্চনা পূর্বক আগ্রন্থ ব্যাহিবিগ নিবেদন কবিলেন। অনন্তর প্রীকৃষ্ণ ব্যাহিবির ধর্মশীলতাদি গুণের প্রশংসা করিয়া কৌরবগণের সহিত সমরে প্রাপ্ত হইযা রাজ্যাধিকার কবিতে অন্তরোধ করিলে যুধিষ্ঠির কহিলেন, হে কেশব! ভূমি পাণ্ডবের চিরহিতৈথী, এরূপ উপদেশ প্রদান করা ভোমার পক্ষে বিচিত্ত নহে; কিন্তু অজ্ঞাত বাদ পর্যান্ত প্রতিশ্রুক সময় অভিবাহিত না হইলে আমি রাজ্যালোভের বশবর্তী ইইয়া ধর্মনিবাহিত কার্যেইত কার্যেইত কার্যেইত পারিব না।

এইরূপ কথোপকথ্ন হইতেছে, ইত্যব-সরে বছসহস্রবর্ষ-বয়স্ক মহামুনি মার্কণ্ডেয় তথার সমাগত হইলেন। একিঞ্চ ও পাওবাদি সকলে তাঁহার অর্চ্চনা করিয়া স্থথে সমাসীন হইলে বাস্থদেব মার্কণ্ডেয়কে রাজা, স্ত্রী ও ঋযিগণের সদাচার বাবহার প্রভৃতি পুরাবৃত কীর্ত্তন করিতে অনুরোধ করিলেন। সংসা দেবর্ষি নারদ তথায় সমুপনীত হইলে সকলে যথাবিধি তাঁহার আতিথ্যবিধান করত স্থথে সমুপবিষ্ট হইলেন। তথন মহর্ষি মার্কণ্ডেয় উপাথ্যান কীর্দ্তনের একটা সময় নিরূপিত कतिल्म। श्रेकार मधाङ्गकाल उपाधान এইরপ স্থিরীকৃত হইল। কীৰ্ণ্ডিত হইবে. অনস্তর মহর্ষি পাণ্ডব ও অভাভ দকলের নিকট কিরূপে মহাবোর ত্থ ছংখ

পন্ন হয়, কিরপে প্রলোকে কর্মফল লাভ হইরা থাকে, কিরপে দেহী দেহভ্যাগান্তে পর-লোকে ভভাতভ ফল ভোগ করে, মৃত ব্যক্তির কর্মকলাপ কোথায় থাকে, প্রভৃতি নানাবিষয় বর্ণন করিতে প্রবৃত্ত হইলেন।

মার্কণ্ডেয় যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন, হে মহারাজ! প্রজাপতি শরীরীর শরীর নির্মাল, অভিপবিত্র ও ধর্মজন্ত করিয়া স্ষ্টি করিয়াছিলেন। নকলেই পুণ্যাত্মা ছিলেন, সকলেই দেবগণের সহিত সাক্ষাৎ করিতে পারিতেন। তথন সকলেরই স্পেচ্ছামৃত্যু ছিল। কালকমে তাঁহারা কামকোধানির বশীভৃত হইয়া পাপে নিমগ্ন ইটলেন, স্মৃত্রাং ফলে তির্ঘাগযোনিগত ও নরক্গামী হইয়া শংশারে পুনঃপুনঃ পঢ়ামান হইতে লাগি-লেন। অনেকেই নান্তিক হইষা উঠিলেন। এইরপেই মৃতপ্রাণী ইহকালে স স কর্মানুষাধী গতি লাভ করে। জীব দেহত্যাগ করিবামাত্র অন্য দেহ আশ্রয় কবে, তাহাদিগের পুরুত কর্মাও ছাযার ন্যায় ভাহাদিগের অনুগত হয়। সেই কর্মাই অংথ ছঃথের কারণ। ভয়ানচকু ঋষিগণ পুণাকৰ্মফলে কৰ্মভূমি হইতে স্বৰ্গে গমন করেন। ঐহিক স্থাবিলাসী ধনীগণেব পরকালে স্থাথের আশা নাই, জিটেন্সিয় তাপ-সেরাই সে সুথ অনুভব করেন।

#### বাকাণ-মাহাত্মা কথন।

ধর্মরাজ যুধিষ্ঠির এই সমস্ত শ্রবণ কবিয়া ব্ৰাহ্মণ-মাহাত্ম শ্ৰবণে অভিলাষী হইলে মহৰ্ষি মার্কণ্ডের কহিলেন, ছে রাজন। পূর্বাকালে কোন সম্যে হৈহয়বংশীয় এক যুববাক মুগয়ার্থ বন্মধ্যে প্রবেশ করেন। সেই সময়ে ভারিষ্ট-নেমানামক ঋষির পুত্র কৃষ্ণাঞ্চিনাবৃত হট্যা বনমধ্যে অবস্থিত ছিলেন। যুবরাজ মৃগবে:ধে ভীক্ষণবক্ষেপে তাঁহার প্রাণবধ করিলেন, অব-শেষে স্মীপ্ৰভী ছইয়া মৃত ঋষিবালক দৰ্শন পূর্মক যার পর নাই বিষাদে অভিভূত ইইয়া পড়িলেন এবং তৎক্ষণাৎ রাজধানীতে প্রত্যা-গমন পূৰ্কক নকলকে দেই বিষয় বিজ্ঞাপিত করিলে হৈহয় রাজগণ সমবেত হইয়া মহর্ষি অরিষ্টনেমার আশ্রমে গমন করিলেন। দেখি-লেন, যুবরাজ ঘাঁহাকে নিহত করিয়াছিলেন, তিনি আশ্রমেই স্থেথে সমাসীন রহিয়াছেন। ভগন তাঁহাদেব অভারে বিশায়ের

রহিল না। তাঁহার। আক্ষণের তপোবীধ্য ও থাকুত মাহাত্ম পরিজ্ঞাত হইরা ঋষিচরণে থাণাম পূর্বকি সানক্ষে গৃছে প্রত্যাগত হইলেন। বৈণ্যাজার ক্ষম্মেধ যজ্জে অতিমুনির

ভিক্ষা গ্ৰহণ।

मार्क (७ स कहिलन, (इ ताबन । शूर्वकाल বৈণ্য নামে এক নরপতি অখ্যেধ যজের অমুষ্ঠান করিয়াছিলেন। মহর্ষি অতি অর্থ-প্রাপ্তির অভিলাষে তথায় গমন করিয়া নর-পতিকে সম্বোধন পূর্বক বলিলেন, হে রাজন ! আপনিই বিধাতা, আপনিই ধনা, আপনার ন্যায় ধর্মাত্মা আর বিভীয় নাই। মহর্ষি গৌতম অতির এই বাক্য প্রবণ করিয়া সরোধে কহিলেন, হে অতে ! তুমি নিতান্ত মূর্থ, তুমি কোন বিবেচনায় নুপতিকে বিধাতা বলিয়া बिर्फ्म कतिरल ? नृপতি कनाठ विधाछ। मन्म হইতে পারেন না। উভয়ে এইরূপে তুমুল বাদানুবাদ হইতেছে দেখিয়া যাবভীয় ঋষি তাঁহাদিগের স্মীপবতী ইইলেন। তন্মধ্যে মহর্ষি সনৎকুমার বিবাদের কারণ পরিজ্ঞাত হট্যা কহিলেন, হে ঋষিগণ! যেমন অনল অনিলের সহযোগে সমস্ত বন দগ্ধ করে. সেই-রূপ ব্রাহ্মণ ও ক্ষতিয় পরস্পর একতা হইলে मभूत्य भक्क ध्वःम इयः, शिनि धर्म- छ। पक स প্রজাপালক, ভিনি ইন্দ্র, ভক্র, বিধাতা ও বৃহ-স্পতি সদশ: স্মৃত্রাং নুপতিকে অৰশ্যই বিধাতা বলিয়া নির্দেশ করা যাইতে পারে। সনৎকুমার এইরূপ মীমাংসা করিলে সকলেই মৌনাবলম্বন করিলেন। নরপতি বৈণ্য পরম পরিতৃষ্ট হইয়া অতিকে সহস্র দাসী, দশ কোট স্মবর্ণ ও দশ রক্ষতভার সমর্পণ কবিলেন।

### সরস্থতী-ভার্ক্য-সংবাদ।

মার্কণ্ডেয় কহিলেন, হে রাজন্। পূর্ককালে ভার্জ্য সরস্থতীর নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন যে, হে দেবি! ইহলোকে মহুযোর শ্রেখঃ কি ? কিরপে হুভাশনে আহুতি প্রদান করিতে হয় ? কোন্ সমরে দেবপূজা করিবে ? কি করিলে ধর্মারকা হয় ? জাগুহোত্র কিরপে ? জাপনিই বা কে ? শোক তৃঃথ শৃত্য মোক্ষ কি প্রকাব ? এই সমস্ত বিষয় কীর্ত্তন করিয়া আমাব কোতৃহল পরিতৃপ্ত করুন্। সরস্থতী তার্ক্ষোর প্রাধানুসারে বলিতে আরম্ভ করিলেন।

यिनि उक्तरक खात्नेन, डिनिरे उक्त ।

বৃদ্ধত ব্যক্তি বৃদ্ধলোকে গমন পূৰ্বক স্থা বিহার করেন। গো দানে উৎকৃষ্ট লোক, वनीवर्ष मात्र स्थालाक, वद्यमात्र हस्ताक. তিলধেন্থ দানে বস্থলোক, কন্তাদানে ইন্দ্রোক এবং হিরণাদানে অমরত্ব লাভ হয়। কপিলা-দানে কপিলার অনুগ্রহ লাভ হইয়া থাকে। ধেরদান করিলে ভৎপুত্রপৌত্রাদি সপ্ত পুরুষ উদ্ধার হয়। যথাবিধানে সপ্তবর্ষ অনলে আছতি অংলান করিলে সপ্তপূর্ব ও সপ্ত পর পুরুষ পবিত্র হয়। ১০৩ চি, বেদানভিত্ত ও মুর্থবাজি কদাচ হোম করিবে না। ছতুশেষ-ভোজী, गर्तरौन, आकारान् लाकहे रहामाञ्चीन করিবেন। হে তার্কা। আমাকেই পরাপর বিভারপা দেবী বলিয়া ভানিবে। স্বাধাায়-সম্পন্ন বেদবেদান্তপারদমী মহর্যিরা বীত্রোক ও বিষয়বাসনাহীন হইয়া ত্রত ও পুণাকর্মের অহুষ্ঠান এবং যোগদাধন ছারা যে পুরাতন পুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন, তিনিই পর্মালা। যে অবস্থাতে ভাঁহাকে প্রাথ্য হওয়া যায়. তাহাবই নাম মোকা। সরস্থী তাকোর নিকট এই সমস্ত কীর্ত্তন করিয়া বিরত হইলেন।

### বৈবন্ধভোপাখ্যান।

অনস্তর যুধিষ্ঠির বৈবস্বত মহুর বুতু।স্ত কীর্ত্তনে অনুরোধ করিলে মহর্ষি মার্কণ্ডের কহিলেন, ছে রাজন ! বিবস্তনক্ষম মহা তপাছিলেন। একদা তিনি চীরিণীনদীতীরে তপদ্যা করিতেছেন, ইতাবদরে একটা ক্ষুদ্র মৎস্য ভাঁধার নিকটবভী হইষা কহিল, হে ভগ-বন্! আমি বুহৎ মৎসোর ভয়ে এস্থানে বাস করিতে দক্ষম হইতেছি না, আপনি আমাকে লইয়াকোন স্থানে স্থাপন প্ৰক্ৰিক প্ৰতিপালন করুন। মন্ত্র দয়াপরবশ হইয়া মৎসাটীকে লইয়া অলিজরে স্থাপন করিলেন। মৎসা ক্রমে পরিবর্দ্ধিত হট্যা অলিজবে থাকিতে না পারাতে মহু তাহাকে একটা বাণীমধ্যে নিক্ষেপ করিলেন। কতিপয় দিবদের মধ্যে মৎস্য সে স্থানেও পরিবর্দ্ধিত হইরা উঠিল। তখন মহু ভাহাকে গলায় নিকেপ করিলেন: কিন্তুমৎসা দিন কয়েকের মধ্যে এরপ বুদ্ধি ●াপ্ত হইল যে, গঙ্গাতেও অবস্থান করা কঠিন হইয়া পড়িল। তখন মত্ন ভাহাকে সাগর-গর্ভে নিক্ষেপ ক্রিলে মৎসা মরুকে **সংখাধন করিয়া কহি∖া, ভগবন্!** 

कान नमागल, कित्रकान मध्ये विश्व লয় প্রাপ্ত হইবে। আপনি রক্ত যুক্ত একথানি নৌকা নির্ম্থাণ করাইয়া স্বয়ং সপ্তর্বিগণের সহিত যথোক্ত বীক সকল ভিন্ন ভিন্ন রূপে স্থাপিত করত নৌকায় অবস্থিতি পূর্ব্বক আমার প্রভীকা করুন। আমি শৃঙ্গবিশিষ্ট হইয়া জাবিভূতি হইব। মহর্ষি তথাস্ত খীকার করত মৎসোর উপদেশামুলারে তৎ সমস্তই অনুষ্ঠান করিলেন। মৎস্য নির্দিষ্ট সময়ে শৃক্বান্ হইয়া সমাগত হইলে মহু তাহার শৃঙ্গে নৌকার রজ্জুবন্ধন করিয়া দিলেন। দেখিতে দেখিতে প্রবল সমুখিত হইল, দশদিক বিঘ্ণিত হইতে থাকিল; অচিরকাল মধ্যেই সমস্ত বিশ্ব জল-ময হইয়া গেল। **म** ९ मा নৌকা ধরিয়া বছকাল জ্বলে বিচরণ করিতে লাগিল। জগতে কেবলমাত্র সপ্তর্ষিমণ্ডল. মন্তু মৎসা ইহারা জীবিত রহিলেন। অন-ন্তব মৎস্য নৌকা লইয়া হিমাচলের একটী শুলে বন্ধন করিয়া দিল, এই জনা সেই স্থান নৌবন্ধন শুক বলিয়া প্রদিদ্ধ আছে। পবে মৎস্য ঋষিগণকৈ সম্বোধন কহিল, হে ঋষিগণ ৷ আমি পরাৎপর ব্রহ্ম, মৎসারূপে ভেশ্মাদিগকে রক্ষ্য এক্ণে এই বৈবম্বত মন্তু স্থাবর, জন্ম, দেবা-ত্মর, মানুষ, প্রভৃতি অজাবর্গ ও লোক সকল পৃষ্টি করিবেন। এই বলিয়া মৎদারূপী বন্দা তিরোহিত হইলেন। অনন্তর বৈবন্ধত মহ যথ। নিয়মে সৃষ্টি কবিতে প্রবৃত্ত হইলেন। হে মহারাজ! এই উপথ্যান মাৎসা উপাথ্যান বলিয়া প্রসিদ্ধ। ইহা শ্রবণ করিলে সকল মনোরথ পরিপূর্ণ হইয়া থাকে।

ऋष्टि दर्ग ।

ক হেন বৈশাস্পায়ন শুন জ্মোজ্য।
পরেতে পাওব ভাগো যাহা যাহা হয়।।
মহারাজ ধ্ধিটির ধর্মপরায়ণ।
মার্কও কাবিরে পুন জ্জােসে তথন।।
যদি কাবি মম প্রেভি করি দয়াদান।
আগমন করিলেন এ অধম স্থান।।
আমার সংশয় মাের যা আছে অভ্তবে।
তাহার মােচন দেব করুন সৃত্রে।।
তুমি কাবি বছাদিন এ ভব সংসারে।
করিতেছ অবস্থান একা দি শােকারে।

এ কারণ এই বাঞ্চামম সর্কাশণ। শুনিব অপূর্ব্ব কথা ভোমার দদন।। রাজমুখে হেন বাক্য শুনি ঋষিবর। কহিলেন শুন রায় হয়ে হাটান্তর।। প্রথমে ভোমার পাশে নিজ বিবৰণ। করিব কীর্ত্তন সব ওনহ রাজন।। শাখত অবাষ আর অবাক্ত শ্বরূপ। ভাতি হুল্ম নিগুণাত্মা যিনি গুণরূপ। পুরাণ পুরুষ যিনি ভারে নমন্বার। তাঁর গুণ কহি আমি 🤏ন সারাৎসার।। এই যে হেরিছ সবে আমাদের সহ। বসিয়া আছেন দেব পুরুষ-বিগ্রহ।। ইনি কর্ত্তা ইনি পাতা মহাবংশধর। ইনিই হে সর্বভৃত আগ্রা নিরম্বর।। कार्लित कवरल यदा मव लुश्च इरव। কী গৈদি পতঙ্গ আর কিছু নাহি রবে।। সেইকালে শুদ্ধ যিনি পরমান্তা ধন। তিনিই থাকেন সৃষ্টি সৃজন কারণ।। দৰ্কাগ্ৰেতে সভ্যযুগ আবিভূতি হয়। চতুর হাজার বর্ষ সংখ্যার নিশ্চয় ।। চারি শত বর্ষে ভার সন্ধ্যা এক হয়। সন্ধাংশেরো সেইরূপ অংশের নির্ণয় ।। তিন হাজার বর্ঘ ত্রেভার পরিমাণ। ত্রিশত বৎসরে তার সন্ধ্যার বিধান ।। সন্ধ্যাংশেরো পরিমাণ সেইরূপ হয়। পরেতে ভাপরযুগ হয় মহাশয়।। ভিদহ্র পরিমাণ বৎদর তাহার। ধিশত বৎসর সন্ধা সন্ধাংশ উহাব।। সহস্র বৎসর হয় কলি-পরিমাণ। সন্ধা ও সন্ধাংশ হয শতেক প্রমাণ।। শুন ভূপ যবে শেষ কলি যুগ হবে। তথন আবার সভাযুগ প্রকাশিবে ।। খাদশ হাজাব বধী হয় মুগ চারি। কহিলাম যুগকথা ওহে পাপ অরি।। সহস্র মান্ব যুগ জানহ রাজন। ইথে এক ব্ৰহ্মগুগ আছে নিরূপণ।। এই মতে বিশ্ব মহা ব্রহ্ম নিকেডনে। হইছেছে নিবর্টিভ কাল বিঘ্পনে।। এই বিশ্ব পরিবর্ত্ত সময় যে হয়। প্রেলয় বলিয়া ভারে বুধগণ কয়।। আবার কথা নর্বর কর্ছ ভাবণ। কলিযুগ ভোগ ক্রমে হলে সংপূবণ।। অবশিষ্ট যাহা রবে সামান্তত কাল ! (भारेकारन घिरियक विषय अञ्चान ।।

নর সত্র সেইকালে মিথ্যাবাদী হবে। যজ্ঞ দান ব্ৰক্ত আদি দূরে দিবে দবে।। সেইকালে যত শব ব্রাহ্মণের গণ। শূদু সম করিবেক সবে আচরণ।। ধনার্জন-পরায়ণ শৃদ্রেরা হইবে। আবার তারা ক্ষল্রিয়ের ধর্ম আচবিবে।। যজ্ঞ স্বাধাং যেরে ত্যজি দকল ব্রাহ্মণ। দণ্ড ও অজিন আদি করিবে বর্জন।। পরিহরি তপ জপ সর্বভক্ষ্য হবে ৷ জ্বপে নিবেশিবে মন শৃদ্রগণ সবে।। লোক মর্যাদার এই বিপরীত ভাব। প্রলয়ের পূর্ব্বচিহ্ন হবে অন্নভব।। ষ্মার কথা বলিতেছি শুন একমনে। ঘটীৰেক যাহা সব একাল লক্ষণে।। আভীর পুলিন্দ শৃর বাহলীক যবন। আহি শক থস আর কমেভেয়গণ।। ইত্যাদি বিবিধ শ্লেচ্ছ-নরপতি হবে। পাপে রত হয়ে মিথ্যা শাসিবেক ভবে। দ্বিজগণ স্বধর্মেতে না কাটাবে দিন। ক্ত বৈশা হবে দবে সংশ্বিহীন।। হবে দবে অল্ল আয়ু আরি অল্লবল। জীবন দম্বল বিনা হইবে বিকল।। দেহ হবে থকাকার সভা হবে হীন। ধনলোভী ইইবেক মিথ্যার অধীন।। নগৰ হইবে বন অতি ভয়ঙ্কর। কপটেতে ব্ৰহ্মবাদী হবে সব নর।। 'ভো' বলি করিবে শুদ্র দ্বিজে সম্বোধন শৃদ্রে ভার্গ্য বলি ছিজ কবিবে কীর্দ্তন।। জন্তু সংখ্যা দিনে দিনে অধিক হইবে। গন্ধ দ্বা ক্রমে গন্ধহীন হয়ে রবে।। রদেতে স্থাদ আর না রবে তথন। বছ পুত্রবান দব হবে নরগণ।। ষ্ঠতি কটে দিন সবে করিবে যাপন। সতী ছাড়িবেক পতি স্থাের কারণ।। বিষম শশ্পট হবে পুরুষের গণ। পরিত্যাগ করিবেক পত্নীকে আপন।। গাভীতে সামাসূত্র করিবে প্রদান। বুক্তে ভাল ফুল ফল হবে মভিমান।। মোহ পরভন্ত হয়ে যত দ্বিজ্গণ'। কপট ধর্মের চিহ্ন করিবে ধারণ।। ব্ৰহ্মঘাতী মিথ্যাবাদী যত রাজ্পণ। করিবেক স্থাতিবাদ ধনের কারণ।। দানের গ্রহণে পাপ মনে না ভাবিবে।

**इ. शान-इ**स्छित्र मान श्रद्धन कतिरव ।।

রাজার পীড়নে কর প্রাদান করিবে। করিবেক চৌর্যাবৃত্তি প্রজা এই ভবে।। বাণিজ্য করিয়া দ্বিত্র জীবন যাপিবে। র্থা নথ চুল অলে দদত রাখিবে।। অর্থের লোভেতে যত ব্রাহ্মণমগুলে। রুথা মাংস ভূঞ্জি ভূষ্ট হবে কৃতৃহলে।। ক্রমে ক্রমে সর্ব ধর্ম বিলোপ হইবে। ধরণী অধর্মে সদা পূর্ণিত রহিবে।। অতিথে না দিবে ভিক্ষা গৃহক্ষের গণ। পুণ্য কর্ম্ম কেহ নাহি করিবে কথন।। হীনবল হবে ধর্ম **অ**ধর্ম প্রভাবে। দাতা হবে অর্থহীন কন্তে প্রাণ যাবে।। পাপাত্মা মানবগণ অর্থান হবে। মরিলেও ০থাণী ভারাফিরি নাহি চাবে।। অল্লমাত্র ধনলাভ কৈলে নরগণ। মহা ধনবান বলি করিবে কীর্ভন ॥ গচ্ছিত রাখিলে ধন কাহার নিকটে। ভাণ্ডাইয়া দিবে তারে অমনি কপটে।। কহিবেক কবে ধন আমার সদন। রাথি গিয়াছিলে বলি কহ সক্ষেণ। এত বলি ভার প্রতি করি প্রবেঞ্চন। ফাঁকি দিবে সে কালের যত নরগণ।। সাত আট বর্ষে গর্ভ ধরিবে রমণী। অল্পকালে হবে ভারা শিশুর জননী।। পুরুষের। পুত্রবান ঘাদশ বছরে। নাগীগর্ভে উৎপাদন করিবে শিশুরে। বালকে করিবে দদা বুদ্ধের করম। বৃদ্ধ বালকের ভাবে হইবে মগন।। বহু দিন বৃষ্টি নাহি হবে সেই কালে। আহার অভাবে জীবে গ্রাদিবেক কালে।। হেনমতে জীবসংখ্যা ন্যুনতা হইবে। তৎপরে দ্বাদশ রবি গগনে উদিবে।। উত্তাপে জ্লিধিজল করিবে শোষণ। তৃণ কাষ্ঠ হবে ভস্ম তাহার কারণ।। তদস্তরে সম্বর্তন নামে বহিংরাজ। পবন সহায় করি ধরি ভীমসাজ।। রবি উত্তাপিত ধরা করি আক্রমণ। ভেদ করি করিবেক পাতালে গমন।। তার মৃত্তি হেরি দেব যত রক্ষগণ। একেবারে হইবেক শক্কিভজীবন।। ওহে ভুপ ছেনমতে সেই হুতাশন। ধরা আদি পাতালেরে করিবে দাহন।। यक तक (प्रवाञ्चत शक्तर्यत स्थान। नर विश्व একেবারে হই व দাহন।।

ভৎপরেতে মেঘ দব হস্তীর বরণ। বিছাতের থেকা তার মাঝে অফুক্ষণ।। নভস্তল চারিদিক করি আবরণ। করিবে ভীষণ রবে বারি বরিষণ ।। তার মাঝে ছোর মেখ নীলের বরণ। কেহ বা কুমুদবৎ শোভার মোহন।। নাগকেশ পুষ্পাবর্ণ কোন মেঘ হয়। কেহ বা হরিদ্রাবর্ণ ছাতি শোভাময়।। সেই সব জলধর মালার আকারে। ধরিয়া চপলা সবে হৃদয় মাঝারে।। বরিষণ কবি ভারা আনন্দ গর্ল্জনে। করিবে প্লাবিত ধরা জ্বনল বার্ণে।। ভারাই করিবে অগ্নিভাপ সব দ্র। লভিবে স্থাবর আদি আমাননদ প্রচুর ।। দাদশ বৎসর কেন মতে বুটি হবে। পডিবে মুখলধাবে ক্ষাক্ত না রহিবে।। সেই কালে ভগ হবে সকল পর্বত। যায়তে হইবে তাগ প্রতিঘাত যত।। চতুর্দিক ভমি ভাবা হইবে বিনাশ। সয়স্তু দিবেন দেখা হইয়া উল্লাস ।। আকাশে সঙ্কোচ তিনি করিয়া তথন। উদর পরিবে সেই প্রবল তপন।। হেনমতে বাবণেবে করিয়া বারণ। অনন্ত শ্যায় তিনি করিয়া শ্য়ন।। নিদ্রালাভ করিবেন মনের স্থথেতে। সকলই স্থিরভাব হবে সে কালেতে ॥ ভদন্তব মহীপাল করহ ভাবণ। এমতে প্ৰলয়কাল হইলে ঘটন।। দেবাস্থ্র যক্ষ রক্ষ মাত্র খাপদ। মহীরহে অন্তরীক আর জনপদ।। স্থাবর জঙ্গম আবি দব ধ্বংদ হবে। একমাত্র জলেতেই পূর্ণ দদা রবে।। সেই কালে আমি মাত্ত একাকী ভূপতি। ভূমিশুন্য জলমধ্যে করিব হে স্থিতি।। সকল সংহার হেরি আপেন নয়নে । বিষয়তা পাব আমি ভাহার কারণে।। আশালসা বিহীন হয়ে প্রবমান জলে। দীৰ্ঘকাল রব আমি অতি অবহেলে।। যথন হইবে অতি ক্লান্ত কলেবর। সেইকালে নিহারিব এক তরুবর ।। ভার নাম বটবুক্ষ একার্ণব মাঝে। উন্নত করিয়া শির: সে নীরে বিরাজে।। সেই বটবুক্ষশাথে পর্যন্ত উপরি। দিব্য **আন্তরণ পাতা বুবে শোভা** করি।।

তত্পরে পূর্ণচন্দ্র জিনিয়া আনন। त्रहित्व वानक धक कतिया भयन।। আমামি শে বালকে হেরি আশ্চর্য্য মানিব তাহার লাগিয়া মহা চিস্তায় ডুবিব।। কিরূপেতে এই শিশু আদিল এখানে। ভাবিয়া চিস্তিয়া কিছু নাহি বুকি মনে।। শিশুর স্থরূপ হেরি হেন বাে্ধ হয়। ইহার শরীরে আছে লক্ষীর আশ্রয়,।। মোরে সম্বোধিয়া শিশু এ কথা কহিবে। বিশ্রামে বাসন। তব হইয়াছে এবে।। প্রবেশ করহ ভূমি আমার শরীরে। প্রদন্ন হয়েছি আমি তোমার উপরে।। এত বলি শিশু মুখ করিবে ব্যাদান। প্রবেশিব মুখমধ্যে ওছে মতিমান।। তীহার জঠরে পশি ওছে নরবর। হেরিব জঠর মধ্যে সর্ব্ব চবাচর।। দেব দৈত্য যক্ষ য়ক্ষ পর্গ কির্র। গন্ধর্কা অপের নদ নদী গিরিবর।। গ্ৰহ নক্ষতাদি সব যাহা কিছু হয়। সকলি শিশুর সেই জঠরেতে রয়।। সহস্র সহস্র বর্ষ ছঠরে থাকিয়া। শরীরের অভ নাহি পাইব খুঁজিয়া।। অবশেষে মুখ হতে ভাত্ত আকারে। পুনঃ বহির্গত হব এই ত সংশারে ।। ভথনি হৈরিব সেই বালবেশধারী। বটরকশাথে শোভে আহা মরি মরি।। আমারে সম্বোধি শিশু কহিবে তথন। কেমন আছিলে বল ওহে তপোধন।। তথন আত্মারে আমি বিনির্ম্মুক্ত হেরি। বালকে করিব স্তব চরণেতে ধরি।। ভব গর্ভে চরাচর করিন্থ দর্শন। তব তত্ত্বানিবারে প্রভিলায়ী মন।। জগৎ ভক্ষণ করি ওহে ভগবন। বালক রূপেতে কেন কর বিচরণ।। কেন বা জগৎ আছে তোমার শরীরে। विवित्रिश वन मव कथीन खरनरत ।। আমার বিনয়বাক্য করিয়া শ্রবণ। বালক প্রবোধবাক্যে কহিবে তথন।।

ভগবানের আত্মতত্ত্বর্ণন।
দেব কহিবেন, হে তপোধন! তোমাকে
পিতৃভক্ত ও শরণাগত দেখিয়া তোমার নিকট
আবিভূতি হইলাম। নার শব্দে জ্বল, অয়ন
শব্দে আ্যায়, এই জ্বন্তই আ্যার নাম নামাধণ

আমি কারণ স্বরূপ, অব্যয় পুরুষ; কি विष्णु, कि बन्ता, कि हेनामि (नवडा नकनहे আমি। অগ্নি আমার মুখ, পৃথী পদ, হর্ষ্য-চক্ত নেত্ৰয়, স্বৰ্গ মস্তক, আকাশ ও দিক্ কর্ণছয়; আমার মুখ বিপ্রা, ভুক্ত ক্ষতিয়া, উরু বৈশ্য ও পাদ শৃদ্ৰ । সংযভাত্মা ব্যক্তিগণ আমা-রই উপাদনা করে। নক্ষত্ত দকল আমার লোমকৃপ; , সাগর ও চতুর্দিক আমার বসন ও নিলয়। বেদাধাায়ী সংযতাত্মা ক্রোধজয়ী ব্রান্সণেরাই আমাকে প্রাপ্ত হন। অসুতাত্মা ব্যক্তিরা আমারে লাভ করিতে পারে না। অংগতে অধর্মের আবিভাব হই-লেই আমি আপনাকে সৃষ্টি করি এবং স্বয়ং শুভকর্মার গৃহে জন্ম গ্রহণ পূর্বক রাক্ষসাদি নিহত করি। জামা হইতেই সৃষ্টি ও আমা হইতেই সংহার হয়। স্থামি সত্যে ত্রেভায় পীত, দ্বাপরে রক্ত ও কলিযুগে ক্লফবর্ণ হই। আমার আত্মা দকভিতে অধিষ্টিত। তুমি যাহা কিছু দৃষ্টি কর, সকলই আমার আহা, আমি দক্বিয়াপী। ব্রহ্মা আমার শ্রীরার্ক জানিবে। ভূমি আমার দেহমধ্যে হইয়া সমস্ত লোক দর্শন পূর্বাক কিছু বুবিংতে না পারিয়া বিস্ময়াকুল হওয়াতে তোমাকে মুথ দিয়া নি:দারিত করিলাম এবং ভোমার নিকট আত্মতত্ব প্রকাশ করিলাম। যাবৎ ব্ৰহ্মা জাগরিত না হন, তাবৎ এই ভানে স্থাথে বিচরণ কর। হেরাজন ! এই বলিয়াই প্রমদেব তিরোহিত আমি মুগক্ষয়ে এই আশ্চর্য্য ব্যাপার দেখি-এই <u>এ</u>কু ফাই শেই পরমদেব জানিবে। ইহাকে দর্শন করিয়া যাবতীয় পূর্ববৃত্তান্ত শ্বভিপথে ভোষরা ইহার শরণাপর পাণ্ডবগণ এই সমস্ত কথা 🔊 ক্লফকে নমস্কার করিলেন।

কলিকুভা কথন।

মার্কণ্ডেরে সমোধিরা ধর্ম নরপতি। জিজ্ঞাসা করেন পুনঃ অপূর্ব ভারতী।।
কলির বৃত্তান্ত কহ ওহে মহাশয়।
ভানিবারে কৃত্হলী হয়েছে হাদয়।।
ব্যক্তির-বাক্য ভানি মহাতপোধন।
কহিলেন ভন্সব কবিব বর্ণন।।

সভাযুগে চতুষ্পাদ ধরম আছিল। ত্রেতাযুগে একপাদ কমিয়া যাইল।। ছাপরে দ্বিপাদ ধর্ম কানে সর্বজন। কলিষুগে পাদমাত্র শুনহরাজন।। অংয়ুবার্য বুদ্ধি বল তেজা আমাদি করি। যুগে যুগে হ্রাস হয় দেখহ বিচারি।। কলিযুগে ধর্ম হবে বঞ্চনা-উপায়। পত্য-হানি বল-হানি আয়ু-হানি তায় ।। কলিযুগে অল আয়ু হেতু নরগণ। অশক্ত হইবে বিহ্যা করিতে অর্জ্জন।। লোভ মোহ কাম ক্রোধ সবারে ছেরিবে। পরস্পর বৈরভাব সকলে করিবে।। বিপ্রগণ ক্ষত্রগণ বৈশ্যগণ আর। সকলে করিবে শৃদ্র সম ব্যবহার।। করিবে অস্তাজ জাতি উচ্চ আচরণ। রুমণীর বশ হবে যভ নরগণ।। মৎস্য মাংস অজাতুগ্ধ করিবে আহাব। নাস্তিক ভক্ষর হবে অবনী মাঝার।। বহু শস্য না জ্বাবি ভূমিতে কথন। দৈবকর্মকারী হবে লোভপরায়ণ।। পুত্রধন পিতা লবে ভনয় পিতার। কেহ না করিবে থাতা অব্থাতা বিচার ।। হোম যাগ ধর্মকর্ম সকলে ভাজিবে। মোহবশে বেদ্মিন্দা দর্বথা করিবে।। কুষিক। যোঁত ধেরুগণ করিবে যোজন। পিতৃহত্যা পুত্ৰহত্যা হবে অনুক্ষণ।। মেচছধর্মে পরিপূর্ণ হইবে জগৎ। নিবানন্দে নিরুৎসবে র্ছিবে ভাবৎ ॥ অপহারি লবে সবে বিধবার ধন। অথিব্যয়ে হবে সবে জগতে কুপণ।। কপট আচারী হবে জগত মাঝারে। ष्ट्रेडारव कुमञ्जना मिरव नवाकारत ।। উপেক্ষা করিবে ক্ষত্র লোকের রক্ষণ। পরস্পর পরস্পরে করিবে নিধন।। পর-ধন পর-নারী করিবে হরণ। পথংগ্ৰহা কন্যা হবে মান্ত ভবন।। রাজগণ মৃঢ়বৃদ্ধি হবে নিরন্তর। বঞ্না করিবে সহোদরে সহোদর।। ভীক্ষণ হবে দদা বীর-অভিমানী। বীরগণ ভীত হবে ওহে নুপমণি।। একবর্ণ হবে লোক জগত মাঝারে। পুত্র হযে ক্ষম। নাহি করিবে পিতারে ।। পিতা পুত্রে ক্ষমা নাহি ক্বিবে কখন। নারীজাতি পতিসের। করিবে বর্জন।।

পিতৃশ্ৰান্ধ দৈবকৰ্ম সকলে ত্যজিবে। গুরুজনে অপমান সভত করিবে।। পঞ্চ বৰ্ষে ষষ্ঠ বৰ্ষে হবে গৰ্ভবভী। পরিতৃষ্ট নাহি রবে ভার্য্যা ভর্ত্ত প্রতি।। নিরস্তব ক্ষুধাকুল হবে নরগণ। কুলটা লম্পটে দেশ হইবে পুরণ।। वादमारा श्ववंशना मकत्म कवित्व। পভাবতঃ ক্রকর্মা সকলে হইবে।। শুদ্রের পীড়নে কষ্ট পেযে দ্বিজগণ। হাহাকার করি দদা কবিবে ভ্রমণ।। করভারে প্রশীড়িত হয়ে দ্বিজগণ। শুদেৰে সেবাৰ রত ববে অঞ্জণ।। ধর্ম উপদেশ দিবে হয়ে শৃদ্রজ্ঞাতি। বিপরীত হবে রায় কহিন্থ ভাবতী।। ঋষির আশ্রম চৈতা নাগের ভবন। বিপ্রেব জালয় জার দেবতা ভবন।। এড় কেব চিহ্ন রবে এই দব ছানে। মজপায়ী মাংসভোজী হবে নবগণে। পুষ্পোপরি পুষ্প হবে ফলোপরি ফল। অকালে বর্ধিবে জ্বল বারিদ সকল।। উচিত মর্ঘাদা নাহি রহিবে ভূতলে । গুরু-প্রতিকূল হবে শিষোরা সকলে।। যথন যুগান্তকাল হবে উপস্থিত। তথন হইবে দশ দিক প্ৰজ্ঞলিত।। উদ্ধাপাত কত হবে কে করে গণন। পর্য্যাকুলরূপে বায়ু বহিবে তখন।। নিক্তা মণ্ডল সব প্ৰেভ'হীন হবে। মহাতেকে সপ্তসূর্য্য গগনে উদিবে।। জগতে না হবে আর শদ্যের রোপণ। পহিহত্যা পুত্ৰহত্যা হবে, অনুক্ষণ।। অমাবদ্যা ভিন্ন অন্য যে কোন ভিথিতে। ৰাহগ্ৰস্ত হবে সূৰ্য্য জানিবে জগতে।। পান্থগণে ভিক্ষগণে আশ্র না দিবে। অনাথ হইয়া পথে শ্যান রহিবে।। আব্ম-বন্ধুগণে দবে করিবে বর্জ্জন। করিবে কঠোর শব্দ বায়দাদি গণ।। শোকের ভাবধি নাহি রহিবে সংসারে। হা পুত্ৰ হা ভাত বলি ভ্ৰমিবে সকলে।। এইরপে ছোর কাল হইলে ঘটন। পুন: দিজ আদি করি জন্মিবে তথন।। পুন: দৈব লোকবুদ্দি করিবার ভরে। বাসনা করিবে দেব আপন অন্তরে।। পুন: দভাষুগ সৃষ্টি হইবে তথন। শহক্ল হবে ভবে যভাবাংগৰ।।

নক্ষত কল্যাণকারী তথন হইবে।
উচিত সময়ে কল কল্পে বর্ধিবে।।
বিষ্ণুযশা নামে বিপ্ল কানিবে তথন।
সক্তল আমেতে করা ধরিবে দে কন।।
তাঁহার গৃহেতে করী কন্ম ধরিবে।
ধর্ম বিষয়ী হয়ে সমাট হইবে।।
ঘূগপরিবর্জকারী পুরুষ রভন্ঞ।
নিজ সক্ষে লয়ে হত বাক্ষণের গণ।।
মেচ্ছগণে সমুৎসন্ন করিবে ধরার।
কহিত্র সকল কথা ওহে ধর্ম্বায়।।
ঘূধিটিরের প্রতি মার্কণ্ডের মুনির

্ধিটিরের প্রতি মার্কণ্ডের মুনি উপদেশ প্রদান।

মার্কণ্ডের কহিলেন, হেরাজন্। তদনস্তর ভগবান্কক্ষী চৌর-দস্থাগণকে বিদলিত করত বান্দাণগণকে মেদিনীমণ্ডল সমর্পণ করিয়া ধরা-তলে পরিভ্রমণ করিবেন। পুনরায় ধর্ণতলে বিধাত্বিহিত মর্য্যাদা সংস্থাপিত হইবে। এই রূপে পুনরায় সভ্যযুগের অংবিভাব হ**ইলে** অংধরের নাশ, ধর্মের বৃদ্ধি ও নরগণ ক্রিয়াবান্ হইয়া উঠিবে। দেবমন্দির, ভড়াগ, পুকরিণী প্রভৃতি বিবিধ ধর্মকার্ধ্যের অনুষ্ঠান হইবে, পাষ্ড বিদ্বিত ইইয়া সভ্যপরায়ণ ধার্মিকে পৃথিবী পরিপূর্ণ হইবে। পৃথিবী প্রভুত শদ্য-শালিনী ও বৃদ্ধার্যাদি চতুর্বাণ স্ব স্থাচার-বিহিত ক্রিয়ায় নিরত থাকিবে। হে মহারাজ। এই অংকারে ধর্ম সত্যাদি ভিন্যুগে প্রবল থাকিবে। শেষধূগের বিষয় পূর্বেই কীর্দ্তিত হইয়াছে। আমি দীর্ঘজীবী হইয়া এই প্রকারে সংসংারের গতি অনেকবার নিরীক্ষণ করি-য়!ছি। তোমাদিগের নিকট সকলই বর্ণন করিলাম। (হ মহারাজ। তুমি সতত ধর্মপথে মতি রাখিও, ধর্মাত্মা ব্যক্তিই উভয় লোকে স্থা-দভোগ করে। কণাচ ব্রাহ্মণের অবমাননা করিওনা, বিপ্লকোপে অথিল জগৎ বিনষ্ট হইতে পারে।

যুষিষ্ঠির জিজ্ঞাস। করিলেন, হে ভগবন্।
কিরূপ ব্যবহার করিলে ধর্মারক্ষা হইবে এবং
আমি কিরূপ ধর্মে থাকিয়াই বা অজাশাসন
ক্রিব, ভাহা কীর্ভন করুন্।

মার্কণ্ডের কহিলেন, তেরাজন্। সর্বজ্তে দ্যাশীল, হিতৈবী, লোকরঞ্জন, অন্থাবিহীন, সভ্যবাদী, নিরহকারী, দাস্ত, শাস্ত, দেব-পিতৃ-প্রা-পরায়ণ ও নম হইয়া প্রজাপালন করিবে।
প্রমাদ বশতঃ মৃক্কর্ম অন্তটিত ইইলে দান ধাবা

তাহার প্রতিবিধান করিবে। তুমি সকলই বিদিত আছি, অধিক কি বলিব, বর্ত্তনান ক্লেশে অভিভূত হইও না। তুমি পবিত্র বংশে জন্ম পরিগ্রহ করিয়াছ, আমার উপদেশমতে চলিলে অচিরে কল্যাণ লাভ হইবে।

যুধিটির কহিলেন, ভগবন্! আপনার আজ্ঞা আমাব শিকোধার্য, আমি স্যত্তে আপ-নার উপদেশ্মত কার্যা করিব ' এক্ষণে আপ-নার নিকট প্রার্থনা এই যে, পুন্যায় ব্রাহ্মণ-মাহাত্ম্য সবিস্তার কীর্ত্তন করুন।

মার্কণ্ডেয় কহিলেন. পূর্বকালে ইক্ষাকুবংশে পরীকিৎ নামে প্রবলপরাক্রান্ত ধর্মপরায়ণ এক নরপতি ছিলেন। একদা তিনি মগ্যার্থ বনে প্রবেশ করিলে একটী মুগ তাঁহার নয়নপথে নিপতিত হইল। তিনি অখারোহণে দেই মূগের পশ্চাদ্ধাবিত ইইলেন। তিনি দেখিতে দেখিতে বছদূরপথ অতিক্রম করিলেন, কিন্তু মুগ কোপার পলায়ন করিল স্থির করিতে পারিলেন না। পরিশ্রমে তাঁহার বাহন একান্ত ক্লান্ত হইযা পড়িল, স্বাংও ক্ষধা-তৃষ্ণায় নিতান্ত কাত্র ইই-লেন। অবশেষে একটী মণোহৰ নীলবৰ্ণ কানন দৰ্শনে ভন্মধ্যে প্ৰবিষ্ট হইয়া দেখিলেন. দিবা রমণীয় একটী সংখাবৰ শোভা পাই-ভেছে। নরনাথ পুলকিভচিত্তে অখনহ সেই সুশীতল জলে অবগাহন পূর্বক শ্রান্ডিদূর করিয়া বুক্ষমূলে শয়ন করিলেন। সহসা রমণীব রম-নীয় কঠধ্বনি ভাঁহার শ্রুতিগোচ্ব হইল: মনোহর সঞ্চীত প্রবণে তিনি চমকিত হইয়া ইতস্ততঃ দৃষ্টিপাত করিবামাত্র দেখিলেন, একটী পরমা স্থন্দরী গজেন্দ্রগমনে পুষ্প চয়ন করিছে করিতে সন্ধীত করিতেছে। নরপতি তাহার क्रियाणि पर्यात विभूक्ष इहेश कहिएलन, चुन्न वि ! ভূমি কাহার বনিভা ? রমণী কহিল, রাজন্! আমি অভাপি কুমারিকাবস্থায় আছি। তথন পরীক্ষিৎ তাহাকে পত্নীত্বে গ্রহণের প্রার্থনা कतिराल तमनी कहिल, नतनाथ! आपनारक পতিত্বে বরণ করিতে আমার আপতি নাই. কিন্তু আমাকে গ্ৰহণ করিয়া কথনও যদি জল প্রদর্শন করেন, তাহা হইলেই আমি আপনাকে পরিভাগ করিব। যদি এই নিয়মের বশবতী হইতে আপত্তি না হয়, ভবে অনায়াদে আমাকে গ্রহণ করিতে পারেন। রাজা তৎক্ষণাৎ স্বীকৃত रुरेश श्रुमतीक धर्ग कतिलग। অ্সুচরগণ অংঘেষণ করিতে করিতে তথায় আসিয়া সমুপস্থিত হইলে রাজা সেই রুশ-বভীকে লইয়া অনুচরগণ নহ গৃহে প্রভ্যাগত হইলেন। মহীনাথ সমস্তরাজকার্যাপরিত্যাগ পর্বক দিবানিশি নির্জ্জনে থাকিয়া সেই স্থন্দ-রীর সহিত মনস্থথে বিহার করিতে লাগিলেন। একদা প্রধান অমাত্য বিশেষ কারণে রাজার সহিত সাক্ষাৎ করিবার জন্য বিহারভবনে উপস্থিত হইয়া দেখিলেন, বহুসংখ্যক পরি-চারিকা তথায় প্রহরীরূপে নিযুক্ত রহিয়াছে। অমাত্য ভাহাদিগের অবস্থিতির কারণ জিজাদা করিলে ভাহার। কহিল, মহাশ্য। মহারাজের নিকটে জ্বল লইয়া যাইতে নিষেধ আছে। যদিকেই সাক্ষাৎ করিতে আসিয়া নরপতির নিকট জল লইয়া যায়, ভাহাকে প্রতিরোধ করিবার জন্যই আমরা এথানে নিযুক্ত রহি-য়াছি। অমাত্য এই কথা ভ্নিয়া রাজাব সহিত সাক্ষাৎ পূৰ্বাক প্ৰত্যাগত হইয়া নিৰ্জ্জনে একটী মনোহর বিহারভবন নির্মাণ করিলেন। অতি স্কৌশলে তাহা বিনির্মিত হইল। মন্ত্রী-বর তথায় গুপ্তভাবে একটী কৃপ নির্মাণ করি-লেন; এরপভাবে কৃপটী নির্মিত হইল যে, সহজে সহদা কেহই তাহা দৃষ্টিগোচর করিতে পারিবে না। অমাতা এইরপে সীয় অভি-লাষ মত কার্যা করিয়া রাজার নিকট গমন পূৰ্বক কহিলেন, মহারাজ ! আমি একটী চিত্ত-রঞ্জন মনোহর বিহারস্থান নির্মাণ করাইযাছি, আপনি তথায় গমন পূর্বক মনস্তথে অবস্থিতি ক্রন। বাজা শ্রবণমাত্র স্থন্দরী দহ তথায় গমন পুর্বাক অবস্থিতি করিলেন। এইরপে কিয়দিন অতীত হইলে সহসা একদা সেই গুপুকুপ রাশার নয়নপথে নিপত্তিত হইল। তিনি বিশ্বিত হুট্য়া প্রণয়িনীকে তাহা প্রদর্শন পূৰ্বক অবগাহন করিতে বলিলে স্থলায়ী তৎ-ক্ষণাৎ তমুধো অবভরণ করিল; কিন্ত আনর পুনরায় সমুখিত হইল না। দেখিতে দেখিতে কূপের জলরাশিও তিরোহিত হইল। রাজা প্রণয়িনী-শোকে একাস্ত অধীর হইয়া বিলাপ করিতে লাগিলেন। সহসা কুপের মুখদেশে একটী বুহৎ ভেক দৃষ্ট হইল। নরপতি কোধবশে তৎক্ষণাৎ তাহাকে বিনষ্ট করি-লেন। অবশেষে রাজ্যমধ্যে ঘোষণা করিয়া দিলেন যে, যে যেখানে ভেক দেখিতে পাইবে, তৎক্ষণাৎ যেন বিনই করিয়া ভাঁহার নিকট আন্মান করে। শে উপযুক্ত পুরস্থার আভি চ্টবে। তথ্য রাজামধো ভেক বিনাশের ভম্ল কোলাহল পড়িয়া গেল। ভেকগণের রাজা এই বিপৎপাত দর্শনে ভীত হট্য়া বিপ্র-বেশে নরপতির নিকট আগমন পূর্বক প্রবোধ-বচনে ভেকবধে নিবুত হইতে বলিলে নরপতি কহিলেন, মহাশয় ! এবিষয়ে আমাকে নিষেধ করিবেন না, ভেকেরা আমাব প্রণয়িনীকে ভেক্ষণ করিয়া ফেলিয়াছে। তথন ভেকপতি কহিঁলেন, মহাশয় ৷ আপনার প্রণায়নী জীবিত আছে, সে অপর কেহই নহে, আমারই কনাা; ভাহার নাম স্থশোভনা। দেই হুঠা এইরপে বছসংখাক নরপতিকে প্রবঞ্চনা কবি যাছে। আমিই ভেকবাজ, আমার নাম আয়ু। ত্থন মর্নাথ ক্ছিলেন, হে ভেক্রাজ। আপনি আপুনার ক্ন্যাকে আমার করে প্রদান কবিষা আমার চিত্ত শুশ্বির করুন। ভেকপতি ভচ্চ-বলে ভৎক্ষণাৎ ক্নাাবে আনিয়া নরপতি-ক্ষে প্ৰদান পূৰ্ক্ত কহিল, ৰুংদে! অগ্ৰ-বধি ভূমি রাশার আশায়ে থাকিষা ইথাব চিজ বিনোদন কৰ। আৰ ভূমি সেরপ অধ্রাতরণ কবিষাছ, সেই কলে তোমাব গৰ্জাত পুত্ৰগণ ব্ৰান্ধৰবিদ্বেশী হটবে। ভেকৰাল এই বলিন। ভংকণাৎ প্রস্থান করিল। কালত মে সুশো-ভনার গভে শল, দল ও বল নামে বাহার ভিন্নী পুলু জ্মিল। রাজা চর্মাবস্থায় শ্লকে যৌববাজে অভিষিক্ত কবিষা তপ্ৰাাৰ্থ বন-গ্যন করিলেন।

একলা শলু মুগয়ার্থ গমন কবিলে একটা ফ্তগামী মূগ <mark>তাঁ</mark>হার নয়নপথে নিপতিত হটল। তিনি ভাহার পশ্চাল্যামী হইলেন বটে, কিন্তু ভাহাকে খুত করা কঠিন ইইল। ভদ্দলি সার্থি কৃহিল, মহাবাজ। বামদেব অফির মহাবেগগামী ছুইটী ৰামী আছে, দেই বামী রথে যোজিত না হইলে এই মুগ ধবা কথনই সম্ভবপর নহে। রাজা তৎক্ষণাৎ বামদেবের আতামে গমন করিয়া দেই বামী ছয় অংশ্রনা করিলে ক্ষিব্য অবিচারিত্মনে প্রদান করিলেন। রাজা কায়া সাধনান্তে পুন: প্রদান করিবেন অঙ্গীকার কবিয়া সেই বানী দ্বর রথে যোজনা করত মুগের অন্নবজী হইলেন। বামীধয়ের বেগগামিতা দশনে রাহ্মাব হৃত্তর প্রফুল হইয়া উঠিল। তিনি মৃগয়ান্তে ঋষিকে তাঁহার ঘোটকী ধ্য প্রভার্পণ না করিয়া গৃহে প্রভ্যাগৃত হইলেন। এইরূপে কিছুদিন অভীত হইলে বামদেব ঘোটকীধ্য় আনয়নার্থ প্রিয়শিয়া আত্তেখনে রাজার নিকট প্রেরণ করিলেন; কিন্তু রাজাং ঘোটকী প্রাদান করিলেন না। বামদেব ভচ্ছবণে ক্রোধান্ধ ইইয়া স্বয়ং রাজদকাশে গমন পূর্বাক বামী প্রার্থনা করিলে শল নরপতি কহিলেন, মহাশয়! এ অখ রাজারই উপযুক্ত, তপস্বীর নহে; অতএব আমি উহা প্রদান করিব না। বামদেব বিবিধ ধর্মকর্থায় রাজারে উপদেশ প্রদান করিলেন, কিন্তু কিছুভেই রাজাব মন বিচলিত ইইল না। তথন বামদেব আরক্তনেত্রে বাজার প্রতি নিবীক্ষণ কবিবামাত্র অলক্ষিতভাবে চারিটা ভাষণাকার বাক্ষদ সমুপস্থিত হইয়া নর-পতির প্রাণবিনাশ কবিল।

অনন্তর দল বাজিদিংহাদনে অধিরত হই-্লন। তথন ৰামদেব ভাঁধার নিকট উপ-স্থিত হইয়া বাণীৰয় প্রার্থনা করিলে চল করি-লেন, আফ্রণের অধে কি প্রয়োজন ? অধ বাজগণেরই উপযুক্ত বাহন; অতএব আমি উহা প্রদান কবিব ন।। ক্ষি অনেক বাদালু-বাদ কৰিলেন, কিড়তেই দলেৰ মন তবভিদ্দি হইতে বিচলিত হউল না, বৰং ডিনি ধছুকে गव मम्नाम कित्य। असिव खानवर्ष छेष्ठा इडे-্লন: কিন্তু অধিব প্রভাবে রাজাব করস্তম্ভ হটল। তথন দল জীত হট্যা সভাত্মণকে সম্বোধন পর্বাক কহিলেন, দেখ, আমি শ্ব সন্ধান করিয়াও নিক্ষেপ কবিতে পাবিতেছি না; অভ্ৰব নামদেব নির্দিল্লে অবভিতি ককুন। ভ্ৰন ঋষি কহিলেন, মহাবাজ। আপনি এই শ্র ধারা মহিনীকে স্পূর্ণ কবিলে কল্যাণ হাভ কবিতে পাবিবেন। তৎক্ষণাৎ তদমুরূপ অমুষ্ঠান করিলেন। তথন महिषो अधिक भाषाधन कविशा कहिलन, ভূপোধন। আমি যেন প্ৰিকে কল্যাণক্ব উপদেশ দিয়া প্রাহ্মণগণের নিকট সতাধর্ম উপাৰ্জন কবত চৰমে পুণালাভ করিতে পারি। বামদের কহিলেন, ছে শোভনে! ভূমি বর প্রার্থনা কর। মহিষী কহিলেন, যদি ≄স্ত্র হইষা থাকেন, ভবে এই বর অবদান করুন, থেন আমাব পতি পাপ হইতে মুক্ত হন এবং পুত্রপৌতাদিগণ কল্যাণ লাভ করে। বামদেব তথাস্ত বলিষা বানীধ্য बर्ग श्रांक अद्भान कतित्वन।

#### বক-শক্ত-সংবাদ।

যুধিষ্ঠির জিজ্ঞাস। করিলেন, ছে তপোধন ! শুনিয়াছি, বক ও দাল্ভা নামক ক্ষিত্ম দীর্ঘন্ধীবী ছিলেন, এবং ইল্রের সহিত তাঁহাদিগের সোহার্দ্দ ছিল; অতএব বক-শক্রসমাগম-বৃত্তান্ত বর্ণন করিয়া আমার কোতৃহল
পরিপূর্ণ করুন।

মার্কণ্ডেয় কহিলেন, হে বাছন্! পুর্বেদের স্বর্গদ্ধের পর ইন্দ্র তিলোকের অধীশ্বর হইলে পৃথিবী শাসো পরিপূর্ণ হইল, লোক সকল ধর্মপরায়ণ হইল, প্রজার স্থাথর পরিসীমা রহিল না। তথন দেববাজ ভূতলে অবতীর্ণ হইযা সর্বত্ত পবিভ্রমণ করিতে করিতে বকের আশ্রমে উপস্থিত হইলেন। বক যথাবিধি অভার্থনা করিলে দেববাজ স্থাথ সমাসীন হইয়া কহিলেন, হে তুপোধন! আপেনি বহুকাল জীবিত রহিয়াছেন, অত্ত্র চিরজীবীর হুঃগ ও সুথ বর্ণনা করুন্।

বক কহিলেন, ছে দেবরাজ। বছজীবী হইলে বহু কপ্ত পাইতে হয়। পুল্ল কলতা ভরাতি বল্ল প্রভৃতির বিনাশ দেখিয়া কাতব হইতে হয়, অধীনতাপাশে বদ্ধ থাকিতে হয়; কুলীনের কুলক্ষয়, অকুলীনেব কুলনাভ ইত্যাদি দর্শনে তঃথেব পবিদীমা থাকে না। লোকেব বিপরীত ভাব দর্শনে মুহ্মুতঃ কষ্ট পাইতে হয়। যে বাক্তি কুমিত্র ভাগে পূর্ব্বক দিবদের অষ্ট্রম বা ছাদশ ভাগে শাক্ষাত্র ভোজন করে, যাহাকে কেহ দবিদ্র বলে না, সেই চিবজীবীই প্রকৃত সুথী। যে পরান্নে প্রতিপালিত, সে কুরুর সদৃশ। যে অতিথি ও পিতৃদেবা করিয়া শেষে অবশিষ্ট ভোজন करत. त्मरे हित्रकी वीरे यथार्थ ख्यी। বক ঋষি এই প্রকারে নানাবিধ ধর্মকথ। কীর্ত্তন করিলে দেবরাজ বিদায় গ্রহণ পূর্বক স্রপুরে প্রস্থান করিলেন।

## নারদ কর্তৃক শিবি ও স্থাহোতের বিবাদ ভঞ্জন।

অনস্তর যুধিন্তির রাজন্য-মাহাল্য শ্রবণে অভিলাধী হইলে মার্কণ্ডেয় কহিলেন, মহারাজ! একদা কুরুবংশাবতংদ স্থহোত্ত নর-পতি মহর্ষিগণের সহিত লাক্ষাৎ করিয়া আগামন কবিভেছেন, সহলা পথিমধ্যে শিবিরাজার সহিত লাক্ষাৎ হইল। উভয়ে পরস্পর যথা-

বিহিত সম্ধনাদি ও কথে পকথন করিলেন: উভয়েই রূপে শুণে ও বয়সে সমান, স্মৃত্রাং কে কাহাকে অত্যে গমনের পথ প্রদান করিবেন স্থির করিতে না পারিয়া দ্ভায়মান আছেন, ইতাবসরে মহর্ষি নার্দ তথায় স্মা-গত হইয়া দ্বিশেষ প্রবণাক্তে কহিলেন, কি ক্র, কি মৃত্, কি দাধু ও কি অসাধু, সক-লেরই পরস্পার সৌহার্দ্দ হইতে পারে; অত এব সৌহার্দ্দ ভুলাভার কারণ নহে। যিনি সৎ-কার্য্যের অনুষ্ঠান করেন, যিনি-দান দাবা কুকর্ম নাশ, ক্ষমা ছারা ক্রকে পরাজয়, সতাদাবা অসত্যবাদীকে পরাভব ও সাধু বাবহার দারা অসাধু ব্যক্তিকে তিরসার করেন, তিনিই সাধুশীল। আমাব মতে ভোগরা তুইজনেই রূপে গুলে ও ব্যসে সমান, তথাপি শিবি অপেক্ষাকৃত সচ্চরিত্র, অভএব শিবিরে পথ প্রদান করা উচিত। দেবর্ষির কথায় স্থাত পরিভুষ্ট ইইয়া তৎক্ষণাৎ শিবিরে পথ প্রদান করিলেন।

#### যয়াতি-চরিত।

মার্কণ্ডেয কহিলেন, একদা কোন বাদাণ গুরুদ্দিণা প্রার্থনার নিমিত য্যাতি রাদার নিকট উপস্থিত হইলে নবপতি কহিলেন, হে বিপ্রবর ! আমি প্রার্থনাকারীকে স্ক্রী, পুত্র, দেহ প্যাস্থ দান করিতে কুণ্ডিত নহি, কিন্তু অপ্রাপ্য অর্থ দিতে পারি না, অত্রব আপ-নার কি আবশাক না বলিলে, আমি অ্রে অঙ্গীকার করিতে পাবিব না। যাহা হউক, আমি সহস্র ধেন্দ্র প্রদান করিতেছি, আপনি গ্রহণ করুন। য্যাতি এই বলিয়া ব্যাদ্যুণকে সহস্র ধেন্দ্র প্রদান করিলেন। বিপ্রবরণ্ড প্রার্থনাতিরিক্ত কল লাভে সম্ভূষ্ট হইয়া প্রতিগ্যন করিলেন।

# সেত্ক ও বুসদর্ভোপাখান।

পর্ববিকালে রুষদর্ভ ও দেতৃক নামে তৃই বা নরপতি ছিলেন। বুষদর্ভ উপাংগু-ব্রভধারী হুইয়া প্রভাহ বাহ্মণকে হুর্ণ ও রক্ষত দান করিতেন; কিন্তু সেতৃক তাহা করিতেন না। একদা কোন বাহ্মণ সেতৃকের নিকট আসিয়া গুরুদক্ষিণা ভিক্ষা করিলে সেতৃক ভাহাপ্রদানে অসমত হুইয়া বুষদর্ভের নিকট গমন কবিতে কহিলে ব্রাহ্মণ ত্ৎক্ষণাৎ ব্রুবদর্ভ সমীপে উপস্থিত হইয়া অভিলবিত ব্যক্ত করিলেন। নরপতি শ্রুবণমাত্র বিপ্রকে কশাঘাত করিলেন, তাহাতে বিপ্র রোষান্ধ হইষা শাপ প্রদানে সমুদ্যত হইলে রাজা কহিলেন, যে স্বীয় ধন দিতে অস্বীকৃত হয়, ভাহাকে কি শাপ দেওয়া উচিত? অথবা অভায় শাপ দেওয়া ব্রাহ্মণের কর্ত্তব্য ? যাহা হউক, অভা পূর্ব্বাহে আমার যাহা আয হটবে, আমি আপনাকে ভাহাই প্রদান করিব, কিন্তু কশাঘাত আব দ্রীকৃত হইবার নহে। এই বলিয়া রাজা এক দিনের সমস্ত আয় বিপ্রকে শাদান করিলে বিপ্রবর তুই হইয়া প্রস্থান কবিলেন।

#### শিবিব দানকীৰ্ত্তি।

क्रमा विधामिक गर्मन खरेक. श्राटक मा ব্যুম্না ও শিবি চাবিজনে মহর্ষি নারদ সহ র্থারোখণে ভ্রমণ করিতেছেন, ইতাবদ্ধে এক জন নাবদকে জিজাসা করিলেন, আমরা সর্গে গ্যম কৰিলে কে অত্যে পৃথিবীতে পতিত ১টবে গ নাবদ কহিলেন, অত্যে অষ্টক, ত**ং**-পাবে প্রভর্কন, ভদন্তর বস্তমনা, অবশেষে শিবি নিপতিত হইবেন। তাঁহারা জিজাবা কবিলেন, ইহার কাবণ কি? তথন নারদ কহিলেন একদা আমি অইকের সহিত বথা-রোহণে ভ্রমণ করিতে করিতে কভকগুলি ধেরু দেথিয়াকাছার গবী জিজনাদা কবাতে অইক বলিলেন, ইহা স্বামার, আমি স্বর্গলাভের জন্য বিপ্রকবে দান করিয়াছি। অভএব এই আলু-শ্লাঘার জন্য অষ্টক ভূতলে নিপতিত হইবেন। আমি প্রতক্ষের সঙ্গেও একদিন রথে গমন কবিয়াছিলাম। পথিমধ্যে ক্রমান্তরে চারিটী ব্রাহ্মণ আদিয়া আমাদিগের সঙ্গের চারিটী অশ্বই পার্থনা করিয়া লইল। অবশেষে অন্য অনা ব্ৰাহ্মণ আসিলে প্ৰভৰ্মন কহিলেন, আমি অনেক দান কবিয়াছি। এইরূপ অস্থা প্রকাশ করাতেই প্রতর্দনের ধশা নষ্ট ইইয়াছে, দেই জনাই ইনি ভূতলে নিপতিত হইবেন। তৎপবে আমি একদা বসুমনাব নিকট গিয়া শ্বন্তিবাচন পূর্কাক পুষ্পকরথের জানাই। ভাহাতে নরপতি আপনার রথ বলিয়াই শীকার করেন, কিন্তু প্রদান করিলেন না। এই রূপে ক্রমাগৃত তিন দিন যাই, তিন দিনই ব্যুম্না ঐকপ । আগতরণ করেন। এই কারণেই বস্মনাকে ভূতলে অবভীর্ণ হইতে হুইবে।

নারদ এইরূপ কহিয়া কহিলেন, শিবি পরম ধার্ম্মিক। জামিও শিবির তুল্য নহি, তাহার কারণ বলিতেছি, শ্রবণ কর। একদা কোন আহ্মণ শিবির নিকট আসিয়। কছিলেন, ভোমার পুত্রকে বিনষ্ট করত মাংস রন্ধন করিয়া আমাকে প্রদান কর। শিবি তৎ-শণাৎ অন্তঃপুরে গিয়া পুত্রকে নিহত কবত মাংস পরু করিয়া মস্তকে গ্রহণ পূর্বক ব্রাহ্মণেব নিকট আদিয়া দেখিলেন, তিনি ভথাষ নাই। ভণিলেন, আহ্মণ বিলম্ব দর্শনে ক্রন্ধ হইয়া নগরীমধ্যে প্রবেশ পূর্ক্ক ভাঁছার অবস্তাগার, কোষাগার প্রভৃতি দক্ষ করিতেছেন। রাজা বাস্তদমন্ত হইয়া ভাঁহাৰ নিকট গমন পূৰ্বাক मितिना कहिला महाग्य। मार्ग अन्हर. ভোজন করন। ভাগণ বিস্তি ইইয়া কণ-কাল দৃষ্টি পূৰ্বক কহিলেন, মহাবাজ। ইহা আপনিভক্ষণ করন। রাজ। আদেশ প্রাপ্ত মাত্র যেমন ভক্ষণ কবিতে উলত হইগাছেন. অমনি বাজাণ তাঁহাব হস্ত ধাবণ করিয়া কহি-লেন, মহাবাজ। বুবালাম, আপনাব ন্যায় ধার্ম্মিক আর বিভীয় নাই, ব্রাহ্মণকে আপনাব অদেয় কিছুই নাই। এই বলিযাই ব্ৰাহ্মণ ভিরোহিত হইলেন। নরপতি সম্বুথে চাহিষা দেখেন, ভাঁহার পুত্র দিবাকলেবরে সম্বথে বিরাজ করিভেছে। বিধাতা শিবির ধর্ম প্ৰীক্ষাৰ্থ ৰিপ্ৰবেশে আসিয়াছিলেন।

## ইন্দ্রভাষোপাখ্যান।

যুধিনির জিজ্ঞাদা করিলেন, হে তপোধন !
আপনার অপেক্ষা আর কেই প্রাচীন আছেন
কি না ? মার্কণ্ডেয় কহিলেন, একদা রাজ্বি
ইক্র্ছাম স্থ্যপ্রত্তিই হইয়া আমার নিকট আগমন
পূর্বক কহিলেন, আগাকে চিনিতে পারেন ?
আমি তাঁহাকে চিনিতে পারিলাম না ৷ তথন
ভিনি জিজ্ঞাদা কবিলেন, আপনার অপেক্ষা
আর কেই প্রাচীন আছেন কি না ? আমি
কহিলাম, হিমালয়ে প্রাবারকর্ণ নামে এক
উল্ক আছে, দে অতি প্রাচীন ৷ ইচ্ছা ইইলে
চল্ন তথায় গমন করি ৷ এই কথা ভ্রিয়া
ইক্র্ছায় অখরপ ধারণ পূর্বক আমারে লইয়া
উল্ক-সমীপে উপস্থিত হইলেন ৷ উল্কও
ইক্র্ছায়কে চিনিতে না পারিষা আমাদিগকে

লইয়। ইন্দ্রতায়সরোবরে গমন কবিল। ঐ সরোবনে নাড়ীজ্ঞ জ্ব নামে এক বক বাস করে, সে উল্ক হইতেও প্রাচীন; কিন্তু বকও ইন্দ্রতায়কে চিনিতে পারিল না। সে বলিল যে, এই সরোবরে অকুপার নামে এক কচ্ছপ বাস করে, সে আমা অপেকা প্রাচীন। তখন আমরা সকলে অকুপার সরিধানে উপত্তিক হইয়া ইন্দ্রতায়ের কথা দিজ্ঞাসা করিলে কচ্ছপ কহিল, আহা! আমি এই ইন্দ্রতায়কে বিলক্ষণ অবগত আছি। ইনি যে সমস্য ধেয়ু দান করিযাছিলেন, ভাহাদিগেবই খুরক্ষুর হইয়া এই সরোবর হইয়াছে। আমি বছদিনাবধি এই সবোবরে আছি।

এই কথা বলিতে বলিতে ইক্সত্। মকে সুর-পুবে লইবা যাইবার নিমিত্ত দিবাবথ সমাগত ইল । ইক্সত্। ম আমাদিগকে যথাগথ স্থানে রাথি . । দিবা বিমানে আবোহণ পূর্বক সুব্ধুবে প্নঃপ্রাভান করিলেন। হে মহাবাজ । ধেই ইক্সত্যাইই আমা অপেক্ষা প্রাচীন।

## मानकोर्खन।

নানা কথা ধন্মবাজ করিয়া প্রবণ। পুন মার্কডেষে কছে গুছে ভূপোধন।। গার্হা বার্দ্ধকা বালা আর যে যৌবন। ষ্প্রকল্প এ চারি হয় বিদিত ভুবন।। ইথে কোন অবস্থায় যদি দান করে। সেই পুণ্য ফলে যায় দেবেন্দ্রনগরে।। ফলশ্রুতি কিবা তার ওচে মহাশ্য। শুনিবারে কুতৃহলী হতেছে ফ্দয় ।। এত শুনি মার্কণ্ডেয় মহাতপোধন। কহিতে লাগিল ভন পাণ্ডুব নন্দন।। অপুলক জাতিভাষ্ট পরান্ন-আছারী। শুপু নিজ জন্য পাককারী এই চারি।। ইহাদের জন্ম রাধ জানিবে নিক্ল। নিজ কর্ম্বোচিত ফল লভয়ে সকল।। ব্রশাচর্য্য অনুষ্ঠানে করিয়া মনন। ক্লভকাষ্য ভাহে নাহি হয় যেই জন।। ভাহারে করিলে দান সকলি নিফল। অধর্মে অর্জিত বস্তু দিলে সেই ফল।। মিথ্যাবাদী পাপকাবী কুভন্ন বান্ধণ। শৃদ্রের পাচক চৌর হয় যেই জন।। রুসলীর পতি কিম্বা বেদ বিক্রী করে। कपू नारि पिरव भाग तम विख्यत करत ॥ আহিতৃণ্ডিকেরে দান কভু নাহি দিবে। দ্বীলোকে অপিলে দান নিফল হইবে।। পরিচারকেরে যদি কভু করে দান। বিফল হইবে ভাহা ওছে মভিমান।। এত শুনি যুধিষ্ঠির ধর্মনরপতি। পুনশ্চ তাপদে কছে ওছে মহামতি।। বিপ্রগণ কিবা কাজ কবি অনুষ্ঠান। আপনারে কিম্বা অন্যে করে পরিত্রাণ।। মার্কণ্ডেয় কহে শুন ওছে মহামতি। বিলিবি সে সেব কথা অপুৰ্ক ভারভী।। জ্প হোম মন্ত্র আবি সাধ্যায়ের বলে। বেদম্থী নৌকা করি অতি কুতৃহলে।। আপনারে কিন্তা অন্যে কবয়ে উদ্ধাব। বিশোৰ কৰম ইহা এহে গুণাধাৰ।। বিশ্রত্তে দেব তুই ওচে মহাশয়। বিপ্রবাকো পর্গলাভ নাহিক সংশ্য।। স্বর্গলাভ হেতু বিপ্রে করিবে জার্চনা। তাহাতে পুরিবে তব মনের কামনা।। শ্রাদ্ধকালে সাধু বিপ্রে করাবে ভোজন। क्नशी भाषाची कृष्ठी कहिरव वर्डका।। বিবর্ণ গোলক কুণ্ড ইয় যেই জন। তাথবা ভূণীৰ বাণ যে কবে ধারণ।। শ্রাদ্ধকালে পবিভ্যাগ করিবে ভাগাবে। নতুবা দকল কর্ম ভত্মদাৎ করে।। আপনাবে উদ্ধাবিতে পারে গেই জন। দার্ভাবে ভারিতে শক্তি যে করে ধাবণ।। ভাহারে দিবেক দান শান্তের বিচারে। কহিন্তু নিগৃঢ় কথা ভোমার গ্যেচরে।। পাদোদক পাদস্ত অথবা আশ্রয়। দীপ অল্ল দান কবে ফেই মহাশ্য।। যমালয়ে সেই জন কভু নাহি যায়। শান্ত্রের বিধান ইহা ওহে ধর্মরায়।। কপিলা প্রদানে মুক্তি লভে নরগণ। এ হেতু কপিলা গৃহী করিবে অর্পণ।। আৰু এক কথা বলি ভান মহারাজ। ধনী জনে দান দিয়া নাহি কোন কাজ।। এক জনে বহু ধেরু করিবে প্রদান। বহুজনে এক ধেরু নাহি দিবে দান।। বলবান বলীবর্দ করিলে অর্পণ। স্বৰ্গলোক লাভ করে সেই সাধু জন।। বিপ্রকরে ভূমিদান যদি কেই করে। বাসনা সফল হয় সেই পুণ্যফলে।। অরদান সম দান নাছি ফিছু আরে। হাত্রাব ভারদান কর ওপি ধার।।

বিপ্রগণে অহবাশি কবিলে অর্পণ। ব্ৰহ্মলোকে গতি করে সেই সাধু জ্বন।। হ্রদ বাপী কৃপ গৃহ তড়াগাদি করি। যেই জন করে দান মনেতে বিচারি।। কুতাক্ষের ভয় তার কভু নাহি রয়। সাধু বলি সেই জন বিখ্যাত নিশ্চয় ।। ধান্যদান বিপ্রকরে যেই জন করে। বস্থ্ৰতী মহাতৃষ্ট ভাহার উপরে।। অ্যাচিত হয়ে দান করে যেই জন। সভাবাদী কিম্বা অন্ন যে কবে অর্পণ।। তিনজনে সম লোক পুণাফলে পায়। শান্তের বিধান ইহা কহিন্তু ভোমায়।। এত শুনি যুধিষ্ঠির ক্ষিজ্ঞাদেন পুন। তা'র এক কথা বলি ওচে তপোধন।। খমলেংকে নবলোকে কিরূপ অহাব। কোন পথে যায় তথা ওচে নুনিবর।। কিরূপে যমের হ'তে লভয়ে উদ্ধার। এই সব কহ প্রভু করিয়া বিস্তাব ।। এত ভানি মার্কভেষ ভাপসপ্রবর। কহিলেন শুন বলি ওছে নববৰ ।। যমলোক শুনাময় অভীব ভীষণ। নবলোক হতে দ্ব ছিয়াশী গোজন।। বুক্ষ নাই জল নাই ছায়া তথা নাই। শ্রান্তি দূব করে তথা নাহি হেন ঠাঁই।। সেই পথে বল কৰি মমদ্ভগণ। ভৌবৈৰ ভীৰন লফে কৰ্যে গেমন।। অশ্ব আদি যান দান কবে যেই নর। যানে চড়ি যা্য সেই শমন গোচব।। ছত্রদান করে যদি কোন সাধু জন। ছত্র ধরি শিরে তার লয়ে দৃতগণ।। অন্নদাতা তৃপ্তমুথে সেই পথে যায়। বস্ত্রদান্তা বস্ত্র পরি মহাস্থ্র পায়।। অন্নদান যেই জন কভু নাহি কবে। মহাকটে যায় সেই শমনের পুরে॥ যেই পাপী বন্ত্র নাহি কভু করে দান। উলঙ্গ হইয়া সেই কর্যে প্রাণ। যেই জন স্বৰ্ণান কবে ভক্তি কবি। যমপুরে যায় সে অলঙ্কার পরি।। দীপদাতা লোক যবে কর্যে গ্রম। ভাহার দীপ্তিতে পথ হয় স্থগোভন।। জ্বলাতাতৃফাতুর কভুনাহি হয়। গোদাতা স্থােতে যায় শমন আলয।। পুষ্পোদকা নামে ন্দী আছমে তথায জনদাতা সেই জন,মহাস্থথে থায়।।

পাপীগণ হেবে ভাগা পৃষেতে পূরণ। ক্ষলদান সদা ভাই কবহ রাজন ॥ অতিথি বিপ্রেব পূজা দদত কবিবে। অতিথির অনুগামী দেবতা জানিবে।। ক্ষতিথি পূক্ষে হয় দেবতা পূজন। কহিলাম সার কথা শুনহ বাজন।। যুধিষ্ঠির কহে শুন ভাপসঞ্বেব। ধর্ম কথা কছ পুনু করিয়া বিস্তব।। এত ভনি মার্কণ্ডেয় তাপস্থধান। কহিলেন ভুন বলি ওছে মতিমান।। পুষ্ব ভীর্থেতে গিয়া কপিলা অপিলে। যেই পুণা উপার্জ্ডন হয় সেই ফলে।। বিপ্রপাদ প্রকালনে সেই ফল হয়। ব্ৰাহ্মণ দেবতা সম জানিবে নিশ্চয ।। জাহুদ্বয় অভাহ্নবে এক হাত দিয়া। নিঃশব্দে ভোজনপাত্র সে হাতে ধরিয়া ।। একপে ভোজন করে যেই সাধ জন। সংহিতা ইত্যাদি জপ কবে অনুক্ষণ।। সেই সাধুমাত্র পারে সবে তাবিবাবে। হবা কবা দিবে দান শ্রেণনিষের করে।। ক্রোধ-অন্ত বিপ্রগণে জানিবে রাজন। কোধে বিনাশিতে পারে এ ভিন ভুবন ।। যুধিষ্ঠিব জিজ্ঞাদিল ওতে মহাশ্য। বিস্তার কবিষা কছ শৌচ-পরিচয়।। মার্কভেষ বলে কহি ভনহ র;জনে। বিস্তাবি বলিব এবে শৌচেব লক্ষণ।। বাক্শৌচ কর্মশৌচ জলশৌচ আব। তিন রূপ শৌচ হয় শাল্রের বিচার ।। শৌচ দ্বারা শুদ্ধ থাকে যেই বিপ্রগণ। অভিনে তাহাৰা যায় অমৰভবন।। সাধং সন্ধা প্রাতঃ সন্ধা বিধানে করিলে। একচিত্তে বেদমাত। গায়ত্রী জবিলে।। তাব দেহে পাপলাশি কভু নাহি রয়। ধরা প্রতিগ্রহে তাব কিছু ক্ষতি নয়।। বিশ্বগণে অপমান কভুনা কবিবে। ভস্মাচ্ছন্ন অগ্নিসম বিপ্রেধরে জানিবে।। বিপ্রগণ যেই স্থানে করে অবস্থান। নিশ্চয জানিবে তাহা ভীর্থের সমান।। ভপন্নী বিশ্রের কাছে করিলে গমন। নরপতি পাপে মুক্ত হয় দেইক্ষণ।। স্থবিত সাধু-সঙ্গ সাধু-সভাষণ। কায়মনে বাঞ্চাকরে ধাশ্মিক স্থজন।। চিতত আদি মহারাজ নাহয় যাহাব।

ত্রিদণ্ড ধারণৈ বল কি ফল ভাহার।।

কিবা ফল বল ভার মৌনাবলম্বনে। বুথা ভার জটাভার কি কাজ বহনে।। মস্তক মুণ্ডনে তার কিবা ফল হয়। কি হেতু সে বনে বাস করে মহাশয়।। क्ति तथा करहे करत मतीव (भाषन। বল্দ অঞ্জিন পরে কিদের কার্ণ।। গুরুত্ব আশুমে থাকি (যই সাধুনর। সর্বভূতে দথাবান রহে নিরস্তর্।। পাতক ভাহাব দেহে কভু নাহি রয। কহিলাম সার কথা ওহে মহাশয়।। অজ্ঞাত কর্মোব ফল কিছুমাত্র নাই। অনশনে নাহি ফল কহি তব ঠাই।। চিত্ত দির আগে কবি ওতে মহারাজ। ক্বিবে ভাহার পর ধর্মের কাজ।। উত্তম পদবী লাভ হয় জ্ঞানযোগে। জবা বাাধি আদি নাশে কহি তব আগে।। জ্ঞানেতে অবিদ্যা সাধ করয়ে দহন। ষ্মান্ত্র স্পর্শিতে সেই না পাবে কথন।। ভদ্বং এই হুই বর্ণ অতীব গভীব। ইছার মরম বুঝি যে জন স্থীর।। নান।বিধ উপনিষদ করি অধ্যয়ন। "আমি ব্রহ্ম" এই জ্ঞান করয়ে অর্জন।। মোক্ষেব লক্ষণ বলি জানিবে ভাগায।। বলিলাম দাব কথা ওছে ধর্মবায।। পবলোক নাহি তার নাহি ইহলোক। নাহি স্থ নাহি ছু:থ নাহি কোন শোক।। ্মাংকারে লক্ষণ ইহা কেহ কেহ বলে। বলিলাম মহারাজ ভোমার গোচরে।। ঞাতি-স্তিত্ত জ্ঞানে যদি ইচ্ছাহয়। কাষমনে লহ শ্রুতির আশাধ।। বেদের স্বরূপ তত্ত্ব জানিবে স্ক্রন। ভজ্কের শবীর বেদ শাপ্তের বচন।। বেদ হতে প্রতিপন্ন দেবের দেবের। বেদই উপায় হয় জানিবারে ভল্ব।। ইন্দ্রিয় সংযম হয় দিব্য অনশন। এ হেতু ইন্দ্রিয়-শুদ্ধি করিবে রাজন।। তপোবলে স্বৰ্গলাভ নাহিক সংশয়। দানবলে ভোগ লাভ শাল্তে হেন কয়।। জ্ঞানবলে মোক লাভ জানিহ রাজন। ভীর্গস্থানে পাপক্ষয় শাল্পের বচন।। এতেক বচন ভানি যুধিষ্ঠির কয়। বলিলে অপুর্ব কথা ওহে মহাশয়।। দানধর্ম শুনিবাবে হইভেছে মন।

कृत्र। कवि दन छहा एटह उरलाधन ।:

মার্কণ্ডেয় কহে 😎ন ওছে নর্বর। ঞ্জিজ্ঞাসিলে যাহা তার কবিব উত্তর ।। হস্তীর ছায়ায় বসি শ্রান্ধ যদি করে। नশ व्यर्त्ति क कल्ल तरह श्वर्रे प्रति।। বৈশ্য জনে যেই সাধু করয়ে পালন। স্ক্রিজ্ঞফল লাভ করে সেই জন।। বিপ্রে দধিমণ্ড দিলে গ্রহণের কালে। অক্ষয স্থুপা হয় সেই দানফলে।। পূৰ্বকোলে দান দিলে তুই গুণ ফল। বিসভাগে ঋতুকালে দেশভাণ ফল।। বৎসবে কবিলে দান শত গুণ হয। বিবৃব সংক্রান্তি দিনে অন্ত নিশ্চয়।। ষড়শীতি সংক্রমণে অয়নেব কালে। ফলিবে অক্ষয় ফল প্রদান কবিলে।। ভূমিদান যেই জন না কবে কথন। পরজন্মে ভূমি নাহি পায় সেই জন।। অভীষ্ট সামগ্রী বিপ্রে কবিলে অপণ। পরভানো সেই বস্ত্র পায় সেই জন।। স্প ভূমি ধেহু ভিন কৰিলে প্ৰদান। ত্রিলোক দানেব ফল পায় মতিমান।। দান হতে ফলপ্রদ আব কিছু নাই। দানেতে কলাাণ লাভ কহি তব ঠাই।।

#### श्क्रमाद्याशाभागन।

য্ধিটির কহিলেন, হে ভগবন ! ভাপনি তিকালবেতা, তিভুবনে আপনার অবিদিত কিছুই নাই। ইক্ষাকুবংশীয় কুবলাখ নরপতি কিরপে ধুরুমার নাম প্রাপ্ত হন, সেই বিষয় বর্ণন করিয়া কৌতুহল প্রিতৃপ্ত করুন্।

মার্কণ্ডের কহিলেন, মুক্রধন্ব প্রাণেশ উত্ক নামে এক মহর্ধি বাদ কবিতেন। তিনি বহু-কাল একাগ্রমনে বিষ্ণুর আরাধনা করেন। একদা দেবদেব নারায়ণ ভাঁহাব তপ্যায় প্রীত হইয়া তথার আবিভূতি হওত বলিলেন, হে তপোধন! আমি তোমার তপ্যায় পরম পরিভূপ্ট হইয়াছি, ভূমি বর গ্রহণ কব। উতক্ক কহিলেন. ভগবন্। আমাব মতি যেন সত্যেও ধশ্মোপবে বিদ্যমান থাকে এবং নিরস্তর যেন ভক্তিযোগে ভোমাকে প্রাপ্ত হই, এভন্তির আমার আর কিছুই প্রাথনীয় নাই। বিষ্ণু তথান্ত বলিয়া বর প্রদান পূর্ব্বক কহিলেন, হে ঋষি! ধুলু নামে মহাদৈতঃ কঠোর তপ্যাচরণ করিতেছে। ভোমাব শাসনাধীন হইষা কুবলাশ্ব নির্পতি ভালবে নিহত করিবে। তুমি জগতীতলে অদিতীয় তপসী বলিয়া প্রসিদ্ধ হইবে। ভোমার তপস্যার তেজে জগৎ প্রদীপ্ত হইবে। দেবদেব বিষ্ণু এই বলিয়াই তিরোহিত হইলেন।

## ধুফু দৈতোর বিবরণ।

অনন্তর কালবশে ইক্লাকু পরলোকগভ হইলে যথাক্রমে শশাদ, ককুৎন্ত, অনেনা, পৃথু, বিশ্বগর্ম, অদি, যুবনাশ, শ্রাব, ও শ্রাবস্ত এই কয় মহীপতি রাজাশাসন কবেন। শ্রাবস্তেব পুত্র রহদ্ধ ও বুহদ্ধেব পুত্র কুবলাধ। কুব-লাখের একবিংশতি সহস্র মহাতেজা পুত্র জনো। কুৰলাখকে মহাগুণসম্পন্ন তৎপিতা বৃহদ্ধ তাঁহাকে রাজপদে প্রতিষ্ঠিত করত বনগমনে কুত্সংকল্ল হইলেন। বদবে উভক্ষ ঋদি তথায় উপস্থিত হইয়া কহি লেন. হে মহাবাজ ! প্রজাগণকে বক্ষা কবাই বাজাব পরম ধর্ম। ইহা অপেক্ষা ধর্ম আব নাই। আপনি ছ্রাঝা ধ্রু নামা দৈতাকে নিহত না কবিষা বনগমন কবিবেন না। প্রেদেশেব নিকটে উজ্জালক নামে একটী বালুকাসমুদ্র আছে। সেই দৈত্য নেইস্থানে ভূমিগর্ভে অবস্থিতি পূর্বক তপদ্যা কবিতেছে। সেবৎসরাস্তে একদিন নিশ্বাসপরি-ভাগে কবে, ভাহাতে ধূলিরাশি ও অগ্নিকুলি**ল** मकल मम् थिक क्य, शृथिवी कां शिष्क थारक, আপ্রেমে প্রবেশ করা ছংসাধা হইযা উঠে। আপুনি ভাহাকে বধ করিয়া প্রে বনপ্রস্থান ক্রিবেন। বিষ্ণুর বরে তাপনার দেহে বিষ্ণু-তেজ আশ্রয করিবে।় নরপতি ঋষির বাকা ভাবণ করিয়া কহিলেন, হে তপোধন! আপ-নাব মনোরথ দিশ্ধ হইবে, আমার পুত্র কুব-লাশ্ব দেই দৈত্যকে নিহত করিবে। তথন ঋষি তথাস্ত বলিয়া স্বীকার করিলেন।

যুখিটির জিজ্ঞাসা করিলেন, ছে তপোধন! ধুরু দৈত্য কে ? কাহার পুত্র ? এবং কাহা-রই বা পৌত্র ?

মার্কণ্ডের কহিলেন, হেরাজন্! প্রলয়-কালে জগৎ জলে প্লাবিত হইলে ভগবান্ নারায়ণ ফণীশয্যায় সলিলোপরি শ্রান থাকেন। তথন তাঁহার নাভিকমলে একটী পদ্ম সমুৎপন্ন হয়, সেই পদ্মে চতুর্মুথ ব্রহ্মা জন্ম গ্রহণ করিলেন। কিছুদিন পরে মধু ও কৈটভ নামা দান্ব্যুয় জ্বামা ব্রহ্মাকে ভয়

দেখাইতে লাগিল, ভাগতে ব্ৰহ্মা ভীত হইয়া পদ্মের মৃণাল কম্পিত করাতে ভগবানের নিদ্রাভক্ষ হইল। তিনি সমুখে দানবদ্বয়কে দেখিয়া বলিলেন, হে দৈতাদ্বয়় তোমরা বৰ প্রার্থনা কর। নৈত্যদ্ব কহিল, ছে ভগবন! অবামরা ববদাতা, অসামবা বব চাহি না। তোমাব যাহা ইচছ। হয়, আমাদিগেব নিকট প্রার্থনা কব। তথন ভগব'ন কৃছিলেন, ছে আমাকে এই ৰর প্রদান ক্র দৈত্যদয়। যেন, আমি ভোমাদিগকে বধ করিতে পারি। দৈতাদ্য কহিল, হে ভগবন্! তপদ্যাচরণ করিভেছি, কথা জানি না, আমবা পূর্বের ভোমাকে বর দিয়াছিলাম যে, ভূমি আমাদিগকে অনাবুত আকাশে বধ কবিবে এবং আমরা তোমার পুত্র হইব; অতএব এক্ষণে সেইরূপ অনুষ্ঠান কৰ। বিষ্ণু তথাস্ত বলিয়া চতুদিকে নেত্ৰপাত পূৰ্ব্বক দেখিলেন যে, কি আকাশ, কি পৃথিবী কোন স্থানেও অনার্ত স্থান নাই ; তখন নিজ অনাবৃত উক্লেশে শাণিত চক্ৰ দাবা মধুকৈটভেব বিনাশ কৰিলেন। হে মহারাজ ! ধুরু সেই মধুকৈটভের পুত্র। এক সময়ে ধুকু একপদে দণ্ডায়মান হইয়া কঠোব তপদ্যা কৰাতে ব্ৰহ্মা ভাষার নিকট প্রাত্নভূতি হওত বরপ্রদানে সমুদাত ইটলে দৈতাবাজ দেব, দানব, যক্ষা, সর্পা, গন্ধার্ক ও রাক্ষসগণ কর্ত্তক অবধার্কপ বর গ্রহণ কবিল। অনন্তব দে শিতৃবধজনিত কোধে অধীব হইয়া বিষ্ণু প্রভৃতি দেবগণকে উৎপীড়ন কবত অবশেষে উজ্জালকনগরে ভূমিগর্ভে বিলীন থাকিয়া উভঙ্ক।শ্রমের উৎপাতশ্বরূপ হইল। এদিকে কুৰলাৰ একবিংশতি সহস্ৰ পুত্ৰগণ, উভস্ক ও দৈন্যদামস্ত সহ ধুরুকে বিনাশার্থ যাতা করি-লেন। কুবলাখ যেমন তথায় উপস্থিত হইয়া-ছেন, অমনি "কুবলাখ ধুনুমাব হইবেন " এই দৈববাণী সমুখিত হইল। দেবরাজা মন্দ মন্দ বারিবর্ধণ করিতে লাগিলেন, অন্তরীকে ঘন ঘন জুনুভিধ্বনি হইতে লাগিল। কুবলাখের পুত্রগণ পিতার আদেশে সেই বালুকানগর খনন করিতে প্রবৃত্ত হইলেন। সপ্তাহ খননের পর মহাদৈতাদৃষ্টিগোচর হইল। তথন রাজ-পুত্রগণ ভাহাকে নানাবিধ অস্ত্র হারা 🕿 হার ื করিতে প্রবৃত্ত হইলেন। ক্ষণকালমধ্যেই দৈতোর মুখবিনির্গত ছতাশনে কুমারগণ ভস্মী-

ভূত হইলেন। তদনস্তর মহীপতি কুবলাশ্ব যোগবারি দ্বার। দৈতোৰ মুখনির্গত স্বায়ি নির্বা-পিত কৰিয়া ব্ৰহ্মান্তপ্ৰভাবে ভাগৰে বিনষ্ট কবিলেন। অনন্তর দেবগণ কুবলাখকে বব-দানে শমুগত হইলে তিনি কহিলেন, হে দেব-গণ। আমাকে (যন শক্রগণ পরাজিত করিতে না পাবে, আমার অন্ত:কবণ যেন দ্রোইশুন্ত হয়, ধর্মের মৃতি থাকে, সর্গে যেন অক্ষর বাস श्राश्च ३३. दाक्ष १११ (क (यन नित्रक्ष धनमान ক্রিভে পারি, এবং নারায়ণের সৃহিত যেন আমার স্থা ऋশো। দেবগণ তথাস্ত বলিয়া বাজাকে ও উভস্ককে আশীপাদ করত প্রস্থান করিলেন। সে মহাবাজ। বাজা কুবলাখ এই রূপেট ধৃন্ধকে বিনাশ ক্রিয়া ধৃন্ধুমার নামে বিগাত হইষাছিলেন। কুবলাশ্বের পুত্র দৃঢাশ্ব, ক্ষিলাশ ও চ্ৰূ'শ হইতেই ইক্ষাকুবংশ (पतीपामान इहेगाड़ ।

**७ कु झन- , नवन धर्य।** 

মার্কভেয়ে সম্বোধিয়া ধন্ম নরপতি। জিজ্ঞাসা করিল পুনঃ বিনয়-ভাবতী ।। সুসংধ্যা বেদধ্যা কবিতে শ্রবণ। হইয়াছে কুতৃহলী অধীনের মন।। নাবীৰ মাহাত্মা শুনি এ হেন বাদনা। বর্ণিয়া পুরাহ মম মনের কামনা।। পতিব্রতা রুমণীর মাহাত্ম কীর্ত্তন। ভ্নিয়া পবিত্র কবি ভাপিত জীবন ।। পিতৃ-মাতৃ-দেব। আর পতিব দেবন। উভযে তৃষ্র বলি জানে সর্বাহ্মন।। দোঁহা মাঝে পতিসেবা কঠিন যে হয়। আবো দেখ নারীগণ পতির আশ্রয়।। স্বামী দহযোগে গর্ভ করিয়া ধারণ। দশ মান গভিভার করিয়া বহন।। বহু কটু সঞ্চ করি উচিত সময়ে। 'সস্তান প্রদরি পালে একান্ত হৃদয়ে।। অলৌকিক কার্য্য ইহা নাহিক সংশয়। ভাবিলে মানব হুদে জনমে বিশায়।। যাহা হোক ধর্মতত্ত্ব করহ কীর্ত্তন। ধর্মার্জিতে নুশংসেরা না পারে কথন।।

রা**ঞ্চার** এতেক বাক্য করিযা শ্রবণ। কহিতে লাগিল ভবে মহা তপোধন।। মাতাকে প্রধান গুরু কেই কেই কয়। কেই বলে পিতা শ্রেষ্ঠ নাহিক সংশয়।।

অতি ক্লেশে মাতা করে সস্তান পালন। পুত্র ফাশে পিতা করে তপস্যাচরণ।। কত যাগ কত যজ্ঞ কত অভিচার। নানা মতে কত কট্ট জনমে পিতার ॥ এইকপে কত কষ্ট করিয়া ভুঞ্জন। অবশেষে যবে লভে পুলুৰত্ন ধন।। কিরূপ হটবে পুত্র ভাবিয়া অন্তবে। ব্যাকুল হইয়া পিত! রছে নিরস্তরে।। পিতা মাতা পুল্র হতে করে আকিঞ্চন। यन की हिं दः गवका के बंधा धवम ।। পিতাব মাভার আশা যেই পূর্ণ কবে। প্রকৃত ধর্মজ্ঞ পুল্ল সে জেন সংসারে।। পিভাকে মাণকে ভুষ্ট বাথে যেই জন। हेश्काल প्रकाल खुथी (महे क्रम ।। পরিসেবা ফলে নারী স্বর্গলাভ কবে। কিন্তু যার ভক্তি নাহি পতিব উপরে।। কিব' যজ্ঞ কিবা প্রান্ধ কিবা উপবাস। সকলি বিফল তাব সকলি বিনাশ।। অবধানে মহাবাজ করহ প্রবণ। ষতীব মাহ:ক্রা অ:মি করিব কীর্ত্তন।।

প্ৰভিত্ত ছোপাথান।

কৌশিক নামেতে বিপ্ৰ ছিল এক জন। কবেছিল শাঞ্চোপাঞ্চ বেদ অধায়ন।। একদা ব্রাহ্মণ বৃদি পাদপের মূলে। পড়িতেছিলেন বেদ অতি কুতখলে।। হেনকালে বক এক বদি বুক্ষোপরে। পুরীষ করিল ভ্যাগ বিপ্রের শরীরে।। ভাহা দেখি বি প্রবর আরজ্জ-নয়ন। ক্রোধদৃষ্টে বক প্রতি করেন দর্শন।। অমনি বলাকা পড়ে মরিষা ভূতলে। করুণা জন্মিল দেখি ঋষির স্বস্তুরে ।। কুকাজ করেছি বলি করে অনুভাপ। মনে মনে পাগ ঋষি অনেক সন্তাপ।। অবশেষে গ্রামে যান ভিক্ষার কারণে। 🕿বেশ করেন এক গৃথীর ভবনে।। গৃহিণী ভাহাবে হেরি কহেন বচন। অপেক্ষা করুন ভিক্ষা করি আনয়ন।। এত বলি গৃহমধ্যে প্রবেশ করিয়ে। ভিক্ষাপাত্র ধৌত করে যত্নবর্তী হয়ে।। সহদা ভাহাব পতি করে জাগমন। ক্ষুধায় জলিছে হিয়া মলিন বদন।। পতিরে আগত নারী করিয়া দর্শন। তাঁহাব দেবাতে মন করে নিয়োজন।।

অতিথিরে ভিকা দিতে বাহিবে মা গেল। পতির দেবায় মন নিযুক্ত করিল।। পতিরে নিরথে দেই দেবতা স্মান। অভিরে স্তত তার পতিমাত্র জ্ঞান ॥ কায়মনে পতিমন করয়ে রঞ্জন। পতির উচ্ছিষ্ট করে প্রত্যাহ ভোজন।। পতিসেবা লাগি সতী ভিক্ষুকে ভুলিল। বছক্ষণে ভবে ভার চৈত্না হইল।। বা 🖀 হযে ভিকালয়ে করিল গমন। ষ্মতিথি সবোধে ভারে কহেন বচন।। অতিথি রহিল ছারে নাহি বিবেচনা। কেন মোবে অপেক্ষিতে বলিলে বল না।। শান্তবাকো সতী কহে ওগো তপোধন। অপবাধ হ'ল মম করহ মার্ভিন।। পভিরে দেবতা জ্ঞান করি যে অস্তরে। ভিষেব সেবায রভ আছিলাম ঘরে।। এত শুনি বিপ্র কহে সরোধে তথন। অতিথি ত্রান্সণে তুমি না কব গণন।। বিপ্রগণ অগ্নিতুলা ইহা নাহি জান। পাতিরে করহ ভূমি ওরুতর জ্ঞান।। গৃহত্বের ধর্ম ইহাক জুনাহি হয। দেবভার সম বিশুজানিও নিশচ্য।। ্ষত শুনি সতী কহে **ওচে** তপোধন। আমাবে বলাক।ভলান না কর কথন।। কোধ পবিভাগে কব ওতে মহামতি। বিপ্রেব মাহাত্র্য মম আছে অবগতি ৷৷ বাদাণেব বোষবশে সমুদ্রের জল। অপেয়ে লবণ্ময় হ্যেছে স্কল।। বিপ্রের ক্রোধালি আমি জানি মনে মনে। অভাপি পদীপ্ত আছে, দৃওককাননে।। বাতাপি দানব জীর্ণ অগস্থা করিল। শুন শুন ঋষি আমি জানি হে সকল।। মম অপেরাধ ঋষি করহ মার্জ্জন। পতিদেব। জানি আমি একমাত ধন।। দেবেব অধিক পতি জানি হে অন্তরে। তাই দেবা করি আমি ভক্তি দহকারে॥ বলাকা দক্ষের কথা জানি সেই ফলে। ছাত গ্রব শীঘ্র শাস্ত কর ক্রোধানলে।। ক্রোধেরে পরম শক্র জানিবে যে জন। কোধ মোহ ভাগে করে বেই দাধুজন।। কভু হিংদা নাহি করে কাহার উপবে। **७क्रबान जूष्टे कात धकां छ घा छाता।** অধ্যয়ন অধ্যাপন যজন যাঞ্ন। अहे मदि मन मदि त्राद्ध (यहे छन।।

যথার্থ বাহ্মণ সেই জগত সংসারে। অসভ্য কথন নাহি বিশ্বের অন্তরে।। ধর্মতত্ত্ব স্থত কোধা প্রাচীন-বচন। সভ্যে প্ৰভিষ্ঠিত আহি∗জানে স্ক্জন ।। উহার প্রমাণ শ্রুতি কহিন্তু তোমাবে। ধৰ্মজ্ঞান নাহি তব জানিসু অন্তরে।। ধর্ম মর্ম জানিবারে যদি ইচছা হয়। মিথিলায় যাহ শীজ ওহে মহাশয়।। ধিৰ্মব্যাধ তথা এক নিব্দতি করে। তথা গিয়াধর্মতে জিজনাস তাঁহারে।। সত্যবাদী কিতে ক্রিয় সেই সাধু জন। পিতা মাতা পদদেবা করে **অনুক**ণ।। সেই জন ধর্মতত্ত্ব তোমারে কহিবে। জ্*দি* মাঝে দিব্যজ্ঞান অবশ্য লভিবে।। শতীব এতেক বাকা করিয়া প্রবণ। বিস্ময়ে নিমগ্ন হয় বিপ্র তপে।ধন।। সতীরে প্রশংসা করি লইয়া বিদায়। ব্যাধের উদ্দেশে হরা চলে মিথিলার।।

কৌশিকের নিকট ধর্মবাাধের ধর্মনীতি ও শিষ্টাচারাদি কথন।

কৌশিক পতিবতার মুখে ধর্মব্যাধের কথা শ্ৰবণ কবিয়াতৎক্ষণাৎ মিথিলায় যাত্ৰা করিলেন। তথায় উপনীত হইয়া দেখিলেন, ব্যাধ মাংদ বিক্রয় করিতেছে। বান্দণের আগমনের কারণ জানিতে পারিয়া গাজোখান পূর্ব্বক তাঁহার পুরোবতী হওত কহিল, ছে বিপ্রবর। আমি আপনার আগ্য-মনের কারণ জানিতে পারিয়াছি, পতিব্রতা নারী আপনাকে আমার নিকট প্রেরণ করিয়া-ছেন; অতএব চলুন, আমার গৃহে গমন করি। এই বলিয়া বিপ্র সহ গৃহে উপনীত **হইলে, কৌশিক ভাহার ছাতিথি-সৎকারে** পরম পরিভুষ্ট হইয়া কহিলেন, এরূপে মাংস বিক্রয় করা তোমার ন্যায় ব্যক্তির কর্ত্তব্য নহে। ব্যাধ ঋষির বাক্য শ্রবণ করিয়া কহিল, হে বিপ্রবর! এই মিথিলা নগরীতে কেংই অধর্মপথে পদার্পণ করে না। চতুর্বণই স্ব স্ব স্পাচারবিহিত কার্য্যের স্বয়ন্তান করে। আমি কুলোচিভ নিয়মাতুদারে মাংদ বিক্রয় করি বটে, কিন্তু শ্বয়ং জীব হত্যা বা মাংস ভক্ষণকরিনা। গুরুজনের সেবাই আনার একমাত্র ধর্ম।, স্থামি শাস্ত্রাভুসারে স্ত্রী-দহবাদ কবি এবং সম্ভু দিন উপবাসী থাকিয়া

রাজিতে ভোজন করি। বস্তুত: এইরপেই ক্রমে স্দাচার হওয়া যায়। রাজাদিগের অত্যাচারেই অধ্রের উৎপত্তি হয়। অধর্মই প্রজাবর্গের বিনাশের মূল। আম্পিগের রাজা ধর্মপরা-য়ণ, স্তবাং রাজ্যে কোন বিপদই নাই। কি নিন্দাকারী কি প্রশংসাকারী উভয়কেই আমি বিনয় ছারা শৃস্কুষ্ট করি। কোন ঘটনা-তেই মিয়মাণ হওয়া উচিত নহে; কাম-কোধাদির বশীভূত হইয়া ধর্ম পরিত্যাগ করিবে না; পাপাচরণ করিলে আপনা-কেই বিনষ্ট হইতে হয়। ধর্মের প্রতি অপশ্রদা कतित्व व्यक्तित्व रिनष्टे इहेट इत। पूर्व ব্যক্তি আত্মহাঘা-দোষে নিম্পভ হয় এবং কুত্বিদ্য সর্বতি শোভমান থাকে। কুকর্ম করিয়া অনুভাপ করিলে পাপের হাস হইয়া যায়। শ্রদায়িত ও অস্থাশ্না হইলেই মুক্তির পথ পরিক্ত হয়। লোভই যাবভীয় পাতকের আশ্রয়।

কৌশিক জিজ্ঞাদা করিলেন, কিরূপে শিষ্টাচার-বিষয়ক অভিজ্ঞতা লাভ করিব ? ব্যাধ কহিল, হে দিজোত্য ! যজ্ঞ, দান, ভপদ্যা, বেদ ও সভ্য এই পাঁচটী শিষ্টাচা-রের অবল। স্লাচার-রক্ষণই শিষ্টগণের এক মাত্র চিহ্ন। গুরুদেবা, অফোধ, দান, এই চারিটাও শিষ্টাচারের অঙ্গ। বেদের রহস্য সভা, সভাের রহসা দম, দমের রহসা ভাাগ. এই সমস্ত শিষ্টাচারের লক্ষণ; বস্তুত: ত্যাগের অভাবে দম, দমের অভাবে সভা এবং সভ্যের ভাভাবে বেদ বিফল হয়। বেদার-রক্তন, দাতা, সত্যপরায়ণ ও ধর্মপথের পথিক হইলেই তাহাকে শিষ্ট কহে। নান্তিক, ক্ৰুব, পাপাত্মাদিগকে পরিত্যাগ করিয়া জ্ঞানের আশ্রর ও ধার্মিকের দেবা করিবে। অহিংসা ও সত্যবাক্যই মহৎ উপকারী, স্বত্রাং কায়মনে এই উভয় প্রতিপালন করিবে। পাপান্ধারাই কামকোধাদির বশীভূত হয়, যাহারা ক্রোধশুন্য, নিরহন্ধার, অকপট, শান্ত, मनवी, खक्र मिवांशन, महानिष्ठे, তाइन দিগকে হিংশাদি দোষ আক্রমণ করিতে পারে না। ধর্মপথের পথিকেরাই স্বর্গলাভ করে। বাহারা ক্ষমা, সভা, সরলতা, অহিংদা প্রভৃতি গুণ্সম্পন্ন ভাহাদিগেরই উন্নতি লাভ হয়। কদাচ পরের অনিষ্ট .চিন্তা করিবে ना; मर्कना मान ও मতा कथा कशिरा। अस्तिक वर्णन, (वर्षाफ़ धर्मरे अकु धर्म।

ধাৰ্ম্মিক ৰ্যক্তিরা এইরূপেই শিষ্টাচারের অঞ্ বন্ধী থাকে:

श्रहि:मा ७ हि:मा कथन ।

ধর্মব্যাধ পুনরায় কহিল, হে দিজোভম ! দৈবই বলবান্। আমি মাংস বিক্র ব্যব-শায় পরিভ্যাগে যত্ন করিতেছি বটে, কিন্তু দৈববিজ্পনায় পরিত্যাগে সক্ষম হইতেছি না। বিধিই সকল কার্য্যের মূল। 🏙 ই সকলকে বধ করেন, হত্যাকারী কেবল নিমিত্ত-মাতা। আমরাযে সকল মাংস বিক্রে করি. ভাহা ভক্ষণ ছারা ধর্ম সঞ্চ হয়, কেন না, উহা ঘারা দেবপিতৃ প্রভৃতির পূজা হইয়া থাকে। মহারাজা শিবি সীয় মাংস প্রদান ছারা খুর্গলাভ করিয়াছিলেন। মহানশে প্রতিদিন ছুই সহস্র গোবধ করিতেন। চাতৃশাস্যে পশুহতাক বিধি আছে, শ্রুতিতেও অগ্নি মাংসাশী বলিয়া বণিত। বিশ্বগ্ৰ যভেত সংস্কৃত পভ্ততা করিয়া পুর্ণলাভ করিয়া থাকেন। যেমন ঋতুকালে স্বীর পত্নীতে উপগত হইলে ব্রহ্মচারীর ব্রহ্মচার্য্যের হানি হয় না, মেইরূপ বিধিবোধিত মাংস ভক্ষণেও পাপ জন্মেনা। কিন্তু সৌদাস অভিশপ্ত হইয়াযে মহয় ভক্ষণ করিয়াছি-লেন, তাখা নিতান্ত ম্বণিত। আমি স্বধর্ম জানিয়াই কুলোচিত ব্যবহার পরিত্যাগ করি না, বস্ততঃ স্বক্ষা পরিত্যাগ করিলে অধ্যাহয়। জনাত্বীণ কমফল জনশাই ভোগ করিতে হয়। আমি সতত ওরুজনেব সেবা, অভিথি সংকার, দান, সভা কথন ও ব্রাহ্মণ-সেবাতেই নিরত থাকি। আমার বিবে-চনায় কৃষিকর্ম করিলে হিংদা করা হয়; কারণ লাঙ্গল ভারা কর্ষণকালে বছবিধ অধাণীর প্রাণহত্যা হইয়া থাকে। ত্রীহি প্রভৃতি বীজ-কেই জীব বলা যায়। মহুষোর চরণাঘাতে প্রতিদিন কত শত জীবের প্রাণবধ হইতেছে। অহিংদা পরম ধর্ম বলিয়া কীর্ত্তিত আছে; কিন্তু কে হিংদ। ন। করে ? পণ্ডিতাভিমানীরা ৩০ক-ছনের নিন্দা করে। এই সব কারণেই লোকের নানারপ ধর্মাধর্ম দৃষ্ট হয়।

#### কৰ্মাফিল।

ধর্মবাধ পুনরায় ফহিল, হে দিকোত্ম !

উহার শাখা বছল ও অনন্ত। জীবন-সকট ও বিবাহকাল উপস্থিত হইলে মিথা বাকা কলা তত দোষাবহ নহে; এইৰূপ" স্থল সত্য মিথ্যায় ও মিথ্যা সভো পরিবর্তীত হট্যা থাকে: স্বতরাং সাধারণের হিতকর কাৰ্যাই সভা। শুভাশুভ কৰ্মেৰ ফল অব-শাই কোন না কোন সময়ে ঘটিযা থাকে। মুর্থ ব্যক্তিরা ভাহা না বুনিয়া সময়ে সময়ে দেব-গণকে তিরস্কার করে। পুরুষকারের ফল স্বাধীন হইলে সকলেরই নিজ নিজ প্রবৃতি চরিতার্থ ইইড। কর্মফলে কেই বিনা পরি-শ্রমে অতুল ধনের অধিপতি, কেছ বা বহু পরিশ্রম করিয়াও হীনদশাগ্রস্ত হইতেছে। কর্মফলেই রোগ ভোগ করিতে কাহার আহার-দামগ্রীব অভাব নাই, কেহ বা বছ কটে ভোজন-দ্ৰবা উপাৰ্জন লোক সকল এইরূপেই কর্ম-প্রবাহে পতিত হইয়া পুনঃপুনঃ পীড়িত ও অবসন্ন হইতেছে। কর্মান্ত্রসারেই ফলের বৈষমা ঘটে। জীব নিতাও শবীর অনিতা। মৃত্যু-সময়ে শরী-বের নাশ হয়, কিন্তু জীব জানা দেহ আশ্রয করে। "মৃত্যু হইল" মুর্থেব:ই এরপে বলে, वश्व हः भीरवव विमाम मारे। भीरवत एनश-স্তর গমনকেই পঞ্চ বলা যায়। প্রস্কুত কর্মফলে কেই পুন্যাত্মা কেই বা পাপাত্মা হয়। পুণ্যানগণ পুণ্যোনিতে ও পাপাত্মা-গণ পাপযোনিতে উৎপন্তয়। শুভকর্মকলে দেবত্ব ভভাভত কর্মফলে মহুষাত্র লাভ হয়। অভভ কর্মের ফলে তির্যাক্যোনিতে জন্ম হটয়। থাকে। আলুকর্মবশেই পুন: পুন: নানা যোনিতে জন্ম গ্রহণ করিতে হয। জীবগণ কর্মফলে অহরহঃ সংসাবে পবিভ্রমণ করত নামা কট ভোগ করিতেছে। তপস্য ও যোগাদির ফলে সংপথে মতি জনো। অস্থাবিহীন ব্যক্তির ই স্থ্য, ধর্ম, অর্থ ও পর্গলাভ করেন। জিতেন্ত্রিষ ব্যক্তিরাই কি 🌄 ইহ, কি পর, উভয়লোকে সুথ প্রাপ্ত হয়। প্রজ্ঞাবান ব্যক্তি পৃথিবীতে দোষানির বশী-ভূত হন না। পাপ কর্ম পরিহার কবিলেই সনাত্র ধর্ম ও মোক লাভ করা সায়।

ব্যাধ কহিল, হে ছিজ ় লোভাভিভূত, রাগছেষবিমোহিত ব্যক্তিয় প্রকৃত ধর্মবৃদ্ধি অস্তর্ভিত হইয়া কপ্ট ধর্মে বাদনা জয়ে।

তথন সে কৃটিল আচবণ দ্বাবা আথোশার্জন করে। ক্রমে তাহার মন পাপেই অধিকত্তর রত হইরা উঠে। রাগদোষজনিত অধর্ম তিনপ্রকার; পাপচিস্তা, পাপকথন ও পাপাচরণ। যিনি দোষ বিবেচনা করিয়া স্থণ হঃব শকল অবস্থাতেই সদাচরণ করেন, তাহারই মতি ধর্মের অন্ত্রামী হয়। বিশাগ ইছলোকে মহাভাগ, এ অগ্রভুক্ ও পিতার সদৃশ। স্ক্থা তাহাদের শির্ষাধন করিবে। এই বিশ্ব ব্রমাসরণ; ব্রম্ম আকাশ শভ্তি মহাভ্তায়ক; তাহা হইতে উৎকৃষ্ট আর কিছুই নাই। পঞ্চ্ত, তদীয় পঞ্জণ প্রভৃতি চভুর্কিংশতিগণের মধ্যে কতকগুলি ইন্দ্রিয়াতীত।

কৌশিক পঞ্জুতের গুণ বর্ণনে অনুবে!ধ করিলে ব্যাধ কহিল, হে ছিছসত্তম। শব্দ, স্পূর্ণ, क्रि, रम छ शक्त अहे भी होंगे भृशियौत छन ; শব্দ, স্পর্ম, রূপ ওরস এই চারিটী জলের ভুণ শক্সপর্ণ এরপ এই তিনটা তেকের গুণ; শক ও স্পর্শ, এই তুইটী বায়ুর গুণ ও শব্দ আকাশেব গুণ। জরায়ুজাদি সমস্ত ভূতই একত্র অব-ন্থিতি করে। ভুত সকলেব দেহ লাভে বাসনা হইলেই দেহী দেহান্তব লাভ করে, কিন্তু ভূতেৰ বিয়োগ হয় না। ভাবৰ-জ্ঞানবাপী পঞ্চেতিক ধাতু সর্বতিই দৃষ্ট হয়। ইন্দ্রিয-একে বস্ত ব্যক্ত ও অভীক্রিয় বস্তুই অব্যক্ত বলিয়া কথিত। দেহী ইন্দ্রিয় ধারণ পূর্বক পরিতৃপ্ত হন, তিনি আলাতে বিনীন দকল লোকই দর্শন করেন। তিনি নিরুপাধি-ছেডু ব্ৰহ্ম সদৃশ হইৰা সকল অবস্থাতেই স্কভিতকে দ৺ন করেন, কিন্ত কৰ্মে লিপ্ত হন না। মায়∤-অক ক্লেশ অভিক্রম কবিলেই মোক্ষপদ লাভ ह्य। (इ विश्व ! मकन्हे ज्यमाभूनक, हे क्यिय-দংশমই তপ্স্যা বলিয়া কথিত। ইন্দ্রিধই পর্গ-নরকের হেড়। ইন্সিয় দমনে পর্গ ও ইন্দ্রিয়-পরভন্তে নিবরে গতি লাভ হয়। ইন্দ্রি-য়ের ধারণকেই যোগ বলা যায়। জিভেক্তিয ব্যক্তি পাপে লিপ্ত হন না। পুরুষের শরীব র্থ, আত্মানিয়ন্তা এবং ইন্দ্রিয় অংশেব স্কুপ। সেই অখের দমনে সমর্থ ইইলেই তাহাকে উৎ-কুষ্ট সার্থি বলা যায়। প্রবল বাতাদে বেরূপ নৌকা জলমগ্ন হয়, ইন্দ্রিয়পরতন্ত্র মনও সেইকপ বুদ্ধিকে বিলুপ্ত করে। যাঁহারা এই সকল পর্যালোচনা করিয়া বীতরাগ হইয়াছেন, তাঁহারাই ধ্যানজনিত প্রম ফল লাভ করিতে পারেন।

কৌশিক জিজাবা করিলেন, তে সভম। স্তু, রজঃ ও তমঃ এই গুণতায়ের বিষয় কীর্ত্তস কবিয়া আমার কৌভূহল পরিতৃপ্ত কর। वाधिक दिनः (र. विकारत । प्रताका छन व्यवर्कत, দুমোগুণ মোহান্মক এবং সম্বন্ধণ অভীব প্রতি-ভাত বলিয়া স্ক্রপ্রধান। মহতী বাস্নাশীল, অভিমানী, অস্য়াশূন্য ব্যক্তিবাই রজোগুণ-ইন্দ্রিগপর, মোহাডিভূৰ, বাজিরাই তমোগুণ বিশিষ্ট। ধীর, বিষয়-वामना-मुना, (काथहीन, माञ्च, ष्रश्याविहीन, ধীশক্তিনম্পাল বাক্তিবাই সম্বঞ্জেব আধাব। অন্তঃকরণে বৈরাগ্যের উদয় হইলে চিত্ত প্রাসর ও স্বল হণ, আহম্ভার মৃত্তাব ধারণ করে এবং মানাপমান ভবান থাকে না। সদত্ত শালী ু সুদ্রাণ্ড উচ্চবর্ণর ও ব্লাজ্ঞান লাভ ক্রিকে পাবে।

কৌশিক জিজ্ঞাসা করিলেন, হে সভ্য! প্রণাদিবায় নাড়ীমার্গ আশ্রয় করিয়া কিরূপে দেহচেষ্টা বিধান করে এবং বিজ্ঞানাথা তেজো-ধাত কি কাবণে পার্থিব দেহ অবলম্বন কবিয়া দেহাভিমানী হয় ৪ ধর্মব্যাধ বলিল, ছে দিজ-বর। বিজ্ঞানাথা বহি চিদাঝাকে আশ্রয় পর্বক দেহকে সচেত্ৰ করে। প্রাণ বিজ্ঞান ও চিদা-আরু সহিত সমবেত হট্যা চেষ্টমান হয়। বিজ্ঞা-नावा, हिमाबा ७ शार्वत ममीष्टिक है की वाबा वना गाय। এই कीवाचा है नर्क ज़ाउत टाई, সকলের কারণ ও সকলের উপাদ্য। অপান-বায়ু মুত্র ও মলরাশি বহন করিয়া পরিবর্জিত হয়। উহাই প্রয়ত্ত, কম্মিও বল এই বিষয়ত্রয়ে বিদামান থাকে ? অধ্যাত্মবেলাগণের মতে উহাই উদানবায়ু বলিয়া পরিকীর্ভিত। মন্থবোর সন্ধিতে সন্নিবিষ্ট বায়কেই ব্যান বায়ু কছে। প্রাণাদি বায়ুর' একতা সভ্যর্ধণক্ষমিত উত্মার নাম ষ্ঠরারি। ঐ অগ্নি দারা ভুক্ত বস্তুর পরিপাক হব। ঐ অগ্নির পায়ু পর্যান্ত প্রদেশের নাম অপান। এই অপান হইতে শরীরীগণের व्यानानि वाशु भक्क रकत व्यवाह मक्षां कता। गान्ति वार्यातमा शाक्यती, ऐर्कशंत वारा-শয়। লাভি মধ্যে প্রশ্ব সমূত প্রক্রিটিত।

আগাদি বায়ু ছাবা দেছত নাড়ী প্রেরিত হইয়া অল্রস বহন করে। এই নাডীমার্গ ছারা যোগীগণ বন্ধলাভ করেন। যোগবলে আত্মাকে পরিজ্ঞাত হইতে হয়। জাক্সা বোড়শ কলার অবস্থিত। আত্মা ঈশ্বররণে সকলকে চেষ্ট-মান করেন। অভচানীরা আত্মাকে জীব ও विश्वत व्यापका उदकृष्टे विनिया शास्त्रम । हिर्द्धत প্রসাহা বলে কর্মের বিনাশ পাইলেই ব্রহ্ম-সাক্ষাৎকার লাভ হয়। ক্রোধ ও লোভ বিসর্জনই পবিত্রভার কারণ; তপদ্যা কেবল সেতুপরপ। অনুশংসতাই পরম ধর্ম; ক্ষমা উৎকৃষ্টবল; আবিজ্ঞানই প্রেকৃত জ্ঞান এবং সভাই প্রমোৎকুট ব্রত। বিষয়-বাসনা-রহিত কামনাশ্ন্য ব্যক্তিই প্রেক্ত উলাপীন ও বৃদ্ধি-মান। বিষয়বাদনার্হিত হট্যা ত্রকো যে প্রীতি জমে, তাহারই নাম ব্রহ্মসংযোগ। কাহাকেও হিংদা না করিয়া সকলের দহিত মিত্রতা করিবে। যিনি মুথ চু:খ বিস্ত্রেন পূৰ্বক সকল বিষয়ে নিস্প হ ইইয়াছেন, তিনিই ব্ৰদাভে সমৰ্থন।

ব্যাধ পুনরায় কহিল, হে দ্বিজ্ঞাত্ম। আমি যেরূপ সিধিলাভ করিয়াছি, যদি তাহ। প্রত্যক্ষ করিতে অভিলাষ হয়, তাহা হইলে আমাব সহিত আগমন করুন। এই বলিয়া বিপ্রকে লইয়া অন্ত:পুরে পিতামাতার নিকট গমন করিল। কৌশিক দেখিলেন, ব্যাধের জনকজননী শুভ্ৰবদন পরিধান করিয়া দ্যাসীন রহিয়াছেন। তাঁহাদিগের দেহপ্রভায় চারি দিক সমুন্তাসিত হুইতেছে। বাাধ পিতৃমাতৃ-**Б**त्रत्व क्षवाम कतिरन छाँशावा शूख्य का मीर्का न করিয়া কহিলেন, বৎস ় ভুমি দীর্ঘজীবী হও। ভূমি পরম বাদ্ধান সঞ্য করিয়াছ; পরভ রাম যেরূপ পিতামাতার উপাদনা করিয়া ছিলেন, ভূমিও তজ্রণ আমাদিপের দেবা করিতেছ। আমরা তোমার দেবায় পরম পরিতুই হইয়াছি। ব্যাধ এইরূপে জনকজননীর 🏑 আশীর্কাদ গ্রহণ পূর্বক তাঁহাদিগের নিকট ব্রাহ্মণের বিবরণ বর্ণন করিল। তথন বাাধের জনকজননী ষ্থাবিধি সন্মান পূৰ্বক কৌশি-কের কুশলাদি ভিজ্ঞাসা করিলে, কৌশিকও প্রকৃত উত্তর দিয়া যথাবিধি সম্ভাষণ করিলেন। অনন্তর ধর্মব্যাধ প্রাক্ষণকে সম্বোধন কবিয়া কহিল, হে মহাত্মন !, এই পিতামাতাই আমান

দর্শব ; আমি কায়মনে ইহাদেরই সেবা করি।
বেমন দেবগণ সকলের আরাধনীয় ; সেইরপ
শিভামাতা আমার একমাত্র সেবা; আমি
বাহা কিছু উপার্জন করি, সকলই পিতামাতার
জনা সন্দেহ নাই। আমি কদাচ ইহাদের
প্রতি অপ্রিরবাক্য প্রয়োগ করি না। ইহাদের
প্রতির জনা অধ্যান্ত গানেও আমি বিমুথ
নহি। আমি নিরস্তর নির্লস হইয়া ইহাদের
সেবা করি। পিতা, মাজা, অগ্নি, আ্যা ও
উপদেষ্টা এই পাঁচজন গুরু বলিয়া কীর্তিত।
এই পাঁচ জনেব সহিত সন্বাবহাব কবিলে অগ্নিস্বা করা হইয়া থাকে। এই প্রকারে ধর্ম
রক্ষণই গহীগণের স্ক্রিথা বিধেয়।

ধর্মবাাধ এইরূপে পিতামানার বুড়াভ কীর্ত্তন কবিয়া পুনবায় কহিল, হে ব্রহ্মন। আপনাকে যে সেই পতিব্রতা আমার নিকট পাঠাইয়াছেন, আমি জ্ঞানবলে ভাগা জানিতে পারিয়া আপনাব নিকট ধর্মতত্ত প্রকাশিত কবিলাম: আপনি পিড়ামাভাব অনুমতি না লইয়া বেদাধ্যয়নাৰ্থ নিক্তান্ত স্ভুৱাং আপুনার যাবতীয় ধর্মকমত বিন্তু হইবার উপক্রম হইয়াছে। আপনি অগীতবিদা, অভ এব অবিলম্বে গৃহে গমন পূৰ্বক পিতামাতাব দেবা করুন। ভদ্তির আর উপায় নাই। কৌশিক ৰাাধের বাকা শ্রবণে পরম পরিভুষ্ট হইয়া কছিলেন, হে দত্ম! তোমার উপদেশে আমার অন্তরে জ্ঞানের উদয় হইল। আমি ঘোর নরকে নিমগ হইতেছিলাম, ভোমার কুপায় পরিতাণ লাভ করিলাম। আমি এই মুহুর্ভেই গৃহে গমন পুর্বাক কায়মনে পিতা-মাতার দেবায় নিযুক্ত হইব। এখন একটা কথা জিজ্ঞাদা করি এই যে, দনাতনধর্ম শৃদ্র-জাতির ছজের; স্থতরাং বোধ হইতেছে যে, ভোমার শুদ্রভা প্রাপ্তি বিষষে কোন গুঢ় কারণ আছে; অভএব তাহা বর্ণন করিয়া আমার ্র কৌতৃহল পরিতৃপ্ত কর।

## ব্যধের পূর্ব বুভান্ত।

বাধ কহিল, হে ব্রহ্মন্ । আমি পূর্কজন্ম বিধায় প্রদান করিলে বি ব্রাহ্মণ ছিলাম। এক রাজার সহিত আমার করিলেন। তিনি আ বিলক্ষণ সৌহাদ ছিল। রাজার সহবাসে হইয়া কায়মনে দেবত আমি ক্রমে ধর্মবিশ্যে পাছদশী হই। একদা ! সেবার নিষ্ঠ ইইলেন। রাজার সহিত মুগ্রায় গমন করিয়া মুগ্রোধে

শরক্ষেপ ধারা এক ঋষিকে বিদ্ধ করিলাম।
ঋষি ক্রোধভরে আমাকে 'বাধরূপে খুদ্র-যোনিভে জন্ম গ্রহণ কর্ বলিয়া অভিশাপ প্রদান করিলেন।

হে অক্ষন্। কামি অভিশপ্ত হইয়া বিবিধ স্থাতবাদ ছারা ঋষিকে পরিভূই করিলে তিনি কহিলেন, ভূই ব্যাধরূপে জন্ম গ্রহণ করিয়া পরম ধার্মিক ও জাতিক্ষর হইবি, এবং কায়মনে পিতামাতার ভক্ষা করিয়া অর্গে গমন করিবি। পরে শাপান্তে পুনবায় ব্রাহ্মণকুলে জন্ম হইবে। মুনিবরের এই বাক্যে আমার হৃদয়ে অনেক পরিমাণে আশাব স্কার হইল। ঋষিবর আমার বাণে সংবিদ্ধ হইয়া প্রাণ্ড্যাগ কবেন নাই।

কৌশিক কহিলেন, হে সপ্তম। এইরপেই পর্যায়ক্রমে স্থগহুংগ ঘটিরা থাকে, স্বত্তব ভজ্জন্ত উৎকণ্ঠিত হইও না। স্বাচিরেট ভূমি পুনবায় দিক্ষকুলে স্বতীর্ণ হইবে। ভূমি যদিও শুদ্রকুলে জনিযাছ, তথাপি ভোমাকে আক্ষণ স্থাপ জ্ঞান কবি; কাবণ ব্যবহারেই আক্ষণ ও শুদ্র বলিয়া পরিগণিত হয়।

বাধ কহিল, হে ছিজবর! জ্ঞান ছারা
মানসিক ত্থে ও ঔষধ ছারা শারীবিক ত্থে
বিদ্বিত হয়। জ্ঞারুদ্ধি বাভিন্যাই ত্থে
জ্ঞান্তিভূত হুইবা থাকে। শোক করিলে পরিভাপ ভিন্ন জ্ঞার কিছুই ফল নাই। বাঁহারা
স্থত্থে সমজ্ঞান, ভাঁহারাই যথার্থ স্থানী।
জ্ঞান্তায় জ্ঞান্তি পদার্থ; মুদ্রোই সর্মাণ
অসন্তথ্র থাকে, জ্ঞানীর হুদয়ে কদার্চ জ্ঞানভান পার না। কর্মা করিলে জ্ঞানশাই ফল
ভোগ করিতে হয়, স্ভ্রাং ত্থের সমষ্ঠ প্রদাসানা করিয়া প্রভীকারের চেটা করিতে
হয়। হে ছিল্লা জ্ঞানি এই সম্বেপ্র্যালোচনা
করিয়া শোক বিস্ক্রন দিয়াছি।

কৌশিক কহিলেন, হে ধন্মব্যাধ ! তোমার ন্যায় জ্ঞানী, ধর্মজ্ঞ ও ধীমান্ অতি বিবল । তোমার কল্যাণ হউক, তুমি অভিরেই মুক্তিলাভ করিবে। এক্ষণে আমি বিদায় হই। ব্যাধ আক্ষণের বাক্যে কর্মোড়ে প্রাণাম প্রাক্ বিদায় প্রাদান করিলে বিপ্রাব্য বস্থানে প্রস্থান করিলেন। তিনি অবিস্থে গৃহে উপস্থিত হইয়া কায়মনে দেবভাজ্ঞানে জনকজননীর দেবায় নিযুক্ত হইলেন।

টী (২১) পু১১৯— আমাত্য এবং ভাডো সকলে এইরূপ ব্লিলেও রাজা তুর্ঘোধনের প্রতিজ্ঞা অন্টল রহিল। তিনি বাম্মক্রিয়া পরিহার পূর্বক একাগ্রমনে কুশান্তরণে সমাসীন হইলেন। পাতালবাদী দানবগণ তুর্য্যোধনকে মরণে কুত্নিশ্চয় জানিয়া অথকাবেদবিহিত মন্ত্র পাঠ পূর্বক যঞ্জ আব্রস্ত করিল। যজ্ঞ সমাধান্তে এক দেবতা জুতীণ করিতে করিতে ভথায় আবিভূতি চইয়া দানবগণের প্রার্থনাত্র-সারে নিমেষমধ্যে তুর্য্যোধনকে তথায় আন-য়ন করিলেন। দানবগণ তুর্ঘোধনকে পাইয়া স্মান করত কহিল, হে মহারাজ ৷ আপনি মহাবলপরাক্রাজ্ হইয়া কেন আল্লহভ্যায উদোগী হইরাছেন? আত্মহত্যা মহাপাপ, আপনার শরীর মানবশরীর নতে। ভগবান ভবানীপতি ও পাৰ্কণী আপনাকে নিৰ্মাণ করিয়াছেন। আপনার শরীরের পূর্বাদ্ধ বজ-সমষ্টি দ্বারা ও পশ্চিমার্দ্ধ পুষ্পা দ্বারা নির্মিত। ভগদত প্রভৃতি মহাবল রাজাবা আপনাব শক্রগণকে নির্দান করিবেন। আপনার কিছু-মাত্র ভয় নাই। স্থাপনার পক্ষীয় রাজগণের দ্ঢ প্রতিজ্ঞা দেখিযা পাণ্ডবেরাও যুদ্ধে বিমুখ হটবেন না, স্বরোং ভাঁহাবা ভীন্মাদির হতে নিহত ইইবেন। আপনার পক্ষীয় রাজ-গণেৰ শ্ৰীৰে দানবৰণ व्यविष्टे इहेरव। নবকাস্থর কর্ণরূপে জন্ম গ্রহণ করিয়াছেন। ইন্দ্র কর্ণের কুণ্ডল ও কবচ হরণ করিবেন। সেই জন। আমরা সংস্পুক নামক দানব নিযুক্ত রাখিযাছি। আপনি শোক পরিত্যাগ कक्त। मानवशन प्रश्लीधनक প্রােধবচনে স্থির কবিলে পূর্ব্বোক্ত দেবতা ভাঁহাকে পুনরায় যথাভানে রাথিয়া বিদায গ্রহণ করিলেন।

টা (২২) পৃ ২২৮—ম্লে স্পষ্টই লিখিত আছে যে, ত্র্কাসা শিষাগণ সহ আনার্গ দেবনদীতে গম্ন করিয়াছিলেন। আনাজে পরস্পাব সাম্রস উপনার অবলোকন করিয়া তথা
হইতে পলায়ন করিলেন। কিন্তু মহাত্মা কাশীরাম দান লিখিযাছেন যে, মহবি ত্র্কাসা শিষ্যগণ সহ পাণ্ডব সকাশো সমাগৃত হইয়া চর্কা চ্যা
প্রভৃতি নানাবিধ দ্রব্য ভোজন করিয়াছিলেন;
শীর কল্পনার ইহাৰণ্ন করিয়াছেন সন্দেহনাই।

টা (২৩) পু ১৪৭— দৈভ্যপ্সবর হিরণ্যকশিপু

বছ সম্বংসর কঠোর তপ্স্যাচরণ দারা ব্রহ্মাকে শরিভূষ্ট করিলে প্রজ্ঞাপতি তৎসকাশে আবি-ভুতি হইয়াকহিলেন, ছে দৈত্যরাজ ! ভোমার দারুণ তপশ্চরণে আমার পরম প্রীভিলাভ হইয়াছে, তুমি বর প্রার্থনা কর। হিরণ্যকশিপু পিতামহকে প্রণাম করিয়া অমর বর অধার্থনা করিল। ব্রহ্মাকছিলেন, দৈত্য-রাজ ! আমি অমর বর প্রদানে অক্ষম, এতদাতীত ভূমি যাহা প্রার্থনা করিবে, আংমি অবিচারিভমনে তাহ:ই প্রদান করিব। হিবণাকশিপু কহিল, হে ভগবন ! আমাৰ অভি প্ৰসন্ন ইইয়া থাকেন, ভাহা হইলে এই বর **প্রদান করুন্**যেন, পুরাপুর, মানব, দানব, রহক, পিশাচ, পশু, কীট, প্ৰজ, পক্ষী ৰুভৃতি কেইই আমাকে বধ করিতে ন। পারে; আবার কি আঙ্গে, কি শক্তে, কি গৃহে, কি বাহিরে, কি পথে, কি ঘাটে. कि मार्ट, कि खरन, कि इरन, कि मृर्छ, कि অগ্রিতে, কি অনিলে আমার মৃত্যুনা ঘটে। ব্ৰহ্ম। দৈভোর তার্থনায় তথাক্ত বলিযা প্রদান পূর্বক হিরোহিত ইইলেন। কারণেই ভগবান নৃসিংহ মূর্ণ্টি পরিএহ করিয়া উরুদেশে ভাপন পূর্বক হির্ণাকশি-পুকে সংহাব কবেন।

টী (২৪) পু ১৪৯— মহাত্মা ৺ কাশী বাম দাস রাবণাদি আতৃত্ত্রকে নিক্ষার গভিষাত বলিয়া বর্ণন করিয়াছেন, কিন্তু মূলগ্রন্তে অভ্নত রূপ বর্ণিত আছে; আমরা তাহার অভ্নাদ এই স্থানে প্রকাশিক করিলাম।—

বৈশ্রবণ পুলস্তানন্দন বিশ্রবার পুল। বৈশ্রবণ লক্ষাপুরে অবস্থিতি করিতেন। তিনি পিতার পরিচর্ঘার নিমিত্ত পুল্পোৎকটা, রাকা ও মালিনী নান্নী তিনটী রাক্ষণীকে নিযুক্ত করেন। বিশ্রবার কুপায় পুল্পোৎকটার গর্ভেরাবণ ও কুন্তকর্ণ, মালিনীর গর্ভে বিভীষণ এবং রাকার গর্ভে থর ও শুর্পনিথা জন্ম গ্রহণ করে। একদা বৈশ্রবণকে পিতার সহিত একত্র সমাসীন দেখিয়া রাবণাদির মনে ঈর্ধার উদ্রেক হয়। তথন তাঁহারা উপ্লতি কামনায় তপোন্মগ্রহুয়া ব্রহ্মার জ্বাহাধনা করিতে লাগিলেন। সহত্র বৎসর তপদ্যার পর রাবণ স্থীয় শির্কাত্রকা করিয়া ত্রেক্ষা ত্রাভাতি প্রদান করিক্রা ত্রেক্ষা ত্রাহার জাত্তি প্রদান করিক্রা ক্রাহা ত্রাহার ভ্রাহাতি প্রদান করিক্রা ত্রেক্ষা ত্রাহার পর রাবণ স্থীয় শির্কার পর রাবণ স্থীয় শির্কার পরিক্রা ত্রাহার পর হারণ স্থীয় শির্কার করি ত্রাহার ভ্রাহার স্বিত্র প্রাহাত প্রদান করিক্রার ভ্রাহার ভ্রাহাত হুইয়া তৎশক্ষাশে

আবিভূতি হইলেন এবং দকলকে মনোমত বর প্রদান পূর্বক রাবণকে কহিলেন, ভূমি সীর্ মন্তক ছেদন পূর্বক অগ্নিতে আছতি প্রদান করিরাছ, ডজ্জন্য জোমার যত ইচ্ছা তত মন্তক হইবে; কিন্তু ভাছাতে ভোমার আকৃতি বিরূপ হইবে না। ব্রহ্মা এই বলিয়া অন্তহিত হইলেন।

টী (২৫) পৃ১৫০—
বশিষ্ঠ বিচারি মনে কছে তার পর।
হের হের মহারাজ কৌশল্যা-কোভর।
জাবগণ হেরি হবে আনন্দিত চিতে।।
ইহারে হেরিয়া মন লভিবে রমণ।
এ হেডু 'জ্রীরাম' নাম হইল স্কুজন।।
কৈকেয়ী-কুমার-মশে ভরিবে জগত।
এ হেডু ইহাব নাম রাথহ 'ভবত'।।
স্লেজণে স্থলজিত স্মিলানন্দন।
যমজের জ্যোষ্ঠ তাই নামেতে 'লক্ষণ'।।
কনিষ্ঠ নাশিবে রণে আরতিব দল।
এ হেডু 'শক্রেম্ব' নাম শুন নুপবর।।

টী (২৬) পু ১৫০ — রাক্ষসরাক দশাননের প্রপীড়নে ত্রিজ্গৎ প্রপীড়িত ও উদ্বেজিত হইলে দেবদেব সনাতন বিষ্ণু ভালাকে নিহত কবিবার বাসনায় দশরথের পুত্ররূপে অবতীর্ণ ছইতে মানস করেন। ইত্যবসরে এদিকে অযোধ্যানাথ মহাবল দশর্থ পুত্র কামনায় পুতেষ্টিযাগের অনুষ্ঠান কবিলেন। ষথাবিধি যক্ত পরিসমাপ্ত হইবামাত্র অভ্যুজ্জল নিব্যতেজা এক মহাপুক্ষ দহদা পায়দপূর্ণ প্রবিপাত্র হস্তে যজ্ঞীয় ছতাশনগর্ভ হইতে সমুখিত হইয়া দশরথকে সম্বোধন পূর্ব্বক কহি-হে রাজন্। আমি প্রজাপতির আদেশে আপনার নিকট সমাগত হইলাম। আপনি এই পায়স এংণ পূর্বক আপনার মহিধীগণকে প্রেদান করুন্। এই পায়স দেবন করিলেই মহিধীগণ অচিরে গর্ভবতী হুইয়া আপনার চির-মনোর্থ স্থানিদ্ধ করি-বেন। দিবা পুরুষ এই বলিয়া তৎক্ষণাৎ অন্তর্হিত হইলেন। তথন দশর্থ শ্রীভি-বিক-সিত-নেত্রে মনের আনন্দে সেই পারসের অদ্বাংশ কৌশল্যাকে ও অপরার্দ্ধ কেকর নন্দি-नीक मधर्मन कतियान। व्यवस्थाय कोण-ল্যার অংশের জ্জাংশ ও কৈক্যীর ভাংশের আছি।ংশ অংমিত্রাকে প্রাণত্ত হয়। এইরূপে মহিবীতয়ই সেই দিব্য পায়ৰ লাভ কয়েন।

টী (২৭) পৃ ১৬৪—সাবিত্রী প্রতাহই খামীর মৃত্যুর দিন গণনা করিতেন। সত্যবানের মৃত্যুর চারিদিনমাত অবশিষ্ট থাকিতে সাবিত্রী তিবাত্ত-ব্রত অবলম্বন করেন, এই জন্যই তাহাকে, উপবাস করিতে হইয়াছিল।

টী (২৮) পৃ ১৮০— মহাত্মা কাশীরাম দাশ
এই স্থলে ধর্মের চারিটী মাত প্রশাের উল্লেখ
করিয়াছেন, কিন্তু ধর্ম এই কয়টী বাতীত
আবও অনেকগুলি প্রশা জিজ্ঞাসা করেন।
আমরা মূল হইতে সেই গুলির অন্তবাদ এই
স্থলে প্রকাশিত করিলাম:—

যক্ষরপী ধর্ম বিজ্ঞাসা করিলেন, কে আদিত্যকে উন্নত করেন ? তাঁহার চারিদিকে কাহার। আছেন ? কে তাঁহাকে অন্তমিত করেন ? কোথায় তিনি প্রতিষ্টিত ? কিনের ধারা শ্রোতিয়ত, মহত, পুত্র ও বুদ্ধিলাভ হয় ? বাহ্মণগণের দেবভাব, সাধুধর্ম ও মন্ত্রাভাব কি এবং কিরূপ ভাবই বা অসাধুভাব ? আর ক্ষত্রিয়গণের দেবভাব, সাধুভাব ও অসাধুভাবই বাকি ?

বৃধিষ্ঠির কহিলেন, ব্রহ্মা আদিত্যের উন্নতি-বিধাতা; স্থ্ৰগণ আদিত্যের চতুর্দিকে থাকেন; ধর্ম তাঁহাকে অন্তমিত করেন এবং তিনি সভো পাতিষ্ঠিত। শুতি দারা শ্রোতি-রত্ম, তপদ্যা দারা মহত্ম, যজ্ঞ দারা পুত্র ও রুদ্ধের ভূশ্রধা দারা বৃদ্ধিলাভ হয়। বেদাধ্যয়ন বিপ্রগণের দেবভাব, তপশ্চরণ সাধ্ধর্ম, মৃত্যু মন্থ্যভাব ও পরীবাদ অসাধ্ভাব। অস্কভাব ক্ষতিয় সমূহের এবং দেবভাব, যজ্ঞ সাধ্ভাব, ভীতি মন্থ্যভাব আর পরিত্যাগ অসাধ্ভাব।

ধর্ম পুনরায় জিজাসা করিলেন, হে
রাজন্! যজীয় সাম ও যজু কি ? কে যজকে
বরণ করে ? যজ্ঞ কে:ন্ ব্যজিকে অভিবর্তন
করে না ? আবপনকারী, নিবপনকারী,
প্রভিষ্ঠমান ও প্রস্বকারী ইহাদিগের কি কি
প্রধান ? কে ইন্দ্রিয় সুথ বোধে সক্ষম, সুবুজি,
পূজ্য ও সর্ক্রমত হইবা জীবন থাকিতেও
মৃতবং ? কে পৃথিবী অপেক্ষা ওরতর ? কে
আকাশ অপেক্ষা উচ্চতর ? কে বারু অপেক্ষা
স্ক্রগামী ? কাহার নংখ্যা তৃণ অপেক্ষা বহু ?

কে চক্ষু চাহিয়া নিজা যার ? জন্ম গ্রহণান্তে কে নিজাল থাকে ? কে হাদয়শুন্য ? কে বেগে বর্দিত হয় ? কে কে প্রবাসীর, গৃহীর, জাতু- রের ও মুম্বুর মিত্র ? কে সর্বাভ্তর অতিথি ? সনাতন ধর্ম কি ? অমৃত কি ? ভগৎ কি ? কে একাকী থাকে ? কে বার বার জন্ম লয় ? হিমের ঔষধ কি ? শ্রেষ্ঠ বপনক্ষেত্র কি ? ধর্মের, যুশোর, স্থর্গের ও স্থের জাশ্রায় কি কি ? কে মানবের জাল্মা ? কে দৈবস্থা ? উপদীবিকা ও শ্রেষ্ঠ জাশ্রার কি ?

যুধিষ্টির কহিলেন, কাণ ও মন যজীয় সাম ও যজুঃ; ঋক যজতকে বৰণ করে; যজত তাহারে অভিবর্তন করেনা। বৃষ্টি আবপন-কাগীর, বীজ নিবপনকারীর, ধেলু প্রতিষ্ঠ-মানের ও পুত্র প্রস্বকারীর শ্রেষ্ঠ। দেব, অতিথি, ভূতা, পিতৃ, আত্মা ইহাদের নির্কা-পণ না করিলেই দেই ব্যক্তি জীবিতে মৃত-বং। পৃথিবী অপেকা মাতা গুরু, আকাশ অবেকা পিতা উচ্চ, বায়ু অবেকা মন জ্বতগামী, তৃণ অবেক্ষা চিন্তা বহুতর। মৎসা নিদ্রিভ হইলে নয়ন মুদ্রিত করে না, অন্ত জिमाशा निष्णिन थाकে, পावालित क्षत्र नाहे, ও নদী বেগে বর্দ্ধিত হয়। সঙ্গী প্রবাসীর, জী গৃহীর, চিকিৎসক আতুরের এবং দান মুম্রুব্ডিকর মিতা। অসগ্লিকলের অতিথি, জানযোগ স্নাত্ন ধর্ম, জল ও যজ্ঞশেষ অমৃত এবং বায়ুই নিথিল বিখ। সুষ্ঠ একাকী ভ্রমণ করেন, চল্লের পুনঃপুনঃ জন্ম হয়, হিমের ঔষধ অগ্নি এবং বস্থারাই এক-মাত্র বপনক্ষেতা। দাক্ষা ধর্মের আংশ্র এবং দান যশেব, সভা স্বর্গের ও সচ্চরিত্রতা স্থার আশ্র। পুত্রই মনুষোর আ্রা, স্ত্রীই দৈব স্থা, মেম্ব উপজীবিকা এবং দানই একমাত্র আধায়।

যক্ষরণী ধর্ম পুনরায় জিজ্ঞাদা করিলেন, হে রাজন্! ধন্যের মধ্যে, ধনের মধ্যে, লাভের মধ্যে এবং স্থাধের মধ্যে কি কি শ্রেষ্ট ? শ্রেষ্ট ধর্ম কি? কোন্ ধর্ম দতত ফগপ্রদে? কাহারে সংযত করিলে শোক দূর হয় ? কাহার দহিত দন্ধি করিলে ভাহা জার ভঙ্গ হয় না? কি কি ভ্যাগ করিলে প্রিয়, শোক নাশ, জর্মলাভ ও স্থ্যলাভ হয় ? কিপ্রে, ন্রুক্, ভুলা ও নরণতি, ইংাদিগকে

দান করিবার প্রয়োজন কি ? মানবগণ কাহার হারা আবৃত ও অপ্রকাশিত থাকে ? কি কারণে মিত্রকে ত্যাগ করে এবং কি কারণেই বাস্বর্গে গমনে অক্ষম হয় ? কাহাকে মৃত পুরুষ, কাহাকে মৃত রাজ্য, কাহাকে মৃত শ্রাদ্ধ এবং কোন যজ্জকে মৃত কছে? দিক্, জল, অল্ল, বিষ এবং শ্রাদ্ধের সমস্ন কাহাকে বলা যায় ? তপ, দম, ক্ষমা ও লক্ষা এই সকলের লক্ষণ কি ? জ্ঞান, সম, দয়া এবং আর্জ্জব কাহাকে বলে ?

সুধিষ্ঠিব কহিলেন, দাক্ষা ধনোর, শাস্ত ধনেব, আরোগা লাভের এবং সভোষই সুথেব মধো শ্রেষ্ঠ। অনুশংসভা শ্রেষ্ঠ ধর্ম, বৈদিক ধর্মই সভত ফলপ্রদ, মনকে সংঘর্ত করিলে শোক দ্ব হয় এবং সাধ্র সহিত সহিদ্ধ বন্ধ হইলে আনুর তাহা ভক্ক হয় না। অভিযান ভাাগে প্রিয়, ক্রোধ ভ্যাগে শোক নাশ, কামনা ত্যাগে অব্থ লাভ এবং লোভ ত্যাগে স্থথ প্র: প্রি হয়। ধর্মের জন্য ব্রাহ্মণকে. যশের জন্য নট ও নর্ত্তককে, ভরণের জন্য ভূচ্যকে এবং ভয়ের জন্য নৃপতিকে দান করে। মানবগণ অভজানে আবুত ও তমে। দারা অপথকাণিত থাকে, লোভ হেতু মিতকে ত্যাগ করে এবং সঙ্গলোষে স্বৰ্গ গমনে অক্ষম হয়। দরিদ্র পুরুষ, অরাজক রাজা, শ্রোতিষ শ্ন্য প্রান্ধ এবং দক্ষিণা শ্ন্য ষজ্ঞ मृতবং। माधु नमृह निक, গগনমঙল छल. ধেনুই অনু, প্রার্থনাই বিষ এবং বিপ্রই শ্রাদ্ধের সময়। अधार्य व्यञ्जगमनहे जैनाना, माना-নিগ্ৰহই দম, দ্বদুহিফুতাই ক্ষম এবং क्यकार्सा विव्रत्किहे मञ्जा करहा ख्यार्थ বোধকেই জ্ঞান, মনের প্রশাস্ত ভাবকেই শম, সাধারণের সুখেচ্ছাকেই দয়া এবং সহিষ্টা-কেই আৰ্জ্বকহে।

ধর্ম জিজ্ঞাসা করিলেন, তৃর্জ্জর শক্ত কে প কোন্ ব্যাধিকে অনস্ত বলা যায় এবং কে কে সাধু, কেই বা অসাধু? মোহ, মান, আলস্য, শোক, স্থৈয়, বৈর্য্য, স্লান ও দানের লক্ষণ কি? কাহাকে পণ্ডিত, কাহাকে নান্তিক, কাহাকে মুর্থ, কাহাকে কাম, কাহাকে মৎসর, কাহাকে অহস্কার, কাহাকে দন্ত, কাহাকে দৈব্য এবং কাহাকে পৈশুন্য কহে? পরস্পার বিরোধী দন্ত, অর্থ ও কামের কি রূপে একত্র সমাবেশ হঙ্গ কোন্ কর্মণে জ্জর নরকে পতি হইলা থাকে ? কুল, বুতা, ও শ্রুতি ইহার মধ্যে কোন্টী বাজা-ণ্ডেব হেডু ?

যুধিষ্টির কহিলেন, কোধ তুর্জয় রিপু, লোভ অন্ত রোগ, সকলের হিতকারীই সাধু এবং নির্দয় বাক্তি অসাধু বলিয়া গণা। ধর্মতত্ত্বের অনভিজ্ঞতা যোহ, আত্মাভিমানই মান, ধর্মের ष्यञ्चीतरे षानमा এवः ष्रकातरे বলিয়া গণা। স্বধর্মের স্থিরভাকে স্থৈয়, है खित्र ममनरक रेथरी, मरनामा निराप्तरक স্নাম এবং জীবগণের রক্ষাকে দান কচে। ধর্মজ্ঞকে পণ্ডিত, মুর্থকে নাল্ডিক, নান্তিককে মুর্গ, সংশারহেতুকে কাম এবং সৃদয়ের সম্ভাপকেই মৎসর বলা যায়। অভয়েনই আহম্বার, ধর্মধ্বজের উল্লমন দস্ত, দানের ফল দৈৰা এবং পরের উপর দোষার্পণ্ট পৈঞ্ন্য। ধর্ম ও ভার্যা প্রস্পর বশবভী ইইলে ধর্ম, ভাৰ্য ও কাম ইহাদের একত সমাবেশ হয়। যে বেদ, ধর্মণাস্ত, ত্রাহ্মণ, (मवट्रा ७ পৈতৃক ধর্মকে মিখ্যা বলিয়া প্রতিপাদন करव, रा मान कतिवात खना ব্রাহ্মণকে আহ্বান করিয়া শেষে প্রত্যাথ্যান করে, ভাহারই অক্ষয় নরকে বাদ হয়। কুল, খাখায় ও জাতি ইহাতে ত্রাহ্মণত হয় না; একমাত্র বৃত্তই ব্রাহ্মণছের কারণ।

ধর্ম জিজ্ঞাসা করিলেন, প্রিয়বচনে, বিবে চনা নহকারে কার্যা করিলে, বহু মিত্র হইলে এবং ধন্মে অনুরক্ত থাকিলে কি কি লাভ হয় ?

যুধিষ্টির কহিলেন, প্রিয়ভাষী বাজি সক-লের প্রিয় হয়; বিবেচনা সহকারে কার্যা করিলে জ্বয়লাভ করা যায়; বছমিত্র থাকিলে স্থাথ বাস কর। যাইতে পারে আব ধর্মান্থ-মুক্ত বাজি স্পাতি প্রাপ্ত হয়। গক্ষ কহিলেন, তুমি আমার সকল প্রশ্নে রই উত্তর প্রদান করিয়াছ, এক্ষণে পুরুষ কাহাকে বলে ও স্কাপেকা; ধনী কে, বল।

যুধিষ্টির কহিলেন, পুণাকর্ম বশে মহুদোর
নাম স্বর্গ স্পর্শ পূর্বক ভূমওলে পরিবাপ্ত হয়।
যাবৎ সেই নাম বিজমান থাকে, ভাবৎ ভাহাকে
পুক্ষ বলা যায়ু। কি সুথ, কি ছুঃথ, কি প্রিয়,
কি অপ্রিয় সকল বিষয়ে যে সমান জ্ঞান করে,
ভিনিই সর্বাপেক্ষা ধনী।

যক্ষরণী ধর্ম এইরপে সকল প্রশার যথাযথ উত্তর প্রাপ্ত হইয়া পরম প্রীতিলাভ করিলেন এবং কহিলেন, হে রাজন্! ভোমার
ইচ্ছাত্মগরে ভোমার প্রাতৃগণের মধ্যে একজন
মাত্র জীবিত ইইবে গ

টা (২৯) পু ১৮৩-– যক্ষরণী ধর্ম বলি-লেন, হে মহারাজ! এই মহাবল বুকোদর ভোমার একমাত্র প্রীতিপাত্ত; অর্জ্জুনও ভোমা-দিগের একমাত অবলখন স্থল। অভএব ইহা-দিগকে পরিত্যাগ করিয়া ভূমি বিমাতৃপুত্র নকু-লের জীবন প্রার্থনা করিতেছ কেন? যাহার ভরে দ্যাগরা মেদিনী বিকম্পিতা হয়, যিনি দশ সহজ্র মত মাতকের বল ধারণ করেন, ্দই ভীম্পেনে জীবিত করিতে ভোমার বাসনা **इहे** (इ.स. १ कि आफ्रां! कि प्रार्श. কি মর্জ্যে, কি পাতালে সর্ববিত্রই যাহার বাছৰলেব ভূষদী প্রশংসা ভনিতে পাওয়া যায়, সেই বীর-বর ধনজয়কে পরিত্যাগ করিয়া নকুলের জীবন প্রার্থনা করিতেছ কেন ? এইরূপে ধর্ম নানা-রূপ ছলনা করিয়া অবশেষে স্কলকেই জীবিত করিয়া দিলেন।

# ভারত-রত।

অৰ্গ্

मिंगिक, मिंगिक, सूमश्कुल, मण्यूर्व

## অফাদশপর মহাভারত।

>0000000000

মহর্ষি কৃষ্ণদৈপায়ন বেদব্যাস-প্রণীত

মূল সংস্কৃত হইতে
সুধীবর কাশীরাম দাস মহোদয় কর্তৃক

সরল বিশুদ্ধ পদ্যে অনুবাদিত।
বিরাটপার্ষ।

ণুভন সংস্কৰণ।

সনাতন হিন্দুধর্মোৎসাহী
মহাত্মা শ্রীযুক্ত বাবু নন্দলাল দে মহাশ্রের
উৎসাহে, উদ্যোগে ও অর্থ সাহায্যে
দৈ এণ্ড ব্রাদার্স কর্তৃক প্রকাশিত।

हिन्दु एक्षम।

৬১ নং আহীরীটোলা দ্বীট — কলিকাহা শ্রীমহেন্দ্রনাথ দে দ্বারা মুদ্তিত। ১২৯৬।

## বিরাটপর্বের স্চীপত্র।

<b>C</b> -	٠	_	
বিষয়	श्रुष्ठा ।	বিষয়	পৃষ্ঠা।
ব্যাস-বৰ্ণন	೨	অর্জুনের রণসজ্জা	8 2
পঞ্চ পাণ্ডবের অজ্ঞাতবাসের মন্ত্রণা	ঐ	ত্র্যোধনের বক্ত্তা	88
পঞ্চ পাণ্ডবের বিরাট-সভায় প্রবেশ	٩	কর্ণের আত্মসার্ঘা	ঐ
বিরাটপুরে দ্রোপদীর প্রবেশ ও বিরাট	রাণীর	ক্লপাচাৰ্য্যের ৰক্তৃতা	8 €
সহিত কথোপকথন	6	অখথামা কর্তৃক কর্ণের ভৎ সনা	4
দ্রৌপদীর রূপ-বর্ণন	(A)	দ্রোণের সহিত কর্ণের বাগ্বিতভা ও ভী	
দ্রোপদীর দহিত স্থদেষ্ণার কথোপকথ	ন ১০	কর্তৃক সাম্বনা	85
শক্ষৰ যাতা ও ভীমের মলযুক	2.2	অর্জুনের যুদ্ধে আগমন ও গোধন	
দৌপদীর সহিত কীচকের সাক্ষাৎ ও		মোচন	89
মিলন বাঞ্।	2 5	অর্জুন কর্তৃক উদ্বরের নিকট কুরু দৈন্যে	-
ভীমের দহিত দ্রৌপদীর কীচক-বধেব		পরিচয় প্রদান	
মন্ত্ৰণা	3 %	অর্জুনের সহিত কর্ণের সংগ্রাম ও পলায়	
কীচক-বধ	24	সংগ্রামন্থলে দেবগণের আগমন	(2)
কীচকের শবদাহে তাহার উনশত ভাত	ার	অর্জুনের সহিত কুপাচার্য্যের যুদ্ধ ও	
মৃত্যু ও দাহ	٠ ٥	প্ৰায়ন	6.9
.দ্রাপদীকে দেথিয়া <b>পুরজনের ভ</b> য়	52	দ্রোণাচার্য্যের যুদ্ধ ও পরাভব	رقم)
পাওবারেণার্থ তুর্যোধনের চর প্রেরণ	२२	ত্য খ্যামার যুদ্ধ	« ๖
.গাএহার্থে সুশ্রা রাজার যাতা	₹ α	কর্ণের পুনঃ যুদ্ধ ও পলায়ন	<u></u>
ভীম কত্তক স্থান্ধার পরাজ্য ও বিবাটো	<i>ই</i> র	ভীমের যুদ্ধ ও পলায়ন	٥ <b>٢</b> -
বন্ধন মুক্তি	<b>२</b> 9	তুর্ব্যোধনের সহিত অর্জুনের <b>যুদ্ধ</b> ও কুরু	_
উভর গোত্তি কুক্রদৈন্যের গমন ও		হৈন্যের মোহ	৬٠
গোহরণ ৾	২৮	রণভূমে চামুণ্ডার আগেমন	৬১
কুক্টেশন্যের সহিত মুদ্ধে উ্তবের গমন	٥)	इर्थ्याथरावत मुक्छे छ्लम ७ क्करेनराव	
অর্জ্যনের প্রতি কৌরবদিগের অনুমান	७२	নানা হুরবস্থা	७२
উত্তরের ভয় ও অর্জুন কর্তৃক আখাস	99	শমীরুক্ষতলে অর্জুনের পর্কাবেশ ধাবণ	હક
কৌববগণের জর্জ্যনবিষয়ক পরস্পর ভ	ৰ্ক ৩৪	বিরাট রাজার অগৃহে আগমন ও যুধিটিরে	ৰ ব
ভাৰ্জ্যনের সহিত উত্তরের শ্মী <b>রক্ষ নিক</b> ৌ		সহিত পাশাকীড় <u>!</u>	<b>(</b>
গ্নন ও উত্রের <b>অস্ত্র-বিষয়ে প্রেশ</b>	૦૯	বিরাট রাজার নিকট উত্তর গোগ্রংের যু	<b>ৰ</b>
অর্জুনের দশ নামের কারণ ও গান্ধারী	<b>স</b> হ	বিবরণে উভরের কল্পিত বচন	৬৭
কুন্তীৰ শিবপূজা ল <b>ই</b> য়া বিবে <b>াধ</b>	গ্ৰ	বিরাটের সিংহাসনে যুখিটির বাজা হওন	,
অর্জুনের বীভৎস্থ নামের বিববণ	৩৯	অজ্ঞাতবাস মোচন ও বিরাটেব সহি	
তা স্মণ-মাহাত্ম্য	8 0	পরিচয়	à
অত্যুনের ক্লীবল্বের বিবরণ	87	উত্রার সহিত অভিমন্নার বিবাহ	93



इ्कटेमना पृथ्के উত্তরের ভয় ও অর্জুন কর্তৃক আশাদ।

ব্যস্ত হয়ে রাজস্মত অর্জ্নেরে বলে। কেমনে চালাহ রথ কোথায় আনিলে ?

কহ বৃহন্নলে ! কিবা তব মনে আদে। তবু রথ রাগিয়াছ কেমন দাহদে ?





## বিরাটপর্ব।

2/2

"নাবায়ণং নমস্কৃত্য ন্রকৈব নরোভ্যং। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জ্য়মুদীরয়েও।।"

## ব্যাস-বর্ণন।

বন্দ মহামুনি ব্যাস তপস্বিতিলক। মহামুনি পরাশর ঘাঁহার জনক॥ বেদশান্ত্র-পরায়ণ শুদ্ধবৃদ্ধি ধীর। নীলপাম আভা জিনি কোমল শরীর।। কনকাভ জটাভার শিরে শোভা করে। প্রচণ্ড শরীর পরিধান বাঘায়রে।। नम्रन यूनन मी थ फ़ेड्यून मिहित। পদযুগে কত মণি শোভে নথশির।। ভাগবত ভারতাদি যতেক পুরাণ। যাহার কমলমুখে হয়েছে নির্মাণ।। জ্বীক্লফের লীনা স্থার বেদ চারি খান। খক যজু সাম আর অথর্ক বিধান।। মৎস্তৰ্ণন্ধাগৰ্ভে যাঁৱ দ্বীপেতে উৎপত্তি। ুবাল্যকালাবধি যাঁর তপস্থা সম্পত্তি ॥ প্রণতি করিয়া তাঁর চরণপঙ্কজে। পরম আনন্দে কাশীদাস সদা ভজে।। বেদ রামায়ণ আর পুরাণ ভারতে। লিখিতে যতেক তীর্থ আছে ত্রিজগতে॥ সর্কশাস্ত্র বিচারিয়া বুঝা পুনঃপুনঃ। আদি অন্ত অভ্যন্তরে গাঁথা হরিগুণ।।

## পঞ্চ পণ্ডিবের অজ্ঞাতবাদের মন্ত্রণা।

জন্মেজয় বলে কহ শুনি তপোধন। ছুর্য্যোধন-ভয়ে পূর্কে পিতামহগণ।। বিরাটনগর-মধ্যে রহিল অজ্ঞাতে। বৎসরেক অতিপাত হ'ল কোনমতে।। কহেন বৈশস্পায়ন শুন মহারাজ। দ্বাদশ বৎসর অস্তে অরণ্যের মাঝ।। পঞ্চ ভাই পাওবেরা পাঞ্চালী সহিত। বক্ত দ্বিজগণ সঙ্গে ধৌম্য পুরে ছিত।। বলেন সবার প্রতি ধর্ম্মের তনয়। সবে জান পূৰ্বে যাহা হইল নিৰ্ণয়॥ দ্বাদশ বৎসর অন্তে অজ্ঞাত বৎসর। অজ্ঞাত রহিব কোথা পঞ্চ সহোদর ।। বরুষ মধ্যেতে যদি প্রকাশিত হ'ব। পুনশ্চ ছাদশ বর্ষ বনবাদে যাব ॥ বিচারিয়া কহ ভাই ইহার বিধান। অক্তাত থাকিব এক বৰ্ষ কোন স্থান।। সেই দিন হ'বে ক'লি অজ্ঞাত প্ৰভাত। বিচারিয়া যুক্তি কহ আমার দাক্ষাত।। এত শুনি কহে ভীম রাজারে চাহিয়া। তোমা আর পার্থবীরে উপেকা করিয়া। মোর ভাগে কে যুঝিবে পৃথিবীর মাঝ। হেন জন চক্ষে নাহি দেখি মহারাজ।। মৃত্যুসম বনে ছুঃখ দ্বাদশ বৎসর। ভোমার নিয়মে বঞ্চিলাম নৃপবর।। পাণ্ডবের পতি তুমি পাণ্ডবের গতি। তুমি যেই পথে যাবে সনে সেই পথি।। কহিলেন ধর্মারাজ দ্বিজগণ প্রতি। সবে জান আমাকে যা কৈল কুরুপতি।। অজ্ঞাত থাকিব এক বরষ লুকায়ে। ততদিন যথা স্থানে সবে রহ গিয়ে।। মেলানি করিয়া দ্বিজগণে নৃপমণি। পড়িলেন মুচ্ছাপন্ন হইয়া ধরণী।। বিধাতা করিল মোরে এমত কুদিন। মৃত্যু সম নির্কাহিব ত্রাহ্মণ বিহীন।। ভ্রাতৃগণ ধৌম্য আদি যত দ্বিজ আর । রাজারে বুঝান সবে বিবিধ প্রকার।। বিপদ কালেতে রাজা অধৈর্য্য না হবে। ধীর হলে শত্রুগণে বিজয় করিবে॥ বড় বড় রাজগণ বিপদে পড়িয়া। পুনরপি রাজ্য সাধে মন্ত্রণা করিয়া।। অসুরের ভয়ে ইন্দু রহেন লুকায়ে। বলিরে ছলিল হরি বামন হইয়ে।। প্রকার করিয়া ইন্দ্র অস্কুরে মারিল। কাষ্ঠমধ্যে থাকি অগ্নি থাওব দহিল।। ত্মিহ এখন রাজা বুঝ কালগতি। বৈর্য্যধরে পুনরপি শাস বস্কুমতী।। এত বলি শান্ত করি তৃথিল রাজায়। আশীর্কাদ করি তবে দ্বিজগণ যায়।। তবে ধর্মরাজ সব ভাতৃগণ লয়ে। এক কোশ দূরে যান সে বন ছাড়িয়ে।। জিজ্ঞাদেন ধর্মারাজ ভ্রাতৃগণ প্রতি। কোথায় অজ্ঞাতৰূপে করিবে বসতি।। त्रगारमण रमिश मरव त्रव खखरवरणे। এক স্থানে ছয় জনে থাকিব বিশেষে।। এত শুনি সবিনয়ে কহে ধনঞ্জয়। ধর্মের বরেতে রাজা নাহি কোন ভয়।।

অজ্ঞাত রহিব সবে কে পাবে নির্ণয়। দেশ নাম কহি রাজা যথা মনে লয়।। পাঞ্চাল বিদর্ভ মৎস্ত বাহলীক যে শাল। মগধ কলিঙ্গ শূরদেন কাশীমল ।। (১) এই সব দেশ তব যথা লয় মনে। অজ্ঞাতে বঞ্চিব তথা ভাই পঞ্চ জনে।। রাজা বলে মৎস্তদেশে বিরাট নৃপতি। সত্যশীল শান্ত ধর্মণীল মহামতি॥ তথায় বঞ্চিতে মন হতেছে আমার। তোমা সবাকার চিত্তে কি হয় বিচার।। সবারে দেখিব সবে থাকিব গুপ্তেতে। অন্য জন কেহ যেন না পারে লক্ষিতে।। বৃকোদর কহে তবে চাহিয়া রাজায়। কহ কোন বেশে রাজা বঞ্চিবে তথায়।। নিন্দিত নহিবে কর্ম্ম নহে কোন ক্লেশ। বিচারিয়া নরপতি কছ উপদেশ।। ইহা সম তুঃথ আর নাহিক রাজন। রাজা হয়ে প্রবশ পরের সেবন।। মহাপাপে তুঃখ যথা পায় পাপিগণ। কোন কর্মে নির্কাহিবে বলহ রাজন।। রাজা বলে কহি আমি বঞ্চিব যেমতে। ন্যায়কর্ন্ত। হব আমি বিরাটসভাতে ।। বলাইব কল্প নাম পাশায় পণ্ডিত। দ্রেক্ষচর্য্য ধর্মশাস্ত্র জানি সর্ক্রীত।। মণি রত্ন যত আছে জানি তার মূল্য। যুধিষ্ঠিরের সুহৃদ ছিন্ন প্রাণ তুল্য।। কহিয়া শাস্ত্রের কথা তুষিব রাজারে। এ ৰূপে বঞ্চিব ভাই বিরাট নগরে।। ভীমে চাহি বলিলেন ধর্ম নরনাথ। কহ ভাই কোন বেশে বঞ্চিবে অজ্ঞাত।। পদ্ম পুষ্পহেতু গল্ধমাদন পর্কতে। নীরাক্ষসা হ'ল ক্ষিতি ভোমার ক্রোধেতে।। হিড়িম্বক বক জটাসুর কিশ্রীরাদি। নিম্বলটক কৈলে মারি সাগর অবধি।। কিৰ্বাপে বঞ্চিবে,ভাই বিরাট নগরে। এত শুনি কহে ভীম ধর্মের গোচরে।।

বল্লব নামেতে আমি হ'ব সুপকার। রন্ধন করিতে নাহি সমান আমার।। পরিচয় দিয়া তেজ দেখাব রাজনে। মল্যুদ্ধে হারাইব যত মল্লগণে।। র্য ব্যাঘ্র সিংহ মেষ মহিষ কুঞ্জর। ধরিয়া আনিয়া দিব রাজার গোচর।। যুধিষ্ঠির-গৃহে পূর্কে ছিনু স্থপকার। কৌতুকে রাখেন মোরে রাজা দয়াধার।। এত ৰলি পরিচয় দিব বিরাটেরে। শুনিয়া সন্তুষ্ট চিত্ত রাজা যুধিষ্ঠিরে।। অর্জুনে চাহিয়া বলিলেন নৃপবর। কহ ভাই কিবা ব্রপে বঞ্চিবে বৎসর।। অগ্নিরে নীরোগী কৈলে জিনি পুরন্দর। জিনিলে বাহুর বলে ধরা একেশ্বর।। দেব মধ্যে ইন্দ্র যথা দানবেতে বলি। ত্রিভুবনে পূজ্য যথা রুদ্রেতে কপালী।। আদিত্যেতে বিষ্ণু যথা স্থির মেরুবত। গ্রহমধ্যে চন্দ্র মথা গজে ঐরাবত।। ঋষিমধ্যে শুদ্ধ যথা শুক্দেব মুনি। আয়ুধেতে বজ্ঞ যথা শব্দে কাদস্বিনী।। তাদৃশ পাণ্ডবমধ্যে অর্জুন প্রধান। পরাক্রমে তুল্য বাস্কুদেবের সমান।। ত্রিভুবনে বিস্তারিত যার ৰূপ গুণ। কি মতে লুকাবে ভাই এমত অৰ্জুন।। তুই হস্তে ধনুগু ৭-ঘর্ষণের চিহ্ন। কিমতে লুকাবে ভাই সব্যসাচী ভিন্ন।। অৰ্জুন বলেন দেব আছয়ে উপায়। নপুংসকবেশে আমি আচ্ছাদিব কায়।। ত্বই হস্ত আচ্চাদিব শছা-আচ্চাদনে। ু মস্তকে ধরিব বেণী কুণ্ডল অবেণে।। রাজা জিজ্ঞাসিলে দিব এই পরিচয়। পুর্কেতে ছিলাম আমি পাণ্ডব-আলয়।। রাজপত্নী দ্রৌপদীর ছিলাম নর্ত্তক। নৃত্যগীতে বিজ্ঞ আমি জাতি নপুংসক। শিখাইতে পারি আমি অন্তঃপুর-বালা। এই বৃত্তি জানি আমি নাম বৃহন্ন।।।

নকুলে ডাকিয়া জিজ্ঞাসেন ধর্মারায়। কহ ভাই লুকাইবে কিমত উপায়।। তুঃখক্লেশ নাহি জান অতি সুকুমার। বালকের প্রায় ভাই পালিত আমার।। ত্রৈলোক্য জিনিয়া ৰূপ পরম স্কুন্দর। ভাতৃগণ প্রাণ্ডুল্য গুণের স্বার ।। নকুল বলিল দৈব কর অবধান। এই পরিচয় দিব বিরাটের স্থান।। অশ্ববৈদ্য নাহি কেহ আমার সমান। অশ্বের চিকিৎসা জানি এন্থিক আখ্যান।। কড়িরালি দিব আমি যে ঘোড়ার মুখে। কোনকালে তার ছুফ্টভাব নাহি থাকে।। এইৰপে গুপ্ত করি আপনার কায় 🎉 ৰৎসরেক মহারাজ বঞ্চিব তথায়।। তবে জিজ্ঞাদেন রাজা সহদেব প্রতি। বিবিধ বিচারে বিজ্ঞ বুদ্ধে রহস্পতি।। জননী কুন্তীর সূদা অতি প্রিয়তর। কিমতে বঞ্চিবে ভাই অজ্ঞাত ৰৎসর।। সহদেব কহে তবে শুন নুপবর। বিরাট রাজার গবী আছে বহুতর।। গোধন রক্ষক হ'ব জাতি যে গোয়াল। মৎস্তদেশে বলাইব নাম তন্ত্ৰিপাল।। দ্রৌপদীরে কহে তবে নৃপতি কাতর। কিমতে বঞ্চিবে ক্লফা অজ্ঞাত বৎসর।। রাজকন্যা রাজপত্নী তুঃথিনী আজন্ম। কিছু নাহি জানে ক্লফা স্ত্রীলোকের কর্ম।। পুষ্পমাল্য আভরণ ভার নাহি সয়। কিৰূপে অধীনা হয়ে রবে পরালয়।। প্রাণাধিক প্রিয়তর দেখি অনুক্ষণে। পর-জাজ্ঞা বহুনেতে বঞ্চিবে কেমনে।। ক্লফা বলে তাপ রাজা না করিহ মনে। যেমতে বঞ্চিব আমি বিরাটভবনে।। তোমা সবাকার মনে নাহি হবে ছঃখ। সদাই দেখিব সবে সবাকার মুখ।। বিরাট রাজার রাণী সুদেঝা নামেতে। তার স্থানে ৰৎসরেক বঞ্চিব জ্ঞাতে।।

তারে কব সৈরিস্ক্রীর কর্ম্ম আমি জানি। শুনিয়া অবশ্য মোরে রাখিবেন রাণী।। এত শুনি হৃষ্টিচিত্ত ধর্ম্মের নন্দন। অগ্নিহোত্র ধৌম্য-হস্তে করেন অর্পণ।। আছিল মতেক দাস দাসী দ্রৌপদীর। পাঞ্চালে যাইতে আজ্ঞা দেন যুধিষ্ঠির।। ইন্দ্রসেন আদি করি যতেক সার্থি। রথ লয়ে সৰে চলি যাও দ্বারবতী।। পথে জিজ্ঞাসিলে লোক কহিবে সবারে। না জানি কোথগয় গেল পঞ্চ সংহাদরে।। কালি সবে এক স্থানে ছিলাম কাননে। আমা সবা ছাড়ি কোথা পশিল নিৰ্জ্জনে।। তবে ধৌম্য কহিলেন বহু উপদেশ। অঁজ্ঞাত সময়ে হ'তে পারে নানা ক্লেশ।। যদি অপমান করে তাহা সম্বরিৰে। যথন যেমন হয় বুঝিয়া করিবে।। ক্ষজ্রমধ্যে অগ্নিসম তোমা পঞ্চ জনে। সকলে তোমার শক্ত জানহ আপনে।। গুপ্তভাবে গুপ্তবেশে থাক ভালমতে। রাজ্যেবা করি সদা রবে রাজ-নীতে।। ক্ষুধা তৃষ্ণা তেয়াগিবে আলস্ত শয়ন। বিশ্বাস করিবে নাহি নৃপে কদাচন।। রাজার সন্মুখে আর পশ্চাতে না রবে। তাঁর বাম পাশ্বে কিয়া দক্ষিণে থাকিবে।। কোন কার্য্যহেতু যদি রাজা আজ্ঞা করে। আপনার প্রাণপণে করিবে সত্তরে।। অন্তঃপুর-নারীসহ না কহিবে কথা। মিথ্যা বাক্য রাজারে না কহিবে সর্বথা।। হরষেতে মত্ত নাহি হবে কদাচন। तांका मत्न नां कहित्व त्रह्य यहन।। সন্নিকটে না থাকিয়া অন্তরে থাকিবে। লাভালাভ না বিচারি আজ্ঞায় করিবে।। ভাতৃ বন্ধু পুজে নাহি নুপতির প্রীত ট দেই দে আপন কর্ম করে মনোনীত।। ষ্ঠামি কি কহিব তুমি জানহ সকলে। কাল কাটি পুনরপি আসিও কুশলে।।

এত শুনি উঠি তবে ভাই পঞ্চল। প্রদক্ষিণ করি ধৌম্যে চলেন তথন।। কাম্য-বন ছাড়ি যান যমুনার পার। বামেতে শালের দেশ দক্ষিণে পাঞ্চাল।। শূরসেন রাজ্যমধ্যে করিয়া প্রবেশ। পদত্রজে চলি যান বিরাটের দেশ।। মৎস্তদেশ ছাড়ি গেল ধৌম্য তপোধন। শ্রমযুক্তা হয়ে ক্লেখা বলেন বচন।। চলিবার শক্তি আর নাহিক নুপতি। আজি নিশি এই টাঁই করহ বসতি।। নিকটে না দেখি দূরে বিরাটনগর।' কালি প্রাতে গুপ্তভাবে যাব নৃপবর ॥ নৃপতি ৰলেন কালি হইব অজ্ঞাত। অনৰ্থ ঘটিবে হ'লে লোকেতে বিদিত।। পার্থে ডাকি আজ্ঞা দেন ধর্ম্মের তনয়। দ্রৌপদীরে ক্ষন্ধে করি লহ ধনঞ্জয়।। আজ্ঞামাত্র ধনঞ্জয় করিলেন ক্ষন্ধে। ঐরাবত-ক্ষন্তে যেন ইন্দ্রাণী আনদ্দে।। নগর বিরাট আছে অতি অপ্প দূর। হেনকালে বলিলেন ধর্ম্মের ঠাকুর।। সশস্ত্র নগরে যদি করিবে প্রবেশ। দৃষ্টিমাত্রে সর্কলোক চিনিবে বিশেষ।। বাল বৃদ্ধ যুবা জানে গাণ্ডীব বিখ্যাত। হেন স্থানে রাখ যেন লোকে নহে জ্ঞাত। অৰ্জুন বলেন এই দেখ শমীজ্ঞম। ভয়ক্ষর শাখা সব প্রশিছে ব্যোম। আরোহিতে না পারিবে অন্য কোনজন। ইহাতে রাখি যে অস্ত্র যদি লয় মন।। অর্জুনের বাক্য রাজা করিয়া স্বীকার। কহিলেন রাখ যেন না হয় প্রচার।। তবেত গাণ্ডীব ধনু খসাইয়া গুণ। গদা শদ্ম আদি যত অস্ত্রপূর্ণ ভূণ।। বসন আচ্ছাদি সব একত্র ছান্দিয়া। রাখিলেন উচ্চতর শাখাতে বান্ধিয়া।। নিকটে তাহার ছিল, যত গোপগণ। नवाकारत श्रूमक्ष्यूमक बरलम बहम ।।

পথেতে জাসিতে রদ্ধা জননী মরিল।
জারির-সংযোগে রক্ষে স্থাপিত হইল।।
কুলক্রীমাগত মম জাছে এই পথ।
কিবা জারি দহি কিবা করি এই মত।।
তবে জয় বিজয় জয়ন্ত জয়ৎদেন।
জয়দ্বল পঞ্চ নাম গুপ্তে রাখিলেন।।

পঞ্চপাণ্ডবের বিরাট-দভার প্রবেশ। কাঁথেতে দেবন মণি মাণিকের সাজ। সভামাঝে প্রথমতঃ যান ধর্মরাজ।। যুধিষ্ঠির-ৰূপ দেখি মুগ্ধ মৎস্থপতি। সভাজন প্ৰতি চাহি কহে শীঘ্ৰগতি।। এই যে পুরুষ আসে কন্দর্প আকার। ইহাকে কখন কেহ দেখেছ কি আর।। ইন্দু চন্দ্র সূর্য্য সম প্রভা কলেবর। ঐরাবত সম গতি পরম স্বন্দর।। কাঞ্চন পর্ন্ধত যেন ভূমে শোভা পায়। আমার সভায় আসে বুঝি অভিপ্রায় ॥ ক্ষজিয়-লক্ষণ সর্ব্ধ ব্রাহ্মণের নয়। রাজচক্রবন্ত্রী প্রায় সর্কভেজোময়।। যে কাম্য করিয়া এই আসিতেছে এথা। ফল্র হোক দ্বিজ হোক করিব সর্ক্থা।। এত বিচারিতে উপনীত ধর্মারাজ। কল্যাণ করিয়া দাপ্তাইল সভামাঝ।। নমস্কার করি মৎশ্রপতি মৃত্রভাবে। বিনয়পূর্বক ধর্মরাজাকে জিজ্ঞাসে।। কে তুমি কোথায় বাস এলে কোথা হতে। কোন কুল গোত্রে জন্ম কেমন বংশেতে।। যে কাম্য তোমার মাগি লহ মম স্থান। রাফ্র পুর গৃহ দও ছত্র আর যান।। তোমারে দেখিয়া মম ছেন মনে লয়। যাহা মাগ তাহা দিব করেছি নিশ্চয়।। এত শুনি কহিছেন ধর্ম-অধিকারী। বৈরাগ্য আমার গোত্র কল্প নাম ধরি।। যুধিষ্ঠির নুপতির দ্বিত্ব আমি সখা। কিছু ভেদ নাহি ছিল যেন আত্মা একা।।

শক্র নিল রাজ্য বনে গেল পঞ্চ ভাই। তাঁর সম লোক আমি চাহিরা বেড়াই।। পাশা খেলাইতে আমি বিশেষ নিপুণ। এথা আসিলাম রাজা শুম্ তব গুণ।। এত শুনি মৎস্যরাজ বলেক হরিষে ৷ मनाहे आगात वाक्षा अग्रज् श्रुकरय ॥ দৈবযোগে মম ভাগ্যে তোমারে পাইনু রাজ্য ধর্ম্ম তব করে সকল অর্পিনু।। আমার সদৃশ হয়ে থাকহ সভায়। সেবিবৈক যত মন্ত্রী সদা তব পায়।। এত শুনি বলিলেন খর্মের নন্দন। কিছু দ্রব্য মম কভু নাহি প্রয়োজন।। হবিদ্য আহারী আমি শয়ন ভূমিতে। কেহ যদি মাগে তবে লব তোমা হ'তে। হেনমতে দেই স্থানে রহে মুধিষ্ঠির। কতক্ষণে উপনীত রুকোদর বীর।। হাতেতে করিয়া চাটু মৃগপতিগতি। হেমন্ত পৰ্কত প্ৰায় কিবা যৃথপতি॥ সভাতে প্রবৈশে যেন বালস্থরোদয়। দেখি বিরাটের মনে হইল বিস্ময়।। রাজার সভাতে উপনীত রুকোদর। জয় হোক বলি বীর তুলে ছুই কর।। চতুর্কর্ণ-শ্রেষ্ঠ আমি হই যে ত্রাহ্মণ। গুরু-উপদেশে পারি করিতে রন্ধন।। মম সম রন্ধনেতে নাহি স্থপকার। মল্লযুদ্ধাভ্যাস কিছু আছয়ে আমার।। এত শুনি মৎস্থপতি বলেন বচন। সূপকার তোমারে না লাগে মম মন।। কুবের ভাক্ষর যেন শোভিয়াছে ভূমি। সর্ক্ষিতি পালনের যোগ্য হও তুমি।। সূপকার-যোগ্য তুমি নহ কদাচন। এত শুনি রুকোদর বলেন বচন।। যুধিষ্ঠির নুপতির ছিন্ম স্থপকার। আমাতে বড়ই প্রীতি আছিল রাজার।। সিংহ ব্যাঘ্র রুষ আরে মহিষ বারণ। যাহা সহ যুঝাইবে দিব সামি রণ।।

মল্লযুদ্ধে আমা সম নাহিক মানুষে। আমারে পুষিল রাজা কৌভুকবিশেষে।। বল্লব আমার নাম থু'ল ধর্মরাজ। তাঁহার অভাবে ভ্রমি পৃথিবীর মাঝ।। বিরাট কহিল ইথে নাহিক সংশয়। তোমার এ সব কথা কিছু চিত্র নয়।। পৃথিবী শাসিতে যোগ্য হইতেছ তুমি। যে কামনা কর ভূমি দিব তাহা আমি।। আমার আনয়ে যত আছে স্পকার। সবার উপরে তক হবে অধিকার।। এত বলি পাকগুহে ভীমে পাঠাইল। এমতে রহিল ভীম কেহ না জানিল।। তবে কতক্ষণে আসিলেন ধনঞ্জয়। স্ত্রীবেশ কুণ্ঠল শন্তা করেতে শোভয়।। দীর্ঘকেশ বেণী নামিয়াছে পৃষ্ঠোপরে। ভূমিকম্প যেন মত্ত গজপদভরে।। দুরে দেখি সভাসদে কহে মৎস্যপতি। এই যে আসিছে যুবা ছম্ম নারীজাতি।। ইহারে কখন কেহ দেখেছ কি আর। মনুষ্য না হয় এই দেবের কুমার।। ইহা দেখি অসন্তব হয়েছে সবাকে। কেবা এ বুঝাহ শীঘ্র আসিছে হেথাকে।। অৰ্জুন বলেন আমি হই যে নৰ্ত্তক। যেই হেতৃ বহুকাল আমি নপুংসক।। নৃত্যগীতে মম সম নাহিক ভুবনে। শিক্ষাইতে পারি আমি দেবকন্যাগণে।। বিরাট বলিল ইহা নাহি লয় মন। এ কর্মের যোগ্য তুমি নহ কদাচন।। এই যে স্ত্রীবেশ তুমি ভূষিয়াছ গায়। তোমার অঙ্গেতে ইহা শোভা নাহি পায় ভূতনাথ-অঙ্গে যেন ভশ্ম আচ্চাদিল। े দিনকর-তেজ যেন মেঘেতে ঢাকিল।। তোমার এ ভুক্তেজ ধে ধনু সহিল। সে ধমুর তেজে সব পৃথিবী কাঁপিল।। পার্থ কহিলেন রাজা ধক্ষের নন্দন। তার ভার্য্যা দ্রৌপদীর ছিলাম গায়ন।।

শক্র রাজ্য মিল তাঁরা প্রবেশিল বন। এই হেতু তব রাজ্যে আসিমু রাজন।। আমি নপুংসক রাজা নাম রহন্নণাী নৃত্য গীত বাদ্য শিক্ষা দেই রাজবালা।। রাজা বলে বুহন্নলা রহ মম ঘরে। সর্ব্ব সমর্পণ আমি করিত্ব তোমারে।। ধন জন পুজ্র দারা রাখ এই পুর। পুত্রতুল্য তুর্মি এই রাজ্যের ঠাকুর ॥ উত্তরাদি কন্যা যত আছে মম পুরে। নৃত্য গীতে বিশারদা করহ সবারে।। এত বলি অন্তঃপুর মধ্যে পাঠাইল। ' এমতে রহেন পার্থ কেহ না জানিল।। নকুল ক্ষণেক পরে করে আগমন। দূরে থাকি মুভ্মু ভ দেখেন রাজন।। মেঘ হতে মুক্ত যেন হন শশধর। স্তবেশ তুরঙ্গ প্রবোধবাড়ি কর।। ছুই ভিতে অশ্বগণ করে নিরীক্ষণ। মদমত্ত গতি যেন প্রমন্ত বারণ।। প্রণ্মিয়া দাপ্তাইল রাজসভাতলে। কোমল মধুর ভাষে নৃপতিরে বলে।। অশ্ব-চিকিৎসক নাম গ্রন্থিক আমার। জীবিকার্থে আসিলাম আপন আগার।। রাজা বলে এলে ভুমি কোন দেশ হতে। দেবপুত্র প্রায় তোমা লয় মোর চিতে।। নকুল বলিল কুরু ধর্মের নন্দন। লক্ষ লক্ষ তাশ্ব তাঁর না যায় গণন।। সব অশ্ব পালিবারে মোরে নিযোজিল। আমার পালনে অশ্বগণ রৃদ্ধি হ'ল।। কভিয়ালি দেই আমি যে ঘোড়ার মুখে। কোনকালে তার চুষ্টভাব নাহি থাকে।। রাজা বলে মম যত আছে অশ্বগণ। সকলি রক্ষার্থ তোমা করিনু অর্পণ।। নকুল করিল অশ্বগৃহেতে গমন। কভক্ষণে সহদেব দিল দরশন।। তরুণ অরুণ যথা উঠে পূর্ব্বভিতে। অগ্নিশিখা যেন যজ্ঞে দেখি আচন্মিতে।।

গোপজাতি যেন ধরিয়াছে নটবেশ। গোপুচ্ছ ছান্দন দড়ি আছয়ে বিশেষ।। বাজা সহ সবিস্থয় যত সভাজন। প্রণাম করিয়া বলে মাদ্রীর নন্দন।। জীবিকার্থে আসিলাম ভোমার নগর। গবী রক্ষা হেতু মোরে রাখ নরবর।। আমার রক্ষণে গ্রী ব্যাধি নাহি জানে। ব্যাঘ্রভয় চোরভয় নাহি কদাচনে।। বিরাট বলিল ইথে তুমি যোগ্য নহ। কে তুমি কি নাম ধর সত্য করি কহ।। ইন্দ্র চন্দ্র কামদেব জিনি তব মূর্ত্তি। বৃদ্ধি পরাক্রমে বুঝি রাজচক্রবর্তী।। রহস্পতি শুক্র সম নীতি তব ভাব। খজ্ঞধারী হস্ত তব প্রমধারী পাশ।। সহদেব বলে জান পাণ্ডর নন্দন। তাঁহার যতেক গবী লোকে অগণন।। করিতাম সেই সব গোধন পালন। মম গুণে প্রীত ছিল পাণ্ডুর নন্দন।। আর এক মহৎ কর্ম্ম জানি নরনাথ। ভবিষ্যৎ ভূত বর্ত্তমান মম জ্ঞাত।। পৃথিবী-ভিতরে নৃপ যত কর্ম হয়। গৃহেতে বসিয়া তাহা জানি মহাশয়।। ধর্মারাজ-সভাতলে ছিনু চিরকাল। যুধিষ্ঠির মোরে নাম দিল ভক্তিপাল।। রাজা বলে যত বল সম্ভবে তোমারে। যে কাম্য তোমার থাকে লহ মোর পুরে।। যত মম আছে গবী আর রক্ষীগণ। তোমারে দিলাম সব করহ পালন।। এমত কহিয়া সহদেবে মহামতি। পঞ্চ জনে বাঞ্চা মত দেন নরপতি।। মৎস্যদেশে পাগুবেরা রহেন গোপনে। অন্তগিরি মধ্যে যেন সহত্র কিরণে।। রহিল অনল যেন ভস্মমধ্যে লুকি। কেহ না জানিল সবে অনুক্ষণ দেখি।। মহাভারতের কথা অ্মৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

3

বির্টপুরে দ্রোপদীয় প্রবেশ ও বিরাট-রাণীর সহিত কথোপকথন।

তবে কভক্ষণে ক্লফা প্রবেশে নগরে। **ठ**ञ्जिति न तनाती शांत्र तमिवादत्।। ক্লেশেতে ক্লিত মুখ দীর্ঘ-মুক্তকেশা। পিন্ধন মলিন জীর্ণ সৈরিন্ধীর বেশা।। পুমঃপুনঃ জিজ্ঞাসয়ে যত নারীগণ। কে তুমি একাকী ভ্রম কিসের কারণ।। তোমার ৰূপের সীমা বর্ণনে না যায়। কিন্নরী অপ্সরী দেবকন্সা অভিপ্রায়।। সবারে প্রবোধি ক্লফা বলে এই বাণী। সৈরিক্নীর কর্ম্ম করি নরজাতি আমি।। এমতে বেষ্টিত লোকে ভ্রমে দেবী ক্লফা। প্রাসাদে থাকিয়া তাহা দেখিল সুদেয়া।। কেকেয় রাজার কন্যা বিরাট-মহিষী। ক্লফারে আনিতে শীঘ্র পাঠালেন দাসী।। আদর করিয়া ভারে যতেক কামিনী। অন্তঃপুরে লয়ে গেল যথা রাজরাণী।। শত শত রাজকন্যা সুদেষ্ণা বেষ্টিতা। দ্রৌপদীরে হেরি সবে হইল লজ্জিতা।। নাকে হস্ত দিয়া সবে করে নিরীক্ষণ। স্তর হয়ে অনুমান করে মনে মন।। কভক্ষণে জিজ্ঞাসিল বিরাটের রাণী। দেবকন্যা হয়ে কেন ভ্ৰমহ অবনী।। মহাভারতের কথা সুধা হতে সুধা। সাধুজন করে পান নাশিবারে কুধা।। কাশীরাম দাস করে নতি সাধুজনে। পাইবে পরম প্রীতি যাহার শ্রবণে।।

(फ्रीभनीत क्रभ-दर्गन।

কিবা লক্ষ্মী সরস্বতী, হরপ্রিরা হৈমবতী, সাবিত্রী কি ব্রহ্মার গৃহিণী। রোহিণীচন্দ্রেররামা,রতিসভীভিলোত্তমা, কিবা হবে ইন্দ্রের ইন্দ্রাণী।। তোমার অঙ্গেরআভা,মান করিলেকসভা, তারা যেন চন্দ্রের উদয়ে। তোমার শরীরদেখি,নিমিষ না ধরেজাঁথি, ঘদ ঘন কম্পিত হাদয়ে।। শশী নিন্দি মুখপাত্ম, কেন করিয়াছ ছত্ম, এ বেশ তোমার নাহি শোভে। পেয়ে তব অঙ্গদ্রাণ,ত্যজিয়াকু সুমোদ্যান, অলিরুন্দ ধায় মধুলোভে।। মুগনেত্র জিনি অক্ল, কামশর হতে তীক্ল, বাজিলে মরিবে কামরিপু। কণ্ঠ ভব কম্ব জিনি, ওষ্ঠ পক্ক বিশ্ব গণি, পঞ্চশির লিপ্ত তৰ বপু।। तक कत (कांकनम, तक कांकनम शम, রক্তযুক্ত অরুণ অধর। শুকচঞ্জিনি নাসা, সুধার সদৃশ ভাষা, ভুজযুগ জিনি বিষধর।। তোমার নিতম্ব কুচে,গগননিবাসী ইচ্ছে, মুগপতি জিনি মধাদেশ। कियाशूर्व कामस्रिमी, किया ठाइण्डिकातिवी, মুক্ত দেখি কেন হেন কেশ।। হের দেখ বরাননে,তোমা দেখি ভরুগণে, লিম্বিত হইল শাখা সহ। কিদেবী নামিলেতুমি, কিহেতু ভ্ৰমহ ভূমি, না ভাণ্ডিহ সত্য মোরে কহ।। তব অঙ্গবোগ্য পতি,মানুবেনা দেখিসতি, विना (कव किक्शानगर। তব অঙ্গ দরশনে, মোহ গেল নারীগণে, পুরুষ না জীয়ে কদাচন।। সুদেষ্ণার বাক্য শুনি, মধুর কোমলবাণী, সবিনয় বলেন পার্যতী। ना (परीशक्तीं आभि, भानू सी निवित जृति, ফলাহারী দৈরিস্থীর জাতি।। বাণীদয়া করি মোরে,রাথহ আপন মরে, দেবা করি রহিব তোমার। না ছোঁবউচ্চিউভাত,না দিব চরণে হাত, এই মাত্র নিয়ম আমার।।

প্রবালমুকুতাপাতি,ভালজানিনিত্যগাঁথি, পুষ্পমালা জানি যে বিশেষ। সিন্দ্র কজ্জল আদি, রত্ন আভরণ বিধি, বিচিত্র জানি যে কেশবেশ।। গোবিন্দেরপ্রিয়ত্মা,মহাদেবীসত্যভামা, বছুকাল সেবিলাম তাঁকে। আমারনৈপুণ্যদেখি,পাশুবেরপ্রিয়া স্থী, क्रुका मानि नित्नन जामाति।। কুষ্ণা আমিএক প্রাণ,ইথেনা জানিহ্সান, চিরকাল বঞ্চিলাম তথা। রাজ্য নিল শত্রুগণ, পাপ্তবেরা গেল বন, তেঁই আমি আসিলাম হেথা।। বিরাটপর্কের কথা,বিচিত্র ভারত গাঁথা, मर्क्र इश्थ खर्दा विनाम। কমলাকান্তের সুত, সুজনের মনঃপৃত, বির্চিল কাশীরাম দাস।। দ্রোপদীর সহিত স্থদেষ্ণার কথোপকথন। রাণী বলে শুন সতি তব ৰূপ দেখি। স্ত্রীজাতি হইয়া পালটিতে নারি ভাঁখি।। নুপতি দেখিয়া লোভ করিবে তোমারে। না হবে আমার শক্তি নিবারিতে তাঁরে।। তোমা দেখি আদর না করিবেন মোরে। আমি উদাসীনা হ'ব তোমা রাখি ঘরে॥ আপনার দ্বারে কাঁটা রোপিব আপনে। কর্ক টীর গর্ভ যথা মৃত্যুর লক্ষণে।। এত শুনি রুষ্ণা তবে বলে সুদেষ্ণায়। অন্য হুফী স্ত্রীর সম না ভাব আমায়।। বিরাট হউন কিয়া আর অন্য জন। পাপচকে চাহিলে ना জীবে कमाहन।। পঞ্চ গন্ধর্কের ভামি করি যে সেবন। অনুক্ষণ রাখে মোরে সেই পঞ্চ জন।। থাকুক স্পর্শন যদি দেখে পাপচক্ষে। দেবতা হলেও মৃত্যু জেনো তার পক্ষে। **छ्**डथानटल मक्ष नमा सम स्वामीशन।

ना वाँहित्व य आमात्त कतित्व हालन।

দয়া করি মোরে যদি রাথ গুণ্বতী। পশ্চাতে জানিবে তুমি আমার প্রকৃতি।। নালব উচিছ্ফী আর না ছোঁব চরণ। পুরুষের পাশে নাহি পাঠাবে কথন।। সুদেষ্ণা বলিল যদি তোমার এ রীতি। যথাসুখে মম পাশে রহ গুণবতি,।। সুদেষ্ণার বাক্য শুনি রুষণ হৃষ্টমনে। রহিলেন মনসুথে বিরাটভবনে।। দেবায় হইল ৰশ বিরাটের রাণী। সুশীলে করিল বশ যতেক রমণী।। বিরাটের সভাপতি ধর্মের মন্দন। धर्मा नाराय वन कतिरलन मजाकन।। সপুজেতে আন্নিত মৎস্য-অধিকারী। অনুক্ষণ ধর্মা সহ খেলে পাশাসারি॥ পাশায় জিনিয়া ধর্ম অনেক রতন। নিভূতে বাঁটিয়া লন যত ভ্ৰাভূগণ।। ভীমের রন্ধনে তুষ্ট হলেন রাজন। বশ হ'ল যত জন করিল ভোজন।। মন্মুদ্ধে বড় তুই হইয়া রাজন। অর্পণ করেন ভীমে কনক রতন।। অর্জুনের দেখি নৃত্য গীত বাছারস। ष्ठ इश्रुतनाती त्रव मरव ३ व व म ॥ বহুকাল অশ্বগণ চুফীমন ছিল। নকুলের করম্পর্শে সবে শান্ত হ'ল।। গবীগণ হৃদ্ধি পায় হয় ক্ষীরবতী। সহদেবগুণে বশ হন মৎস্তপতি।। পাগুবের গুণে বশ মৎস্যদেশ হ'ল। এইৰপে চারিমাস ক্রমেতে কাটিল।।

শঙ্করযাতা ও ভীমের মলযুক।

পূর্কাপর কুলরীতি আছে মৎস্যদেশে
শক্ষর নামেতে যাত্রা আরাধে মহেশে।।
করিল শক্ষর্থাত্রা বিরাট রাজন।
নানাদেশ হতে আদে বহুসংখ্য জন।।
দ্বিজ আদি চারি জাতি নরমারীগণ।
নৃত্যগীতে মহেংৎস্ব করে জনে জন।।

পণ্ডিতে পণ্ডিতে কথা শাস্ত্রের বিবাদ। হক্তী হন্তী যুদ্ধ হয় ছাড়ে ঘোর নাদ।। কৌতুক দেখেন তথা বিরাট রাজন। পর্বত আকার লক্ষ লক্ষ মল্লগণ।। মল্লগণমধ্যে এক মল্ল বলবান। সর্কমল্লগণ করে যাহার বাখান।। সর্কমলগণমধ্যে ছাড়ে সিংহ্নাদ। কে আছে আমার সঙ্গে করহ বিবাদ।। লাখে লাখে বড় বড় যত মল্ল ছিল। অধোমুখ হয়ে কেহ উত্তর না দিল।। ডাকিয়া বলয়ে মল নুপতির প্রতি। মোর সঙ্গে যুঝে হেন দেহ নরপতি।। যদি মল্ল দেহ রাজা গুণ গেয়ে যাব। নাহি দিলে দেশে দেশে অখ্যাতি করিব। চিন্তিয়া বিরাট তবে করিয়া স্মরণ। স্থাকার বল্লবেরে ডাকেন তথন।। বিরাট বলেন তুমি কহিয়াছ পূর্কে। এ মল সহিত রণ কর তুমি এবে।। এ মল সহিত যদি পার যুঝিবারে। তোমারে তুষিব আমি রাজ ব্যবহারে।। ভীম বলে নরপতি জানহ আপনে। যতেক কহিনু পূর্কে উদর ভরণে॥ (म मद ऋतिशा यिन होट विधिवादत । এ মল্ল সহিত তবে যুঝাহ আমারে।। মহাবলবান মল্ল পর্বত আকার। পেটার্থী ত্রাহ্মণ জাতি হই স্থপকার।। এ মল সহিত যদি করাও সংগ্রাম। দিজবধ-ভয় নাহি কর পরিণাম।। শুনিয়া নিঃশব্দ হন মৎস্যের ঈশ্বর। কতক্ষণে কল্প তবে করেন উত্তর।। যার যে আশ্রমে থাকে পণ্ডিত সুজন। যথাশক্তি তার আজ্ঞা না করে হেলন।। পুনঃপুনঃ মল্লগণ বলিছে রাজারে। রাজার হয়েছে ইচ্ছা যুদ্ধ দেখিবারে ॥ রাজার সম্ভোষ কর দেখুক সকলে। একবার মল সহ যুঝ কুভূহলে।।

যুধিষ্ঠির-বাক্য শুনি বীর রুকোদর। পুনরপি নুপতিরে করেন উত্তর।। তোমার প্রসাদে আর কদ্ধের প্রসাদে। না জীবেক মল্ল আজি পড়িল প্রমাদে ॥ এত বলি রঙ্গসভা মধ্যে দাগুাইল। ডাক দিয়া রুকোদর মল্লেরে কহিল।। যদি মৃত্যু ইচ্ছা থাকে যুদ্ধ কর আসি। প্রাণ ইচ্ছা থাকে যদি পলাহ প্রবাসী।। ভীমের বচন শুনি সে মল্ল কুপিল। মহাপরাক্রম করি ভীমেরে ধরিল।। পর্কত নাড়িতে কোথা বায়ুর শকতি। না পারিল চালিবারে ভীম মহামতি।। ঈবৎ হাসিয়া ভীম ধরে ছুই পায়। অন্তরীকে তুলিলেক ভ্রমাইয়া তায়।। ক্ষুদ্র মীনে ধরি যথা গ্রাস করে নক। আকাশে ঘূরায় যেন কুন্তকার চক্র ॥ ঘুরাতে ঘুরাতে তাজে মল নিজপ্রাণ। ফেলাইয়া দিল ভীম যেন লতাখান।। দেখিয়া অভূত সবে মানে চমৎকার। বিরাট নুপতি পান আনন্দ অপার।। অনেক রতন ভীমে দিল নরপতি। যাত্রা নিবর্ত্তিয়া গেল যে যার বসতি।। বার্ত্তা প্রেয়ে রাজ্যে যত ছিল মল্লগণ। রকোদর সহ আসি সবে করে রণ।। অনেক মরিল শুনি কেহ না আসিল। বল্লবের পরাক্রমে রাজা বশ হ'ল।। বড় বড় সিংহ ব্যাঘ্র মন্ত হস্তিগণ। কৌতুকে ভীমের সঙ্গে করাইল রণ।। নিমেবেতে অনায়াসে মারে রুকোদর। কৌতুকে দেখেন রাজা স্ত্রীরক্ষ ভিতর।। এইৰপে তথা একাদশ মাস গেল। সানন্দ পাণ্ডব পঞ্চ অজ্ঞাত রহিল।। মহাভারতের কথা অমৃত-নহরী। কাহার শকতি তাহা বর্ণিবারে পারি।। শ্রুতমাত্র কহি আমি রচিয়া পয়ার। , ব্দবহেলে শুনে তাহা সকল সংসার।।

ভারত অববে সর্কপাপের বিনাশ। কাশীরাম দাস কহে কহিলেন ব্যাস।। দ্রৌপদীর সহিত কীচকের সাক্ষাৎ ও মিলন বাঞ্চা। জিজ্ঞাসেন জম্মেজয় কহ মুনিবর। অতঃপরু কি করেন পঞ্চ সহোদর।। মুনি বলে অবধান কর কুরুনাথ। একাদশ মাস গত হইল অজ্ঞাত।। সুদেষণার সেবা রুষণ করে অনুক্রণ। হেনমতে দেখ তথা-দৈবের ঘটন।। কীচক নামেতে বিরাটের সেনাপতি। একদিন দ্রৌপদীরে দেখিল ছুর্মাত।। দৃষ্টিমাত্রে কামবাণে হইল পীড়িত। দ্রৌপদীর সন্নিকটে হ'ল উপনীত।। বলিতে লাগিল কিছু মধুর বচনে। হের অবধান কর পূর্ণচন্দ্রানলে।। অনিন্দিত অঙ্গ তব অনঙ্গমোহনী। নিৰুপম ৰূপ তৰ প্ৰথম-যৌবনী।। হেথায় আছহ কভু আমি নাহি জানি। এ ৰূপ যৌবন কেন নফ্ট কর ধনি।। তোমার অঙ্গের শোভা সুরমন লোভে। এসব ভূষণ কি লো তব অঙ্গে শোভে॥ দেখিয়া তোমারে মন মজিল আমার। কামবাণে দহে প্রাণ করহ উদ্ধার।। গৃহ দারা পুত্র মম য়ত ধন জন। সব তাজি লইলাম তোমার শরণ।। সহত্র সহত্র মোর আছে নারীগণ। দাসী হয়ে সেবিবেক তোমার চরণ।। রত্ব-অলঙ্কার যত লোকমনোহর। যথা ইচ্ছা বিভূষণ পর কলেবর।। রতন-মন্দিরে শয্যা রত্ন-সিংহাসন। রত্ব-আভরণ পর শুনহ বচন ।। সবার উপরে তুমি হবে ঠাকুরাণী। যদি না রাখহ ধনী অধীনের বাণী।। এখনি ত্যজিব প্রাণ তোমা বিদ্যমান।

এই দেখ হইয়াছে কণ্ঠাগত প্রাণ ॥-

কীচকের বাক্য শুনি কম্পে কলেবর। ধর্মেরে শারিয়া দেবী করিল উন্তর ।। দৈরিক্ষী আমার জাতি বীভৎসক্ষপিণী। আমারে এমত কভু না শোভে কাহিনী। এ সকল কহ নিজ কুলভার্য্যাগণে। বংশরদ্ধি হবে যাতে থাকিবে কল্যানে।। প্রদারে লোভ কৈলে নাহিক মঙ্গল। জীয়ন্তে অখ্যাতি ঘোষে পৃথিবীমগুল।। যতেক সুকুতি তার সব নফী হয়। পরশ করিতেমাত্র হয় আয়ুঃক্ষয়।। পুজ্র দারা শোকে কফ দরিত্রলক্ষণ। অপ্যকালে দণ্ড তারে করুয়ে শমন।। সকল বিনাশ হয় প্রদারা প্রীতে। কভু ত্রাণ নাহি তার নরক হইতে।। প্রদারা আমি তাহা জানহ আপনে। পাপদৃষ্টি মোর প্রতি কর কি কারণে।। গন্ধর্ক আমার পতি যদাপি দেখিবে। কুটুয়ু সহিত তো'রে নিমেষে মারিবে।। পঞ্চ গন্ধর্কের আমি করি যে সেবন। অনুক্ষণ রাখে মোরে সেই পঞ্চ জন।। কালরাত্রি পোহাইল আজিযে তোমারে। ভেঁই হেন চুফ্ট ভাষা কহিছ আমারে।। তুমি যে এমত ভাষা আমারে কহিলে। ধরিল যমের দূত আজি তো'র চুলে॥ সুবৃদ্ধি পণ্ডিত যেই জ্ঞানবন্ত জন। পরস্ত্রী দেখিলে হে ট করয়ে বদন।। দ্রৌপদীর বাক্য শুনি কীচক ছুঃখিত। কামবাণাঘাতে হয়ে অত্যন্ত পীড়িত।। কীচকভগিনী বিরাটের রাজরাণী। তার স্থানে কছে গিয়া সবিনয় বাণী।। অচেতন অঙ্গ কম্প সঘনে নিশ্বাস। কহিতে না পারে কহে অন্ধ অন্ধ ভাষ।। ভগিনী নিকটে যাহা বলা নাহি যায়। কামে হতচিত্ত হয়ে লজ্জা নাহি পায়।। ভগিনী দেখহ মোর বাহিরায় প্রাণ। যদি মোরে চাহ শীর্ঘ কর পরিত্রাণ।।

সৈরি**দ্ধী আছি**য়ে যেই তোমার সদনে। তাহারে আমারে আনি দেহ এইক্ষণে।। না দিলে সোদর হত্যা হইবে তোমার। এখনি জানিবে প্রাণ যাইবে জামার।। মধুর বলিয়া তোষে বিরাটের রাণী। কেন হেন কহ ভাই অনুচিত বাণী।। দাসী ছার লাগি কেন তাজিবে জীবন। দিবার হইলে আমি দিতাম এখন।। অভয় দিয়াছি স্থামি লয়েছে শরণ। ছুষ্টমতি নহে সেই বুঝিয়াছি মন।। ष्ट्रकृ रमिल नाहि हारह शुक्रास्त शारन। তব ভার্য্যা হতে তারে কহিব কেমনে।। করিছে গন্ধর্ক পঞ্চ তাহার রক্ষণ। শান্ত হও ত্যজ ভাই সৈরিন্দীতে মন।। কীচক বলিল শুন গন্ধর্ক কি ছার। কাহার শকতি হয় অগ্রেতে আমার।। পঞ্চ গন্ধর্কেতে রক্ষা করে বলি কয়। সহত্র গন্ধর্ক হলে নাহি করি ভয়।। নফা-স্ত্রী-প্রকৃতি যাহা নাহি জান ভুমি। নফী জ্রীলোকের ঠাঁই শুনিয়াছি আমি॥ ভ্রাতৃ কিয়া পুজ্র হোক একান্তে পাইলে। বিহার করিতে ইচ্ছে আমি জানি ভালে।। মুখেতে সতীত্ব কহে অন্তরেতে আন। সেই মত দৈরিষ্কীরে কর অনুমান।। যদি মোরে চাহ তবে বল শীঘ্রগতি। দাসী ছারে কর ভয় সোদরে অপ্রীতি।। রাণী বলে যত কহ কামের বশেতে। মোর বশ নহে কভু কহিব কি মতে।। সৈরিষ্ক্রী ইচ্ছিলে নিজ মরণ ইচ্ছিলে। त्म रहेकु इहस्य काक ज्योरक भागाता।। নিশ্চয় নিকট মৃত্যু দেখি যে তোমার। যাহ শীঘ্র জ্বতগতি আপন আগার।। ভক্ষ্য ভোজ্য কর গিয়া আপনার ঘরে। সৈরিদ্ধী পাঠাব সুধা আনিবার তরে।। শান্তি কথা সব তারে কহিবে প্রথম। শান্তিতে ভজিলে হয় সৰুল উত্তম ৷৷

সমুদ্র তরিতে যেন পাইল তর্ণী। এত শুনি শীঘ্র গৃহে করিল গমন। যা বলিল ভগ্নী তাহা করিল তখন।। क्रकारत ठाहिशा वरल क्रूमधुत वानी।। আজি সুপ্রভাত মোর হইল রজনী। তবে কভক্ষণে বিরাটের পাটরাণী। তেঁই মোরে রূপ। করি আসিলে আপনি।। দৈরিস্থা ডাকিয়া কহে সুমধুর বাণী।। এই গৃহ ধন জন সকলি তোমার। ক্রীড়ায় ছিলাম আমি তৃক্ষায় পীড়িত। দিব্য বস্ত্র পর তুমি দিব্য অলঙ্কার।। ভ্রাতৃগৃহ হতে সুধা আনহ ত্বরিত।। ক্লফা বলে তব ভগ্নী হ'ল পিপাদিত। সুদেষ্ণার বাক্য শুনি যেন বজাঘাত। সুধা দেহ লয়ে আমি যাইব ত্রিত।। ভয়েতে কাঁপেন কুষ্ণা যেন রম্ভাপাত।। কীচক বলিল কেন বলহ এমন। কুষ্ণা বলে সূতপুত্র নির্লজ্জ ছুর্মাতি। তোমার আজ্ঞায় সুধা লবে অন্য জন।। তার পাশে যেতে মোরে না বলহ সতী।। ক্ষী গেল শুভ তব হইল এখন। প্রথমে তোমার স্থানে করেছি সময়। সহস্র সহস্র দাসী সেবিবে চর্ণ।। রাখিলে আপন গৃহে করিয়া অভয়।। আসি বৈস তুমি এই রত্ন-সিংহাসনে। আপন ৰচন দেবী করহ পালন। ধরিতে চলিল এত বলি সেইক্ষণে।। সুধা আনিবারে তথা যাক অহ্য জন।। কীচকের ছুফীচার দেখিয়া পার্যতী। আর কোন কর্মে আজ্ঞা কর রাজসুতা। ভূমিতে ফেলিয়া পাত্র ধায় শীঘগতি।। অকর্ত্তব্য হলে তাহা করিব সর্ব্যথা।। অন্তঃপুরে গেলে চুষ্ট করিবেক বল। শুনিয়া সুদেক্ষা কহে ক্রোধে আরবার। ভাবিয়া চলিল দৈবী রাজসভাস্থল ।। প্রেথিণী লোকের কেন এত অহস্কার।। পাছু পাছু ধেয়ে যায় কীচক ছুৰ্মতি। যথায় পাঠাব তথা করিবে গমন। ক্রোধে সভামধ্যে চুলে ধরি মারে লাখি। বিশেষে বিশ্বস্ত ভূমি বলি সে কারণ।। সুর্য্য-অনুচর যেই অলক্ষিতে ছিল। যাহ শীঘ্রগতি সুধা আনহ ত্বরিতে। এত বলি সুধাপাত্র তুলি দিল হাতে।। কীচকে ধরিয়া বলে ভূমিতে পাড়িল।। মূল কাটা গেলে যথা রক্ষ পড়ে তলে। এত শুনি দ্রৌপদীর চক্ষে বহে নীর। অচেতন হয়ে ছুফ্ট পড়িন ভুতলে।। কর্যোড়ে প্রণমিল দেবতা মিহির।। রাজা সহ পাত্র মিত্র বদেছে সভায়। সূর্য্য পানে চাহি দেবী করেন স্তবন। गरव (मरथ ट्योभनीत প्रशांतिन भाग्र।। ছঃসহ সক্ষটে দেব করহ তারণ।। পাঞুপুত্ৰ বিনা মম অস্তে নাহি মতি। সভায় ব্সিয়াছিল বীর রুকোদর। ছুই চক্ষু রক্তবর্ণ কম্পিত অধর।। কাচকের হাতে মোরে কর অব্যাহতি।। মুহূর্ত্তেক সূর্য্যস্তব দ্রৌপদী করিল। স্থলম্ভ অনলে যেন ঘৃত দিল ঢালি। দেখিল যে অপমান পাইল পাঞ্চালী।। क्रका द्राचिवादत प्रिव तकिश्र मिल।। ক্লঞাতে সমর্থ যেন.না হয় কীচক। নয়ন যুগলে ভাগ্নিকণা বাহিরায়। ত্বপাটী দশন চাপি উঠিল সভায়।। जनिकर्ण याञ्च मरङ्ग ताकम तकक।। সন্ম থে আছিল বৃক্ষ লইবারে যায়। তুঃখেতে আর্ডা যায় জ্পদনন্দিনী। বাছ স্থানে যৈতে যথা ভরায় হরিণী।। অনুমতি লইবারে ধর্ম পানে চায়।। অকুনী নাড়িয়া ধর্ম চক্ষুতে চাপিল। · দুর হতে মৃতমতি দেখি ডৌপদীরে। প্রাসাদ হইতে ভূমে নামিল মন্ত্রার।। অধোয়ুখ হয়ে ভীম সভাতে বসিল।।

স্থামীগণ সব বসি দেখে চারি পাশে। উদ্বশ্বাসে কান্দে কুষ্ণা কহে অদ্বভাৱে।। ধর্মাসনে বসি আছে মৎস্যের ঈশ্বর। বিনা অপরাধে মোরে মারিল বর্কর ।। দাসীরে মারিতে নারে রাজার সভায়। তোমা বিদ্যমানে মোরে প্রহারিল পায়।। দুষ্ট লোকে রাজা দণ্ড নাহি করে যদি। তবে অপ্পকালে তারে দণ্ড দেয় বিধি।। অনাথা দেখিয়া মোরে ছুফ্ট ছুরাশয়। চুলে ধরি মারিলেক নাহি ধর্মভয়।। ন্যায়মত রাজা যদি পালে প্রজাগণ। ৰহুকাল বৈদে সেই ইচ্ছের ছুবন।। ন্যায় না করিয়া যদি উপরোধ করে। অধোমুখ হয়ে পড়ে নরক তুস্তরে।। मान यक जामि कर्म नव वार्थ यात्र। হেন নীতিশাস্ত্র আছে শাস্ত্রে হেন কয়।। কীচক পড়িয়াছিল হয়ে অচেতন। সচেতন কর আজা করিল রাজন।। তাত প্রতি কহে তবে বিরাটনন্দন। রাজধর্ম রাজা নাহি করিলে পালন।। বিনা অপরাধে আসি মারিল সভায়। রাজদণ্ড নাহি দিলে চোর সভা প্রায়।। সবাই অধন্মী বসিয়াছ যত জন। ধর্মভয় নাহি তেঁই না কহ বচন।। এত শুনি সমুন্তর করে মৎশুভূপ। পরোকে দোঁহার দ্বন্ধ না জানি কি ৰূপ।। না জানিয়া না শুনিয়া কহিব কেমনে। কি হেতৃ ভোমরা স্বন্ধ কর চুই জনে।। বিরাটের হেন বাক্য শুনি যাজ্ঞদেনী। রোদন করিয়া কহে শিরে কর হানি।। পদাঘাতে মৃতবৎ করে শত্রুগণে। দেব দিজগণ প্রিয় বড় প্রিয় রণে।। त्र मव जत्नत आमि माननी महियी। সূতপুত্র মোরে পদে প্রহারিল আসি।। যাঁর ধনুর্ঘোষে ভিন্ লোক ৰুম্প হয়। এক রথে যে করিল তিন লোক জয়।।

তাঁর ভার্য্যা হই আমি দেখিরা অনাথ। স্তপুজ ছুট মোরে করে পদাঘাত।। বল বুদ্ধি তা সবার কোথাকারে গেল। মোর এত অপমান নয়নে দেখিল।। বলিতে লাগিল তবে যত সভাজন। ভাল কর্ম্ম না করিল সূতের নন্দন,।। সাক্ষাতে দৈরিক্ষী দেবকন্যা স্বৰূপিণী। হেন অঙ্গে পদাঘাত অনুচিত বাণী।। তবে ধর্ম কহিছেন কল্প নামধারী। সৈরিস্ক্রী না কর খেদ যাও অন্তঃপুরী।। ধর্মাশীল মৎস্যুরাজ ডরে প্রলোকে। উপরোধ করি ক্ষমা করিল কীচকে।। দেখিতেছে গন্ধর্কেরা তব পতিগণ। সময় বুঝিয়া ক্ষমা করিল এখন।। কালেতে কীচকে তারা দণ্ডিবে উচিত। কীচক হইতে কিছু নাহি হও ভীত।। ছ্থিনী সমান কেন কান্দ্র সভায়। আত্মপাপে ছুঃখ পাও কি দোষ রাজায়।। ক্ষা কহে সভাসদ কহিলে প্রমাণ। আঅপাপে তুঃখ মোর কে করিবে আন। এত বলি ছই চক্ষু কেশেতে পুঁছিল। কেশ ঘরিষণে যত শোণিত অবিল।। ভর্ত্ত-আজ্ঞা পেয়ে রুষ্ণা যান অস্তঃপুরী। যথায় আছয়ে নারী কেকয়কুমারী।। সুদেষ্ণার আগে দেবী কান্দিতে লাগিল। শাঠ্যেতে সুদেষ্ণা ভারে সভ্রমে পুছিল।। কে তোমার করিলেক এতেক তুর্গতি। সমূলে বিনাশ পাবে সেই ছুফীমতি।। নিশ্বাস ছাড়িয়া কহে সৈরিষ্ক্রী-ৰূপিণী। জানিয়া কপট কেন কহ রাজরাণী।। সুধা আনিবারে ভ্রাতৃ গৃহেতে পাঠালে। কত বা কহিব তাহা যত চুঃখ দিলে।। রাজাসহ পাত্র মিত্র দেখেছে সভায়। কেশে ধরি তব ভাতা মারিল আমায়।। যথোচিত ভার শান্তি পাবে ছুফীমভি। আজি কিন্তু। কালি যাবে যমের বসতি।। আজি হতে ত্যন্তু আশা ভ্রাতার জীবন করহ সামগ্রী তার আদ্ধের কারণ।। এত বলি নিজ স্থানে গেলেন পাঞ্চালী। জলে প্রবেশিয়া সব ধু(ই)ল রক্ত ধূলি॥ পরপুরুষের স্পর্শে যেই আচরণ। বিধানে দ্রৌপদী তাহা করিল তথন।। পুনঃপুনঃ কান্দে ক্লফা নিজ তুঃখ স্মরি হেনমতে গেল তবে অর্দ্ধেক শর্করী।। ক্ষুধা নিদ্রা নাহি দেবী করে অনুমান। এ ছুঃখ সাগর হতে কে করিবে ত্রাণ।। না পারিবে রুকোদর বিনা অন্য জন। চিস্তিয়া ভীমের পাশে করেন গমন।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। ভীমের সহিত দ্রৌপদীর কীচক-

वर्धत मञ्जूषा।

विताष्ठ-तस्तर-शृदश जीत्मत भग्न । নিদ্রা যান রুকোদর হয়ে অচেতন।। সক্ষেতে বলেন দেবী চাপি ছুই পায়। উঠ উঠ কত নিদ্রা যাহ মৃতপ্রায়।। হীন জনে সাধ্যমত আপন ভার্যারে। প্রাণপণে করি রক্ষা সম্কটেতে তারে।। সভামধ্যে যত মম অপমান কৈল। সিংহের রমণী লৈতে শৃগালে ইচ্ছিল।। চরণ চাপিতে ভীম হন জাগরিত। দ্রোপদী আতুরা দেখি উঠেন ত্বরিত।। কহ ভদ্রে এত রাত্রে কেন আগমন। তুঃখিতের প্রায় দেখি মলিন বদন।। যে কথা কহিতে আছে শীঘ্ৰ কহ মোরে। কেহ পাছে দেখে শুনে যাহ নিজ ঘরে।। ভীমবাক্য শুনি আরো বৃদ্ধি পায় ছুঃখ। নয়নে সলিল পড়ে কুষ্ণা অধোমুখ।। ভীম বলে কহ প্রিয়ে কি হেতু শোচন। কি তুঃখ তোমার কহ করিব মোচন।। • এত শুনি সকরুণে বলেন পার্যতী। কি ছুঃখ শোচন যার যুধিষ্ঠির পতি।।

জানিয়া শুনিয়া মোরে পাঠাতেছ ঘরে। আপনার কর্ম কিবা বলিব ভোঁমারে।। হস্তিনায় ছঃশাসন যতেক করিল। কুরুসভামধ্যে সবে বসিয়া দেখিল।। একবস্ত্রপরিধানা আমি রঙ্গস্বলা। কেশে ধরি আনিলেক করিয়া বিহ্বলা।। অনস্তরে অরণ্যেতে ছফ্ট জয়দ্রথ। বলে ধরি লয়ে গেল পাপিষ্ঠ উন্মন্ত।। দ্বাদশ ব**ংসর বনে** ফল মূল খেয়ে। মৎ अटन देन स्ट्रांत कामी टेह्नू शिर्य ।। গোরোচনা চন্দনাদি ঘষি নিরন্তর। ' হের দেখ কলঙ্কিত হ'ল ছুই কর।। সে সব ছুঃখের কথা নাহি করি মনে। তোমা সবা ছুঃখ দেখি ভুলি ক্ষণে ক্ষণে। বিনা অপরাধে মোরে কীচক তুর্মতি। স্বার সাক্ষাতে মোরে মারিলেক লাথি।। এমত জীবনে মোর নাহি প্রয়োজন। এত লঘু হয়ে জীব কিসের কারণ।। রাজকন্যা হয়ে মোর সমান ছুঃখিনী। স্বামীর জীয়ন্তে কেহ না দেখিনা শুনি।। আজি যদি কীচকেরে তুমি না মারিবে। নিশ্চয় আমার বধ তোমারে লাগিবে।। কিয়া বিষ খাই কিয়া প্রবৈশিব জলে। প্রভাতে মরিব আমি কীচকে দেখিলে।। নিত্য আদে তুরাহার আমার নিলয়। মোর ভার্য্যা হও বলি অনুক্ষণ কয়।। সৈরিক্সী বলিয়া মোরে করে উপহাস। ধিক্ মোর ছার প্রাণে আর কিবা আশ।। হস্তমুখে নরপতি দেবন খেলিল। যাঁহার কর্মেতে এত ছঃখ উপজিল।। এমন করেছে কোন রাজা কোন দেশে। সবান্ধবে রাজ্য ত্যক্তি অরণ্যে প্রবেশে।। কোটি কোটি গজ বাজী গৰী অশ্ব বাস। সব ত্যজি এবে হ'লে বিরাটের দাস।। মূঢ় লোক থাকে যথা কর্ম ধ্যান করি। সেই মত বসি আছ নিল সব অরি॥

নিরবধি সেবে দশ সহত্র সুন্দরী। অতিথি দেবনে যাঁর সংস্রেক নারী।। যত অন্ধ যত খঞ্জ আশ্রায়েতে থাকে। লক্ষ রাজা দাঙাইয়া থাক্যে সমূথে।। ঘোর দ্যুতে হারিলেন এতেক সম্পদ। এবে বিরাটের দাস পেয়ে কম্বপদ।। অতুল গাণ্ডীবধারী বীর ধনঞ্জয়। এক রথে করিলেক ত্রৈলোক্য বিজয়।। ইন্দ্র জিনি করিলেক অগ্নির তর্পণ। দৈত্যে মারি নিস্কল্টক কৈল দেবগণ।। বজ্ঞাঘাত ডাকে যাঁর ধনুর নির্ঘোষে। কন্যাগণ-মধ্যে থাকে নপুংসক-বেশে।। মাথায় কিরীট ঘাঁর সূর্য্যপ্রভা জিনি। এখন সে মস্তকে হের লম্বমান বেণী।। क्र भरनत कन्या श्रुष्ठे द्वारयत चितिनी। পঞ্চ স্বামী ভজি এবে হ'লু জনাগিনী ॥ বজের অধিক মোর কঠিন শরীর। ভেঁই এত কটে প্রাণ না হয় বাহির।। এত বলি কান্দে দেবী মুখে দিয়া কর। তিতিল নয়ন-নীরে ভীম-কলেবর ।। রুষ্ণার ক্রন্দন দেখি কান্দে বকোদর। कत्रभम काँरा घन कारा उर्हा भत्।। ধিক মোর বাভ্বল ধিক ধনঞ্জয়। তোমার এতেক কফ স্তান প্রাণ রয়।। ভামারে কি বল ক্লুম্বা ভামি কি করিব। আত্মবশ হলে কেন এত দুঃখ পাব।। শেখানে তোমারে চুষ্ট মারিলেক লাখি। সেইখানে পাঠাতাম যমের বসতি।। সব সভা মারিতাম নুপতি সহিতে। কাহারে ন। রাখিতাম অন্যেরে কহিতে॥ 🧖 বিদিত হইলে পূনঃ যাইতাম বন। এত অপমান অঙ্গে হয় কি সহন।। কটাকে চাহিয়ামোরে রাজা মানা কৈল। সে কারণে ছুরাচার কীচক বাঁচিল।। যুধিষ্ঠির-বাক্য স্থামি লঙ্ক্তিতে না পারি। নহিলে এ গতি কেন হইবে সুন্দরি।।

इत्यन्त अधिक सूथ नंजन्तर्ग निर्म । এত তঃখ হ'ল শুধু তাঁর বাক্যে রয়ে ॥ সভামধ্যে করিলেক যত ছঃশাসন্। মৃত্যু ইচ্ছা হয় তাহা করিলে স্মরণ।। সে সকল অপমান বসি দেখিলাম। যুধি ঠির-আজা লাগি সব সহিলাম।। ক্রন্দন সমূর দৈবি ছঃখ হ'ল শেষ। অপ্পদিন হেতৃ আর কেন ভাব ক্লেশ।। কহিলে যে মোর সম নাহিক তুঃখিনী। রাজপত্নী হয়ে হেন না দেখি ধরণী।। তোমা হতে চুঃখ পাইয়াছে বহুতর। कहिव (म मव कथा अवधान कर्ना। ছিলেন বৈদেহী সীতা জনকছুহিতা। ্লক্ষী অবতার হম রামের বৃদ্ধা।। োক বর্ষ হেতু বনে গমন করিল। ফল-মূলাহার করি **কটেতে বঞ্চিল**।। অরণ্যে হরিয়া লয় দ্রুষ্ট দশানন। বভ্কফ দিল তথা রাক্ষস তর্জন।। অনাহারে হ'ল ততু অস্থি-চর্ম্মসার। নিত্য নিশাচরীগণ করিত প্রহার ॥ এত কফ সহিলেন জনককুমারী। সীতা উদ্ধারিল রাম রাব্ধেরে মারি।। অগস্থ্যের ভার্যা। ব্রুপে গুণে অনুপম। রাজার কুমারী হয় লোপায়ুদ্রা নাম।। তাঁহার মতেক কষ্ট কহনে না যায়। বল্গীকমৃত্তিকা সব বেভিলেক গায়।। বহুকাল সেই ৰূপে কফেতে রহিল। এত কফ সহি পুনঃ অগত্তো পাইল।। ভীমপুজী দময়ন্তী নলের গৃহিণী। তাহার যতেক কফ্ট অদুত কাহিনী।। মহাঘোর বনমাবে ছাড়ি গেল পতি। ক্রমে ক্রমে গেল পুনঃ বাপের বসকি॥ অনেক প্রকারে পুনঃ স্বামীরে পাইল। कराजक किहर कुश्थ यराजक महिला। বুমি তত বুলা তুঃখ পাইলে অপার। পমা কর অস্পদিন তুঃখ আছে আর।। তের বর্ষ পূর্ণ হ'ল ত্রিংশৎ রজনী।
পুনরপি নিজদেশে হবে ঠাকুরাণী।।
মহাভারতের কথা অমৃত-লহরী।
কাশীরাম দাস কহে শুন কর্ণ ভরি।।

## कीहक-वधा

क्रका राल या रिलटन मर जामि जानि। আজি রক্ষা পেলে পিছে হ'ব ঠাকুরাণী।। যদি তুমি কীচকে না দিবে আজি দগু। লোকে কবে দৈরিষ্কী যে কহিয়াছে ভণ্ড।। আমি কহিয়াছি সর্কলোকের গোচর। আমার আছয়ে পঞ্চ পন্ধর্ক ঈশ্বর।। গন্ধর্কের নাম শুনি করে উপহাস। বলে লক্ষ গন্ধর্কেরে করিব বিনাশ।। সকল শোভিল তারে যতেক কহিল। এত অপমান করি দণ্ড না পাইল।। প্রভাত হইলে পুনঃ ছারেতে আসিবে। পরিহাস করি মোরে বচন কহিবে।। সে বাক্য শুনিতে মোরে যেতে বল ঘরে এখনি ত্যজিব প্রাণ তোমার গোচরে।। জয়দ্রথ-ভয় হতে করিলে উদ্ধার। জটাসুর বিনাশিয়া কৈলে প্রতীকার।। এখন কীচক-ভয়ে কর পরিত্রাণ। তোমা বিনা রাখে ইথে নাহি দেখি আন।। যুধিষ্ঠির-আজা হেতু বিচারিছ চিতে। আজ্ঞা করেছেন তিনি কীচকে দণ্ডিতে।। তখনি বিদিত হ'ত পূর্ণ সভামাঝ। ধর্মভয় করি ক্ষমা করে মহারাজ।। এত শুনি চিস্তি ভীম বলিল বচন। না কর ক্রন্দন দেবি স্থির কর মন।। এত বলি ক্রোধে ভীম কছেন তথন। কীচকে অবশ্য আমি করিব নিষন।। সময় করহ এক কিন্তু তার সনে। উপায়ে মারিব যেন কেহ নাহি জানে।। আজিকার মত তুমি যাহ নিজালর। কালি প্রাতে তার সঙ্গে করিহ সময়।।

নৃত্যশালে যথা কন্যাগণ নৃত্য শিখে। রজনীতে শূন্য তথা কেহ নাহি থাকে।। তথায় নির্কন্ধ কর শয্যা করিবারে। সে ঘরে পাঠাব ছুফে শমন-আগারে।। ভীমের আখাস পেয়ে সম্বরি ক্রন্দন। নয়ন পুঁছিয়া ক্লফা করিল গমন।। রজনী প্রভাত হ'ল কীচক উঠিল। যথা রাজগৃহে কুষ্ণা শীঘ্রগতি গেল।। দ্রৌপদীর প্রতি তবে দম্ভ করি বলে। ধাইয়া যে গেলে তুমি রাজসভাতলে।। রাজ বিভামানে তোরে প্রহারিকু লাখি কি করিল মোরে বল বিরাট নুপতি।। মোর বাহুবলে রাজ্য ভুঞ্জে নরপতি। কি করিতে পারে মোর তাহার শকতি। ভজহ সৈরিদ্ধী মোরে ক্ষম দোষ মোর এই দেখ দন্তে তৃণ দাস হ'কু তোর।। কুষ্ণা বলে তব বশ হইলাম আমি। আছয়ে গন্ধৰ্ক কিন্তু মোর পঞ্চ স্বামী।। তাহা সবাকারে বড় ভয় হয় মনে। এমন করহ যেন কেহ নাহি জানে।। নৃত্যশালা রজনীতে থাকে শুন্যাকার। তথা নিশা তব সঙ্গে করিব বিহার।। এত শুনি ছুফীমতি হ'ল হাফীমন। শীঘগতি নিজগৃহে করিল গমন।। নানা গন্ধ চন্দনাদি অক্তেতে লেপিল। দিব্য রত্ন অলঙ্কার অঙ্গেতে ভূবিল।। সৈরিস্ক্রীর চিন্তা করি বিরহ হুতাশে। ক্ষণে ক্ষণে দিনকর নির্থে আকাশে।। কতক্ষণে হবে জন্ত দেব দিবাকর। পুনঃ বাহিরায় পুনঃ প্রবেশয়ে ঘর।। হেথা রুঞা রুকোদরে কছে সমাচার। রাত্রিতে আসিবে নৃত্যাগারে ছ্রাচার যথোচিত ফল আজি দিবে তার প্রতি। প্রভাত না হয় যেন আজিকার রাতি।। এমতে আসিয়া হ'ল সন্ধার সময়। ব্কোদ্র আগে চলি গেল নৃত্যালয়।।

श्वकात कति देवटन भागत्कत माव। মৃগ মারিবারে যথা সাজে মৃগরাজ।। আনন্দিতচিত্ত হয়ে কীচক চলিল। একক হইয়া সঙ্গে কারে না লইল।। যথায় পুরুষসিংহ জাছে রকোদর। কীচক বসিল পিয়া পালম্ক উপর।। কামবাণাঘাতে ছুফ মোহিত হইয়া। অঙ্গে হাত বুলাইয়া বলিছে হাসিয়া।। লোহা হতে সুকঠিন ব্ৰেচাদ্র-কায়। कामानटन नक तूरक टेनितिक्रीत श्रीश ।। আমার মহিমাতুমি না জান সুকরে। মোর ৰূপগুণে বশ যত নর নারী।। পূর্বভাগ্যে গুণবতী পেলে তুমি মোরে। সবারে ত্যজিয়া আমি ভজিমু তোমারে।। ভীম বলে বড় ভাগ্য আমার আছিল। দে কারণে তোমা স্বামী বিধি মিলাইল।। তোমার মহিমা আমি নাহি জানি পুর্বের (मकांत्रत्व रहना रिक्यू शंक्रास्क्तं शर्स्व ।। কিন্তু এক তাপ মোর জাগিতেছে মনে রাজসভামধ্যে মোরে মারিলে চরণে।। বজ্রের সমান তব চরণ-প্রহার। বড় ভাগ্যে প্রাণ-রক্ষা হইল আমার।। কমল অধিক মোর কোমল শরীর। বেদনায় প্রাণ মোর হতেছে বাহির।। মনোছঃখে কিৰূপেতে পাবে রতিমুখ। এত শুনি কহে তবে কীচক ছুর্মাখ।। ক্ষমহ সে সব দেখি ত্যজ তুঃখ মন। প্রসন্ন হইয়া মোরে করহ বরণ।। পদাঘাতে তুঃখ যদি আছুরে অন্তরে। সেই মত পদাঘাত করহ আমারে।। এত বলি ছুফীমতি মাথা দিল পাতি। অন্তরে হাসিয়া উঠে ভীম মহামতি।। বজাঘাত প্রায় ঘাড়ে প্রহারিল লাথি। তথাপিহ নাহি বুঝে কীচক তুর্মতি।। যে চরণাঘাতে ভীম গিরি চূর্ণ কৈল। হিড়িম্ব কিশ্মীর বক প্রভৃতি মারিল।।

একে একে তিনবার করিল প্রহার। তথাপিহ নাহি জানে কীচক গোঁয়ার॥ ভীম বলে আরে চুফী গন্ধর্কে বিবাদ। যুচাইব সৈরিদ্ধীর রমণের সাধ।। ভীমবাক্য শুনি জন্মে কীচকের জ্ঞান। লাফ দিয়া উঠি ধরে ব্যাছের সমান।। মহাপরাক্রম হয় কীচক ছুর্জ্জয়। দশ ভীম হলে তার সম যুদ্ধে নয়।। কুষ্ণার ধরিয়া কেশ আয়ু হ'ল ক্ষীণ। বিশেষে চরণাঘাতে বল হু'ল হীন।। তথাপি বিক্রমে ভীম হতে নহে ঊন। পদাঘাতে দৃঢ়মুষ্টি হানে পুনঃপুন।। ভাঁচড় কামড় মুখে মুখে তাড়াতাড়ি। ধরাধরি করি ভূমে যায় গড়াগড়ি॥ কখন উপরে ভীম কখন কীচকে। শোণিতে জর্জার অঙ্গ পদাঘাত নথে।। निःभटक्ट एकंटिश युक्त घटत्रत जिल्टात । এইমত যুদ্ধ হ'ল তৃতীয় প্রহরে॥ ঊনপঞ্চাশৎ বায়ুতেজ ধরে ভীম। তথাপি কীচক নহে সংগ্রামেতে হীন।। পুনঃপুনঃ উঠে দোঁহে করয়ে প্রহার। চরণের ঘাতে ক্ষিতি হইল বিদার।। বসন্ত সময় যেন হস্তিনী কারণ। পর্বত উপরে ছুই হস্তী করে রণ।। ক্রোধে অগ্নিবৎ জ্বলে বায়ুর নন্দন 1 কীচকে ফেলিয়া বুকে করিল আসন।। দ্রৌপদীর অপমান হৃদয়েতে জাগে। সিংহ যেন চাপি ধরে মদমত্ত মূগে।। আরে তুরাচার তুষ্ট কীচক তুর্মতি। ইচ্ছিলি সৈরিন্ধী সহ এই মুখে রতি।। এত বলি সেই মুখে মারে বজ্রমুষ্টি। ভাঙ্গিয়া ফেলিল তার দম্ভ ছুই পাটি।। এই চক্ষে সৈরিস্কীরে করিলি দর্শন। এত বলি ৰজ্জনথে উপাড়ে নয়ন ॥ অওকোষ ধরি তাহে মারিলেন লাথি। সেই ঘাতে প্রাণ ছাতে কীচক ছুর্মতি।। হস্ত পদ শির তার সব চূর্ণ কৈল।
কচ্চপের প্রায় করি অক্ষে প্রাইল।।
মাংসপিওবৎ করি কুয়াও আকার।
হাসিয়া রুফারে ডাকে পবনকুমার।।
অগ্রি আলি দেখ এবে যাজ্ঞসেনী সতি।
তোমা হিংসি কীচকের এতেক চুর্গতি।
যে তোমার অপরাধী তার এই গতি।।
এত বলি রকোদর করিল গমন।
রন্ধনশালায় যথা শয়ন-আসন।।
য়ান করি অক্ষে দিল সুগল্পি চন্দন।
স্ক্রন্থাত হয়ে বীর করেন শয়ন।।
মহাভারতের কথা অমৃত-লহরী।
কাশীদাদ কহে সাধু শুনে কর্ণ ভরি।।

কীচকের শবলাহে ভাহার উনশভ ভাতার মৃত্যু ও দাহ।

কীচক-মরণে ক্লফা আনন্দিত হয়ে! সভাপাল প্রতি তবে বলিল ডাকিয়ে।। মোরে যথা ছুঃখ দিল কীচক দুর্মতি। ফল দিল গন্ধর্কেরা যারা মোর পতি।। অহত্বার করি চুষ্ট গন্ধর্ক না মানে। গন্ধর্কে মারিবে কোথা মাতৃষ প্রাণে।। এত শুনি ধেয়ে আদে যতেক রক্ষক। মাংদ্রপিও প্রায় তথা দেখিল কীচক।। অপূর্কে দেখিয়া লোক মানিল বিসায়। কেহ বলে কীচক এ কেহ বলে নয়।। কোথা গেল হ'ত পদ কোথা গেল শির। কুমাণ্ডের প্রায় দেখি কাহার শরীর।। কেহ বলে গন্ধর্কেরা মারে এই মত। বার্ত্তাপেয়ে ধেয়ে আসে ভ্রাতা উনশত। কীচকে বেড়িয়া সবে করয়ে ক্রন্দন। ভাত মিত্র বন্ধু যত স্ত্রী পুরুষগণ।। এই মতে বন্ধুগণ কান্দিয়া অপার। জগ্নি-সংক্ষার হেতু করিল বিচার।। ছেনকালে চৌপদীরে দেখি সেইখানে। मर्भ कृति मार्थाहेल मना निमामारम ।।

কোধে সূতপুজ্ঞগণ বলিল বচন। এই দুষ্টা হতে হ'ল কীচক নিধন।। কেহ বলে না চাহিও এ ছুফীর পানে। কেছ বলে অসতীরে মারহ প্রাণে।। অগ্নিতে পোড়াহ এরে কীচক সংহতি। পরলোকে কীচকের হইবেক প্রীতি।। বান্ধিয়া ইহারে শীঘ্র মৃত সহ লহ। একবার গিয়া নুপতিরে জিজ্ঞাসহ।। বিরাট নুপতি শুনি কীচক-নিধন। ক্রোধে নরপতি আজ্ঞা দিল সেইকণ।। আহা হা কীচক বীর সৈন্য-সেনাপতি। ভোমার বিহনে মোর হবে কোন গভি।। সৈবিদ্ধী দ্বফীর হেতৃ কীচক-নিধন। ক্রোধে নরপতি আজা দিল সেইশ্বণ।। তার মুখ আর নাহি দেখিব কখন। শীঘ্র করি লহ তারে করিয়া বন্ধন।। পোড়াহ কীচক সহ জালিয়া অনল। তবে দে আমার অঙ্গ হইবে শীতল।। আজ্ঞা পেয়ে দ্রোপদীরে বান্ধিল তথন। শ্ব সহ লইলেক করিয়া বন্ধন।। তবে ত দ্রৌপদী দেবী না দেখি উপায়। আকুলা হইয়া অতি কান্দে উভরায়।। জয় বিজয় জয়ন্ত আব জয়দেন। জয়রল নাম লয়ে উচ্চেতে ডাকেন।। ত্বন্দ্ভির শব্দ ঘাঁর ধনুক-টক্ষার। তিনলোকে শক্তিমান নাহি শক্ত ঘাঁর।। তাঁর প্রিয়া বড় আমি করিল বন্ধন। শীঘ্রণতি আসি মোরে করহ মোচন।। এই মত পুনঃপুনঃ ভাকে যাজ্ঞদেনী। রন্ধন-গৃহেতে থাকি ভীমদেন শুনি।। ক্রন্দনের শব্দ শুনি উঠিয়া বসিল। ट्योभनीत तव वृति श्रम्य कॅंनिन ।। কেশ-বেশ-মুক্ত বীর বায়ুবেগে ধায়। প্থাপ্থ নাহি জ্ঞান শব্দ শুনি যায়।। এক লাফে ডিঙ্গাইর গড়ের প্রাচীর। আখাদিয়া দ্রৌপদীরে করে মহাবীর।।

न। कान्म रेमिकिनी (मिव आमिल शक्ति। এখনি মারিবে ছফী ফুতপুজ দর্ম।। এত বলি উপাড়িল দীর্ঘ তরুবর। দণ্ড-হত্তে যম যেন ইন্দ্র বজ্রকর ।। সবে বলে হের ভাই গন্ধর্ক আসিল। পলাহ পলাহ বলি সবে রড় দিল।। নগরের মুখ ধরি ধায় বায়ুবেগে। পাছে ধায় রুকোদর সিংহ যেন মুগে।। আংরে আংরে তুরাচার স্তপুজ্রাণ। মকুষ্য হইয়া কর গন্ধর্কে চালন।। এত বলি মারে বীর দীর্ঘ তরুবর। এক ঘায় মারে ঊনশত সহোদর।। অশ্রুপুর্ণমুখী ক্লম্ডা আছিল বন্ধনে। মুক্ত করি রকোদর দিল সেইক্ষণে।। ভীম বলে তুঃখ নাহি ভাব গুণবভী। তোমায় হিংসিয়া চুষ্ট লভিল চুর্গতি।। তাজ্ঞা কর যাব আমি কেহ পাছে জানে। করহ গমন তুমি আপনার স্থানে।। এত বলি চলি গেল বীর রুকোদর। অনুঃপুরে গেল কুষ্ণা সুদেষ্ণার ঘর।। রজনী প্রভাত হ'ল আংসে সর্বজন। রাজারে করিল জ্ঞাত রাজমন্ত্রিগণ।। কীচকে দহিতে গেল যত ভ্ৰাতৃগণ। গন্ধরের হাতে সাব হইল নিধন।। সবা মারি সৈরিস্ক্রীরে মুক্ত করি দিল। रेमदिक्री श्रूनम्ह आमि शूरत প্রবেশিল।। মৎস্যদেশের আর নাহি প্রতীকার। গন্ধরের হাতে সবে হইবে সংহার।। মনোরমা নারী হয় পরমা সুন্দরী। হেরিলে গন্ধার্কে তারে চলি যাবে মারি শীঘ্র কর নরপতি ইথে প্রতীকার। এথা হতে তুষ্টা গেলে সবার নিস্তার।। শুনিয়া বিরাট রাজা ভায়ে ত্রস্ত হ'ল। কীচকেরে দহিবারে লোকে আজ্ঞা দিল অন্তঃপুরে গিয়া রাজা ঝ্রাণীরে বলিল। रेमहिस्रो ताथिता शृंदश विश्व विष्णि ।।

এখন এখার হতে যার যেই মতে।
মার নাম নাহি লবে কহিকে সম্প্রীতে।।
এত দিন ছিলে তুমি আমার সদন।
এখন যথার ইচ্ছা করহ গমন।।
তোমা হতে বড় ভর হইল সবার।
বিলয় না কর শীঘ্র কর আঞ্দার"।।
মহাভারতের কথা সুধার সাগর।
যাহার প্রবণে ত্রাণ পার যত নর।।

(प्रीथनीक (निधिषा भूतक्र, मत ७ग। বন্ধন হইতে মুক্ত কৈল রকোদর। স্নানান্তে দ্রৌপদী যান আপনার ঘর।। চতুর্দ্দিকে বসি ছিল যত লোকজন। ক্লঝারে দেখিয়া ভয়ে পলায় তথন।। সিংহ দেখি যথা অজা ধায় দভ্বভি। একের উপরে ভয়ে কেহ যায় পড়ি।। প্রাচীন অথর্ক লোক ধাইতে লাগিল। অধোমুখে ভূমি ধবি বস্ত্র আচ্ছাদিল।। সবে বলে কেহ নাহি চাও উহা পানে। এখনি গন্ধর্ক-হাতে মরিবে পরাণে।। এত বলি সব লোক করে কাণাকাণি। এথায় রন্ধনগৃহে গেল যাজ্ঞসেনী।। দাগুইয়া ছিল তথা বীর রুকোদর। প্রণমি কহিল দেবী যুক্তি ছুই কর।। গন্ধর্ক রাজার পায়ে মম নমস্কার। যে মোরে সঙ্কট হতে করিল নিস্তার।। ভীম বলে যেই জন আঞ্জিত যাহার। অবশ্য করয়ে লোক তার প্রতীকার ।। তথা হতে নৃত্যশালা করিল গমন। সৈরিস্কৃীরে নির্থিয়া বলে কন্যাগণ।। ভাল হ'ল সকান্ধবে মরিল তুর্ঘতি। যে তোমার করিলেক এতেক ছুর্গতি।। পাৰ্থ বলিলেন কহ অন্তুত কথন। किमा की हरक रेकन शक्षा कि निधन।। ক্লফা বলে কি জানিবে ওছে রহ্**ল**লা। অহনিশি কন্যাগণ লয়ে কর খেলা ।

কিমতে জানিবে তুঃখ যভেক আমার। হাসি হাসি জিজাসিছ কি বলিব আর ।। তথা হতে গেল সুদেকার অন্তঃপুরী। क्रकारत रमिश्रा तर भनाईन नाती।। দ্বারেতে কপাট কেহ দিল মহাভয়ে। पिश्रिशं ट्योशमी प्रती पूरिल विश्वरत ॥ मरमा सूरविका जामि नृপ-शंवितानी। विनश्रश्वक रेमिङ्कित्र वरल वांशी।। এথা হতে বাছা ভূমি করহ গমন। যথা আছে গন্ধর্কেরা তব পতিগণ।। নুপতির বড় ভয় হইল তোমারে। कानक्षी कानि लामा मर्कतनारक एत ॥ সর্কনাশ হ'ল মোর তোমার কারণ। তোমা রাখি হত্যা কৈনু সংহাদরগণ।। এখনছ ক্ষম মোরে করি পরিহার। যথা ইচ্ছা তথাকারে কর আগুসার।। দ্রৌপদী বলিল দেবি কর অবধান। তের দিন পরে আমি যাব নিজ স্থান।। তোমারে গন্ধর্কাণ বহু প্রীত হবে। তের দিন উপরাস্তে মোরে লয়ে যাবে।। আমা হতে যত কষ্ট হইল তোমার। ততেক সম্ভোষ আমি করিব অপার।। মরিল আপন দোষে কীচক ছুর্মাতি। विना (मार्य को इार्त ना हिश्रम (मात्र पिछ।। দেব-দ্বিজ-প্রিয় তাঁরা ভকতবৎসল। নাহি করে তারা ধার্মিকের অমঞ্জ।। এখানে দেখিবে সেই মোর স্বামীগণে দেব-দ্বিজগণ-প্রিয় বড় প্রিয় রণে।। सूर्पका विलल एप एप विशा खामारत পুরুষের কা কথা যে স্ত্রী পলায় ভরে। ट्य निम जूमि यंनि शाकित्व এशाय । সভ্য করি এক কথা কহ গো আমায়। স্বামী পুজ ডরে মোর রহিল বাহিরে। অভয় করিলে ভূমি আসিবেক ঘরে।। সবান্ধবে লইলাম তোমার শর্ণ। গন্ধবির ভয়ে ভূমি করহ রকণ।।

অভয় করিল ক্ষক। সুদেকার বোলে।
এই মতে তথা কৃষ্ণা বঞ্চে কুভূহলে।।
মহাভারতের কথা অমৃত-লহরী।
কাহার শক্তি তাহা বর্ণিবারে পারি।।
রহস্ত বিরাটপর্ক কীচকের বধে।
কাশীদাস কহে দ্বিজ্বরণ-প্রসাদে।।

পাগুৰাবেষণাৰ্থ ত্ৰ্য্যোধনের চর ধ্থেরণ।

অজ্ঞাতে বঞ্চেন হেথা পাঞুর নন্দন। হস্তিনাপুরেতে তথা রাজা তুর্য্যোধন।। লক্ষ লক্ষ চরগণে পাঠান ত্বরিত। পাণ্ডবের অন্বেষণে যার চতুর্ভিত।। তুর্য্যোধন বলে যেই পাণ্ডবে দেখিবে। পাণ্ডবে দেখেছি বলি যে আসি কহিনে ধন জন দেশ দিব বহুত ভাণ্ডার। রাজ্যভোগ ভুঞ্জিবেক সহিত আমার।। এত বলি দূতগণে দিল বছ ধন। পাঠাইল অফদিকে লক্ষ লক্ষ জন।। একবর্ষ পাণ্ডবেরে খোঁজে সর্বজন। ভ্ৰমিয়া সকল দেশ আসে দূতগণ।। নমকার করি নৃপে কর্যোড়ে কয়। বহু খুঁজিলাম রাজা পাণ্ডুর তনয় ॥ গ্রাম দেশ নগরাদি যত জনপদ। তড়াগ নিঝंর নদ নদী ভার হ্রদ।। পর্বত কানন রুক্ষ লতার ভিতর। গহবর কন্দর গুহা অরণ্য সাগর।। सुनिमर्था सूनि इहे वाधिमर्था वाधि। হত্তী সিংহ ব্যাঘ্র-মধ্যে না গণি প্রমাদ। রাজগৃহে ধরিলাম সার্থির বেশ। উদাসীন হয়ে ভ্রমিলাম সর্কদেশ।। অযোধ্যা পাঞ্চাল কাশী স্বারকা নগর ট এই চারি ভাগিলাম গিয়া ঘর ঘর।। কোথায় না দেখিলাম পাঞ্চর নন্দন। জীয়ন্ত থাকিলে হ'ত অবশ্য দর্শন।। জীবিত যদ্যপি পাকে আছে দিক্ষুপার। কিন্ত পৃথিবীর মধ্যে তারা নাহি আর।।

নিশ্চয় নৃপতি এই কহিন্ম ভোমার। यमि व्यक्ति इत्र एटव याहे भूनद्रात्रा। এত বলি চরগণ নির্ত্ত হইল। দক্ষিণের দূত তবে কহিতে লাগিল।। অদ্ভুত কথন এক শুন মহারাজ। এক দিন ছিমু মোরা মৎস্তদেশ-মাঝ।। বিরাট-খালক জান কেকেয়কুমার। কীচক নামেতে সহোদর শত তার।। স্ত্রীর হেতৃ শত ভাই গন্ধার্কে মারিল। ত্রিগর্ত্তের রাজ্য যেই বলে লয়েছিল।। দেখিতু শুনিতু যথা কহি মহারাজ। আজ্ঞা কর এবে মোরা করি কোন কাজ।। চরগণ-বচনাত্তে কহে ছুর্য্যোধন। আমার যে বাঞ্ছা তাহা শুন সর্বজন।। ত্রয়োদশ বৎসর আজি হ'ল শেষ। আসিবে পাগুবগণ পেয়ে বহু ক্লেশ।। ক্রোধে মহাভয় দেখাইবে কুরুগণে। ইহার উপায় এই লইতেছে মনে।। পুনর্কার চরগণ যাক খু জিবারে। নিশাপতি হয়ে যদি দেখে পাণ্ডবেরে॥ শুনিয়া বলিছে কর্ণ সুর্য্যের নন্দন। এ সকল থাক যাক অন্য চরগণ।। ছদ্মৰূপে যাক যেই হয় বিচক্ষণ। পণ্ডিত সুবুদ্ধি যেই অনুগত জন।। ছুঃশাসন বলে ভাল কছ মহামতি। পুনরপি দূতগণ যাক শীঘগতি।। পশুগণে ছাণে জানে বেদে দ্বিজবরে। व्यना क्रम पृत्ये कारन ताका कारन हरत । ইহা বিনা অন্য কর্ম নাহিক রাজন। ত্মাপন হিতের চর যাউক এখন।। মরিলে তত্রাপি বার্তা চাহি জানিবারে। ব্যান্তে সিংহে মারিল কি অরণ্য ভিতরে। অনাহারে কফৌ ভীমসেন কি মরিল। তাহার মরণশোকে সবে প্রাণ দিল।। নিরন্তর বুকোদর রাক্ষসেতে বাদী। যার ভার সহ দ্বন্দ করে দিরবধি।।

বেড়িয়া রাক্ষন কিবা মারিল পাওবে। নিশ্চয় মরিল ভারা চরে কোথা পাবে ।। এত শুনি বলিলেন দ্রোণ মহামতি। কৌরব-পাওবগুরু বুদ্ধে বৃহস্পতি।। এৰপে পাণ্ডব যদি হইবে মিধন। তবে লোকে ধর্ম করে কিসের কারণ।। অশক্ত অরণামধ্যে ধর্ম বলবান। ধর্ম্ম যার আছে তার সর্বত্র কল্যাণ।। পাণ্ডপুজে পরাভব করিবেক রণে। তিন লোকমধ্যে হেন না দেখি নয়নে।। শুচি সত্যবাদী ক্লতকর্মা জিতেন্দ্রিয়। ধর্মজ্ঞ শাস্ত্রজ্ঞ গুরু-দেব-দ্বিজ-প্রিয়।। ধর্ম্মপুক্ত যুধিষ্ঠির ধর্ম-অবতার। আর চারি সহোদর অনুগত তার।। তাহার কুনীতি হয় নাহি দেখি আমি। ছন্মবেশে আছে তারা কাল অনুক্রমি।। যে বিচার করিতেছ করহ ত্রিত। পুনশ্চ যাউক চরগণ চতুর্ভিত।। দ্রোণের বচন শুনি কহে ভীম্ম বীর। সজল জলদ তুল্য বচন গভীর।। অকারণে চরগণে পাঠায় আবার। ইহারা চিনিবে কোথা পাঞ্চুর কুমার।। বেদবিজ্ঞ দ্বিজ হবে সর্বশাস্ত্র জানে। সত্যরন্তি তপঃপর হবে যেই জনে।। সেই সে জানিতে পারে পাঞ্চপুত্রগণে। মরিল বলিয়া কেন বল অকারণে।। তের বর্ষ সুদারুণ তপস্থা করিল। তার ফল ফলিবার সময় হইল।। যেই দেশে থাকিবেক পাণ্ডুর নন্দন। তার চিহ্ন কহি এবে শুন চরগণ।। न रापि न छुःथं भाक म एए मह करन। তুষ্টের নিগ্রহ শিষ্ট-পালন যতনে।। मानभीन म्यामीन क्यामीन शीत । (यह त्रांटका धाकित्वन ताका यूधिकित।। প্রিয়বাক্য ধর্মশীল শাস্ত্র-অনুগত। ত্রক্ষার্য্য পুণাকর্ম্ম যজ্ঞ হোম ভ্রত।।

উত্তম হইবে শক্ত মেঘের পাল্ন। বছক্ষীরবতী হবে যত গবীগণ।। ধর্মপুত্র যুধিষ্ঠির যথায় থাকিবে। সুগন্ধী শীতল বায়ু সদাই বহিবে।। শরীরে জন্ময়ে ব্যাধি সে করে বিপদ। বন্ধু হয়ে হিত করে বনের ঔষধ।। পর হয়ে বন্ধু হয় যদি হিত করে। জ্ঞাতি হয়ে শত্রু হয় অধর্ম জাচরে।। সেই মত দেখি ছুর্য্যোধনের আচার। পাওবের হাচে হবে সবংশে সংহার।। আমার এতেক বলা নাহি প্রয়োজন। সমান আমার কুরু পাগুর নন্দন।। কিন্তু আর চর পাঠাইবে কি কারণ। শীঘ্রই নিকটে জাসিবেক পঞ্চজন।। ত্রয়োদশ বর্ষ এই ২'ল আদি শেষ। নিজরাজ্যে না আসিয়া যাবে কোন দেশ।। আদি মহাভয় দেখাইবে সর্বজনে। যেৰূপে বাহির কৈলে যথা জান মনে।। বিস্তর কহিয়া আর নাহি প্রয়োজন। যথা ধর্ম তথা জয় বেদের বচন।। ভীম্মদেব-বচনান্তে বলে ক্লপাচার্য্য। ধর্মনীতি বুঝিয়া রাজার হিতকার্য্য।। দ্রোণ ভীষ্ম যে বলিল নাহি হবে আন। গুপ্তবেশে রহিরাছে পাণ্ডব ধীমান।। হইল সময় শেষ কাল দেখা দিল। উপায় করহ শীঘ্র কর্ণকে কহিল।। চরগণে খুঁ জিবারে পাঠাও বিদেশ। এথায় করহ শীঘ্র দৈন্য-সমাবেশ।। ভাতারের ধন দেখ দেখ নিজ বল। পরাপর আপ্ত কর নৃপতি সকল।। ইতর তোমার শত্রু পাণ্ডু পুক্র নয়। এক এক পাশুবে যে করে ইন্দ্র জয়। শরদান মুনিপুজ কহি নিবর্তিল। সভাতে সুশর্মা রাজা বসিয়া আছিল কহিব বলিয়া পুর্বে বিচারিয়াছিল। কর্ণ বীর কৈল তাই কহিতে মারিল।

বলেতে জামার রাজ্য নিলেক সকল। কীচক মরিল এবে বড়ই মঙ্গল।। সবান্ধবে মোরে জিনি করেছিল গর্ব। এখন শুনি যে তারে মারিল গন্ধর্ক।। কীচক মরিল যবে হ'ল বড কার্য্য। বিরাটে বান্ধিয়া এবে লব নিজ রাজ্য।। ধন রত্ন পূর্ণ তার গবী অপ্রমিত। এ সময় তাতে তব হবে বড় হিত।। शैनवीर्या विवारिहात जिनिव को कुरक। বিচারে আইসে যাহা আজ্ঞা দেহ মোকে।। কৰ্ণ বলে ভাল বলে সুশৰ্মা নুপতি। মৎস্থাদেশে যাব সৈন্য সাজ শীঘগতি।। পাওবের হেতু চিন্তা কর অকারণ। কোথায় মরিয়া গেল রুথা অন্নেষণ।। জীয়ন্ত থাকিলে কি না আসিবে হেথায়। धनशैन वक्तशैन (क्राम क्रिक्टे-क्रांश।। মম বল-বীৰ্ণ্য তার। ভালমতে জানে। পুনঃ এথা পাণ্ডব না আদিবে কখনে।। এক্ষণে চলহ সবে যাব মৎস্তরাজ্য। ধন রত্ন পাব বহু হবে বড় কার্য্য।। কর্ণের বচন শুনি বলেন বিভুর। নিশ্চয় সবার চিত্ত যাবে মৎশ্রপুর।। সবাকার মন হ'ল নিষেধিতে দোষে। রত্ন গৰী উপাৰ্জন হয় বড় ক্লেশে।। কহিলেক চর মৎসাদেশ-সমাচার। তুর্জর কীচক গেল স্ত্রীর হেতৃ মার।। অদ্যাপিহ নাহি দেখি নাহি শুনি কাণে। গন্ধর্ক নিবাস করে মনুষ্য-ভবনে।। গন্ধকের স্ত্রীর সহ কীচকের কথা। অনুমানে বুঝিতেছি সকল বারতা।। বুঝিয়া করিবে কার্য্য যাইবে নিশ্চয়। ँ গন্ধৰ্ক সহিত যেন বিবাদ না হয়।। বিত্রর-বচন শুনি হাসে তুর্য্যোধন। শক্তিমত কহে যুক্তি যাহার যেমন।। যত শক্তি আপনার ততেক মন্ত্রণা। না বুঝ আমার শক্ত আছে কোন জনা।। গন্ধর্ক কি গণি যদি আবে দেবগণ।

ইন্দ্র সহ সাজি আবে এ তিন ভুবন।।
কার শক্তি আসি মোর সমুখীন হয়।
তোমারে না ডাকি সঙ্গে কেন কর ভয়।।
এত বলি সৈত্তে আজ্ঞা দিল কুরুপতি।
চতুরক্র দল সজ্জা কর শীঘ্রগতি।।
স্থার্শ্মা নৃপতি যাক স্বাকার আগে।
আপনার রাজ্য গিয়া নিক যাম্যদিগে।।
কৈন্য সহ যাব আমি করিবারে রণ।
শূন্যরাজ্যে গিয়া আমি হরিব গোধন।।
একদিন আগে যাও সুশর্মা রাজন।
পশ্চাৎ সসৈন্যে আমি করিব গমন।।

গোগ্রহার্থে সুশর্মারাজ্যর যাতা। তুর্ব্যোধন-জাজ্ঞা পেয়ে সুশর্মা নুপতি। ভাপন বাহিনী সাজাইল শীঘগতি॥ তাষাঢ়ের সিতপক্ষে পঞ্চমী দিবসে।(২) সুশর্মা নুপতি চলি গেল মৎস্তাদেশে॥ শহা ভেরী আদি করি নানা বাদ্য বাজে বাদ্যের শব্দেতে কম্প হ'ল মৎস্থারাজে। প্রবৈশিয়া মৎস্তদেশে সুশর্মা নুপতি। ধরহ গোধনে আজ্ঞা দিল সৈন্য প্রতি।। হয় হস্তী গৰী আর নানা রত্ন ধন। লুঠিতে লাগিল চঁতুর্দিকে সর্বজন ।। গোধন রক্ষণে যত ছিল গোপগণ। ধাইয়া রাজারে বার্তা কহিল তথন।। সভাতে বসিয়াছিল বিরাট নুপতি। উৰ্ন্ধানে কহে গোপ প্ৰণমিয়া ক্ষিতি।। সকল মজিল মৎস্যদেশে নুপ্বর। সকল হরিয়া নিল ত্রিগর্ত-ঈশ্বর।। িরকা করিবারে রাজা যদি আছে মন। ৰিলম্ব না কর শীঘ্র চলহ রাজন।। দূতমুখে ছেন বার্ত্তা পাইয়া নৃপতি। চতুরঙ্গ সেনা সজ্জা করে শীঘগতি।। শতানীক মুদিরাক্ষ ছুই,সহোদর। (৩) খেত শৰা ছুই ভাই রাজার কোন্তর।।

পাত্ৰ-মিত্ৰগণ যোদ্ধা সাজিলাসকল विविध वाजना वाटक रेमनांटकानां इल ।। শতানীকে আজ্ঞা দিল বিরাট নুপতি। দিব্য অস্ত্র ধনু দেহ চারি জন প্রতি।। শ্ৰীকক্ষ বল্লব অশ্ববৈদ্য যে গোপাল। মহাবীৰ্যবন্ত যুদ্ধ করিবে বিশাল।। দেবতার প্রায় সব দেখি যে সাক্ষাতে। অবশ্য যুদ্ধের কার্য্য হবে সবা হতে।। দিব্য ধনুগু<sup>ৰ</sup>ণ দিল রথ তুর**ঙ্গম**। মুকুট কুণ্ডল দিল কবচ উন্তম।। পরিলা উত্তম বাস অতি মনোহর। শরতে উদয় যেন হ'ল শশধর।। সাজিয়া পাণ্ডব রথে করে জারোহণ। স্বৰ্গ হতে আদে যেন দিক্পালগণ।। চলিল বিরাট রাজা মীনধ্বজ রথে। চারি ভাই চলিলেন রাজার প্রচাতে।। রথ চালাইয়া দিল রুথের সার্থা। পশ্চাতে মাভূতগণ চালাইল হাতী।। পদধূলি ঢাকিলেক দেব দিবাকর। ঘোর অন্ধকার হ'ল দিবস তুপর।। শুন্য হতে পক্ষিগণ ভূমেতে পাউল। হেনমতে জুই সৈন্যে ক্রমে দেখা হ'ল।। র্থীকে ধাইল র্থী গজ ধায় গজে। অশ্বারোহী অশ্বারোহী পত্তি পত্তি মূবে।। মলে মলে গজে গজে ধানুকী ধানুকী। খজে খজে শুলে শূলে তবকি তবকি ।। হইল দারুণ যুদ্ধ মহাভয়ক্ষর। পূর্কে যথা দেবাস্থুরে হইল সমর।। সিংহনাদ মুভ্যু इंड গড়েজ সৈন্যগণ। ধনুক-নির্ঘোষ ঘন শঙ্খের নিস্থন । " বিবিধ বাদ্যের শব্দে কর্ণে লাগে তালি। অন্ধ কার হ'ল সব আচ্ছোদিল ধূলি।। বাবের আগুণমাত্র ক্ষণে ক্ষণে খুলে। অন্ধকার রাত্রে যেন থদ্যোত উজ্জ্বলে।। भूषल भूकात मूल हेसू ठक (मल । · ' পরশু পর্মণ জাঠি মল কুম্ব ছেল।।

পড়িল অনেক সৈন্য পৃথিবী আচ্ছাদি। धुनि श्रञ्जकात रेकन तरक वरह नंगी।। মুকুট কুণ্ডল মুগু যায় গড়াগড়ি। বুকে শেল বাজি কেহ ভূমিতলে পড়ি॥ সব্য হ**ন্ত খড়া সহ প**ড়িল ভূতলে। পদ কাটা গেল কার গড়াগড়ি ধুলে।। পর্মত আকার গজ ভূমে দম্ভ দিয়া। পড़िल ছुভিতে দৈন্য অনেক দলিয়া।। হেনমতে যুদ্ধ হ'ল দ্বিতীয় প্রহর। কেহ পরাজিত নহে কাগু ঘোরতর।। ক্রোধে শতানীক বীর সমরে প্রবেশে। এক শত রথী মারে চক্ষুর নিমেষে।। মুদিরাক্ষ মারিলেক শত সেনাপতি। শত শত মারে দৈন্য বিরাট নুপতি।। যিরাট নুপতি দেখি সুশর্ম্যা ধাইল। দুই মন্ত ব্যাঘ্র যেন একত্র মিলিল।। ক্রোধেতে বিরাট রাজা মারে দশ শর। চারি অশ্বে চারি চুই সার্থি উপর।। রথধ্বজে তুই চুই সুশর্মা উপরে। সুপর্মা কাটিয়া অস্ত্র ফেলে বত দূরে।। প্রক্র শত বাণ মারে বিরাট উপর। কাটিয়া ফেলিল তাহা মৎস্তের ঈশ্বর।। দেখিয়া ত্রিগর্জপতি অতি শীঘগতি। লাক দিয়া ভূমিতলে নামে মহামতি।। হাতে গদা লয়ে ধায় মহাবায়ুবেগে। সিংহ যথা ধরিবারে যায় মত্ত মূরে।। চারি অশু বিনাশিল মারি গদা-বাডি। সার্বির কেশে ধরি ভূমিতলে পাড়ি॥ জীবগ্রহে ধরিলেন বিরাট নুপতি। আপনার রথে লয়ে তোলে শীঘণতি।। রাজা বন্দী হ'ল সৈন্য হ'ল ভঙ্গিয়ান। ठजुर्फिरक भनाईन नरत्र निक लाग।। বড় বড় যোদ্ধাগণ তাজি ধনুঃশর। আপনি চালায় রুধ পলায় সহর।। উভবেজ মন্তগজ গর্জিয়া পলায়। ব্দরালী পণাতিক পাছু নাহি চায়।।

পলাইল সর্কটেসন্য কেহ নাহি আর। রাখিতে না পারে লৈন্য বিরাট-কুমার।। রণজয় করি পরে ত্রিগর্ত্ত নৃপতি। বিরাটে লইয়া তবে চলে হৃষ্টমতি।। জর্ধ্বনি বাদ্যশব্দ হয় অসুক্ষণ। মৎস্তরাজ-গৈন্যমধ্যে হইল রোদন।। ভ্রাত পুজ মন্থিগণ হাহাকারে কান্দে। ভয়ে পদাইল সৈন্য কেশ নাহি বান্ধে।। সন্ধ্যাকাল হ'ল সূর্য্য ক্রমে স্বস্তু গেল। কাহারে না দেখি কেবা কোথায় চলিল।। দেখিয়া কহেন ভীমে ধর্ম নরবর। ' দা গুটিয়া কি দেখহ ভাই রুকোদর।। বহু উপকারী এই বিরাট নুপতি। বর্ষেক অজ্ঞাতে গৃহে করিন্তু বসতি।। যার যে কামনা মত পাইলে যে স্থানে। ভাহারে লইয়া যায় আমা বিদামানে।। দাণ্ডাইয়া দেখ ইহা নহে ক্জপ্ৰ্ম। বিশেষ আমার এই অনুগত কর্মা।। শীঘ্র কর বিরাটের বন্ধন মোচন। যাবৎ শত্রুর হাতে না হয় নিধন।। এত শুনি বলে ভীম যোড় করি পাণি। পালিব তোমার আজ্ঞা ওহে নুপমণি॥ এখন আমার কর্মা দেখ দাওাইয়া। বিরাটে আনিয়া দিব সুঁশর্মা মারিয়া।। এই যে দেখহ শাল দীর্ঘ তরুবর। আমার হাতের যোগ্য গদার আকার।। এই বৃক্ষাঘাতে আমি বধিব সকল। নিঃশেষ করিব আজি ত্রিগর্তের বল।। এত বলি রক্ষ উপাড়িতে ধায় বীর। দেখিয়া কহেন পুনঃ রাজা যুধিষ্টির।। হেন কর্ম না করিহ ভাই রুকোদর। লোকে জ্ঞাত হবে উপাড়িলে রক্ষবর।। অজ্ঞাত বৎসর শেষ যত দিন নয়। তত দিন খ্যাত কৰ্ম উচিত না হয়।। মাসুষী ধনুক অন্ত্র লয়ে কর রণ। মকুব্যের মত কর রূপে ভারোহণ।।

ছুই পাশে থাক তব ছুই সংখ্যার। শীত্র আন, ছাড়াইয়া মৎদোর ঈশ্বর।। আমিহ ভোমার পাছে সর্কদৈন্য লয়ে বিরাট রক্ষার হেতু যাইব চলিয়ে।। ভীম বলে নরপতি ইহা কেন কহ। यूट्टर्डटक वितारिहेदत **जा**नि मिव नह।। আপনি করিবে আম কিসের কারণ। ত্রিগর্জ সহিত করি সমর বিষম।। কোন হেতু যাবে তুই মাদ্রীর নন্দন। কি কারণে লব আর বহু সৈন্যগণ।। বুক্ষ নিতে নিষেধিলে বুক্ষ নাহি লব। ৰিক্ত হস্তে গিয়া আমি বিরাটে আনিব ত্রিগর্ত্ত সহিত রণ কি ছার করম। মম সহ সৈন্য কেন করিবে প্রেরণ।। এত বলি বৃকোদর ধায় শীঘ্রগতি। চলিতে চরণভরে কম্পে বসুমতী।। রজনী সমুখ হ'ল ঘোর অন্ধকার। বায়ুবেগে ধায় ভীম বলে মার মার ।। ভীম কর্ত্তক স্থশর্মার পরাজ্য ও বিরংটের বন্ধন মুক্তি।

হোথায় ত্রিগর্ত্ত রাজা সংগ্রামে জিনিয়া ক্লফানামে নদীতীরে উত্তরিল গিয়া।। যুদ্ধশ্রমে সর্কবৈদ্য ক্ষুণায় আকুল। রশ্বন ভোজন করে নদীর ছুকুল।। রন্ধনগুহেতে কেহ করিল শয়ন। কেহ স্নানে কেহ পানে আসন ভোজন।। বিরাটে করিয়া বন্দী সুশর্মা হরিষে। বসিয়া সভার মধ্যে কহে পরিহাসে।। কোথায় শ্বালক তোর বিরাট নুপতি। যার ভুজবলে ভোগ করিলি এ ক্ষিতি।। শ্ভাগ্যবলে শ্যালকেরেপেয়েছিলে তুমি। যার তেজে ছাড়াইয়া নিলি মোর ভূমি একণে তোমার কিবা আছে হে উপায় নাহি দেখি কেহ আছে তোমার সহায়।। নিশ্চর তোমার মৃত্যু হ'ল মম হাতে। শৃগাল হইয়া বাদ সিংহের সহিতে।।..

কেহ বলে ইহারে না রাখ এক দখা। কেহ বলে খড়ের কাটি কর থও থও।। কেহ ৰলে নিগড়েতে করহ বন্ধন। **क्टर्रगाधन-कार्य लस्त्र कतिव निधन ॥** এমত বিচারে আছে তথা সর্বজন। হেনকালে উপনীত প্রননন্দ্র ॥. ছুই ভিতে রুক্ষ ভাঙ্গে শুনি মড় মড়। নাসায় নিশ্বাস বহে প্রলয়ের ঝড।। মার মার শব্দ করি আসি উপনীত। দেখিয়া ত্রিগর্তদৈন্য হ'ল মহাভীত।। क्ट राल वाक्रम कि यक विमाधित। হেমন্ত পর্বতশৃঙ্গ সম কলেবর।। পলার সকল সৈন্য গণিয়া প্রমাদ। হস্তিগণ ধার সবে করি ঘোর নাদ।। শীঘ্রগতি হস্তি?তে চড়িয়া মাহত। রকোদরে বেড়িল যে হন্তী মৃথ মৃথ।। র্থিগণ রথ সাজি ভারাড় হইয়া। লক্ষ লক্ষ চতুৰ্দ্দিকে বেড়িল আদিয়া !! শেল শূল শক্তি জাঠি ভুষণ্ডী ভোমর। চতুর্দিকে মারে সবে ভীমের উপর।। মহাবল ভীমদেন ভীমপরাক্রম। ুরণস্থলমধ্যে যেন যুগান্তের যম।। ধরিয়া কুঞ্জর শুণ্ডে শুণ্ডে বুলাইয়া। মারিল কুঞ্জররুন্দ প্রহার করিয়া।। রথধ্বজ ধরি বীর মারে রথোপরে। সহস্র সহস্র রথ ভাঙ্গে একবারে॥ অশ্বরণ ধরি বীর মারে অশ্বরণে । পদাতি পদাতি মারে ধরিয়া চরণে।। তাহারে ধরিয়া মারে যে পড়ে সম্মুখে। রথ অশ্ব হন্তী পত্তি পড়ে লাখে লাখে॥ পলায় সকল সৈন্য পাছু নাহি চায়। সিংহের গর্জনে যথা শুগাল পলায়।। পলাহ পলাহ বলি হ'ল মহাধানি। আইল আইল সৈন্য এইমাত্র শুনি।। উৰ্দ্বাদে দুত গিয়া কহে সুশৰ্মায়ে।

বসিয়া কি কর রাজা পলাই সম্বরে ।।

जाविद्युटक रिमना भारता जारम এक जना রাক্ষর গল্পক কিবা মা জানি কারণ।। মহাভয়ক্ষর মূর্ত্তি না জানি কি রঙ্গ। প্রকাণ্ড শরীর যেন হিমাজির শৃঙ্গ।। মারিল অনেক সৈন্য য়ে পড়ে সমাথে। সুশর্মা সুশর্মা বলি ঘন ঘন ডাকে।। বুঝিয়া করহ কর্ম যে হয় বিচার। তার আগে পড়িলে না দেখি রক্ষা কার।। যত দৈন্য পড়িয়াছে নাহি তার অন্ত। নাহি জানি এথা জাছে এমত ছুরস্ত।। পলাহ নুপতি শীঘ্ৰ প্ৰাণ বড় ধন। (इत (मथ आंत्रिट्ट छोषन-मर्भन।। এত বলি ধায় দৃত পাছু নাহি চায়। হেনকালে উপনীত ভীম মহাশয়।। ভীমের শ্রীর দেখি অতি ভয়ক্ষর। ভয়েতে কম্পিত সুশর্মার কলেবর।। পলাইল সর্কাদ্যের রাজামাত্র আছে। ভয়েতে বিহ্বল হ'ল ভীমে দেখি কাছে। শীঘ্রণতি উঠি রাজা ভয়ে রড় দিল। কেশে ধরি রকোদর ভূমিতে পাড়িল।। দৃঢ়মুষ্টি করি কেশ ধরি বাম হাতে। দিফিণ করেতে ধরি নিল মৎস্যনাথে।। ছুই করে ধরি ছুই নুপতির কেশে। বায়ুবেগে ধায় বীর ভয়ক্ষর-বেশে।। মুহূর্ত্তেকে উপনীত যথা ধর্মরায়। চরণে ফেলিয়া ভীম অন্তরে দাঁড়ায়।। কেশ-আকর্ষণে দোঁহে হয়ে অচেতন। কতক্ষৰে সচেতন হয় ছুই জন।। মাথা তুলি মুৎস্যরাজ দেখি সভাসদে। ্কতৃক আশ্রস্তচিত্তে কহে সে বিপদে।। কহ ভট্ট কল্প ভাগ্যে দেখিত্ব ভোমায়। আমা দেঁ†ছে কেলি গেল গন্ধৰ্ক কোথায় ভাগ্যেতে রহিল প্রাণ গন্ধর্কের হাতে। চল যাব শীঘ্রগতি পশিব সৈন্যেতে।। পুনর্কার জাসি মদি গন্ধকৈতে ধরে। .এবার নাজীব আমি দেখিলে তাহারে।।

ধর্ম বলিলেম ভয়, না কর নৃপতি। গন্ধর্ক রাজার বড় স্নেহ তোমা প্রতি।। সে কারণে শত্রু তব **ভা**নিলেক ধরি। শক্র হতে ভোমারে যে দিল মুক্ত করি।। গন্ধকের ভয় নাহি করিও কখন। কার্য্য করি নিজ স্থানে করিল গমন।। সুশর্মারে ডাকি তবে কহে ধর্মরায়। এথায় আসিতে বুদ্ধি কে দিল তোমায়। কীচক মরিল বলি পাইলে ভরসা। না জান গন্ধক হেথা করিয়াছে বাসা।। ভাগ্যেতে গন্ধৰ্ক ভোমা না মারিল প্রাণে পূর্ব্বপুণ্যফলে প্রাণ পেলে তার স্থানে॥ আজ্ঞা কর মৎস্থারাজ সুশর্মার প্রতি। ক্ষহ সকল দোষ ছাড় শীঘ্ৰগতি।। সৈন্যগণ পলাইল একামাত্র আছে। করহ প্রসাদ রাজা যদি মনে ইচ্ছে।। বিরাট কহিল যাহা তব অনুমতি। যাউক আপন রাজ্যে সুশর্মা নুপতি।। দিব্য রথ দিল এক করিয়া সাজন। সুশর্মা চড়িয়া ভাহে করিল গমন।। ধর্মারাজ বলিলেন বিরাটের প্রতি। নগরেতে দূত রাজা যাক শীঘ্রগতি।। তোমারে শুনিয়া বন্দী রাজ্যে হবে ভয় রাণীগণ তুঃখী হবে ভাল কর্ম নয়।। শীঘ্রগতি বার্ত্ত। দৃত দিউক অন্দরে। বিজয় ঘোষণা **হোক রাজ্যের ভিতরে ।।** ধর্ম্মের বচনে আজ্ঞা দেন মৎস্যরাজ। শীঘ্রগতি দূত পাঠাইল পুরীমাঝ।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। দক্ষিণ গোগ্ৰহ সমাপ্ত।

> উত্তর গোগ্রহে কুক্রনৈন্যের গমন ও গোহরণ।

সংগ্রামে হারিয়া তবে ত্রিগর্ত নৃপতি।
ভগ্নসম্ নিক্লং শাহ অতি দীনমতি।

ভীষ্ম দ্রোণ রূপ কর্ণ গুরুর নন্দন।। कृर्यू र कुश्मह कुश्मामन महारल। রথ রথী গজ বাজী চতুরঙ্গ দল।। বেড়িল আসিয়া যত মৎস্যের গোধন। যুদ্ধ করি মারি লইলেক গোপগণ।। পলাইল গোপগণ গোধন ছাড়িয়া। यष्टि लक्ष (भाषत्मत्त्र मिल ठाला हेवा।। শীঘ্রগতি গোপর্য রথ আরোহণে। জানাইতে গেল মৎসারাজার ভবনে।। ভূমিঞ্জয় নামে পুজ্র বিরাট রাজার। প্রণাম করিয়া দূত কহে সমাচার।। অবধান মহাশয় বিরাটনন্দন। গোধন তোমার সব নিল কুরুগণ।। যতেক রক্ষক গোপগণেরে মারিয়া। গোধন তোমার সব যেতেছে লইয়া।। শীঘ্রগতি উঠ রথে কর আরোহণ। কুরুগণ জিনি নিজ রাথহ গোধন।। নানা অস্ত্রবিদ্যা-শিক্ষা লোকে তুমি খ্যাত জানি দেশ-রক্ষা হেতু রাখিলেন তাত।। ভোমার সংগ্রামে স্থির হবে কোন জনা। তৃषमम सृष्ट्रार्ट्टरक नाम कूक्ररमना।। উঠ শীঘ্ৰ বসিলে না হবে কোন কাৰ্য্য। গোধন লইয়া তারা যাবে নিজ রাজ্য।। দৈত্য জিনি ইন্দ্র যথা রাখে সুরপুর। সেইমত রক্ষা কর মৎস্যের ঠাকুর।। স্ত্রীরন্দের মধ্যে গোপ এতেক কহিল। শুনিয়া বিরাটপুক্ত উত্তর করিল।। কি কহিব গোপগণ কহনে না যায়। রাজ্যরক্ষা হেতু তাত রাখিল আমায়।। ~ এক গুটি সঙ্গে নাহি আমার সার্থি। সারথি থাকুক দুরে নাহিক পদাতি।। মম পরাক্রম-মত পাইলে সার্থি। মুহূর্ত্তেকে জিনিবারে পারি কুরুপতি।। মত্ত গজগণে যথা মার্য়ে কেশরী। रेमजानन मटन यथा धका वज्रधाती॥

হোথায় উত্তরভাগে রাজা তুর্য্যোধন

সেইমত দলি আমি কুকুইনন্যগ্ৰ। এই ক্ষণে ফিব্লাইব জাপন গোধন ॥ পুর মম শুন্যাকার জানিলেক মনে। দ্বিতীয় শমন আছে বলিয়া না জানে।। সার্থি জনেক যদি মম যোগ্য হয়। এক রথে করিব যে কুরু-পরাজয়।। धनक्षत्र बीत यथा मिल (म्बर्गन । একেশ্বর করিলেক খাণ্ডব দাহন।। পার্থবৎ মহৎ কর্ম আজি সে করিব। একেশ্বর সর্কবৈদ্য নিমেষে মারিব।। স্ত্রীগণের মধ্যে যদি এতেক কহিল। পার্থপ্রিয়া যাজ্ঞসেনী তথায় আছিল।। রাখিব বিরাটলক্ষী বিচারিল মনে। শীঘ্রগতি উঠি গেল অর্জুনের স্থানে।। নৃত্যশালে পার্থ সহ সব কন্যাগণ। সঙ্কেতে দ্রোপদী তাঁরে বলেন বচন।। বিরাটের রাজ্য ভাঙ্গি যতেক গোধন। বলেতে লইয়া যায় কুরুবৈন্যগণ।। ইহার উপায় তুমি চিন্তহ আপনি। রাথহ বিরাট-গবী কুরুগণ জিনি॥ অৰ্জ্জন বলেন দেবি কিমতে এ হয়। যত দিন অনুমত ধর্মারাজ নয়।। কুরুদৈন্যমধ্যে গেলে হইবেক খ্যাত। না জানি কি কহিবেন পাঞুকুলনাথ।। ट्योभनी कहिल गरी कुझगरन निरम। অধন্মী হইবে তুমি বসিয়া দেখিলে।। বিরাট নুপতি হন বহু উপকারী। উপকারী জনে আজি হইলাম বৈরী।। সহায় বলিষ্ঠ তাঁর কীচক মরিল। তোমা সবে দিয়া স্থল বিপাকে মজিল।। এত শুনি ধনঞ্জয় করে অঙ্গীকার। রাখিব বিরাটধেমু বাক্যেতে ভোমার।। প্রকার করিয়া গিয়া জানাহ উত্তরে। সার্থি করিয়া আমা যুদ্ধে যেন বরে॥ এত শুনি হৃষ্ট হয়ে গেল যাজ্ঞসেনী।

সব কহি পাঠাইল উন্তরা ভগিনী।।

ভাতৃস্থানে কহে গিয়া বিরাটনন্দিনী खन ভाই कहिल रिम्हिक्की सूर्यमनी ॥ সার্থির হেতু তুমি হয়েছ চিন্তিত। দেকারণে আমা দেই পাঠায় ত্রিত।। নর্ত্তকী যে রহল্পলা আছয়ে আমার। সৈরিন্ধ্রী কহিল সব পরাক্রম তার।। খাপ্তব দহিয়া পার্থ তুবিল জনলে। तृरुक्षना मात्रथि य हिल मिटे काला। পাগুৰ-আৰু য়ে আমি ছিলাম যখন। রহন্নণা-পরাক্রম দেখেছি তথন।। রুহ্মণা-সহায়েতে ধনঞ্জয় বীর। এক রথে শাসিলেন নুপ পৃথিবীর।। আজা যদি হয় ভাই লয় তব মন। সার্থি করিয়া বৃহন্নলা কর রণ।। উত্তর বলিল তুমি স্থানহ তাহারে। •সার্থি হ**ইলে যো**গ্য যাইব সমরে।। জ্যেষ্ঠ-আতৃ-বচনেতে চলে নৃপস্কুতা। কাঞ্চনের মালা গলে বিচিত্র মুকুতা।। ৰূপেতে কমলা সমা কমলনয়নী। অনিন্দিত। সিংহমধ্যা মরালগামিনী।। জিজ্ঞাসিল পার্থ কেন গতি শীঘ্রতর। শুনিয়া বিরাটপুত্রী করিল উত্তর ॥ মোর পিতৃ-গোধনেরে হরে কুরুগণে। শুনিয়া রক্ষার্থ মোর ভাই যাবে রণে।। সার্থির হেতু চিন্তা হয়েছে তাঁহার। দৈরিস্কা কহিল গুণ সকল তোমার।। অবশ্য তথায় তুমি করিবে গমন। আনহ গোধন মোর জিনি কুরুগণ।। না.গেলে ভোমার আগে ত্যজিব জীবন শুনিয়া উঠিয়া পার্থ করেন গমন।। উন্তরা সহিতে যান যথায় উত্তর। দূরে দেখি বৃহত্মলা জিজ্ঞাদে সত্তর ॥ পূর্বের তুমি অর্জ্জুনের আছিলে সার্থি। ভোমার সাহায়ে জিনিলেক সুরপতি।।

সার্থি যতেক খ্যাত স্নাছে ত্রিভুবনে।

ইন্দের সার্থি শ্রেষ্ঠ সর্কলোকে জানে।।

বিষ্ণুর দারুক আর সুর্য্যের অরুণ। দশরথ নৃপতির সুমন্ত্র নিপুর 📙 সকল সার্থি হতে তোমা বাখানিল। তোমা সম কেহ নহে সৈরিদ্ধী কহিল।। এহেতু তোমারে আমি আনিমু ডাকায়ে চল শীঘ্র গবী আনি কৌরব জিনিয়ে।। অৰ্জুন বলেন আমি এ সব না জানি। নৃত্যগীত জানি আর তাল বাদ্যধ্বনি।। কভু জামি নাহি দেখি সমর কেমন। শুনিয়া বলিল তবে বিরাটনক্ষন।। নর্ত্তনে গায়নে ভুমি সর্বত্তে বিখ্যাত। সৈরিন্ধীর মুখে তব গুণ অবগত।। সৈরিদ্ধার বাক্য মিথ্যা নহে কদাচন। উঠ শীঘ্র মোর রথে কর আরোহণ।। অর্জুন বলেন মানি তোমার বচন। সার্থি নহি যে তবু করিব গমন।। কেবল আমার এক আছেয়ে নিয়ম। যথা যাই শত্ৰু যদি হয় যম সম।। না জিনিয়া বাহুড়ি না আদে মম রথ। সর্কদা প্রতিজ্ঞা মম জানিবে এমত।। স্ত্রীগণের আগে তুমি যা কিছু কহিলে। রথ না বাহুড়ে মম তাহা না করিলে॥ যথায় কহিবে রথ তথাকারে ল'ব। র্থসজ্জা দেহ রথ সাজন করিব।। এত শুনি উত্তরের আনন্দিত মন। মোর মনোমত যোগ্য তুমি বিচক্ষণ।। এত বলি গলা হতে দিল র্ভুমালা। বড় ভাগ্যবশে তোমা পাই রহন্নলা।। রাজপুত্ত-প্রসাদ না নিলে অমুচিত। প্রসাদ লইতে পার্থ হলেন শক্তিত।। র্থের সাজন করিলেন ধনঞ্জয়। দেথিয়া উত্তর মনে মানিল বিশ্ময়।। বীরবেশ বীরসজ্জা করি রাজস্কুত। রথে আরোহণ করে অন্তর্গণ্যুত।। চতুর্দিকে নারীগণ করয়ে মঙ্গল। হেনকালে উত্তরাদি বালিকা সকল।।

বৃহন্নলা প্রতি চাহি বলে ততক্রণ। পুতলি খেলাব মোরা যত কন্যাগণ।। এই বাক্য ত্মি মোর করিহ স্মরণ। যোদ্ধাগণ-শরীরের বিচিত্র বসন।। ভীম দোণ আদি করি জিনি বীরগণ। সবাকার অঙ্গ হতে আনিবে বসন।। কহেন ঈষৎ হাসি পার্থ ধমুর্দ্ধর। সংগ্রাম জিনিবে যবে তব সহোদর।। তানিব বসন রত্ব তোমার বাঞ্চিত। এত বলি রথমধ্যে বদেন ত্ররিত।। হেনকালে অন্তঃপুরে যত নারীগণ। অর্জুনে চাহিয়া বলে করুণ বচন।। খাওব দাহনে যথা জিনি পুরন্দরে। সহায় হইয়া জয় দিলে পার্থ বীরে।। সেমত স্বরায় জিনি যত কুরুগণে। উত্তর কুমারে লয়ে আসিবে কল্যাণে।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। কুঞ্দৈনোর সহিত যুদ্ধে

উত্তরের গমন।

তুমিঞ্জয় কহে তবে ধনঞ্জয় প্রতি। রথ চালাইয়া তুমি দেহ শীঘ্রণতি।। যথার কৌরব দৈন্য করহ গমন। সাক্ষাতে দেখহ আজি তাদের মরণ।। এত গব্বী হ'ল সবে হরে মম গরু। তার সমুচিত ফল পাবে আজি কুরু।। পুনঃপুনঃ প্রতিশ্রুতি করি বীর কয়। হাসি রথ চালালেন বীর ধনঞ্জয়।। আকাশে উঠিল রথ চক্ষর নিমিষে। मृहूर्ल्डरक উত্তরিল কুরুरेमना-পাশে।। ব্যস্ত হয়ে রাজসুত অর্জুনেরে বলে। কেমন চালাহ রথ কোথায় আনিলে।। তথায় লইবে রথ যথায় গোধন। আনিলে সাগ্রমধ্যে বল কি কারণ।। পর্বত-প্রমাণ উঠে লহুরী-হিল্লোল।

কর্ণেতে না শুনি কিছু পুরিল কল্লোল।।

নৌকার্ন্দ দেখি মম আকুলিত চিত। কলরব জলজন্তু করে অপ্রমিত ॥ হাসিয়া অৰ্জুন তবে বলিলেন তায়। সমুদ্র-প্রমাণ বটে জলনিধি নয়।। ধবল আকার যত দেখহ কুমার। জল নহে এই সব গোধন ভোমার।। নৌকারন্দ নহৈ সব মাতক্ষপ্রল। না হয় লহরী রথ-পতাকা সকল।। দৈন্য-কোলাহল শব্দ সিন্ধু-শব্দ প্রায়। কৌরবের সৈন্য এই জানাই তোমায়।। উত্তর বলিল মোর মনে নাহি লয়। ন। জানহ রহল্লা সমুদ্র নিশ্চয়।। সমুদ্র না হয় যদি হবে দৈন্যগণ। এ সৈন্য সহিত তবে কে করিবে রণ।। দেবের দুস্তর এই সৈন্য সিন্ধুবত। মানুষে কি শক্তি ধরে তাহার অগ্রত।। এত দৈনা বলি মোর নাহি ছিল জ্ঞান। জন কত লোক বলি ছিল অমুমান।। মহা মহা রথিগণ দেখি হ'ল ভয়। পৃথিধীর ক্ষত্র যার নামে ধ্বংস হয়।। দেবতা তেত্রিশ কোটি লয়ে পুরন্দর। না পারিল যার সহ করিতে সমর।। যথা ভীষ্ম দ্রোণ কর্ণ অশ্বস্থামা ক্লপ। विविश्मि छुःभामन छूर्रगांधन नुभ ।। কুবুদ্ধি লাগিল মোরে হইমু অভান। তেঁই কুরু-সৈনামধ্যে করিমু প্রয়াণ।। যুদ্ধের থাকুক কাজ দেখি ছন্ন হ'নু। ছাড়িল শরীর প্রাণ তোমারে কহিনু।। ত্রিগর্ত্তের সহ রণে পিতা মোর গেল। এক গোটা পদাতিক পুরে না রাখিল।। একা মোরে রাখি গেল রাজ্যের রক্ষণে। মোর কিবা শক্তি কুরুরাজ নহ রণে।। কহ রহন্নলা কিবা তব মনে আদে। তবু রথ রাখিয়াছ কেমন সাহসে।। শীঘ্রথ বাহুড়াহ পাছে কুরু দেখে। ধেত্র হেডু মিথা। কেন মরিব বিপাকে।।

উত্তর-বচনে হাসি কন ধনঞ্জয়। শক্র দেখি কিবা হেতু এত তব ভয়।। कृष्धवर्ग र'न यूथ भीर्ग र'न अअ। জিহ্বাতে উড়িল ধূলি কম্পে করলঙ্ঘ।। না করিয়া যুদ্ধ তব দেখি হ'ল ডর। কোন শ্বুখে বাহুড়িয়া পুনঃ যাবে ঘর।। কহিলে যে রথ বাহুড়াও শীঘ্রণতি। চিত্তে না করিছ আমি এমন সার্থি।। না করিয়া কার্য্যসিদ্ধি বাহুড়াব কেনে। পূর্বেক কহিয়াছি তাহা ভুলিলে এখনে।। কিসের কারণে আমি রথ বাছড়িব। नर्करेनना-मर्भा तथ এथनि लहेर ।। স্ত্রী-গণের মধ্যে যত প্রতিজ্ঞা করিলে। কি কহিবে তারা সবে একথা শুনিলে।। যুদ্ধ-ভয় তাজ এবে ধর বীরপণ। ধনু ধরি নিজবলে জিন কুরুগণ।। কুরু জিনি গোধনেরে নাছি লয়ে গেলে। মহালজ্জা হবে তব পৃথিবীমণ্ডলে।। হাসিবেক যত লোক সর্ব্ব ক্ষত্রগণ। হাসিবেক নারীলোক আর আর জন।। আমার সার্থিগুণ সৈরিন্ধী কহিল। তব সঙ্গে আসি মম সব নফী হ'ল।। তোমার এ কর্ম যদি পুর্বেতে জানিব। তবে কেন তব সঙ্গে সংগ্রামে আসিব।। হাসিবেক অন্তঃপুরে নারী পুনঃপুনঃ। কহিল সৈরিন্ধী মিথ্যা বৃহন্নলাগুণ।। যে জনার কর্মে লোক করে উপহাস। নিন্দিত জীবনে তার ধিক্ কিবা আশ।। উপহাদ হতে মৃত্যু বরং শ্রেষ্ঠ কর্ম। বিশেষ ক্ষজ্রিয়-শ্রেয় যুদ্ধে মৃত্যুধর্ম।। ইহা না করিয়া অামি বাহুড়িব কেনে। ধৈর্য্য ধর যুদ্ধ কর ভয় ত্যঙ্গ মনে।। উত্তর বলিল কিবা বল রহন্নলা। মহাসিকু পার হতে বান্ধ তৃণভেলা।। অগ্নির কি করিবেক পতঙ্গ-শকতি। মন্তগজ-জানে কোথা শশকের গতি।।

মৃত্যু সহ বিবাদেতে বাঁচে কোন জন। দেখি ফণিমুখে হস্ত দিব কি কারণ।। জীবন থাকিলে সব পাব পুনর্কার। গৰী রত্ন নিক মোর হাসুক সংসার।। হাসুক রমণীগণ আর বীরগণ। ঘরে যাব যুদ্ধে মোর নাহি প্রয়োজন।। रेमर्य नश्रमक जूमि शैन मर्ससूर्थ। তেঁই মৃত্যু শ্ৰেয় বলি কহ নিজমুখে।। জীবন মরণ তব একই সমান। তব বোলে কি কারণে ত্যাজিব পরাণ।। সমানের সহ ক্ল করিবেক রণ। লজ্জা নাহি বলবানে দেখি পলায়ন।। মোর বোলে যদি তুমি না ফিরাও রথ। পদত্রক্ষে চলি আমি যাব এই পথ।। এত বলি ফেলাইয়া দিল শর চাপ। রথ হতে ভূমিতলে পড়ে দিয়া লাফ।। শীঘ্রগতি চলি যায় নিঙ্গ রাজ্যমুখে। রহ রহ বলি ডাকে ধনঞ্জয় তাকে।। হেন অপকীর্ত্তি করি জীয়ে কোন ফল। এত বলি নিজে পার্থ নামে ভূমিতল।। মহাভারতের কথা অমৃত-সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যান।। অর্জ্জুনের প্রতি কৌরবদিগের অনুষ্নী। পাছে ধায় রড়ে, দীর্ঘ বেণী নড়ে, পূর্ফোপরে শোভে চারু। লোহিত বসন, অঙ্গে বিভূষণ, যেন করিকর উরু।। অঙ্গদ–মণ্ডিত, আজাতুলয়িত, দ্বিভুজ ভুজঙ্গসম। দেখিয়া কৌরব, নেহালয়ে সব, মনেতে পাইয়া ভ্রম।। পলাইছে বেগে, একজন আগে,

আর জন পাছে ধায়।

क्रिया (य स्रार्ट्स भवाश्रा।

না বুঝি চরিত,

এ কি বিপরীত,

পাছুতে যে জন, নহে সাধারণ, বেশধারী প্রায় লাগে। অগ্নি হীনতেজে, যেন ভঙ্মমাঝে, সিংহ যেন ধায় মুগে॥ পুরুষ কি নারী, বুঝছ বিচারি, ছদ্ম করিয়াছে তনু। শুনি সেইকণ, কহে বিচক্ষণ, ভরদ্বাজ-অঙ্গজনু।। অাগে যেই যায়, ভয়েতে পলায়, কেবা সে তারে না চিনি। পাছু গোড়াইয়া, যায় যে ধাইয়া, তারে এক অনুমানি।। নরসিংহ প্রায়, দেখি তার কায়, চিত্তে করি অনুভব। বিনা ধনপ্তায়, আর কেহ নয়, সব তার অবয়ব।। স্বর্মেণ, মর্ত্তোতে ফাল্পনি, বিনা এ যুগল জনে। অন্য কার প্রাণে, কুরু সৈন্য সনে, আসিবে একক রণে।। এত শুনি কর্ণ, চক্ষু র ক্তবর্ণ, কহিতে লাগিল ক্রোধে। কি শক্তি অৰ্জ্জুন, হয়ে একজন, कोत्रव मह विद्यारथ।। ্ পলায় উত্তর, আগেতে সত্ত্র, বিরাট-রাজার সুত। গোধন কারণে, এসেছিল রথে, দেখিল সৈন্য বহুত।। পাছু যেই যায়, নপুংসক প্রায়, আছিল সার্থি রুথে। - পলাইল রথী, কি করে সার্থি, সেহ পলায় ভয়েতে।। শুনি মহামতি, বুদ্ধে বৃহস্পতি, গৌতমবংশজ কয়। পাছু যেই যায়, ভয়েতে পলায়, এমত চিত্তে না লয়।।

**(** )

यि श्राहेख, ब्राह्य इंटिंग, যাইত রথী লইয়া। হেন লয় মন, করিবেক রণ, তাপনি রথী হইয়া।। কহিছ যে আগে, পলাইল বেগে, উত্তর সেহ প্রমাণ। পাছুর যে লোঁক, ছল্ম নপুংসক, পাৰ্থ বিনা নহে আন।। ক্লপের বচন, শুনি ছুর্য্যোধন, কহিতে লাগিল ত্বে। এ তিন ভুবনে, কাহার পরাণে, षामा मह विद्याधित ॥ হঁউক অর্জুন, কিবা নারায়ণ, কামপাল কাম আদি। কি শক্তি কাহার, সহিত আমার, একা রণে হবে বাদী।। ভারত-চন্দ্রমা, রুসের অসীমা, অবনে পাপ বিনাশে। ক্ষণাদ দ্বিজ, ক্ষ-পদাসুজ, विक करह कानीमारम ॥ উত্তরের ভয ও অর্জুন কর্তৃক

এতেক বিচার করে কুরুদৈন্যগণ।
নির্বর করিতে নাহি পারে কোন জন।।
প্রায় উত্তর ধনঞ্জয় ধায় পাছে।
শত পদ অন্তরে ধরিল গিয়া কাছে।।
আর্ত্ত হয়ে রাজস্তুত বলে গদ গদ।
না মারহ রহন্নলা ধরি তব পদ।।
এবার লইয়া যদি যাহ মোরে ঘরে।
নানা রত্ন তোমা আমি দিব বহুতরে।।
দিব্য হেম মণি মুক্তা গজ হয় রথ।
এক লক্ষ গবী দিব স্থা-জলক্ষ্ত।।
বহু দেশ গ্রাম দিব দিব্য কন্যাগণ।
আর যাহা চাহ তাহা দিব সেইক্ষণ।।
না মারহ রহন্মলা দেহ মোরে ছাড়ি।
এত বলি কাক্ষে বত ধরাতলে পড়ি।।

তাচেতন হ'ল বীর যেন হীন প্রাণ্।
হরিল মুখের বাক্য যেন হতজ্ঞান।।
ভাষাসিয়া পার্থ কহে করি সচেতন।
না করিহ ভয় শুন আমার বচন।।
য়ুদ্ধ করিবারে যদি ভয় হয় মনে।
সার্থি হইয়া রথে বৈস মম সনে।।
রথী হয়ে দেখ আজি করিব সমর।
যত যোদ্ধাগণে পাঠাইব যমঘর।।
তোমার গোধন সব লইব ছাড়ায়ে।
কেবল থাকহ, তুমি রথযন্তা হয়ে।।
ক্তা হয়ে কেন তব রণে মৃত্যুভয়।
না করিহ রণভয় ত্যজহ সংশয়।।
এত বলি ধরি ভারে তুলে রথোপরে।
বোধ নাহি মানে বীর কান্দে উচৈঃহেরে।।

কৌরবগণের ভার্জুন বিষয়ক পরস্পর তর্ক।

রথ চালালেন তবে ধীমান অর্জ্জন। শমীরক্ষ যথা আছে অস্ত্র ধনুগুণ।। উত্তরের রথে লয়ে করেন গমন। দেখিয়া হাসিয়া বলে কর্ণ তুর্ন্যোধন।। হে গুরু হে রূপাচার্য্য কোথা ধনপ্রয়। স্বপ্নেতে তোমরা দেখ পাঞুর তনয়।। গুৰু বলি সঙ্কোচে না কহি কোন কথা। আমার শক্রর গুণ গাও যথা তথা।। फूर्रग्राधनवाका छङ्ग ना छनिता कार्। ভীন্ম প্রতি চাহি তবে কহেন সেক্ষণে।। বিপরীত অকুশল দেখ হের আজি। निक्र भार मर्कि रमना कार्म गंज वां जो।। ভশ্মবৃষ্টি হইতেছে বহে তগু বাত। অন্ধকার দশদিক সঘনে নির্ঘাত।। বিনা মেঘে রক্তর্ম্তি মহাকলরব। বহু প্রাণী বিনাশের লক্ষণ এ সব।। যত দৈন্য সবে থাক সংগ্রামের সাজে। সবে মিলি রক্ষা কর তুর্য্যোধন-রাজে।। গবী হেছু সঙ্কটেতে পড়িলাম সবে। বহুকাল জীব আজি রক্ষা প্রাই যবে।।

এত বলি ভীয়ে চাহি বলেন বচন। विनिदल कि श्राक्षनांश नमीत नम्मन।। লক্ষার ঈশ্বর বনরিপু যার ধ্বজ। নগনামে নাম যার নগারি অঙ্গজ।। অঙ্গনার বেশধারী ছফ্টনাশকারী। গোধন লইবে আজি কুরুসৈন্য মারি।। সক্ষেতে এতেক গুরু বলেন বচন। উত্তর করেন শুনি শাস্তকুনন্দন।। কি হেতু সঙ্কেতে কথা বল আর গুরু। প্রকাশ করিয়া বল শুনুক যে কুরু।। সভাতলে পূর্বে ধর্মা যে কৈল নির্ণয়। গেল দিন পরিপূর্ণ হইল সময়।। সে ভয় ত্যজিয়া **ক**হ শুকুক **স**কলে। শুনি ছুর্য্যোধনে চাহি গুরুদেব বলে।। বলিলে কর্ণেতে রাজা বচন না শুন। তথাপি নির্লজ্জ হয়ে কহি পুনঃপুনঃ।। এই যে ক্লীবের বেশে গেল মহাশূর। সক্রিন্য-অন্তকারী খ্যাত তিনপুর।। ধনঞ্জয় নাম যার কুরুকুলবর। প্রতিজ্ঞা তাহার যত তোমাতে গোচর।। যথা যায় জয় নাহি করিয়া বাছড়ে। সুরাসুর যার নামে নিজস্থান ছাড়ে।। মম শিষ্য বলি তুমি না করিহ মনে। ইন্দু শিব জাদি দেব দিল অস্ত্রগণে।।

বহুবিদ্যা পাইরাছে অমরভুবনে।
বহুবিদ্যা পাইরাছে অমরভুবনে।
বহুকোধে আসিতেছে লয় মম মনে।।
পার্থ সহ কে যুবিবে তব সভা মাঝ।
একজন নয়নে না দেখি মহারাজ।।
এত শুনি বলে তবে কর্ণ মহাবীর।
প্রশংসা করহ তুমি সদা গাণ্ডীবীর।
দুর্ন্যোধন তার ঘোল অংশে যোগ্য নয় শ্
অনুক্ষণ গুণ কহ প্রাণে কত সয়।।
যদি এই পার্থ হবে পাঞুর কুমার।
তবে ত মানস পূর্ণ হইল আমার।।
দুর্ন্যোধন বলে যদি ধনঞ্জয় এই।
কামনা হইল পূর্ণ আফি যাহা চাই।।

যার হেতু চর মোর খুঁজিল সংসার। হেন জনে পাইলে কি চাহি তবে আর ।। ত্রয়োদশ বৎসর অজ্ঞাত বাস আদি। পূৰ্ণ না হইতে পাৰ্থ দেখা দিল যদি॥ কহ গুৰু কেমনে না যাবে তবে বন। मत्व जान यूधिकित कतिन त्य पन्।। অৰ্জ্জন না হয় যদি অন্য জন হবে। এখনি মারিব তারে যেন ক্ষুদ্র জীবে।। কর্ণের বচন শুনি দ্রোণ বলে বাণী। যত বড় যেই জন সব আমি জানি।। অৰ্জুন যেমত তাহা ত্ৰিলোকে বিখ্যাত। থাপ্তব দাহনে যেই জিনে সুরনাথ।। অপ্রমেয়-প্রাক্রম যতুবলে জিনি। হরিয়া আনিল বলরামের ভগিনী।। বাহুযুদ্ধে পরাজয় কৈল পশুপতি। এক রথে জয় করে সসাগরা কিতি।। নিবাত-কবচগণে করে নিপাতন। দশ রাবণের তেজ এক এক জন।। বভ্রুবাল কালকেয় ইন্দ্রের বিবাদী। সবে মারি নিস্কণ্টক করে জন্তভেদী।। চিত্রদেনে জিনি ছুর্য্যোধনে রক্ষা কৈল। সহজে কহিতে তোর অঙ্গে না সহিল।।

কোন জন যুঝিবেক অর্জ্নের সনে।।

অর্জ্নের সহিত উত্তরের শুমীরক্ষ নিকটে

গমন ও উত্তরের অন্তর বিষয়ে প্রশ্ন।

এতেক বিচার করে কুরুসৈন্যগণ।
শমীরক্ষতলে যান ইন্দ্রের নন্দন।।
উত্তরে বলেন তুমি যুদ্ধযোগ্য নহ।
এই দীর্ঘ শমীরক্ষ উপরে আরোহ।।
ধরুপ্রেষ্ঠ গাঞীব যে আছে রক্ষোপরে।
দিব্য যুগ তুণ আছে পরিপূর্ণ শরে।।
বিচিত্র কবচ ছত্র শভা মনোহর।
রক্ষ হতে নামাইয়া আনহ সত্বর।।

পঞ্চ ধনু মধ্যে যেই ধনু মনোরম।

বল যার এক লক্ষ তাল রক্ষসম।

এখনি সাক্ষাতে আজি দেখিবে নয়নে।

শুনিয়া বিরাটপুত্র করিল উত্তর। কিমতে চড়িব এই রক্ষের উপর।। শুনিয়াছি এই গাছে শব বান্ধা আছে। রাজপুত্র হয়ে কেন চড়িব এ গাছে।। পার্থ বলে শব নহে রক্ষ উপরেতে। পাপকর্ম কেন তোমা কহিব করিতে।। শব বলি রেখেছিল কপ্ট বচন। শব নহে আছে ইথে ধনু অস্ত্রগণ।। এত শুনি রাজস্কুত চড়ে সেইক্ষণ। ছাড়াইল যত ছিল বস্ত্র আচ্ছাদন।। অর্কচন্দ্র-প্রভা যেন ধনু অস্ত্র যত। সর্পের মণির প্রায় ত্মলে শত শত॥ ব্যস্ত হয়ে রাজস্কুত কহে ধনঞ্জয়। ধনু অস্ত্র কোথা এথা দেখি সর্পময়।। দেখিয়া অদ্ভূত মোর কাঁপিছে হৃদয়। । ছোঁবার থাকুক কাজ দেখি লাগে ভয়।। পার্থ বলে সর্প নহে ধনু অন্তর্গণ। শুনিরা উত্তর পুনঃ বলিছে বচন।। অদ্ভুত বিচিত্র দীর্ঘবর **তাল সম।** মণি-রত্নে ৰিভূষিত ধনু মনোরম।। মৃগতিক ভলে যার তুরাকর্ষ দেখি। কোন মহাবীর হেন ধনু গেল রাখি।। বিচিত্র দ্বিতীয় ধনু রিপুকুলধ্বংস । কাহার এ ধনু পৃষ্ঠে শোভে রাজহংস।। তৃতীয় সুবৰ্ণ-গোধা শোভে ধনুছলে। কাহার বিচিত্র ধনু অগ্নি হেন জ্বলে।। চতুৰ্থ অদ্ভুত ধনু দেখি যে কাহার। চতুর্দ্দশ ব্যাঘ্র পৃষ্ঠে শোভিত যাহার।। কাহার এ ধনু পৃষ্ঠে হেমশিখী-শোভা। মণি-রত্ন-বিভূষিত শত চক্র আভা।। বিচিত্র শকুনিপত্র-বিভূষিত শর। পূর্ণ দেখি ছয় গোটা তূণ মনোহর।। চন্মমধ্যে পঞ্চ শঙা কাহার স্থুন্দর। এই শন্থ বাদ্য করে কোন ধনুর্দ্ধর ।। অর্কপ্রভ তীক্ষ্ণ পঞ্চ শন্থ মনোহর।

বুক্ষমধ্যে পূঞ্চ শৃত্য এমত কাহার।।

নাহি দেখি নাহি শুনি লোকের বদনে। হেন অস্ত্র ধনু বল রাথে কোন জনে।। পার্থ বলে যেই ধনু নীলোৎপলনিভ। ত্রৈলোক্যবিষয় নাম ধরয়ে গাণ্ডীব।। সুরাসুর প্রপূজিত শত্রুর শমন। শতেকু সহস্র রবে যাহার গণ্ন।। ব্রহ্মবংশে ব্রহ্মা ধরে শতেক বৎসর। পঞ্চাশী বৎসর ধরিলেক পুরন্দর।। পঞ্চশত বর্ষ ধরে দেব নিশাকরে। চৌষটি বরষ ছিল প্রজাপতি-করে।। শতেক বর্ষ ধরিলেক জলপতি। বরুণে মাগিয়া নিল অগ্নি মহামতি।। খাগুবদাহন হেতু দিল অর্জুনেরে। পঞ্ষষ্টি বর্ষ উহা রহে পার্থ-করে।। দেবের নির্মাণ ধনু দেবমূর্ত্তি ধরে। দেবকার্য্যে পাইলাম অগ্নি দিল মোরে।। शृर्त्व बन्ता (प्रदर्ग नर्ग युक्त रेकन। পঞ্চবিংশ পর্কেতে এরও রুক্ষ হৈল।। বিষ্ণুর ধনুক নবপর্কে নির্মিত। শার্ক যাহার নাম বল অপ্রমিত।। সপ্তপর্কে জয়ন্তী সে ধমুক নির্মাণ। সংহার কারণে থাকে মহেশের স্থান।। পঞ্চপর্বে কোদগুক ধনুক নির্মিল। দানব দলন হেতু দেবরাজে দিল।। পঞ্চ লক্ষ বল তার থাকে ইন্দ্র-হাতে। রাবণ বিনাশ হেতু দিল রযুনাথে।। তিনপর্কে গাণ্ডীবের হয়েছে নির্মাণ। খাণ্ডব দহিতে জাগ্নি মোরে দিল দান।। মোহন মুরলী এক পর্ফো ধাতা কৈল। গোপীর মোহন হেতু গোবিন্দেরে দিল।। গাণ্ডীব ধনুর জন্ম শুন যেইমতে। ত্রিগুণে নির্মিত গুণ সর্ব্ব ধনুকেতে।। দ্বিতীয় ধনুক হেম বিত্যুতে শোভয়। ছয় হংস চিত্র ধর্মানুপতি ধরয়।। সন্তরি সহত্র বল ধনুক নির্মাণ।

দ্রোণাচার্য্য গুরু পূর্বের মোরে দিল দান।। কি হেডু কি নাম হ'ল কুন্তীর তনয়।।

সহত্রেক গোধা যেই ধনু অনুপম। ব্কোদর-ধনু তার সুপাশ্ব ক নাম।। পঞ্চ শত সন্তরি সহস্র বল ধরে। কাড়ি নিল ধনু বলে জয়দ্রথ বীরে।। ব্যাঘ্র-বিভূষিত ধনু নকুল বীরের। পৈঁবটি সহস্র বল শল্যের করের।। শিখিচিহ্ন ধনু সহদেব বীর ধরে। চতুঃষষ্টি বল পূর্বের দিল চক্রধরে।। অতিদীর্ঘ তরুবর পিপ্পলী-ভূমিত। ভীমসেন ঠাকুরের জগতে বিদিত।। এতেক বলেন যদি বীর ধনঞ্জয়। তথ্য না জানিল মূঢ় বিরাট-তনয় ।। পুনঃ জিজ্ঞাসিল সত্য কহ রহন্নলে। ধনু অস্ত্র রাখি তাঁরা গেল কোনু স্থলে।। শুনেছি পাশাতে হারি গেল রাজ্য ধন। ক্ষা সহ বনে প্রবেশিল ছয় জন।। এথায় কিমতে অস্ত্র রাখিল পাণ্ডব। তুমি জ্ঞাত হলে কিসে বল এই সব।। হাসিয়া বলেন পার্থ আমি ধনঞ্জয়। কল্প সভাসদ সেই ধর্ম্মের তনয়।। রুকোদর বল্লভ যে পাচক তোমার। অশ্বপাল নাম গ্রন্থি নকুল কুমার।। সহদেব তব গবী করেন পালন। সৈরিষ্ক্রী পাঞ্চালী হেতু কীচক নিধন।। উত্তর বলিল মোর মনে নাহি লয়। কহ সত্য তুমি যদি পাণ্ডর তনয়।। দশ নাম ধরে সেই পার্থ মহাশয়। শুনিলে আমার মনে হইবে প্রত্যয়।। অৰ্জ্জুন বলেন নাম শুনহ আমার। যেই দশ নাম মম বিখ্যাত সংসার।। অর্জুন ফাল্কনি সব্যসাচী ধনঞ্জয়। কিরীটী বীভৎসু শ্বেতবাহন বিজয়।। ক্লফ জিফু বলি মোর দশ নাম জান। স্থাপিত করিল যাহা অমর-প্রধান।। উত্তর বলিল কহ করিয়া নির্ণয়।

দৈবে তুমি জান নাম তাঁর সঙ্গে ছিলে। শুনি জ্ঞান হোক শীঘ্র কহ রুহন্নলে।।

অর্জুনের দশ নামের কারণ ও গান্ধারী সহ কুন্তীর শিবপূজা লইয়া বিরোধ।

অর্জুন বলেন শুন বিরাট-নন্দন। দশ নাম-হেতু তোমা বলিব এখন।। হস্তিনানগরে পুর্বে ছিলাম যখন। আমার জননী পূজা করে পঞ্চানন।। স্বয়ন্তু পাথাণ-লিঙ্গ নাম যোগেশ্বরে। রাজপত্নী বিনা অন্যে পূজিতে না পারে।। প্রভাতে উঠিয়া মাতা করি স্নান দান। নানা উপহারে হরে পূজিবারে যান।। যেইবাপে শিবলিঞ্গ পূজেন জননী। (महेक्त मा शूरक सूरलन किनी।। দোঁহে শিব পূজে কেহ কাহারে না জানে দৈবযোগে দোঁহাকার দেখা এক দিনে।। গান্ধারী বলেন কুন্তি কেন তুমি এথা। ফল পুষ্প দেখি বুঝি পুজিতে দেবতা।। মাতা বলে সদা আমি করি যে পূজন। তুমি বল এই স্থানে কিসের কারণ।। গান্ধারী বলেন রাঁড়ি এত গর্ক তোর। কিমতে পূজিদ লিঙ্গ সংপূজিত মোর।। রাজার গৃহিণী আমি রাজার জননী। কোন ভরসায় তুমি পূজ শূলপাণি।। মাতা বলে গান্ধারী গো বল কেন এত। তুমি জ্যেষ্ঠ ভগিনী যে তেঁই বল কত।। যেই দিন আমি আসিয়াছি কুরুকুলে। সর্কলোক জানে আমি পূজি ফল-ফুলে।।

় যত দিন আছিলাম বনের ভিতর।

সেই হেতু পূজিবারে পেলে যোগেশ্বর ।।

এখন আপন দেশে আসিলাম আমি।

আমার পুজিত লিঞ্স পূজ কেন তুমি।।

মম এই ইফলৈঞ্চ কে পূজিতে পারে।।

এখন তোমার শিবে কোন অধিকার।।

জিজ্ঞাসহ ভীম্ম ধৃতরাফ্র বিছরেরে।

शाकाती विनन हाफ़ शूर्क व्यश्कात ।

তেঁই সবে বুঝি বলে পুজিতে মহেশে।। পুনশ্চ ভগিনী আর না আঙ্গিও এথা। শিবপূজা কৈলে দ্বন্ধ ঘটিবে সর্কাথা।। এই মত বন্ধ হয় ছুই ভগিনীর। লিঙ্গ হতে সদাশিব হইয়া বাহির।। কহিলেনে কেনে দ্বন্দ্ব কর ছুই জন। দ্বন্দ্ব ত্যজি শুন দোঁহে আমার বচন।। সবাকার ইফ্ট আমি সবে পূজা করে। কার শক্তি আছে মোরে অংশ করিবারে।। অৰ্দ্ধ অঙ্গ মম হয় পৰ্কতকুমারী। কোন জন অংশ মোরে করিতে না পারি॥ তোমা দোঁহে কুরুবধূ সমান ভকতি। দোহার পূজায় হয় মম বড় **প্রীতি।।** আপনার বলি বল আমি কার নই। কিন্তু রাজরমণীর পূজ্য আমি হই।। দোঁহে রাজপত্নী তোমা দোঁহে রাজমাতা। উভয়ে আমারে পূজা করহ সর্কথা।। এক জন হয়ে যদি চাহ পূজিবারে। তবে মম দৃঢ় বাক্য কহি দোঁহাকারে।। কনকের দল হবে মাণিক কেশর। সুগন্ধী সহস্ৰ চাঁপা অতি মনোহর।। তাহাতে প্ৰভাতে যেই প্ৰথমে পূজিবে। নিশ্চয় জানিহ শিব তাহারি **হ**ইবে।। এমত বিধানে যেই করিবেক পূজা। তার পুত্র জানিহ এ রাজ্যে হবে রাজা।। শুনিয়া শিবের বাক্য গান্ধারী উল্লাস। মাতারে চাহিয়া বলে করি উপহাস।। নিশ্চয় তোমার এবে হ'ল মহেশ্বর। পুল্রগণে চাম্পা মাগি আনহ সত্তর।। এত বলি নিজগৃহে করিল গমন। ডাকাইয়া আনাইল শত পুজ্ঞাব।।

সবাকার অনুমতি পূজি আমি হরে।

দূর কর ফল পুষ্প যাহ এথা হতে।

আপনি জিজ্ঞাস গিয়া সবাকার তরে।।

ভাল নাহি হবে পুনঃ আসিলে পুজিতে।। মাতা বলে যত দিন নাহি ছিমু দেশে।

कहिल कूछीत **म**र **घम्य (यन मर**छ। হেম চাঁপা দেহ শিবে পূজিব প্রভাতে॥ দাক্ষাৎ হইয়া কহিলেন ত্রিপুরারি। যে পুজিৰে তার পুজ রাজ্য-অধিকারী।। শুনি হুর্য্যোধন আজা দিল সেইক্ষণ। সহস্ৰ সহস্ৰ আনাইল কৰ্ম্মিগণ।। মণি মুক্তা দিল চক্ত জিনিয়া কিরণ। ভাঙার হইতে দিল স্বর্ণ শত মন ॥ আমার জননী শুনি হরের বচন। অতি তুঃখচিত্তে চলে না চলে চরণ।। স্বামিহীন পুত্র শিশু সহজে ছুঃথিত। পরগৃহে বঞ্চি পর-অন্নেতে পালিত।। কি করিব কি কহিব চিত্তে ভাবি ছুঃখ। কারে কিছু নাহি কহি রহে অধােমুখ।। ভোজন সময় হলে আসে ভ্রাতৃগণ। ক্ষুধায় আকুল ভীম মাগিল ভোজন।। অন্ন দেহ মাত বলি ডাকে বৃকোদর। ছঃথেতে আরত মাতা না দিল উত্তর।। উত্তর না পেয়ে ভীম অধিক কুপিন। রন্ধন-সামগ্রী ছিল সাক্ষাতে দেখিল।। সকল লইল ভীম ছুই হাতে করি। थरत थरत तारथ वीत धर्मा वतावित ॥ যুধিষ্ঠির কন কহ কুশল বারতা। ভীম বলে মাতা কেন নাহি কহে কথা।। দ্বিতীয় প্রহর বেলা অন্ন নাহি হয়। জিজ্ঞাসিলে মাতা কিছু কথা নাহি কয়।। অস্ত্রশিক্ষা পরিশ্রম দহে ক্ষুধানল। সে কারণে আনিলাম আমার সকল।। রস্কন হইলে অন খাব রাজা পাছু। আজা হলে এই মত থাই কিছু কিছু॥ যুবিষ্ঠির বলিলেন খাবে কোন সুখে। জননী আছেন কেন জান অধোমুখে।। কি ছঃখে তাপিত মাতা না জানি কারণ আমান্ন করিবে ভাই কিমতে ভক্ষণ।। পুনঃ গিয়া শীঘ্র ভাই জিজ্ঞাসহ মায়। কি হেডু বসিলে হেঁট করিয়া মাথায়॥

ভীম বলে আমা হতে নহে নরবর। অনেক ডাকিনু মাতা না দিল উত্তর।। ফুধানলে দহে অঙ্গ কম্পিত সঘন। এত বলি বসে হেঁট করিয়া বদন।। সহদেব নকুলেরে পাঠান রাজন। কাহারে কিছুই মাতা না বলে বচন।। আমারে করিল আজা ধর্ম নরপতি। জননীর পায়ে ধরি করিকু মিনতি॥ তুমি ছঃখচিত রাজা ছঃখিত হইল। ক্ষুধায় আকুল ভীম কুপিয়া রহিল।। সহদেব নকুল যে ফুধিত অপার। আজ্ঞা কর জননী গো কি ছুঃথ তোমার। শুনিয়া কহেন মাতা করিয়া ক্রন্দন। দোঁহাকার পাশে যথা শক্ষর-বচন।। সহ্স্র কাঞ্চন চাঁপা চাহে ত্রিলোচন। গান্ধারী-আজ্ঞায় সব গড়ে কার্ম্রগণ।। কি করিবে তোমা সব কি হবে কহিলে। এই হেতু দহে অঙ্গ ছঃখের অনলে।। আমি কহিলাম মাতা এই কোন কথা। যত পুপ্প ঢাহ আমি তত দিব মাতা।। মাতা বলে কেন তুমি করহ ভণ্ডন। ভুমি কোধা হতে দিবে কোধা পাবে ধন। আমি কহিলাম মাতা ত্যজ চিন্তা মন। কোন বড় কথা হেতু করিব ভণ্ডন।। রন্ধন করহ মাতা অন্ন জল খাহ। আমি দিব পুপ্প আনি তুমি যত চাহ।। শুনিয়া হইয়া হাষ্টা করিল রন্ধন। সবাকারে অন্ন দিয়া করেন ভোজন।। কতক্ষণে বলিলেন পুষ্পা দেহ আনি। সমস্ত দিবস গেল হইল রজনী।। কখন কনক-পুষ্প দিবে মোরে স্থার। এইমত মাতা মোরে কহে বারেবার।। আমি যত বলি মাতা প্রবোধ না হয়। সমস্ত রজনী গেল প্রভাত সময়।। ধনুক লইয়া আমি গুণ চড়াইয়া। সন্ধানি যুগল জন্ত উত্তর চাহিয়া।।

দ্রোণাচার্য্য গুরুপদে নমকার করি। বায়ব্য যুগ্গল মনোভেদী অস্ত্র মারি।। কাটিয়া কুবেরপুরী পুষ্পের কারণ। বায়ু অন্ত্রে উড়াইয়া করি বরিষণ।। সুগন্ধী কনক-পদ্ম চম্পক-মিপ্রিত। শিবের উপরে রৃষ্টি হ'ল অপ্রমিত।। দেউল উদ্যান আর বাহির ভিতর। পুষ্পেতে পূর্ণিত হ'ল নাহি রহে স্থল।। জননীকে বলিলাম যাহ স্থান করি। আনিলাম পুষ্প গিয়া পূজ ত্রিপুরারি।। কৌতুকে জননী গিয়া মহেশে পুজিল। जुके रुद्य मनानन्त भारय वत निल।। তব পূত্রগণ হবে কুরুকুলে রাজা। আজি হতে একা তুমি কর মম পূজা।। তামারে সন্তুষ্ট হয়ে বলেন বচন। ধনপতি জিনি তুমি করিলে পূজন।। আজি হতে নাম তব হল ধনঞ্জয়। ধনঞ্জয় নামের এ জানহ আশায়।। উত্তর কহিল কহ বীর চূড়ামণি। কি করিল শুনি তবে সুবলনন্দিনী।। অৰ্জুন বলেন প্ৰাতে উঠিয়া গান্ধারী। সহস্র কনক-পুষ্প হেমপাত্রে করি।। কুন্তুম চন্দন আর বহু উপহারে। নারীগণ সহ যান পুজিতে শঙ্করে।। শিবের আলয় দেখি পুষ্পেতে পূর্ণিত। যাইতে নাহিক পথ কৈ করে গণিত।। **८** पिश्रा शासाती (परी विषश्चन । কুন্ডীরে দেখিয়া বলে কছ বিবরণ।। মাতা বলে এই পুষ্পে পূজিলাম আমি। বর দিয়া নিজস্থানে গেল উমাস্বামী।। শুনিয়া গাস্কারী ক্রোধে পুষ্পজল ফেলে। গৃহে গিয়া নিজ পুত্রগণে মন্দ বলে।। সাধু কুন্তী সাধু পুত্র গর্ভেতে ধরিল। অকারণে শত পুত্র আমার জন্মিল।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কর্ছে:শুনে পুণ্যবান।।

কর্জুনের বীভৎস্থ নামের বিবরণ।

পার্থ বলিলেন শুন বিরাটনক্ষন। কহি এবে ভার নাম যাহার কারণ।। বিজয় বলিয়া ডাকে সকলে আমারে। বিজয় করিয়া আসি যাই যথাকারে ॥ শ্বেতবর্ণ চারি **অশ্ব মম রথ বছে।** শ্বেতবাহনক বলি লোকে মোরে কহে।। সুর্ব্য অগ্নি সম মম কিরীট যে মাথে। কিরীটী দিলেন নাম তেঁই সুরনাথে।। বীভৎস্থ বলিয়া ডাকিলেন নারায়ণ। কহিব বিরাটপুজ তাহার কারণ।। এক দিন কুষ্ণ সহ নৈমিষকাননে। জिक्छोत्रा करतन क्रुयः त्रशास्त्रकारन ।। ধন্য ধনঞ্জয় তুমি বলৈ মহাবল। তোমা সম বীর নাহি ধরণীর তল।। লক্ষ রাজা জিনি নিলে ক্লম্ভা স্বয়ম্বরে । জিনিলে অঙ্গারপর্ণ গন্ধর্ক-ঈশ্বরে।। খাওব দহিয়া অগ্নি নির্ব্যাধি করিলে। ইন্দ্র সহ সুরাস্কুর সমরে জিনিলে।। কুবেরে জিনিয়া ধন আনিলে সকল। তিন লোক আসি তব খাটে ছত্ৰতল।। ধরণী ধরিলে মহাভার বাছবলে। বাভ্যুদ্ধে সদানন্দে সম্ভোষ করিলে।। তপেতে তাপিলে তুমি হিমালয় গিরি। চক্ষুর কোণেতে নাহি চাহ পরনারী।। যে উৰ্কশী দেখি ব্ৰহ্মা হলেন মোহিত। সে জন তোমার ঠাঁই হইল লজ্জিত।। বীরমধ্যে শ্রেষ্ঠ তুমি তপেতে প্রধান। জিতেন্দ্রিয়রূপে গুণে কামের সমান।। এ তিন ভুবনে নাহি দেখি এক জনা। তোমার সদৃশ ৰূপগুণের তুলনা।। আমা হতে শতগুণে তোমারে বাখানি। তোমার সদৃশ কেবা আছে বীরমণি।। আমি হেন নাহি দেখি সংসার ভিতরে। তুমি যদি জান আছে দেখাই আমারে।।

স্থামি কহিণাম বঁহু করিয়া প্রকার। ধাতার হজিত এই সকল সংসার।। আমা হতে অধিক আছয়ে ৰূপে গুণে। नाहि विन औरशाविष्म वन कि कांत्रव ॥ গোবিন্দ বলেন স্থা দেখাহ আমারে। আপন সদৃশ জন কে আছে সংসারে।। পুনঃপুনঃ জ্রীগোবিন্দ বলেম আমারে। र्গावित्मत बाब्बा (शर्य (गनाम मजुरत । স্বৰ্গ মৰ্ত্ত্য ব্লসাতল ভ্ৰমি ত্ৰিভূবন। আপন সদৃশ নাহি দেখি কোন জন।। क्रास्थत উদ্দেশে মনে করি বিবেচন। মম সম নাহি পাই এতিন ভুবন।। তোমার মুখেতে পূর্বে শুনিয়াছি আমি। যত্ৰ জীব তত্ৰ শিব ৰূপে আছ তুমি।। ব্ৰহ্ম কীট ভূণাদিতে ভুমি আআ ৰূপে। আমার সদৃশ নাহি পাই তিন লোকে।। ভাবিয়া চিন্তিয়া এই বুঝিলাম সার। তোমাতে পূরিত এই সকল সংসার॥ আপন সদৃশ জন কারে না দেখিয়া। পুরীষ নিলাম আমি বসনে বান্ধিয়া।। र्गावित्मत जार्ग कतिलाम निर्वन्त । আমা হেন ত্রিভুবনে নাহি কোন জন।। আপন সদুশ নাহি পাই এক জন। আমি যার তুল্য আনিয়াছি নারায়ণ।। হয় নয় সমতুল্য করিতে না পারি। তানিয়াছি জগন্নাথ দেখাইতে ডরি॥ অন্তর্যামী বাসুদৈব সকল জানিয়া। ফেলাহ ফেলাহ বলি বলেন ডাকিয়া।। কি কারণে ধনঞ্জয় এতেক ন্যুনতা। যেই আমি সেই তুমি নহেক অভ্যথা।। তোমায় আমায় কিছু নাহি ভেদাভেদ। অজ শিব জানে ইহা জানে চারি বেদ।। এত বলি এলিগোবিন্দ করি আলিঙ্গন। দিলেন বীভৎস্থ নাম করি নিৰূপণ।। নীলোৎপল ক্লফকান্তি দেখি মম কায়। क्रुक नाम अर्थितन अनक आमात्र ॥

মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুন্যবান।।

ব্ৰাহ্মণ-মাহাত্ম। (৪)

প্রণমহ দ্বিজ, পদ-সর্সিজ, স্জন পালন নাশা। সর্বত্র সুখদ, মহিমা যে পদ, বক্ষে অধোক্ষজ-ভূষা।। य পদ मनिन, যেই সাধু পীল, তরিল ছঃখ-পিপাসা। যতেক তীর্পাদি, অবনী অবধি, य পদে সবার বাসা॥ ভবার্ণব প্লব, যে পদপল্লব, লক্ষী বশকারী ধূলি। আয়ুঃযশঃপ্রদ, অজয় সম্পদ, পাইতে যাহারে বুলি॥ বর্ণিতে কি শক্য, তুর্নিবার বাক্য, পুগুরীকাকাদি জনে। ভস্মের অঙ্কুর, বজে করে চুর, তিন পুর ভয় মানে।। ভগাঙ্গ যে বাক্যে, হ'ল সহস্রাক্ষে, সকল-ভক্ষ্য ভূতাশ I যে বাক্যে ভার্গবী, ত্যজি স্বর্গ দেবী, मिक्कलल देकन वाम।। অজিত বংশজ, অপ্রমিত তেজঃ, के विरठ कतिल ध्वःम। বিশ্বা হ'ল ফুড, শুষিল সমুদ্র, पहिल मगत्रवः भ ঝ্যাপুর মূরে, ভগীরথ ভগে, দ্ৰোণীতে হইল দ্ৰোণ। অঙ্কী কলানিধি, যে বাক্যে জলধি, পাইল কটুত্ব লোণ।। ভঙ্গ সাধুচেতা, ত্যজ সর্বকথা, খণ্ডিবে দণ্ডীর পাশী। জीवन मत्रद्रभ, ত্রাব্দণ-চরণে,

শরণ লইল কাশী।।

## व्यक्तित कीयापत विवत्।

পার্থ বলিলেন শুন বিরাটকুমার। যেই হেড় যেই নাম হইল আমার।। ছুই হাতে ধমু আমি ধরি যে সমান। সমান প্রয়োগ অস্ত্র সমান সন্ধান।। তেঁই সব্যসাচী নাম লোকে হ'ল খ্যাত। গুণ-ঘরিষণে দেখ সমান তু'হাত।। সসাগরা ধরাতলে রহে যত জন। ৰূপেতে আমার সম নাহি অন্য জন।। সমান দেখিয়া সবে মোর রূপ গুণ। এ কারণে মম নাম রাখিল অর্জ্জুন।। ফল্পনী নক্ষত্র মধ্যে জনম আমার। काञ्जनी विनया (उँहे धाषरत्र मःमात ॥ চতুৰ্দ্দশ ভূবনেতে ইন্দ্ৰ অধিপতি। ইন্দ্ৰ-ভুজাশ্ৰিত যত ইতিমধ্যে স্থিতি।। সবারে জিনিয়া ইন্দ্র জিম্বু নাম ধরে। এবে ইন্দ্র সহ জয় করিত্ব সবারে।। সে কারণে সবে মিলি যত দেবগণ। জিষ্ণু নাম মোরে সবে করেন অর্পণ।। নীলোৎপল কুষ্ণবর্ণ দেখি মম কায়। রুষ্ণ নাম বলি তাত রাখিল আমার।। প্রতিজ্ঞা আমার শুন বিরাটনন্দন। যুধিষ্ঠির-রক্তপাত করিবে যে জন।। সবংশে মারিয়া ভারে করিব নিপাত। পূর্কাপর সত্য মম সব লোকে জ্ঞাত।। এত শুনি রাজমুত ক্ষণ স্তব্ধ হয়ে। কহিতে লাগিল পুনঃ প্রণাম করিয়ে।। 'হে বীর কমলচক্ষে চাহ একবার। অজ্ঞানের অপরাধ ক্ষমহ আমার।। বহু দোবে দোষী আমি তোমার চরণে त्र नकन किছू जात ना कतित्व मत्।। যে যে কর্ম তুমি করিয়াছ মহামতি। ভোমা বিনা করে হেন কাহার শকতি। বড় ভাগ্য মম জনকের কর্মফলে। শরণ লইফু আমি তব পদতলে।।

কুফের আগ্রিত হও তোমা পঞ্চ জন। তেঁই আমি তব পদে নিলাম শরণ।। যদি অনুগ্রহ তুমি করিলে জামায়। দাস হয়ে সদা আমি সেবিব ভোমায় । অৰ্জ্জন বলেন প্ৰীত হলেম তোমারে। ধনু অস্ত্র লয়ে তুমি আইস সম্বরে।। কুরুগণে জিনি তব গোধন অপিব। মহা-আর্ত্ত আজি কুরুদৈক্তেরে করিব।। কুরুসৈন্য-সিন্ধু রাখে শত্রুগণ ভুজে। সকল দহিব আমি অস্ত্র-অগ্নিতেজে।। পাছে তুমি ভয় কর সংগ্রামের স্থলে। আমার রক্ষণে তব ভয় নাহি তিলে।। উত্তর বলিল মোর আর ভয় কারে। ধনঞ্জয় মহাবীর রাখিবে যাহারে।। তব পরাক্রম আমি ভালমতে জানি। নাহি মোর ভয় যদি আদে শূলপাণি॥ এ বড় অন্তুত কথা আছে মোর মনে। এ ৰূপেতে কাল কাট কিসের কারণে।। কি কারণে নপুংসক হলে মহাবল। ইহার রক্তান্ত মোরে কহিবে দকল।। নিরন্তর এই কথা মনে মোর ছিল। এ হেন শরীরে কেন ক্লীবত্ব পাইল।। অর্জুন বলেন শুন বিরাটনন্দন। অরণ্যেতে যবে মোর। ছিনু পঞ্চন।। যুধিঠির-আজ্ঞা লয়ে যাই হিমগিরি। শিবেরে সম্ভোষ কৈনু উগ্রতপ করি॥ তৃষ্ট হ'ল পশুপতি দেব ত্রিলোচন। তার অনুগ্রহে তুষ্ট হ'ল দেবগণ।। কুবের বরুণ যম অস্ত্রগণ দিল। মাতলি পাঠায়ে ইন্দ্র স্বর্গে মোরে নিল নিবাতকবচ আরু কালকেয়গণ। স্বর্গে জাসি উপদ্রব করে সর্বক্ষণ।। লুটিয়া পুটিয়া স্বৰ্গ করে ছারথার। দৈত্য-ভয়ে দেবে ছুঃখ হইল অপার।। সব তুষ্টগণে আমি একা সংহারিমু। नकन जमतं भूती निक्षणेक रेक्सू ॥

যতেক অমরগণ আনন্দিত হ'ল। তুষ্ট হয়ে দেবগণ মোরে বর দিল।। थना थना धनक्षत्र कुछीत नम्पन। তোমা সম বীর নাহি এতিন ভুবন।। অচিরে হইবে তব তুঃখ বিমোচন। কৌরব জিনিয়া প্রাপ্ত হবে রাজ্যধন।। এৰপে অম্রপুরী আছি ক্ত দিন। নানাবিত্যা অস্ত্র শস্ত্র করিনু পঠন।। দৈবে একদিন পিতা দেব পুরন্দর। নৃত্য গীত করাইল অপ্সরী অপ্সর।। উৰ্কশী নামেতে তাহে ছিল বিভাগরী। সে সবার শ্রেষ্ঠা পরম সুন্দরী।। যত যত বিদ্যাধরী কৈল নৃত্য-গীত। চক্ষু মেলি নাহি চাহিলাম কদাচিত।। पिथिनाम छर्सभीत नर्छन निरमरिष । সেকারণে নিশাযোগে আসে মম পাশে। অনেক কহিয়া শেষে মাগিল রমণ। প্রত্যাখ্যান করিলে সে কহিল তখন।। সকল অপ্সরা ত্যজি মোরে নির্থিলে। সেকারণে আসিলাম এত নিশাকালে।। ন। করিলে মম তোষ পুরুষের কাজ। ক্রীবন্ধ পাইয়া থাক স্ত্রীগণের মাঝ।। শুনিরা বিনয়-ভাবে কহিলাম তায়। কামভাবে আমি নাহি দেখিকু তোমায় পূর্ব-পিতামহ যে পুরুষ পুরাতন। তোমার গর্ব্বেডে জন্মাইল পুজ্রগণ।। অনেক পুরুষ পূর্ব ২তে হয়ে গেল। তোমার যুবস্ত-দশা স্লান না পাইল।। এই হেতু পুনঃপুনঃ দেখেছি ভোমারে। कुरलं इननी क्रुंभा क्तिर्व आमारत ।। কুন্তী মাদ্রী যথা মম যথা শচীন্দ্রাণী। ততোধিক তোমা জামি গরিষ্ঠেতে গ্রণি।। আপনার বংশ বলি জানহ আমারে। লব্জ। পেয়ে উর্বাদী সে কহে আরবারে যক্ত-ত্রত-কলে তব যত পিতৃগণ। ইন্দ্রের স্থুবনে আসি থাকে ছাইমন।।

সবে মোর সহ করে রভি-ব্যবহার। কেহ নাহি করে যথা তোমার বিচার।। কহিল আমার শাপ নহিবে লঙ্কন। वदमरतक क्रीव हरव विवार-खबम ॥ শাপ হতে বর তুল্য হবে তব কাজ। অস্ত বেশে লুকাইতে নার ক্ষিতিমাঝ।। বর্ষ রহিবে বলি করে নিরূপণ। শুনহ ক্লীবের হেডু বিরাটনন্দন।। বৎসরেক ক্রীব হইলাম সেই দায়। সদাকাল ক্লীব আমি পরের দারায়।। উত্তর বলিল মোরে হ**লে রূপাবান।** তেঁই মোরে নিজ কর্ম করিলে বাখান।। আজ্ঞা কর কোন কর্ম্ম করিব এখন। শুনিয়া অর্জ্জুন বীর বলেন বচন।। সার্থি হইয়া তুমি থাক মম রুথে। কৌতুক দেখহ কুরু সৈত্তের মধ্যেতে।। উত্তর বলিল আমি তোমার প্রসাদে। সকল ভুবন আজি দেখি তৃণপদে।। ইন্দ্রের মাতলি কিন্তা দারুক সার্থি। তাদৃশ সার্থি-কর্মে আমার শক্তি॥ বিশেষ ভোমার ভুজাগ্রিত মহাবলী। এখনি लहेर तथ रेमना-मधा छली।।

ष्पर्डकृत्वतः त्रान्त्रका।

তবে পার্থ মায়ারথ করেন স্মরণ।
অগ্নিদন্ত কপিধ্বজ শ্বেত অশ্বর্গণ।।
পার্থ চিন্তা করামাত্র আদে সেইক্ষণ।
কনক-রচিত বিশ্বকর্ম্মার গঠন।।
উত্তরের রথ হতে নামি ধনঞ্জয়।
প্রদক্ষিণ করি তাহে করেন আত্রয়।।
পূর্বের কুগুল বীর ত্যক্তিয়া ত্রাবণে।
ইন্দ্রদন্ত কুগুল যে দেন ছই কাণে।।
বেণী ঘুচাইয়া শিরে উফীষ বন্ধন।
ইন্দ্রদন্ত কিরীটেরে করে বিভূষণ।।
খজ্ম ছুরি ভূণ আদি বান্ধিয়া কাঁকালি
গাণ্ডীব ধরিয়া গুণ দেন মহাবলী।।

গুণ দিয়া ধকুকেতে দিলেন টক্ষার। বজাঘাতে গিরি যেন হইল বিদার।। দশ দিক পূর্ণ হ'ল কম্পিত ধরণী। বধির হইল কর্ণ কিছু নাহি শুনি।। শমী প্রদক্ষিণ করি রথ আরোহিয়া। চলিল উত্তরে রথে সার্থি করিয়া।। সুগ্রীব পুষ্পক মেঘ বলাহক সম। চালাল বৈরাটী অশ্ব অতি মনোরম।। চলিবার কালে তবে পাণ্ডব ফাক্তনী। ধনুগুর্ণ টক্ষারিয়া করে শত্মধ্বনি।। গর্জিল রথের চক্র গর্জ্জে কপিধ্বজ। মৃচ্ছ। হয়ে রথে পড়ে বিরাট-অঙ্গজ।। প্রলয়ের মেঘ যেন গর্জ্জিল গগন। শত বজ্ঞ এক কালে যেমত নিস্বন।। স্থাবর জঙ্গম কাঁপে সপ্তসিমুজল। শব্দ শুনি ভয়াকুল হ'ল কুরুবল।। মূচ্ছিত দেখিয়া পার্গ বিরাটকুমারে। তাশ্বাসিয়া সচেতন করেন তাহারে।। ক্ষত্রপুত্র হয়ে তুমি কেন হীনবত। শব্দমাত্র শুনি কেন হলে জ্ঞানহত।। লক্ষ লক্ষ হবে যবে ধনুক-টঙ্কার। এককালে শঙ্শব্দ হইবে সবার।। তখন সংগ্রাম-স্থলে কি করিবে তুমি। রথ হতে খসি ইদি পড় পাছে ভূমি॥ উত্তর বলিল মোরে নিন্দ অকারণ। এ শব্দে পৃথিবী মধ্যে কে আছে চেতন। বহু শুনিয়াছি শব্দ জলদগৰ্জন। ধসুর্ঘোষ শঙ্মাদ অনেক বাজন।। • এতাদৃশ শব্দ কভু কর্ণে নাহি শুনি। রথধ্বজ গর্জে এত অপূর্ব কাহিনী।। त्राधित शक्कात ह'न द्यार खाय। ধনুর্ঘোষে শঙ্মনাদে হনু অচেতন।। শুনিয়া কিরীটী হাসি বলেন বচন। যুদ্ধে স্থির হবে নাহি লয় মম মন।। বাম পদে আমি তোমা রাখিব ধরিয়ে। কেবল থাকিবে রথে অবলম্ব হয়ে।।

এত বলি পুনর্কার করিলেক শব্দ। (महे निष्म कूब्रकून हहेत्नक खका। পুনঃপুনঃ মহাশব্দ শুনিয়া অদুত। কহিতে লাগিল তবে ভরদ্বাজমুত ॥ গাণ্ডীব ধনুর মত শুনি যে টক্কার। দেবদত্ত বিনা হেন শব্দ আছে কার।। যে শব্দে আমার সেনা কেহ' নহে স্থির। নির্থিয়া দেখ সবে আপন শ্রীর।। বিষয় হইল লোমাঞ্চিত সব তনু। কর শির কাঁপে দেখ কাঁপে বক্ষ জাকু।। তোমা সবাকার চিত্তে কি হয় না জানি। বধির হইল কর্ণ হেন শব্দ শুনি।। অস্ত্রগণ জ্যোতিহীন অগ্নিহোত্র মন্দ। मः छो होन (पश्चि रेमना मरव निवानन्य ।। রক্তমাংসাহারী পক্ষী সৈম্মশিরে উড়ে। বোরনাদ করি স্বাকার শিরে পড়ে।। হয় হস্তিগণ দেখ করিছে ক্রন্সন। পুনঃপ্নঃ মল মূত্র তাজে ক্ষণে কণ।। সৈন্যমধ্যে প্রবৈশিয়া শিবাগণ ভাকে। রথধ্বজ বেড়িয়াছে দেখ সব কাকে।। সত্য হ'ল অকুশল সাক্ষাতে আমার। মহাবীর পার্থ বিনা কেহ নহে আর।। এখন এমন কর্ম্ম কর বীরগণে। মধ্যেতে রাথহ যত্নে রাজা তুর্য্যোধনে।। প্রহরীরা সর্কত্রেতে জাগি বেড়ি রহ। বাটিয়া ছভিতে সৈন্য ছুই ভাগে লহ।। অদ্ধিসন্য গৰীগণে রহ এবে বেড়ি। অসাধ্য যদ্যপি হয় শেষে দিব ছাড়ি।। গবীগণে কিছু ভয় নাহিক ভোমার। রাজারে রাখহ সবে যত শক্তি যার।। মহাভারতের কথা সুধাসিদ্ধবৎ। একমনে সাধু জন পীয়ে অমুত্রত।। জয়তি মীলাদ্রিনাথ নীলচক্রধারী। নীলপদ্ম সম মুখ ছুফ-অন্তকারী।। নীলামুর সহিত লীলায় নীলাচলে। नीनक्थे कांमि (मद (मद अम्डल ॥

অরণ বরণ চক্ষু অরণ বসন।

অরণ অধর-শোভা সেকর চরণ।।

মস্তকে অরণ হেম-মুকুটরচিত।

গলৈ মণি-রত্বহার অরণ উদিত।।

অরণ-বরণ চক্ষু লক্ষ্মী বামপাশে।

অরণ,চরণ সদা ধ্যায় কাশীদাসে।।

ছর্ব্যোধনের বক্তা।

দ্রোণের এতেক বাক্য শুনি ছুর্য্যোধন। ক্ৰে হয়ে ভীমে চাহি বলিছে বচন।। পুনঃপুনঃ মোর প্রতি কহেন এ কথা। পাওবের পক্ষ গুরু জানিহ সর্কথা।। সতত কহেন পাগুবের গুণাগুণ। অমুক্ষণ নিকটেতে দেখেন অৰ্জ্জুন।। ত্রয়োদশ বর্ষ সবে করি গেল পণ। ইতিমধ্যে দেখা তারা দিবে কি কারণ।। বিশেষ একক কেন আসিবে এথায়। অকস্মাৎ আসিবেক কোন অভিপ্রায়।। व्यक्त रहेन यिन कि ठाहि (य जात । ভ্রাতৃ সহ বনমাঝে যাবে আরবার।। বিরাটের পক্ষ হয়ে সে কেন আসিবে। অক্স কেহ সেনাপতি বিরাটের হবে।। কিয়। সেই আসিতেছে বিরাট নৃপতি। কিয়া আগে পাঠাইল মুখ্য সেনাপতি।। দক্ষিণ গোগ্রহে রাজা সুশর্মা যে গেল। মৎস্তদেশ জয় করি সেই বা আসিল।। না দেখিয়া না শুনিয়া শব্দমাত্র শুনি। পুনঃপুনঃ কহিছেন আসিল ফাল্কনী।। জানি আমি আচার্য্যের পাঞ্চুপুত্তে প্রীত। অতএব কহিছেন হয়ে হৃষ্টচিত।। মোরে ভয় দেখাইয়া শত্রুর প্রশংসা। পুনঃপুনঃ কহিছেন অকুশল ভাষা।। পশুজাতি অশ্বগণ নিরবধি ত্রাসে। পক্ষীর স্বভাব সদা উড়য়ে আকাশে।। মেঘের সহজ কর্ম্ম উঠিলে গরজে। কছু ধীর কছু তীক্ষ প্রনের তেজে।।

ইহা দেখি কহিছেন নাহি আর জয়। না করিয়া যুদ্ধ গুরু পান এত ভর ।। নামেতে হইল জ্রাস কি করিবে রুণ। যুদ্ধস্থলে পণ্ডিতের নাহি প্রয়ো**জ**ন।। প্রাসাদ মন্দির যথা নুপতির সভা। সেই সব স্থলে হয় পণ্ডিছের সভা।। পুরাণের বাক্য যথা বেদ-অধ্যয়ন। সেই সব স্থলে হয় পণ্ডিত শোভন।। যথায় বালক শিকা বিচার কথন। সেই স্থলে পণ্ডিতের হয় সুশোভন।। . যদি বা আইনে পার্থ লভিয়া সময় 1 কিবা শক্তি আছে তার কেন এত ভয়।। আসুক অর্জুন আমি করিব সংগ্রাম। ভয়ার্ত্ত হলেন গুরু যান নিজ ধাম।। ভোজ্য অন্ন দিয়া তার পাইলাম ফল। সে মিত্রে কি কার্য্য যেই শক্রর বৎসল।। ভক্তি ভয় হুই গুরু করেন পাওবে। সদাকাল এই মত জানি অনুভবে।। এথায় রহিয়া কিছু নাহি প্রয়োজন। যথা ইচ্ছা তথাকারে করুন গমন।। এখন এমত কর্মা কর পিতামহ। দৈন্যগণে ডাকি সব আশ্বাসিয়া কহ।। স্থানে স্থানে গুলা পাতি দৃঢ় কর সেনা। মোর স্থানে গবী লয় হেন কোন জনা।। গুরুকে করিয়া পাছু পাঁচ গুলাগ।। ভয়ার্ত্ত লোকেরে রাখি নাহি প্রয়োজন।। ভয়েতে কাতর কেন দেখি সেনাগণ। আচার্য্যের বাক্যে বুঝি হ'ল ভীতমন।।

কর্ণের আয়সাঘা।

তুর্য্যোধন তুর্মতির শুনিয়া বচন।
কহিতে লাগিল তবে বীর বৈকর্ত্তন।।
মলিন বদন কেন দেখি সব রথী।
আচার্য্যের বাক্যে বুঝি হ'ল ছল্ল মতি।।
না জানহ ইতিমধ্যে, আছে কর্ণ বীর।
কার শক্তি মোর জারে যুদ্ধে হবে স্থির।

কিয়া কামদন্ত্য রাম কিয়া বজ্ঞপাণি। किया वाष्ट्रस्य नर ब्यासूक कांकुनी।। বধিব সবারে জামি একা ভুজবলে ! नमूख-नरती यथा तका करत कुरल।। ভাগ্যে যদি থাকে তবে হইবে কিরীটা। প্রথমে বানরধ্বজ ফেলাইব কাটি।। খণ্ড খণ্ড করি দিব শ্বেত চারি হয়। দশ দিক মম অস্ত্রে হবে অস্ত্রময়।। বিজয় ধনুক মম বিখ্যাত সবার। দিব্য অস্ত্র দিল মোরে রাম গুণাধার।। পাওব-অনলে मना छुश्यी छूर्यगाधन। সে তুঃখ মিত্রের আজি করিব খণ্ডন।। কাটিয়া পার্থের মুগু অগ্রে দিব ডালি। নিম্বণ্টকে রাজ্য ভুঞ্জ নাহি শত্রু বলি।। একেশ্বর আজি আমি করিব সমর। সবে যাহ গৰী লয়ে হস্তিনানগর।। কিম্বা যুদ্ধ দেখ সবে অস্তরে থাকিয়া। সুৰ্য্য আচ্ছাদিব আজি ৰাণ বর্ষিয়া।।

ক্বপাচার্ধ্যের বক্তা।

कर्गवाका श्विन क्रुशां हार्या वरत वानी। যতেক করহ তেজ সব আমি জানি।। यूर्थ गांज दन किन्हु भक्ति नाई काटक। শ্রদের মেঘ যথা নিচ্ফল গরজে।। পণ্ডিতে কহিতে হেন,মনে করে লাজ। কি কর্ম করিয়া এত কহ সভামাঝ।। অক্তান বাতুল যথা কর্মে ক্ষম নহে। **ভा**नं मन्म नाहि सूर्य यादा जारम करह। একেশ্বর যুদ্ধ ইচ্ছ অর্জ্জনের সনে। অসম্ভব কথা কহ শুনিমু প্রবণে।। ি যে পাৰ্থ একাকী জিনে এ তিন ভূবন। থাওব দহিয়া কৈল অগ্নির তর্প।। চতুर्দ्रम ञ्रूरत्मा वनी यक्ष्मन। বলে ভদ্রা হরি নিল একাকী অর্জুন।। একেশ্বর চিত্রসেনে জিনিয়া সমরে। क्रूटर्गाध्यम मूक्त देकल भारत्। किल्टर ॥

নিবাতক্বচ কালকেয় সহাতেকা।। মারি নিত্তপঁক করি দিল দেবরাকা।। পাঞ্চাল দেশেতে পাঞ্চালীর স্বয়ম্বরে। জিনিলেক লক্ষ লক্ষ রাজা একেশ্বরে।। একেশ্বর হেন জন জিনিবারে চাহ। যেই মূর্য নাহি জানে তার জাগে কহ।। গলে শিলা বান্ধি যাহ জলনিধি তরি। গারুড়ি না জানি সর্প মুখে হাত ভরি।। ত্রয়োদশ বর্ষ সবে নিয়ম পালিল। পাইয়া শক্রর স্থাণ এথাকে আসিল।। মেঘ হতে মুক্ত যেন হইল মিহির। তাদুশ আসিল দেখ পার্থ মহাবীর।। একেশ্বর কেবা আছে এ তিন ভুবনে। যুদ্ধে জয় করিবেক পাণ্ডব অর্জুনে।। ভীম্ম দ্রোণ তুমি আমি দ্রোণি চুর্য্যোধন ছয় জন যুদ্ধে যদি পারি কদাচন।।

অখথামা কর্তৃক কর্ণের ভৎ দনা। মাতৃলের বচনান্তে অশ্বত্থামা বলে। শরীর স্থলিছে সুর্য্যপুত্র-বাক্যজালে।। গবী নাহি লই নাহি করি কোন কার্য্য। मी मांख ना इहें ना याहे निक ताका।। এতেক যে গর্ক করে বাধার নন্দন। কোন কর্ম করি বলে না জানি কারণ।। বক্ত শাস্ত্র শুনিয়াছি কথা পুরাতন। ক্জমধ্যে হইয়াছে বহু রাজগণ।। মায়াদ্যত বলে কেহ নাহি ভুঞ্জে ক্ষিতি। তুমি যেন পররাজ্যে হইলে নৃপতি।। ইন্দ্রপ্রস্থে রাজা হলে কোন যুদ্ধে জিনি। কোন তেজে ধরিয়া আনিলে যাজ্ঞদেনী।। युधिकिटत जिनिता कि जीम धनक्षरत्र। কিয়া যুদ্ধে জিনিয়াছ মাদ্রীর তনয়ে।। চারি জাতি বিধি ভূমে করিল স্থজন। যে যাহার জাতিধর্ম করিবে পালন।। পড়িবে পড়াবে যজ্ঞ করিবে ভ্রাহ্মণ। বাছবলে ক্ষত্রিয়েরা করিবে শাসন ॥

कृषि कतिरवक देवना वाविका-वार्शात । ত্রাহ্মণে সেবিবে শূদ্র নীতি বিধাতার ॥ নিজ রুত্তে নহ শক্ত অধর্ম-আচারী। ইতর জনের প্রায় করিয়া চাতৃরী।। ইহাতে পৌৰুষ এত শুননে ন। যায়। ধর্মবন্তু পাঞ্চপুত্র ক্ষমিল ভোমায়।। তোমারে ছাচার্য্যবাক্য সহিবে কেমনে। চন্দনেতে প্ৰীতি কোথা শীতভীত জনে।। স্ত্রীধর্মে আছিল কুষ্ণা একবস্ত্র পরি। সভামধ্যে বিবসনা কৈলে কেশে ধরি।। কোন পরাক্রমৈ তুমি কৈলে হেন কর্ম। পৃথিবীতে খ্যাত আছে তব ক্ষজ্ৰধৰ্ম্ম।। ধর্মশাস্ত্র সত্য যদি সত্য আছে ক্ষিতি। ধর্মপুত্র যুধিষ্ঠির হবে ক্ষিতিপতি।। যে সভায় সভাসদ রাধার নন্দন। তথায় কি ৰূপে হবে আচাৰ্য্য শোভন।। তিন লোক মধ্যে বসে যত যত জন। অৰ্জুন অজেয় হেন কহে মুনিগণ।। বাসুদেব সম পরাক্রমে মহাতেজা। কোন জন আছয়ে না করে তারে পুজা।। ধর্মবিজ্ঞ জন হেন কহে শাস্ত্রমত। পুত্রে স্নেহ যথা হয় শিষ্যে সেই মত।। সেকারণে জাচার্য্যের পাঞ্চপুত্তে প্রীত। গুপ্ত কথা নহে ইহা জগতে বিদিত।। পার্থ সহ আচার্য্যের হ্বন্মে কোন কার্য্য। পাশা খেলিবারে পূর্কে কৈল কি আচার্য্য॥ ইন্দ্ৰপ্ৰস্থ নিলে পূৰ্কে যেই যুদ্ধে জিনে। (मेरे युक्त विधान ना कत व्याक्ति (करन।। এইত আছয়ে তব মাতৃল শকুনি। যাহার সহায় নিলে জিনিতে অবনী।। সে পাশায় প্রতীকার মরণ বিহিত। অৰ্জুন দিবেক আজি ফল সমুচিত।। দ্রোণের সহিত কর্ণের বাগবিভগ্রা ও ভীম কর্তৃক সাম্বনা। এইৰপে ছই মুখে শুনি কট ভর।

क्लापमूर्थ करह छर्व दर्ग धनु रेत ।।

জানিয়াছি আমি ভোষা স্থানার মতি ভয়েতে পাওবগণে করহ ভক্তি।। ভোজ্য অল খাইবার কারণ সময়। যুদ্ধকাল দেখি ভয় জন্মিল হৃদয়।। याह वा थाकह जूमि स्पेहे लग्न मन। সহজে ভিক্ষুক তুমি জাতিতে ব্ৰাহ্মণ।। ভিক্ষাজীবী জনে দৃষ্ণ কোন প্রয়োজন। যথা যাও তথা হবে উদর ভরণ।। যক্ত নিমন্ত্রণে পিওজীবী যেই জন। তাহার বিগ্রহন্বন্ধে কোন প্রয়োজন।। যাহ তুমি যথা ইচ্ছা কেহ নাহি রাখে। মম পরাক্রম আজি দেখিবেক লোকে।। কর্ণের এতেক বাক্য শুনি দ্রোণ গুরু। কর শির কাঁপে তাঁর কাঁপে বক্ষ উরু ॥ त्विश विषम कार्या शक्नात नन्मन। কুতাঞ্জলি করি বলে দ্রোণেরে বচন।। মোরে দেখি ক্ষম এবে গুরু মহাশয়। মুর্য জন জানি তাপ খণ্ডাহ হৃদয়।। সাধু সুপণ্ডিত হইবেক যেই জনে। অক্তানের অপরাধ নাহি শুনে কাণে।। চন্দ্র-সূর্য্য-তেজঃ যথা সর্বত্র সমান। সেইৰূপ ব্ৰাহ্মণের সর্বসম জ্ঞান।। ক্ষমহ আচাৰ্য্যপুত্ৰ ক্ৰোধকাল নয়। শক্র উপস্থিত হ'ল যুদ্ধের সময়।। ধৃতরাফ্র অন্ধ বলি সর্কলোকে জানে। पूर्यग्राधन अञ्च दिन जानिन अञ्चर ।। সাক্ষাতে গাণ্ডীব ধনু শুনেছি টক্ষার। তথাপিহ বলে হবে অশ্য কেহ আর ।। পশুমাত্রে ছাণে জানে নিজ বৈরীগণে। পশুর সদৃশ জ্ঞান নাহি ছুর্য্যোধনে।। আরেরে তুর্মতিগণ আচার্য্যে নিন্দহ। অহঙ্কারে ছন হয়ে কিছু না দেখহ।। এক সূর্য্য-তেজঃ অঙ্গে সহনে না যায়। তোমার আছমে শক্ত পঞ্চম্য্যপ্রায়।। উদয় হইল আদি পঞ্ল ৰিকৰ্ত্তন। কিমতে না কর ইহা জ্ঞানবস্ত জন।।

এত বলি গঙ্গাপুজ দ্রোণে নমকরি। সান্ত্রাইল পিতা-পুজে বছু ভব করি।। তবে ছর্যোধন বহু বিনয়বচনে। कत्रयार्फ् माथारेल शक्-विमामारन।। ক্ষমহ আচার্য্য অপরাধ করিলাম। অজ্ঞান হইয়া আমি তোমা নিন্দিলাম।। দ্রোণ বলে তব প্রতি নাহি করি ক্রোধ। পূর্ব্বেই ভীম্মের বাক্যে হয়েছে প্রবোধ।। তবে দ্রোণে চাহি বলে যত বীরগণে। উপায় করহ শীঘ্র উপস্থিত রণে।। এক কাজে আসিলাম হ'ল অন্য কাজ। দৃঢ়মতে থাক যেন নহে পাছু লাজ।। শুনি ছুর্যোধন জিজ্ঞাসিল পিতামহে। এই यि धनक्षय नर्कालात्क करह।। ত্রয়োদশ বর্ষ তবে নিয়ম করিল। না হইতে পূৰ্ণ যদি দেখা আসি দিল।। ইহার বিধান কেন না কর আপনে। ত্রয়োদশ বর্ষ পুনঃ যাবে সবে বনে।। ভীম বলে পূর্ণ হ'ল বর্ষ ত্রয়োদশ। অধিক হইল আর দিন সপ্তদশ।। দ্বিপক্ষেতে মাস পক্ষ পঞ্চদশ দিনে। দ্বাদশ মাদেতে হয় বৎসর প্রমাণে।। এমত নিয়মে তের বৎসর বঞ্চিল। তतू मम मिन शौत श्रिक इटेल ॥ পঞ্চবর্ষে চুই মাস অধিক যে হয়। তাহা সহ পূর্বে নাহি করিলে নির্ণয়।। নিয়ম করিয়াছিল তাহা গোঁয়াইল। সময় পাইয়া আসি উদয় হইল।। একে ত পাঞ্চুর পুজ্র সবে ধর্মাবস্ত। यात (कार्ष यूंशिष्टित छटन नाहि व्यस् ॥ অনস্ত ছুত্বরকর্মা দয়াশীল লোকে। মৃত্যু ইচ্ছে তরু মিথ্যা নাহি কহে মুখে নিশ্চয় অর্জ্জন এই জান নরপতি। ইহার উপায় রাজা কর শীঘ্রগতি॥ পৃথিবী দলিতে পার্থ পারে একেখরে। কি ছার কৌরব ভার সহিত সমরে।।

(म कांत्रर्भ कहि इनंड छम इट्स्क्रांधन । এখন করহ প্রীতি যদি লয় মন।। \* ছুর্যোধন বলে হেন না কহিও আর। জীয়ন্তে পাওব সহ কি প্রীতি আমার।। নাহি ভাগ দিব আমি যুদ্ধ মোর পণ । ইহা জানি সমুচিত করহ আপন।। শুনি ভীম্ম দিব্য ব্যহ করিল নির্মাণ। যোদ্ধাগণে বিচারিয়া রাখে স্থানে স্থান।। মধ্যেতে রহিল দ্রৌণি দ্রোণ সব্য ভিতে। ক্লপাচার্য্য আচার্য্যের রহিল বামেতে।। দ্রোণরথ-রথী হ'ল বহু মহারথী। বিকর্ণ সৌবল আর বীর বিবিংশতি।। সর্কবৈন্য-অগ্রে স্তপুত্র মহাবল। পাছু রহিলেন ভীষ্ম রক্ষা হেতুদল।। মধ্যেতে করিয়া গবী রাজা ছুর্য্যোধন। চতুর্দ্ধিকে সাবধানে রহে সৈন্যগণ।। দৃঢ় অস্ত্র-ধারী রক্ষী রহে ব্যহমুথে। হেন ব্যহ কৈল ভীষ্ম কেহ নাহি দেখে।।

> অর্জুনের যুদ্ধে আগমন ও গোধন মোচন।

হেনকালে উপনীত ইচ্ছের নন্দন। গর্জ্জয়ে বানরধ্বজ শ্বেত অশ্বগণ।। ক্রোশ এক দূরে দৃষ্টি করিয়া তথন। বৈরাটীর প্রতি তবে বলেন বচন।। চারিভিতে দেখিতেছি বহু রথিগণ। তুর্য্যোধনে নাহি দেখি কিসের কারণ।। পশ্চাৎ করিব যুদ্ধ রাজারে খুঁজিব। চল চল সর্ব-অগ্রে গোধন ছাড়াব।। বাম ভিতে লহ রথ যথা গবীগণ। শুনি রথ চালাইল বিরাট-নন্দন।। দূরে থাকি ভীম্ম ক্লপে করেন প্রণতি। চারি বাণ মারিলেন আচার্য্যের প্রতি।। ছুই শর গিয়া পড়ে গুরু-পদতলে। তুই অস্ত্র পরশিল তুই কর্ণমূলে।। দেখিয়া হইল গুরু আনম্দে বিভোর। বড়ভাগ্যে দেখিলাম মুখ আজি ভোর।। সার্থি কহিল দেব কর অবধান। প্রহারী জনেরে কেন এতেক সন্মান।। হাসিয়া কহিল গুরু প্রহারী এ নয়। অশ্বপামাধিক মম পুজ ধমঞ্জয়।। এই যে যুগল অস্ত্র চরণে পড়িল। চরণে ধরিয়া মোরে প্রণাম করিল।। ছুই বাণ পয়শিল ছুই কর্ণ থার। এক কর্ণে নিবেদিল শুভ সমাচার।। আর কর্ণে কহিলেক আসিলাম আমি। ত্রয়োদশ বৎসর সময় অনুক্রমি।। যথোচিত ভাগ দিতে কহ ছুর্য্যোধনে। যুদ্ধ নহে ভালে ভালে যাহ এইকণে।। উহার উত্তর আমি করিব বিধান। এত বলি প্রহারিল ডোণ ছই বাণ।। এক বাণ শিরে চুম্বি ধরণী পড়িল। আর বাণ কর্ণমূলে প্রত্যুত্তর দিল।। উত্তর কহিল কহ কৌরব-প্রধান। কে তোমারে প্রহারিল এই ছুই বাণ।। ভাগ্যে কর্ণমূলে বাণ না কৈল ঘাতন। মোর চিত্তে মারিলেক বলহীন জন।। পার্থ বলে দ্রোণ গুরু জগতে বিদিত। সদাকাল আছে তাঁর মম প্রতি প্রীত।। শিরেতে চুম্বন করি পড়িল যে বাণ। বছদিন সমাগমে করিল কল্যা।।। আর বাণ কর্ণমূলে কহে প্রত্যুত্তর। শক্ষা নাহি যত সাধ্য করহ সমর।। এতেক ৰলিয়া পাৰ্থ পায় মহাতাপ। কোথায় আছয়ে তুই কুরুকুলপাপ।। আঁজি তারে দিব আমি সমুচিত দণ্ড। কেবল রাখিব প্রাণ করি লগুভও।। কাটিয়া মুকুট স্বৰ্গছত্ৰ নবদগু। রথ গজ কাটিয়া করিব খণ্ড খণ্ড।। আজি যদি ছুফীচার পড়ে মম আগে। यूर्ट्रेष्ट्रं व्यद्यातिय निश्व रयन भूरा ।। এই যে সমূহ সেনা দেখহ উত্তর। শীঘ্র রথ লহ মম তাহার ভিতর।।

ত্র্যোধন লুকাইয়া আছে রথীমার। সেই সে আমার শক্ত অন্যে পাছি কাজ।। অস্ত্র মারি সমাকুল করি সেনাগণ। তবে ত ছুর্য্যোধনের পাব দর্শন।। অহস্কারী মানী মূঢ় অভি তুরাচার। আজি আমি গর্ক চূর্ণ করিব ভাহার।। এতেক বলিয়া বীর তাহে প্রবেশিয়া। कूर्यगिथत नाहि शान करनक थूँ किशा।। সেই সৈন্যে না পাইয়া রাজা তুর্য্যোধনে। সিংহ যেন ছঃখচিত্ত নিরামিষ্য বনে।। উত্তরে বলেন এই দেখ বামভাগে। লুকাইয়া কুরুপতি আছে এই দিকে।। চালাহ সন্ত্রে রথ যথা তুর্য্যোধন। আজামাত্রে চালাইল বিরাটনন্দন।। সৈন্যের নিকটে পার্থ হন উপনীত। দ্বিতীয় প্রহরে যেন আদিতা উদিত।। মস্তকে কিরীট ইম্দ্রদন্ত অতি শোভা। কর্ণেতে কুণ্ডল ইন্দ্রদন্ত সূর্য্য-আভা।। গাণ্ডীব ধনুক অগ্নিদত্ত বাম হাতে। অক্ষয় যুগল ভূণ শোভে ছুই ভিতে।। শভা সিংহনাদ করে কতে মণিহার। কাঁকালে বন্ধন খড়ন ছুরি জীক্ষধার।। রথের নির্ঘোষ গর্জে বীর হনুমান। আসিল ইচ্ছের পুত্র ইচ্ছের সমান।। দৃষ্টিমাত্রে সবে মূচ্ছ। হইয়া পড়িল। আছুক যুদ্ধের কার্য্য দেখিয়া পলাল।। অর্জনে দেখিয়া কন গঙ্গার তনয়। ভাগ্যে আজি দেখিলাম বীর ধনঞ্জয়।। ধৰ্মজ্ঞ বান্ধ্যবপ্ৰিয় ৰলে মহাবল। পাশাকাল-ছুঃখ স্মরি দিতে এল ফল।। थना रुषु नरह धेरे हर्रा। भरत श्रुँ स्म । निংহ यन मृश भूँ जि तूरन वनमार्य।। আমা হতে দূরে যদি পায় ছুর্য্যোধন। তখনি লইয়া যাবে করিয়া বন্ধন।। এত চিন্তি চুর্য্যোধনে রক্ষার কারণ। শীঘগতি ধেয়ে আগে যত র্থিগণ।।

ছুর্য্যোধনে বেড়ি সবে রছে চারি পাশে। ি দেখিরা তার্জুন বীর মনে মনে হাসে।। হাসি বলিলেন শুন বিরাটনক্ষন। প্রাণভয়ে লুকাইয়া আছে তুর্য্যোধন।। চল চল আগে তব গোধন ছাড়াব। পাছে কুরুকুলকীবে খুঁজিয়া মারিব।। র্থ চালাইয়া দিল বিরাটনন্দন। যথায় বেজিয়া সৈন্য আছমে গোধন।। এথানে উত্তর রাখ কণকাল রথ। সৈম্ম ভাঙ্গি গোধনের করি দেহ পথ।। এত বলি পার্থ বীর কৈল শরজাল। বিচিত্র বরণ অস্ত্র যেন কালব্যাল।। মুনলের ধারে যেন বর্ষে জলধর। চক্ষুর নিমেযে তাচ্ছাদিল দিনকর।। নাহি দেখি অফ দিক পৃথিবী আকাশ। সূর্য্য-পথ রুদ্ধ হ'ল না বহে বাতাস।। মেঘে অন্ধকার যেন অমাবস্থা-রাতি। সার্থিরে দেখিতে ন। পায় র্থে র্থী।। অস্ত্র-অগ্নি জ্বেল যেন খাদ্যোত আকার। সৈন্যেতে অক্ষত জন না রহিল আর ।। নাহি দেখি কোন দিক পনাইতে পথ। অপ্রমিত কুরুদৈন্য ভয়েতে আর্ত।। চমৎকার হয়ে ডাকি বলে সর্কটেননা। পন্য মহাবীর তোর গর্ভধারী ধন্য।। এতাদৃশ কর্ম নাহি করে ত্রিভুবনে। ভোমা বিনা এই কর্ম্ম করে কোন জনে।। শুনি তবে পার্থবীর পুরে দেবদত্ত। যাহার ভাবণে হয় রিপু হীনসত্ব।। -গা**গুী**বে টক্ষার দেন আকর্ণ পূরিয়া। রথের শ্বেতাশ্ব চারি উঠিল গর্জিয়া।। িধিজে হনুমান করে ভয়ঙ্কর নাদ। চারি শব্দে তিনলোক গণিল প্রমাদ।। শৃন্যেতে বিমানস্থায়ী যত জন ছিল। ঘোর শব্দে সবে মূচ্ছ। হইয়া পড়িল।। অজ্ঞান হইয়। পড়ে যত কুরুবল। বৈন্যেতে বেড়িয়া ছিল গোধন সকল।।

মহাশব্দে ধেমুগণ হইয়া অস্থির া ভাঙ্গি দৈন্যদল বেগে হইল বাহির।। প্রলয় সমুদ্র কিলে রাখিবেক কুলে। वानिवारम कि कतिरव ननीरखां छ- जरन।। পুচ্ছ উচ্চ করি ধায় যত গবী সব। 🖟 দক্ষিণে বাহ্রি হ'ল করি হাসা রব।। চরণ শৃক্তেতে মিদি বহু সৈন্যগণ। বাহির হইল সব মৎস্তোর গোধন।। গোপগণ প্রতি বলিলেন ধনঞ্জয়। লয়ে যাহ গরু পূর্কে আছিল যথায়।। উত্তরে চাহিয়া তবে বলেন কিরীটী। গবী মুক্ত করি তব দিলাম বৈরাটি।। চিত্তে পাছে কর জিনিলাম সব কুরু। গৃহেতে লইয়া যাবে আপনার গরু।। ভুবনবিজয়ী এই কৌরবের সেনা। ইন্দ্র তুল্য পরাক্রম এক এক জনা।। শরানলে দহিবারে পারে ভূমগুল। নাহি জিনি গোধন জীয়তে এ সকল।। দুরেতে আছয়ে তেঁই অস্ত্র নাহি মারে। শীঘ্র রথ লহ মম সৈন্যের ভিতরে।। এত শুনি বেগে রথ চালায় উত্তর। বছ দৈন্য জিনি গেল দৈন্যের ভিতর।। যথায় নুপতি কুরুরাজ ছুর্য্যোধন। তথায় লইল রথ বিরাটনন্দন।। দেখিয়া ধাইল সর্ব্য কুরুসেনাপতি। নৃপতির রক্ষা হেতৃ জতি শীঘ্রগতি।। সহত্যেক শ্রেষ্ঠ রথী যুদ্ধে দিল মন। ধাইয়া আদিল বেগে স্থর্য্যের নন্দন।। সহত্রেক রথী লয়ে কুরুবংশপতি। জুর্ব্যোধন-রক্ষাহেতু ভীষা মহামতি।। এক ভিতে নৃপতির ভাই ঊনশত। আগুলিল পার্থে আসি সহত্রেক রথ।। দ্রোণ কুপ অশ্বস্থামা আদি মহার্থী। এক ভিতে রক্ষা হেতু রহে কুরুপতি।। ভীয়ণ-দশন হস্তী পর্বত আকার। মুঘল মুদার শুতে ধরে সবাকার।।

সহস্র সহস্র মন্ত গজ আগে করি।
আপনি রহিল পাছু নানা অন্ত ধরি।।
দিংহনাদ শম্মনাদ ধনুক টস্কার।
চতুর্দ্দিকে প্রপূরিল করি মার মার।।
অর্জুন কর্ড্ক উত্তরের নিকট ক্রুগৈনে)র
পরিচয় প্রদান।

উত্তর বলিল দেব কহিবে আমারে। কোন কোন যোদ্ধা এই আদিল সমরে। পাৰ্থ বলিলেন দেখ ৰিরাটকুমার। सूर्वार्नत रेविन भारा तथधार यात ॥ রক্তবর্ণ চারি অশ্ব বহে রথখান। দ্রোণগুরু কুরুকুলে আচার্য্য-প্রধান।। যম সম শত্রু হলে দুষ্টে করে ভেদ। অনুপম রবে এই যেন ধনুর্কেদ।। নহিল নহিবে হেন বীর অন্য জনে। সশস্ত্র থাকিলে যিনি অজেয় ভূবনে।। ভরদ্বাজ মহামুনি ঘূতাচী দেখিয়া। গঙ্গাজলে বীর্য্য তাঁর পড়িল খসিয়া।। দ্রোণীমধ্যে সম্ভনে রাথে তপোধন। দ্রোণীতে জন্মিল তেঁই নাম হ'ল দ্রোণ।। প্রশুরামের যত দিব্য বিদ্যা ছিল। ষ্দ্রসূত্র বিভা ইহাঁরে সে দিল।। তাঁহার দক্ষিণে দেখ তাঁহার অঙ্গজ। সিংহের লাক্ষুল শোভে যাঁর রথকজে।। ক্রপীগর্ভে জন্ম হ'ল ক্নপের ভাগিনা। মৃত্যুপতি ভয়<sup>,</sup>করে অন্য কোন জনা।। কাঞ্চনের দণ্ড ধরে রূপ মহামতি। শ্রদ্ধান-ঋষি-পুক্ত গৌতমের নাতি।। শ্রবনে ভ্রাত ভগ্নী দোঁহে জন্মেছিল। জামার প্রপিতামহ শান্তমু পুথিল।। রূপ রুপী নাম দিল শর্দান তাত। স্বামার বংশেতে গুরু স্বাচার্য্য বিখ্যাত।। ওই যে দেখহ উচ্চতর রথধ্বজ। বিচিত্র কলসংগ্রন্থ শোভে রত্মগ্রন্থ ।। সেই রথে বৈকর্ত্তন কর্ণ যার নাম। সুরামুরে জানে যার বল জামুপম।।

জামদ্যা রামের এ শিষা প্রিয়তর। আমার সহিত সদা বাঞ্চয়ে সমন্ত্র।। করিব মানস তার আজি আমি পূর্ণ। মম সহ যুদ্ধে আজি গৰ্ক হবে চূৰ্ণ।। চতুর্দ্দিক সুবেষ্টিত শ্বেত ছত্রগণ। হের দেখ মহামানী রাজা ছুর্য্যোধন।। বৈদ্য্য মুকুতা মণি ধ্বজ মনোহর। যেই রথধ্বজে চিত্র ধবল কুঞ্জর।। তাহার রক্ষার্থে তার নিকটে দেখহ। ভারত বংশের শ্রেষ্ঠ মম পিতামহ।। পঞ্চ গোটা কনকের তাল যার ধ্বজে ৷ মহাযোদ্ধা শীঘ্ৰহস্ত সৰ্কলোকে পুজে।। শান্তনুর পুত্র জন্মে গঙ্গার উদরে। সত্যবতীকন্যা আনি দিলেন বাপেরে।। রাজ্য দারা ভ্যাগ কৈল বাপের কারণ। তুট হয়ে তাহে বর দিল সেইকণ।। ইচ্ছামৃত্যু হোক তব সংসার ভিতরে। নাহিক মরণ নিজ ইচ্ছা হলে মরে।। ভীম বলি নাম তাঁর ঘোষে ভূমগুলে। ক্ষত্রকুলান্তক রামে জিনিলেক বলে।।

অর্জুনের সহিত কর্ণের সংগ্রাম ও পলায়ন।

হেনমতে যত রথ রথী মহাবীরে।
একে একে দেখালেন অর্জ্জ্ন উত্রে।।
পুনরপি উত্তরেরে কহে মহামতি।
কর্ণের সম্মুখে রথ লহ শীঘ্রগতি।।
আকাশ হইতে শীঘ্র তারা যথা ছুটে।
চালাইয়া দিল রথ কর্ণের নিকটে।।
কর্ণের সম্মুখে ছিল যত রথিগণ।
অর্জ্জ্ন উপরে করে বাণ বরিষণ।।
শেল শূল শক্তি জাঠি মুষল মুদার।
পরশু ভূষণ্ডী ভিন্দিপাল যে তোমর।।
বরিষা কালেতে যেন বর্ষে জলধর।
ঝাঁকে বাঁকে চতুর্দিকে বরিষে তোমর
পর্ষত আকার হন্তী ভীষণ-দশন।
চরণে কন্পিত ক্ষিতি জলদ গর্জ্জন।।

দেখিয়া হাসিয়া বীর কুস্তীর নন্দন। দিব্য অস্ত্ৰ গাণ্ডীবেতে যোড়েন তথন।। না হতে নিমেষ পূর্ণ ছাড়িতে নিশ্বাস। শরজাল করি প্রপুরিল দিক্পাশ।। বরিষা কালেতে যেন বরিষয়ে মেঘে। দিনকর তেজ যেন স্ক্ঠাই লাগে।। পদাতি কুঞ্জর রথী যত হয়গণ। करतन अर्ज्जत विक्ति हैरानुत मन्द्रन ।। ঢালায় সার্থি রথ অতি বিচক্ষণ। বাতাধিক মনোজব জিনিয়া খঞ্জন।। ক্ষণে বামে ক্ষণে দক্ষে আগে পিছে ছুটে। ভূমিতে ক্ষণেক পড়ে ক্ষণে শুন্যে উঠে।। ক্ষণেক ভিতরে যায় ক্ষণেক বাহির। রথবেগে পড়ি গেল বহু মহাবীর।। মুগেন্দ্র বিহরে যেন গজেন্দ্রমণ্ডলে। নাগে নাগান্তক যেন মারে কুভূহলে॥ কাটিল রথের ধ্বজ সার্থি সহিত। খণ্ড খণ্ড হয়ে ক্রমে পড়ে চতুর্ভিত।। ধনুক সহিত বাম হাত ফেলে কাটি। বুকে ৰাজি পড়ে কেহ কামড়ায় মাটি।। তাস্ত্রানলে দগ্ধ কেহ করে ছট্ফটি। কাটিয়া ফেলিল কারো দন্ত তুই পাটী।। শ্রবণ নাসিকা গেল দেখি বিপরীত। কাটিয়া কেলেন মুগু কুণ্ডল সহিত।। মধ্যদেশ কাটি পড়ে কৃত কত বীর। অস্ত্রাঘাতে কোন রথী উত্তে হ'ল চীর।। কাটিল রুখের ধ্বজ করি খণ্ড খণ্ড। মধ্য চক্রে কাটিলেন সার্থির মুগু।। তীক্ষ বাণাঘাতে মত্ত কুঞ্জুর সকল। পার্ত্তনাদ করি পড়ে মন্থি বহু দল।। চিক্রাকারে ভ্রমি পড়ে ভূমে দিয়া দস্ত। পেটেতে বাজিল কার বাহিরায় অন্ত।। এই মত মহামার করিল ফাল্কনী। मकल रेमरनारत विक्ति कतिल हालिन ॥ তুই তুই অঙ্গুলী অন্তরে অঙ্গ ছেদি। পড়িল সকল সৈন্য রক্তে বহে নদী।।

বিচিত্র হইল শোভা ধরণীর তলে। অশোক কিংশুক যেন বসুস্তের কালে।। একেশ্বর ধনঞ্জরা কুরুদৈন্য দলি। মহাবাতাঘাতে যেন পড়িল কদলী।। কালাগ্রি সমান শিক্ষা দেখি পার্থ বীরে। চক্ষু মেলি কার শক্তি চাহিবারে পারে।। মারিয়া সকল সৈন্য পার্থ ধনুর্দ্ধর। চালাইয়া দেন রথ কর্ণের উপর।। কর্ণের অনুজ ছিল বিকর্ণ নামেতে। আগুলিল পার্থে আসি ধুনুঃশর হাতে।। श्राप्तन अर्ज्जून वीत (मिश्रा विकर्न। ভুজ জে পাইল যেন বুভুক্ষু সুপর্ব।। ছই বাণে ধ্বজ ধনু কাটিয়া ভাহার। অর্দ্ধচন্দ্র বাণে কাটিলেন মুণ্ড ভার।। विकर्ग शिष्ट्रल (मिथि कर्त इ'ल क्लिम। টক্ষারিয়া ধনুগুর্ণ যায় মহাযোধ।। নিংহ দেখি সিংহ যেন করয়ে গর্জন। ছুই মত্ত হস্তী যেন হস্তিনী কারণ।। চিরকাল স্ববাঞ্চিত মিলাইল বিধি। দরিত পাইল যেন মহারত্ব নিধি।। দোহা দেখি দোঁহাকার হইল হরষ। কর্ণে চাহি ধনঞ্জয় বলেন কর্কশ।। রাধামুত ত্যজ গর্ক ত্যজ সিংহনাদ। আজি তোর ঘুচাইব সংগ্রামের সাধ।। তোমারে মারিব সবে দেখুক নয়নে। নিস্তেজ করিব আজি রাজা ছুর্য্যোধনে।। যথন কপটে ছুফ খেলাইল পাশা। মনে জাগে যত কিছু কৈল কটুভাষা।। সেই সব আজি তোরে করাব স্মর্ণ। বজু দিনে তব সহ হ'ল দরশন।। হাসিয়া বলিল কণ্টেদৰ বলবান্। যারে খুঁজি সেই জন এল বিদ্যমান।। তোরে মারি পাওবের দর্প করি চূর্ণ। ছুর্য্যোধনের মনোরথ কুরিব যে পূর্ণ।। এত বলি কর্ণ বীর পূরিল স**হ্লান**। অর্জুন উপরে প্রহারিশ দশ বাব।।।

গাণ্ডীৰ ধনুকে চারি চারি অশ্বে চারি। তুই ভুজে উত্তরের তুই অস্ত্র মারি।। ছাড়েন বিংশতি বাণ ইন্দ্রের নন্দন। प्रभ **कार्यु कर्न वीत कार्टि (महेक्क**न ।। পুনঃ ষড়বিংশ বাণ ছাড়েন কিরীটী। সেই অদ্র কর্ণ বীর ফেলাইল কাটি॥ আকর্ণ পুরিয়া কর্ণ এড়ে পঞ্চ বাব। অর্দ্ধ পথে পার্থ করিলেন দশ খান।। দোঁতে দোঁতা অন্ত্র মারে যেব। যত জানে। ব্রিরাকালেতে যেন বর্ষে মেঘগণে।। বজের প্রহারে যেন পড়য়ে ঝঞ্জনা। আঁকে আঁকে বৃষ্টি করে আগুনের কণা।। বাঁশবনে ভাগ্নি দিলে যথা শব্দ উঠে। চট চট শব্দে অঙ্গে তথা অন্ত্র ফুটে।। ঘন শঙা পূরে ঘন ঘন হুছুদ্ধার। শব্দেতে পুরিল ক্ষিতি ধনুক টক্ষার।। সহস্র সহস্র বাণ একবারে এড়ে। অন্ধকার করি দোঁহাকার গায় পড়ে।। দোঁছে অন্ত নিবারিছে রণে বিচক্ষণ। বায়তে উড়ায় যেন মেঘ বরিষণ।। সাধু কর্ণ বলি ডাকে যত কুরুবল। সাধু পার্থ বলি ডাকে অমর সকল।। কোধে পার্গ দিব্য অস্ত্র করেন সন্ধান। কাটিয়া কর্ণের ধ্বজ করে খান খান।। চারি অশ্ব কাটি তবে কাটে ধনুগুৰ। সার্থির মাথা তবে কাটেন জর্জুন।। কর্ণেরে বির্থী করি পার্থ মহাবল। ভীয়া জোণে চাহি তবে হাসে থল খল।। শীঘ্রতর আর রথ যোগায় সার্থি। আর ধমুকেতে গুণ দিল শীঘ্রগতি।। লজ্জিত হইয়া কর্ণ সর্পবাণ এড়ে। সহত্র সহত্র দর্শ পার্থে গিয়া বেড়ে।। এড়েন গরুড় বাণ ইন্দ্রের নন্দন। ধরিয়া সকল ফণী করিল ভক্ষণ।। ভায়িবাণ এড়িলেন বীর ধনঞ্জয়। मनमिक महोटज्ज सद्व अधिमञ्जा

যেমত প্রলয় কালে সংহারিতে সৃষ্টি। बाँरक बारक रेमरना इ'ल इंडाम्न इडिं।। পলায় সকল সৈন্য কেছ নাহি রয়। মেঘবাণে নিবারিল সুর্য্যের তনয়।। ঘোরমেঘে বর্ষে যেন মুষলের ধার। বায়ু অস্ত্রে উড়ালেন ইন্দ্রের কুমার।। হাসিয়া গন্ধর্ক বাণ এড়েন বিজয়। সকল সৈন্যের মধ্যে হ'ল পার্থময়।। রথে রথে গজে গজে হ'ল মারামারি। পড়িল অনেক দৈন্য হানাহানি করি।। এই মত তুই বীরে করিল সংগ্রাম। চক্ষু পালটিতে দোঁহে না করে বিশ্রাম।। দোঁতে মহাবীৰ্য্যবন্ত কেহ নহে ঊন। দৈববলে বলাধিক হইল অৰ্জুন।। ইন্দুদত্ত দিব্য অস্ত্র পূরিয়া সন্ধান। একেবারে ছাড়িলেন অফীগোটা বাণ।। छुटे छुटे ভুष्क वरक युगन ननारि । ব্ৰহ্মভেদি চৰ্ম্ম ছেদি অঙ্গে অস্ত্ৰ ফুটে।। ফুটিয়া কর্ণের হৃদ্ধে বহিল শেগণিত। রথেতে পড়িল কর্ণ হইয়া মূচ্ছিত।। মুচ্ছিতি দেখিয়া পাৰ্গ সন্ধরেন বাণ। রথ লয়ে সার্থি যে হ'ল পাছু**আন**।। কর্ণ ভঙ্গ দেখি তবে যত কুরুশূর। বেড়িল অর্জুনে আসি হয়ে শতপুর।। পদাতি মাতঙ্গ রথ রথী অতি বেগে। নানা অস্ত্র-শস্ত্র তারা ফেলে চতুর্দ্ধিকে।। পর্বত জাকার হস্তিগণ য্থে যুথ। পার্গোপরে টোয়াইয়া দিলৈক মাহুত।। হাসিয়া গদ্ধর্কবাণ ছাড়েন কিরীটা। পার্থকাপী মহাবীর সর্কবৈদ্য ঘুঁটি।। আঅ আঅ দৈন্য ক্রমে হয় মারামারি। পডিল অনেক সৈন্য আর্ত্তনাদ করি।। রথধ্বজ পতাকায় ঢাকিল মেদিনী। মুকুট কুণ্ডল হার নানা রত্ন মণি।। সারি সারি পড়ে,হস্তী কত রথধ্বজ। পড़िल मीचलम्ख लक लक शक।।

মেঘ চাপ দেখি যেন পর্বত উপরে। পড়িল মাতৃষ্থ দারুণ প্রহারে॥ যেন মহাবাতে নিবারিল মেঘমালা। সমুদ্র-লহরী যেন নিবারিল ভেলা।। অনন্ত ফণীন্দ্ৰ যেন মন্তে সিন্ধুজল। একাকী অর্জ্জ্ন মথিলেন কুরুবল।। যে ছিল পলায় সবে লইয়া পরাণ। वर्ष्ट्रात (पर्शास्त्र (यन भगन मर्गान।। দেখিয়া বিরাট-পুত্র মানিল বিস্ময়। ক্বতাঞ্জলি হয়ে তবে পার্থ প্রতি কয়।। এ তিন স্থুবনে এই অদ্ভুত কাহিনী। চক্ষে কি দেখিব কভু কর্ণে নাহি শুনি।। পূর্কে যে তোমার কর্ম শুনিকু প্রবণে। সাক্ষাতে দেখিতু তাহা আপন নয়নে।। ক্ষত্ৰ হয়ে হেন জন নহিবে নহিল। তোমার মার্থি হৈতু পুর্বভাগ্য ছিল।। এখন আমারে আজ্ঞা কর মহাশয়। বোন ভিতে চালাইয়া দিব রথ হয়।। হাসিয়া কহেন পার্থ কি কহ উত্তর। কি দেখিলে এখনি কি হইল সমর।। ছুন্তর সাগরবত এ কৌরবসেনা। পার নাহি হইয়াছ তার এক জনা।। হের দেখ নীলবর্ণ যে ধ্বজ-পতাকা। ক্লপাচার্য্য উনি হন মম পিতৃদ্থা।। শীঘ রথ লহ মম তাঁহার সমুথে। আমার হস্তের বেগ দেখাব তাঁহাকে।। मश्चकुछ कमछन् ध्वक यात ३८४। শীঘ্র রথ লহ মম তাঁহার অগ্রেতে।। .কুক্লবংশগুরু তেঁই চোণাচার্য্য নাম। চিরদিনে ভেটিলাম করিব প্রণাম।। িযদি গুরুদেব মোরে করেন প্রহার। আমিহ মারিব তবে নাহিক বিচার।। তার পাছে অশ্বতামা রাজা তুর্য্যোধন। তথা রথ লহ মম বিরাটনন্দন।। যে রথে বেস্টিত শ্বেত ছত্র সারি সারি। যত রাজগণ আপে যোড়হাত করি।।

অমরকুলের যথা কর্ত্তা পিতামহ। আমার কুলের তেন ইহাঁরে জানহ।। যত রাজা পৃথিবীর পায় করে পুজা। মম পিতৃ-জ্যেষ্ঠাত ভীয় মহাতেজা।। তথাপিহ বশ তেঁই কুরু নুপতির। এই হেতৃ বড় ভয়ে কাঁপিছে শরীর।। छूर्रिगाधन बन्धा एड्जू यिन कटेत बन । কিমতে তাহার অঙ্গে করিব ঘাতন।। অতি বড় দয়া তাঁর আমা পঞ্চ জনে। পিতৃশোক না জানিতু তাঁহার পালনে॥ নির্দিয় ক্ষজিয় জাতি নাহি উপরোধ। পরাপর নাহি জ্ঞান যুদ্ধে হলে ক্রোধ।। বেদব্যাস বিমন্থন করি বেদসিন্ধু। জগতের হিতে জন্মালেন ভারতেন্দু।। অজ্ঞান-জড়তা-অন্ধজনের কারণে। সর্কশাস্ত্র জ্ঞাত হয় যাহার প্রবণে।। অতিশয় ক্লেশে বিরচিল মুনি ব্যাস। মনোগত অন্ধকার হয়ত বিনাশ।। কাশীরাম দাস কহে পাঁচালির ছম্দে। পীয়ে সাধু জন নিঙ্গড়িয়া সেই ছান্দে।।

শংগ্রামন্থলে দেবগণের আগমন।

একা পার্থ মহাযুদ্ধ করিল কৌরবে।
দেখিবারে সুরাসুর আদিলেন দবে।।
হংসপৃর্চে অফ দৃষ্টে চাহে প্রজাপতি।
র্যাকাড় শশিচুড় ভূবন বিভূতি।।
গজকদ্ধে সুরহন্দে আদিল সুরেন্দ্র।
রবি করি সঙ্গে শৌরি সহ গ্রহন্দে।।
বাযু মুগে অগ্রি ছাগে নরে বৈশ্রবন।
মৎস্থোপর জলেশ্বর মহিষে শমন।।
সিংহ শিখী মুষে থাকি সপুজ্র পার্ক্তী।
অফবসু কোলে শিশু ষ্ঠী অরুদ্ধতী।।
কাদ্রবেয় বৈনতেয় অশ্বিনীকুমার।
শুনি রস চতুর্দিশ মর্ত্যে আগুসার।।
স্বায়ন্তুর আদি সব এল প্রজাপতি।
হ্রায়ন্তুর আদি সব এল প্রজাপতি।।

যক্ষেশ্বর বিদ্যাধর কিন্তর অপ্ররী।
নানা বাদ্যে সভামধ্যে নৃত্য গীত করি।।
দিব্যগন্ধ মন্দ মন্দ বায়ুতে পুরিল।
যত দেব মিলি সব পুষ্পার্ষ্টি কৈল।।
পুষ্পাগন্ধে ক্ষত্রেরন্দে বাড়িল মন্ততা।
কাশীরাম মৃত্ভাব শ্রুভিসুথদাতা।।
অর্জুনের দহিত ক্পাচার্য্যের ব্দ ও

व्यक्तित वोका श्रीन विवाधनन्तन । বায়ুবেগে নিলু রথ ক্লপের সদন।। প্রদক্ষিণ করি ক্রমে সব সৈনাগণ। মৎস্তা যেন জালমধ্যে করিয়া বন্ধন।। ক্রপের সন্ম খে রথ লইল বৈরাটী। দেবদত্ত শন্থানাদ করেন কিরীটী।। গজ যেন রোষে শুনি গজের গর্জন। কুপিল গৌতম শুনি শজ্বের নিস্তন।। আগু হয়ে আপনার শখ বাজাইল। ছুই শছা নিনাদেতে ত্রিলোক কাঁপিল।। ক্রোধে রুপাচার্য্য যেন স্থলিয়া উঠিল। আকর্ণ পুরিয়া ধনুগুণ টক্ষারিল।। দশ বাণ প্রহারিল অর্জ্জন উপর। কাটিয়া ফেলিল তাহা পার্থ ধনুর্দ্ধর।। मन वाव कांग्रि वीत करत कू ज़ियान। তবে দিব্য অস্ত্র পার্থ করেন সন্ধান।। জ্লদ্বি সম অস্ত্র দেখি লাগে ভয়। বাণাঘাতে আচার্য্যের কম্পিত হৃদয়।। বিচলিতাসন দেখি কুপাচার্য্যে ব্যস্ত। গৌরব করিয়া পার্থ না মারেন অস্ত্র।। कर्ति भारेया देशी निल धनुर्साण। অৰ্জ্বন উপরে অস্ত্র করিল সন্ধান।। ন। মারিতে অস্ত্র পার্ধ এড়িলেন বাণ। ক্লপের ধনুক করিলেন খান খান।। আর অন্ত্রে কাটিলেন অঙ্গের কবচ। অঙ্গ হতে খনে যেন দৰ্প-জীৰ্ণ-স্বচ।। পুনঃ আর ধনু রূপ লইলেন হাতে। (महेक्दर्भ फिन छन कक् भागिरिंछ।।

গুণ দিয়া বাণ বীর করিল সন্ধান। সেই ধনু কাটি করিলেন খান খান।। পুনঃ রূপ দিব্য ধনু লইলেন হাতে। সে ধনু কাটেন পার্থ গুণ নাহি দিতে।। দেখিয়া গৌতম যেন অগ্নি হেন জ্বলে। কাটা ধনু ফেলাইয়া দিল ভূমিতলে।। শক্তি এক তুলি নিল ভীষণ-দর্শন। নানা রত্ন ভূষা যেন দীপ্ত ভূতাশন।। ছাড়িলেক শক্তি আদে হয়ে শব্দবান। অর্দ্ধপথে পার্থ তাহা করেন চুখান।। দিব্যাস্ত্র সন্ধান করি তবে ধনঞ্জয়। । কাটিলেন ক্লপের রথের চারি হয়।। ছয় বাণে কাটি তবে ফেলে শরতুণ। সারথির মাথা কাটি ফেলেন অর্জ্জুন।। সার্থিমুকুট হয় রথ হ'ল ছিল। চতুর্দিকে কুরুগণ হ'ল ছিন্ন ভিন্ন।। চাহিয়া দেখিল রূপ কিছু নাহি পাশে হাতে গদা লয়ে তবে আসে ক্রোধবশে হাসিয়া অর্জুন বীর করেন সন্ধান। হাতের গদাতে মারিলেন দশ বাণ।। খণ্ড খণ্ড করি ফেলিলেন গদা কাটি। সব গদা গেল শুধু রহে বক্তমুষ্টি।। বিবস্ত্র নিরস্ত্র রূপ সর্কাঙ্গ বিকল। পরিধান ধুতী আর উত্তরী কেবল।। क्तरपार्ष् विलित्न कुन्तीत नन्मन । এ বেশে আচার্য্য কোথা করিছ গমন। অম্বরে অমরব্রন্দ দেখিছে কৌতুক। লাজে শর্দানপুত্র হন অধোমুখ।। চতুর্দ্দিক হতে তবে আসে যোদ্ধাগণ। রথে চড়াইয়া ক্লুপে করিল গমন।।

দ্রোণাচার্ষ্যের যুদ্ধ ও পরাভব।
ক্রপাচার্য্য-ভঙ্গ যদি হইল সমরে।
অর্জুন বলেন তবে বিরাটকুমারে।।
রক্তবর্ণ চারি ঘোড়া যোড়া যেই রথে।
শীঘ্র রথ লহ মোর তাহার ক্সগ্রেতে।।

শুনিয়া বিরাটপুজ বায়ুসম বেগে। চালাইয়া দিল রথ দ্রোণাচার্য্য-আগে।। নিকটে দেখিয়া দ্রোণ অর্জ্রনের রথ। আগু বাড়ি নিজে গুরু আসে কত পথ। গুরু দেখি পার্থ অস্ত্র যুড়েন যুগল।। তুই অস্ত্র পড়ে গিয়া তুই পদতল।। আচার্য্য যুগল অস্ত্র এড়িল তখন। তুই ভুজে ধরি পার্থে কৈল আলিঙ্গন।। কর যুড়ি গুরুদেবে বলে ধনঞ্জয়। যুদ্ধসজ্জা কি কারণে দেখি মহাশয়।। কাহার সহিত যুদ্ধ করিবে আপনে। আমারে মারিবে অস্ত্র হেন লয় মনে।। অশ্বত্থামাধিক আমি তোমার পালিত। কোন দোষে তব পায় নহি যে দোষিত।। পাশাকালে কথা তুমি জানহ আপনে। কপটে যতেক ছুঃখ দিল ছুফীগণে।। দ্বাদশ বৎসর বনে বঞ্চিলাম ক্লেশে। অজ্ঞাত বঞ্চিনু এক বর্ষ ক্লীববেশে।। এ কফের হেড় যেই বৈরী ছফাগণ। এত দিনে পাইলাম তার দরশন।। যথোচিত ফল আজি দিব আমি তারে। ছঃথ নিবেদন এই করিলু তোমারে।। ইহাতে আপনি প্রভু না করিবে ক্রোধ। তুমি কোপ করিলৈ না করি উপরোধ।। আজা কর একভিতে লহ নিজ রথ। क्रर्र्याथरन उन्हें शिरत हा डि एन्ट अथ।। হাসিয়া বলিল দ্রোণ এ কোন উচিত। কৌর্বের সেমাগণ আমার রক্ষিত।। মম অগ্রে কৌরবেরে করিবে ঘাতন। কিমতে দাঁড়ায়ে আমি করিব দর্শন।। পাৰ্থ বলে পাছে দোষ না দিও আমায়। ভোমার শিক্ষিত বিদ্যা দেখাব ভোমায়। এত শুনি গুরু ক্রোধে হয়ে হুতাশন। আহর্ণ পুরিয়া এড়ে দিব্য অস্ত্রগণ।। তিন শত অস্ত্র মারে অর্জুন উপর। কাটিয়া অৰ্জন বীর ফেলিলেন শর।।

বাৰ ব্যর্থ দেখি গুরু ক্রোমে গুরুতর। অর্জুনে মারিল পুনঃ সহস্র তোমর।। অক্সকার করি যায় গগনমগুলে। শরদের কালে যেন হংসপংক্তি চলে।। **षिता अञ्च धनक्षत्र शृतित्रा मन्तान।** কাটিয়া কেলেন যত আচার্য্যের বাণ ।। পুনঃ দিব্য অস্ত্র গুরু মন্ত্রে অভিবেকি। সম্বর সম্বর বলে অর্জ্জুনেরে ডাকি।। আকংশে উঠিল অস্ত্র যেন দিবাকর। মুখ হতে রৃষ্টি হয় মুবল মুদার ।। পরশু তোমর জাঠি নাহি লেখা জোখা। ठ्यु फिरक भर ए एवन ख्लख छेलका।। অস্ত্র এড়ি ডোণাচার্য্য ব্যথিত হৃদয়। ডাকিয়া বলিল সম্বত্ত ধনঞ্জয়।। দেখিয়া অৰ্জ্জন বাণ এড়েন গান্ধৰ্ক। নিমেফেকে নিবারেন গুরু-অস্ত্র সর্ব্ব।। দোঁহে দিব্য শিক্ষা বাণ না করে বিশ্রাম। গুরু শিঘ্যে এই মত হইল সংগ্রাম।। ক্রোধে গুরু পঞ্চ বাণ মারে কপিধ্বজে। বাণাঘাতে কপিধ্বজ অধিক গরজে।। পুনঃ দিব্য বাণ পূরে গুরুদেব দ্রোণ। গগন ছাইয়া কৈল অস্ত্র বরিষণ।। ना দেখি বানরধ্বজ সার্থি অর্জুন। মেঘে যেন আচ্ছাদিল না দেখি অরুণ।। দ্রোণের বিক্রমে উল্লাসিত ছুর্য্যোধন। নিমেবেকে অস্ত্র তার কাটেন অর্জ্জ্বন।। তবে পার্থ দিব্য অস্ত্র করিয়া সন্ধান। আচার্য্যেরে মারিলেন সহত্রেক বাণ।। সহস্র সহস্র বাণ আচার্য্য মারিল। তুই অন্ত্রে গগনেতে মহাশব্দ হ'ল।। ঢাকিল সুর্য্যের তেজঃ ছাইল আকাশ। অন্ধকার হ'ল সূর্য্য রুধিল বাতাস।। অস্ত্র অস্ত্র ঘরিষণে হ'ল উল্কা-রৃষ্টি। অমর ভুক্ত নর চাহে এক দৃষ্টি।। আকাশে প্রশংসা করে যত দেবগণ। সাধু দ্রোণাচার্য্য ভরত্বাজের নন্দন।।

যাহার শিক্ষিত বিদ্যা অন্তুত দর্শন।

যার শিষ্য ধনপ্তায় জয়ী ত্রিভুবন।।
তবে পার্থ ইন্দ্র-অন্তর যোড়েন গাণ্ডীবে।
সহস্র সহস্র বাণ যাহাতে প্রসবে।।
মন্ত্রে অভিষেকি বাণ মারেন তথন।
চক্ষুর নিমেষে সব ছাইল গগন।।
যেন মহাদাবাগ্নিতে বেড়িল পর্বত।
অন্ত্র-অগ্নি আচ্ছাদিল নাহি দেখি পথ।।
অগ্নিতে বেড়িল দ্রোণে নাহি দেখি আর
যতেক কৌরব বল করে হাহাকার।।
সাধু ধনপ্তায় বলি ভাকে দেবগণ।
স্থগন্ধি কুসুম কত করে বরিষণ।।
বাপের সস্কট দেখি অশ্বত্থামা বেগে।
জনকে করিয়া পাছে হ'ল পার্থ-আগে।।

## অখ্থামার যুদ্ধ।

যেই বেগে হ'ল আগে দ্রোণের তনয়। ध्तक कां हि कि लिएन वीत धनक्षत्र।। অশ্বত্থামা আগে পড়ে কাটা রথচূড়া। ন। করিতে রণ আংগে রথ হ'ল মুড়া।। লজ্জিত হইয়া ক্রোধে দ্রোণের নন্দন। তার্জ্ন উপরে করে বাণ বরিষণ।। প্রলয়ের মেঘ যেন মুষলের ধারে। সেই মত অস্ত্রবৃষ্টি করে পার্থোপরে।। দিবানিশি নাহি জ্ঞান অস্ত্রে আচ্ছাদিল। থাকুক অন্যের কাজ প্রন রুধিল।। অশ্বর্থামা অর্জুনের যুদ্ধ অনুপম। যেন ইন্দ্র রূত্রাস্কুর রাবণ জ্রীরাম।। পূর্কে যথা যুদ্ধ হ'ল দেবতা অসুর। দোঁহার ধমুক খোষে কম্পে তিন পুর।। बाँदिक बाँदिक अञ्जदृष्टि नाहि लिथा (कार्था। অস্ত্র বিনা রণমধ্যে অন্য নাহি দেখা।। छ हे हु भक् छट्ठे कर्त मारत डालि। (मैं। इ। अञ्च (मैं। रह काट्ये (में। रह महावनी। বিচিত্র চালায় রথ উত্তর সার্থি। চক্রবৎ ভ্রমে যেন বায়ুসম গভি।।

অর্জুনের ছিত্র ডৌণী চিন্তিয়া অন্তরে। গাণ্ডীব ধনুক চাহে কাটিধার তরে।। অচ্চেদ্য অভেদ্য ধনু দেবের নির্মাণ। কি করিতে পারে তাহা মানুষ-পরাণ।। মহাকোধে অশ্বত্থামা হইয়া ক্রোধিত। সপ্তচত্বারিংশ শর মারিল ত্বরিত।। ধনুকে বিংশতি ধনুগুণে সপ্ত শর। কপিধ্বজে দশ দশ উত্তর উপর।। ক্রোধে ধনপ্তায় করিলেন শরহৃষ্টি। প্রলয়ের কালে যেন সংহারিতে স্থান্তী।। কভু দক্ষ হস্তে বিন্ধে কভু বিন্ধে বাংম। এই মত শরর্ষ্টি করিলেন ক্রমে।। অক্ষয় পার্থের ভূণ পূর্ণ অস্ত্রময়। যত বিন্ধে তত হয় নাহি তার ক্ষয়।। সেই মত দ্রোণপুত্র অস্ত্রহৃষ্টি কৈল। দোঁহাকার শরজালে পৃথিবী ঢাকিল।। সহস্র সহস্র অস্ত্র মারে পুনঃপুনঃ। দ্রৌণীর হইল ক্রমে শরশূন্য তুণ।।

কর্ণের পুনঃ যুদ্ধ ও পলায়ন। রণমধ্যে অশ্বত্থামা নিরস্ত্র হইল। দেখিয়া সুর্য্যের পুত্র ক্রোধেতে ধাইল।। বিজয় নামেতে ধনু ভৃগুপতি-দক্ত। আকর্ণ পুরিয়া ধায় যেন গজ মন্ত।। হাসিয়া অর্জুন বীর ছাড়িয়া দ্রৌণীরে। সমা থে দেখিয়া কর্ণে কহিছেন ভারে।। ক্রোধে কন ধনঞ্জয় চক্ষু রক্তবর্ণ। হে রাধেয় মূঢ়মতি সূতপুজ্ঞ কর্।। সতত কহিস করি মহা অহল্পার। পৃথিবীতে বীর নাহি সমান আমার।। তাহার প্রীক্ষা আজি করিব এক্ষণে। সাক্ষাতে দেখুক আজি কুরুবীরগণে।। সভামধ্যে বসি যত কৈলে অহন্ধার। ক্ত হয়ে প্রাণে তাহা সহিবে কাহার।। দ্রৌপদীর অপমান যতেক করিলি। না জানিস সেই সব পাসরিল বলি।।

ধর্মপাশে বন্দী আছিলাম সেই কালে। সকল সহিন্দু কথ্ট যতেক করিলে।। অগ্নিসম অঙ্গমাঝে দহিছে সে ক্লেশ। অর্ণ্যের মহাক্ষ্ট অজ্ঞাত বিশেষ।। আজি তোরে দিব আমি সমুচিত ফল। সাক্ষাতে দেখুক আজি কৌরব সকল।। এত শুনি কহে তবে কর্ণ মহাবীর। নাহিক সন্ত্রম কিছু নির্ভয় শরীর।। যে কহিলে ধনপ্তায় কর শীঘ্রগতি। যত পরাক্রম তোর যতেক শক্তি॥ পাশাকালে দ্রৌপদীর যত অপমান। মনে মনে আজি তাহা অন্তরেই জান।। দ্রোণ-স্থানে ইন্দ্র-স্থানে যে অস্ত্র পাইলি যে পার করহ শীঘ্র এই তোরে বলি।। इन्द्र आपि मरक कति यपि आमिम तर्। বাহুড়িয়া যাবি হেন না করিহ মনে।। এত শুনি হাসি হাসি বলে ধনঞ্জয়। লক্তা যার থাকে সে কি হেন কথা কয়। এই ক্ষণে পূর্ণ নাহি হইতে প্রহর। বিদ্যমানে কাটিলাম তোর সহোদর ।। **७क्र मिशा প**लाईलि लहेशा की वन। কোন মুখে কহ পুনঃ এ দর্পবচন।। যাহা কহ নহ শক্য করিতে সে কাজ। সভামধ্যে কহিতে না বাস তুমি লাজ।। এত বলি ধনঞ্জয় যুড়িলেন বাণ। কর্ণোপরি মারিলেন বজের সমান।। অন্ত্রে অন্তর নিবারিল কর্ণ মহাবল। কুলেতে নির্ত্ত যেন হয় সিম্মুজল।। তবে দিব্য পঞ্চ বাণ মারিল অর্জ্জ্ন। ফেলিল কর্ণের কাটি ধনুকের গুণ।। স্থার গুণ চড়াইল সংগ্রামে নিপুণ। সে গুণ কাটিয়া তবে ফেলেন অৰ্জ্জ্ন।। গুণ চড়াইতে কাটিলেন ধনঞ্জয়। ধনু ছাড়ি শক্তি নিল সুর্যোর তনয়।। এড়িলেক শক্তিগোটা সুর্য্য সম জলে। महानक कति आदम भगनमखला।

অর্চচন্দ্র দিয়া পার্থ করি খণ্ড খণ্ড। ছুই বাবে কাটিলেন সার্থির মুও।। কাটিলেন মন্ত হস্তিধ্বজ শোভাকার। দেখিয়া কৌরব সৈন্য করে হাহাকার।। কর্ণের সহায় ছিল বহু রথিগণ। অর্নে বেড়িয়া করে বাণ বরিষ্ণ।। কাটিয়া সকল বাণ পার্থ মহাবল। মুহূর্ত্তেকে মারিলেন সহায় সকল।। দিব্য বাণ এড়িলেন পার্থ মহাচপ্ত। কর্ণের কবচ কাটি করে খণ্ড খণ্ড।। আঘাতে ব্যথিত হয়ে তবে অঙ্গনাথ। চিন্মিয়া দেখিল আর অস্ত্র নাহি সাথ।। বিশেষে অৰ্জ্জ্ন-বাণে শরীর পীড়িল। রণ ত্যজি কর্ণ বীর পৃষ্ঠ ভঙ্গ দিল।। কর্ণ যদি ভঙ্গ দিল সংগ্রাম-ভিতর। ভঙ্গ দিয়া পলাইল যত কুরুবর ॥ পলায় ছুৰ্মুখ বিবিংশতি মহাবল। চিত্রদেন বেগে ধায় শকুনি সৌবল।। শকুনি পলায়ে যায় অর্জুনের আগে। দেখিয়া অর্জ্জন রথ চালালেন বেগে।। শকুনিরে আগুলিয়া রহাইল রথ। ফাঁফর সৌবল পলাইতে নাহি পথ।। मूरथरं উড़िल धुना नाहि मरत कथा। অর্জ্বনে দেখিয়া তুষ্ট হেঁট করে মাথা।। অৰ্জ্জুন বলেন কোথা পলাহ মাতুল। আমার যতেক কষ্ট তুমি ভার মূল।। তোমারে মারিলে হয় ছঃখ বিমোচন। কপট পাশার হও তুমিই কারণ।। তোমায় আমায় আজি খেলাইব পাশা। নিঃশব্দ হইলে কেন নাহি কহ ভাষা।। ধনুক করিব পাশা অস্ত্রগণ অক। মস্তক করিব সারি যত তোর পক্ষ।। তুমি সে কৌরবকুলে ছুষ্ট-বুদ্ধিদাতা। সব দ্বন্দ্ব যুচে যদি কাটি তোর মাথা।। চিন্তিয়া শকুনি কছে করিয়া উপায়। যতেক কহিলে তাত তোরে না যুয়ায়।। তোমার শক্তি আমা না পার মারিতে। জামার প্রতিজ্ঞা সহদেবের সহিতে।। অবধ্য তোমার শত্রু জানহ আপনে। অঙ্গে ঘাত করিতে না পার কদাচনে।। আমার প্রতিজ্ঞা তুমি জান ভালমতে। অস্ত্রাঘীতে পারি ক্ষিতি দহন করিতে।। জামার সাক্ষাতে যুদ্ধে রবে কোন জন। প্রাণ লয়ে শীঘ্রগতি পলাহ অর্জ্জুন।। এত বলি দিবা অস্ত্র ধনঞ্জয়ে মারে। নানা অস্ত্র রৃষ্টি করে অর্জ্জুন উপরে।। শুনিয়া পার্থের হৃদে হইল স্মরণ। প্রতিজ্ঞা করেছে পূর্ব্বে মাদ্রীর নন্দন।। চিন্তিয়া অৰ্জ্জন অন্ত্ৰ মারে বেড়াপাক। রথ ফিরে শকুনির কুমারের চাক।। ভ্রমাইয়া লয়ে গেল রজকের গৃহে। খরপুর্টে চাপাইয়া বান্ধিলেক তাহে।। অদ্ভত দেখে যে দুরে কুরুবীরগণ। চক্রাকার ভ্রমি ঘূরে সুবলনন্দন।। বিপাক দেখিয়া শকুনির লোকে হাদে। আর যত কুরুদৈন্য পলায় তরাদে।। উর্দ্ধাস হীনবাস ধায় সব বীর। ভীষ্মের চরণে গিয়ে রাখয়ে শরীর।।

ভীষেব গৃদ্ধ ও পলাষন।
উত্তরে চাহিয়া বলিলেন ধনপ্তায়।
এথা হতে লছ রথ বিরাটতনয়।।
ভয়েতে আরত হয়ে সকলে পলায়।
ভয়ার্ত্ত জনেরে মারিবারে না যুয়ায়।।
কুল্রজীবী হীনবলে মারি কোন কর্ম।
বিশেষে ভয়ার্ত্ত জনে মারিলে অধর্ম।
যথায় শান্তমুপুজ্র ভীম্ম পিতামহ।
শীঘ্র তাঁর সমিধানে মম রথ লহ।।
তাঁহার রক্ষিত সব কৌরবৈর সেনা।
তাঁহারে জিনিলে তবে জিনি সর্বজনা
উত্তর বলিল মোর শক্তি নাহি আর।
কিমতে রথের ক্ষম্ম চালাব তোমার।।

হের দেখ অঞ্চ মোর হইল বিবর্ণ। শব্দেতে বধির দেখ হ'ল মম কণ ॥ কুম্ভকারচক্র প্রায় ভ্রমে মোর মনে। **पिरानिमिं नाहि कान ना एमथि नग्रत्न।।** তোমার গর্জন জার মহা হুছুক্ষার। বিপরীত শব্দ তব ধনুক-টক্ষার।। শরীরের রক্ত মোর হ'ল জলৰৎ। দিগগণ ভ্ৰমিছে যেন নাহি দেখি পথ।। বিশেষে ভোমার কর্ম অন্তত কাহিনী। দেখিবার থাক কভু কর্ণে নাহি শুনি।। কখন আদান কর কখন সন্ধান। লক্ষিতে না পারি তুমি কারে ছাড় বাণ।। অনুক্ষণ দেখি ধনু মণ্ডল আকার। শত হস্ত হয় চিন্তে লাগয়ে আমার।। পূর্কের সে ৰূপ তব নাহিক এখন। ভয়ঙ্কর মূর্ত্তি দেখি ভীত হয় মন।। শীস্ত্র কর মহাবীর ইহার উপায়। কহিতু নিশ্চয় মোর প্রাণ বাহিরায়।। পার্থ বলে কি কহিছ বিরাটকুমার। ক্ষজ্ঞিয়-লক্ষণ কিছু না দেখি তোমার।। সমূহ শত্রুর মাঝে কহিস্ এমত। কি উপায় আছে ইথে কে চালাবে রথ। স্থির হও ত্যঙ্গ ভয় ধর অশ্বদড়ি। চাপিয়া বৈসহ লহ প্রবোধের বাড়ি।। এখনি কেমনে চাহ তাজিবারে রণ। ক্ষণেক থাকিয়া দেখ বিরাটনন্দন।। আজি সব বিনাশিব কৌরবের সেনা। দেখুক আমার তেজ আজি সর্বজনা।। শিতিমধ্যে দেখাইব রক্তের কর্দম। বহাইব নদী সবে দেখাইব যম।। রুধির করিব নীর কুম্ভীর কুঞ্জর। কচ্ছপ হইবে অশ্ব মীন হবে নর।। হস্ত পদ হবে সব তৃণ-কার্যবৎ। হংসবৎ ভাসি যাবে যত সব রথ।। কি যুদ্ধ দেখিয়া তোর শুদ্ধ হ'ল নাগ। রাজপুত্র তোর হেন কর্ম কি যুয়ায়।।

কালানল প্রায় এই দেখ ভীম বীর । কুরুদৈন্য মীন যেন সাগর গম্ভীর।। শীঘ্রথ লহ মম তাঁহার সম্মুখে। আমার হল্ডের বেগ দেখাব তাঁহাকে।। পূর্কে আমি সুরপুরে এই ধকু ধরি। নিত্বণীক স্বৰ্গ করিলাম দৈত্য মারি।। নিবাতকবচ পুলোমাদি কালকেয়। সিন্ধুপুর হেমপুরবাসী অপ্রমেয়।। ইন্দ্রকা পরাক্রম সবে মহাবলা। বাবে উড়াইন্যু যেন শিমুলের তুলা।। সেই মত আমি আজি করিব সমর। ক্ষত্র পরাক্রমে বৈস রথের উপর ।। এত বলি তার অঙ্গে হাত বুলাইয়া। উত্তরে করেন শক্ত আশ্বাস করিয়া।। উত্তর বসিল পুনরপি সিংহবত। ধরিয়া ঘোড়ার দড়ি চালাইল রথ।। বায়ুবেগে নিল রথ ভীষ্মের গোচর। পার্থ দেখি আগু হ'ল ভীম্ম বীরবর।। পিতামহপদ ধৌত বিচারিয়া মনে। বরুণ যুগল অস্ত্র মারেন চরণে।। দেখি তুই অস্ত্র ভীষ্ম মারিল তথন। অর্জুনের শিরে গিয়া করিল চুম্বন।। বুক্ষক আছিল ভীয়া রুখে চারি জন। ত্তঃনহ ছুৰ্যুথ বি'বিংশতি তুঃশাসন।। আগু হয়ে পথে আদি আগুলিল রথ। জনস্ত আগ্রেণে যেন পতকের বত।। আকর্ণ পুরিয়া বাণ মারে তুঃশাসন। অর্জুন উপরে করে বাণ বরিষণ।। .হাসিয়া মারেন পার্থ তারে পঞ্চ শর। বাণাঘাতে তুঃশাসন হইল ফাঁফর।। বৈগে পলাইয়া যায় নাহি চায় পাছে। আর তিন বীর গিয়া বেড়িলেক পাছে। ছ-বাবে ছুর্মারে পার্থ করে অচেতন। (मिश **अक मि**शो यांश आंत छूटे जन।। **७क फिल हाति वीत (मिथ्या, मःश्राम।** আগু হয়ে পার্থ ভীয়ে করেন প্রণাম।।

পার্থ বলিলেন দেব ভার আপনার। কি হেতু এ মৎস্তদেশে গমন তোমার।। বিরাটের গবী নিতে আদিয়াছ প্রায়। এমত কুকৰ্ম নাহি তোমা শোভা পায়॥ পরগবী নিলে দেব যত হয় পাপ। আপনি জানহ ডুমি অঙ্গে ভুঞ্জে-তাপ।। তথাপিহ লোভ নাহি পার সম্বরিতে। সলৈন্যেতে আসিয়াছ প্রগ্রী নিতে।। ভীষা বলে নাহি আসি গবীর কারণ। তুমি আছ এই স্থানে শুনিকু বচন।। বহু দিন নাহি দেখি ব্যাকুলিত চিন্ত। তুর্ব্যোধন সহ আসিলাম এ নিমিত্ত।। ক্ষজ্রি-নিয়ম আছে বেদের বচন। বাহুবলে শাসিবেক প্ররাজ্য ধন।। আমার এ ধন রাজ্যে কোন প্রয়োজন। যতেক করি যে তোমা সবার কারণ।। পার্থ বলে পিতামহ তোমার প্রসাদে। বঞ্চিলাম ত্রয়োদশ বর্ষ অপ্রমাদে।। তোমার প্রসাদে আমা ভাই পঞ্চলনে। বহু বহু কফৌ রক্ষা পাইলাম বনে ॥ তুমি সে গুরুর গুরু হও মহাগুরু। কুরুৰংশকর্ত্ত। তুমি যেন কম্পতরু।। এমত সময়ে ভুমি হইলে সদয়। তোমার প্রসাদে করি কুরুদৈন্য জয়।। পাশাকালে তুঃথ পাই জানহ আপনে। তাহার উচিত ফল দিব ছুষ্টগণে।। আজা কর একভিতে নিতে নিজ রথ। তুর্ব্যোধনে ভেটি গিয়া ছাড়ি দেহ পথ।। ভীষ্ম বলে আমি রক্ষা করি চুর্য্যোধন। মোরে না জিনিলে কোথা পাবে দরশন। অৰ্জ্জন বলেন ভবে বিলম্বে কি কাজ। শীঘ্র কর উপায় রাখিতে কুরুরাজ।। এত শুনি মহাক্রন্ধ হয়ে কুরুবর। অফ বাণ প্রহারিল অর্জ্জন উপর।। অউগোটা সর্প সম সেই অফ শর। মহা শব্দে চলি যায় অৰ্জুন উপর।।

দিব্য ভল্ল দিয়া কাটিলেম ধনঞ্জয়। পুনঃ দিব্য অস্ত্র মারে গঙ্গার ভনয়।। মহা শব্দে আদে বাণ ভাক্ষর সমান। অর্নপথে ধনপ্তয় করে থান থান।। তুই জনে যুদ্ধ হ'ল অতি ভয়ন্ধর। নানা বহর্ণ এড়িলেন চোক চোক শর।। (मारक (मार्काकात बारन करतेन बातन। অনিমিষ দোঁহাকার নয়নে নয়ন।। অনলে ৰাক্তৰ মাত্রে বায়ব্যে বারুণি। আকাশে বায়ব্য মারে শীতেতে আগুণি।। পন্নগে পন্নগাশন বায়তে পৰ্কত। পুনঃপুনঃ দোঁহে অস্ত্র ছাড়ে এইমত।। দোঁহাকার শরজালে ত্রৈলোক্য কম্পিত চট চট শব্দ যেন হ'ল অপ্রমিত।। দোঁহাকার বাবে দোঁহে ব্যথিত-ছদয়। দোহাকার অঙ্গে ঘন প্রমজল বয়।। সাধু পার্থ সাধু ভীল্ম গঙ্গার নন্দন। माधु माधु धनावान (मश् (मवर्गन्।। ইন্দ্র অস্ত্র দিয়া তবে ইন্দ্রের নন্দন। ভীষ্মের হাতের ধনু করেন ছেদন।। আর ধনু ধরি ভীন্ম বরিষয়ে বাণ। সেই ধনু কাটিলেন করিয়া সন্ধান।। দিব্য অস্ত্রে কাটিলেন কবচ তাঁহার। তীক্ষ অস্ত্র দশ দিয়া করেন প্রহার।। বাণাঘাতে অচেতন গঙ্গার তনয়। দেখিয়া বিস্ময় মানি চাহে কুরুচয়।। মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।। ত্র্যোধনের সহিত অর্জুনের যুদ্ধ ও

কুরুদৈন্যের মোহ।
তাতেন দেখি রথ ফিরায় সারথি।
ভীম্ম-ভঙ্গ দেখি কোথে ধায় কুরুপতি।।
গজেন্দ্রে চড়িয়া যেন ইন্দ্র দেবরাজ।
চতুর্দিকে বেড়ি ধায় ক্ষজিয়-সমাজ।।
উনশত সহোদর বেষ্টিত চৌপাশে।
সবে জন্ত্র-শস্ত্র পার্থ-উপরে বরিষে।।

হাসিয়া অৰ্জুন বীর করিয়া সন্ধান। প্রহার করেন তুর্য্যোধনে দশ ঝণ।। কাটিয়া পাড়েন তার ভয়ক্ষর ধনু। কবচ কাটেন তুই ছয় বাণে তন্তু।। প্রহার করেন ভল্ল গজেন্দ্র-মস্তকে। ব্জাঘাতে যেন গিরিশৃঙ্গশত মথে।। পৃথিবীতে দম্ভ দিয়া পড়িল বারণ। লাফ দিয়া ভূমিতলে পড়ে দুর্য্যোধন।। জুর্ব্যোধন-ভঙ্গ দেখি যত সহোদর। পাছু নাহি চাহে সবে পলায় সত্তর।। পাছু থাকি ডাকে ঘন পার্থ ইন্দ্রসূত গ কি কর্ম করিস লোকে শুনিতে অন্তুত।। সসৈন্যে পলাস্সঙ্গে শত সংহাদর। বলাহ ধরণীমাঝে তুমি দশুধর।। যুধিষ্ঠির নুপতির আজাকারী আমি। মোরে দেখি পলাইস হয়ে ক্ষিতিস্বামী।। সদৈন্যে প্রায়ে যাস শুগালের প্রায়। এই মুখে রাজ্য ভোগ ইচ্ছ হস্তিনায়।। এতেক সহায় তোর গেল কোথাকারে। মারিলে এখন আমি কে রাখিতে পারে।। শক্র নিজ-বশ হলে কে ছাড়ে মারিতে। যদি মারি কোথা পথ পাবি পলাইতে॥ ছাড়িলাম যাহ লয়ে নির্লজ্জ জীবন। ব্যর্থ নাম ধর তুমি মানী চুর্য্যোধন।। পলাইলি মম ভয়ে শৃগালের প্রায়। এই মুখে গবী নিতে আসিলি ছেথায়।। প্লায়িত জনে আমি না মারি কখন। ভীমসেন হলে তোর নাশিত জীবন।। অর্জুনের এইরূপ কটুবাক্য শুনি। ক্রোধে নেউটিল ছুর্য্যোধন মহামানী।। লাঙ্গুলে মারিলে যথা নেউটে ভুজঙ্গ। অঙ্কুশ কৰ্ষণে যথা নেউটে মাতঙ্গ ॥ নেউটিল ছুর্য্যোধ্ন দেখি বীরগণ। ठ्य क्रिक (धर्म श्रुनः आरम मर्ककन ।। ভীয় দ্রোণ কুপ অপ্রত্থামা শাল্প কর্ণ। ছঃশাসন মহাবল ছঃসহ বিকর্ণ।।

সহস্র সহস্র রথী বেভিল অর্জনে। **ठ** क्रिंत्क नामा खद्ध बर्र्स करन करन ॥ মুষল মুদার জাঠী শূল ভিন্দিপাল। আকাশ ছাইয়া সবে করে শর্জাল।। হাসিয়া অৰ্জ্বন এডিলেন দিব্য বাণ। সবাকার রথধ্বজ হ'ল খান খান।। গজেন্দ্রমণ্ডলে যেন বিহরে কেশরী। দানবগণের মধ্যে যেন বজ্ঞধারী।। সিন্ধুজলমধ্যে যেন পর্বত মন্দর। কুরুবল মথে পার্থ হয়ে একেশ্বর।। কথন দক্ষিণ হস্তে কভু বাম করে। -ভৈরব মূরতি দেখি সংগ্রাম **ভির্তরে**।। গাণ্ডীবের মূর্ত্তি অস্ত্র বিনা নাহি দেখি। লক্ষ লক্ষ অস্ত্র মারে দিনকর ঢাকি।। পড়িল অনেক সৈন্য হয় রথ গজ। পৃথিবী আচ্ছাদি পড়ে ছত্র রথধ্বজ।। তথাপিহ কুরুগণ যুদ্ধ না ছাড়িল। লক্ষপুর করি একা অর্জ্জনে বেড়িল।। অর্জ্রনের মনে এই চিন্তা উপজিল। জীয়ন্তে কৌরবগণ যুদ্ধ না ছাড়িল।। পরকার্য্যে জ্ঞাতিবধ করিলে বহুত। না জানি কি কহিবেন শুনি ধর্মসুত।। ছাড়ি গেলে কৌরব কহিবে পলাইল। কি উপায় করি ইহা বিষম হইল।। তবে ইন্দুদত্ত অস্ত্র হইল স্মরণ। সমোহন নাম অস্ত্র মোহে রিপুগণ।। মন্ত্রে অভিষেকি পার্থ মারিলেন বাণ। মোহ গেল কুরুগণ নাহি কার জ্ঞান।। -রথে রথী পড়ে অশ্বে পড়ে আসোয়ার। গজেতে মাক্ত পড়ে নিদ্রিত আকার ।। " সর্কাসেন্য মোহ প্রাপ্ত দেখিয়া অর্জ্বন। উত্তরার বাক্য মনে হইল স্মরণ।। উত্তরে বলেন তবে ইন্ফ্রের নন্দন। তব ভগ্নী মাগিয়াছে পুতলী বসন।। আনহ সবার বস্ত্র মস্তক হইতে। যার যার চিত্র বস্ত্র লয় তব চিতে।।

ভীষ্ জ্রোণ দেঁশহার না দিবে অকে কর। আর সবাকার বস্ত্র আনহ উত্তর ।। ় সবে মুগ হইয়াছে নাহি তব ভয়। যথাসুথে আৰু গিয়া যাহা মনে লয়।। পার্থের বচন শুনি উত্তর নামিল। ভাল ভাল পাগ বীর বাছিয়া লইল ॥ ত্র্যোধন কর্ণ ছঃশাসন আদি করি। মুকুট করিয়া দূর কেশ মুক্ত করি।। র্থিগণে বসাইল গজের উপরে। রথের উপরে বসাইল আনেগয়ারে ॥ এমত উত্তর করি বহু বহু জন। পুনরপি উঠে রথে লইয়া বসন।। পার্থের অদ্ভুত কর্ম্ম দেখি দেবগণ। সুগন্ধি কুমুমর্ষ্টি করে সেইক্ষণ।। অপূর্ক হইল শোভা ধরণীমগুলে। কানন বিচিত্র যেন বসস্তের কালে।। পড়িল অনেক সৈন্য লিখনে না যায়। জীয়ন্তে আছিল যেহ সেহ মৃতপ্রায় ॥ ভয়ন্ধর হ'ল ভূমি দেখি লাগে ভয়। রক্ত-মাংসাহারী ধায় সানন্দ হৃদয়।। শুগাল কুকুরগণ করে কোলাহল। গৃধিনী শকুনি কাক ছাইল সকল।। শোণিতে বহিল নদী অভিবেগবভী। হয় রথ পদাতিক ভাসে মত্ত হাতী।। নাচয়ে কবন্ধাণ ধনুঃশর হাতে। যোগিনী পিশাচ ভূত প্রেতগণ সাথে।।

বণভূমে চাম্ভার জাগমন।
আইল চাম্ভা, করে থর থাতা,
গলে দোলে মুডমালা।
লহ লহ জিহ্বা, বিত্যুতের প্রভা,
ঘন বদন করালা।।
বিকট-দশনা, শোণিত-রসনা,
তৈরবী ভৈরব ডাকে।
সঙ্গে শত শিবা, অতিশয় শোভা,
ভূত-প্রেভগণ থাকে।।

সবার কুগুল, মিহির মণ্ডল, দোলয়ে যুগল গণ্ডেল **দমুজদল**নী मटकांध हाइसी, গলে নরমালা মুপ্তে।। যুগা পরোধর, জিনিয়া ভূধর, ে দশ অফ চতুতু জা। অধরে বারুণী, সদা মুক্তবেণী, সর্বদেবে করে পূজা।। সশক্ষিত রুদ্র, উদর সমুদ্র, গন্তীর উচ্চশবদা। পর্বত-কন্দরা, সদৃশ খর্পরা, मनाई जानमञ्जन।।। চিরদিনে ক্ষণ, অতিশয় ভ্ষণ, সংগ্রাম শুনিয়া আইসে। হাসে খল খল, দেখি কুভূহল, কম্পে সুরাসুর ত্রাসে।। সঙ্গে সহচর, ভূচর খেচর, ধেয়ে চতুর্দ্ধিকে বেড়ে। ফেলি নরমুণ্ডে, তুলি ধরে তুণ্ডে, रयमन रकन्तूश পर् ।। রণভূমিমধ্যে, করতালি বাছ্যে, নাচয়ে বিহ্বলমতি। ব্যান্তচর্মাম্বর, কটিতে সুন্দর, চরণে বিদরে ক্ষিতি।। আথালী পাথালী, ঘোর রণস্থলী, পড়িল তুরক্স সেনা। খরতর স্রোতে, নদী বহে রক্তে, পৰ্বত সদৃশ ফেণা।। তুরক্ষম সব, সদৃশ কচ্ছপ, কুম্ভীর মকর গজ। রথ সহ রথী, যেন যূথপতি, ভাসি যায় রথধ্বজ।। পুষ্প হ'ল বস্ত্র, ছত্র হ'ল পত্র, ভুজ কমলের দশু। তৃণ কাৰ্চ আদি, मपृभं जनिधि, जारम कत्रशम श्रेष्ठ ।।"

कांगिभन कर, हिन्न करनवत्र, শত শত ছত্র দও।. मोधन कुछन, শ্রবণে কুণ্ডল, ভাসি যায় নরমুও।। প্রলয় গন্তীর, বহিছে রুধির, ক্রীড়য়ে কালীর গণ। কত উঠে ডুবে, ধরি আনি শবে, ज्करत्र (मिल-वन्न H খর্পর ভরিয়া, উদর পূরিয়া, করিল রুধিরপান। অ্ৰুনে কল্যাণ, করি নিজ স্থাম, ্ব কালিকা কৈল প্রয়াণ।। ভারত অমৃত, পীয়ে অনুত্ৰত, শ্ৰুতিযুগে সাধুজন। কাশীদাস মাগে, কালীপদ্যুগে, माभार्थ नक्तनक्त ॥ ত্র্যোধনের মুক্টচ্ছেদন ও কুরু দৈন্যের নানা ভ্রবস্থা। সৈক্ত হতে বাহিরায় তবে পার্থ বীর। মেঘ হতে মুক্ত যেন হলেন মিহির।। চতুদ্দিকে ভঞ্চিয়ান যত সেনাগণ। ভয়েতে কম্পিত সবে শ্বাস ঘনে ঘন।।` কেশ বাস মুক্ত সবে কম্পিত-হাদয়। পার্থে দেখি কুতাঞ্জলি কছে সবিনয়।। আজ্ঞা কর কি করিব কুন্তীর কুমার। পিতৃ পিতামহ সবে দেবক তোমার।। সেবক জনেরে ক্রোধ না হয় বিচার। রক্ষা কর লইলাম শরণ তোমার।। অৰ্কুন কহেন তোরা না করিস্ভয়। यां निक शांत मत्य निश्मक रुन्य ॥ যুদ্ধেতে নির্ত্ত আমি বিনয়ী যে জন। তাহার নাহিক ভয় আমার সদন।। তবে কত দূরে থাকি দেখেন অর্জ্জ্ন। চৈতক্ত পাইল কতক্ষণে কুরুগণ।। এক জন মুখে ভার জন নাহি চায়।

লজ্জায় ঘতেক বীর হ'ল মৃতপ্রায়।।

কার শিরে মাহি পাগ কার শিরে নাল। লাজে মুখ তুলি কেহ নাহি কহে ভাব।। मृदत थांकि धनक्षत्र मादत मन वान। গুরু বৃদ্ধ পদত্তকে করিতে প্রণাম।। অন্ধচন্দ্র বাণ তবে মারেন কিরীটী। তুর্য্যোধনের মুকুট পাড়িলেন কাটি।। ভয়েতে আচ্ছন্ন রাজা চারিদিকে চায়। সবাকার মধ্যে গিয়া আপনি লুকায়।। দ্রোণাচার্য্য বলেন না কর আর ভয়। বড় ক্ষাশীল হয় কুন্তীর তনয়।। তোমারে অর্জ্জুন যদি নিশ্চয় মারিবে। মস্তক থাকিতে কেন মুকুট কাটিবে।। বিশেষে নৃপতি ধর্মা দরা তোরে করে। তাঁর জাজ্ঞা বিনা পার্থ মারিতে না পারে।। সে হেতু ক্ষমিল তোমা করি অনুমান। রুকোদর হলে নিত সবাকার প্রাণ।। চল চল এথা হতে বিলয় না সয়। মনে লয় রুকোদর আসিবে ত্রায়।। হেনকালে বলিতেছে শকুনি-সার্থ। র্থেতে মাতৃল তব নাহি নরপতি।। শুনি কহে ছুর্য্যোধন বিষ্ণুবদন। র্থেতে মাতুল নাহি দেখি কি কারণ।। কেহ বলে তারে ক্রোধ অনেক আছিল। वाक्षिया अर्ज्य वृति मटक लट्य (शल।। কেহ বলে যুদ্ধে কিবা পড়িল শকুনি। কেহ বলে আগু পলাইল হেন জানি।। রাজা বলে মাতৃলেরে খুঁজ কোথা গেল। তাজ্ঞামাত্র চতুর্দিকে সবাই ধাইল।। অনেক ভ্রমিয়া বুলে সবে চতুর্ভিত। রজকের ঘরে দেখে শকুনি ব্যথিত।। শর্গদ্ধভের পৃষ্ঠে বান্ধিয়াছে হাত পায়। ডাক দিয়া কহে মোর প্রাণ বাহিরায়।। মুক্ত করি শকুনিরে নিল সেইক্ষণ। নুপতিরে কছে গিয়া সব বিবরণ।। শকুনির ছুরবস্থা সবামধ্যে দেখি। কেহ হাসে কেই কান্দে কেহ ঠারে সাঁখি

সহসা মূশর্মা রাজা আমি উপনীত। আপনা হইতে দেখে রাজাকে ছঃখিত।। কহিতে লাগিল ভবে করিয়া বিনয়। চল শীঘ্র নরপতি দেরী করা নয়।। বিরাটরাজারে আমি আমিসু বান্ধিয়া। অনেক করিল যুদ্ধ গন্ধর্ক আসিয়া।। नर्करेमण भनारेन भन्नत्कंत्र जारम। একাকী পাইয়া মোরে ধরিলেক কেশে।। বড় ধর্মাশীল রাজ-সভাসদ কল্প। দয়া করি আমারে সে করিল নিঃশক্ষ।। সে গন্ধর্ক যদি রাজা এখানে আসিবে। মুহূর্ত্তেকে সর্কাদৈন্ত নিপাত করিবে।। কোথা তুৰ্য্যোধন আছে কৰ্ণ তুঃশাসন। এই মাত্র শুনি রাজা তাহার বচন।। গজশুগু ধরি তুলি অন্য গজে মারে। ত্রক্ষে তুরঙ্গ রথ রথেতে প্রহারে।। অতি বিপরীত কর্মা দেখি লাগে ভয়। আসিতে পারয়ে হেথা হেন মনে লয়।। বিত্র বলিল যত কিছু অন্য নয়। কীচক মারিয়া কৈল গন্ধর্ক-আলয়।। ভীম্ম বলে সুশর্মা যে কহে সত্য কথা। তিল এক রহিতে না হয় যুক্তি হেথা।। গন্ধর্ক না হয় সেই বীর রুকোদর। আসিলে সেজন ভাল নহে নুপবর।। যে কর্ম করিল আজি বীর ধনঞ্জয়। पश्च क्रिना मातिल मुख्य-इत्पृश्च ।। ভীমদেন সঙ্গে যদি থাকিত ইহার। আজিকার মধ্যে হ'ত সবার সংহার।। নির্দ্দয় নিষ্ঠুর বড় কঠিন-হাদয়। পলাইয়া গেলে গোড়াইয়া প্রাণ লয়।। শরণ লইলে সেই ক্ষণে প্রাণ হরে। চল চল শীঘ্র সেই আসিবারে পারে।। এত বলি যে যাহার চড়িয়া বাহনে। হস্তিনানগরে সবে গেল ছুঃখমনে।। আকাশে অমররন্দ অন্তুত দেখিয়া। নিজ নিজ স্থানে যান পার্থে বাখানিয়া।।

## শমীবৃক্ষতলে অর্জুনের পূর্ববেশ ধারণ।

তবে শমীবৃক্ষতলে গেলেন অৰ্জ্জুন। পূর্ববৎ বান্ধি রাখে সব ধনুগুণ।। তুই করে শঙা দিয়া প্রবণে কুণ্ডল। কিরীট রাখিয়া বেণী করেন কুন্তল।। হনুমন্তধ্বজ গেল আকাশেতে চলি। সার্থি হইয়া পার্থ নিল কড়িয়ালী।। উত্তরের চাহি তবে বলে ধনঞ্জয়। ত্ব সভামধ্যে পঞ্চ পাণ্ডব আছয়।। লোকে যেন নাহি জানে এ সব বচন। পিতার অগ্রেতে এই কহিবে কথন।। বাহুবলে জিনিলাম সব কুরুগণ। ভীয় দ্রোণ রূপ কর্ণ সহ দ্রুর্য্যোধন।। পিতার সম্মান হবে লোকেতে পৌরুষ। রাজ্যে যত লোক তব যুষিবেক যশ।। উত্তর বলিল ইহা কিমতে হইবে। কহিলে কি লোক ইহা প্রত্যয় করিবে।। যে কর্ম করিলে তুমি আজিকার রণে। তোমা বিনা করে হেন নাহি ত্রিভুবনে। আমি করিলাম ইহা কহিব স্বমুখে। পশ্চাতে হইলে ব্যক্ত হাসিবেক লোকে। প্রকার করিয়া আমি কহিব পিতারে। প্রকাশ পর্য্যন্ত কেহ না জানে তোমারে।। তবে পার্থ কহিলেন যাব সন্ধাকালে। জয়বার্তা দেহ এক পাঠায়ে গোপালে।। জয়বার্তা কহে গিয়া পুরের ভিতর। তব হেতৃ আছে সবে চিন্তিত অন্তর ।। উত্তর দূতেরে তবে করেন প্রেরণ। দ্রুতগতি দৃত পুরে চলিল তথন।। মহাভারতের কথা বর্ণিতে কে পারে। যেন ভেলা বান্ধি চাহে সিন্ধু তরিবারে।। শ্রুতমাত্রে কহি আমি রচিয়া পয়ার। সাধুজন চরণেতে বিনয় আমার।। माथु लाक छनकथा मर्कालाटक कग्र। গুণ বিনা অপগুণ সাধু নাহি লয়।।

জভএব করি জাশা মোরে সাধু জনে।
মূর্য জন জানি ক্ষমা দিবে নিজগুণে।।
কাশীরাম দাস কহে সাধুজন পায়।
পাইব পরম পদ যাহার সহায়।।

বিরাটরাজার সগৃহে আগেমন ও ব্ধিটিরের সহিত পাশা ক্রীড়া।

এথায় বিরাট রাজা ত্রিগর্ত্তে জিনিয়া। বাদ্য কোলাহলে দেশে উত্তরিল গিয়া।। অন্তঃপুরে প্রবেশিল বিরাট নুপতি। আগুসরি নিল আসি যতেক যুবতী।। একে একে প্রণমিল যত কন্যাগণ।' উত্তরে না দেখি রাজা বলিছে বচন।। কি কারণে নাহি দেখি কুমার উত্তর। রাণী বলে বার্তা নাহি জান নরবর।। তুমি গেলে ত্রিগর্ত্তের যুদ্ধেতে যথন। উত্তরে কৌরব আসি বেড়িল গোধন।। গোপেরা আসিয়া তবে দিল সমাচার। শুনি যুদ্ধে চলি গেল উত্তর কুমার।। দ্বিতীয় নাহিক রথী সার্থি না ছিল। সার্যথ করিয়া বুহন্নলা পুজ্র গেল।। এত শুনি নরপতি শিরে হানে ঘাত। বিস্ময় মানিয়া ভাবে মুখে দিয়া হাত।। এমত কুর্দ্ধি মম পুজের হইল। कुरूरेमना-मर्द्धा श्रुल अका तर्न (धन ।। ट्य टेमटना जीवा टान कर्न हर्साधन। ইন্দ্র জিনিবারে পারে এক এক জন।। हम रेमनामर्था युक्त कतिरव এकक। তাহাতে সার্থি রহন্নলা নপুংসক।। এহেতু আমার চিত্তে হইতেছে ত্রাস। রহন্ধনা কৈন যাত্রা লোকে উপহাস।। যত যোদ্ধাগণ সব যাহ শীঘগতি। হয় হস্তী রথী মম যতেক সার্থি।। এতক্ষণ জীয়ে কি না জীয়ে নাহি জানি শীঘ্র শুভবার্তা মোরে পাঠাবেক শুনি।। এতেক বচন রাজ্য বলে বার বার। শুনিয়া উত্তর দিল ধর্মের কুমার।।

চিন্তা না করিহ রাজা উন্তরের প্রতি। মহাবৃদ্ধি বৃহন্ধলা আছেযে সার্থি।। हेक्क ज्यापि मधा यपि कतिरव रकौत्रव। রহন্ন। সার্থির নাহি প্রাভব।। এইৰূপে বিরাটেরে কহে ধর্মান্ত। হেনকালে উপ্নীত উত্তরের দূত।। প্রণিময়া নুপবরে বলে যোড় করে। উত্তর কুমার রাজা পাঠাইল মোরে।। কুরু দৈন্য জিনি তিনি গোধন ছাড়াল। রবে ভঙ্গ দিয়া কুরুগণ পলাইল।। আসিছে সার্থি সহ উত্তর কুমার। মোরে পাঠাইয়া দিল জয় সমাচার।। শুনিয়া আনন্দে মোহে বিরাট নুপতি ধর্ম্মপুত্র তবে কহিছেন তাঁর প্রতি।। বড় ভাগ্যে নূপ শুভ রুত্তান্ত শুনিলে। ত্ব পুত্র কুরুদৈন্য জিনিলেক ছেলে।। পূর্কে কহিয়াছি রহন্নলা আছে যথা। কৌরবে জিনিবে ইহা কোন চিত্র কথা।। তবে রাজা আজ্ঞা দিল মন্ত্রীগণ প্রতি। দূতগণে পুরস্কার কর শীঘ্রগতি।। কুলের দীপক মম কুমার উত্তর। কুরুবৈন্য যুদ্ধে আজি জিনে একেশর।। ভার আসিবার পথ কর মনোহর। उँ क भी ह का है मेर क्त मममत।। দিব্য দিব্য গল্প-রুক্ষ ক্লোপছ ছুসারি মঙ্গল ৰাজনা কর নাচুক অপ্ররী।। যতেক কুমার যাহ সুসজ্জ হইয়া। ভাগ্তি বাড়ি উত্তরেরে আন সবে গিয়া।। 'উতরাদি কন্যা যত যাহ শীঘ্রতর। ্রহন্নলা আম গিয়া করিয়া আদর।। এতেক রাজার আজ্ঞা পেয়ে মস্ত্রিগণ। যারে যাহা বলে তাহা করিল তথন।। হৃষ্ট হয়ে বলে রাজা চাহি ধর্মকারী। খেলিব দৈরিদ্ধী শীঘ্র আন পাশা সারি।। ধর্ম বলিলেন রাজা নহে এ সময়। হাষ্টকালে পাশাতে ঘে স্থিবচিত্ত নয়।।

! বিশেষে দেবন ভাল নহৈ অমুক্ষণ সর্ককার্য্য নম্ট হয় পাশার কারণ।। লক্ষীভ্রষ্টারাজ্য নফ্ট শক্ত হয় বলী। নানা মত তুঃথ লোক পায় পাশা পেলি।। শুনিয়াছ তুমি পাগুবের বিবরণ। এই পাশা হেতু হারাইল রাজ্য ধন।। বিরাট কহিল কল্প কহু না বুঝিয়া। কোন শত্ৰু আছে মম বিরোধে আসিয়া।। রাজচক্রবর্তী কুরু-রাজা ছুর্য্যোধন। (इन जरन जिनित्नक आभात नन्मन।। जुरागण्डल এই मक अजातिन। পুথিবীর রাজা শুনি ভয়ে স্তব্ধ হ'ল।। আর কোন জন আছে পৃথিবী ভিতরে। হুইয়া আমার বৈরী যাবে যমঘুরে ।। যুধিষ্ঠির বলে রাজা উত্তম কহিলা। কি ভয় কৌরবে যার যন্তা রহল্পলা। এত শুনি রোষভারে বিরাট নৃপতি। দুই চক্ষু রক্তবর্ণ কহে কম্ব প্রতি।। কুলের তিলক মম কুমার উত্তর। সংগ্রামে জিনিল যেই কুরু নরবব।। একবার ভার ভুই ন। কচিস গুণ। त्रज्ञन। द्वीरव वांशानिम श्रव्यान।। কোন ছার রহল্লা বাথানিস্তারে। তার মত কত জন আছে মম পুরে।। কেবল সহায় মাত্র হইল সংগ্রামে। कान छा धनावान निम नवाधरम।। শ্রবণে গুনিতে যোগ্য যেই কথা নহে। পুনঃপুনঃ কহিছিস কত দেহে সহে।। মম কথা কন্ধ নাহি কর ভালমতে। কিমতে এ ভাষা কহ আমার অগ্রেতে।। কহিতে কহিতে রাজা হ'ল ক্রোধমাত। হাতেতে আছিল পাশা মারে শীঘ্রগতি।। অক্ষ পাটি প্রহারিল রাজার বদনে। ফুটিয়া শোণিত বাহিরার সেইক্ষণে।। অকোধী অজাতশক্র ধর্মের নন্দন। ছুই হাতে নিজ রক্ত ধরেন তখন।।

নিকটে আছিল ক্ষা বুঝি অভিপ্ৰায়। হেমপাত্র শীঘ্র লবে রাজারে যোগায়।। সেই পাত্র করি রাজা ধরেন শোণিতে। না দিলেন তাহা যত্নে ভূমিতে পড়িতে।। হেনকালে দ্বারদেশে উত্তর আগত। দ্বারীরে বলিল নৃপে জানাহ স্বরিত।। উত্তরের জাজ্ঞা পেয়ে দ্বারী শীঘ্রগতি। সর্যোদ্র বার্ত্তা করে মৎস্যরাজ প্রতি।। অবধান নরপতি শুভ সমাচার। রহন্দলা সহ এল উত্তর কুমার।। তব আক্সা হেতু রাজা আছমে প্রয়ারে। আজা হলে ভেটিবেন আসিয়া তোমারে।। বার্ছা পেয়ে নরপতি কহে হর্ষিতে। ্হয়না সহ পূত্রে আনহ ত্রিতে।। িরাটের সাজা পেয়ে চলিল সার্থি। নিকটে ডাকিল তারে ধর্মা নরপতি।। নিঃশব্দে কহেন রাজা সার্থির কাণে। শীঘ গিয়া আন তুমি গ্রাজার নক্ষনে।। বুহুললা এথায় না আন কদাচন। সাবধানে কহিবে না হও বিমারণ।। সার্থি শুনিয়া তবে চলে সেই ক্সণে। कुभारत विलल हल दाक्रमस्पेषर।। রুহয়লা এবে যাক আপনার স্থানে। একেশ্বর চল তুমি রাজসন্তাষণে।। বুহন্নলা যাইবারে কক্ষের বারণ। শুনিয়া করেন-পার্থ স্বস্থানে গমন।। উত্তরে লইয়া দ্বারী গেল সেইক্ষণ। বাপে নমক্ষরি চাহে ধর্মের বদন।। রক্তধারা বহে মুখে দেখিয়া কুমার। সম্ভাবে বাপেরে বলে হয়ে চমৎকার।। কহ তাত কেন দেখি হেন বিপ্রীত। ভূমিতে বসিয়া কম্ব কেন বিধাদিত।।। মুখে রক্তধারা বহিতেছে কি কারণ। কোন হেতু কহ তাত হইল এমন।। মংস্থাজ বলে পূত্র শুনহ কারণ। ভোমার প্রশংসা আমি করি হে যখন।।

ভোমার প্রশংসা কক্ষ করি অবহেলা। श्रन ३ श्री व दिल भ्रम क्रीत त्रहरूला ।। এই হেতৃ চিত্তে ক্রোধ হ'ল মম তাত। অক্পাটী প্রহারিকু হ'ল রক্তপাত।। উত্তর বলিল ভাত কুকর্ম্ম করিলে। সামান্য ত্রাহ্মণ বলি কল্পেরে জানিলে।। একণে ইহারে যদি সাম্য না করিবে। নিশ্চয় জানিহ তাত সৰ্বনাশ হবে।। ইন্দ্র যম বৈরী হলে আছে প্রতীকার। কক্ষ বৈরী হলে রক্ষা নাহিক ভাহার।। শীঘ্র উঠ তাত আগে প্রবোধ কন্ধেরে। যেমত চিত্তেতে ক্রোধ না জন্মে তোমারে।। পুজের বচনে রাজা উঠি শীঘ্রগতি। বিনয় পূর্বাক কহে ধর্মারাজ প্রতি।। অনেক স্তবন রাজা করিল কক্ষেরে। অজ্ঞানের অপ্রাধ ক্ষমহ আমারে।। ধর্ম বলিলেন ব্যস্ত না হও রাজন। ভোমাতে আমার ক্রোধ লাহি কদাচন।। ভামার হইলে ক্রোধ পূর্ব্বেতে হইত। এখনে ভোমাতে ক্রোধনাহি কদাচিত।। পূর্কেতে তোমারে ক্ষমা করেছি রাজন। অক্ষপাটী যেইকালে করিলে ঘাতন।। আমার ললাটে যেই শোণিত বহিল। যতন পূর্ব্বক রক্ত পাত্রে ধরা গেল।। শোণিত যদাপি সেই পড়িত ভূতলে। তবে রাজ্য সহ নাহি থাকিতে কুশলে॥ আমার শোণিতবিন্দু যেই স্থলে পড়ে। সে স্থালের রাজা প্রজা সকলেতে মরে।। উত্তর বলিল ভাত কল্প দয়াবান। কক্ষের ক্ষমাতে হ'ল সবার কল্যাণ।। 🤇 যখন সার্থি মোরে জানিবারে গেল। রহন্নলা আসিবারে কল্প নিষেধিল।। বুহল্লণা আসি যদি শোণিত দেখিত। তবে সে জনক বড় অনর্থ ঘটিত।। মহাভারতের কথা অমৃত-লহরী। যাহার প্রসাদে সংসারবারি তরি॥

বিরাট রাজার নিকট উত্তর গোগ্রহের বুদ্ধ বিবরণে উত্তরের কল্লিভ বচন। তবে মৎস্ত নরপতি চাহিয়া কুমার। জিজ্ঞাসিল কহ তাত যুদ্ধ-সমাচার ।। যে কর্মা করিলে তুমি অন্তুত সংসারে। छ्रिर्घ (प्रहे कूङ्गरेमना जिनित्न प्रमात ॥ তোমার সমান পুত্র নহিল নহিবে। ভোমার মহিমা যশ সংসারে ঘুটিবে।। কহ তাত কিবা ৰূপে জিন কুৰুগণে। কর্ণ মহাবীর বলি বিখ্যাত ভুবনে।। দেব দৈত্য অগ্রে যার যুদ্ধে নহে স্থির। কিমতে জিনিলে হেন কুরু মহাবীর।। দ্রোণ গুরু বলি যিনি প্রতাপে অপার। ক্রোধ কৈলে জিনিবারে পারয়ে সংসার।। কালাগ্নি সমান শিক্ষা ভীষা মহাবীর। তাশশ্বামা কুপাচার্য্য তুর্জন্ম শরীর।। কিমতে করিলে যুদ্ধ তা সবার সহ। প্রত্যাক্ষে সে সব কথা শুনি মোরে কহ।। অদ্তত লাগিছে তোর এই মব কথা। যেই কুরু সৈন্যে আছে মহা মহা রথা।। ব্যাঘ্রমুখ হতে যেন তামিষ্য আদিলে। সেই মত কুরু হতে গোধন ছাড়ালে ॥ ধন্য ধন্য পূজ্র তুমি কুলের দীপক। বড ভাগাবান আমি তোমার জনক।। উত্তর বলিল তাত কর আব্ধান। যখন সমরে আমি করিকু প্রয়াণ।। বহু দৈন্য দেখি চিত্তে লাগে মম ভয়। হেনকালে আদে এক দেবের তনয়।। আপনি হইয়া রথী করিলেক রণ। ় কুরুবল রূপে সেই জিনিল তথন।। অদুত তাঁহার কর্ম নাহি দেখি শুনি। এক মুখে কি কহিব তাঁহার কাহিনী।। াও ভণ্ড করিলেক অপ্রমিত সেনা। যতেক পডিল তাত কে করে গণ্না।। দয়া করি তোমা আমা সঙ্কটেতে তারি। কুৰুদৈন্য ২তে গৰী দিলেক উদ্ধারি ।।

নাহি জিনিয়াছি আমি কুরুলৈন্যগণ। নাহি মুক্ত করি আমি একটা গোধন। শুনিয়া বিরাট কহে কহ পুজ্র মোরে। কি হেতু সে দেবপুত্র রাখিল তোমারে।। কোথায় নিবাস তাঁর গেল কোথাকারে। পুনর্কার দেখা জার পাব নাকি তাঁরে।। উত্তর বলিল তাত আছে এই দেশে। আজি কিয়া কালি কিয়া তৃতীয় দিবসে।। এথায় আসিবে সেই দেবের নন্দন। শুনিয়া বিরাট হন আনন্দিতমন।। অন্তঃপুরে যান পার্থ যথা কন্যাগণ। উত্তরাকে দিল যত আনিল বসন।। যার যে নিবাস স্থানে নিবসিল গিয়া। কাশীদাস কহে ক্লম্ভপদ ধেয়াইয়া।। যতনে ধেয়ায় সাধু যারে নিরবধি। জলধিকুলেতে যেই দয়াময় নিধি।। জলধর-কান্তিমুখ চন্দ্র অথণ্ডিত। অমল কমল চক্ষ্ জার্ণনিক্তি।। মকর কুগুল কর্ণ মস্তকে মুকুট। বান্ধুলি বরণ ওষ্ঠাধর করপুট।। य मूर्य पर्णान जना-जना-পां पर छ। জরাশোকভয় খণ্ডে আব যমদত্তে।। कांगीनांत्र करह क्रुस्क हत्र न-श्रतारा । সদা চিত্ত রহে মোর দ্বিজ-পদর্জে।।

বিবাটেব সিংগাসনে সৃধিষ্ঠিব বাজা হওন, অজ্ঞাত বাস মোচন ও বিবাটেব সহিত পরিচয়।

রজনীতে পাওবেরা মিলিলে ছ'জন।
জিজ্ঞানেন অর্জ্জনেরে ধর্মের নন্দন।।
শুনিলাম বহুদৈন্য যুদ্ধেতে মারিলে।
প্রকার্য্যে কেন এত জ্ঞাতিবধ কৈলে।।
অর্জ্জন বলেন অবধান নরনাথ।
ছুর্যোধন-দোধে সৈন্য হইল নিপাত।।
এতেক ছুর্গতি পেয়ে শান্ত নাহি হয়।
নাহি দিবে রাজ্য রণ করিবে নিশ্চঃ।।

যুধিষ্ঠির কহেন কি প্রকারে জানিলে। ক্রযোড়ে পুরোভাগে রহে ধনঞ্জয়। না দিবে রাজ্য তোমা কোনজন কৈলে। চামর ঢুলায় ছুই মাজীর তনয়।। সভাতে রাজার যত সভাপাল ছিল। পার্থ বলে অস্ত্রমুখে জিজাসিলে দ্রোণে দেখি শীঘ গিয়া মৎস্তরাজারে কহিল।। ना कतिरव मिक्क कानि (जारने वहरन। শুনিয়া বিরাট রাজা ধায় ক্রোধভরে। শুনিয়া ধর্মের পুজ বিষয় বদন। सूर्रार्श्वक मित्रांक मटक म्हांमरत ॥ এ কর্ম করিলে ভাই কিসের কারণ।। শ্বেত শন্থ আনে দোঁতে রাজার নক্ষন। না জানি অৰ্জাত শেষ কত দিনে হয়। উত্তর কুমার শুনি ধায় সেই ক্ষণ।। ইতি মধ্যে কি প্রকারে দিলে পরিচয়।। যত মন্ত্ৰী সেনাপতি পাত্ৰ ভৃত্যগণ। কহ সহদেব শীঘ্ৰ গণিয়া পঞ্জিকা বাৰ্তা শুনি ধেয়ে সবে আসিল তখন।। দ্বাদশ বৎসর শেষ জ্ঞাতের লেগা। পাণ্ডবেরে দেখি সবে বিস্ময়ে মগন। জ্ঞাত বৎসর শেষ কিছু যদি থাকে। পঞ্চ গোটা ইন্দ্র যেন হয়েছে শোভন।। তবে পুনঃ যাব মোরা ঘোর অরণ্যেত।। জ্লদ্যা সম তেজঃ পৃত্তি দেখিয়া। সহদেব বলে প্রভু হইয়াছে শেষ। মুহূর্ত্তেকে রহে রাজা শুস্তিত হইয়া।। চতুর্দ্দশ বৎসরের বিংশতি প্রবেশ।। নিয়ম হইল পূর্ণ পূর্কের লিখিত। উত্তর পড়িল কত দুরে ভূমিতলে। কুতাঞ্চলি প্রণমিয়া স্ততিবাক্য বলে।। তব আক্ৰা লতে আছে হইতে উচিত।। দেখিয়া বিরাট রাজা কুপিত অন্তর। যুধিষ্ঠির মহানন্দে কহে সহদেবে। কঙ্গেরে চাহিয়া বলে কর্কশ উত্তর ॥ শুভ দিন সমুদিত হবে ভাই কবে।। হে কক্ষ কি হেতু তব হেন ব্যবহার। সহদেব কহিলেন করিয়া গণন। কিমতে বসিলে ভূমি আসননে আমার।। আবাঢ় পূর্ণিমা তিথি দিন শুভক্ষণ।। ধर्माक সুবৃদ্ধি বলি বসাই নিকটে। নক্ষত্র উত্রাধাঢ়া ইন্দ্র নামে যোগ। কোন বুদ্ধে বৈদ আজি মোর রাজপাটে। বুহস্পতি বাসরেতে মাস অর্দ্ধ ভোগ।। প্রথমে বলিলে তুমি আমি ত্রন্ধচারী। সহদেববাক্যে ধর্মা হলেন সমত। ভূমিতে শয়ন করি ফলমূলাহারী।। যথাস্থানে যান সবে নিশা অর্দ্ধগত।। কোন দ্ৰব্যে নাহি অন কিছু অভিলাষ। অনস্তরে তার পর তিন দিনাম্বরে। এখন আপন ধর্ম করিলে প্রকাশ।। পুণ্য তীর্থে স্থান করি পঞ্চ সহোদরে।। অনুগ্রহ করি ভোমা করি সভাসদ। দিব্য বস্ত্র অলঙ্কার করেন ভূষণ। এবে ইচ্ছা হ'ল নিতে মম রাজপদ।। মুকুট কুগুল হার অঞ্চদ কন্ধ।। না বুঝি বসিলে তুমি সিংহাসনে মোর। বিরাট রাজার রাজসিংহাসনোপরি। আমার সন্ম বিদ্যমানে নাহি তোর । শুভ লগ্ন বুঝি তবে বসে ধর্মকারী ॥ আর দেখ মহাশ্চর্য্য সব সভাজনে। ভসা হতে দীপ্ত যেন হ'ল হুতাশন। रैमिङ्किनीरत यमाहेल ज्यामात जामरन ।। মেঘ হতৈ মুক্ত যেন হইল তপন।। ইন্দ্রকে বেড়িয়া যেন শোভে দেবগণ। মোরে ভয় নাহি কিছু নাহি লোকলাজ পরস্ত্রী লইয়া বদে রাজসভা মাঝ।। ভাতৃসহ যুধিষ্ঠির শোভেন তেমন।। কহ বৃহন্ধলা কেন অশুঃপুর ছাড়ি। বামভাগে বসিলেন জপদত্তহিতা। एक्टिएट इंट्रेग्नित भरत मुख इंग्डा ।। करकत मद्यारथ मा अहित्य कत (याष्ट्रि।।

হে বল্লব স্থপকার তোমার কি কথা। কার বাক্যে কক্ষোপরে ধর তুমি ছাত।।। অশ্বপাল গোপালের কিবা অভিপ্রায়। এ দোঁহে কক্ষেরে কেন চামর ঢ্লায়।। হে সৈরিন্ধি জানিলাম তোমার চরিত্র। গৃন্ধর্কের ভার্য্যা ভুমি পরম পবিত্র।। এখন কল্কের সহ হেন ব্যবহার। নাহি লজ্জা ভয় কিছু অগ্রেতে আমার।। বাপের বচন শুনি পুজ্র ভীতমন। আঁখি চাপি জনকেরে করে নিবারণ।। কুমারের ইঙ্গিত ন। বুঝিল রাজন। উত্তরে চাহিয়া বলে সক্রোধ বচন।। কহ পুজ্র ভোমার এ কেমন চরিত। মোর পুজ হয়ে কেন এমত অনীত।। কদ্বের অগ্রেতে করিয়াছ যোডহাত। মুখে স্তৃতিবাক্য ঘন ঘন প্রণিপাত।। , সেই দিন হতে তোর বৃদ্ধি হ'ল আন। কুরু হতে যেই দিন গোধনের ত্রাণ।। আমা হতে শত গুণে কল্কেরে ভকতি। নহিলে এ কর্মা করে কক্ষের শকতি।। প্নঃপুনঃ নরপতি কহে কট্তুর। কোপেতে কম্পিতকায় বীর রকোদর।। নিষেধ করেন ধর্ম ইঙ্গিতে ভীমেরে। হাসিয়া অৰ্জুন বীর কহিছেন ধীরে॥ যা বলিলে নরপতি মিথ্যা কিছু নয়। তোমার আসন নাহি এঁর যোগ্য হয়।। যে আসনে ত্রিভুবনে সবে নমক্ষরে। ইন্দ্র যম বরুণাদি শরণাগত ডরে।। ্তাথিল ঈশ্বর যেই দেব জগন্নাথ। ্র্যুমি লুঠি যে চরণে করে প্রণিপাত।। ি সৈ আসনে নিরন্তর বসে যেই জন। কিমতে তাঁহার যোগ্য হয় এ আসন।।

অন্ধক কৌরব রুষ্ণি ভোজ আদি করি।

সপ্তবংশ সহ খাটে সর্বদা জীহরি।।

পৃথিৰীতে যত বৈদে রাজরাজেশ্বর।

ভয়েতে শরণ লয় দিয়া রাজকর।।

যে দ্রব্য যাহার ইচ্ছা পায় সর্বন নরে।। ভীমার্জ্ন পৃষ্ঠভাগ রক্ষিত যাঁহার। ছুই ভিতে রাম ক্লফ মাতৃলকুমার।। পাশাতে যে রাজ্য দিয়া ভাই ছুর্য্যোধনে 🖟 দ্বাদশ বৎসর ভ্রমিলেন ভীর্থবনে।। হেন রাজা যুধিষ্ঠির ধর্ম-অবতার। তোমার আসন্যোগ্য হয় কি ইহঁ ার।। শুনিয়া বিরাট রাজা মানে চমৎকার। সম্ভ,মে অর্জ্জনে কহে বল আরবার।। र्हेनि यनि युधिष्ठित धर्म-अधिकाती। কোথায় ইহাঁর আর সহোদর চারি।। কোথায় জ্বদকন্যা ক্লম্ভা গুণবতী। সত্য কহ রহন্নলা এই ধর্ম যদি।। অর্জুন বলেন হের দেখ নরপতি। তব সূপকার যেই বল্লব খেয়াতি।। যাহার প্রহারে যক্ষ রাক্ষস কল্পিত। ব্যাঘ্র সিংহ মল্ল জাদি তোমার বিদিত।। মারিল কীচক যেই ভোমার শ্রালক। দেখ এই বুকোদর জ্বলন্ত পাৰক।। অশ্বাল গোপানক যেই চুই জন। (महे छूहे खाँहे वहें माखीत मन्मन ॥ এই প্রথপলাশাকী সুচারু-হাসিনী। পাঞ্চালরাজার কন্যা নাম যাজ্ঞসেনী।। যার ক্রোধে শত ভাই কীচক মরিল। সৈরিদ্ধীর বেশে তব গৃহেতে বঞ্চিল।। আমি ধনঞ্জয় ইহা জানহ রাজন। শুনিয়া বিরাট রাজা বিচলিতমন।। উত্তর বলয়ে তবে করিয়া বিনয়। ত্ৰ ভাণা দেখ ভাত কহনে লা মায়।।

দশ কোটি হস্তী যাঁর প্রতিদ্বার রাখে।

অশ্ব রথ পদাতিক কার শক্তি লেখে।।

দানেতে দরিত্র নাহি রহে পৃথিবীতে। নির্ভয় অন্তঃখী প্রজা যাঁর পালনেতে।।

অথক অিক্তী অহা যেত অংগণন।

অমুক্ষণ গৃহে ভু: 😵 যেন প্রভাগণ।।

অফাশী সহস্র দিজ নিত্য ভুঞ্জে ঘরে।

পঞ্চ ভাই আর ক্লফা আজ্ঞাবন্তী তাত। বৎসরেক তব গৃহে বঞ্চিল অজ্ঞাত।। দেখিয়া না দেখ রাজা হইলে অজ্ঞান। याँत पत्रभटन डेक्क ठक्क इग्र भ्रान ॥ মহাবল কীচকেরে হেলায় মারিল। সুশর্মারে ধরি আনি তোমা মুক্ত কৈল।। অপ্রমিত কুরু সৈন্য সাগরের প্রায়। তরিলাম যেই কর্ণধারের সহায়।। ভুজবলে জিনিলেক যত যোদ্ধাগণ। বাজ্যবৃক্ষা কৈল তব রাখিল গোধন।। যাঁর শন্ধানাদে তিন লোক কম্পমান। বধির হয়েছে অত্যাবধি মম কাণ।। মেই ইন্দ্রদেবপুজ এই ধনঞ্জয়। এক রথে যে করিল কুরুদৈন্য জয়।। পূর্কে এই ধর্মরাজ রাজসূয়কালে। বভু দিন কর লয়ে হারে বদ্ধ ছিলে।। महञ्च महञ्च वृष्टि। मदः नदः वदः । ভারিগণ-প্রহারেতে জীর্ণ কলেবর ।। পুর্মের তব পিতৃগণ বহু পুণ্য কৈল। তেঁই হেন নিধি তাত গৃহেতে আসিল।। চরণে শরণ লহ শীঘ্রগতি তাত। এত বলি রাজপুত্র করে প্রনিপাত।। শুনিয়া বিরাট রাজা সজললোচন। मर्काक्र (नामाक्ष इ'न भक्ताप्रवहन ॥ ঊর্ন্ধবাক্ত করি ভবে পড়ে কত দূরে। পুনঃপুনঃ উঠে পড়ে ধুলায় ধুসরে।। সবিনয় বলে রাজা যোড় করি পাণি। বহু অপরাধী আমি ক্ষম নৃপমণি।। রাজ্য দারা ধন মম যত পুত্র আগে। করিলাম সমর্পণ তব পদযুগে।। क्षितिया जनस इर्स धरकात नक्ता। আজ্ঞা করিদেন পার্থে তুলহ রাজম।। कार्क्त भशिया उँगत्त (जारन त्महेकर्व । সাত্মাইল নরপতি মধুর বচনে।। সর্বকাল ধর্মরাজ তোমারে সদয়। ভোষার পরেতে জাসি নইসু জাশ্রয়।।

विशोध कहिल यमि कतिरल श्रमान। ক্ষমা কর আমাদের যত অগ্রাধ।। যুধি জীর বলিলেন কেন হেন কহ। বহু উপকারী ভূমি অপকারী নহ।। বৎসরেক তব গৃহে ছিলাম অজ্ঞাত। গর্ভবাদে যথা স্বাকার রাস খ্যাত।। নিজ গৃহ হতে সুখ তব গৃহে পাই। ভোমার সমান বন্ধু নাহি কোন ঠাই।। বিরাট বলিল যদি হলে রূপাবান। এক নিবেদন মম জাছে তব স্থান।। উত্তরা নামেতে কন্যা আমার আছয়। তাহারে বিবাহ কর বীর ধনঞ্জয় ।। শুনি যুধিষ্ঠির চাহিলেন ধনপ্রয়। অৰ্জুন বলেন কন্যা মম যোগ্য নয়।। শুনিয়া বিরাট রাজা হলেন ব্যথিত। স্বিন্য় অৰ্জ্জনেরে জিজ্ঞাসে জ্রিত।। কহ মহাবীর কিবা আছে মম বাদ। দারা পুত্র দোধী কিবা কন্যা অপরাধ।। অৰ্জ্জুন বলেন রাজা কহ না বুঝিয়া। বৎসরেক পড়াইনু আচার্য্য হইয়া।। দীকা শিকা ভর্দাতা একই সমানে। ন। করিল লজ্জা মোরে আচার্য্যের জ্ঞানে কিন্তু চুষ্ট লোকে আমি বড় ভয় করি। বলিবেক পার্গ ছিল নারীবেশ ধরি।। বৎসরেক নারী সহ ছিল নারীবেশে। শয়ন গমন কিছু না জানি বিশেষে।। এই হেতু মম ভয় বড় হয় মনে। विवाह कतिरल निष्म। छुटछैत वहरम।। তুমিহ পবিত্র তব কন্যা গুণবতী। তব কন্যাযোগ্য অভিমন্ত্য মহামতি।। জন্ত্রে শস্ত্রে সুপণ্ডিত বিক্রমে কেশরী। তব কন্যা তার যোগ্যা উত্তরা স্থাদরী ॥ অভিষম্য যোগ্য পাত্র ইথে নাহি আন মম পুজে নরপতি কর কন্যা দান।। যুধিষ্ঠিরে বলিলেন বিরাটের তরে। হারকানগরে দুত পাঠাহ সহরে।।

## উত্তৰাৰ সহিত অভিমন্তাৰ বিবাহ।

ত্রবে ধর্ম-আজা পেয়ে যায় দূতগণ। -রাজ্যে রাজ্যে যথা যথা বৈসে বকুজন।। প্রাঞ্জবের কথা শুনি যত বন্ধুগণ। ্ৰুত্যাত্রে মৎস্তদেশে করিল গমন।। দ্বিকা হইতে ক্লফ সপ্তবংশ লয়ে রাম ক্ষা ছুই ভাই গরুড়ে চড়িয়ে।। ্প্রায় সাত্যকি শাষু গদ আদি করি। সত্যভাম। রুঝিণী প্রভৃতি যত নারী।। সুভদ্র। সৌভদ্র আর যতেক সার্থি। সহ পরিবার আসিলেন লক্ষ্মীপতি।। আসিল পাঞ্চাল হতে জ্রপদ রাজন। প্রফীত্রায় সহ পঞ্চ ক্রফার নন্দন।। কাশীরাজ আদি আর কেকয় নুপতি। তুই অক্ষোহিণী সেনা দোঁহার সংহতি॥ উপ্রদেব উদ্ধব অক্রে। সর্কারাজা উত্রিল বিরাটের পার।। নানাপ্রতি সুকুতি কৌতৃক নরপতি। বিল্ল উপবিল্ল তথা এল শীঘগতি।। মাতা সহ অভিমন্য অৰ্জুন্নন্দন। চিত্রসেন সার্থি যে আসে সেইকণ।। র্ষিঃ ভোজ উলুকাদি যত সেনাপতি। পুরীমহ জ্রীগোবিন্দ আসিলেন তথি।। মাতুজ সহস্র দশ অশ্ব তিন লক। এক লক্ষ রথে চড়ি আদে সর্ব্ব পক্ষ।। দশ লক্ষ চর আংসে পদাতিকগণ। স্বসং ক্লুষ্ণ আসিলেন বিরাট ভবন।। গোবিন্দেরে দেখি পঞ্চ পাণ্ডব সানন্দ ঐকোর পাইল যেন পূর্ণিমার চন্দ্র।। পাজা দিয়া **আ**লিঙ্গন কুকেঃ না ছাড়েন তৃই ধারা নয়নেতে অশ্রু বরিষেন।। অশ্রুজলে গোবিন্দের ভাসে পীতবাস। মুখেতে, না ক্ষুৱে লাক্য গদগদ ভাষ।।

প্রণমিয়া জ্রীগোবিন্দ বলে মৃত্ভাষা। একে একে পঞ্চ ভাই করেন সম্ভাষা।। সবারে করেন পূজা রাজা মহাশয়। প্রত্যক্ষে সবারে দেন উত্তম উত্তম ।। উৎসব করিল তবে বিবাহ কারণ। নট নটী নৃত্য করে বিবিধ বাজন !। " নানারক রোপে তার নানা পুল্পমালা। প্রতিদারে হেমকুন্ত প্রতি দারে কলা।। নানা বস্ত্র বিভূষণ কন্যারে পরাল। রোহিণী চন্দ্রমা যেন একত্র মিলিল।। সর্বস্তিণে সুলক্ষণা উত্তরা যে নাম। অভিমন্যু সঙ্গে মিলে যেন রতি কাম।। অর্জুনতনয় অভিমন্যু মহামতি। ক্লফভাগিনেয় বসুদেবের যে নাভি।। ভক্তিভাবে মৎস্তরাজ করে কন্যাদান। রথ গজ অশ্ব দিল প্রধান প্রধান।। এক লক্ষ দিল গজ রত্ন সিংহাসন। প্রবাল মুকুতা বতু দিল নানা ধন ॥ হেন মতে স্বান্ধ্যে কুভূহলমনে। ধর্ম নিবসেন সুখে বিরাটভবনে।। বিদায় করেন ধর্ম যত রাজগণ। যে যাহার দেশে সব করিল গমন।। শ্রীক্লফ্ট রহেন তথা আর অভিমন্য। বিদায় করেন রুষ জার যত দৈন্য।। যত যতুনারী সব গেল দ্বারকারে। বলভদ্র আদি তার যতেক কুমারে।। মহাভারতের কথা অমৃত-লহরী। শুনিলে অধর্ম খণ্ডে পরলোকে ভরী।। পাওবের অভ্যুদয় শুনে যেই জন। সর্বর্ত্রংখে তরে সেই ব্যাসের ব্চন।। হরিকথা শ্রবণেতে সর্ব্যপাপ যায়। আদ্য অন্ত হতে যেবা হরিগুণ গায়।। কাশীরাম দাস কহে পাঁচালির মত। বিরাটপর্কের কথা হ'ল সমাপিত।।

## বিরাটপর্বের টীক।।

টীকা (১) পৃ ৪—যথন অজ্ঞাতবাদের
ন পরামর্শ হয়, তৎকালে ধনপ্তায় ধর্মরাজের
নিকট পাঞ্চাল, চেদি, মৎসা, শ্রসেন, পটচ্চর,
দশার্ণ, নরবাষ্ট্র, মল, শাল্ল, যুগন্ধব, বিশাল,
কুত্রিরাষ্ট্র, স্থরাষ্ট্র ও অবস্তী এই কয়টী রমণীয়
বাসোপযোগী রাজ্যের নাম উল্লেখ করিয়াছিলেন।

টী (২) পৃং «—ম্লে ইহাই বর্ণিত আছে

গে, নবপতি সুশন্মা গোধন হরণ ও বৈরনির্ধাতন

মানদে খীয় মহতী দেনা দমভিব্যাহারে কৃষ্ণপক্ষীয়া দপ্তমী তিথিতে মৎদ্যদেশাভিমুখে

যাত্রা করেন।

টা (৩) পৃ ২৫— ম্লগ্রেছ স্পটই লিথিত আছে যে, শতানীক ও মদিরাক্ষ তুইজন বিরাটক নুপতির সংহাদর এবং শভা তদীয় জেটি পুত্র। কিন্তু তাঁহার খেত নামক পুত্রের কোন উলেথ নাই। এই শঙ্গাই রজতময় আয়সগর্ভ শতাক্ষিক সংযুক্ত খেতবর্ণ বর্ম পরিধান করিয়া ছিলেন বলিয়া খেতশভা নামে পরিচিত।

টী ( ६ ) পৃ ৪০—মূল প্রস্থে এই স্থলে বান্দাণ মাহাত্মা কীর্ত্তনের কোন চিহ্নই দেখা যায় না; কিন্তু ৺ কাশীরাম দাস ইহা বর্ণন করিয়াছেন; স্মৃত্রাং উহা মহ: নাশীরামের স্বক্পোশকম্পিত সন্দেহ নাই।

विवाहिलस्मित होका मण्णूर्ग 1880 प्रवाहित होति स्वाहित स्वाहित